(b) Extracts from paper of a Third Year student written six months after passing the Intermediate Examination (2nd division).

Appendix III:

(a) Books prescribed for B. A. Examination, 1915.

(b) Extract from a paper submitted in this Exmination by a candidate who passed.

(c) Extract from a paper submitted in this examination by a candidate who failed.

Appendix IV:

(a) Course prescribed for the M. A. Examination 1915.

(b) Extract from a paper submitted in this examination by a candidate who passed (3rd division)

(c) Extract from a paper submitted in this examintion by a candidate who failed.

APPENDIX I :

(a) English Books prescribed for Classes III to VIII of High Schools :—

English. Class III. Longman's English Course for Indian schools, First Reading Book.

English. Class IV. Longmans' English Course for Indian Schools, Second Reading Book.

English. Class V. 'Longmans' English Course for Indian Schools. Third Reading Book.

English. Class VI. Longman's English Course for Indian Schools, Fourth Reading Book.

English. Class VII. Longmans' English Course for Indian Schools, Fifth Reading Book.

English. Class VIII. (i) Palgrave's "Children's Teasury," Part II.

(ii) "Robinson Crusoe," or the Heroes" or Andersen's "Fairy Tales."

Grammar. Class VI. "A Introductory English Grammar," by Rowe and Webb.

Grammar. Class VII and VIII. "An Elementary English Grammar," by Rowe and Webb.

(b) Works "recommended to indicate the standard of knowledge to be demanded of candidates at the Matriculation Examination of 1915.

MATRICULATION EXAMINATION.

1915.

ENGLISH.

The following works are recommended to indicate the standard of knowledge to be demanded of candidates at the Matriculation Examination in 1915 :—

Prose.

Lal Bihari De Folk Tales of Bengal

H. L. Havell ... Stories from the Odyssey (C. Harrap.)

Scott ... Readings from the Waverly Novels Vols. I and II (published Messrs. Sarkar & Co.)

Kingsley ... Heroes.

Defoe ... Robinson Crusoe.

G. Kupfer ... Legends of Greece and Rome (G. Harrap.)

Arabian Nights, edited by Andrew Lang (Longmans, Green & Co.)

Animal Story Book, edited by Andrew Lang (Longmans, Green & Co.)

Washington Irving ... Rip Van Winkle ; Legend of the Sleepy Hollow.

Grimm ... Popular Stories.

Lamb's Tales from Shakespeare.

Hunter ... Readings from Indian History, Part III.

Gould ... Youth's Noble Path.

Poetry.

Lahiri's Select Poems, Revised edition, Published by the Calcutta University.

Macaulay ... Lays of Ancient Rome.

Jennings ... English Poems, Part I (Macmillian).

Palgrave ... Children's Treasury, Part I (Macmillan).

(c) Extract from paper of a First Year Student, written six months after matriculating in the 1st division.

Milton at first wrote a book named the "Doctrine and discipline of divorce restored" and that was followed by three other books; Tetrachordon was one of them. In this pamplet he expounded four passages from the scripture which dealt with the matrimonial matters.

He tries to give them highest thought of liberty in the matter of divorce and induced the them to give up the restrictions that were imposed upon divorce by the acclisiastical church and to follow the bible in the matter of divorce. This book was written in a very learned manner, its subject matter was intricate and obstruse. It was circulated for a while in English and afterwards little care was taken of that book Some of the stall readers sneered at the very name or the book on account of their inability in spelling out the title of the pamplet. They did not like to follow the views of Milton in the matter of divorce. So they protested against his views most vigorously.

Milton then said in his anger and remorse that he had given highest and sublime thought before some fools who might be compared to the most awkward of the beasts as Pigs, dogs, asses, etc.

Again he said—"These fools when cry for liberty they mean that liberty is examption from all moral obligation. They can not claim to liberty is, are wise and learned but they are not so. After so much bloodshed and so much west of money in the Civil war they have not yet understood what real liberty is?

APPENDIX II.

(a) Books prescribed for Intermediate Examination 1915.

ENGLISH

Poetry.

Tennyson ... Selections from, edited by Rowe and Webb.

Gray ... Elegy.

Milton ... L'Allegro; Il Penseroso.

Cowper ... Task, Book I.

Prose.

Macaulay ... Essay on Addison.

Grant ... Xenophon.

Swift ... Gulliver's Travels (Blackie and Son)

Addison ... Coverley Papers (Frowde).

A paper will be set on Essay, Prosody and Rhetoric and some questions will be set on unseen passages from works of the same standard of difficulty as those prescribed for the Matriculation Examination.

(b) Extracts from paper of a Third Year Student written six months after passing the Intermediate Examination (2nd division).

(i) Dagon was represented as half fish and half man. He was worshipped by the Egyptians. A war broke out between Egyptians and Israelities.

The Egyptians won the battle. They captured the ark which was given by God to the Israelities, and brought it to their home. They set it by the side of Dragon. Next day they found that Dragon was fallen at the feat of the ark. They set it up again but at the next day they again found that the hands and feets of Dagon were cut off and he was fallen at the feet of the ark.

(ii) The Hell was situated in the depth of chaos. The distance of the Hell from the heaven was nine times with that of the earth from the Pole of the universe. It was like a huge furnase. It flamed always but there was not any light. It was place of darkness. It was not absolutely dark. It had enough light to show the horrible sights of the hell. There was no peace of mind or rest of body. It always tormented the dwellers. There was lake of fire in it. The bank of the lake of was a country of solid fire.

APPENDIX III.

(a) Books prescribed for the B. A. examination 1915.

B. A. Examination, 1915.

ENGLISH.

Pass course.

Shakespeare...A Midsummer Night's Dream. Julius Caesar.

Milton...Paradise lost, books X, XI and XII.

Byron...Childe Harold, Cantos I and II.

Cowper...Letters (Golden Treasury Edition).

Plutarch...Alexander and Caesar (translated by Stewart and Long).

George Eliot...Sillas Marner.

Honours Course.

(In addition to the books prescribed for the pass Course).

Shakespeare...Cymbeline.

Marlowe...Edward II.

Shelley...Adonais.

Wordsworth ... Selections from, by Mathew Arnold (Golden Treasury Series).

Mathew Arnold...Essays in Criticism, Second Series.

Burke...Speeches on American Taxation and Conciliation with the Colonies (Burke's selected works, edited by Payne, Vol. I).

The following books are recommended for the study of the philology of the English Language and the History of English Literature :—

Lounsbury...History of the English Language.

Latham...Handbook of the English Language.

Thomson...Students' English Literature, founded upon the Manual of Thomas B. Shaw.

Saintsbury...Short History of English Literature.

The following books are prescribed for candidates who take up the alternative paper in English :—

Carlyle...Past and present.

Pater...Appreciations.

(b) Extract from a paper submitted in this examination by a candidate who passed.

It is customery with the Englishmen of the present time to regard that time of England as the golden age of the past which in comparison with the modern time is regarded as an age of poverty and want of civilization. At that time both the low class and the high class of people were, as compared with the present time, poorly fed and clothed. Plagues and pestilence were more common then than these are at present. People died in greater number both in and outside the town than at present. The present death rate among the emigrants is comparatively lower than that in ancient town.

Future generation of men will think that they have progressed than ourselves and will envy our position considering that we are hapier than they would be.

(c) Extract from a paper submitted in this examination by a candidate who failed.

Fearing immediate death from his master who became injured for some reason, a man named Andocles fled to desert in order to save his life. The man was in hurry to flee from his master. Therefore he became tired on account of the haste, and the heat of the sun. Scarcely had he enterred a cool retreat when a huge lion came there roaring terribly. The man was very much terrified on hearing the lion roar so he tried to conceal himself from the clutch of the lion. The lion came to him with his lifted paw. And by his posture it was clear that the lion was imploring help from him. At first he trembled with fear but at length he took courage. He coming to the lion found that the lion was asking his aid in getting out the thorn from his paw. The man lifted the thorn and wiped the blood which came out from the sore. Then the lion felt relieved from the pain. The man thought that such a solitary life is more dreadful than to be revenged by his injured lord; so he determined to return to his native land prefering the punishment from his lord to his solitary life. Death was preferable to him; he goes to his native land to suffer derth where no one will feel sympathy for him. At length the lion who was cured by him came out from his cage to devour him. But the lion paused and fell at his feet when he came to know that this was very man who save his life is getting out the pointed thorn from his paw.

APPENDIX IV.

(a) Course prescribed for the M. A. Examination 1915.

M. A. EXAMINATION.

ENGLISH, 1915.

Common Papers For Group A. and B.

Paper I.—General History of English Literature.

No text-books.

Paper II.—Shakespeare and post-Elizabethan Drama.

Shakespeare ... Hamlet ; Antony and Cleopatra.

Dryden ... All for Love.

Goldsmith ... She stoops to Conquer.

Swinburne ... Atalanta in Calydon

Paper III.—Poetry.

Spenser ... Faerie Queene, Books I and II.

Palgrave ... Golden Treasury of Songs and Lyrics, Book II.

Milton ... Paradise Regained.

Wordsworth...Sonnets (as in Matthew Arnold's Selections from Wordsworth.)

Tennyson...Idylls of the King (except Gareth and Lynette and Merlin and Vivien).

Paper IV.—Prose.

Bacon ... Essays.

Burke ... Reflections on the French Revolution.

Morley ... Studies in Literature.

Carlyle ... Past and Present.

Group A.

Paper V.—(a) Text-book.

Chaucer and outlines of Historical English Grammar.

Chaucer ... The Prologue ; the Nonnes Prestes Tales ; the Tale of the Man of Lawe ; Legend of Good women (Prologue only) House of Fame.

(b) Books recommended for study.

Morris ... Historical English Accidence.

Kellner ... Historical English Syntax

Paper VI.

Shakespeare and the Elizabethan Drama.

Paper VII.—Selected period of Prose

Chief Prose writings from 1850.

Paper VIII.—Essay or Essays on subjects connected with the course.

No text-books.

Group B.

Paper V.—English Language and Literature prior to 1100 A.D.

Sweet ... Anglo-Saxon Reader, Part I.

Paper VI.—English Language and Literature from 1100 A. D. including Chaucer.

Morris and Skeat ... Specimens of Early English, Parts I. and II.

Skeat ... Specimens of English, Literature.

Paper VII.—Historical English Grammar, including the Elements of Teutonic Philology.

Books Recommended for Stndy.

Morris ... Historical English Accidence.

Kellner ... Historical English Syntax

Skeat ... Principles of English Etymology, 1st and 2nd Series.

Helfenstein ... Comparative Grammar of the Teutonic Languages.

(b) Extract from a paper submitted in this examination by a candidate who passed (3rd division).

These lines (Shakespeare's 44th Sonnet) give vent to the bitter pangs of a man who yearns for being united with his beloved one, from whom is separated. Alexander Selkrik he in his life at the island of Juan Fernandez, wished that had he the wings of a dove, he would have flown away to where his near and dear ones were. But this

man rises a step farther in his meditation, and wishes that his whole body were converted into a thought. In that case he could have easily passed over the distance which separates him from his longed one. For the progress of thought is unobstructed everywhere; and nothing in the world is so rapid in its movement as thought. It can reach the farthest limit of the world in no loss of time.

(c) Extract from a paper submitted in this examination by a candidate who failed.

Spenser has a puritanic tendency and so he has attacked the vices and abuses of church and state under his allegorical personages. In the first canto he has made the Holiness to unite with truth under the name of Redcross Knight and . Then the Knight meets the Error and Archimego. Then he left and for a time is united with Duessa. These very names of the characters show the qualities which they possess.

Unless we know what represents or whom Red Cross knight represents we cannot understand the story.

But as I said above it is not like Tennyson's allegory so mystical as we cannot understand the deeper meaning of the story unless we try to go deep into them. Suppose when we read Tennyson's Idylls of the king, we do not care so much for allegory as for the story. We see Arthur before us commanding the round-table and fighting war with enemies, but unless we dig deep we do not find Arthur represent soul or Gunivere the flesh and his knights the different virtues. We see only a king conquering his enemies, ruling his country peacefully, marrying but the wife deserting her. If we find any allegory in the Idylls of the King we find that in the coming and the passing of Arthur and the Holy Crail.

But spenser's poem is not so......

ঢাকারিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড। ঢাকা—বৈশাখ, ১৩২৩ ১ম সংখ্যা।

বর্ষ-বোধন।

সে আসিয়াছিল—চলিয়া গিয়াছে। চৈত্রের শেষ-দিন—গভীর গরজনে সেদিন বর্ষা ঘনাইয়া আসিয়াছিল—মুহুর্মুহু প্রলয় জীমূত-মন্দ্রে, ঘন ঘন বরিষণে বিদায়ের প্রবল অশ্রুধারা ঢালিয়া সে চলিয়া গেল! নিশাবসানে যখন প্রভাত হইল, তখন সেই পুরাতন বন্ধুকে আর খুঁজিয়া পাইলাম না। আর তাহার সন্ধান মিলিল না! কোথায় সে গেল কেহ বলিতে পারিল না।

সে যখন ছিল তখন সে কখনও নিদাঘের প্রখর রবিকিরণে হৃদয়ে তপ্তজ্বালা ঢালিয়া দিয়াছে, কখনও শীতল সলিল ধারায় দেহ মন শীতল করিয়াছে। কখনও বিহগকলকাকলিতকুঞ্জভবনে বাঁশরীর মধুর রাগিণী জীবনে শতসুখ-স্বপ্ন রচনা করিয়াছে। তখন কেবলি ডাকিয়াছি হে চিরসুন্দর! বঁধু! তুমি চিরদিন হৃদয় মন্দিরে বিরাজমান থাক—তুমি যে আমার অতি প্রাণের নিধি, তুমি যে আমার সব—

'তপ জপ তুঁহু সকলি আমার করের
মোহন বেণু।'

কিন্তু সে স্বপ্ন ভাঙ্গিয়া গেল! সুখে-দুঃখে সম্পদে-বিপদে যাহাকে পাইয়াছিলাম, সে চলিয়া গিয়াছে! সে আর নাই! সে বিস্মৃতির অতল নীরে কোথায় যে তলাইয়া গেল আর ত তাহাকে পাইলাম না! যখন তাহাকে পাইয়াছিলাম, যত দিন সে আমাদের ছিল তত দিন তাহাকে উপলব্ধি করিবার শক্তি আমাদের ছিল না। তখন তাহাকে ত ভালবাসিবার মত করিয়া ভালবাসি নাই। শ্রদ্ধা করিবার মত শ্রদ্ধা করি নাই, শুধু হেলায় খেলায় তাহাকে হারাইয়াছি—আজ তাই অনুতাপদগ্ধ প্রাণ কেবলি কাঁদিয়া বলিতেছে—

'যা কর চরণ নখর-রুচি হেরইতে মুরছয়ে
কত কোটি কাম।
সো মধু পদতলে ধরণী লোটায়ল পালটি না
হেরিণু হাম।

সে বড় ব্যথা পাইয়া চলিয়া গিয়াছে। কোটি কোটি নর নারীর শোণিতাশ্রু, কোটি কোটি পতিবিয়োগ-বিধুরা রমণীর তপ্ত শ্বাস তাহার প্রাণে বড় বেদনা দিয়াছিল। সে এমনি দুর্ভাগা যে সে চাহিয়াছিল পৃথিবীর নর-নারীর ব্যথা-যন্ত্রণা হাহাকার যেন লুপ্ত

হয়, কিন্তু সে ত তাহা পারে নাই! পতিপুত্রহারা জননী মনের দারুণ খেদে বলিয়াছে "কেন সে আসিয়াছিল? তাহাকে ত তাহারা চাহে নাই! কত নর-নারী গৃহহীন—পথহারা, আশ্রয়হারা হইয়াছে—রণভেরীর প্রবল নিনাদে জগৎব্যাপী অশান্তির দারুণ প্রলয়-বহ্নিতে দগ্ধ নর-নারী তর্জ্জনি হেলাইয়া তাহার মৃত্যু কামনা করিয়াছে। বিশ্বমানবের পুঞ্জীভূত বর্দ্ধিত অভিশাপ একদিন গগন স্পর্শ করিয়া জ্বলিয়া উঠিল—প্রদীপ্ত বহ্নিতে চিরদিনের জন্য সে লুপ্ত হইল। সে গেল—কিন্তু স্মৃতি রাখিয়া গেল। সে স্মৃতি কেহ মুছিয়া ফেলিতে পারিবে না। তাহার শ্মশান-বহ্নিতে জগতের ইতিহাস অঙ্কিত হইয়া রহিল।

* * * *

তাহার সেই চিতাভস্ম হইতে এক নবীন শক্তিধর পুরুষের আবির্ভাব হইল। রজনী তাহার কালো বসনখানি সহসা ফেলিয়া দিয়া লজ্জায় পলাইয়া গেল—সেই দেবতার নব যৌবনশ্রী দেখিয়া ঊষাসুন্দরীর বদন-কমল লজ্জায় রাঙা হইয়া গেল! বিহগ নবীন গানে নবীন ঝঙ্কারে তাহার অভিনন্দন আগমনী-সঙ্গীত গাহিল। নিখিলের নর-নারী তাহাকে প্রীতি-পুষ্পাঞ্জলি অর্পণ করিল। স্তম্ভিত বিশ্ব নবীন উৎসাহে নব উদ্যমে সেই জ্যোতির্ম্ময় দেবপুরুষকে দেখিয়া মিলিতকণ্ঠে গাহিল—

"তোমার বদন অতি সুশোভন মদন মোহিত মানি।
দেখিয়া জুড়ায় সকল পরাণ সফল করিয়া মানি॥"

জগতে চিরদিনই প্রাচীনে ও নবীনে এই বিরোধ। প্রাচীনকে জঞ্জাল মনে করিয়া আমরা দূর করিয়া দিতে চাহি—আর নবীনকে ভালবাসিয়া আদর করিয়া বরণ করিয়া লই। বুঝিতে পারি না নবীন ছলনাময় কপট শঠ—সে শুধু কুহেলি স্বপ্ন সৃষ্টি করিয়াই আমাদিগকে প্রলুব্ধ করে। আমরা নবীন আশায় বুক বাঁধি—পরে দেখিতে পাই সে স্বপ্ন ভাঙ্গিয়া গিয়াছে! যখন পুরাতনের সহিত নূতনের সামঞ্জস্য করিতে যাই—দেনা পাওনা হিসাব করিতে যাই, তখন দেখিতে পাই যে আমাদের শুভলগ্ন উত্তীর্ণ হইয়া গিয়াছে। হিসাবে বড় ভুল হইয়াছে। প্রাচীন যখন যায়—তখন সে আমাদিগকে একবার পশ্চাতে তাকাইবার জন্য করুণকণ্ঠে মিনতির সুরে আহ্বান করে—সে আহ্বানে কর্ণপাত করিতে পারিলেই আমাদের সাফল্য নতুবা সবই বৃথা। সে কি? সে কালসমুদ্রের একটা তরঙ্গ বই ত নয়, তাহার সঙ্গে সঙ্গে আমরা বিচিত্র লীলারসে যে নৃত্য করিয়াছি তাহা থামিয়া গিয়াছে—সে তরঙ্গে যে শক্তি ছিল কাল তাহা অপহরণ করিয়াছে! মহাপ্রস্থানের পথে অর্জ্জুনের গাণ্ডীব যেন অগ্নিদেব গ্রহণ করিয়াছিলেন—তেমনি প্রতিবর্ষ বিদায় মুহূর্ত্তে আমাদের শক্তিরূপ গাণ্ডীব কাড়িয়া লইয়া বলিতেছে—আর নয়—তোমার প্রয়োজন নাই, এখন তুমি আমাকে দাও। এ শক্তি-ত্যাগ বালক, যুবক, বৃদ্ধ সকলকেই করিতে হয় ও হইবে। রক্ষা নাই—মহাদেবের ভীষণ ত্রিশূল উত্থিত রহিয়াছে—প্রলয় নির্ঘোষে ডমরুর ডিমি ডিমি রব—সংসার চক্রের শতলেলিহান ফণি গর্জ্জিয়া উঠিতেছে তারপর কখন সঞ্জীবনী শক্তি অপহৃত হইয়া চিরদিনের জন্য লুপ্ত করিয়া দিবে কে তাহা বলিতে পারে?

মানুষ কি চায়? এই যে বিশ্বজগতের নরনারী-বিরাম নাই বিশ্রাম নাই—স্রোতোধারার ন্যায় বেগে পৃথিবীর বক্ষে ছুটিয়া চলিয়াছে—তাহারা কি চায়? দেখিবে শুধু একই বাণী ধ্বনিত হইবে—সুখ-শান্তি চাই! অথচ সুখ-শান্তি কি তাহাই আমরা বুঝি না। সুখ ও শান্তির মীমাংসা কে করিবে? পরের জন্য আত্ম-বিসর্জ্জনে কেহ সুখী—আবার পরের পীড়ন করিয়া কেহ সুখী। কেহ বিলাসিতা পরপীড়ন—পরের নির্য্যাতন করিয়া আনন্দ অনুভব করেন আবার কেহ বা পৃথিবীর বেদনা—দুঃখ বলিতে যাহা বুঝি তাহা দূর করিবার জন্য আকুল হইয়া পড়েন—আপন পর বলিয়া ভেদ থাকে না। সুখ ও শান্তির তারতম্য নানা দেশে নানা রূপে দেখিতে পাওয়া যায়। পুরুষ ও স্ত্রীর সামাজিক অবস্থাও এই সুখ-শান্তির পর্য্যায় ভুক্ত। ভারতবর্ষ চিরকাল অনন্তকে উপলব্ধি করিবার জন্য তপোবনের আশ্রয় গ্রহণ করিয়াছিল আর ইউরোপ

ও আমেরিকার দিকে চাহিয়া দেখ তাহারা মৃত্যুর পর কি আছে কোথায় পরলোক কোথায় ব্রহ্ম সে জন্য কোন চিন্তা না করিয়া জড়জগতের কথা ভাবিতেছেন—বর্ত্তমানকে তাহারা ভাবেন, ভবিষ্যতের চিন্তা তাহারা করেন—কিন্তু পরকাল ধর্ম্ম এসব কথা তাহারা ভুলিয়া গিয়াছেন।

আমরাও সহসা জাগিয়া উঠিয়া অতি ব্যস্ত হইয়া পড়িয়াছি। হা অন্ন! হা অন্ন রবে কাঁদিতেছি—হাঁটিতে চাই—পড়িয়া যাই—কেবলি অন্ধকার! আশ্রয়-তরুর শীতল ছায়ায় থাকিয়া আমরা নিরাশ্রয় বিশ্বাসহারা হইয়াছি। আমরা কি তাহাই আমরা বুঝি না। বুঝিতে পারি না—হিংসা কেমন করিয়া দূর করিতে হয়, বুঝিতে পারি না—অনুকরণ বিপজ্জনক বুঝিতে পারি না—আমার আপনাকে বিশ্বাস করিতে হইবে। বুঝিতে হইবে বিশ্বব্যাপী মিলনের কর্ম্মের যে সঙ্গীত রাগিণী ঝঙ্কৃত হইতেছে—সে সুরের সহিত আমারও সংযোগ আছে। নীরব সাধক—গভীরভাবে যখন ধ্যান-মগ্ন থাকেন তখন তাঁহার অন্তরমধ্যে ব্রহ্মের বাণী জাগ্রত হয়, তাঁহার জ্ঞান-চক্ষু উন্মীলিত হয়। ঈশা বল, মুসা বল, খ্রীষ্ট বল, বুদ্ধ বল, মহম্মদ বল, শ্রীচৈতন্য বল সকলেই ধ্যানে সেই বাণী শুনিয়াছিলেন তাই তাঁহারা বিশ্বজগতে আপনাদিগকে বিলাইয়া দিতে পারিয়াছিলেন।

মানুষ যখন যে কার্য্য করে তখনি তাহার তাহাতে ডুবিয়া থাকা উচিত। ধ্যানী হইতে শিক্ষা করা কর্ত্তব্য। কর্ত্তব্যই ধর্ম্ম। আমরা প্রত্যেক বিষয়ে এত পশ্চাৎপদ কেন? ব্যবসা-বাণিজ্যে এত বিফল কেন? সাহিত্য-চর্চ্চায় এত পশ্চাতে পড়িয়া থাকিতেছি কেন? কোন দেশ বা জাতি দু'চারিজন লোক বড় থাকিলে বড় হয় না—সর্ব্বসাধারণের মধ্যে শিক্ষার প্রসার ও প্রীতির প্রচার আবশ্যক। যতদিন পর্য্যন্ত না আমরা সে দিকে লক্ষ্য রাখিব ততদিন পর্য্যন্ত আমরা শুধু স্বপ্নই দেখিব।

দুঃখ যেখানে, সেখানেই সুখ। সুখের পরে দুঃখ এবং দুঃখের পর সুখ ইহা জগতের চিরন্তন রীতি। রৌদ্র আছে বলিয়াই সুশীতল ছায়ায় আদর। দুঃখ আছে বলিয়াই সুখের এত গৌরব।

আমাদের কি চাই? কর্ম্ম চাই? আর কি চাই মন চাই প্রাণ চাই। অতিরিক্ত আত্ম-শক্তিতে বিশ্বাস অতিরিক্ত দাম্ভিকতা আমাদের অধঃপতনের কারণ। আমরা একজন শতকাজে নিযুক্ত হই ফলে কোন কার্য্যই সাফল্য লাভ করে না। এ গ্লানি এ নিন্দা—পরস্পরের প্রতি অবিশ্বাস আমাদিগকে দূর করিতে হইবে। মন হইতে ক্রোধ ও দ্বেষের মলিনত্ব আমাদিগকে দূর করিতে হইবে। কবি গাহিয়াছেন—

"বিশ্বজগৎ আমারে ডাকিলে
কে মোর আত্মপর?"

হে মানব! তোমরা কি শুনিতেছ না প্রতিনিয়ত আমাদিগকে বিশ্বজগৎ আহ্বান করিতেছে। সেই আহ্বান আমাদিগকে শুনিতে হইবে—আমাদের নির্দ্দিষ্ট কেন্দ্রে—কেন্দ্রীভূত হইয়া আমাদের কার্য্য করিতে হইবে। এইরূপ কার্য্য করিতে পারিলেই আমাদের সার্থকতা।

আজ এই নূতন বৎসরে হে প্রভু! হে নিখিলনাথ তোমার চরণ-সমীপে আমরা মিলিত হইয়াছি।* আমরা মানব—কামনায় আমাদের প্রাণ-পূর্ণ—আমরা তোমাকে চাহি না—যদি বলি তোমাকে চাহি তাহা হইলে মিথ্যা কথা হয়, আমরা চাহি—আমাদিগকে চারিত্র-বল শিক্ষা দাও। নিন্দা ও গ্লানির হাত হইতে রক্ষা কর। আর আমাদিগকে এই শক্তি দাও—যেন আমাদের পাপকে ঘৃণা করিবার এবং পুণ্যকে আশ্রয় করিবার শক্তি জন্মে। আমরা যাহাতে আমাদের শক্তি ও মর্য্যাদা বুঝিয়া কর্ম্ম করিতে পারি।

শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত।

সাহিত্য ও সাহিত্যিক।

(পূর্ব্ববঙ্গ সাহিত্য সমাজের মাসিক অধিবেশনে পঠিত।)

স্বামীর সঙ্গে স্ত্রীর বনিবনাও না হইলে, প্রতীচীর আইন উভয়ের পৃথক্‌বাসের ব্যবস্থা দিয়া থাকে। আইনের ভাষায় এর একটা বিশিষ্ট নামও রহিয়াছে। কিছুদিন হইল, সংস্কৃত ব্যাকরণের জুলুম সহ্য করিতে না পারিয়া বাংলা ভাষা, কিংবা বাংলা ভাষার ব্যভিচার সহ্য করিতে না পারিয়া সংস্কৃত ব্যাকরণ পরস্পরের ছাড়া-ছাড়ির জন্য চেষ্টা করিতেছিল। বাংলার সাহিত্য-বিচারকদের চূড়ান্ত বিচারে অতঃপর পৃথক্‌বাসেরই ব্যবস্থা হইয়াছে। সুতরাং পাণিনির মতে 'সাহিত্যিক' শব্দের ব্যুৎপত্তি হয় কি না এরূপ একটা কটমট্ বৈয়াকরণিক গবেষণার গোলক ধাঁধাঁয় কাহারও বুদ্ধিকে আমরা জর্জ্জরিত করিয়া তুলিব, এ বিভীষিকার কোন কারণ নাই। যে ভাবেই হউক সাহিত্যিক কথাটা বাংলায় ঢুকিয়াছে; সে সংস্কৃত না অসংস্কৃত ইত্যাদি প্রশ্ন তুলিয়া এখন আর তার জাতিবিচারে কোন লাভ নাই। কিন্তু সে যে একটা বস্তুর বাচক সেই বস্তুর গুণ সম্বন্ধে প্রশ্ন তুলিবার সময় এখনও যায় নাই। এখনও আমাদের জিজ্ঞাসা করিবার অধিকার আছে 'সাহিত্যিক' অর্থে কাহাকে বুঝিব।

কোনও সর্ব্বদা ব্যবহৃত শব্দের ন্যায়-সিদ্ধ সংজ্ঞা দিতে চেষ্টা করার মত দুষ্কর্ম্ম আর নাই। আমরা সকলেই ইচ্ছা করি যে আমরা সর্ব্বদা যে সমস্ত শব্দ ব্যবহার করি তার অর্থের মধ্যে কতকটা স্থিতিস্থাপকতা থাকে—গালান মমের মত সে যেন অনায়াসে একটু এদিক ওদিক নড়িতে পারে, অথচ তাহাতে যেন তার নিজত্ব একেবারে নষ্ট হইয়া না যায়। এ অবস্থায় কেহ যদি জোর করিয়া কোনও একটা শব্দকে কোনও একটা অর্থের সহিত পার্ব্বতী-পরমেশ্বরের মত সম্পৃক্ত করিয়া দিতে চায়, তাহা হইলে আমরা সহজেই একটু অসন্তুষ্ট হই। সাহিত্যিক শব্দটীও ঠিক এই প্রকারের। গুণের সঙ্গে দ্রব্যের কিংবা ক্রিয়ার সহিত কর্ত্তার যেরূপ সম্বন্ধ সাহিত্যের সহিতও সাহিত্যিকের সেইরূপ একটা সম্বন্ধ, এ মোটা কথাটা আমরা সকলেই বুঝি। সাহিত্যের যিনি চর্চ্চা করেন তিনিই সাহিত্যিক। কিন্তু এর উপর যদি জিজ্ঞাসা করা হয় চর্চ্চা মানে কি, তাহা হইলে আমরা যথাসম্ভব বিস্তৃত অর্থ গ্রহণ করিতেই ইচ্ছা করি। সাহিত্যের অধ্যয়নও চর্চ্চা, তার অধ্যাপনও চর্চ্চা; আর সাহিত্য-পাঠকদের সহায়তার নিমিত্ত তার ব্যাখ্যা পুস্তক প্রণয়নও কতকটা চর্চ্চা বই কি! এবং সাহিত্যের সৃজন যে তার সর্ব্বাপেক্ষা বড় রকমের চর্চ্চা সে বিষয়ে কোন সন্দেহই নাই। ইহার যে কোন রকমের চর্চ্চা যিনি করেন তাঁহাকেই যে আমরা সাহিত্যিক বলিয়া গ্রহণ করিতে ইচ্ছুক, তাহা অস্বীকার করিবার উপায় নাই। ধরিতে পারা যায় এমন যে কোনও একটা উদ্দেশ্য নিয়া যিনি ভাষা ব্যবহার করিয়া থাকেন, অতি বিস্তৃত অর্থে আমরা তাঁহাকেই সাহিত্যিক মনে করিয়া থাকি। কিন্তু এই উদারতার মধ্যে একেবারেই কোনরূপ সংকীর্ণতা নাই এমন নহে। পণ্যদ্রব্যের বিশেষতঃ ঔষধের বিজ্ঞাপনে অনেক সময় নানা অলঙ্কারে, বিশেষতঃ অতিশয়োক্তি অলঙ্কারে সমলঙ্কৃত পদবহুল, সরস, বাক্যবিন্যাস পাওয়া যায়। দিবারাত্র পরিশ্রম করিয়া যাহারা এরূপ সাহিত্যের সৃষ্টি করিতেছেন, তাহাদিগকে সাহিত্যিক বলিয়া গ্রহণ না করা যে অনুদারতার পরিচায়ক তাহা বোধ হয় সকলেই স্বীকার করিবেন।

যদিও আমরা সাহিত্য বলিতে যথাসম্ভব বিস্তৃত অর্থই গ্রহণ করিয়া থাকি, যদিও 'নটরাজ শিবের' বাসস্থান নির্ণয় হইতে আরম্ভ করিয়া মৃত্যুর পর-পার সম্বন্ধে কবিতা পর্য্যন্ত, সায়েস্তা খাঁর সময়ে চাউলের দর হইতে আরম্ভ করিয়া চিরস্থায়ী বন্দোবস্তের উপকারিতা পর্য্যন্ত, জগতের আদিকারণ ব্রহ্ম না প্রকৃতি এই প্রশ্ন হইতে আরম্ভ করিয়া শিশুশিক্ষার পক্ষে মদনমোহনের বই ভাল না ম্যাকমিলনের বই ভাল এই তর্ক পর্য্যন্ত, গোলাপের গুণ বর্ণনা হইতে আরম্ভ করিয়া মন্টেসরি অপেক্ষা কিণ্ডারগার্টেন প্রণালীর প্রাধান্য স্থাপন পর্য্যন্ত—যে কোনও বিচারে, যে কোনও বিষয়ে ভাষা রচনা করা যায় তাহাকেই আমরা সাহিত্য বলিতে

প্রস্তুত, তথাপি সাহিত্যের প্রকৃত উপাদান কি এই প্রশ্ন তুলিলে সাহিত্যিকদের মধ্যে মতভেদ হইবে। কবি বলিবেন, বিক্রমাদিত্যের ক'টা হাতী ছিল এই বিচারে যে ভাষা খরচ করা হয় তার নাম সাহিত্য নয়; কবির দাবী অগ্রাহ্য না করিয়াও হয় ত দার্শনিক বলিবেন, আকাশে রামধনু উঠে কিংবা মেঘ দেখিলে ময়ূর নাচে, কেবল এই সব কথা ভাবিয়া যে ভাষার স্ফুরণ হয়, তাহাই সাহিত্যের একমাত্র উপাদান নহে।

যেখানে কলহ হয়, কলহের শেষ না হওয়া পর্য্যন্ত সেখানে না যাওয়াই অনেক সময় বুদ্ধিমানের কাজ। বিবদমান সাহিত্যিকগণ তাঁহাদের কলহের মীমাংসা করিতে থাকুন, আমরা আপাততঃ কোন পক্ষভুক্ত হইতে চাই না। তবে, আমাদের মনে হয়, সাহিত্যের উদার অর্থ গ্রহণ করাই সর্ব্বাপেক্ষা নিরাপদ্ পন্থা। পদ্য ও গদ্য কাব্য যে সাহিত্যের প্রায় পোনর আনা অধিকার করিয়া বসিয়াছে তাহা অস্বীকার করিবার উপায় নাই। সাহিত্যের এই সংকীর্ণ অর্থের পক্ষে সাহিত্যের সমগ্র ইতিহাসের সাক্ষ্যই যথেষ্ট প্রমাণ। কিন্তু তথাপি একটু বিস্তৃত অর্থ গ্রহণ না করিলে সাহিত্য সামগ্রীটা নিতান্তই হাল্কা হইয়া যায়। মানুষের মনের পূর্ব্বাপর সম্বন্ধ যে সব ক্রিয়া ভাষায় প্রকাশ পায় তাহাই সাহিত্যের উপাদান। সুতরাং সাহিত্য ভাষায় মানুষের স্বপ্রকাশ; এবং যিনি কোনও বিষয়ে সুচিন্তিত, সুসম্বদ্ধ ভাব ভাষায় প্রকাশ করেন তিনিই সাহিত্যিক। পোষ্টাফিসের কুইনাইনের বিজ্ঞাপন যিনি লিখিয়াছিলেন তাঁহাকে সাহিত্যিক বলিব না, কারণ, 'যে পরিবার কুইনাইন ব্যবহার করে না' ও "যে পরিবার কুইনাইন ব্যবহার করে" এ দুইয়ের ছবি ছাড়া, 'এক মোড়ক কুইনাইনে বিশ দিন জ্বর নিবারণ করে'—ইহার বেশী তিনি কিছুই বলেন নাই। কিন্তু আমার মনে হয়, এই কুইনাইন সম্বন্ধেই যদি কেহ একটা প্রবন্ধ লিখিয়া সাহিত্যের আসরে উপস্থিত করেন তবে তাহা সাদরে গৃহীত হইবে।

সাহিত্যই যে মানুষের আত্মপ্রকাশের একমাত্র উপায়, তা নয়। চিত্র, স্থাপত্য, ভাস্কর্য্য—সমস্ত কলাবিদ্যাই মানুষের চিন্তা ও অনুভূতি প্রকাশ করিয়া থাকে। দেহে অবয়বের সহিত অবয়বের যে সম্বন্ধ, কোনও এক জাতির আত্মপ্রকাশ হিসাবে এই কলা সমষ্টির প্রত্যেকটীর সহিত প্রত্যেকটীর সেই সম্বন্ধ। যে জাতির মন যে পরিমাণে পুষ্ট, তাহার বেলায় এই সমবায়-সম্বন্ধ তত স্ফুট; এবং যে জাতির ইহাদের কোনও একটীর অভাব কিংবা অপূর্ণতা রহিয়াছে, তাহার মন সেই পরিমাণে নূতন। ব্যক্তির জীবনে আমরা সব সময় সব কাজের সম্বন্ধ খুঁজিয়া পাই না; জাতির জীবনেও তেমনই অনেক সময় তাহার বিবিধ ক্রিয়ার মধ্যে পরস্পর সম্বন্ধ না থাকিতে পারে; এই উভয় প্রকার জীবনই সেই পরিমাণে অপূর্ণ, অসংযত, সুতরাং হীন। কিন্তু মানুষের মনের এই বিবিধ প্রকার অভিব্যক্তির মধ্যে যে একটা পরস্পর সম্বন্ধ অনেক সময় সহজেই ধরা যায়, তাহার একটী উৎকৃষ্ট দৃষ্টান্ত আমাদের ঘরের কোণে রহিয়াছে। বাঙ্গালা দেশে যে দিন হইতে হেঁয়ালিতে ভরা কবিতার আমদানী হইতে আরম্ভ হইয়াছে, তাহার সঙ্গে সঙ্গেই প্রায় সাধারণ বুদ্ধিতে অনধিগম্য, কারুকরের নিতান্ত অন্তরঙ্গ বন্ধুছাড়া অন্যের নিকট অর্থহীন, ছবির আবির্ভাবও হইয়াছে।

সাহিত্য বিবিধপ্রকার কলাবিদ্যার—মানুষের আত্মপ্রকাশের বিবিধ প্রণালীর, একটী; কিন্তু ইহা অপেক্ষা আবশ্যকীয় আর একটী সত্য এই যে, মানুষ—ব্যক্তি কিম্বা জাতি—যত প্রকার কাজ করে সাহিত্যও তাহাদের অন্তর্ভুক্ত; এবং ঐ সমস্ত কাজের যদি কোন বিধি থাকে, তাদের মধ্যে যদি সদসদ্ বিচারের কোন আবশ্যকতা থাকে তবে সাহিত্যের বেলাও তাহা রহিয়াছে। এই কথাটী আজ বিশেষ ভাবে স্মরণ করা প্রয়োজন হইয়া পড়িয়াছে। ব্যাকরণের কঠোর নিয়ম সংস্কৃত কবিরা যখন কিছুতেই মানিতে লাগিলেন না, বৈয়াকরণ তখন 'নিরঙ্কুশাঃ কবয়ঃ' বলিয়া সাধারণের চক্ষে নিজে খালাস হইলেন। কবিরা যৎকিঞ্চিৎ অমান্য করিলেন বটে, ব্যাকরণ তথাপি মরিল না। কিন্তু আজ দেখিতেছি শুধু কবি নন সাহিত্যিক মাত্রেই, শুধু ব্যাকরণের নয়, নিয়মমাত্রেরই অধীন হওয়া অসম্মান্ জনক এবং

ভাব-স্ফুরণের একান্ত ব্যাঘাত-জনক মনে করিতে আরম্ভ করিয়াছেন। বাংলায় তেমন কঠোর, দুর্দ্ধর্ষ ব্যাকরণ নাই; সুতরাং গুরুতররূপে ব্যাকরণের শাসন অমান্য করিবার সময় এখনও আসে নাই। কিন্তু মানুষের অন্যান্য কাজ যে নৈতিক নিয়মের অধীন, সাহিত্য যে কেন সে নিয়মের অধীন হইবে না, তাহা বুঝিতে পারি না। সাহিত্যের মধ্যেও শিষ্ট—অশিষ্ট, ভদ্র-অভদ্র হইতে পারে একথা কেন যে স্বীকৃত হইবে না, তা জানি না। অশ্লীলতা যে কাব্যের দোষ, অনেক কাল আগে আলঙ্কারিক এ কথা বলিয়াছেন। সংস্কৃত কাব্যে এ নিয়মের বহু ব্যভিচার থাকিতে পারে, তথাপি স্পষ্টতঃ কেহ নিয়মটী অস্বীকার করেন নাই। ব্যভিচারের মাত্রা যখন অত্যন্ত বাড়িয়া উঠিয়াছিল তখনই বোধ হয় বলা হইয়াছিল 'কাব্যালাপাংশ্চ বর্জ্জয়েৎ।' মল্লিনাথ তাঁহার প্রিয় কবি কালিদাসের সমর্থন করিতে গিয়া এই নিয়মের প্রতি লক্ষ্য করিয়া কহিলেন "ইহা অন্য কাব্য সম্বন্ধেই প্রযোজ্য।' কালিদাস অশ্লীলতা সম্বন্ধে আলঙ্কারিকের নিয়ম ভাঙ্গেন নাই একথা আমরা স্বীকার করিতে পারি না। তথাপি নিয়মটী কোথাও অস্বীকৃত হইয়াছে বলিয়া ত জানি না।

কিন্তু আজ কলাসৃষ্টির—(আর্টের)—দোহাই দিয়া কবিরা স্পষ্টতঃ এ নিয়ম উপেক্ষা করিতে সাহসী হইতেছেন। আমরা প্রায়ই শুনিতে পাই, বিদ্যালয়ে কিংবা তাহার বাহিরে নীতিশিক্ষা দেওয়া কবির কর্ম্ম নয়,—সৌন্দর্য্য-সৃষ্টিই তাঁহার পেশা; তাঁহার সৃষ্ট সৌন্দর্য্যে যদি কাহারও চক্ষু ঝলসিয়া যায়, যদি কাহারও মনে কুভাব জাগে, যদি কেহ কুপথে যায়, কবি সে জন্য দোষী হইতে পারেন না। আমরা ইহা স্বীকার করিতে প্রস্তুত আছি। বাইবেলের ইহুদী কবিদের পর কবির নিকট পৃথিবী কদাচিৎ নীতিশিক্ষা আশা করিয়াছে; প্ল্যাটো বলিয়াছিলেন কবিরা অসত্য বস্তুর বর্ণনা করেন—তাহারা মিথ্যাবাদী, সুতরাং আদর্শ-রাষ্ট্রে তাঁহাদের স্থান হওয়া উচিত নহে। কিন্তু কবিরা যাহা বলেন তাহা ত ভদ্র-সমাজের উপযোগী করিয়া বলা উচিত।

আমরা যে ব্যভিচারের কথা বলিতেছি তাহার দৃষ্টান্ত যদি বিরল হইত তাহা হইলে একথা তোলার কোন প্রয়োজন ছিল না। কিন্তু বেশী উদাহরণ উদ্ধৃত করিয়া ভদ্রলোকের রুচিতে আঘাত করিবার ইচ্ছা আমাদের নাই। বেশী পুরাণ হয় নাই, এই সেদিন মাত্র এক কবি লিখিয়াছেন,

'এস প্রিয়া এস হৃদয় বিলাস-মন্দিরে,
হে ভীরু ঘুচাও নিষ্ঠুর নীবি-বন্ধনে,
ব্যর্থ করো না আজি এ জীবন-সঙ্গীরে,
সার্থক কর চির কামনার ক্রন্দনে!'

যদি বটতলার কোন পুস্তকে ইহা থাকিত তাহা হইলে আপত্তি করিতাম না; কিন্তু শিষ্ট সমাজে চলিতে পারে এই ভাবেই ইহা প্রকাশিত হইয়াছে।

কালিদাসের নামের সঙ্গে জড়িত একটী কবিতা আছে তাহাতে বলা হইয়াছে, 'দার্শনিকেরা 'মোক্ষ' 'মোক্ষ' করিয়া অস্থির, কিন্তু নীবি-বন্ধ-মোক্ষই আদিম ও চরম মোক্ষ।' এর পরে, 'রঘুবংশের' শেষ নরপতি অগ্নিবর্ণের বিলাস বর্ণনার পরে, জয়দেবের গীতগোবিন্দের অংশ বিশেষের পরে, এবং বাংলার 'বিদ্যা-সুন্দরের' বিহার বর্ণনার পরে, ভাবিয়াছিলাম নীবি-বন্ধ-মোচনের কথা শিষ্ট সাহিত্যে আর উঠিবে না। কিন্তু আজ দেখিতেছি, ইহাদের সহিত 'বোকাসিও বায়রনকে সামিল করিয়া, 'টীষ্ট্রাম-খ্যাণ্ডী'-প্রণেতার মসলায় ঝাঁঝ দিয়া, নূতন করিয়া ঢল ঢল ভাবে এ ভাবের তরঙ্গে আধুনিক কবিরা বাঙ্গালীর পান-পাত্র ভরিয়া দিতেছেন। নীতির কঠোর কথা এখানে তুলিতে চাই না। বাঙ্গলার সর্ব্বশ্রেষ্ঠ কবি বলিয়াছেন, 'বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়'; সমস্ত বাংলাদেশ এ কথায় সায় দিয়াছে। এর পরে যে ত্যাগ ও বৈরাগ্যের কথা বাংলাদেশে তুলিবে তার ভাগ্যে বিলাসীর ঈর্ষাকষায়িত সম্মার্জ্জনী ভিন্ন আর কিছুই জুটিবে না। আমরা কিছুই ত্যাগ করিতে বলি না; মানুষের যত রকম ভোগ্য আছে, তাহা সমস্তই বাঙ্গালীর ভোগে আসুক; ইহা ও 'নাল্পস্য তপসঃ ফলং'। আধুনিক চারিত্র নীতিও মানুষকে কিছুই ত্যাগ করিতে বলে না। 'বালস্তাবৎ ক্রীড়াসক্তঃ, তরুণস্তাবৎ

তরুণীরক্তঃ, বৃদ্ধস্তাবৎ চিন্তামগ্নঃ' এই করিয়াই আমাদের জীবন কাটিয়া যাউক, তাহাতে কেহ আপত্তি করিবে না। কিন্তু নেশাখোরকে আমরা এখনও ঘৃণা করি, এবং কাব্যেরও নেশা আছে। ভাষায় ও ভাবে অসংযমের পক্ষপাতী আমরা নই। অবশ্যই কালিদাস ভারতচন্দ্র এখনও শিষ্টসমাজে আটক পড়েন নাই, কখনও পড়িবেনও না। কিন্তু 'দশকুমার চরিত' যে সমাজের চিত্র আঁকিয়াছে, সে সমাজের অবস্থা আমরা ছাড়াইয়া আসিয়াছি; ভারতচন্দ্রের পদাবলী যখন প্রকাশ্য বৈঠকে গীত হইত, সে অবস্থাও আমরা পার হইয়া আসিয়াছি। এখন আর সুরুচির কথা বলিলে কেহ নাসিকা কুঞ্চিত করিতে পারিবেন না। এখনকার ভাষা ও ভাব মার্জ্জিত না হইলে সাহিত্যিক সমাজ তাহা নীরবে সহ্য করিবে এমন ত মনে হয় না। পূর্ব্বতন কবিদের মধ্যে যাহা আমরা নিন্দিত মনে করি তাহারই অনুকরণ কেন অবাধে চলিবে? বাংলা দেশে ত কবিতার দুর্ভিক্ষ এখনও উপস্থিত হয় নাই; আসল, সরস, ওজঃসম্পন্ন কবিতা যদি দিবার না থাকে, তবে অনর্থের হেতু এ হস্ত-কণ্ডূয়ন কেন?

শুধু সাহিত্য নয়, ইউরোপের সমগ্র কলা বিদ্যার বিষয় ইউরোপেরই একজন প্রধান মনীষী পঞ্চদশ বৎসর পর্য্যন্ত গবেষণা করিয়াছিলেন। তাঁহার পঞ্চদশ বৎসরের চিন্তার ফলে, কাউণ্ট্ টল্‌ষ্টয়, ইউরোপের কলার প্রতি যে তীব্র সমালোচনার ভাষা প্রয়োগ করিয়াছেন, দেখিতেছি বাংলায়ও তাহা বলিবার সময় আসিয়াছে—কিন্তু বাংলায় বলিবার লোক কই? টলষ্টয় বলেন, 'আমাদের সময়ের ও আমাদের সমাজের কলা বিদ্যা সব রকমেই বার-বিলাসিনীর মত। বেশ্যারই মত ইহা পণ্য, রঙ্গীন বেশে চিত্রিত, উন্মাদক এবং উচ্ছন্ন যাওয়ার উপায়'। তিনি আরও বলেন, 'দুনিয়ার আদি হইতে, ট্রয়ের যুদ্ধ যে দিন হইয়াছিল সে দিন হইতে আরম্ভ করিয়া যে সব হত্যা ও আত্মহত্যার কাহিনী আধুনিক সংবাদ পত্রের স্তম্ভ ভরিয়া রাখে সে পর্য্যন্ত মানুষের দুঃখযন্ত্রণার বেশীর ভাগই নারীপ্রেমের অত্যধিক অপব্যবহার হইতে উৎপন্ন হইয়া আসিতেছে'। টলষ্টয়ের এই উক্তি হইতে নারীর প্রতি শঙ্করাচার্য্যের তীব্র ঘৃণার কথা মনে পড়ে—'দ্বারং কিমেকং নরকস্য? নারী!' উপন্যাসে, নাটকে, চিত্রে, সঙ্গীতে—সর্ব্বত্রই টলষ্টয় এক দুর্দ্দম রিরংসা ভিন্ন আর কিছুই দেখিতে পান না; এবং ইহাকে তিনি বাস্তবিক কলা বিদ্যা বলিতে মোটেই প্রস্তুত নন। তিনি বলেন ইউরোপের কলা 'শিল্পে পরকীয়া নায়িকার সংস্রব না থাকিলে সেটা উপন্যাসই হয় না; নগ্ন কিম্বা অর্দ্ধনগ্ন স্ত্রী মূর্ত্তি কোনও একটা উপলক্ষে দেখা না দিলে, তাহা নাটকের মধ্যে গণ্যই নয়; চিত্রের, বিশেষতঃ ফরাসী চিত্রের অধিকাংশই নগ্ন স্ত্রীমূর্ত্তি।'

টলষ্টয় সমস্ত ইউরোপের শ্রদ্ধা ও সম্মান আকর্ষণ করিয়াছেন সত্য, কিন্তু তাঁহার সমুদয় মতই জগতে কখনও গৃহীত হইবে এরূপ মনে করিবার কোন কারণ নাই। সমস্ত পৃথিবী যাঁহাদিগকে পূজা করিয়া আসিতেছে, তাঁহাদের প্রায় সকলেরই প্রতি তিনি অত্যন্ত কঠোর ব্যবহার করিয়াছেন। সোফোক্লিজ, ইউরিপিডিজ্ হইতে আরম্ভ করিয়া, দাঁতে, ট্যাসো, সেক্সপিয়র-মিল্‌টন, গেটে-শিলর, ইবসেন্-ম্যাটারলিঙ্ক প্রভৃতি কবি, জোলা কিপলিং প্রভৃতি গল্পলেখক, মোজার্ট, বিটুভেন, ওয়াগ্নার প্রভৃতি সঙ্গীতজ্ঞ, রাফেল, এঞ্জেলো প্রভৃতি চিত্রকর———কাহাকেও তিনি তীব্র সমালোচনা করিতে ছাড়েন নাই। সার্ভেণ্টিস্, মলিয়ার ডিকেন্স, হিউগো, পুশকিন, প্রভৃতি কয়েকজন লেখক জুলেস্ ব্রিটন প্রভৃতি কয়েকজন চিত্রকর, ও বিভিন্ন জাতির সাধারণ লোকের মধ্যে প্রচলিত সঙ্গীত,—মাত্র ইহাদের মধ্যে তিনি কতকটা সার্ব্বজনীন কলা দেখিতে পান; তাছাড়া অন্য সকলের মধ্যেই শুধু অনুকরণ কিংবা অনুকরণের অনুকরণ ভিন্ন আর কিছুই নাই। এরূপ কঠোর, সংসারবিরাগীর উপযুক্ত, মানুষের ন্যায্য সুখ ও আনন্দের প্রতি বিদ্বেষে পূর্ণ সমালোচনায় আমরা সম্পূর্ণ একমত হইতে প্রস্তুত নই। কিন্তু তথাপি টলষ্টয় যে ইউরোপের একটা বর্দ্ধমান উদ্দাম রিরংসা ও লালসার প্রতি কটাক্ষ করিয়াছেন তাহা বোধ হয় ঠিক। কিছুদিন পূর্ব্বে কাগজে দেখিয়াছিলাম, বিলাতে

কোনও এক কিনেমেটোগ্রাফের ছবিতে সত্যকে নগ্ন স্ত্রীমূর্ত্তি রূপে দেখান হইয়াছিল; প্রথমে উহা প্রকাশ্যে সর্ব্ব সাধারণকে দেখাইতে অনুমতি দেওয়া হয় নাই; তাই নিয়া অত্যন্ত আন্দোলন হয়। পরে লণ্ডনের কাউন্টি কৌন্সিলের সভ্য, কয়েক জন পাদ্রী ও বাহিরের কয়েক জন লোককে ইহা দেখান হয় এবং সকলের মত জিজ্ঞাসা করা হয়। তাহাতে ছবিটীর পক্ষে মত দেন ২১৮জন এবং বিরুদ্ধে মাত্র ১১জন। (ষ্ট্যাট্সম্যান্, ২১। ৮। ১৫)।

এই প্রচণ্ড রিরংসার ফলে ইউরোপ উচ্ছন্ন গেলে আমাদের শোক করিবার অবকাশ হইবে কি না সন্দেহ;—আমরা নিজের নিয়াই ব্যস্ত। কিন্তু ইউরোপের অনুকরণে আমাদের সাহিত্যে ও কলাশিল্পে যদি এই ভাব প্রবল হইয়া উঠে, তাহা হইলে আমাদের চিন্তিত হইবার কারণ আছে।

টলষ্টয় যে আরও বলিয়াছেন সাহিত্য ও কলাশিল্পকে সার্ব্বজনীন—সকলের বোধগম্য করিয়া দিতে হইবে, তাহাতেও আমরা সম্পূর্ণ একমত হইতে পারি না। সকলই সব বুঝিতে পারে, এ বিশ্বাস আমাদের নাই। কিন্তু তথাপি টলষ্টয় যাহা বলিয়াছেন তাহাতে সত্য আছে। বাস্তবিক, খাঁটি সঙ্গীতে ও চিত্রের মাধুর্য্যে শিক্ষিত অশিক্ষিত সকলই মোহিত হইয়া থাকে। নিতান্ত গ্রাম্য লোকও সহরে আসিয়া তাহার সৌন্দর্য্যে অভিভূত হইয়া থাকে। এ অনুভূতির জন্য তার কোন শিক্ষা, কোন পুস্তক পাঠ আবশ্যক করে না। কিন্তু সঙ্গীতের নামে যখন আওয়াজের কসরৎ হয় কিংবা চিত্রের নামে যখন কল্পনা আঁকা হয়, তখনই মানুষের বুদ্ধি আকুল হইয়া যায়। অবশ্যই, রামায়ণের কাহিনী যে না জানে 'অশোক বনে সীতা'র ছবির সম্পূর্ণ অর্থ সে কখনও গ্রহণ করিতে পারিবে না; তথাপি, তার কোন অর্থই সে গ্রহণ করিতে পারিবে না এরূপ মনে করা ভুল। সকলেই এক বিষয় হইতে সুখ কিংবা দুঃখ না পাইতে পারে; কিন্তু সুখ দুঃখ মানুষের সাধারণ; সুতরাং যে হেতু হইতেই উৎপন্ন হউক না কেন, দুঃখ কিংবা সুখের চিত্র দেখিলে মানুষমাত্রেই তাহা না বুঝিবে কেন? সুতরাং আজ কাল মাসিক সাহিত্যের সম্পাদকেরা ছবি ছাপিয়াই যে বলিয়া দেন 'ছবিটীর অর্থ এই,—তাহাতে বাস্তবিক ছবিটীর ঐ অর্থ হয় কি না সে বিষয়ে সন্দেহ করিবার অধিকার আমাদের আছে। সঙ্গীত সম্বন্ধেও তাহাই। সুতরাং কলা-শিল্পকে যে সার্ব্বজনীন করা যায় না, তা নয়। শিল্পী যে বলিবেন 'আমি সৃষ্টি করি, আমিই বুঝি'—ইহা টলষ্টয় সহ্য করেন না বলিয়া তাঁহাকে অনুদার বলা যায় না।

সাহিত্য, তাহার ভাষা ও ভাবকেও তেমনই সার্ব্বজনীন করিয়া তোলা যায়। কলিকাতার ভাষাকে যে আজকাল অনেকে বাংলা সাহিত্যের ভাষা করিবার জন্য চেষ্টা করিতেছেন, তাহাতে আমাদের আপত্তি আছে। আমাদের অপত্তি কেহ শুনিবে কি না জানি না; কিন্তু কয়েক বৎসর পূর্ব্বে যখন বাংলা গবর্ণমেণ্ট প্রাথমিক বিদ্যালয় সমূহে প্রাদেশিক ভাষায় শিক্ষা দেওয়ার প্রস্তাব করিয়াছিলেন, তখন কলিকাতার মনীষীরাও আপত্তি করিয়াছিলেন; আজ যদি তাঁহারাই প্রাদেশিক ভাষার একান্ত পক্ষপাতী হইয়া থাকেন তাহা হইলে গবর্ণমেন্টের সহায়তা ছাড়াই ভাষা-বিভাগ সম্পন্ন হইয়া যাইবে।

সাহিত্যকে সার্ব্বজনীন করার অর্থ টলষ্টয়ের মতে যদি এই হয় যে, সাহিত্যে যাহা কিছু কথিত থাকিবে তাহা সকলেই সমান ভাবে বুঝিবে, তাহা হইলে সে অর্থে সাহিত্য কখনও সার্ব্বজনীন হইতে পারে কি না সন্দেহ। শিক্ষিত-অশিক্ষিতের তফাৎ আরও অনেক কাল পৃথিবীতে থাকিবে; সকলের বুঝিবার ক্ষমতা সমান হওয়ার আরও দেরী আছে। নিম্নশ্রেণীর লোকেরা বুঝিবে না বলিয়া যদি গরীয়সী চিন্তাকে সাহিত্যে প্রকাশিত হইতে দেওয়া না হয়, তাহা হইলে পৃথিবীর লোকসান ছাড়া লাভ নাই।

কিন্তু আর একটী অর্থে সাহিত্যের ভাবকে সার্ব্বজনীন করা চলে। আগে যে আলঙ্কারিকের অনুশাসন অনুসারে সদ্বংশপ্রভব নায়কের বিষয়ই সাহিত্যের একমাত্র কথনীয় ছিল, তাহা এখন অনেক কমিয়া আসিয়াছে। তথাপি

ইউরোপের সাহিত্যে এখনও টলষ্টয়ের মতে উচ্চ শ্রেণীর লোকের জীবন কাহিনীর প্রাধান্যই বেশী। বিলাতের সাময়িক সাহিত্যে যত ছোট গল্প বাহির হয়, তাহার মধ্যে বেশীর ভাগই লর্ড-লেডীর প্রণয়-বৃত্তান্ত। পুরাকালে সাহিত্য রাজদরবারের দরবারী ছিল; রাজার প্রাসাদে তাহার জন্ম, রাজার যত্নে তাহার পোষণ হইত; কালিদাস, বাণভট্ট প্রভৃতি তাহার দৃষ্টান্ত। সুতরাং তখন রাজাদের বৃত্তান্তই শিষ্ট সাহিত্যের উপাদান ছিল। কিন্তু এখন আর সাহিত্য প্রাকৃত জনের কুটীরে প্রবেশ করিতে কুণ্ঠা বোধ করে না; সুতরাং এখন সাহিত্যে সাধারণের অনুভব ও অভিজ্ঞতার স্থান হইতে পারে। এবং এই অর্থেই সাহিত্যকে সর্ব্বজনীন করা সম্ভব; শুধু সম্ভব নয়, করা উচিত। যে সাহিত্যে সমস্ত জাতির অনুভব ও জ্ঞান, অবশ্যই শিষ্ট ও মার্জ্জিত ভাবে, প্রকাশিত থাকে তাহাই আদর্শ সাহিত্য। সাহিত্যে সকলের আগে জাতির সাধারণতন্ত্র প্রতিষ্ঠিত হওয়া উচিত; ইহাতে শ্রেণীবিশেষের একান্ত আধিপত্য থাকা ঠিক নহে। কিন্তু এই সমস্ত প্রকাশের মধ্যে যে সংযম ও শিষ্টাচার থাকা উচিত সাহিত্যিকগণ কি তাহা মনে রাখিবেন না?

আমরা সাহিত্যকে পঞ্চাগ্নির মধ্যস্থিত মুনিঠাকুরের কঠোর তপশ্চরণের মত নির্ম্মম ও নিরানন্দ করিয়া তুলিতে বলি না। মানুষের সমস্ত সুখ, সমস্ত আনন্দ, সমস্ত তৃপ্তি ইহাতে পূর্ণ মাত্রায় বর্ত্তমান থাকুক; একটা সবল, সতেজ, দীপ্তি তাহার প্রাণ-সঞ্চার করিয়া দেউক: এ পৃথিবী যে ঈশ্বরের সৃষ্ট এবং বাসের উপযুক্ত, এ জীবন যে সুখের, এবং ভোগের উপযুক্ত,—এই ভাব সাহিত্যকে উল্লাসিত করিয়া দেউক; যে প্রাণ, যে জিজীবিষা, যে আনন্দ ও যে উল্লাস বৈদিক সাহিত্যকে, বাইবেলের সাহিত্যকে, আবেস্তার সাহিত্যকে সংপ্রাণিত করিয়া দিয়াছে, তাহাই আবার জগতের সাহিত্যকে প্রদীপ্ত করিয়া দেউক। অলস, নিরানন্দ, স্নায়ুহীন, মুমূর্ষুভাব যেন সাহিত্যকে প্রাণহীন করিয়া তোলে না। মানুষের সমগ্র চিন্তা, সমগ্র অনুভূতি, সমগ্র জ্ঞান সাহিত্যের মধ্যে সম্যক্ ফুটিয়া উঠুক। কিন্তু তার মধ্যে যেন শিক্ষা ও সংযমের অভাব না হয়; উচ্ছৃঙ্খল ভোগলালসা, অসংযত উত্তেজনা, অমার্জ্জিত রুচি যেন তাহাকে কলুষিত করিয়া না দেয়। বাংলা সাহিত্যের এমারত আজ দ্রুত গড়িয়া উঠিতেছে; বাঙ্গালী সাহিত্যিকগণ কি এ কথা মনে রাখিবেন না যে সাহিত্য কর্ম্মে মানুষের অভিব্যক্তির অন্যতম, সুতরাং ইহাও একই নৈতিক নিয়মের অধীন? সত্য এবং শিব হইতে বিচ্ছিন্ন করিয়া শুধু সৌন্দর্য্যের চর্চ্চা যে সাহিত্য করে, তাহা হইতে জাতির অমঙ্গল হইতে পারে। 'সত্যং শিবং সুন্দরং'—এ তিনের একত্বে যে জাতির কর্ম্ম, জ্ঞান ও ভাষা গড়িয়া উঠে, সে জাতিই জগতে ধন্য।

শ্রীউমেশচন্দ্র ভট্টাচার্য্য।

রাঙা ফাঁসি।

দূরে থেকে চাই তাঁরে
　　কাছে এলে ভুলে যাই।
আঁখিটি তুলিয়া কভু
　　মুখ পানে নাহি চাই।
তবে—কি ছি!—মিছে কথা!—
　　আমি তাঁরে ভালবাসি?
মরমে কে টেনে দিল
　　সরমের রাঙা ফাঁসি!

শ্রীকূলচন্দ্র দে।

সেকালের বাঙ্গালা

সাময়িক পত্রিকা ও বঙ্গ সমাজ।

সে ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগের কথা। তখন বাঙ্গালা ভাষাও সাহিত্যে খ্রীষ্টান মিশনারিদিগের প্রভাব। মিশনারিরা মুদ্রাযন্ত্র স্থাপন করিয়া বর্ণমালার পুঁথি ছাপাইয়া, সাহিত্য ও ব্যাকরণ লিখিয়া অভিধান বাহির করিয়া, বাঙ্গালীকে তাহার মাতৃভাষা শিক্ষা দিতেছিলেন। বাঙ্গালী তখন বাঙ্গালা লিখিতে পারিত না, ছাপার পুঁথিও ভাল করিয়া পড়িতে পারিত না। বাঙ্গালা উন্নত গদ্য সাহিত্যের জন্মদাতা মুন্সী রামমোহন সবে কালেক্টরের মুন্সীখানার দেওয়ানি ছাড়িয়া বেদান্ত দর্শন ও উপনিষদের অনুবাদ করিতে করিতে বাঙ্গালা গদ্য সাহিত্যের মক্স করিতে আরম্ভ করিয়াছিলেন; "প্রভাকরের গুপ্তকবি "রাতে মশা দিনে মাছি" তাড়াইয়া কলিকাতায় বর্ণমালা শিক্ষা করিতেছিলেন; "আলালী ভাষার" জন্মদাতা টেকচাঁদ তখন সবে হাটি হাটি পা পা করিয়া চলিতে শিখিতেছিলেন; বাঙ্গালা শিশুশিক্ষার রচয়িতা মদনমোহন জননীর ক্রোড়ে স্তন্যপানে রত; তত্ত্ববোধিনীর প্রতিষ্ঠাতা মহর্ষি দেবেন্দ্রনাথ জননীর জঠরে অবস্থিত; বাঙ্গালা সাহিত্যের শক্তি ও সম্পদদাতা অক্ষয়কুমার ও ঈশ্বরচন্দ্র জন্ম পরিগ্রহ করেন নাই—বাঙ্গালা সাহিত্যের তেমন দুর্দ্দিনে—মুশলমানী বাঙ্গালায় লিখা কবিওয়ালা রাম বসুর "প্রতাপাদিত্য" ও গোলক বসুর "হিতোপদেশ"ই ছিল যখন বাঙ্গালা সাহিত্যের শ্রেষ্ঠ গ্রন্থ; চণ্ডীচরণের "তোতার ইতিহাস"ই যখন ছিল বাঙ্গালা ভাষার আদরের জিনিস; বঙ্গদেশ, বাঙ্গালী ও বঙ্গসাহিত্যের মুখ রক্ষার জন্য যখন উৎকলী পণ্ডিত মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার তেমনি উৎকলী দন্তভাঙ্গা "অতি-উৎকট মহাশঙ্কটী", ভাষায় বাঙ্গালা গদ্যের নমুনা দেখাইয়া নবাগত সিভিলিয়ান বিচারপতিদিগকে ভীত করিতেছিলেন—বঙ্গ সাহিত্যের তেমন শোচনীয় দিনে বাঙ্গলার একজন ভট্টাচার্য্য ব্রাহ্মণ কলিকাতা হইতে বাঙ্গালা ভাষায় প্রথম সাময়িক পত্র প্রচার করিয়াছিলেন। সে পত্রের নাম "বেঙ্গল গেজেট।" বেঙ্গল গেজেটের সেই ভট্টাচার্য্য সম্পাদকের নাম গঙ্গাধর ভট্টাচার্য্য।

বাঙ্গালা ১২২৩ সালে, ইংরেজী ১৮১৬ অব্দে গঙ্গাধর ভট্টাচার্য্য "বেঙ্গলগেজেট" প্রকাশ করেন। পত্রিকার মাসিক মূল্য ছিল এক টাকা।

বাঙ্গালা সাহিত্য খ্রীষ্টান মিশনারীদিগের নিকট প্রভূত পরিমাণে ঋণী। মিশনারিরা মুদ্রাযন্ত্র স্থাপন না করিলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি সুদূর পরাহত ছিল। মিশনারিগণ মুদ্রাযন্ত্র স্থাপন করিয়া সাহিত্য, ব্যাকরণ, আইন, অভিধান, রামায়ণ, মহাভারত, পুরাণ ইতিহাস, গণিত, জ্যোতিষ, পঞ্জিকা প্রভৃতি প্রকাশ করিয়া যে আমাদের প্রভূত উপকার করিয়াছেন, তাহা বলাই বাহুল্য। এজন্য আমরা তাহাদের নিকট কৃতজ্ঞ। কিন্তু আমরা সগর্ব্বে বলিতে পারি যে বাঙ্গালার সাময়িক পত্রের সৃষ্টিকর্ত্তা একজন বাঙ্গালী!

লং সাহেব মাসিক, সাপ্তাহিক সকল রকমের পত্রিকা কেই "সংবাদপত্র" বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, বাস্তবিক পক্ষে 'বেঙ্গলগেজেট' সাপ্তাহিক সংবাদ পত্র ছিল, কি মাসিক সাহিত্য পত্র ছিল তাহা অবগত হইবার আর এখন কোন উপায় নাই। স্বর্গীয় রামগতি ন্যায়রত্ন মহাশয় লিখিয়াছেন—ইহা পুস্তাকাকারে বাহির হইত এবং তাহাতে সম্পাদকের লিখিত বিদ্যাসুন্দর ও বেতাল-পঞ্চবিংশতির গল্প চিত্র সহ বাহির হইত। (১)

বেঙ্গলগেজেট একবৎসর মাত্র জীবিত ছিল। ইহার নামটী হিকির ইংরেজী "বেঙ্গলগেজেটের" নামের অনুকরণে রক্ষিত হইয়াছিল।

বেঙ্গল গেজেট উঠিয়া গেলে ১৮১৮ অব্দের এপ্রিল মাসে মার্সম্যান প্রমুখ শ্রীরামপুরের মিশনারিগণ শ্রীরাম-পুর হইতে "দিগ্‌দর্শন" নামে এক খানা মাসিক পত্র প্রকাশ করিতে আরম্ভ করেন।

এই সময়ও গবর্ণমেণ্ট দপ্তরে মুদ্রিতব্য বিষয়ের পাণ্ডুলিপি পরীক্ষকের কার্য্য রীতিমত চলিতেছিল। ভট্টাচার্য্য গঙ্গাধর সেই কঠোর পরীক্ষায় উত্তীর্ণ হইতে

* ঢাকা সাহিত্য সমাজে পঠিত।

(১) সংবাদ প্রভাকর ১২৬০। ১ বৈশাখ

অসমর্থ হইয়াই পত্রিকা পরিচালনে ক্ষান্ত হইয়াছিলেন কিনা, তাহা আমরা অবগত নহি, অবগত হইবারও কোন উপায় নাই। কিন্তু মার্সম্যান সাহেবের দিগ্‌দর্শন বাহির করিয়া যে বিপদ গণিতেছিলেন তাহা উক্ত মার্সম্যানের স্বলিখিত বৃত্তান্ত হইতেই অবগত হওয়া যায়।

এই সময়ের অবস্থা উল্লেখ করিয়া মার্সম্যান লিখিয়াছেন :—It appeared (in 1818) that the time was ripe for a native newspapdr and I offered the missionaries to undertake the publication of it. The jealousy which the government had always manifested of the periodical press appeared, however, to present a serious obstacle. The English journals in Calcutta were under the strictest surveillance, and many a column appeared resplendent with the stars which were substituted at the last moment for the Editorial remarks and through which the censor had drawn his fatal pen. In this state of things it was difficult to suppose that a a native paper would be tolerated for a moment. Life and times of Carey and Murshman.

এইরূপ অবস্থাতেও মার্সম্যান "দিগ্‌দর্শন" বাহির করিয়া ফেলিলেন। দিগ্‌দর্শন বাহির হইলে মিশনারিদিগের মধ্যে মতভেদ উপস্থিত হইল। কেরি সাহেব গবর্ণমেণ্টের বিনা অনুমতিতে পত্রিকা বাহির করিবার বিরোধী ছিলেন। "দিগ্‌দর্শন" বাহির হইবার পর যখন গবর্ণমেণ্ট হইতে কোন প্রতিবাদ বা 'কৈফিয়ত তলপ' হইল না, তখন মার্সম্যান একখানা বাঙ্গলা সাপ্তাহিক সংবাদ পত্র ও বাহির করিতে উৎসুক হইয়া পড়িলেন। ইহাতেও কেরীসাহেব বিরোধী হইলেন। শেষ আপোষ মীমাংসায় পত্রিকা বাহির করাই স্থির হইলে মার্সম্যান ঐ সনের ২৩শে মে শ্রীরামপুর হইতেই সাপ্তাহিক সংবাদপত্র "সমাচার দর্পণ" বাহির করেন।

"সমাচার দর্পণ" বাহির হইলে মার্সম্যান তাহার ইংরেজী অনুবাদ করিয়া ১ খানা দর্পণ সহ ঐ অনুবাদ গবর্ণর জেনারেল মার্কুইস অব হেষ্টিংসের নিকট পাঠাইলে, তিনি তাহা পাঠ করিয়া মার্সম্যানকে প্রচুর উৎসাহ প্রদান করেন এবং ১৮১৮ অব্দের ১৯শে আগষ্ট পাণ্ডুলিপি পরীক্ষার কঠোর প্রথা উঠাইয়া দিয়া সাহিত্যচর্চ্চা ও সাময়িক পত্রিকা পরিচালনের পথ সুগম করিয়া দেন।

"দিগ্‌দর্শন" মাসিক পত্রে রামমোহন রায় প্রবন্ধাদি লিখিতেন, এই সময় মিশনারিদিগের সহিত তাঁহার বেশ সৌহৃদ্যছিল। ১৮১৯ অব্দে কলিকাতার মিশনারিরা গস্পেল ম্যাগাজিন নামে খ্রীষ্টীয় তত্ত্বপূর্ণ একখানা মাসিক পত্র বাহির করেন; এই পত্রে ও "সমাচার দর্পণে" হিন্দুধর্ম্মের বিরুদ্ধে কথা প্রকাশিত হইতে থাকিলে রামমোহন রায় "সংবাদ কৌমুদী" নামে একখানা সাপ্তাহিক সংবাদ পত্র ও ১৮২১ খ্রীষ্টাব্দে "ব্রাহ্মণ সেবধী" নামে আর একখানা মাসিক পত্র বাহির করিয়া তাহাতে মিসনারিদিগের পত্রিকায় প্রকাশিত বিষয়ের প্রতিবাদ করেন।

এই সময় রামমোহন রায় বেদান্ত প্রতিপাদ্য একেশ্বরবাদ হিন্দু সমাজে প্রচার করিতে উদ্যত হন। সংবাদ কৌমুদীতে এই মত প্রচারিত হইতে থাকিলে, হিন্দু সমাজে মহা বিপ্লবের সূচনা হয়। অপর দিকে উইলিয়ম এডাম নামে তাঁহার জনৈক খ্রীষ্টান বন্ধুকে তিনি একেশ্বরবাদে দিক্ষীত করেন। এই কার্য্যে মিসনারিগণের সহিত ও তাহার বিবাদ উপস্থিত হয়। এই সময় তাঁহার সতী দাহ নিবারণ বিষয়ক প্রস্তাব গভর্ণমেণ্ট আলোচিত হইতেছিল; এই তিন দিক রক্ষা করিবার জন্য তিনি "সংবাদ কৌমুদিতে" প্রবন্ধ প্রকাশ করিতে লাগিলেন। "সতীদাহ নিবারণের" সপক্ষে ও প্রচলিত হিন্দুমতের বিপক্ষে যখন "কৌমুদীতে" প্রবন্ধ বাহির হইতে লাগিল তখন তাঁহার সহকারী বন্ধু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় "সংবাদ কৌমুদীর" কার্য্য পরিত্যাগ করিয়া রাজা রাধাকান্ত দেবের দলে যাইয়া হিন্দু সমাজের দল ও বল বৃদ্ধি করিলেন। সহমরণ প্রথার সমর্থন জন্য

১৮২২ খ্রীষ্টাব্দে উক্ত ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়কে সম্পাদক করিয়া রাজা রাধাকান্ত দেব হিন্দুধর্ম্মসভা হইতে 'সমাচার চন্দ্রিকা' সাপ্তাহিক সংবাদ পত্রিকা বাহির করেন।

এই দলাদলি উপলক্ষে আরও দুই খানা সংবাদ পত্রিকা ও কয়েক খানা পুস্তক পুস্তিকার উদ্ভব হইয়াছিল। এই পত্রিকা দ্বয়ের এক খানা কৃষ্ণমোহন দাসের "সংবাদ তিমির নাসক," অপর খানা নীলরতন হালদারের "বঙ্গদূত"। ১৮২৩ সনে চন্দ্রিকার সমর্থনে "সংবাদ তিমির নাসক" ও ১৮২৫ সনে নীলরতন হালদার, মার্টিন, দ্বারকানাথ ঠাকুর প্রসন্নকুমার ঠাকুর ও রামমোহন রায়ের উদ্যোগে কৌমুদীর সমর্থন জন্য বাঙ্গালা ও পার্সী—দ্বিভাষী "বঙ্গদূত" বাহির হয়।

প্রতিবাদ পুস্তকগুলির মধ্যে উমানন্দ ওরফে নন্দলাল ঠাকুরের "পাষণ্ড পীড়ন" উল্লেখ যোগ্য। পাষণ্ড পীড়নের প্রত্যুত্তরে রামমোহন রায় "কৌমুদীতে" পথ্য দান" প্রবন্ধ প্রকাশ করিয়াছিলেন। এই সময় অনেক শাস্ত্রদর্শী পণ্ডিত লোক উভয় পক্ষে নিযুক্ত থাকিয়া বাদ প্রতিবাদ লিখায় সাহায্য করিয়াছিলেন।

উভয় পক্ষ দশ বৎসরের অধিককাল এইরূপ মতবিরোধের তুমুল তর্কে আত্ম নিয়োগ রাখিয়া বাঙ্গালা সাহিত্যের জীবন সঞ্চারে যথা সাধ্য সাহায্য করিয়া ছিলেন।

এই দলাদলি চলিত থাকা কালেই ঈশ্বর চন্দ্র গুপ্তের সুপ্রসিদ্ধ "সংবাদ প্রভাকর" সাহিত্য জগতে আবির্ভূত হয় এবং বঙ্গ সাহিত্যকে রসসিঞ্চনে সজীব করিয়া তুলিতে থাকে।

প্রাগুক্ত দলাদলির সময়ে ঈশ্বর গুপ্তের আবির্ভাব হইলেও ঐ সকল দুরূহ ধর্ম্ম কথার বাদ প্রতিবাদে তিনি যোগ দান করিলেন না; পরন্তু তিনি সকল সমাজের উপরই ব্যঙ্গ করিয়া কাব্য গড়িতে লাগিলেন।

বলিতেগেলে ঈশ্বর গুপ্তই বাঙ্গালা সাহিত্যের প্রতি সাধারণের দৃষ্টি আকর্ষণ করাইয়াছিলেন। "প্রভাকরের" হাস্য ও ব্যঙ্গরসের লেখাই ছিল সেই আকর্ষণের বিষয়। ঈশ্বরচন্দ্র যে সুধু বাঙ্গালা সাহিত্য ও সাময়িক পত্রের প্রতিই সাধারণের দৃষ্টি আকর্ষণ করাইয়াছিলেন তাহা নহে; বাঙ্গালা সাহিত্যের এক যুগ প্রবর্ত্তন এবং সেকালে সাহিত্য সমাজ গঠন—এ দুটিও তিনি প্রভাকরের সাহায্যে করিয়াছিলেন।

সেই সাহিত্য যুগের ও সেই যুগের সাহিত্য সমাজের আলোচনা না করিলে সেকালের বাঙ্গালা সাহিত্য সমাজের ইতিহাস অপূর্ণ থাকিবে। আমরা তাই এখানে সংবাদ প্রভাকরে ও কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের সাহিত্য সমাজ সম্বন্ধে আলোচনা করা প্রয়োজনীয় বলিয়া মনে করিতেছি।

১২৩৭ সালের ১৬ই মাঘ (১৮৩১ সন) কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত সংবাদ প্রভাকর বাহির করেন। সংবাদ প্রভাকর স্বীয় ললাটে সংবাদ এই রাজ টীকাটী লইয়া সাপ্তাহিকরূপে আবির্ভূত হইলেও ইহাতে সংবাদ অপেক্ষা গদ্য ও পদ্য রচনাই থাকিত অধিক।

কবি ঈশ্বর গুপ্তের সহিত পাথরিয়া ঘাটার মহারাজ স্যার যতীন্দ্রমোহন ঠাকুরের বন্ধুত্ব ছিল। ঈশ্বরচন্দ্র যখন কবির আসরে লড়াই করিয়া ও গান বাঁধিয়া দিন কাটাইতে ছিলেন, তখন তাঁহার বন্ধু উক্ত যোগেন্দ্রমোহন ঠাকুর তাহাকে একখানা পত্রিকা বাহির করিয়া তাহার সাহায্যে ভদ্রভাবে কবিত্ব প্রকাশ করিতে পরামর্শ দেন। এই সময় "কৌমুদী" ও "চন্দ্রিকায়" তুমুল বাদপ্রতিবাদ চলিতেছিল—বন্ধুর পরামর্শে ঈশ্বরচন্দ্র সময় বুঝিয়া *লেখনী কণ্ডূয়ণ বৃত্তি চরিতার্থ করিবার জন্য প্রভাকর* বাহির করিলেন। এ সম্বন্ধে প্রভাকরে স্বয়ং ঈশ্বরচন্দ্র লিখিয়াছেন:—"বাবু যোগেন্দ্রমোহন ঠাকুরের সম্পূর্ণ সাহায্য ক্রমে প্রথমে এই প্রভাকর পত্র প্রকটিত হয়। তখন আমাদিগের যন্ত্রালয় ছিল না। চোরবাগানে এক মুদ্রাযন্ত্র ভাড়া করিয়া ছাপা হইত। ৩৮ সালের শ্রাবণ মাসে—পূর্ব্বোক্ত ঠাকুর বাবুদিগের বাটীতে স্বাধীনরূপে যন্ত্রালয় স্থাপিত করা যায়। তাহাতে ৩৯ সাল পর্য্যন্ত সেই স্বাধীন যন্ত্রে অতি সম্ভ্রমের সহিত মুদ্রিত হইয়াছিল।" (১)

---

(১) সংবাদ প্রভাকর ১২৬০। ১ বৈশাখ।

দুইটী সংস্কৃত শ্লোক প্রভাকরের কণ্ঠে শোভা পাইত। শ্লোক দুটী সংস্কৃত কলেজের অলঙ্কার শাস্ত্রের অধ্যাপক পণ্ডিত প্রেমচাঁদ তর্কবাগীশের রচনা। তিনি প্রভাকরের একজন বিশিষ্ট লেখক ছিলেন।

প্রভাকরের তৎকালীন বিশিষ্ট লেখকগণের নাম আমরা প্রভাকর হইতে সংগ্রহ করিয়া শ্রদ্ধার সহিত প্রদান করিলাম।

রাজা রাধাকান্ত দেব বাহাদুর (শব্দকল্পদ্রুম রচয়িতা)।
পণ্ডিত জয়গোপাল তর্কালঙ্কার (অধ্যাপক সংস্কৃত কলেজ)।
„ প্রেমচাঁদ তর্কবাগীশ (অধ্যাপক সংস্কৃত কলেজ)।
বাবু নন্দলাল ঠাকুর ("পাষণ্ড পীড়ন" প্রণেতা)।
„ নন্দকুমার ঠাকুর।
„ চন্দ্রকুমার ঠাকুর।
„ প্রসন্নকুমার ঠাকুর ("অনুবাদক" সম্পাদক)।
" রামকমল সেন (ইনি একখান বিরাট অভিধান লিখিয়া বাঙ্গালার জনসন বলিয়া পরিচিত ছিলেন)।
" নীলরতন হালদার ("বঙ্গদূত" সম্পাদক)।
" কৃষ্ণচন্দ্র বসু।
" ব্রজমোহন সিংহ ("সংবাদ রত্নাকর" সম্পাদক)
" শ্যামাচরণ সেন।
" গৌরীশঙ্কর তর্কবাগীশ (ভাস্কর সম্পাদক)।
" রসিকচন্দ্র গঙ্গোপাধ্যায়।
" ধর্ম্মদাস পালিত।
" নীলমণি মতিলাল প্রভৃতি।

ইহারা সকলেই সেকালের সমাজে গণ্যমান্য-ব্যক্তি ও বাঙ্গা ভাষার লেখক বলিয়া পরিচিত ছিলেন।

১২৩৯ সালে যোগেন্দ্রমোহন ঠাকুরের পরলোক গমনের সঙ্গে সঙ্গে সংবাদ প্রভাকর ও কিছুদিনের জন্য বিদায় গ্রহণ করে। ঈশ্বরচন্দ্র লিখিয়াছেন—

"এই সময়ে (১২৩৯ সালে) জগদীশ্বর আমাদিগের কর্ম্মও উৎসাহের শিরে বিষম বজ্র নিক্ষেপ করিলেন, অর্থাৎ মহোপকারী সাহায্যকারী বহুগুণধারী আশ্রয়দাতা বাবু যোগেন্দ্রমোহন ঠাকুর মহাশয় সাংঘাতিক রোগ কর্ত্তৃক আক্রান্ত হইয়া কৃতান্তের দণ্ডে পতিত হইলেন। সুতরাং ঐ মহাত্মার লোকান্তর গমনে আমরা অপর্য্যাপ্ত শোকসাগর নিমগ্ন হইয়া এককালীন সাহস এবং অনুরাগ শূন্য হইলাম। তাহাতে প্রভাকরের অনাদররূপ মেঘাচ্ছন্ন হওন জন্য এই "প্রভাকর" কর প্রচ্ছন্ন করিয়া কিছুদিন গুপ্তভাবে গুপ্ত হইলেন।" (সঃ প্রঃ ১২৫৩ | ১ বৈশাখ)।

১২৪৩ সালের ২৭শে শ্রাবণ প্রভাকর পুনর্জ্জন্ম গ্রহণ করে। কিরূপে প্রভাকর পুনর্জ্জীবিত হইয়াছিল সম্পাদকের নিজ ভাষায় আমরা তাহা উল্লেখ করিতেছি। সম্পাদক লিখিয়াছেন:—

"১২৪৩ সালের ২৭ শ্রাবণ বুধবার দিবসে এই প্রভাকরকে পুনর্ব্বার বারত্রয়িকরূপে প্রকাশ করি, তখন এই গুরুতর কর্ম্ম সম্পাদন করিতে পারি আমাদিগের এমন সম্ভাবনা ছিল না। জগদীশ্বরকে চিন্তা করিয়া এতৎ অসংসাহসিক কর্ম্মে প্রবৃত্ত হইলে পাতুরেঘাটা নিবাসী সাধারণ মঙ্গলাভিলাষী বাবু কানাইলাল ঠাকুর এবং তদনুজ বাবু গোপালচন্দ্র ঠাকুর, মহাশয় যথার্থ হিতকারী বন্ধুর স্বভাবে ব্যয়োপযুক্তবহুল বিত্ত প্রদান করিলেন এবং অদ্যাবধি আমাদিগের আবশ্যক ক্রমে প্রার্থনা করিলে তাঁহারা সাধ্যমত উপকার করিতে ক্রটী করেন না। একারণে আমরা উল্লিখিত ভ্রাতাদ্বয়ের পরোপকারিতাগুণের ঋণের নিমিত্ত জীবনের স্থায়িত্বকাল পর্য্যন্ত দেহকে বন্ধক রাখিলাম।"

দেখিতে দেখিতে প্রভাকরের নাম ও যশ চারিদিকে বিস্তৃত হইয়া পড়িল। তখন পরিচালকগণের উপদেশে ঈশ্বরচন্দ্র প্রভাকরকে প্রাত্যহিকে পরিণত করিয়া ফেলিলেন।

১২৪৬ সালের ১লা আষাঢ় হইতে "সংবাদ প্রভাকর" প্রাত্যহিকরূপে দর্শন দিতে লাগিল। প্রভাকরের পূর্ব্বে আর কোন বাঙ্গালা দৈনিক পত্র ছিল না।

এই সময় বাঙ্গালা সাহিত্যের পরবর্ত্তীযুগের প্রবীন ও যশস্বী লেখক অক্ষয়কুমার দত্ত ও রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় প্রভাকরের দপ্তরে বঙ্গসাহিত্যের শিক্ষানবিশরূপে অবতীর্ণ হইয়াছেন। এই সময় আরো যাহারা শিক্ষা-

'প্রভাকরে' লেখনী ধারণ করিয়াছিলেন তাহাদের নাম উল্লেখ করিলাম।

পণ্ডিত রাধানাথ শিরোমনি।
„ গঙ্গাধর তর্কবাগীশ।
বাবু গোপালচন্দ্র মিত্র।
„ বিশ্বম্ভর পাইন।
„ গোবিন্দচন্দ্র সেন।
„ কানাইলাল ঠাকুর।
„ নবীনচন্দ্র মুখোপাধ্যায়।
„ উমেশচন্দ্র দত্ত।
„ শম্ভুচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
„ প্রসন্নচন্দ্র ঘোষ।
রায় রামলোচন ঘোষ বাহাদুর।
বাবু হরিমোহন সেন।
„ জগন্নাথপ্রসাদ মল্লিক।
„ সীতানাথ ঘোষ।
„ গনেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
„ যাদবচন্দ্র গঙ্গোপাধ্যায়।
„ হরনাথ মিত্র।
„ পূর্ণচন্দ্র ঘোষ।
„ গোপালচন্দ্র দত্ত।
„ শ্যামাচরণ বসু।
„ উমানাথ চট্টোপাধ্যায়।
„ শ্রীনাথ শীল।
„ শম্ভুনাথ পণ্ডিত।
„ হরনাথ ন্যায়রত্ন।
„ শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি।

শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায় "সংবাদ প্রভাকরের" সহকারী সম্পাদকের কার্য্য করেন।

এই সময় এমন আরো কতিপয় ব্যক্তি ছিলেন, যাঁহারা সাহিত্য চর্চ্চা সাক্ষাৎ ভাবে না করিলেও তাহার প্রতি সহানুভূতি প্রকাশ করিতেন। সেকালের সাহিত্য ও সমাজের আলোচনায় তাহাদের উল্লেখ প্রয়োজন বোধ আমরা গুপ্ত কবির সালতামামি খতিয়ান করিয়া তাহাদের নাম শ্রদ্ধার সহিত লিপিবদ্ধ করিলাম। ইহারা সকলেই স্ব স্ব সমাজের শ্রেষ্ঠ পুরুষ ছিলেন এবং বোধহয় সকলেই এখন স্বর্গধামে বিশ্রাম করিতেছেন।

বাবু দ্বারকানাথ ঠাকুর,
" রমানাথ ঠাকুর,
" দেবেন্দ্রনাথ ঠাকুর,
" গিরিশচন্দ্র দেব,
" কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়,
" রমাপ্রসাদ রায়,
" কাশীপ্রসাদ ঘোষ,
" মাধবচন্দ্র সেন,
" রাজেন্দ্র দত্ত,
" হরচন্দ্র লাহিড়ী,
" অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়,
" বৈকুণ্ঠনাথ চৌধুরী,
" হরিনারায়ণ ঘোষ প্রভৃতি।

এই যে আমরা আজ সাহিত্য সম্মিলন করিতেছি এইরূপ সাহিত্য সম্মিলন, বান্ধব সম্মিলন বা পূর্ণিমা সম্মিলনের ন্যায় অনুষ্ঠান ঈশ্বরচন্দ্রই প্রথম করিয়াছিলেন। ১২৫৭ সালের ১লা বৈশাখ হইতে ঈশ্বরচন্দ্রগুপ্ত "প্রভাকর" কার্য্যালয়ে এইরূপ একটী সম্মিলনের অনুষ্ঠান করেন। তিনি সহরের এবং মফস্বলের শিক্ষিত ব্যক্তিদিগকে ও পণ্ডিতগণকে নিমন্ত্রণ করিয়া সম্মিলনে উপস্থিত করিতেন। সম্মিলনে প্রবন্ধাদি পাঠ, আলাপ পরিচয় ও ভোজের ব্যবস্থা ছিল। শেষে ব্রাহ্মণ পণ্ডিত দিগের বিদায়ের ব্যবস্থাও ছিল।*

১২৬০ সালে প্রভাকরের একটা মাসিক সংস্করণও হইয়াছিল; তাহার বিবরণ আমরা "প্রভাকরের" ইতিহাসে যথাসাধ্য প্রদান করিলাম।

এইবার বঙ্গসাহিত্যে "প্রভাকর" ও গুপ্তকবির প্রভাব সম্বন্ধে দুই একটি কথা বলিয়া প্রকৃত বিষয়ের অনুসরণ করিব।

প্রভাকরের পূর্ব্বে যে কয়েকখানা সাময়িক পত্রিকা বাহির হইয়াছিল, তাহাতে প্রায় অধিকাংশ ভাগ

* এই বার্ষিক সম্মিলন পরে চৈত্রমাসে হইত।

গুরুতর ধর্ম্মকথার কাটাকাটি ও বাদ প্রতিবাদে পূর্ণ থাকিত, সুতরাং লোকে বড় মনোযোগ দিয়া তাহা পড়িত না, পড়িলেও সহজে তাহা হইতে কোন সরল ভাব গ্রহণ করিতে পারিত না। "সতীদাহনিবারণ" প্রথার আন্দোলন উপস্থিত হইলে, রাজারামমোহন রায়ের প্রবর্ত্তিত "সংবাদকৌমুদীর" সহিত যখন হিন্দু-সভা নব-সৃষ্ট মুখপত্র 'সমাচার চন্দ্রিকার' মসীযুদ্ধে লিপ্ত হইয়া আসরে অবতীর্ণ হইলেন, তখন বাঙ্গালী পাঠক বাঙ্গালা পত্রিকা পাঠ করিয়া একটু কিছু উপভোগ করিতে চেষ্টা করিতেছিল, কিন্তু ঐ সকল বাদপ্রতিবাদে শাস্ত্র কথা অধিক থাকায় তাহা স্বল্পশিক্ষিত বাঙ্গালী পাঠকের নিকট প্রীতিপ্রদ হইত না। ঠিক এই সময়—যখন পাঠকের আগ্রহ হইতেছিল পরন্তু তাহা পূরণের উপকরণ পাওয়াযাইতেছিল না—বাঙ্গালার স্বল্পশিক্ষিত পাঠকদিগের সম্মুখে ঈশ্বরচন্দ্র সহজ কাব্যরসে ভরপুর করিয়া "সংবাদ প্রভাকর" উপস্থিত করিলেন। ঈশ্বর-চন্দ্রের "প্রভাকর" শ্লেষ ও রসকথায় পূর্ণ থাকিত। সেই শ্লেষ ও রসকথা সহজেই তখন বাঙ্গালী পাঠকের মন আকর্ষণ করিল। এইরূপে প্রভাকর অল্পে অল্পে বাঙ্গালার পাঠক শ্রেণী গড়িয়া তুলিতে লাগিলেন। 'প্রভাকর' কেবল যে পাঠক সমাজই গড়িয়া তুলিয়া ছিলেন—তাহা নহে ; বাঙ্গালা-লেখক সমাজও গঠন করিয়াছিলেন, তাহার আভাষ আমরা পূর্ব্বেই দিয়া আসিয়াছি। বর্ত্তমান উন্নত বাঙ্গালা সাহিত্য 'প্রভাকর' ও তদীয় সম্পাদক ঈশ্বরচন্দ্রের নিকট কতদূর ঋণী, 'প্রভাকর' ও ঈশ্বরচন্দ্র সেই মৃত বঙ্গভাষাকে সঞ্জীবিত করিতে কতদূর সাহায্য করিয়া ছিলেন, পাঠক তাহা ক্রমে উপলব্ধি করিতে পারিবেন। এই স্থানে আমরা তাহার একটীমাত্র দৃষ্টান্তের উল্লেখ করিতেছি।

এই সময় যেমন বাঙ্গালা ভাষা ও সাহিত্য আলো-চনার জন্য ২।৪ খানা পত্র পত্রিকা জন্মগ্রহণ করিতেছিল, সেইরূপ বক্তৃতা শিক্ষা এবং রচনা শিক্ষার জন্য ও স্থানে স্থানে সভা সমিতি গঠিত হইতেছিল। দর্জ্জি-টোলার নরনারায়ণ দত্তের বাড়ীতে এই সময় (১২৪৫) "বাঙ্গালাভাষা অনুশীলনী সভা" নামে একটী সভা স্থাপিত হইয়াছিল। কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের তখন উদীয়-মান প্রতিভা। সভাসমিতি মাত্রেই তাঁহার সাদর নিমন্ত্রণ থাকিত। বাঙ্গালা সাধুভাষার যিনি শক্তিদাতা—সেই অক্ষয়কুমার দত্ত, তখন উনিশ বৎসরের যুবক—পড়া শুনা শেষ করিয়া পরিবার প্রতিপালনের চিন্তায় এদিক ওদিক ঘুরিতে ছিলেন এবং অবসর সময়ে অল্প অল্প কবিতা রচনা করিয়া বীণাপাণির চরণে অঞ্জলি প্রদান করিতেছিলেন। উক্ত বঙ্গভাষা অনুশীলনী সভায় অক্ষয়-কুমার যোগদান করিতেন। একদা এই সভায় তিনি "প্রভাকর" সম্পাদক কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের সহিত পরি-চিত হন এবং তৎপর হইতে প্রভাকর কার্য্যালয়ে যাইয়া পত্রিকাদি পাঠ করিতেন।

একদা প্রভাকরের সহকারী সম্পাদক অসুস্থ হইয়া অনুপস্থিত থাকায় ঈশ্বর গুপ্ত অক্ষয়কুমারকে 'ইংলিশম্যান' পত্রিকার একটা স্থান দেখাইয়া তাহা "প্রভাকরের" জন্য অনুবাদ করিয়াদিতে বলেন। অক্ষয়কুমার অত্যন্ত লজ্জিত হইয়া বলিলেন যে আমি কখনও গদ্য লিখি নাই এবং লিখিতেও পারি না। অক্ষয়কুমার এড়াইতে চেষ্টা করিলেও ঈশ্বরচন্দ্র তাহা শুনিলেন না বলিলেন "তুমি লেখাপড়া জান, যেরূপই হউক মনের ভাব প্রকাশ করিয়া লিখ, আমি দেখিয়া ছাপিব।" অনন্যোপায় হইয়া অক্ষয়কুমার নির্দ্দেশিত অংশের অনুবাদ করিলেন। অনুবাদ পড়িয়া গুপ্ত কবি তাঁহাকে এতদূর প্রশংসা করিলেন এবং উৎসাহ প্রদান করিলেন যে অক্ষয়কুমার সেই দিন হইতে পদ্য ছাড়িয়া গদ্য লিখিতে আরম্ভ করিলেন এবং তাহা "প্রভাকরে" প্রকাশিত হইতে লাগিল।

এই সময় "প্রভাকরের" সহিত গৌরীশঙ্কর ভট্টা-চার্য্যের "ভাস্কর" ও "রসরাজ" পত্রদ্বয়ের বিষম বাদানু-বাদ বাঁধিয়া যায়। ঈশ্বরচন্দ্র পদ্যে ও অক্ষয়কুমার গদ্যে ভাস্করের উত্তর প্রত্যুত্তর প্রদান করিতে থাকেন। অক্ষয়কুমারের এই গদ্য প্রবন্ধগুলি এমনই সুন্দর হইতে-ছিল যে, তাহা পাঠ করিয়া একদিন রাজা দেবেন্দ্রনাথ ঠাকুর (পরে মহর্ষি) আক্ষেপ করিয়া বলিয়াছিলেন "অক্ষয়বাবু দুর্ব্বাবনে মুক্তা ছড়াইতেছেন।"

বলা বাহুল্য সংবাদ প্রভাকরের এই নবীন লেখক, ঈশ্বরচন্দ্রের শিষ্য অক্ষয়কুমার কালে গুরুকেও ছাড়াইয়া বাঙ্গালা সাহিত্যে আর একটা যুগ প্রবর্ত্তন করিয়া গুরুর স্থায় যুগ প্রবর্ত্তক হইয়াছিলেন।

অক্ষয়কুমারের ন্যায় কবিবর রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র, নাট্যকার দীনবন্ধু ও মনোমোহন কাঙ্গাল হরিনাথ; সোমপ্রকাশের দ্বারিকানাথ, হতভাগ্য কবি দ্বারকানাথ অধিকারী প্রভৃতি ও প্রভাকরের দপ্তরে শিক্ষানবীশ ও ঈশ্বরচন্দ্রের শিষ্য ছিলেন। আমরা যথা স্থানে তাহার আলোচনা করিব।

সাহিত্য জগতে ঈশ্বর গুপ্তের আবির্ভাব প্রকৃতই মৃত বঙ্গসাহিত্যের প্রাণে এক নবীন উৎসাহের সঞ্চার করিয়া দিয়াছিল। দেখিতে দেখিতে প্রভাকরের পদানুসরণে অল্পকাল মধ্যেই প্রায় বিশ পঁচিশ খানা সাময়িক পত্র বাহির হইয়া পড়িল। এবং কোন কোন পত্র বাহির হইয়া বঙ্গসাহিত্যে অভিনব কুরুক্ষেত্রের সৃষ্টি করিল।

বঙ্গ সাহিত্যে এই সমবেত উদ্যম বঙ্গভাষার পক্ষে প্রচুর কল্যাণকর হইয়াছিল—মৃত বঙ্গ ভাষাকে সঞ্জীবিত করিয়া রাজ সম্মানে সম্মানিত করিয়াছিল।

১৮৩০ অব্দে "প্রভাকর" প্রকাশিত হইবার পরই প্রেমচাঁদ রায় "সংবাদ সুধাকর" ও ব্রজমোহন সিংহ "সংবাদ রত্নাকর" বাহির করেন। ১৮৩১ সনে বেণীমাধব দেব "সারসংগ্রহ" প্রসন্নকুমার ঠাকুরের "অনুবাদিকা" মৌলবী আলীমোল্লার "সমাচার সভারাজেন্দ্র" দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় প্রভৃতির "জ্ঞানান্বেষণ" পি, রায়ের "সংবাদসুধাকর" প্রভৃতি ৫।৬ খানা পত্রিকা বাহির হয়।

১৮৩২ সনে লক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কারের 'শাস্ত্রপ্রকাশ' গঙ্গাচরণ সেনের "বিজ্ঞান সেবধীশ," জ্ঞানচন্দ্র মিত্রের "জ্ঞানোদয়", মহেশচন্দ্র পালের "সংবাদ রত্নাবলী" এবং "পাশাবলী" প্রভৃতি আরও ৬।৭ খানা সাময়িক পত্রিকা প্রকাশিত হয়।

এই সময় রাজধানী কলিকাতায় পত্রিকা প্রচারের এইরূপ ধূম থাকিলেও সুদুর মফস্বলে দেশীয় ভাষায় শিক্ষাদানের অবস্থা অত্যন্ত শোচনীয় ছিল। কলিকাতার নিকটবর্ত্তী কয়েককটী স্থান এবং হুগলী, বর্দ্ধমান ও মুর্শিদাবাদ ব্যতীত বিশাল বঙ্গদেশের অন্য কোন স্থানেই এই সকল পত্রিকা যাওয়া দূরে থাকুক, ছাপার পুঁথিও প্রবেশ করিতে পারে নাই। এসম্বন্ধে বিস্তৃত বিবরণ আমরা পূর্ব্ববর্ত্তী অধ্যায়ে প্রদান করিয়া আসিয়াছি। দেশের এই অবস্থা উল্লেখ করিয়া রাজা রামমোহন রায়ের সেই একেশ্বর বাদে দীক্ষিত বন্ধু উইলিয়ম এডাম গভর্ণর জেনারেল লর্ড উইলিয়ম বেণ্টিককে দেশে বাঙ্গালা ভাষায় শিক্ষা প্রবর্ত্তন জন্য অনুরোধ করেন। উইলিয়ম এডামের এই প্রস্তাব সকাউন্সিল গভর্ণর জেনারেল আলোচনা করিয়া উক্ত এডামকেই এই বিষয়ের অনুসন্ধানে নিযুক্ত করেন।

১৮৩৫ অব্দের ১লা ফেব্রুয়ারী এডাম তাঁহার ১ম রিপোর্ট প্রদান করেন। এই রিপোর্টে বাঙ্গালা দেশের পল্লীগ্রামসমূহে বাঙ্গালা ভাষা শিক্ষাদানের কিরূপ শোচনীয় অবস্থা ছিল তাহার বিস্তৃত বর্ণনা প্রদত্ত হইয়াছিল।

ঐ সনেই সার চার্লস মেটকাফ্ গবর্ণর জেনারেল হন এডামের শিক্ষা সম্বন্ধীয় অনুসন্ধান তখনও চলিতেছিল। মেটকাফ্ পূর্ব্ব হইতে মুদ্রাযন্ত্রের স্বাধীনতার পক্ষপাতি ছিলেন। তিনি ১৮৩৫ সনের ১৫ই সেপ্টেম্বর মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ঘোষণা করেন।

মুদ্রাযন্ত্রের স্বাধীনতা প্রদত্ত হইলে বঙ্গীয় মুদ্রাযন্ত্রগুলি অবিশ্রাম পত্রিকা প্রসব করিতে লাগিল। সেই বৎসরই বেণীমাধব দেব "সংবাদ সার সংগ্রহ," হরচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সংবাদ পূর্ণচন্দ্রোদয়, "কালীশঙ্কর দত্তের "সংবাদ সুধাসিন্ধু" প্রভৃতি কতকগুলি' পত্রিকা বাহির হইল। ইহার পর "সংবাদ দিবাকর," "সংবাদ গুণাকর," "সংবাদ সৌদামিনী," "সংবাদ মৃত্যুঞ্জয়," "ভৃঙ্গদূত" "সংবাদ অরুণোদয়," "সুজন রঞ্জন" প্রভৃতি পত্রিকাগুলি বাহির হইলে পর গৌরীশঙ্কর ভট্টাচার্য্যের "সংবাদ ভাস্কর" ও "সংবাদ রসরাজের" আবির্ভাব হয়।

১৮৩৮ সনের ২৮ এপ্রিল এডাম সাহেবের শেষ রিপোর্ট গভর্ণমেণ্টে প্রেরিত হয়। ঐ রিপোর্টে আপাততঃ তখন কোন ফল না ফলিলেও বঙ্গীয় মুদ্রাযন্ত্রগুলি

সে সময় অবিশ্রান্ত পত্রিকা প্রসব করিতে থাকায় রাজপুরুষদিগের বাঙ্গালা ভাষার প্রতি যুগপৎ কৃপা ও সম্ভ্রম দৃষ্টি নিপতিত হইয়াছিল। ফলে, ১৮৩৯ খ্রীষ্টাব্দের ১লা জানুয়ারী হইতে গভর্ণমেণ্ট বঙ্গভাষাকে পার্শিভাষার পদে অভিষিক্ত করিয়া সম্মানিত করিলেন; পার্শিভাষা বাঙ্গালার রাজকীয় দপ্তর হইতে বিদায় গ্রহণ করিতে বাধ্য হইল।

গবর্ণমেণ্ট মৃত বাঙ্গালা ভাষাকে রাজকীয় সম্মানে সম্মানিত করিয়াই ক্ষান্ত হইলেন না, ঐ সনের জানুয়ারী হইতেই মার্সম্যান সাহেবের সম্পাদকতায় "বেঙ্গল গভর্ণমেণ্ট গেজেট"ও বাঙ্গালা ভাষায় প্রকাশ করিতে আরম্ভ করিয়া বাঙ্গালা ভাষার প্রতি অনুগ্রহ-লক্ষণ প্রত্যক্ষ ভাবে প্রদর্শনকরিলেন, এবং ১৮৪৪ খ্রীষ্টাব্দে লর্ড হার্ডিঞ্জ বঙ্গদেশ যুড়িয়া ১০১টি হার্ডিঞ্জ বঙ্গবিদ্যালয় স্থাপন করিয়া এডামের সম্মান রক্ষা করিলেন।

"সংবাদ ভাস্কর" এবং "সংবাদ রসরাজ" আবির্ভূত হইয়াই সংবাদ প্রভাকরের সহিত তুমুল সাহিত্যিক কুরুক্ষেত্রের সূচনা করেন। এ দুখানা পত্রিকাও "সংবাদ পত্র" বলিয়া পরিচিত হইলেও সাহিত্যচর্চ্চায় এক দলের মুখপত্র ছিল।

প্রভাকর বাহির হইয়াছিল পাথুরিয়া ঘাটার রাজ পরিবারের সহানুভূতি ও সাহায্য বলে। ভাস্কর বাহির হইল শোভাবাজার রাজপরিবারের কাহারও আনুকূল্যে। ভাস্কর এবং রসরাজ উভয়ই সাহিত্যালোচনার জন্য সৃষ্ট হইয়াছিল, তাই প্রভাকরের ন্যায় এ দুখানা পত্রেরও সামান্য আলোচনার চেষ্টা এখানে করিব।

১৮৩৮ সনে "রসরাজ" এবং "ভাস্কর" উভয় পত্রিকাই বাহির হয়। রসরাজের সম্পাদক ছিলেন প্রভাকরের লেখক ঈশ্বরচন্দ্রের সাহিত্যসুহৃদ গৌরীশঙ্কর ভট্টাচার্য্য। ভাস্করেরও ৩য় বর্ষে তিনিই সম্পাদকীয় ভার গ্রহণ করেন; কিন্তু ভাস্করের ১ম সম্পাদক ছিলেন শ্রীনাথ রায়।

১৮৩৯ সনের শেষ সপ্তাহে ভাস্কর পত্রে আন্দুলের রাজা রাজনারায়ণ সম্বন্ধে একটী প্রবন্ধ প্রকাশিত হইলে রাজা রাজনারায়ণ সম্পাদক শ্রীনাথ রায়কে ধৃত করিবার জন্য বিশ পঁচিশ জন হিন্দুস্থানী লোক নিযুক্ত করেন। ১৮৪০ সনের ১৩ই জানুয়ারী প্রাতঃকালে শ্রীনাথ রায় পটলডাঙ্গার রাস্তার মধ্যে গাড়ীতে উঠিতে যাইবেন এমন সময় রাজার ঐ হিন্দুস্থানী লোকেরা তাঁহাকে ধরিয়া ফেলে, অপমান করে, এবং শেষে মুখবন্ধ করিয়া আন্দুলে লইয়া গিয়া তাহার শরীরে জল-বিছুটী লাগাইয়া ও নানা-রূপে অত্যন্ত যন্ত্রণা প্রদান করে। এদিকে সম্পাদকের পক্ষে রাজার নামে ওয়ারেণ্ট বাহির করাইয়া তাহাকে ধৃত করাইতে চেষ্টা করিলে তিনি হাজির হইয়া জামিনে মুক্ত হইতে চাহিলেন। তাহাকে মুক্তি দেওয়া হইল না। সম্পাদকেরও কোন উদ্দেশ পাওয়া গেল না।

২০শে মার্চ্চ সম্পাদককে আদালতে হাজির করা হইল। রাজাও হাজার টাকা জরিমানা দিয়া মুক্তি লাভ করিলেন। সম্পাদক শ্রীনাথ রায়ের ইহার পর আর ভাস্করের সম্পাদকীয় আসনে উপবেশন করিবার সখ রহিল না। (Englishman 17th & 21st march 1840)

শ্রীনাথ করকে আন্দুলের রাজা ধরাইয়া নিয়া আটক করিয়া রাখিলে "ভাস্করের" পরিচালকগণ "রসরাজ" সম্পাদক ভট্টাচার্য্যকেই "ভাস্করের" সম্পাদক নিযুক্ত করেন। তিনি তাঁহার মৃত্যুর পূর্ব্ব সময় পর্য্যন্ত (১২৬৪ সালের অগ্রহায়ণ) ভাস্করের সেবায় নিযুক্ত থাকিয়া সাহিত্য চর্চ্চা করিয়া গিয়াছেন।

গৌরীশঙ্কর অত্যন্ত ঝগরাটে লোক ছিলেন। তিনি "ভাস্করের" সম্পাদকীয় ভার লইতে না লইতেই এক বিপদে পড়িলেন। কাশিম বাজারের মহারাজা কৃষ্ণনাথ রায় ও তাঁহার পত্নী রাণী স্বর্ণময়ীর পক্ষে তাঁহার বিরুদ্ধে এক অভিযোগ উপস্থিত হইল। সারজন পিটার গ্রাণ্ট এই অভিযোগের বিচার করিয়াছিলেন। বিচারে আসামী গৌরীশঙ্কর দোষী প্রতিপন্ন হইয়া ৬মাসের জন্য কারাদণ্ড ভোগ করিতে ও পাঁচশত টাকা জরিমানা দিতে বাধ্য হন। এতদ্ব্যতীত মহারাজের বিরুদ্ধে কিছু লিখিবেন না বলিয়া তাঁহাকে এক হাজার টাকার জামিন দিতেও হইয়াছিল। এই মোকদ্দমা চলিত থাকা কালেই রাজা নরসিংহ রায়ও গৌরীশঙ্করের নামে ঐ আদালতেই আর একটি অভিযোগ আনয়ন করেন।

প্রথমোক্ত দণ্ডের কাল শেষ হইলে এই অভিযোগ গৃহীত হইবে বলিয়া অবধারিত হয়। (Bengal Herald 1843, 14 January) এই দ্বিতীয় অভিযোগের ফল কি হইয়াছিল, আমরা তাহা অবগত হইতে পারি নাই।

গৌরীশঙ্করেরও এক দল চেলা ছিল। তাঁহার কারাবাসের সময় তাঁহার সাহিত্য-শিষ্যেরাই "রসরাজ" পরিচালন করিয়াছিলেন, তাঁহাদের একজনের নাম কালীকান্ত গঙ্গোপাধ্যায়।

সংবাদ প্রভাকরের সহিত লড়াই করিবার জন্যই গৌরী শঙ্কর রসরাজ বাহির করিয়াছিলেন। রসরাজের রস ভদ্রলোকের উপভোগ্য ছিল না। লোকের অযথা নিন্দা ও অশ্লীল খেউর প্রচারই ছিল রসরাজেরকর্ম্ম।

ভাস্করে প্রথমে বেশ সুরুচিসঙ্গত প্রবন্ধ প্রকাশিত হইত। "রসরাজের" সহিত "প্রভাকরের" সাহিত্যিক দ্বন্দ্ব বাঁধিয়া গেলে "প্রভাকর"-"ভাস্কর" উভয়ই পঙ্কে নিমগ্ন হইতে থাকেন। তখনকার এই সকল রচনা পাঠ করিয়া ইংরেজী শিক্ষিত বাবুরা নাসিকাকুঞ্চিত করত বাঙ্গালা রচনা অপাঠ্য বলিয়া পরিত্যাগ করিতেন।

এই সাহিত্যিক দ্বন্দ্বে "প্রভাকর" পঙ্কে নিমগ্ন হইতেছে বুঝিয়া, গুপ্তকবি রসরাজের সহিত দ্বন্দ্ব পাকাইয়া তুলিবার জন্য "পাষণ্ড পীড়ন" নামে আর একখানা অভিনব পত্রিকা বাহির করেন। তখন 'রসরাজ' ও 'পাষণ্ড-পীড়নে' যে উত্তর-প্রত্যুত্তর লিখিত হইত, তাহার উল্লেখ করিয়া সেকালের একজন সুধী পাঠক লিখিয়াছেন—"সে অভদ্র অশ্লীল ব্রীড়াজনক উক্তি-প্রত্যুক্তির বিষয় স্মরণ করিলে এখনও লজ্জা হয়। ইহাতে বঙ্গসাহিত্য জগতে এরূপ অশ্লীলতার স্রোত বহিয়াছিল যাহার অনুরূপ নিকৃষ্ট রুচি আর কোনও দেশের ইতিবৃত্তে দেখা যায় না।"

"রসরাজ" ও "পাষণ্ডপীড়ন" সম্মুখ সংগ্রামে অবতীর্ণ হইলে "প্রভাকর"ও "ভাস্কর"কে অশ্লীলতায় অধিক নিমজ্জিত হইতে দেখা যায় নাই!

গৌরীশঙ্কর অশ্লীলতা ও পরনিন্দা প্রচার করিয়া তাহার উপযুক্ত প্রতিফল ভোগ করিয়াছিলেন বটে, কিন্তু তিনি একজন যথার্থ পণ্ডিত লোক ছিলেন। প্রথম জীবনে তিনি রাজা রামমোহন রায়ের সাহায্য করিতেন, এবং "সংবাদ কৌমুদী"তে লিখিতেন। ঐ সময় তিনি "সতীদাহ নিবারণ" পক্ষে রাজার মতানুবর্ত্তী ছিলেন! গবর্ণমেণ্ট হাউসে সতীদাহ সম্পর্কে যে পণ্ডিত-সভা হইয়াছিল, তাহাতে গৌরীশঙ্কর তর্কবাগীশ জয়ী হন। সমাগত ইংরেজ মহিলারা তাঁহার হ্রস্ব আকৃতি দেখিয়া উপহাস করিলে, গবর্ণর জেনারেল বলিয়াছিলেন "যিনি স্ত্রীজাতির এত উপকারী ও সমর্থক তাঁহাকে উপহাস করা স্ত্রীজাতির পক্ষে অন্যায়।" সেই জয় লাভ ও উপহাসের পর হইতেই তিনি দেহের হ্রস্বতা হেতু গুড়্গুড়ে ভট্টাচার্য্য বলিয়া পরিচিত ছিলেন। ১২৬৪ সালের ২৪শে মাঘ গৌরীশঙ্করের মৃত্যু হয়; তাহার মৃত্যুর পর ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য ভাস্করের সম্পাদন ভার গ্রহণ করেন।

১৮৩৯ সনের জানুয়ারী হইতে বাঙ্গালা ভাষা গবর্ণমেণ্টের অনুগ্রহে রাজকীয় কার্য্যালয় সমূহে দ্বিতীয় ভাষারূপে গৃহীত হইলে, তাহা শিক্ষা করা প্রয়োজনীয় বলিয়া অল্পে অল্পে দেশীয় জনগণের মনে হইতে লাগিল।

সে সময়ে বাঙ্গালার পল্লীগ্রাম সমূহে দেশী ভাষা শিক্ষার অবস্থা যে কিরূপ শোচনীয় ছিল তাহা উইলিয়ম এডামের রিপোর্ট পাঠ করিলেই সকলে জানিতে পারিবেন।

সুদূর মফঃস্বলে সে সময় বঙ্গভাষা শিক্ষার ব্যবস্থা প্রবেশ না করিলেও রাজধানীতে ও তৎনিকটবর্ত্তী স্থানসমূহে এবং মিসনরিদিগের অবস্থিতিস্থান সমূহে তাঁহাদিগের চেষ্টায় লোকে বাঙ্গালা শিখিতে ও বাইবেলের মুদ্রিত উপদেশ পাঠ করিতে অভ্যস্ত হইয়াছিল। এবং তাহারই ফলে কলিকাতার এই রাশি রাশি বাঙ্গালা পত্রিকারও দুই এক খানা সেই সেই স্থানে গৃহীত ও পঠিত হইত।

এই সমস্ত পাঠক উচ্চশ্রেণীর শিক্ষিত লোক ছিল না। তাহার কারণ উচ্চশিক্ষিত ইংরেজী নবীশেরা তখন বাঙ্গালা ভাষা পড়িত না; সে ভাষায় যে পাঠ করিবার ও জানিবার কিছু আছে, তাহা বিশ্বাস করিত না।

এই সময় বঙ্গীয় সমাজের রুচি কবির টপ্পা ও খেয়ালের উপরই আবদ্ধ ছিল। অশ্লীল গালাগালি, কবির লড়াই, চুটকী, খেউর—সাধারণের পাঠের ও উপভোগের সামগ্রী ছিল। সমাজের এইরূপ অবস্থায় কিরূপ ভাবে পত্রিকা চালাইলে অধিকাংশ লোকে পয়সা দিয়া ক্রয় করিয়া পত্রিকা পড়িবে এবং তাহাতে পত্রিকারও পরমায়ু বৃদ্ধি হইবে ইহা যিনি না বুঝিয়া পত্রিকা চালাইতে অগ্রসর হইয়াছেন—পৈত্রিক অর্থের জোর না থাকিলে তিনি পত্রিকা চালাইয়া কৃতকার্য্য হইতে পারেন নাই। এই জন্য "প্রভাকর" ও "ভাস্করের" পূর্ব্বে যতগুলি পত্রিকা বাহির হইয়াছিল তাহার মধ্যে মিসনারিদিগের "সমাচার দর্পণ" রাজা রামমোহন রায়ের "সংবাদ কৌমুদী" ও রাজা রাধাকান্ত দেবের "সমাচার চন্দ্রিকা" ব্যতীত কোন পত্রই দীর্ঘজীবী হয় নাই। ঈশ্বর গুপ্ত ও তদীয় বন্ধু গৌরীশঙ্কর সমাজের অবস্থা ও রুচি প্রত্যক্ষ করিয়াই "প্রভাকর" ও "ভাস্কর," "রসরাজ" ও "পাষণ্ডপীড়নকে" সেই সাময়িক রুচির স্রোতে ভাসাইয়া দিয়াছিলেন। এবং তাহাতেই বোধ হয়, তাঁহারা আমরণ তাঁহাদের পত্রিকাগুলিকে জীবিত রাখিয়া যাইতে পারিয়াছিলেন; সঙ্গতিও কিছু কিছু করিয়া গিয়াছিলেন।

প্রভাকর ও ভাস্কর প্রভৃতি পত্রিকা যে কেবল অশ্লীল ও কুরুচিপূর্ণ থাকিত তাহা নহে। এই উভয় পত্রে অনেক সম্ভ্রান্ত লোক লেখক ছিলেন—ইঁহাদের সকলের লেখাই যে কুরুচিপূর্ণ ছিল তাহাও নহে। এই পত্রিকাগুলিতে এবং সেকালের অন্যান্য পত্রিকায় উচ্চ নীতিকথাও যথেষ্ট থাকিত—তথাপি সেকালের শিক্ষিত লোক ও ইয়ংবেঙ্গলের দল বাঙ্গালা পত্রিকা অপাঠ্য বলিয়া ত্যাগ করিতেন। বাঙ্গালা "বুলি" মুখে আনা অসভ্যতা মনে করিতেন। তাহার কারণ সেকালের আদর্শ।

১৮১৭ অব্দের ২০শে জানুয়ারী হিন্দু কালেজ স্থাপিত হয়। হিন্দু কালেজ স্থাপিত হইলেই সম্ভ্রান্ত লোকেরা তাঁহাদিগের ছেলেদিগকে ইংরাজি শিক্ষা করাইতে আরম্ভ করেন। এই শিক্ষার ফল সেকালে এই হইয়া ছিল যে, যুবকেরা যাহা কিছু ইংরেজের আচরণীয় তাহাই আদর্শ বলিয়া গ্রহণ করিল। ইংরেজী কায়দায় চলা, ইংরেজী কায়দায় বলা, ইংরেজী ধরণে স্নান, ইংরেজী সুরে গান, ইংরেজের মত চাওয়া এবং টেবিলে বসিয়া খানা খাওয়া—এমন কি স্কুল কামাই করিয়া মদ্য পান করাও যুবকেরা সভ্যতার লক্ষণ বলিয়া অভ্যাস করিল।

স্বর্গীয় রাজনারায়ণ বসু ছিলেন সেই যুগের এক জন "এজু"। তিনি তাঁহার আত্মচরিতে লিখিয়াছেন—"তখন হিন্দু কালেজের ছাত্রেরা মনে করিতেন যে মদ্য পান করা সভ্যতার চিহ্ন, উহাতে দোষ নাই। * * আমি, ঈশ্বর ঘোষাল, প্রসন্নকুমার সেন এবং নন্দলাল মিত্র প্রভৃতির সহিত কালেজের গোল দিঘীতে মদ খাইতাম, এবং এখন যেখানে সেনেট হাউস হইয়াছে, সেখানে কতকগুলি শিক কাবাবের দোকান ছিল, তথা হইতে গোল দিঘীর রেল টপকাইয়া (ফটক দিয়া বাহির হইবার বিলম্ব সহিত না) উক্ত কাবার কিনিয়া আনিয়া আহার করিতাম। আমিও আমার সহচরেরা এইরূপ মাংস ও জলস্পর্শ শূন্য ব্রাণ্ডি খাওয়া সভ্যতা ও সমাজ সংস্কারের পরাকাষ্ঠা প্রদর্শন কার্য্য মনে করিতাম।"

এই সময় বসু মহাশয়ের বয়স ছিল পনর, ষোল বৎসর মাত্র। এই বয়সে তিনি পাছে অপরিমিত মদ্যপায়ী হইয়া উঠেন, সেই জন্য রাজনারায়ণ বাবুর পিতা তাঁহাকে নিজের সঙ্গে লইয়া বসিয়া নির্দ্দিষ্ট মাত্রায় মদ্য পান করিতেন।

স্বর্গীয় কার্ত্তিকেয় চন্দ্ররায়ও সেকালের লোক ছিলেন। তিনিও তাঁহার আত্মজীবনীতে লিখিয়াছেন, "আমাদের দেশে বহুকাল হইতে সুরা পান বিশেষ দোষকর ও পাপজনক বলিয়া কীর্ত্তিত হইয়াছে এবং মদ্য স্পর্শ করিলে শরীর অপবিত্র হয়, এইরূপ বিশ্বাস ও দেশস্থ লোকের মনে জন্মিয়াছে। কিন্তু আমাদের মনে এই স্থির হইল যে, যখন এমন বুদ্ধিমান বিদ্বান ও সভ্য জাতীয়েরা ইহা আদর পূর্ব্বক ব্যবহার করিতেছেন, তখন ইহা অহিতজনক কখনই নহে। অতএব ইহা পান না করিলে সভ্যতাই বা কি রূপে হইবে, আর কুসংস্কারই বা কিরূপে যাইবে?"

ইংরেজের আচরণ অনুকরণ করাই তখনকার

সভ্যতার লক্ষণ ছিল। তাই সে কালের যুবকগণ দেশীয় প্রথা, দেশীয় ভাব, দেশীয় ধর্ম্ম, দেশীয় ভাষা—এমন কি পিতা মাতা আত্মীয় স্বগণকে দেশীয় ডাকা পর্য্যন্ত অসভ্যতা মনে করিতেন না।

এই রকম যখন দেশীয় যুবকগণের মনে সংস্কার দাঁড়াইয়াছিল; ঠিক সেই সময়ে ব্যবস্থা সচিব মেকলে সাহেব তাঁহার শিক্ষা সম্বন্ধীয় মন্তব্যে প্রচার করিলেন—

That a single shelf of a good European library was worth the whole native literature of India and Arabia.

মেকলের এই উক্তির আলোচনা করিতে যাইয়া পণ্ডিত শিবনাথ শাস্ত্রী মহাশয় লিখিয়াছেন—

"বলা বাহুল্য কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, রসিককৃষ্ণ মল্লিক, রামগোপাল ঘোষ, তারাচাঁদ চক্রবর্ত্তী, শিবচন্দ্র দেব, প্যারীচাঁদ মিত্র, রামতনু লাহিড়ী প্রভৃতি হিন্দু-কালেজ হইতে নবোত্তীর্ণ যুবকদল সর্ব্বান্তঃকরণে মেকলের শিষ্যত্ব গ্রহণ করিলেন। তাঁহারা যে কেবল ইংরেজী শিক্ষার পক্ষপাতী হইয়া সর্ব্বত্র ইংরেজী শিক্ষা প্রচলনের চেষ্টা করিতে লাগিলেন তাহা নহে, তাহারাও মেকলের ধুয়া ধরিলেন বলিতে লাগিলেন যে, এক সেলফ্ ইংরেজী গ্রন্থে যে জ্ঞানের কথা আছে, সমগ্র ভারতবর্ষ বা আরব দেশের সাহিত্যে তাহা নাই। তদবধি ইহাদের দল হইতে কালিদাস সরিয়া পড়িলেন,. সেকস্পিয়ার সে স্থানে প্রতিষ্ঠিত হইলেন; মহাভারত, রামায়ণাদির নীতির উপদেশ অধঃকৃত হইয়া Edgeworth's Tales সেই স্থানে আসিল। বাইবেলের সমক্ষে বেদ-বেদান্ত গীতা প্রভৃতি দাঁড়াইতে পারিল না।"

কেবল যে সেকালের ইংরেজী-শিক্ষিত হিন্দু কালেজের যুবকেরাই এইরূপ চাল অবলম্বন করিলেন, তাহা নহে, সংস্কৃত কালেজের পড়ুয়ারাও সময়ের গুণে দেশীয় ভাব বিসর্জ্জন দিতে আরম্ভ করিয়াছিলেন। দৃষ্টান্ত স্বরূপ পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার মহাশয়ের কথাই উল্লেখ করিতেছি। তিনি তখন সংস্কৃত কালেজে পড়িতেন, কিন্তু কোটপেন্ট্লন না পড়িয়া কোথাও যাইতেন না। স্বর্গীয় রাজনারায়ণ বসু মহাশয় তাঁহার এই সময়ের মালদহ ভ্রমণ কাহিনী বর্ণনায় লিখিয়াছেন—"এক হস্তীর উপর রামগোপাল বাবু ও ডাক্তার সাহেব এবং অন্যান্য হস্তীর উপর আমরা সকলে চলিলাম। তর্কালঙ্কার মহাশয় একটী হস্তীতে উপবিষ্ট ছিলেন—কোট ও পেন্ট্লন পরা, হাতে বন্দুক, কিন্তু মাথায় টিকি ফর ফর করিয়া বাতাসে উড়িতেছে! দৃশ্যটী দেখিতে অতি মনোহর হইয়াছিল। (রাজনারায়ণ বসুর আত্মচরিত ৩৭ পৃষ্ঠা)।

বাঙ্গালার নবীন উদীয়মান যুবক দলের যখন মনের ভাব এইরূপ দাঁড়াইয়াছিল, তখন অপুষ্ট, অব্যক্ত ভাষায় লিখিত সেকালের বাঙ্গালা পত্রিকা—বিশেষতঃ প্রভাকর, ভাস্কর, রসরাজ ও পাষণ্ডদলনের খেউর কাব্যি যে তাহাদিগের ঘৃণার সামগ্রী হইবে তাহার কি আর কথা আছে?

ইহাদের সকলেই যে দেশীয় ভাষাকে ঘৃণা করিতেন ও ঘৃণার চক্ষে দেখিতেন, তাহা নহে। কাহারও কাহারও প্রাণে স্বদেশ হিতৈষণার ভাবও বিলক্ষণ ছিল। বাবু রামগোপাল ঘোষ ছিলেন তাহার মধ্যে একজন। ইনি ও বাবু রসিক কৃষ্ণমল্লিক, প্যারীচাঁদ মিত্র, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় প্রভৃতি কয়েক জনে মিলিত হইয়া দেশী ভাষায় জ্ঞান সংগ্রহ ও দেশী সাহিত্যকে উন্নত করিতে "জ্ঞানান্বেষণ" নামে এক খানা পত্রিকা বাহির করিতে আরম্ভ করেন। ইহারা কেহই বাঙ্গালা লিখিতে পারিতেন না সুতরাং "জ্ঞানান্বেষণ" ইংরেজী বাঙ্গালার দ্বিভাষিক রূপেই চলিতে লাগিল। "জ্ঞানান্বেষণের" নাম আমরা ইতঃপূর্ব্বে উল্লেখ করিয়া আসিয়াছি। ১৮৩১ সনে বাহির হইয়া "জ্ঞানেন্বেষণ" ১২। ১৩ বৎসর চলিয়াছিল।

"জ্ঞানান্বেষণ" উঠিয়া গেলে ইহারাই Bengal Spectator বাহির করেন; এখানাও ইঙ্গ-বঙ্গ দ্বিভাষিক ছিল। এই ইঙ্গ-বঙ্গ দল বাবু রসিককৃষ্ণ মল্লিকের বাগান বাটীতে সাহিত্য সম্মিলনী সভা করিয়া মাতৃ ভাষার চর্চ্চা করিতে আরম্ভ করিলে হিন্দু কালেজের অপর ছাত্র রসিক কৃষ্ণ "জ্ঞানসিন্ধুতরঙ্গ" হিন্দুকালেজের আর কতিপয় যুবক "সর্ব্বরস রঞ্জিনী," ও হিন্দুকালেজের

পণ্ডিত জ্ঞানচন্দ্র মিত্র 'জ্ঞানোদয় পত্রিকা' বাহির করিয়া বাঙ্গালা ভাষার চর্চ্চা করিতে অপরাপর ছাত্রদিগকে আহ্বান করেন। ইহার কিছু কাল পরে হিন্দু কালেজের ছাত্র সীতানাথ ঘোষ ও "জগদ্বন্ধু" পত্রিকা বাহির করিয়া ছিলেন, তাহা আমরা যথা স্থানে উল্লেখ করিব।

মোট কথা, বাঙ্গালার উচ্চ শিক্ষিত লোকদিগের অনেকেরই বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা পত্রিকার প্রতি ঘৃণার ভাব ছিল। ঐ ভাব "তত্ত্ববোধিনী" পত্রিকার প্রচারের পরে অনেকটা মন্দীভূত হইতে থাকে।

"সংবাদ ভাস্কর" ও "তত্ত্ববোধিনী পত্রিকার" প্রচার-কালের মধ্যে উপর্য্যুক্ত Bengal Spectator, জ্ঞান-সিন্ধুতরঙ্গ, "সর্ব্বরস রঙ্গিনী" ও "জ্ঞানোদয়" ব্যতীত ভবানী চট্টোপাধ্যায়ের "জ্ঞানদীপিকা" শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায়ের "ভারতবন্ধু", নীলকমল দাসের "ভৃঙ্গদূত", অক্ষয়কুমার দত্তের 'বিদ্যাদর্শন', শ্রীনারায়ণ রায়ের "অয়নবাদ দর্শন" প্রভৃতি আরও কয়েকখানা সাময়িক পত্রিকা জলবুদ্বুদের ন্যায় উদ্ভূত হইয়া লয় পাইয়া যায়। অতঃপর "তত্ত্ববোধিনী পত্রিকার" আবির্ভাবে বঙ্গ সাহিত্যে নূতনযুগ প্রবর্ত্তিত হয়।

রামগোপাল ঘোষ প্রভৃতি উচ্চ শিক্ষিত দেশহিতৈষী ব্যক্তিগণ দেশীভাষাকে ঘৃণা না করিলেও দেশীয় পত্রিকার অপরিপুষ্ট ভাষা পছন্দ করিতেন না। কিন্তু অক্ষয়কুমার দত্ত সম্পাদিত তত্ত্ববোধিনী যখন দেখা দিল, তখন এই সকল লোক তাহার ভাষা পাঠ করিয়া উৎফুল্ল হইয়া উঠিলেন। রামগোপাল ঘোষ একদিন রামতনু লাহিড়ীকে তত্ত্ববোধিনীতে প্রকাশিত একটী প্রবন্ধ দেখাইয়া বলিয়াছিলেন—রামতনু! রামতনু! বাঙ্গালা ভাষায় গভীর ভাবের রচনা দেখেছ? এই দেখ।" *

* রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ। ২০০ পৃঃ।

"তত্ত্ববোধিনী পত্রিকা" বাহির হইলে অনেক উচ্চ শিক্ষিত যুবক বুঝিয়াছিলেন যে বাঙ্গালা ভাষাতেও গভীর ভাব প্রকাশ করা যায় এবং তাহারও একটা শক্তি আছে। কিন্তু তথাপি তাঁহারা তাহার চর্চ্চায় অধিক অগ্রসর হইলেন না; বরং ইংরাজী ভাষায় প্রবন্ধ লিখিতেই অধিকতর মনোযোগ প্রদান করিলেন। তাহার কারণ, বাঙ্গালা প্রবন্ধ ইংরেজেরা পড়িতেন না, ইংরেজী প্রবন্ধ তাঁহারা পড়িতেন এবং উৎকৃষ্ট প্রবন্ধ হইলে—লেখককে প্রচুর সম্মানিতও করিতেন। এইরূপ প্রলোভনের কএকটা কারণও তখন ঘটিয়াছিল, তাহার মধ্যে একটী বাবু কিশোরীচাঁদ মিত্রের ডিপুটী মাজিষ্ট্রেটের পদ প্রাপ্তি।

হিন্দুকালেজের 'এজু'দিগের মধ্যে কিশোরীচাঁদ ছিলেন একজন। তিনি ১৮৪২ অব্দের "কলিকাতা রিভিউ" পত্রিকায় "রাজা রামমোহন রায়" শীর্ষক এক প্রবন্ধ লিখিয়াছিলেন। এই প্রবন্ধটী পাঠ করিয়া বেঙ্গল গবর্ণমেণ্টের সেক্রেটারী হেলিডে সাহেব (পরে বঙ্গের ছোটলাট হইয়াছিলেন) কিশোরীচাঁদকে ডাকাইয়া নাটোরের ডেপুটী মাজিষ্ট্রেটের পদ প্রদান করেন। এইরূপ ভাবী প্রলোভনে সেকালের "এজু"র দল প্রায় সকলেই ইংরেজী রচনার দিকে অধিকতর নিবিষ্টভাবে মনঃসংযোগ করিয়াছিলেন, এবং তাঁহাদের অনেকেই উচ্চপদ লাভে কৃতকার্য্য হইয়াছিলেন। যাঁহারা কোন চাকুরীর প্রত্যাশী ছিলেন না তাহারও সম্মান লাভের জন্য ইংরেজী লিখিয়া ইংরেজের দৃষ্টি আকর্ষণ করিতে লাগিলেন। বাবু দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় উপনিষদের ইংরেজী অনুবাদ করিতে লাগিলেন; রাজনারায়ণ বসু তাঁহার অনুসরণ করিলেন, মধুসূদন দত্ত ইংরেজী কবিতা লিখিতেছিলেন, এইবার "Captive Lady" লিখিতে আরম্ভ করিলেন; এই পরিবারের গোবিন্দ দত্ত "Cherry Blossom" ও শশী দত্ত "Vision of Sumeru" লিখিয়াছিলেন, তারাচাঁদ চক্রবর্ত্তী মনুসংহিতার ইংরেজী অনুবাদ করিতে লাগিলেন, প্যারীচাঁদ মিত্র "কলিকাতা রিভিউ" পত্রে, রাজেন্দ্রলাল মিত্র এসিয়াটীক সোসাইটীর জার্ণেলে ইংরেজী প্রবন্ধ লিখিতে লাগিলেন। ভোলানাথ চন্দ, রাজেন্দ্র দত্ত, জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর, কৃষ্ণমোহন বানার্জ্জি—সকলেই ইংরেজী লিখিতে লাগিলেন।

"তত্ত্ববোধিনীর" প্রচারের পর যখন ইহাদের ও কেহ কেহ অল্পে অল্পে আসিয়া বঙ্গসাহিত্যের চর্চ্চা

করিতে আরম্ভ করিলেন এবং সঙ্গে সঙ্গে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার, ভূদেব মুখোপাধ্যায়, দেবেন্দ্রনাথ ঠাকুর, প্যারীচরণ সরকার প্রভৃতি বাঙ্গালা সাহিত্যের সেবায় আত্মনিয়োগ করিলেন, তখন বাঙ্গলাসাহিত্যের সে দুর্দ্দিন ক্রমেই অপসৃত হইতে লাগিল।

ব্রাহ্ম সমাজ হইতে তত্ত্ববোধিনী বাহির হইলে হিন্দু সমাজে আন্দোলন উপস্থিত হয়। হিন্দুদিগের সভা সমিতিগুলি হইতে "নিত্যধর্ম্মানুরঞ্জিকা" "ধর্ম্মরাজ" "হিন্দুধর্ম্ম চন্দ্রোদয়" "হিন্দুবন্ধু" প্রভৃতি পত্র বাহির হইতে থাকে। এই সকল পত্রিকায় ব্রাহ্মসমাজ ও খ্রীষ্টসমাজ উভয় সমাজের বিরুদ্ধে প্রবন্ধ বাহির হইতে থাকে, তখন খ্রীষ্টান মিশনারিদের পক্ষ হইতে রেভারেণ্ড ডব্লিউস্মিথ "সত্যার্ণব," এম টাউনসেণ্ডের সত্যপ্রদীপ; রেভারেণ্ড জে ওয়েঙ্গারের "উপদেশক" "ইবেঞ্জিলিষ্ট" প্রভৃতি পত্রিকা বাহির করিয়া খ্রীষ্টীয়ধর্ম্মের প্রাধান্য ঘোষণা করিতে থাকেন। মুশলমান সাহিত্যিকগণও বসিয়া রহিলেন না, তাহারা মৌলবী রজবালীকে সম্পাদক করিয়া "জগদ্দীপক ভাস্কর" বাহির করিলেন। হিন্দু, মুসলমান, ব্রাহ্ম, খ্রীষ্টান, সমস্ত সমাজই যখন স্ব স্ব চিন্তা ও ভাব বঙ্গভাষার সাহায্যে প্রকাশ করিতে অগ্রসর হইলেন, তখন বাঙ্গালা সাহিত্য অল্পে অল্পে ভাবপ্রকাশক হইয়া শক্তিশালী হইতে লাগিল।

এই দলাদলির সময়ই "পাষণ্ডপীড়ন, দুর্জ্জনদমন, মহানবমী, কাব্যরত্নাকর, ভৈরবদণ্ড, আক্কেল গুড়ুম, রসমুদ্গর, রসসাগর প্রভৃতি আরও কতকগুলি অভিনব পত্রিকা জন্মগ্রহণ করিয়া সমুদ্রবন্ধনে কাষ্ঠ বিড়ালীর সাহায্যের ন্যায় বঙ্গভাষার সাহায্য করিয়াছিল।

আধুনিক সুধীলেখকগণ আমাদের শেষোল্লিখিত পত্রিকাগুলিকে অত্যন্ত ঘৃণাচক্ষে দর্শন করিয়াথাকেন। বাস্তবিক "প্রভাকর" "ভাস্কর" "রসরাজের" ন্যায় এগুলিরও অসংযত ও অশ্রাব্য ভাষা বাঙ্গালার নৈতিক বায়ুকে প্রচুর পরিমাণে দূষীত করিয়া ফেলিয়াছিল এবং শিক্ষিত সমাজের চক্ষে বাঙ্গালা পত্রিকাগুলিকে হেয় ও অশ্রদ্ধেয় করিয়া রাখিয়াছিল। কিন্তু প্রকৃত প্রস্তাবে এই সকল অশ্লীল ও অশ্রাব্য লেখাদ্বারাও ভাষা ও সাহিত্যের পূর্ণতাপ্রাপ্তির পক্ষে কোন সাহায্য হয় নাই।

অশ্লীল ও অশ্রাব্য কথাকেও ভাষার সাহায্যে প্রকাশ করিতে ভাব প্রকাশের উপযোগী শব্দ সম্ভারের প্রয়োজন। শব্দ সমূহের মনোরম যোজনা সাহিত্যিক কলা কৌশল সাপেক্ষ। ঐ রূপ লেখা সমাজের অহিতকর হইলেও কোন নবীন সাহিত্যের পুষ্টি বিধানের পক্ষে তাহা যথেষ্ট সাহায্যকারী। ভারতচন্দ্রের "বিদ্যাসুন্দর" ও মদনমোহনের "বাসবদত্তাকে" নিতান্ত আবর্জ্জনার জিনিষ বলিয়া উপেক্ষা করিলে চলিবে না। সকল বিষয়ই দেশকাল পাত্র বিবেচনা করিয়া বিচার করিতে হইবে। আর মনে রাখিতে হইবে "সুদৃশ্য রোম নগরী একদিনে নির্ম্মিত হয় নাই।" বাঙ্গালার "বঙ্গদর্শন" ও বাঙ্গালা ভাষা রাজকীয় সনন্দ পাইবার সঙ্গে সঙ্গেই বাহির হয় নাই।

দলাদলি এবং খেউর চুটকীতেও সাহিত্য ভাব-প্রকাশক ও শক্তিশালী হয়; যে কোন জাতীর প্রাথমিক ভাষাও সাহিত্যের ইতিহাসে তাহার প্রমাণ বিদ্যমান। মুদ্রাযন্ত্র ও সাহিত্যপ্রচারের স্বাধীনতার ইতিহাস "অধ্যায়ে আমরা তৎসম্বন্ধীয় অনেক দৃষ্টান্তের উল্লেখ করিয়া আসিয়াছি। আধুনিক বঙ্গভাষা ও সাহিত্যের ইতিহাসেও তাহা সুস্পষ্ট প্রমাণিত হইতেছে।

হিন্দুধর্ম্মের প্রতি মিশনারীদিগের আক্রমণ হইতেই বাঙ্গালা সাময়িক সাহিত্যের সৃষ্টি, ব্রাহ্মসমাজের ও হিন্দুসমাজের দলাদলিতে তাহার পুষ্টি এবং ব্রাহ্মসমাজের আত্মকলহের পর সামাজিক দলাদলির শান্তি হইলে বাঙ্গালা সাময়িক সাহিত্যের প্রতিষ্ঠা হইয়াছিল।

এই সময়ে আরও নানা বিষয়ে অনেক রকম দলাদলি চলিয়াছিল; তাহাতেও কতকগুলি সাময়িক পত্রের সৃষ্টি হইয়াছিল। আন্দুল হইতে বাবু রাজনারায়ণ মিত্র "কায়স্থ কিরণ" নামে একখানা মাসিক পত্রিকা বাহির করেন। এই পত্রিকায় কায়স্থ সমাজের সংস্কার ও উন্নতির সম্বন্ধে অনেক প্রস্তাব থাকিত; কালীকান্ত ভট্টাচার্য্য নামক জনৈক ব্যক্তির নিকট এই সকল প্রবন্ধ

মনোমত না হওয়ায়, তিনি ১৮৪৮ সনে "মুক্তাবলী" নামে আর একখানা মাসিক পত্রিকা বাহির করিয়া "কায়স্থ কিরণে" প্রকাশিত প্রবন্ধ সমূহের প্রতিবাদ করেন।

১৮৪৯ খ্রীষ্টাব্দে বেথুন বালিকা বিদ্যালয় স্থাপিত হইলে স্ত্রীশিক্ষার আন্দোলন চরম সীমায় উঠিয়াছিল। রক্ষণশীল দলের প্রতিবাদে ও শ্লেষকারীদিগের বিদ্রূপ রচনায় সাময়িক সাহিত্য কোলাহলময় হইয়া উঠিয়াছিল। প্রভাকরে গুপ্তকবি বিদ্রূপ করিয়া লিখিয়াছিলেন:—

"যত ছুড়ীগুলো তুড়ি মেরে কেতাব হাতে নিচ্ছে যবে,
এ, বি, শিখে বিবি সেজে বিলাতি বুল কবেই কবে।
আর কিছু দিন থাকরে ভাই! পাবেই পাবে দেখতে পাবে.
আপন হাতে হাঁকিয়ে বগী, গড়ের মাঠে হাওয়া খাবে।"

এই কঠোর বিদ্রূপের প্রতিবাদ করিবার জন্য পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও মদনমোহন তর্কালঙ্কার ১৮৫০ সনে "সর্ব্বশুভকরী" নামে একখানা পত্রিকা বাহির করেন। এই পত্রিকার ভাষা তত্ত্ববোধিনী অপেক্ষাও উচ্চদরের হইয়াছিল কিন্তু দুঃখের বিষয় "সর্ব্বশুভকরি" সংবৎসর কালও জীবিত থাকিয়া সাহিত্যের সেবা করিতে পারে নাই। ইহার পর ১৮৫৬ সনে বিদ্যাসাগর মহাশয় বিধবা বিবাহের আন্দোলন উপস্থিত করিলেও কয়েকখানা পত্রিকার আবির্ভাব হইয়াছিল। এইরূপ সাময়িক উত্তেজনার ফলে সেকালে বিস্তর পত্রিকার উদ্ভব হইয়াছিল।

হিন্দু সমাজ, ব্রাহ্মসমাজ ও অপরাপর সমাজের দলাদলি চলিত থাকা কালে নিরপেক্ষ থাকিয়া যে কয়খানা সাময়িক পত্র পরিচালিত হইয়াছিল, ও প্রকৃত প্রস্তাবে শিক্ষণীয় বিষয় দ্বারা বঙ্গসমাজের তৃপ্তি বিধান করিয়াছিল, তাহার মধ্যে "বিবিধার্থ সন্দর্ভ" বিশেষ উল্লেখ যোগ্য। ১৮৫১ অব্দে বাবু রাজেন্দ্রলাল মিত্র এই মাসিক পত্রিকাখানা প্রচার করিতে আরম্ভ করেন। এই বিবিধার্থ সংগ্রহের চিতাভস্ম হইতেই ১৮৬২ অব্দে "রহস্য সন্দর্ভ" উদ্ভূত হয়।

ইতোমধ্যে ১৮৫৩ অব্দ হইতে গুপ্তকবি প্রভাকরের একটা মাসিক সংস্করণ প্রকাশ করিতে আরম্ভ করেন। এই প্রভাকরের প্রভায় ভবিষ্যৎ নবীন যুগের সাহিত্য প্রতিভার পূর্ব্বাভাষ উষার অরুণ কিরণের ন্যায় সমুদ্ভাসিত হইয়া উঠে। এই সময় বঙ্কিম, দীনবন্ধু, মনোমোহন, দ্বারকানাথ প্রভৃতি প্রভাকরের দপ্তরে বঙ্গসাহিত্যের শিক্ষানবীশরূপে অবতীর্ণ হন। এই দলে সর্ব্বাপেক্ষা প্রতিভাশালী ছিলেন কবি দ্বারকানাথ অধিকারী।

প্রভাকরে বঙ্কিম, দীনবন্ধু ও দ্বারকানাথের মধ্যে যে সাহিত্যিক প্রতিযোগিতা চলিয়াছিল, দ্বারকানাথ তাহাতে সর্ব্বপ্রথম পুরস্কার লাভ করে। কুণ্ডীর তৎকালীন সাহিত্যপ্রিয় ভূম্যধিকারী ৺ কাশীচন্দ্র রায় চৌধুরী এই পুরস্কার প্রদান করিয়াছিলেন।

হায়, দুর্ভাগ্য দ্বারকানাথ, তোমার নিকট পরাজিত বঙ্কিম ও দীনবন্ধুর "দুর্গেশনন্দিনী" ও "নীলদর্পণ" প্রকাশিত হইবার পূর্ব্বেই তাহাদিগের জন্য স্থান ছাড়িয়া দিয়া তুমি অমর ধামে চলিয়া গেলে!

১৮৫৪ সনে বঙ্গসাহিত্যের অন্যতম সুলেখক "আলালের ঘরের দুলাল" প্রণেতা প্যারীচাঁদ মিত্র ও রাধানাথ সিকদার মিলিত হইয়া মাসিক পত্রিকা নামে একখানা কাগজ বাহির করেন। ইহাই ছিল প্রথম স্ত্রীপাঠ্য মাসিক পত্রিকা। ইহার অন্যূন দশ বৎসর পরে ১৮৬৩ সনে বর্ত্তমান সময়ের জীবিত মহিলা পাঠ্য "বামাপত্রিকা বোধিনী" বাহির হইয়াছিল।

ইতোমধ্যে ১৮৫৫ সনে অদ্বৈতচরণ আঢ্য "সর্ব্বার্থ পূর্ণচন্দ্র" নামে একখানা মাসিক পত্র বাহির করেন। এই পত্রিকায় মুক্তারাম তর্কবাগীশ, জগমোহন তর্কালঙ্কার প্রভৃতি পণ্ডিতগণ লিখিতেন। কিছুদিন পরে ইঁহাদের আত্মকলহে পত্রিকাখানা বন্ধ হইয়া যায়। ১৮৬০ সনে জগমোহন তর্কালঙ্কার "বিজ্ঞানকৌমুদী" নামে আর একখানা পৃথক পত্রিকা বাহির করেন।

১৮৬৩ সনে স্বর্গীয় উমেশচন্দ্র দত্তের "বামাবোধিনী পত্রিকা" বাহির হইয়াছিল। ঐ সনেই কাঙ্গাল হরিনাথ মজুমদার নদীয়া জেলার অন্তর্গত কুমারখালী হইতে "গ্রামবার্ত্তা প্রকাশিকা" ও ১৮৬৪ সনে বাবু ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় চুচুড়া হইতে "শিক্ষাদর্পণ" মাসিক পত্র বাহির করেন। ভূদেবের "শিক্ষাদর্পণ" অধিক

দিন জীবিত থাকিতে পারে নাই, ইহা বাঙ্গালা সাহিত্যের দুর্ভাগ্যের বিষয়।

এই সময় (১৮৬৪ অব্দে) ব্রাহ্মসমাজে প্রাথমিক গোলযোগের সৃষ্টি হইলে ব্রহ্মানন্দ কেশবচন্দ্রের উদার মতাবলম্বী দল মহর্ষি দেবেন্দ্রনাথের রক্ষণশীল সমাজ হইতে পৃথক হইয়া গিয়া ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ গঠন করেন এবং সেই সমাজ হইতে "ধর্ম্মতত্ত্ব" প্রচার করিতে আরম্ভ করেন। এই ধর্ম্মতত্ত্ব আজও জীবিত থাকিয়া বাঙ্গালা সাহিত্যের সেবা করিতেছে।

অতঃপর ১৮৬৭ সনে "নবপ্রবন্ধ" ও "অবোধবন্ধু," ১৮৬৮ সনে "অবকাশবন্ধু", "হিতসাধক" ও জ্ঞানরত্ন এবং ১৮৬৯ সনে খ্রীষ্টান মিসনারিদিগের "জ্যোতিরিঙ্গণ" প্রভৃতি বাহির হয়। এ গুলির মধ্যে "সারদামঙ্গল" প্রণেতাকে কবি বিহারীলাল চক্রবর্ত্তী সম্পাদিত 'অবোধ-বন্ধু' ও প্যারীচরণ সরকারের "হিতসাধক" উল্লেখযোগ্য।

আমাদের উল্লেখিত মাসিক পত্রিকাগুলির বিস্তৃত বিবরণ আমরা পশ্চাতে প্রদান করিলাম কিন্তু দুঃখের বিষয় আমাদের আলোচিত সে কালের মাসিক পত্রিকা-গুলির মধ্যে মাত্র ৩ খানা পত্রিকা অদ্যাপি জীবিত থাকিয়া সাহিত্যের সেবা করিতে সমর্থ হইয়াছে। সে তিনখানার নাম (১) "তত্ত্ববোধিনী পত্রিকা" (২) "বামাবোধিনী পত্রিকা" ও (৩) "ধর্ম্মতত্ত্ব"। ১ম খানা ৭৯ বর্ষে, ২য় খানা ৫৩ বর্ষে ও তৃতীয়খানা ৫১ বর্ষে পদার্পণ করিয়াছে।

ইহার পর এক মধুর বসন্ত প্রভাতে নবীনযুগের আগমনের সাড়া পড়িয়া গেল। বঙ্গবাসী পুলকবিহ্বল চিত্তে শুনিতে পাইলেন—

আগামী ১২৭৯ সালের বৈশাখ হইতে "বঙ্গদর্শণ নামে একখানা মাসিক পত্র প্রকাশিত হইবে। সে পত্রের সম্পাদক হইবেন শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, লেখক হইবেন শ্রীযুক্ত দীনবন্ধু মিত্র, শ্রীযুক্ত হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত জগদীশনাথ রায়, শ্রীযুক্ত তারা-প্রসাদ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত কৃষ্ণকমল চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত রামদাস সেন, শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার প্রভৃতি।"

১২৭৮ সালের চৈত্রমাসে ভবানীপুরের মুদ্রাযন্ত্রে ব্রজমাধব বসু এই বিজ্ঞাপন প্রচার করিলেন। তখন "দুর্গেশ নন্দিনী" ও "নীলদর্পণ" বাঙ্গালা দেশ মাতাইয়া তুলিয়াছে—বাঙ্গালী বঙ্গদর্শণের সাদর সম্ভাষণের জন্য উৎফুল্ল চিত্তে প্রতীক্ষা করিতে লাগিলেন। সে নব-যুগের বার্ত্তা প্রদান করিতে যাইয়া আর আপনাদিগকে অধিকতর অধৈর্য্য করিয়া তুলিব না।

শ্রীকেদারনাথ মজুমদার।

প্রত্নতত্ত্ব-মাহাত্ম্য।

১। প্রত্নতত্ত্ব নব্য বাঙ্গলার এক অপূর্ব্ব সামগ্রী, নবযুগের এক অমূল্য দান। বাঙ্গলার প্রত্নতত্ত্ব দ্বিজিহ্বতার লীলানির্ঝর, সুতরাং এক জিহ্বায় তাহার মহিমমণ্ডিত মাহাত্ম্য কীর্ত্তন করা সম্পূর্ণ অসম্ভব। এক সম্প্রদায়ের পঞ্চমুখে যাহার অভিব্যক্তি ও পরিপুষ্টি, একমুখে তাহার গুণ ব্যাখ্যা কি কেহ করিতে পারে?

কতভাবে কতকাল ভূগর্ভে প্রোথিত থাকিয়া কখনও বা পুরাতন দীর্ঘি পুকুরের পঙ্কশয্যায় শায়িত থাকিয়া যে নিজের লিপিময় সত্তা পরবর্ত্তী ঐতিহাসিকদের সেবার জন্য সযত্নে রক্ষা করিয়া আসিতেছে সেটি কি যে সে পরার্থপর সে যে শক্তিধর, সে যে আদরের বস্তু! বর্ত্তমান প্রত্নতত্ত্ব বস্তুতঃই ভক্ত-বাঞ্ছা-কল্পতরু! বিবিধ ধাতুপ্রস্তর-খোদিত, অপরূপ বর্ণমালা শোভিত দেবতা কোন উপাসককেই একে বারে নিরাশ করেন না। অনুমানাতীত অতীতের বিলোপ কুক্ষিগত কঙ্কালে অতি অতি অতিতস্য অতিবৃদ্ধ পিতামহের শ্মশান ভস্মের স্বপ্নস্তূপে যে ভক্ত যে মূর্ত্তি প্রত্যক্ষ করিতে ইচ্ছা করেন, এই মহাশক্তি-সম্পন্ন দেবতা তাহার কাছে সেই কল্পিত কঙ্কাল ও ভস্মে রক্ত, মাংস, অস্থি, মজ্জা. জীবন যৌবন প্রভৃতি যোজনা করিয়া জীবন্ত ভাবে সেই মূর্ত্তিকে উপস্থাপিত করিতেছে। আজকাল বঙ্গ সাহিত্যের মন্দিরে এই দেবতার পূর্ণ আরাধনা, অখণ্ড আধিপত্য! সকাল সন্ধ্যায় সকলে ইহার পূজারতি করিয়া আপনাদিগকে কৃতার্থ ও গৌরবান্বিত মনে করিয়া থাকেন। আর সেই আরতির তুমুল শঙ্খ ঘণ্টা-রবে বাঙ্গলার দশদিক ধ্বনিত ও কম্পিত। যাহারা ইহার সেবায়েৎ বা পুরোহিত তাঁহারা এখন ধন্য, সফল-জন্মা!!

শুনিয়াছি পূর্ব্বকালে সত্যনারায়ণ ঠাকুরকে অবজ্ঞা করাতে তাঁহার নিষ্ঠুর নির্য্যাতনে একজন মাত্র সওদাগরের ঐশ্বর্য্যপূর্ণ সপ্তডিঙ্গা সাগরে ডুবিয়াছিল। আবার তাঁহার কৃপাবলে ধনৈশ্বর্য্যসহ সেই, বাণিজ্য-তরীগুলি ভাসিয়া উঠিয়াছিল কিন্তু বর্ত্তমান যুগে যাঁহারা এই প্রত্ন দেবতাকে আদর শ্রদ্ধা করিতে শিখে নাই, যোড়শো-পচারে অর্চ্চনা করিতে অনভ্যস্ত, সমাজে তাহাদের কিরূপ দুর্দ্দশা দুর্গতি উপস্থিত হইতেছে, ইহা বোধহয় কাহাকেও অঙ্গুলি দিয়া দেখাইয়া দিতে হইবে না। এই দেবতার প্রকোপে পড়িয়া কত ব্যক্তি ও কত জাতির, পূর্ব্ব গৌরবের সপ্তডিঙ্গা যে চিরবিনাশ সাগরের অতল জলে নিমজ্জিত হইয়া যাইতেছে, তাহার সংখ্যা ও সংবাদ কোনও পাঁচালী প্রবন্ধকার বা ঐতিহাসিক জন মণ্ডলীর নিকটে ধরিয়া দেখাইতেছে না। পক্ষান্তরে, ইহার অসামান্য কৃপায় বর্ত্তমান যুগের কত অজ্ঞাত-কুলশীল নূতন সওদাগর অযথা-রোপিত অপ্রকৃত অতুল পূর্ব্ব গৌরবের বিভব-পূর্ণ সহস্র ডিঙ্গা লইয়া সমাজ-বক্ষে ভাসিয়া উঠিতেছে না কি?

দিনকে রাত্রি ও রাত্রিকে দিন করিবার সামর্থ্য আছে বলিয়াইত বাঙ্গলা সাহিত্যের বেওয়ারিশ ভবনে এই সত্য নারায়ণ ঠাকুরের এত প্রভাব, এত প্রতিপত্তি এত সেবা, এত উপাসনা। শনিঠাকুরের বড় পীড়ির ব্যবস্থা কি সাধে হইয়াছে? এই প্রভুর মাহাত্ম্য পড়াইত এক বল্লালকে ভাঙ্গিয়া চুড়িয়া পাঁচের প্যাচে ফেলিবার চেষ্টা চলিতেছে। কত এক কালিদাসকে খণ্ডশঃ বিভক্ত শত কালিদাসের খর্ব্বমূর্ত্তি করিবার জন্য বিপুল আয়োজন হইতেছে। ইহার শক্তির কথা আর কি বলিব? সেদিনকার সাধক রামপ্রসাদের মাথার করাও পড়িতে বাকী রাখে নাই। তিন টুকরা করিবার জন্য সম্পূর্ণ অনুচিত উন্মাদপ্রসূত উদ্যোগ উৎসাহ পরিলক্ষিত হইতেছে নাকি? অধিকতর আশ্চর্য্যের বিষয় এই সুধু মানুষই যে ইহার দৌরাত্ম্যে দুর্দ্দশাগ্রস্থ, বা ইহার দয়ায় অভিনব সৌভাগ্যের অধিকারী হইতেছে তাহা নহে। নদী, নালা, খাল বিল, জেলা, মহকুমা এমনকি গোটা, পরগণা পর্য্যন্ত ইহার শুভাশুভ দৃষ্টি অতিক্রম করিতে সমর্থ হইতেছে না। এই দয়াময়ী দেবতার দারুণ অভিসম্পাতে সেদিন যে ঢাকার চিরবিশ্রুত শ্রীবিক্রমপুর স্থাবর জঙ্গম প্রাণী অপ্রাণী বন, উপবন জল স্থল সহ গৌড়ের নিকটস্থ হইতে বাধ্য হইল, ইহা বোধ হয় কেহ বিস্মৃত হন নাই।

কথায় বলে "দেবতা নষ্ট বাহনের দোষে"। প্রত্ন দেবতার ভাগ্যেও তাহাই ঘটিতেছে। অধিকাংশ বাহন বা সেবায়েৎই নিজ স্বার্থ-সিদ্ধির কামনায় মিথ্যা কপটতার পট্টবস্ত্র পরিধান করিয়া "বোধ হয়" "মনে করি," "অনুমিত হয়," "বুঝি" "সম্ভবতঃ" প্রভৃতি কতগুলা অর্থ গন্ধহীন অশুচি-শব্দ-প্রসূনে পূজা করিয়া ইহার দেবত্ব নষ্ট করিয়া ফেলিতেছে। প্রকৃত পক্ষেই প্রত্ন এখন পেত্নীর রূপধারণ করিয়া পুরাতন পরিবারের ছাড়া জমি গুলিতে এক বিষম ভৌতিক বিভীষিকার সৃষ্টি করিতেছে। বাঙ্গালা সাহিত্যের আঙ্গিনায় এখন এমন কয়টি মনুষ্যত্ব-সম্পন্ন ওঝা আছেন, যিনি বা যাহারা সত্য সত্যনিষ্ঠার উপরে দৃঢ়রূপে দাঁড়াইয়া পূর্ণ নির্ভীকতার সহিত প্রকৃত প্রমাণরূপ, রাম নাম উচ্চারণ করিয়া ইহার পেত্নীত্ব দূর করিতে আন্তরিক চেষ্টা করিতেছেন? যে জাতি বা পরিবারে ইহার সেবায়েৎ যত কম সেই জাতি বা পরিবারে ইহার উপদ্রব উৎপাত তত অধিক।

সত্য কথা বলিতে কি যাঁহারা ঘৃণাভয়ে ইহার সেবা হইতে দূরে সরিয়া দাঁড়াইতেছেন, আজ হউক কাল হউক, নিশ্চয়ই তাহাদের কীর্তিময় অতীত গৌরবময় পুরাতন বাস্তুভিটায় বাস করা কঠিন হইয়া দাঁড়াইবে।

অতীতবিভবসম্পন্ন বহু পুরাতন পরিবার নিজেদের পরিবার অতীত স্মৃতি রক্ষায় সম্পূর্ণ ঔদাসীন্য দেখাইতেছেন, যাহারা এক ভ্রান্ত ধারণার কোমল শয্যা শয়নে থাকিয়া এক অনুপম পূর্ব্ব গৌরব আবদ্ধে চক্ষু মুদ্রিত করিয়া সুখতৃপ্তির আরাধনা করিতেছেন। কিন্তু তাহারা এখনও বুঝিতে পারিতেছেন না, অগৌণে প্রতিকার পন্থা অবলম্বন না করিলে নিশ্চয়ই তাহাদিগকে চিরাধিকৃত রাজ সৌধ পরিত্যাগ করিয়া উপহাসাস্পদ "অতীত হীন তরুতল আশ্রয় করিতে বাধ্য হইতে হইবে। ভবিষ্যতের দিকেইবা অঙ্গুলি নির্দ্দেশ করি কেন? প্রত্ন তত্ত্বের কৃপায় কত উদাসীন কীর্ত্তি-সমুজ্জ্বল পরিবার বা বংশ নিজস্ব হইতে বঞ্চিত এবং কত ভূঁইফোড় ব্যক্তি বা পরিবার সেই সম্পদের অধিকারী হইতেছে। চক্ষুষ্মান ব্যক্তিরা কি ইহা দেখিতে পারিতেছেন না? যখন পারিবেন, তাঁহাদের ভবনে অসীম মান মর্য্যাদার রাশি লইয়া জাতীয় ইতিবৃত্তের সপ্তডিঙ্গা ভাসিয়া উঠিবে।

এখানে একটী কথা বলিয়া রাখি যাঁহারা বংশ বা পরিবারগত গৌরবময় বৃক্ষের শাখা প্রশাখার বিস্তৃতি পরিপুষ্টি ও কিসলয় কুসুমের সৌন্দর্য্য সম্ভার দেখিয়া আত্ম-তৃপ্তিতে ডুবিয়া থাকিতেছেন, তাঁহারা স্মরণ রাখিবেন যদি প্রত্ন-কুঠারাঘাতে মূল কর্ত্তিত হয়, তবে বৃক্ষের এই বৃদ্ধিপরিপুষ্টি কেহ শেষে সহস্র চেষ্টাতেও পূর্ব্বস্থানে উপস্থাপিত করিতে পারিবেন? কে না জানেন মূলের শক্তিতেই সর্ব্বত্র সকলের বিকাশ।

উপসংহারে আবারও বলি প্রত্নের—বর্ত্তমান প্রত্নের প্রভাব সকলেই স্মরণ রাখিবেন, প্রত্নতত্ত্বের শক্তি-সামর্থ্য ক্রমশঃই কিন্তু দুর্দ্ধর্ষ হইয়া উঠিতেছে। প্রত্নের কৃপায় যেমন এক ভাঙ্গিয়া অনেক, অনেক মিলিয়া এক হইতেছে তেমন আবার ইহারই ইঙ্গিতে ইহারই আদেশে রামের সম্পত্তি শ্যামের অধিকার-ভুক্ত হইতেছে, সুতরাং এই প্রকার অসামান্য শক্তিধর দেবতাকে অনাদর অবজ্ঞা করিতে নাই।

আজ প্রত্ন-মাহাত্ম্যের মুখবন্ধ মাত্র করিলাম। বারান্তরে দৃষ্টান্ত উল্লেখ করিয়া ইহার অপরূপত্ব প্রতিপাদন করিতে প্রয়াস পাইব।

শ্রীঅনুকূলচন্দ্র শাস্ত্রী।

প্রায়শ্চিত্ত

(গল্প)

চঞ্চল বিশালাক্ষির অচঞ্চল তীরে কণকপুর;—সেই কণকপুরে কমলাকান্ত একজন সম্পন্ন গৃহস্থ। কমলের ষোল বিঘা জমি, একখানা হাল, একজোড়া বলদ এবং একটী দুগ্ধবতী গাভী ছাড়া ঘাটে একটী ছোট নৌকাও বাঁধা ছিল। প্রতিদিন প্রত্যুষে কিছু পান্তা ভাত খাইয়া কাঁধে লাঙ্গল ফেলিয়া গোশালা হইতে একজোড়া বলদ লইয়া "টক্ টক্, দুর অ" করিতে করিতে উহাদিগকে হাঁকাইয়া সে মাঠে আসিয়া উপস্থিত হইত, এবং সূর্য্যদেব ঠিক মাথার উপর না উঠিলে বাড়ী ফিরিত না।

দ্বিপ্রহরে মুখখানা জবাফুল করিয়া ঘরে ফিরিয়া আসিলে গৃহিণী বলদগুলিকে গোঁয়ালে বাঁধিয়া স্বামীকে এক ছিলিম তামাক সাজিয়া দিত। তামাক খাওয়া শেষ করিয়া মাথায় একটু সরিষার তৈল ঘষিতে ঘষিতে কমল গামছা কাঁধে করিয়া নদীর ঘাটে আসিত এবং একবুক জলে নামিয়া 'মা গঙ্গা' বলিয়া একটা ডুব দিয়াই স্নান কার্য্য শেষ করিয়া ফেলিত।

গৃহে ফিরিয়া আহারে বসিলে, পত্নী লঙ্কার প্রসাদে লাল টুক্‌টুকে রঙ মাছের ঝোল পরিবেশন করিতে করিতে কত পুরাতন সুখ-দুঃখের কথা আরম্ভ করিত;—আজ যদি তার সেই ছেলে বাঁচিয়া থকিত—আজ যদি তার গোপাল;– একটা সুগভীর দীর্ঘনিঃশ্বাসেই এখানে কথাটা শেষ করিয়া ফেলিত—তাহা হইলে কি কমলের এত কষ্ট, এত পরিশ্রম সহিতে হইত! পোড়া বিধি এত অবিচার তোমার এ গরীবের ঘরে!! কথায় কথায় অলঙ্কারের,—গহনাপত্রের কথা উঠিত। চিক্‌টা ভাঙ্গিয়া গিয়াছে অবধি গলাটা একেবারে খালি। কি কুলক্ষণ! হাতের বাজুটা দুই দিকেই কি জানি কেন ফেকাশে হইয়া যাইতেছে! সেক্‌রা বেটা ভারি ঠগ্—সে নিশ্চয়ই ঠকাইয়া দিয়াছে। কমলের সাংসারিক জ্ঞান মোটেই নাই— সে পারে শুধু দিন ভরিয়া হাড়-ভাঙ্গা পরিশ্রম করিতে ইত্যাদি।

খাওয়া শেষ করিয়া গোটা দুই শুপারি দিয়া একটা পান চিবাইতে চিবাইতে কমল ঘরের আঙ্গিনায় ছেঁড়া মাদুরের উপর কাঁথা বিছাইয়া শুইয়া পড়িত, এবং খানিকক্ষণ এপাশ ওপাশ করিয়া এক ছিলিম তামাক টানিতে টানিতে গরু চড়াইবার জন্য পুনরায় বাহির হইয়া পড়িত। সন্ধ্যার অন্ধকারে ধীরে ধীরে বাড়ী ফিরিয়া আসিলে, "আমার জন্য কি এনেছ বাবা?" বলিয়া কন্যা ফুলমণি পিতাকে জড়াইয়া ধরিত। সে মধুর আহ্বানে কমলের সমস্ত দিবসের ক্লান্তি যেন ঘুচিয়া যাইত এবং কোন দিন পেয়ারা কোন দিন বা পেপেটা মেয়ের হাতে দিয়া নিষ্কৃতি লাভ করিত।

হাত মুখ ধুইয়া শ্রীকৃষ্ণের শত নাম পড়িতে পড়িতে কমলের প্রায় প্রহর দুই রাত্র অতীত হইয়া যাইত, তারপর রেড়ীর তৈলের মিট্ মিটে আলোর সাম্‌নে বসিয়া বটতলার কৃত্তিবাসী রামায়ণ সুর করিয়া পড়িত। মেয়ে পিতার নিকট বসিয়া তাহাই শুনিত এবং পত্নীও এক কোণে বসিয়া পা ছড়াইয়া শুপারি কাটিতে বসিত। প্রতি হাট বারে সেই কাটা শুপারিগুলি বিক্রয় করিয়া কমল যে দুই পয়সা লাভ করিত তৈল লবণ প্রভৃতি খুচরা খরচটুকু তাহাতেই বেশ চলিয়া যাইত।

ফুলমণি যখন ঝিমাইতে ঝিমাইতে পিতার কোলে ঢলিয়া পড়িত কমল তখন পড়া বন্ধ ফুলমণিকে লইয়া করিয়া আহারে বসিত এবং মোটা আউস ধান্যের এক থালা ভাত নিঃশেষ না করিয়া কখনই উঠিত না। তারপর মেয়ের নিকট সেই রাক্ষসের গল্প—রাজপুত্রের গল্প—পক্ষিরাজ ঘোড়ার গল্প করিতে করিতে দরিদ্র কমল যে গভীর নিদ্রা লাভ করিত—সে নিদ্রা, সে গভীর সুষুপ্তি কুসুমকোমল শয়নে থাকিয়া লক্ষপতি ধনী কখন কল্পনাও করিতে পারে না।

এ সংসারে কমলের কিছুরই অভাব ছিল না। তাহার সকলই ছিল—ছিল না শুধু একটী হৃদয়ের ধন,—পুত্র। পুত্রের অভাবে অন্তরের সমস্ত স্নেহরাশি কন্যার শিরে ঢালিয়া কৃষকদম্পতী বেশ সুখেই ছিল।

আঁকিয়া বাঁকিয়া ঢেউয়ের উপর ঢেউ তুলিয়া কণকপুরের শ্যামল প্রান্তর ধৌত করিয়া অস্থির বিশালাক্ষি

ছুটিয়া চলিয়াছে। দুই তীরে প্রকৃতি রাণীর মোহন-শয়নে রাশি রাশি কাশকুসুম ফুটিয়া রহিয়াছে। স্বর্ণাভ সানাল, রক্তাক্ত কৃষ্ণচূড়া, শ্যামল অশ্বথ প্রভৃতি কত শত তরু যথেচ্ছা দাঁড়াইয়া নৌকারোহীদের আসা যাওয়া প্রত্যক্ষ করিতেছে। কত জন হাসিতে হাসিতে কত জন কাঁদিতে কাঁদিতে লতা-পাতাঘেরা, কণকপুর গ্রামখানি অতিক্রম করিয়া চলিয়া যাইতেছে।

এক ফোঁটা ফুলমণি সময়ে অসময়ে তটিনী-তীরে বসিয়া থাকিত। বিশালাক্ষির বক্ষের উপর হাজার নৌকার ছুটাছুটি দেখিতে সে বুঝি বড়ই ভালবাসিত! কত তরণী "মন মাঝি তোর বৈঠা নে রে" গাহিতে গাহিতে পাল উড়াইয়া শিশুর বক্ষে প্রতিধ্বনি উঠাইয়া, আনন্দের হিল্লোল তুলিয়া চলিয়া যাইত!

* * * *

এক দিনের কথা বলিতেছি। তখন অপরাহ্ন। পশ্চিম গগনে রবি অনেকটা অগ্রসর হইয়াছে। অশ্বথ তলের ছায়া বেশ ঘনীভূত হইয়া উঠিয়াছে। বিশালাক্ষির স্বচ্ছ সলিলে রবির কিরণ অজস্র মুক্তা ঢালিয়া দিতেছে। দেখিতে দেখিতে দক্ষিণের ওই কৃষ্ণচূড়া বৃক্ষের উপর একটা বৈশাখী মেঘ দেখা দিল—ধীরে ধীরে সে মেঘ সমস্ত গগন ছাইয়া ফেলিল। মুহূর্ত্ত পূর্ব্বে যে ধরণী রবির কিরণে হাসিতেছিল সে ধরণী নিমিষ মধ্যে মলিন, বিবর্ণ হইয়া গেল। ঝড় উঠিল। বিশালাক্ষির চঞ্চল বক্ষ চঞ্চলতর হইয়া উঠিল। হাটে মাঠে, বাটে যে যেখানে ছিল আপন আপন গৃহে সকলেই ফিরিয়া আসিল।

গাভী ও বলদ দুইটীকে একটা ঘাস-বহুল জলাভূমে ছাড়িয়া দিয়া কমল "পাচনির" উপর বসিয়া তামাক টানিতেছিল, আর পার্শ্বের সবুজক্ষেত্রে মূক প্রাণীদের অন্যায় লোভ দেখিলে দুই একটা প্রিয় সম্বোধন করিয়া তাহা হইতে নিবৃত্ত করিতে চেষ্টা পাইতেছিল। সহসা প্রকৃতির এ রুদ্র মূর্ত্তি দর্শনে উৎকণ্ঠিত হইয়া সে বাড়ী ফিরিল। রান্নাঘরখানা বড়ই জীর্ণ—কমল ভাবিল পূর্ব্বহইতে একটু সাবধান না হইলে এবার আর তাকে খাড়া রাখা যাইবে না।

বাড়ী আসিয়াই শুনিল গৃহিণী বলিতেছে—"লক্ষীছাড়া মেয়েটা গ্যাল কোথায়! সারাদিন টু টু করে ঘুরে বেড়ায়, না মানে ঝড় না মানে বৃষ্টি! ইস্ কি ঝড়! এর ভেতরে মানুষ বের হয়!"

সত্য সত্যই ফুলমণি ঘরে ছিল না। পিতা ঊর্দ্ধশ্বাসে উৎকণ্ঠিত মনে কন্যার উদ্দেশে ছুটিয়া চলিল। দেখিতে দেখিতে তাহার আশঙ্কাও বাস্তবে পরিণত হইয়া গেল। জীর্ণ গৃহখানা ভূতলে লুটাইয়া পড়িল।

এদিক্ ওদিক্ খুঁজিয়া কমল, অবশেষে বিশালাক্ষির তীরে উপস্থিত হইল। নিতান্ত বালিকা এই দুর্যোগেও এক তুচ্ছ তরণীর সঙ্গে বিশালাক্ষির পাগল জল রাশির লড়াই দেখিতেছিল। ত্রস্ত পদশব্দে চমকিত হইয়া ফুলমণি ফিরিয়া চাহিল। দেখিল পিতা আসিতেছে। 'বাবা! বাবা!' বলিয়া কন্যা পিতার ক্রোড়ে আশ্রয় লইল। ক্ষুদ্র বাহুবিস্তার করিয়া বিপন্ন নৌকাটী দেখাইয়া দিল—বাক্যস্ফুরণ হইল না। হৃদয় বুঝিবা বলিতেছিল—"দেখ দেখ বাবা! ঐ বুঝি একটা নৌকা ডুবে যায়! ইস্ কি ভয়ানক!!"

মেয়েকে পাইয়া কমল আশ্বস্ত হইল বটে কিন্তু নদীতে যাহা দেখিল তাহাতে তা'র সমস্ত অন্তর কাঁপিয়া উঠিল। সে দেখিল ক্ষুদ্র একটী নৌকাকে গ্রাস করিবার জন্য বিশালাক্ষির বুভুক্ষু সলিল উন্মত্ত হইয়া উঠিয়াছে। তরণীর আত্মরক্ষার্থ লক্ষ চেষ্টা সম্পূর্ণ ব্যর্থ হইতেছে। মাঝি কত চেষ্টা করিল—এদিক ওদিক কত দিকে হাল ঘুরাইল কিন্তু হায় সমস্তই নিষ্ফল চেষ্টা। নৌকায় নারীকণ্ঠের ক্রন্দন উঠিল—কেহই শুনিল না,—কেহই সাড়া দিল না। নিষ্ঠুর জল-প্রবাহ আপন উৎকট সাধ মিটাইয়া লইল।

নদী-তীর হইতে কমলের গৃহ অধিক দূর ছিল না। মেয়েটি নিকটে দাঁড়াইয়াছিল। কমল একবার নৌকার প্রতি, একবার কন্যার প্রতি চাহিয়া দেখিল। মুহূর্ত্ত দুই কি ভাবিয়া অমনি বিশালাক্ষির উচ্ছৃঙ্খল জলে লাফাইয়া পড়িল। নিতান্ত সহজভাবে স্ত্রীকন্যার একমাত্র রক্ষক কমল এমনই করিয়া মৃত্যুর হাতে জীবন অর্পিয়া

দিল। কন্যা শুনিল পিতা বলিতেছে—"ওই বাড়ী দেখা যায়—মা! তুই শীগ্‌গীর দৌড়ে চলে যা।"

উৎকণ্ঠিত মাতা গৃহে বসিয়া ছট্‌ফট্‌ করিতেছিল। পলকে পলকে তা'র অন্তর কাঁপিয়া উঠিতেছিল! এ ভীষণ ঝড়ে মেয়ে কোথায়! স্বামীই বা কোথায় রহিল—এখনও কেন ফিরিয়া আসিতেছে না। এ সকল প্রশ্ন তাহার হৃদয়ে তুফান তুলিয়া দিল। বাহিরে ঝড়—ভিতরেও ঝড়! অসহায়া রমণী অস্থির হইয়া পড়িল।

* * *

আকাশে ঘনঘটা—বিশালাক্ষির ভৈরবগর্জ্জন—চারিদিকে গভীর অন্ধকার,—এসমস্তই উপেক্ষা করিয়া কমল সাঁতার কাটিয়া ছুটিয়া চলিল। মুহূর্ত্তের মধ্যে সে দেখিয়া লইল একটী প্রৌঢ়া রমণী ক্ষুদ্র এক বালককে দুই হাতে উঁচু করিয়া ধরিয়া অমনি সলিল তলে নিমগ্ন হইয়া গেল। নিরাশার একটা হা হা রব উন্মত্ত বায়ুস্রোতে নাচিতে লাগিল।

বালকটী কমলের হস্তে অর্পণ করিয়া প্রৌঢ়া সে মুহূর্ত্তেই ডুবিয়া গেল। নির্ম্মম জল-স্রোত কে জানে কোন্ অজ্ঞাত দেশে সে দেহ উপস্থিত করিল। ক্লান্ত কমল যখন মৃত্যুর সঙ্গে যুদ্ধ করিতে করিতে তীরে পৌঁছিল বালক তখন অচৈতন্য।

মেয়ে ডাকিল "মা! ওমা!" অমনি জননী ছুটিয়া আসিল—দেখিল স্বামীও কন্যা উভয়েই দাঁড়াইয়া। ক্রোড়ে বালক দেখিয়া ভাবিল—এ আবার কি উৎপাত! জিজ্ঞাসা করিল 'এ কে গা?'

কমল এ প্রশ্ন কানে তুলিল না। কিংবা তুলিলেও উত্তর দিবার অবকাশ পাইল না। পত্নীকে কতটুকু লবণ্ আনিতে বলিয়া সে বালকের পা ধরিয়া ঘুরাইতে লাগিল।

ক্রমে ক্রমে বালক সমস্ত জল উদ্গীরণ করিয়া ফেলিল। ঠোঁট নড়িয়া উঠিল—বক্ষ স্পন্দিত হইল—কি একটা কথাও কহিল। ধীরে ধীরে কমল তাহাকে ঘরে আনিয়া কাঁথা দিয়া ঢাকিয়া রাখিল।

* * *

স্বচ্ছ, স্নিগ্ধ, সুন্দর প্রভাত রবির কিরণে ঝক্ ঝক্ করিতেছিল। তাহার এ শিশুর মত নিতান্ত শান্ত মূর্ত্তি দেখিয়া কে বলিবে পূর্ব্ব রাত্রে প্রবল ঝড় হইয়াছিল—কে বলিবে সে ঝড় তটিনীর বুক প্রাণী হত্যাপাপে কলুষিত করিয়াছিল। যাক,—কমল সে প্রভাতে আর মাঠে গেল না। কি করিয়া যাইবে?

দুর্ভাগ্য বালক তখন উঠিয়া বসিয়াছে। বিস্ময়-নয়নে চারিদিক চাহিয়া দেখিতেছে। মুখমণ্ডল বিবর্ণ এবং পাংশু চক্ষু আরক্ত ও চঞ্চল। কমল জিজ্ঞাসা করিল, "বাবা! তোমার নাম কি?" বালক কহিল "আমার নাম মাণিক।" তা'র পর কমল বালকের পিতার নাম জিজ্ঞাসা করিল। সে বলিল "তার নাম মানুকের বাপ্।" অবোধ বালকের এই উত্তর কমলের হৃদয়ে বড়ই বাজিল।

অপরিচিত স্থানে অপরিচিত বিপন্ন বালক, মা-বাবা-ঠান্‌দিদি একে একে সকলের নাম করিয়াই কাঁদিতে লাগিল। সে ক্রন্দন, সে বিলাপ সকলেরই চিত্ত ব্যথিত করিয়া তুলিল,—ক্ষুদ্র বালিকা ফুলমণির বুকে বুঝি অত্যন্তই আঘাত করিল। মাণিক ও ফুলমণির অবিরল অশ্রু বন্যার জলের মত উচ্ছ্বসিত বেগে ছুটিয়া চলিল।

এটা সেটা খাইতে দিয়া—এটা ওটা দেখাইয়া তাহার পিতা অবিলম্বেই তা'কে নিতে আসিবে এই আশ্বাস দিয়া আকুল বালককে শান্ত করিতে কমল যথেষ্ট চেষ্টা পাইল। কিন্তু হায়! মাণিকের চিত্ত এ অলীক আশ্বাসে প্রবোধ মানিল না। বর্ষার দিনের মত মুখখানা তা'র কেবলি মলিন—কেবলি বিষন্ন। মাঝে মাঝে মেঘে ঢাকা রৌদ্রের মত আশার আশায় নিমিষের জন্য প্রফুল্ল মাত্র।

লক্ষ চেষ্টা করিয়াও কমল বালকের উল্লেখযোগ্য, তেমন কোন পরিচয় পাইল না। অসংলগ্ন কথা হইতে সে ইহাই শুধু বুঝিতে পারিল যে, বালক দিন দুই হয় তা'র ঠাকুর মা ও এক মাতুলের সঙ্গে বাড়ী হইতে রওনা হইয়াছিল। কমলের শত অনুসন্ধান বুঝি ব্যর্থই হইল!!

কথায় কথায় একদিন সে জিজ্ঞাসা করিল "আচ্ছা

মানিক্! বল্ ত তোর বাবা আমার চাইতে বড় না ছোট?" "তোমার চাইতে বাবাকে বড় দেখায়।" বলিতে বলিতে বালকের চক্ষু আর্দ্র হইয়া উঠিল। একটা উত্তপ্ত দীর্ঘ নিশ্বাস বায়ুহিল্লোলে নাচিয়া নাচিয়া ঘরটাকে বিষাদময় করিয়া তুলিল। কমল নিতান্ত অপ্রতিভ হইয়া অন্য কথা পাড়িল, বলিল "বেশ মাণিক! তাহ'লে আমি যে তোর কাকা—ফুলমণি তোর বোন।" হাঁ বলিয়া বালক ছুটিয়া গেল।

ঘরের আঙ্গিনায় ছেঁড়া মাদুরের উপর বসিয়া তামাক টানিতে টানিতে মাণিক ও ফুলমণির সঙ্গে কমল, গল্প করিতেছিল। কি একটা কথায়, মাণিক বলিয়া উঠিল—"আচ্ছা কাকা! তুমি আমায় বাড়ী ফিরে দিয়ে এলে না?" বালকের পিঠ চাপড়াইয়া কমল কহিল—"কেন কাকা! এখানে তোমার মন মিশে না?" মাণিক কতক্ষণ কোন কথাই বলিল না। তা'র পর—"মার জন্যে বড় কষ্ট হয় কাকা! মা এখন আমায় কত মনে করছেন!!"—বলিয়া কাঁদিয়া ফেলিল। হায় মাণিক আজও মার কথা ভুলিতে পার নাই।

কমল মাণিককে কোলে টানিয়া আনিল। "এবার তো'কে ঠিক মার কোলে পৌঁছে দেব। আচ্ছা! তোর বাড়ীর পরিচয়টাত একবারও ভাল করে দিলে না কাকা!"—বলিয়া বালকের মাথায় হাত বুলাইতে লাগিল।

মাণিক বলিল—"কেন! তোমায় ত বলেইচি কাকা আমাদের বাড়ী পশ্চিম পাড়া—মিনিদের বাড়ীর ঠিক সামনে। বাড়ীতে দু'খানা বড় দু'চালা ঘর—একটায় বাবা, মা ও আমি থাকি—আর একটায় ঠান্‌দিদি থাকেন। তা'র কাছে সন্ধ্যে বেলা আমি কত রাক্ষসের—ভূত ভূতের গল্প কত দেশের কথা শুনি। তা'ছাড়া যে গোলা-ঘরটা, তার ঠিক্ পেছন দিকে মস্ত একটা সাজনা গাছ আছে। সন্ধ্যের পর আমি কখনও সে গাছ তলে যাই না। ইস্! মা বলেচেন সে গাছে একটা ভূত থাকে।" ভূতের নাম শুনিয়া বালিকার গা শিহরিয়া উঠিল। দাদাকে জিজ্ঞাসা করিল, "আচ্ছা! সে ভূতটাকে তুমি কখনও দেখেছ দাদা?" মাণিক ঘাড় নাড়িয়া বলিল, "মিনি এক দিন রাত করে সে গাছতলা দিয়ে আসছিল—আর অমনি সে ভূতটাকে দেখে অজ্ঞান হয়ে পড়ল—সে অবধি সন্ধ্যায় সেদিকে যাইতে মা আমায় মানা করে দিয়েচেন।"

* * *

দিনের পর দিন করিয়া কত দিন চলিয়া গেল। জগতের চির-প্রচলিত নিয়মে মাণিকের শোক-বেগ একটু বুঝি প্রশমিত হইল। স্নেহাতুর কমলের অসীম বাৎসল্য ও বালিকা ফুলমণির অকপট সারল্যে বালকের নয়ন-জল অনেকটা বুঝি মুছিয়া গেল। যে গৃহের উজ্জ্বল স্মৃতি তাহার হৃদয়ে ধক্ ধক্ করিয়া জ্বলিতেছিল আজ এতদিনে তাহা ম্লান হইতে চলিল।

All potent was his call for a public contribution. The Zemindars and merchants who were asked to subscribe to the measure, gave most bountifully and unhesitatingly, excepting one whose tale will form an interesting anecdote to the annals of our city in connection with the works of utility due to Mr. Buckland's energy. The letter which was addressed to this person age calling upon him to contribute a round sum of money in furtherance of the scheme was not responded to as warmly as did the others of his class. The result was a refusal of the next interview sought by the Zemindar, who lost no time to recover the smile of the *chotalat* of Dacca.

The beautiful strand was not meant for pleasure trips alone. A far nobler object of utility was at the bottom of the scheme. The river which had already begun to be shoaly shared the attention of the Commissioner who thought of turnning the main current below the Bukhtoboly chur from the Dhulesory to the Boory Gunga. With the view of defending the city bank of our river from the increased force of the water, he provided it with the masonry work which now richly contributes to the splendid scenery that presents itself to an observer on the other side of the river.

It was in the contemplation of Mr. Buckland to extend the bund to the western extremity of the town and there locate the steamer Ghat that a contagious disease imported by the watery vehicle might exhaust its fury in a remote corner of our station. Time however has belied our expectations.

Economic Museum—The CALCUTTA GAZETTE announces the formation of committees for the Economic Museums at Dacca, Faridpur, Bhowal, Madaripur, etc. We shall watch their proceedings with interest. Babu Preo Nath Bose L. M. S. which the Calcutta Gazette renders into London Missionary society, is appointed for the Dacca committee.

Ice-Machine—We are to glad to observe that an Ice-Machine has been set in a working order at Patuatuli. Ice is being sold for four annas a seer. Ice-cream is also prepared on order. Mr. Shircore is putting up another Machine at Bungla Bazar and we hear it is capable of turning out 600 maunds of Ice every day. Dacca will certainly not die for want of Ice now.

The Hindu Hostel—We have been favoured with a copy of the rules for the

guidance of the inmates of the Hindu Hostel established here on the 9th September last. There are four classes of boarders ranked according to the rooms they respectively occupy. The rates are Rs. 8, 7, 6 and 5. This covers the expense for food, house-rent, servant's wages etc. In September there were 27 boarders, in October 30, In November 32, in December 28, in January 25, in February the number increased to 36. We congratulate Babus Obhoy Chandra Das, Personal Assistant to the Commissioner and Anath Bandhu Moullik the Manager and superintendent of the Hostel on this steady success. We learn that there is a nominal committee for its management, but that the members never met and the management is wholly left, to Obhoy Babu. Perhaps it is better that at the beginning only one or two should have the management, and we think the Principal of the College should be appointed a manager in addition to Obhoy Babu. The rules can be had on application to the Hostels. The house which the Hostel now occupies is a very good one, situated as it is on the river bank. All the arrangements we learn are excellent.

The Dacca Law Class—In our last we stated that the law professor was to get only the fees paid by the students every month. His Honour has on the strong representation of the People's Association and the Principal of the College sanctioned the retaining of the Law Classes quite on their original footing; and considering the fact that the Law Classes have hitherto been a source of gain to the Government he has sanctioned Rs. 200 a month for the law lecturer for three years more. The rate of fees payable has nevertheless been raised to seven rupees. As the Behar people have not yet asked the Government to retain their Law Classes the Government has not ordered their re-establishment. The Hoogly College loses the Law Class attached to it. The Lieutenant-Governor (vide his resolution) candidly acknowledges that he did not foresee the evlls which would eventually result from the abolition of the 2nd and 3rd year Law Classes as reported by the Principal of the College.

To The Director of Public Instruction.

Sir,

I am directed to acknowledge the receipt of your letters noted in the margin (No. 253 of 28th Jan. 1875; „ 436 of 6th Feb. do.), forwarding proposals for re-establishment of the second and third year law classes at Dacca.

2. The orders of the 21st. November 1874, were issued on a representation from the officiating Director of Public Instruction that the classes at Hoogly, Dacca, and Patna had ceased to be self-supporting, and that there was no likelihood of any of these colleges being again in a condition to collect fees sufficient to pay the salaries of the lecturers. Mr. Sutcliffe recommended that the lecturers should be remunerated by the

fees alone; but as an alternative measure, he suggested the maintenance of a first year class, and the discontinuance of the others.

3. On consideration of the matter, the Lieutenant-Governor was of opinion that it might be possible to obtain the services of a qualified lecturer for a first year class, but it appeared undesirable to continue classes for the second and third years under the instruction of lecturers who should be remunerated only by fees. It was thought that if this were attempted, the lecturers who would receive very inadequate pay, would probably be men of an inferior stamp, and that neither the University nor the High Court would be willing to accept such instruction as satisfying the conditions of the regulations for the Degree of B. L. and for the Pleadership examination.

4 But when the orders of the 21st November 1874 were passed, it was not contemplated that they would result in the discontinuance of the classes altogether. On the contrary the orders were passed with the express object of ensuring the maintenance of the classes, it being anticipated that students would attend the first year lectures at a Moffusil college and the lectures of the other two years at the Presidency.

5. It now appears that this will not be the result of the orders. The former lecturers are unwilling to continue their duties on the terms offered to them, and the students and residents of Dacca have strongly represented the injury which will be inflicted on the college and the hardships to students of Law in the eastern districts generally, by an adherence to the orders of November last. The principal of the college has also stated that the students are willing that the fees should be raised from Rs. 5 to Rs. 7 per month. Under these circumstances the Lieutenant-Governor will not object to reconsider his former orders. With regard to Hoogly, he does not think that any case is made out. A Hoogly student can without difficulty attend law lectures at the Presidency College, and his doing so does not involve the necessity for his residing in Calcutta. With Patna and Dacca the case is different: but the Patna students have made no representation on the subject, and it does not appear that they are anxious to have the classes maintained on the old footing. The precise orders, therefore, will apply to Dacca only, but the Lieutenant-Governor will consider the question of extending them to Patna also, if it be shewn that the students and residents desire that this should be done.

6. The Lieutenant-Governor can give no pledge thst these classes shall be permanently kept up at the cost of the state. The orders of the Government of India in June 1865, distinctly contemplated that the classes were to be self-supporting, and if this result is not attained the classes will eventuatly have to be closed. But under the

circumstances of the case and with regard to the fact that in former years there has been a surplus of receipts over expenditure, the Lieutenant-Governor consents that the lecturer at Dacca shall be paid his salary as before on condition that the fee for lectures is raised to Rs. 7 per month. This arrangement will continue til all students now in the class shall have completed the course. At the end of that time if the classes should still be unable to pay their own expenses, they will have to be given up.

7. Your letter no. 253, of the 28th January 1875 reported that the law lecturer at Dacca had tendered his resignation. It appears however that the Principal of the College wishes to retain his services, and I am therefore directed to authorize you to allow the lecturer to withdraw his resignatlon, and this will render his formal reappointment unnecessary.

8. A further representation must be made in the event of its being desired that concession conveyed in the present letter, should be extended to the Patna College.

I have etc.
H. J. REYNOLDS.
Sec. Govt. of Bengal.

Mr. Archibald B. A.—By an oversight the arrival of this gentleman at Dacca as Professor of Mathematics and Physical science was not announced in our last issue. He comes from Oxford, and we hope in Mr. Garrett's absence, he will take lively interest in the Physical education of the boys.

Mr. Archibald.—Mr. Archibald of our local College has introduced a novelty into Dacca. We mean a bicycle. He is a master in his art and is veritably the "cynosure" of curious eyes, along the roads, admiring his tact and skill. We recommend this vehicle to young Bengal and hope they will profit by his example. It combines speed with economy and its special peculiarity is noiselessness. But we fear the strength of the legs necessary to work the two-wheeled *garry* will be found wanting in the slim legs of our youths and the recreation may be looked upon as a hazardous physical exercise.

The necessity of keeping even balance on the seat will be another difficulty and considering that hackney carriages driven by boys of 8 or 9 are not safe companions on the narrow thoroughfares of Dacca, our young men from such prudential considerations may not be inclined to take to this new mode of locomotion.

Mr. Lyall.—Our popular Magistrate while returning from a tour through Manickgunge, went out a hunting after a buffalo on last Wednesday morning; on his way he met a wild boar and while firing at it the boar attacked him and wounded his left hand. The boar however fell dead on the spot.

Owing to Mr. Lyall's ill health there was no regular cricket match on last Saturday.

Barooni Mela.—The Kartick Barooni fair at Munshigunge held at the end of the last year must have been a great success. The value of goods brought for sale was one lakh and a half above that of last year, reaching the large sum of Rs. 45,54,455. The fair lasted for one and a half month, during that time there were only 3 thefts. The number of visitors averaged 7,500 a day. The health of the people was wonderful, only two deaths occurred one from cholera and the other from fever. The services of Sub-Inspector Prag Dutt Tawari are said to have been invaluable.

The Pogose School.—The worthy Head Master of the Pogose School Babu Kailas Chandra Datta M. A., B. L. is going away to join the bar at Comillah, and he has resigned his present post. We hope Mr. Pogose will ere long make a permanent arrange ment, and that, with a deserving man, to keep up the reputation of his long standing school.

Liberality.—We are requested to mention that Babu Pratab Chandra Das has offered one gold and one silver medal to the first and second students of the Pogose School respectively at the next Entrance Examination. We are glad to find the Babu coming forward to give such encouragement to one of the oldest institutions of the city.

PROCEEDINGS THE OF ANNIVERSARY OF THE EAST BENGAL WEAL WORKING ASSOCIATION.

As announced in our last two issues the Anniversary of the E. B. *Subha Sadhini* Association was celebrated with great eclat in the premises of Baboo Radhica Mohan Rai last Monday at 5 P. M. A good number of European gentlemen and ladies as well as a great part of the native gentry were present on the occasion. The Commissioner Mr. R. B. Peacock presided and Mrs. Lyall distributed prizes to the pupils of the Adult Female School and Girls' School.

The President opened the meeting with a few appropriate words and asked one after another those who had previously signified their wish, to speak on the occasion. First of all stood our new Inspector of schools Dr. W. Robson who delivered a long speech. It was very convincing and instructive, full of happy illustrative analogies. As regards the importance of the Association he said that if we place our faith not in what is seen that is what has already been done by the Association but in what is unseen that is what it is the Pioneer of, we must attach very great importance to the Association. The absolute necessity and very great importance of female education which is to a great extent the one successful work of the Association, he very clearly pointed out. In conclusion in order to corroborate his remark "that the native females are capable of great things" he made very favorable mention of the acquirements, manners &c. of the well-known kulin girl Debi Bidhu Mukhi.

Then stood Mr. Kemp the Editor

of the *Bengal Times*. He spoke much in favor of Native Female Education. The change of his opinion on the subject is, in very gratifying. He had blamed Miss Carpenter when she came out to India to further the still more neglected cause of Native Female Education and had advised her not to waste her energies here in India, which might have been been better employed at home.

The third and the most enthusiastic speaker on the occasion was the noble-minded Mr. W. Livingstone. He very successfully appealed to the sense of right and justice of the Europeans in general as well as of she educated natives in regard to the education of the Native Females. He also proved by facts and figures the parsimony of Government in paying for the education of Native Females in contrast with that of the males.

The fourth speaker was Dr. Ram Prosad He did not previously signify his wish to speak on the occasion. Neverthless, he could not resist the temptation of speaking. He spoke as usual very frequently and attempted to point out some of the evils that, in his opinion, attend native female education at the present day, such as want of reverence in the so-called educated native ladies for their husbands and their negligence in perfoming domestic duties.

Then came the turn of our well-known speaker Babu Kali Prasanna Ghosh but as he was absent on account of his illness, Pundit Prasanna Kumar Chakravarti, the Second Bengali speaker in Dacca was asked to speak. He stood and delivered not a short speech on the subject of national life and improvement He as usual first glorified the ancient Aryans and then lamented the degraded state of their unworthy posterity. Then he turned round and said although some pogress was being made by the male portion of the native community, we could not forget that the other half of the community was in great darkness, and that the educated natives were very much to blame for the negligence of their most onerous duties to the Fair Sex. He concluded his lecture with words of encouragement to the small band of workers of the Association and with thanks to the European gentlemen and ladies.

The next person who spoke was Babu Banga Chandra Ray. He as a leading member of Association made requests to the native gentlemen present to lend sympathy to those that were engaged in the work of doing good to their country. He also politely requested the European ladies present to now and then visit the Adult Female School and smile upon it so that the pupils might be thereby encouraged to prosecute their studies with zeal and ardour. The last speaker was Babu Ruhiny Kumar Basak, who tried to point out the healthy influence the females if properly educated are able to exercise upon society

He illustrated his statement with a few historical examples.

Then after the Prize distribution took place, the president Mr. F. B. Peacock addressed the meeting. He at first made some statistical remarks as regards the progress of Female Education in East Bengal. Then he said that the Association had fairly carried on its work for the last four years, as could be well gleaned from the report just then read before the meeting by the secretary It was, indeed, a very sad thing that the Association had not been hither to able to realize such a scanty sum as Rs. 25 as local subscription being half the amount Govt. paid, for the support of the Adult Female school under the supervision of the Association. He then very pertinently remarked that if what the association was doing was good and proper, it should be supported and encouraged by all means and if it was doing what was bad and improper it should be suppressed. Not to support and encourage it even when it was thought to be doing what was good and proper was to prove illiberal. He concluded his interesting though short speech with words of enconragement and good wishes to the members of the Association. Then Mr. Robson proposed a vote of thanks to the chair and to Mrs. Lyall which was seconded by Mr. W. B. Livingstone and the meeting dissolved.

The Vikrampur Hitasadhini Sobha.—According to a local contemporary the Vikrampur Hitasadhini Shobha's worthy Secretary Babu Prasanna Chundra Chakravarty's Report read at the fourth anniversary, of the Sabha, celebrated with great eclat, the other day, as announced in our last—contained fiction as well as facts. It is also asserted that in regard to a disputed point (the alleged fiction is said to refer to this point) the President and the Secretary gave quite opposite versions and contradicted each other. We were present at the anniversary and we are therefore in a position to state that there was no disagreement between the President and the Secretary in regard to the disputed point or any other point whatever and that the Secretary's Report is an absolutely true version of the doings of the Sobha he represents. And having made searching enquiry into the matter, we are enabled to say, without any fear of contradiction that at a monthly meeting of the Sobha, it was formally proposed, the proposal being unanimously carried—to indirectly promote the anti-polygamy movement set on foot and earnestly prosecuted by a Brahmin-reformer of Vikrampur Want of space compels us to content ourselves with this meagre notice of a very useful institution in East Bengal. The claims on our gratitude of the President and the Secretary above referred to, can hardly be exaggerated.

HEAVEN AND HELL.

'Tis absolutely true
That they that conscience led,
The path of virtue tread,
This life will never rue.
They will sink in the tomb,
And friends in vain will mourn,
Not knowing they are borne
Elsewhere to live and bloom.
For, through a golden gate,
Drest in ethereal guise,
Their blessed souls will rise
To that celestial state
Wherein, both night and day,
The holy angels raise
A chorus in the praise
Of God, and melt away.
And penitence is *hell*,
Miscall'd a 'Burning Pit,'
Wherein will sinners sit,
And Mercy's beads will tell.
Then will the angels fair
On them their influence shed,
O'er them their pinions spread,
And them for *Heaven* prepare.
And then and then alone
Will God remit their sin
And kindly take them in
As children of His own.

BAHAR-UDDIN AHMED.

ঢাকা রিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড　　ঢাকা—জ্যৈষ্ঠ, ১৩২৩　　২য় সংখ্যা।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-গ্র... কলিকাতা

প্রাচীন চতুষ্পাঠীর শিক্ষা।

বর্ত্তমান টোলের শিক্ষার প্রতি দৃষ্টিপাত করিলে ইহা নিতান্তই অপূর্ণ বলিয়া প্রতীয়মান হয়। কোথায়ও কেবল ব্যাকরণেরই চর্চ্চা হইতেছে, কোথায়ও শুধু স্মৃতিরই চর্চ্চা হইতেছে, কোথায়ও বা আবার দর্শনেরই মাত্র অধ্যাপনা হইতেছে। এই প্রকারে কেবল এক বিষয়ে শিক্ষা সমাপন করিয়াই ছাত্রগণ টোল পরিত্যাগ করিয়া থাকেন। ইহাতে তাহাদের জ্ঞানের পরিধি বিশেষরূপেই সীমাবদ্ধ হইয়া থাকে। টোলের এই এক বিষয়িনী শিক্ষার সহিত বর্ত্তমান স্কুল কলেজের বহুবিষয়িনী শিক্ষার তুলনা করিলে টোলের শিক্ষাকে যে অঙ্গহীন শিক্ষা বলিয়া মনে হইবে তাহাতে সন্দেহ নাই। টোলের এই অঙ্গহীন শিক্ষা দেখিয়া আমাদের দেশের শিক্ষা চিরদিনই অঙ্গহীন ছিল এরূপ ধারণা উৎপন্ন হওয়া সম্পূর্ণই স্বাভাবিক। কিন্তু আমাদের পুরাকালের শিক্ষা সম্বন্ধে আলোচনা করিলে ইহাকে বর্ত্তমান স্কুল কলেজের পাশ্চাত্য আদর্শানুযায়িনী শিক্ষার অপেক্ষা যে তেমন অধিক অপূর্ণাঙ্গ বলিয়া বোধ হইবে তাহা নহে।

ভারতের প্রাচীন শিক্ষা প্রথম গুরুগৃহে হইত। এই শিক্ষা "গুরুকুলে বাস" বলিয়া কথিত হইত এবং এই গুরুকুলে বাস হইতে ছাত্র "অন্তেবাসী" নামে অভিহিত হইত। প্রথম গুরুর নিকট বেদই বিশেষভাবে অধীত হইত। বেদ কেবল অধীত হইত তাহা নহে পরন্তু আচরিতও হইত। তাহাতেই এই প্রথম শিক্ষাবস্থার নাম বেদের "ব্রহ্ম" * নামানুসারে 'ব্রহ্মচর্য্য' বা 'ব্রহ্মচর্য্যাশ্রম' হইয়াছিল। বেদপাঠের দ্বারাই যে ব্রহ্মচর্য্যাশ্রমের শিক্ষা সমাপ্ত হইত মনুসংহিতায় তাহার স্পষ্ট উল্লেখই আছে:—

"বেদানধীত্য বেদৌ বা বেদং বাপি যথাক্রমম্।
অবিপ্লুত ব্রহ্মচর্য্যো গৃহস্থাশ্রমমাবসেৎ॥ ২য় অধ্যায়

অস্খলিত ব্রহ্মচর্য্য ছাত্র বেদসকল-দুইবেদ বা একবেদ যথাক্রমে পাঠ করিয়া গৃহস্থাশ্রমে প্রবেশ করিবে।"

*"বেদস্তত্ত্বং তপোব্রহ্ম"। অমরকোষ

ব্রহ্মচর্য্যাশ্রমে সাঙ্গবেদ অধ্যয়নেরই নিয়মছিল। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও ছন্দঃ এই ছয়টী বেদাঙ্গ। 'কল্প'—যজ্ঞোপদেশক শাস্ত্র-নিরুক্ত বেদের অভিধান বিশেষ জ্যোতিষ-যজ্ঞাদির সময় নির্ণায়ক শাস্ত্র। যজ্ঞকুণ্ড বেদী প্রভৃতি নির্ম্মাণের নিয়মাদি হইতেই জ্যামিতি বিদ্যার উৎপত্তি হইয়াছে। কল্পরূপ বেদাঙ্গের সহিত উক্ত নিয়মাদির ও সম্বন্ধ ছিল বলিয়া বোধহয়। এই প্রকারে এক বেদাধ্যয়নের মধ্যেই যে ব্যাকরণ, অভিধান, জ্যামিতি, জ্যোতিষ প্রভৃতির অধ্যয়নও অন্তর্ভুক্ত ছিল তাহা আমরা বুঝিতে পারিতেছি।

গুরুকুলে পূর্ব্বোক্তরূপ শুদ্ধধর্ম্ম শিক্ষা যেমন প্রদত্ত হইত তৎসঙ্গে সঙ্গে তদ্রূপ বিবিধ জ্ঞান মূলক অন্য শিক্ষাও প্রদত্ত হইত। রঘুবংশে বরতন্তু শিষ্য কৌৎসের শিক্ষার চিত্র যেখানে অঙ্কিত হইয়াছে সেখানে আমরা সেই সমস্ত শিক্ষার স্পষ্ট প্রসঙ্গ প্রাপ্ত হই। কৌৎস যখন মহারাজ রঘুকে গুরুদক্ষিণার পরিমাণ জ্ঞাপন করিতেছেন তখন বলিতেছেন :—

"নির্ব্বন্ধ সঞ্জাত রুষার্থ কার্শ্যম্।
অচিন্তয়িত্বা গুরুণাহ মুক্তঃ
বিত্তস্য বিদ্যা পরিসংখ্যয়ামে
কোটীশ্চতস্রোদশ চাহরেতি॥" ২১ ৫ম সর্গ।

"আমি গুরুকে দক্ষিণার্থ নির্ব্বন্ধ সহকারে অনুরোধ করায় তিনি তাহাতে রাগান্বিত হইয়া আমার অর্থাভাব বিবেচনা না করিয়াই আমাকে বলিলেন বিদ্যার সংখ্যানুসারে চতুর্দ্দশ কোটি অর্থ আমার জন্য আনয়ন কর।"

অধিগত বিদ্যার সংখ্যানুসারে কোটির চতুর্দ্দশ পরিমাণ মুদ্রা দক্ষিণাদানের জন্য শিষ্য আদিষ্ট হওয়ায় বিদ্যার সংখ্যা যে চতুর্দ্দশ তাহা স্পষ্টই বুঝিতে পারা যায়। মল্লিনাথ টীকায় এই চতুর্দ্দশ বিদ্যার পরিগণনা মনুসংহিতা হইতে এইরূপে প্রদান করিয়াছেন—"অঙ্গানি বেদাশ্চত্বারঃ মীমাংসান্যায় বিস্তরঃ। পুরাণংধর্ম্ম শাস্ত্রঞ্চ বিদ্যাহ্যেতাশ্চতুর্দ্দশ।"

"ছয়টী বেদাঙ্গ, চারিটী বেদ, মীমাংসা, ন্যায় (তর্কশাস্ত্র) পুরাণ (ইতিহাস) ও ধর্ম্মশাস্ত্র এই চতুর্দ্দশটীই বিদ্যা।"

এখানে দেখা যাইতেছে বেদ ও বেদাঙ্গের অতিরিক্ত মীমাংসা, ন্যায়, পুরাণ, ধর্ম্মশাস্ত্র ও ব্রহ্মচর্য্যাশ্রমের অধিতব্য বিষয়ের অন্তর্ভূত ছিল। এই পাঠ্যতালিকাতে পূর্ব্বের ব্যাকরণ, অভিধান, জ্যামিতি, জ্যোতিষ প্রভৃতি শিক্ষার সহিত আমরা মীমাংসাতে দর্শনের, ন্যায়ে তর্কশাস্ত্রের; পুরাণে ইতিহাসের; ধর্ম্মশাস্ত্রে স্মৃতির যোগ পাইতেছি। শেষোক্ত শাস্ত্রে ধর্ম্মনীতি, লোকনীতি রাজনীতি প্রভৃতি সমস্ত বিষয়েরই অন্তর্ভাব দেখিতে পাওয়া যায়।

প্রাগুক্ত পাঠ্যবিষয় সকলের সহিত বর্ত্তমান স্কুল কলেজের পাঠ্যবিষয়ের তুলনা করিলে বর্ত্তমানকালে যে অধিক বৈচিত্র্য দেখিতে পাওয়া যাইবে তাহা নহে। প্রত্যুত বর্ত্তমানকালে যেস্থলে ধর্ম্মশিক্ষার একান্ত অভাব দৃষ্ট হয় তৎস্থলে প্রাচীনকালে ধর্ম্মশিক্ষারই নিতান্ত আধিক্য পরিলক্ষিত হয়। আমাদের ভারতবর্ষের পাশ্চাত্য শিক্ষায় কোনও বিদ্যালয়েতো পূর্ব্বোক্তরূপ প্রাচীন বিষয়সম্মিলন দৃষ্ট হয়না তবে ইউরোপের ধর্ম্মশিক্ষা ও সাধারণ শিক্ষার (Theological and Secular education) বিদ্যালয় সকল একত্রমিলিত হইলে যাহা হয় আমাদের ব্রহ্মচর্য্যের শিক্ষাতে প্রায় তাহাই পাওয়া যায়।

আমরা উপরে চতুর্দ্দশ বিদ্যার নাম প্রাপ্ত হইয়াছি। কিন্তু তাহাতেও সমস্ত পঠিতব্য বিদ্যার শেষ হয় নাই। এতদতিরিক্ত আমরা আরও চারিটী বিদ্যার নাম প্রাপ্ত হই। সেই চারি বিদ্যার নাম "আয়ুর্ব্বেদ," "ধনুর্ব্বেদ" "গান্ধর্ব্ববেদ" ও "অর্থশাস্ত্র"। প্রাগুক্ত চতুর্দ্দশ বিদ্যার সহিত এই চারিটী অতিরিক্ত বিদ্যার যোগ করিয়া বিদ্যার সংখ্যা অষ্টাদশ হয় যথা :—

"আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চেতি তে ত্রয়ঃ।
অর্থশাস্ত্রং চতুর্থঞ্চ বিদ্যাহ্যষ্টাদশৈবতাঃ॥

ইতি শব্দকল্পদ্রুমধৃত প্রায়শ্চিত্ততত্ত্বম্।

'আয়ুর্ব্বেদ' চিকিৎসা বিদ্যা 'ধনুর্ব্বেদ' যুদ্ধবিদ্যা 'গান্ধর্ব্ববেদ' সঙ্গীত বিদ্যা ও 'অর্থশাস্ত্র' ধনবিজ্ঞান বিদ্যা। এই চারিটীই বিশেষ বিদ্যা। কিন্তু বিদ্যার পারদর্শী হইবার জন্য চতুর্দ্দশ বিদ্যার সহিত এই চারিটী বিদ্যা আয়ত্ত করারও প্রয়োজন হইত। এই অষ্টাদশ বিদ্যা

পারদর্শী মহাপণ্ডিতকে বুঝাইতেই 'চারিবেদ চৌদ্দশাস্ত্রে পণ্ডিত' এই কথার উৎপত্তি হইয়াছে।

উপরি উল্লিখিত চারিটী বিশেষ বিদ্যার ইংরেজীতে নাম এইরূপ হইবে—Medical Science, Archery or Military Science, Musical Science, Science of wealth or Political Economy ইহা হইতে অষ্টাদশ বিদ্যার কিরূপ বিপুল পরিসর ছিল তাহা আমরা কতকটা ধারণা করিতে সমর্থ হই

ব্রহ্মচর্য্যাশ্রমের ধর্ম্মমূলক ও জ্ঞানমূলক শিক্ষা ব্যতীত আমরা ব্যবহারিক শিক্ষার ব্যবস্থাও দেখিতে পাই। কালিদাস রঘুর শিক্ষার বর্ণনায় এই ব্যবহারিক শিক্ষার একটী সুন্দর দৃশ্য প্রদর্শন করিয়াছেন :—

"ধিয়ঃ সমগ্রৈঃ স গুণৈরুদারধীঃ
ক্রমাচ্চতস্রশ্চতুরর্ণবোপমাঃ।
ততার বিদ্যাঃ পনবাতি পাতিভিঃ
দিশো হরিদ্ভির্হরিতামিবেশ্বরঃ॥ ৩০" রঘুবংশম্
তৃতীয় সর্গঃ।

"দিগধিপতি সূর্য্যদেব যেরূপ পবনাধিক বেগশালী অশ্বসকল যোগে চতুর্দ্দিক অতিক্রম করেন উৎকৃষ্ট বুদ্ধি রঘু ও তদ্রূপ সমস্ত বুদ্ধি বৃত্তি সহায়ে চতুঃসমুদ্রতুল্য চতুর্ব্বিদ্যার পারদর্শী হইয়াছিলেন।"

চতুর্ব্বিদ্যা সম্বন্ধে মল্লিনাথ এইরূপ টীকা করিয়াছেন :—

"আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিশ্চশাশ্বতী।
এতাবিদ্যাশ্চতস্রস্তু লোক সংস্থিতি হেতবঃ॥"

ইহার অর্থ এই 'তর্কশাস্ত্র, বেদ, বার্ত্তাশাস্ত্র ও দণ্ডনীতি এই চারিটী বিদ্যাই সমাজস্থিতির মূল।' 'লোক সংস্থিতি হেতবঃ' বলিয়া চারিবিদ্যা নির্দ্দেশিত হওয়ায় ইহাদিগকে আমরা পরিষ্কারই ব্যবহারিক বিদ্যা (Practical Studies) বলিয়া বুঝিতে পারিতেছি। উল্লিখিত বিষয় গুলির ইংরেজী নামের দ্বারা পরিচয় এইরূপ হইবে Logic, Theology, Political Economy, Law। ইংরেজী নাম হইতে, এই সমস্ত বিদ্যা সাংসারিক জীবনের পক্ষে যে সবিশেষ উপযোগী তাহা স্পষ্টই উপলব্ধি করা যাইতে পারে।

পুরোহিতের সহিত ধর্ম্মকার্য্যের সম্বন্ধ থাকিলেও তাঁহার পক্ষে ও দণ্ডনীতির ব্যবহারিক শিক্ষা আবশ্যক বলিয়া বিহিত দেখা যায়। কামন্দকনীতি শাস্ত্রে এ সম্বন্ধে উক্ত হইয়াছে—"ত্রয্যাঞ্চ দণ্ডনীত্যাঞ্চ কুশলঃ স্যাৎ পুরোহিতঃ॥" 'পুরোহিত বেদ ও দণ্ডনীতিতে নিপুণ হইবেন।' এইরূপে প্রাগুক্ত ব্যবহারিক শিক্ষা ব্রাহ্মণেরও সাধারণ শিক্ষারূপে পরিণত হইয়াছিল বলিয়া বোধ হয়।

এই প্রকারে প্রাচীনতম কালের চতুর্দ্দশ বিদ্যা ও অষ্টাদশ বিদ্যাই যে কালক্রমে চতুর্ব্বিদ্যার সঙ্ক্ষিপ্ত আকার প্রাপ্ত হইয়াছিল তাহা একটু অনুধাবন করিলেই বুঝিতে পারা যায়।

চতুর্ব্বিদ্যার পাঠ না যখন হইতে প্রবর্ত্তিত হইয়াছে তখন হইতেই বিদ্যাশিক্ষার স্থান "চতুষ্পাঠী" নাম ধারণ করিয়াছে। "চতুর্ব্বিদ্যার পাঠ হয় ইহাতে" ইহাই চতুর্ব্বিদ্যার ব্যুৎপত্তিগত অর্থ। কিন্তু "চতুর্ণাং বেদানাং পাঠোঽত্র" অভিধানে "চতুষ্পাঠীর"এরূপ ব্যুৎপত্তি পাওয়া যায়। এই ব্যুৎপত্তি আমরা সমীচীন বলিয়া গ্রহণ করিতে পারি না। কারণ ব্রহ্মচর্য্যাশ্রমে এক, দুই বা বহু বেদের পাঠ সম্বন্ধে মনুতে আমরা বৈকল্পিক বিধিই দেখিতে পাই। বেদ চতুষ্টয় পাঠের নিশ্চিত বিধি আমরা দেখিতে পাই না। বেদ সকলই যদি চতুষ্পাঠীর একমাত্র পাঠনীয় বিষয় হইত তাহা হইলে আমাদের বর্ত্তমান চতুষ্পাঠীতে বেদ পাঠ একেবারেই রহিত দেখা যাইত না।

"চতুষ্পাঠী" নামের উৎপত্তি কখন হইয়াছে তৎসম্বন্ধে অনুসন্ধান করিলে বৌদ্ধধর্ম্মের প্রাদুর্ভাবের পর ইহার উৎপত্তির প্রমাণই আমরা প্রাপ্ত হই। বৌদ্ধধর্ম্মের অভ্যুদয় সময়ে মঠে বিদ্যাশিক্ষা প্রদানের ব্যবস্থা হয়। ইহা হইতে শিক্ষাস্থানের নাম "মঠ" হইয়াছে। অমরকোষ অভিধানে "মঠশ্ছাত্রাদিনিলয়ঃ" এইরূপ উল্লেখ করিয়া মঠকে যেমন বিদ্যা শিক্ষার স্থানরূপে নির্দ্দেশ করা হইয়াছে—তেমনই বৌদ্ধসন্ন্যাসীদিগের বাসস্থানরূপেও নির্দ্দেশ করা হইয়াছে। তাহাতেই টীকাকার ভরত লিখিয়াছেন "আদিনা পরিব্রাজকক্ষপণকাদীনাং গ্রহঃ। *" পূর্ব্বে আমরা চতুর্ব্বিদ্যা সম্বন্ধে যে শ্লোক

* শব্দকল্পদ্রুম।

উদ্ধৃত করিয়াছি তাহা বৌদ্ধনীতিবেত্তা কামন্দকীয় নীতি হইতেই উদ্ধৃত হইয়াছে। তাহা হইলে বৌদ্ধদিগের সময় চারিবিদ্যার অধ্যাপনা ব্যবহারিক শিক্ষারূপে প্রচলিত ছিল বুঝিতে পারা যায়। এই চারিবিদ্যার ব্যবহারিক শিক্ষারূপে বহুল প্রচলন হইতেই ইহাদের দ্বারা শিক্ষা স্থান "চতুষ্পাঠী" নামে পরিচিত হয়।

"চতুষ্পাঠী" নামের মূলানুসন্ধান দ্বারা আমরা বুঝিতে পারিলাম যে প্রাচীন চতুষ্পাঠীর শিক্ষা বর্ত্তমান চতুষ্পাঠীর ন্যায় অঙ্গহীন ছিল না; বরঞ্চ তৎকালের পক্ষে পূর্ণাঙ্গ কার্য্যকরী শিক্ষাই ছিল। বর্ত্তমান পাশ্চাত্য কার্য্যকরী শিক্ষার সহিত ইহা সর্ব্বাংশে সমতুল্য না হইলেও তদপেক্ষা একেবারে হীনও ছিল না। প্রত্যুত বেদশিক্ষার সহিত ইহার যোগ থাকায় ইহা বিশেষরূপে ধর্ম্মপ্রধান শিক্ষাই ছিল; বর্ত্তমান পাশ্চাত্যানুযায়িনী শিক্ষার ন্যায় ধর্ম্মহীন শিক্ষা ছিল না।

শ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী।

কবিতার প্রাণ (২)

সাহিত্য সমাজের দর্পণ। এই দর্পণের মধ্য দিয়া আমরা অতীতকে বর্ত্তমানের মধ্যেও উপলব্ধি করিতে পারি। জাতি বা সমাজ উত্থান ও পতন রীতি নীতি ও পদ্ধতি—ভাববৈচিত্র্য এবং কর্ম্মবৈচিত্র্য এ সমুদয়ই সাহিত্যরূপ দর্পণের দ্বারা আমরা প্রত্যক্ষ লাভ করিতে পারি। জগতের শ্রেষ্ঠ কাব্য জগতের শ্রেষ্ঠ ইতিহাস। কবিছন্দের চঞ্চল নৃত্যের দ্বারা ভাবা পুষ্পের যে সুরভি সুন্দর মাল্য রচনা করেন তাহা অতীত ও বর্ত্তমানকে এক অচ্ছেদ্য-মিলন-সূত্রে সংযোজিত করে। কবি যুগ প্রবর্ত্তক। শুষ্ক নীরস ইতিবৃত্ত মানুষ ভুলিতে পারে—কিন্তু কাব্য কেহ ভুলিতে পারে না। কালিদাসের জন্ম সন তারিখ লইয়া প্রত্নতত্ত্বের লড়াই অবিশ্রান্ত ভাবে চলিবে এবং তাহার স্থির মীমাংসা পণ্ডিতেরা কেহই নির্ব্বিবাদে গ্রহণ করিবেন না—কেহ বলিবেন তোমার হিসাব দশ বৎসরের ভুল, আমার হিসাবই ঠিক্ আবার অপর তর্জ্জন করিবেন—তোমার ভুল আমার ঠিক, কালিদাসের জন্ম পত্রিকা বিচারের এই কল-রোল নদীর স্রোতের মত অবিশ্রান্ত গতিতে চলিবে কিন্তু জিজ্ঞাসা করি কালিদাস কাব্যের প্রমত্ত সঙ্গীত দ্বারা তাঁহার যুগের যে পেলব মধুর চিত্র অঙ্কিত করিয়াছেন তাহা কি কেহ ভুলিতে পারিবেন? যুগে যুগে নানাদেশে নবীন কবির উদ্ভব হয়। কবি তাহার জন্মযুগের প্রত্যক্ষ অনুভূতি কাব্যরসে সিঞ্চিত করিয়া ভবিষ্যত যুগের নর নারীর সমক্ষে উপস্থিত করেন। এজন্যই আমরা প্রতি যুগের শ্রেষ্ঠ কবিগণের কাব্যরস পান করিবার জন্য বিভোর হইয়া পড়ি। এজন্যই কবির আসন এত উর্দ্ধে অবস্থিত। কাব্য যেমন সর্ব্বসাধারণের প্রিয় হয় কোন দেশে কোন কালেই সাহিত্যের অপর কোন অংশ তাদৃশ প্রিয় হয় না। কাজেই কবির এ কথাগুলি সাক্ষাৎ দৃষ্টান্ত দ্বারা আলোচনা করা যাউক। কবি ঈশ্বরচন্দ্র শতবর্ষ পূর্ব্বে আমাদের দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন। শতবর্ষ পূর্ব্বের চিত্র আমরা তাঁহার কাব্য হইতে সুস্পষ্ট অনুভব করিতে পারি। সৌন্দর্য্য ও আনন্দ দান কবিতার প্রাণ একথা কয়টী অতি যথার্থ হইলেও দেশকাল ও পাত্রভেদে উহা নানা বিভিন্ন আকারের ধারণ করে। ঈশ্বরচন্দ্রের রচনায় ইহার সুস্পষ্ট বিকাশ দেখিতে পাওয়া যায়। তাঁহার রচনায় সে যুগের সামাজিক চিত্র সুস্পষ্ট চিত্রিত। তাঁহার রচনা একদিকে যেমন সরল ও প্রাঞ্জল ছিল, হাস্যরস বর্ণনায়ও তাঁহার ন্যায় সৌভাগ্যশালী কবি আমাদের দেশে অতি অল্পই জন্ম গ্রহণ করিয়াছেন। তিনি যেখানে যে পরিহাসের উপযুক্ত প্রমোদকর বিষয় পাইয়াছেন তাহাই অতি সরল ও সরস ভাবোচ্ছ্বাস দ্বারা সুস্পষ্ট প্রকাশ করিয়াছেন।

আমাদের দেশে ইংরেজী শিক্ষা প্রসার লাভের সঙ্গে সঙ্গে যে সকল সামাজিক বিপ্লব উপস্থিত হইয়াছিল ঈশ্বরচন্দ্র সে সকলের প্রতি কখনও কটাক্ষপাত করিতে ছাড়েন নাই। তাহার কবিতা হইতে আমাদের দেশে প্রথম ইংরেজী শিক্ষার ফল সমাজ-দেহে

কি আকার ধারণ করিয়াছিল তাহা নিম্নলিখিতরূপ জানিতে পারি,—

খেয়ে খানা পড়ে খানা কত খানা কারখানা।
বাড়ীতে খানার খোলা দিবানিশি জলেছে॥
ফিরেছে সবার মতি, নাহি পূজে ভগবতী।
আহারের সময়েতে ভগবতী (মদ্য) চলেছে॥
পায়ে দিয়ে বাঁকা বুট দাঁতে কাটে বিস্কুট।
গোটুহেল ড্যামহুট্‌ মা বাপেরে বলেছে॥
এর চেয়ে সুখোদয় কবে আর কার হয়।
দেখ আর মহাশয় আশাতরু ফলেছে॥

* * * *

'আমার সেবক যত তারা সব জেঁকেছে।
হাতে করি পরাশর সরাসর ডেকেছে॥
স্মৃতি মনু বেদ আদি দূরে ফেলে রেখেছে।
কেহ না আদর করে বড় দায় ঠেকেছে॥'

আবার স্ত্রী শিক্ষার অত্যধিক আন্দোলনের সময় তিনি লিখিয়াছিলেন যে—

'এরা এ, বি, পড়ে বিবি সেজে বিলাতী বোল
কবেই কবে,
আর কিছুদিন থাক্‌লে বেঁচে
সবাই দেখ্‌তে পাবেই পাবে
এরা আপন হাতে হাঁকিয়ে বগী গড়ের
মাঠে হাওয়া খাবে।'

রস সম্বলিত তিনি অসংখ্য কবিতা প্রণয়ন করিয়াছিলেন। এখানে আমরা একটী উদ্ধৃত করিলাম।

দিন্ দুপুরে চাঁদ উঠেছে রাৎ পোয়ানো ভার।
হোলো পুন্নিমেতে অমাবস্যা তের পহর অন্ধকার॥
এসে বেন্দাবনে বলে গেল বামী বষ্টমী।
একাদশীর দিনে হবে জন্ম-অষ্টমী॥
আর ভাদর মাসের সাতুই পোষে
চড়ক পূজার দিন এবার॥

* * * *

কাল বিষ্টিজলে ছিষ্টি ভেসে পুড়ে হলো ছায়েখার।
এই সূর্য্যি মামা পূর্ব্বদিকে অস্ত চলে যায়॥
উত্তর দখিণ কোণ থেকে আজ বাতাস লাগছে গায়
সেই রাজার বাড়ীর টাটু ঘোড়া সিং উঠেছে
দু'টো তার॥
ঐ কলু রামী ধোপা শামী হাস্‌তেছে কেমন।
এক বাপের পেটেতে এরা জন্মেছে দু'জন॥
কালু কামরূপেতে কাক মরেছে কাশীধামে
হাহাকার।

এতদ্ব্যতীত তিনি বহু সঙ্গীত, হাফ্‌ আকড়াই, ও পাঁচালী প্রভৃতি রচনা করিয়া গিয়াছেন।

ঈশ্বরচন্দ্র 'হিতপ্রভাকর' নামক যে গ্রন্থ রচনা করিয়া দেশবাসীর নিকট অত্যধিক যশ ও গৌরব লাভ করেন সেই গ্রন্থ রচনার একটু ইতিহাস আছে, এস্থলে ঐ বিষয়টীর উল্লেখ অপ্রাসঙ্গিক হইলেও সাহিত্যের ইতিহাসের দিক্ দিয়া উহার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া এখানে তাহার উল্লেখ করিলাম। বেথুন্ সাহেব খৃঃ ১৮৫১ অব্দের ৭ই জুলাই তারিখে কবি ঈশ্বরচন্দ্রকে নিম্নলিখিত রূপ পত্র লেখেন—

"আমি অনেকের মুখে শুনিয়াছি, আপনি বাঙ্গালা ভাষায় একজন সজীব কবি; আপনি যদি পরিশ্রম স্বীকার পূর্ব্বক সুকুমারমতি বালক বালিকাবর্গের পাঠোপযোগী একখানি কাব্য রচনা করেন তাহা হইলে আপনার দেশীয় লোকেরা অবশ্য আপনার নিকট বাধিত হইবেন এবং আমিও সেই সূত্রে বাধিত হইব * * * আমি আপনাকে আরও অনুরোধ করিতেছি, যে পুস্তক লিখিবেন, তাহাতে অপবিত্র অথবা অশ্লীল ভাব যেন স্থান না পায়। এ অনুরোধ করিবার বিশেষ কারণ এই আমি শুনিয়াছি, আপনাদিগের দেশের অনেক সুপ্রসিদ্ধ প্রশংসনীয় গ্রন্থকারগণ ঐ দোষের হস্ত হইতে মুক্ত হইতে পারেন নাই।" 'হিতপ্রভাকর' গ্রন্থের সেই

জয় ভগবান, সর্ব্বশক্তিমান
জয় জয় ভবপতি,
করি প্রণিপাত এই কর নাথ!
তোমাতেই থাকে মতি!

এ কবিতাটি জানেন না বা পাঠ করেন নাই শিক্ষিত সমাজের মধ্যে বঙ্গদেশে এইরূপ কেহ আছেন কিনা জানি না। তাঁহার কবিতার ন্যায় ভাব প্রণোদিত

শক্তিপূর্ণ নানা জাতির কবিতা অতি অল্প সংখ্যক কবিই আমাদের দেশে দান করিয়াছেন। এক হিসাবে ঈশ্বরচন্দ্রের ন্যায় সৌভাগ্যশালী লোক অতি অল্পই জন্ম গ্রহণ করিয়াছেন। জীবনে নিজ কবিত্ব সমৃদ্ধির জন্য তিনি যেরূপ যশস্বী হইয়াছিলেন শিষ্য গৌরবেও তিনি ততোধিক যশঃ গৌরব লাভ করিয়া গিয়াছেন। ভবিষ্যত যুগে যে দুই উজ্জ্বল জ্যোতিষ্কের প্রদীপ্ত কিরণ জালে বঙ্গ-সাহিত্য-গগন ঝলসিত হইয়াছিল সেই দুই মহা-পুরুষের প্রথম প্রেরণা প্রথম হাস্য রচনার হাতে খড়ি প্রথম রচনা প্রকাশ শুরু ঈশ্বরচন্দ্রের প্রতিভাবলেই সঞ্জীবিত হইয়াছিল। সে শিষ্য দুই জনকে তাঁহাদের নাম আপনাদিগকে বলিবার কৌতুহল অনাবশ্যক-তাঁহারা আর কেহই নহেন আমি বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধুর কথা বলিতেছিলাম। সাহিত্য-সম্রাট বঙ্কিম ও নাট্য-সম্রাট দীনবন্ধু এই ঈশ্বরচন্দ্রের স্নেহ তরুর অন্তরালে রহিয়াই একদিন আপনাদের আত্মপ্রকাশ করিবার সুযোগ পাইয়াছিলেন। এই দুই তরুণ শিষ্যের শুভ্র ললাটে বীণাপানি তাহার অতি শৈশবেই যশের যে উজ্জ্বল গৌরব রশ্মি রেখা অঙ্কিত করিয়া দিয়াছিলেন তাহা সাধক কবির সূক্ষ্ম দৃষ্টি এড়াইতে পারে নাই।

ঈশ্বরচন্দ্ররূপী প্রদীপ্ত তপনের লোহিত রশ্মি যখন কাব্যগগণের পশ্চিম সীমান্তে কালের অজ্ঞাত কৃষ্ণ যবনিকার অন্তরালে লুকাইয়া গেল তখন নিদ্রিত—দুঃখমগ্ন শোকাকুল বঙ্গবাসী দেখিতে পাইল এ দুইটী তরুণ বিহঙ্গ উজ্জ্বল মূর্ত্তিতে বিশীর্ণ তরুশীর্ষে বসিয়া আছে। একটীর কণ্ঠে সঙ্গীতের মধুর নিক্কণ অপরের কণ্ঠে রুদ্রলীলার তরঙ্গ গর্জ্জন। তখন গভীর রজনীতে সকলে অলস অবশ ভাবে ঘুমাইয়া পড়িল। নিদ্রাভঙ্গে তাহারা শুনিতে পাইল একটী বিহঙ্গ তান ধরিয়াছে—

রাত পোহাল ফরসা হল
ফুটলো কত ফুল,
কাঁপিয়ে পাখা, নীল পতাকা
জুটলো অলিকুল।
পূর্ব্ব ভাগে নবীন রাগে
উঠলো দিবাকর
সোণার বরণ, তরুণ তপন
দেখ্‌তে মনোহর।

এখানে দীনবন্ধুর আলোচনা আমরা করিবনা, তাঁহাকে নাট্যকার রূপে দুরে রাখিলে আমাদের অন্যায় হইবে না। নাট্য সাহিত্যের দিক্ দিয়াই তিনি আমাদিগকে যাহা দান করিয়াছেন তাহা ক্ষুদ্র হইলেও স্বর্ণ-মুষ্টি। সে স্বর্ণমুষ্টি সুরধুনী কাব্য। ঐ কাব্যে আমাদের দেশের তৎকালীন নাগরিক ও পল্লী জীবনের যে সুমধুর চিত্র অঙ্কিত আছে, তাহা একহিসাবে আমাদের বাঙ্গলার ইতিহাসের অভিভূত করিয়া লইলেই অধিকতর সঙ্গত হয়। সেত শুধু প্রাণময়, নির্জীব কঙ্কালের সুন্দর সুঠাম লাবণ্য ময় দেহে রূপান্তরিত হইতে প্রাণধারণ যেমন এক আশ্চর্য্য ভীতি ও বিস্ময়ের ভাবোদ্রেক হয় তেমনি দীনবন্ধুর সুরধুনীর কল কল ধ্বনির তালে তালে অতীতের যে সুখ সমৃদ্ধিপূর্ণ স্বাস্থ্যময়ী পল্লীজননীর চিত্র দেখিতে পাই তাহা আমাদের বর্ত্তমানের গর্ব্বোদ্ধত শ্মশানের বিভীষিকাপূর্ণ হাহাকার ধ্বনি পরিপূরিত বৃথা অট্টহাসির পরিম্লান ছবিকে আরও অধিকতর ম্লান করিয়া দেয়।

বঙ্কিমচন্দ্র এই যুগের প্রদীপ্ত সূর্য্য। তাঁহাকে ঘিরিয়াই বঙ্গ গগনের ইতস্ততঃ বিক্ষিপ্ত গ্রহ উপগ্রহগণ নিজ নিজ কক্ষে পরিভ্রমণ করিতেছিল। বঙ্কিমচন্দ্র প্রথম জীবনে কাব্য রচনায় মননিবেশ করিয়াছিলেন 'ললিতাও মানস' নামে একটী ক্ষুদ্রকাব্য এবং কয়েকটী খণ্ড কবিতাও রচনা করিয়াছিলেন কিন্তু সে সকলের যে কোন স্থায়ী মূল্য নাই সে সম্বন্ধে কেহই কোন আপত্তি উত্থাপন করিতে পারেন না। কিন্তু বঙ্কিম সূর্য্য যখন শৈশব গগনের ঘন ঘোর কুহেলি তিমির ভেদ করিয়া মধ্য গগনে উদিত হইলেন তখন সকলে বিস্ময় বিমুগ্ধ নয়নে চাহিয়া রহিলেন। কি প্রভা! কি তেজ! দিকে দিকে প্রদীপ্ত আলোক রশ্মি অন্ধকার দুর করিয়া উজ্জ্বল দীপ্তিতে প্রকাশিত হইয়াছে। অন্ধকার নাই—অন্ধকার নাই! মাতৃভাষা আমাদের দীনা নহে ইংরেজী শিক্ষিতের সে ঘৃণার পাত্র নহে সে যে অপূর্ব্ব বৈভবশালিনী বিশ্বজনমনোমোহিনী দেবী জগদ্ধাত্রী

সে শুভ দিনে কোটি কোটি কণ্ঠে কোটি কোটি মানব সন্তান গগন বিদারি ভৈরব মন্ত্রে গাহিয়া উঠিল 'হে ভাষা জননি! কে বলে মা তুমি অবলে

এত কথা বলিতে বলিতে এক জনের কথা ভুলিয়া গিয়াছি। সে "সুধীরঞ্জন" প্রণেতা ৺ দ্বারকানাথ অধিকারী। বঙ্কিমচন্দ্র, দীনবন্ধুর ন্যায় ইনিও গুপ্ত কবি ঈশ্বরচন্দ্রের সাহিত্য শিষ্য ছিলেন। অতি অল্প বয়সেই তাঁহার মৃত্যু হয়। ইংরেজী ১৮৫৪ সালে বিখ্যাত প্রভাকর সম্পাদক ঈশ্বরচন্দ্র গুপ্ত ভ্রমণার্থ কৃষ্ণনগরে উপস্থিত হন। সেই সময়ে দ্বারকানাথ "মনেরপ্রতি উপদেশ" নামক একটী কবিতা লিখিয়া গুপ্ত মহাশয়কে উপহার দেন। গুপ্ত মহাশয় এই কবিতাটি পাঠ করিয়া অত্যন্ত মুগ্ধ হন এবং উহা 'প্রভাকর' পত্রে প্রকাশ করিয়া লেখককে উৎসাহ প্রদান করেন।

বঙ্কিমচন্দ্র, দীনবন্ধু ও দ্বারকানাথের সহিত যে কবিত্বের প্রতিযোগীতা চলিত তাহাতে কখনও দীনবন্ধু কখনও বঙ্কিমচন্দ্র এবং কখনও দ্বারকানাথ জয়ী হইতেন। দ্বারকানাথ বঙ্গ সাহিত্যে বেশী কিছু বলিয়া যাইতে পারেন নাই তথাপি যাহা কিছু বলিয়া গিয়াছেন—কবিতা প্রিয় রসজ্ঞ ভাবুকের নিকট উহা চির সমাদৃত রহিবে। দ্বারকানাথের মৃত্যুর পর চট্টগ্রাম নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক স্বর্গীয় জগদীশ তর্কালঙ্কার মহাশয় লিখিয়া ছিলেন—"যদিও আমাদিগের কবিবর অধিক গ্রন্থ রচনা করিয়া যাইতে পারেন নাই তথাচ তিনি যে তাঁহার "সুধীরঞ্জনে" চিরস্মরণীয় হইয়াছেন তাহাতে আর সন্দেহ নাই। তাঁহার মৃত্যুতে আমাদিগের বঙ্গভাষা যে একটী অমূল্য অলঙ্কার হারাইয়াছেন তাহার আর কিছু মাত্র সংশয় নাই। অদ্য আমরা যে বঙ্কিম বাবুর লেখনী নিস্যন্দিত অজস্র অমৃত রাশি পান করিয়া আত্মাকে চরিতার্থ বোধ করিতেছি, এবং যে দীনবন্ধু বাবু এতদিন কাব্য রসে বঙ্গবাসীদিগকে উন্মত্তবৎ করিয়া তুলিয়াছিলেন আমাদিগের কবিবর ইঁহাদিগের অপেক্ষা নিকৃষ্ট ছিলেন না। বরং অনেক বিষয়ে শ্রেষ্ঠ ছিলেন"। এই উক্তি আমাদের নিকট বর্ত্তমান সময়ে অত্যুক্তি বলিয়া বিবেচিত হইলেও সেকালে যে উহা অত্যুক্তি বিবেচিত হইত না আহার যথেষ্ট প্রমাণ আছে। তাঁহার মৃত্যুর পর তৎসাময়িক কয়েক জন কবিভ্রাতা কর্ত্তৃক "প্রভাকর" পত্রিকায় যে সকল আক্ষেপ সূচক কবিতা প্রকাশিত হইয়াছিল তাহার দুইটী পংক্তি এখানে উদ্ধৃত করিলাম।

শশধর সম তুমি, যশধর ছিলে।
কি কারণে যশ সেতু, ভঙ্গ করি দিলে?

দ্বারকানাথের

দয়ার সাগর, সর্ব্ব-গুণাকর,
যিনি অখিলের স্বামী।
যাঁহার ইচ্ছায়, জীব সমুদয়
জন্ম মৃত্যু অনুগামী।

আর তাঁহার

আহা! কি আশ্চর্য্য মায়া
মায়ের অন্তরে,
জীবের মঙ্গল হেতু সদাবাস করে

বোধ হয় সকলেরই কণ্ঠস্থ আছে। "বঙ্গভাষার সহিত ইংরেজী ভাষার কথোপকথন" শীর্ষক কবিতাটিতে উভয়ের কলহ বড়ই আনন্দ দায়ক রস সমৃদ্ধিতে পূর্ণ। ইংরেজী ভাষা বঙ্গভাষাকে বলিতেছে—

কিছুই বলিতে নারি, তুমি কি ভাবের নারী,
কে বুঝিবে তব আচরণ।
পরি হরি সুধাকর, যুড়াইতে কলেবর,
খদ্যোতের নিয়াছ শরণ।

ইংরেজী ভাষার এইরূপ উক্তি শুনিয়া বঙ্গভাষা গর্জ্জিয়া বলিল,—

'কি ভয় দেখাও তুমি আর বার বার।
চাঁদে কি করিবে প্রিয় প্রভাকর যার॥
সে যদি আপন কর না করে প্রকাশ।
শশি কি কখন পারে শোভিতে আকাশ॥
কি কারণে তোষামোদ করিব সকলে।
পিপাসা যাবেনা কভু গোস্পদের জলে॥
বিশেষতঃ বারি বিনে কিছু নাই ডর।
একাকী ঈশ্বর মম বিদ্যার সাগর॥

কালে না পারিবে কিছু করিতে আমার।
পেয়েছি কপাল গুণে অক্ষয় কুমার॥
তাহার বাসনা সবে শুনিবারে পায়।
অক্ষয় যশের মালা পরাইবে মায়॥'

এইরূপ নানা বাদানুবাদের পর ইংরেজী ভাষা বিজয়িনী হইলে দীনা বঙ্গভাষা মিনতির সুরে কহিলেন,—

এ জগতে সতি, তুমি গুণবতী,
তোমারে শিখাব কিবা।
তবেগো সুন্দরী! যদি কৃপাকরি
আমারে প্রসাদ দিবা।
তোমার সহিতে, সাক্ষাৎ করিতে
আইলে যুবক সবে।
মোর দিব্য লাগে, সকলের আগে
এই কবি কথা কবে॥
স্বদেশীয় ভাব, শিখিতে উল্লাস,
না হয় অন্তরে যার।
বিধাতার ভুলে, মানবের কুলে
জনম হয়েছে তার।

মদনমোহন তর্কলঙ্কারও এ যুগের কবি। তাঁহার রচিত 'বাসব দত্তা' অতি উৎকৃষ্ট কাব্য হইয়াছিল।

'পাখী সব করে রব রাতি পোহাইল'

এই কবিতাটী শিশু পাঠ্য হইলেও এমন মনোরম সরল ও সুন্দর কবিতা এপর্য্যন্তও রচিত হয় নাই।

ইহাদের কিছু পূর্ব্বে মধুসূদন মধুচক্র রচনা করিয়া গৌড়জনের তৃষ্ণা নিবারণের জন্য অগ্রসর হইয়াছিলেন—হেমচন্দ্র শিঙার রবে নব উদ্বোধন সঙ্গীত গাহিয়াছিলেন—

নবীনচন্দ্র পলাশীর যুদ্ধ রচনা করিয়া সাহিত্য ক্ষেত্রে অগ্রসর হইয়াছিলেন।

আমাদের নির্জ্জিব বঙ্গভাষায় এই তিনটি কবির কবিত্ব প্রভাব কত দূর শক্তি বিস্তার করিয়াছে তাহার উল্লেখ নিষ্প্রয়োজন। প্রকৃত ইংরেজী প্রভাবের প্রভাবিত হইয়া ইঁহারাই কাব্য-সাহিত্যে অগ্রসর হইয়াছিলেন। মধুসূদনের মেঘনাদ, নবীনচন্দ্রের "পলাশীর যুদ্ধ" এবং হেম বাবুর "বৃত্র সংহার" বঙ্গসাহিত্যের অমূল্য সম্পত্তি। তিনজন কবির কবিতার বিশেষ আলোচনা না করিয়া আমরা আমাদের সমাজের বক্তব্যের গতি এখন অন্য ভাবে প্রবাহিত করিব।

এই যুগে একদল প্রাচীন কবিগণের ভাব প্রণোদিত কবির উদ্ভব হইয়াছিল। তাহাদিগের মধ্যে কেহ কেহ নিরক্ষর কেহ কেহ বা কবির দল, পাঁচালীর দলের গায়কছিলেন। আবার কেহ কেহ ইংরেজী শিক্ষিত না হইলেও বঙ্গভাষায় অসাধারণরূপ শিক্ষিত এবং মহামহিমান্বিত সাধক ব্যক্তি ছিলেন। স্বর্গীয় হরিনাথ মজুমদার বা কাঙাল ফিকির চাঁদের নাম এ ক্ষেত্রে বিশেষ রূপে উল্লেখযোগ্য। কাঙাল ফিকির চাঁদের প্রাণস্পর্শী সঙ্গীত সুধায় এক সময় বঙ্গের হাট মাঠ ঘাট সর্ব্বত্র প্লাবিত হইয়া গিয়াছিল। তাঁহার অধিকাংশ সঙ্গীতই পরমার্থ জ্ঞাপক। এখানে দুই একটীর উল্লেখ করা গেল,—

আজব দুনিয়ার একি দেখি আজব কারখানা।
ওরে ফল খেয়ে যোরে যে গাছ দেখে না॥
হচ্ছে কত গাছের পাতা পড়ছে আবার খসিয়ে
ওরে আগুণেতে পুড়ছে ঘাস গোবর উঠ্‌ছে হাসিয়ে!
মরছে লোকে সর্ব্বদাই, শ্মশানেতে হচ্ছে ছাই,
তবুলোকে করছে মনে আমার মরণ হবেনা হবেনা!
ইচ্ছা অনুসারে যখন কার্য্য হয় সবাকার
তখন ইচ্ছাপরে ইচ্ছা আছে সন্দেহ আর নাহি তার!
লোক এমন অবোধ ভাই, হাতের সম বলনাই।
অহঙ্কার করি তাই বলে ঈশ্বর মানি না মানি না॥
কেঁদে বলে অতি দীন, বিদ্যাহীন কাঙালে,
ঈশ্বর কি জানা যায় বিদ্যা বুদ্ধি কৌশলে!
আমি আছি কিরে নাই, আগে ঠিক্ কর তাই,
পর দেখ্‌ব আছেন তিনি
ভাব্‌তে কিছু হবেনা হবেনা!

আবার

ওরে ভাই সকল ফাঁকি, শেষ দশা কি,
মনে একবার ভেবে দেখ্‌লে!
মানুষ করে যখন ধন উপার্জ্জন,
মাথার ঘাম পায়ে ফেলে।

তখন রে ধনের তরে মধুর স্বরে,
সবাই ডাকে কর্ত্তা বলে ॥
যদিরে ধন উপার্জ্জন না হয় কখন,
নিন্দা করে কথার ছলে।
গৃহিণীর মুখ তলো ছেলে গুলো,
নাহি ডাকে বাবাবলে ॥
দিয়েরে ছাই উদরে, সিন্ধুক পুরে,
ধন দৌলত রেখেও মলে ॥
শ্মশানে লবে যখন, বাঁধবে তখন,
একখানা ছেঁড়া চাটাই ফেলে।
তুমি যে গিন্নীর ঠাটে, খেটে খেটে
সেথার শরীর মাটী করলে,
শ্মশানেতে লবে যখন, হয়ত তখন,
তিনি দেবেন গোবরগুলে।
কাঙ্গাল যে ভবের মুটে,
খেটে খেটে জন্ম এখন এই শেষ কালে।
বুড়োবলদের মত, কষ্ট কত,
স্থান না পায় আর কোন স্থলে ॥

এই সকল সঙ্গীত সংসারের ভিতর নিয়ত বৈরাগ্যের বিভীষিকা আনয়ন করে। ঠিক এইরূপ পরমার্থ জ্ঞাপক কবিতা রচয়িতাগণের মধ্যে পালন সা ফকির, পাগলা কানাই, সুধারাম বাউল, কৃষ্ণচান্দ্র পাঠক প্রভৃতি সঙ্গীত রচয়িতাগণের নাম উল্লেখযোগ্য। ঐ সকল সঙ্গীতের মধ্যে প্রকৃত কবি হৃদয়ের ও গূঢ় আধ্যাত্মতত্ত্ব সমূহের সরল ও সহজ ব্যাখ্যা দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান সময়ে এই সকল কবিগণের ও সঙ্গীত রচয়িতা গণের বিবিধ রচনা যত্নের সহিত সংগৃহীত হইতেছে।

যে সময় বঙ্কিমচন্দ্র মধ্যাহ্ন গগনে উজ্জ্বল কিরণ বিকীরণ করিতেছিলেন—যখন তিনি 'বঙ্গ দর্শন' প্রচার করিয়া পশ্চিম বঙ্গের সাহিত্য সমাজে প্রতিভাবান কৃতী সাহিত্যিক মণ্ডলী গঠিত করিয়া নবভাবে নবছন্দে বঙ্গবাসীর তৃষিত হৃদয় মরুতে রসাল নন্দনের সৃষ্টি করিতেছিলেন, তাঁহার অল্প কিছুদিন পরেই পূর্ব্ববঙ্গে পদ্মা তীরের বিক্রমপুরের এক সাধক পুরুষ ঢাকা নগরীর পুণ্যপীঠে 'বান্ধবের' পুণ্য-প্রদীপ জ্বালিয়া পূর্ব্ববঙ্গের দীনামলিনা সাহিত্য জননীর সাধনার জন্য ঋত্বিকবেশে আরতির শুভ শঙ্খ ঘণ্টা ধ্বনি বাজাইয়া পূর্ব্ববঙ্গের সাহিত্যিকগণকে আহ্বান করিতেছিলেন। তাঁহার সেই আহ্বানে বড় কেহ একটা শ্রবণ করে নাই। কেবল কবি দীনেশচরণ আর কবি গোবিন্দচন্দ্র রায় সঙ্গীতের সুমধুর স্বর-লহরীতে চতুর্দ্দিক প্রতিধ্বনিত করিয়া আমাদিগকে আশার বাণী শুনাইয়াছিলেন।

গোবিন্দ বাবুর—

নির্ম্মল সলিলে বহিছ সদা তটশালিনী সুন্দর যমুনেও! সঙ্গীতটী যতদিন বঙ্গভাষা জীবিত থাকিবে—ততদিন ঐ স্বর লহরী কোন বাঙ্গালী ভুলিতে পারিবে না। দীনেশচরণ বসুর "তুই কি বুঝিবি শ্যামা মরণের বেদনা" সঙ্গীতটীও এ সময়েই রচিত হইয়াছিল। কিন্তু হায়! বঙ্কিমচন্দ্র যেমন পশ্চিমবঙ্গে একটী সাহিত্য-কেন্দ্র গড়িয়া যাইতে পারিয়াছিলেন—তাঁহাকে বেষ্টন করিয়া উজ্জ্বল জ্যোতিষ্ক-মণ্ডলির শুভ অভ্যুদয় হইয়াছিল—দুর্ভাগ্যের বিষয় কালীপ্রসন্ন তেমন কিছু গড়িয়া যাইতে পারেন নাই। ইহা আমাদের সৌভাগ্যের বিষয় কি দুর্ভাগ্যের বিষয় তাহা সর্ব্বসাধারণই বিবেচনা করিবেন।

যখন পূর্ব্ব পশ্চিমে বঙ্কিম ও কালীপ্রসন্ন রূপী দুই ভীষণ গিরিবর্ষ্ম উচ্চশীর্ষে গগন চুম্বন করিতেছিল—সে সময়ে দুই গিরিবর্ষ্মের মধ্যদিয়া এক নির্ঝরিণী বাহির হইয়া আসিল। সে ঘুমাইয়াছিল--উপল বুকে নীরবে আপনার সুখসুপ্ত শয্যায় সুখশায়িত ছিল—সহসা তাহার ঘুম ভাঙ্গিল সে মৃদুস্বরে গাহিয়া উঠিল—সে স্বর বড় মধুর বড় কোমল কিন্তু দৃঢ় আবেগ পরিপূর্ণ। সে গাহিল—

আমি—ঢালিব করুণা-ধারা,
আমি—ভাঙ্গিব পাষাণ-কারা
আমি—জগৎ প্লাবিয়া বেড়াব গাহিয়া
আকুল পাগল পারা।
কেশ এলাইয়া, ফুল কুড়াইয়া
রামধনু-আঁকা পাখা উড়াইয়া,
রবির কিরণে হাসি ছড়াইয়া,
দিবরে পরাণ ঢালি।

শিখর হইতে শিখরে ছুটিব,
ভূধর হইতে ভূধরে লুটি",
হেসে খল, খল গেয়ে কল কল,
তালে তালে দিব তালি।
তটিনী হইয়া যাইব বহিয়া—
যাইব বহিয়া—যাইব বহিয়া—
হৃদয়ের কথা কহিয়া কহিয়া
গাহিয়া গাহিয়া গান!
যত দেব প্রাণ বহে যাবে প্রাণ,
ফুরাবে না আর প্রাণ।

এসময়ে দ্বিজেন্দ্রলাল, চিত্তরঞ্জন, দেবেন্দ্রনাথ, গোবিন্দ দাস, অক্ষয়কুমার, রজনীকান্ত প্রমুখ কবিগণের শুভ অভ্যুদয় হইল। মহিলা কবিগণ কবিতার প্রাণে ভাব বিভোর চিত্তে পৌরষ কণ্ঠের সহিত কমনীয় রমণীর কণ্ঠ মিলাইলেন। স্বর্ণকুমারী, গিরিন্দ্র মোহিনী, মানকুমারী কামিনী রায় প্রভৃতির কথা বলিতেছি। তারপর নির্ঝরিণী যখন ক্রমশঃ স্রোত পথে অগ্রসর হইতে লাগিল তখন চারিদিক অপূর্ব্ব ফলে পুষ্পে সুশোভিত করিয়া সংসারের সংকীর্ণ গণ্ডী ভেদ করিয়া বিশ্বজনীন প্রেমের প্রবল তরঙ্গোচ্ছ্বাসে এক অপূর্ব্ব বাণী শুনিতে পাইলাম—

এ আমার শরীরের শিরায় শিরায়,
যে প্রাণ-তরঙ্গ মালা রাত্রি দিন ধায়,
সেই প্রাণ ছুটিয়াছে বিশ্ব দিগ্বিজয়ে,
সেই প্রাণ অপরূপ ছন্দে তালে লয়ে
নাচিছে ভুবনে; সেই প্রাণ চুপে চুপে
বসুধার মৃত্তিকার প্রতি রোম কূপে
লক্ষ লক্ষ তৃণে তৃণে সঞ্চারে হরষে,
বিকাশে পল্লবে পুষ্পে বরষে বরষে
বিশ্বব্যাপী—জন্মমৃত্যু সমুদ্র দোলায়
দুলিতেছে অন্তহীন জোয়ার ভাঁটায়।
করিতেছি অনুভব, সে অনন্ত প্রাণ
অঙ্গে অঙ্গে আমারে করেছে মহীয়ান্।
সেই যুগ যুগান্তের বিরাট স্পন্দন,
আমার নাড়ীতে আজ করিছে নর্ত্তন।

এই বিশ্বপ্লাবিনী শক্তি লইয়াই রবীন্দ্রনাথের অভ্যুদয়। রবীন্দ্রনাথের কণামাত্র প্রভাব লইয়া বর্ত্তমানের নবীন কবির দল কাব্যসাহিত্যে আনাগোনা করিতেছেন। তাহাদের বিষয় আমি বর্ত্তমান কাব্য সাহিত্য শীর্ষক প্রবন্ধে আপনাদিগের সমক্ষে উপস্থাপিত করিব। কবি দ্বিজেন্দ্রলালের ও রবীন্দ্রনাথের সমসাময়িক কবিগণের বিষয়ও উক্ত প্রবন্ধেই আলোচনা করিব। প্রবন্ধের বিষয়টী অতীব গুরুতর। উপযুক্ত গ্রন্থাভাবে আমি তেমন করিয়া আলোচনা করিতে পারি নাই। বর্ত্তমান কাব্য সাহিত্য শীর্ষক প্রবন্ধে আমি বর্ত্তমান যুগের কাব্য সম্বন্ধে বিশেষ বিস্তারিতরূপে আমার মন্তব্য জ্ঞাপন করিব।

শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত

বর্ষা-আবাহন।

এসো ঝিল্লীর মঞ্জীর ঝনঝননে—
এসো মন্থর মারুত-সঞ্চলনে!
এসো কঙ্কনবাদনে সুন্দরী হে!
নব গৌরব-উন্নত শুভ্র দেহে!
এসো মন্দার মাল্যে ললাট ঘেরি,
এসো কুন্দের গুচ্ছে শ্রীহস্তে ধরি!
এসো চঞ্চল অলিকুল-গুঞ্জরণে
এসো লুণ্ঠিত অঞ্চল সঞ্চলনে!
এসো পূর্ব্বাকাশে তুমি শুভ্রবেশে
এসো নিবিড় তিমিরে তুমি মুক্ত কেশে!
এসো পারিজাত-নিন্দিত মাল্যপরি,
নব বিশ্ববীণা তব হস্তে ধরি।
এসো শঙ্কিতচিত্তে আনন্দময়ি!
এসো মর্ত্যে মানবমনে দেবী অয়ি!
এসো নবঘন-অঞ্চলে সজলধারে
এসো কুসুমফোটান তব বাঁশির স্বরে—
এসো পুলক-শিহর সাথে শ্যামলবাসে;
এসো বরণে বরণে রাঙা নূতন বাসে!
এসো কবি-চিত-বন্দিতা!
মূরতি অনিন্দিতা!
মল্লার-রাগিণী-নন্দিতা হে—।

শ্রীত্রিগুণানন্দ রায়।

মুসলমানগণের সংস্কৃত জ্ঞান।

(পূর্ব্বপ্রকাশিতের পর)

'জামাদল্ আখির্ মাসে যখন সম্রাট আকবর সেরগড়ে (কানোজে) শিবির সংস্থাপন করিয়া অবস্থান করিতেছিলেন, তখন তিনি সিংহাসন বত্রিশ নামক একখানা পুস্তক আমাকে প্রদান করেন; ইহা মালবপতি রাজা বিক্রমজিৎ সম্বন্ধীয় বত্রিশটী আখ্যায়িকা সম্বলিত, এবং তুতি-নামার সহিত ইহার যথেষ্ট সাদৃশ্য আছে। সম্রাট আমাকে গদ্যে এবং পদ্যে ইহার অনুবাদ করিতে আদেশ প্রদান করেন। তৎক্ষণাৎ কার্য্য আরম্ভ করিয়া অনুবাদের এক পৃষ্ঠা সেই দিনই দেখাইতে আদিষ্ট হই। একজন পণ্ডিত ব্রাহ্মণ আমার নিকট এই গ্রন্থের ব্যাখ্যা করিয়া দিবার জন্য নিযুক্ত হইলেন। প্রথম দিন আমি প্রথম আখ্যায়িকাটির প্রারম্ভ ভাগ হইতে এক পৃষ্ঠা অনুবাদ করিয়া সম্রাটের নিকট স্থাপন করিলে উহা তাঁহার মনোনীত হইল। অনুবাদ সমাপ্ত হইলে আমি উহা "নামা এ—খিরাদ্—আফ্জা" (৫৩) নামে অভিহিত করিলাম; এই নামের মধ্যেই গ্রন্থ রচনার তারিখ কৌশলে নিহিত আছে। সম্রাট কর্ত্তৃক এই অনুবাদ গ্রন্থ অতি সন্তোষের সহিত গৃহীত হইয়া রাজকীয় পাঠাগারে স্থাপিত হইল।' (৫৪)

সম্রাট আকবরের আদেশে কাশ্মীরী ভাষায় লিখিত একখানা কাশ্মীরের ইতিহাসের শেষার্দ্ধ পারসীক ভাষায় অনুদিত হয়। অধ্যাপক শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় "ঢাকা রিভিউ ও সম্মিলন" পত্রিকাতে "মুসলমান ঐতিহাসিকগণ প্রবন্ধে বদাউনীর জীবন বৃত্ত আলোচনা প্রসঙ্গে লিখিয়াছেন,—"(বদাউনী) হিন্দীতে লিখিত একখানি কাশ্মীরের ইতিহাসও সংক্ষিপ্তাকারে ভাষান্তরিত করেন। এখানি যে রাজতরঙ্গিণী নহে, তাহার প্রমাণ আছে।" (৫৫) দুর্ভাগ্য বশতঃ, অধ্যাপক মিত্র মহাশয় কোনরূপ প্রমাণের উল্লেখ করেন নাই, এবং আমরাও কোন পারসীক ইতিহাসে তাঁহার উক্তির পোষকতায় কোনরূপ প্রমাণ প্রাপ্ত হই নাই। পক্ষান্তরে, বদাউনী প্রণীত মুন্তাখাবু—ত্ তারিখ্ গ্রন্থের ইংরেজী অনুবাদক অধ্যাপক W. H. Lowe আলোচ্য কাশ্মীরের ইতিহাসখানাকে রাজতরঙ্গিণী বলিয়াই

(৫৩) গ্রন্থের নামের অর্থ 'অবকাশ রঞ্জিনী'। এই নামের মধ্যে গ্রন্থ রচনার তারিখও নিহিত আছে। যথা,—৫০+১+৪০+৫+৬০০+২০০+৪+১+৮০+৭+১—৯৯৯।

(৫৪) W. H. LOWE, *Muntakhabu-t Tawarikh*, Vol. ii., p. 186.

(৫৫) ঢাকা রিভিউ ও সম্মিলন, ২য় বর্ষ, ১৮৪ পৃঃ।

সিদ্ধান্ত করিয়াছেন। (৫৬) প্রকৃত প্রস্তাবে, বদাউনী প্রদত্ত উক্ত গ্রন্থের বিবরণের সহিত ও রাজতরঙ্গিণীর যথেষ্ট ঐক্য বর্ত্তমান। এরূপাবস্থায় Lowe সাহেবের সিদ্ধান্তই সমীচীন বলিয়া অনুমিত হয়।

আইন্-ই আকবরীতে (৫৭) এবং বদাউনীর গ্রন্থে বর্ণিত কাশ্মীরের ইতিহাসের পারসীক অনুবাদের বিষয় উল্লিখিত আছে। মুন্তাখাবু-ত্ তারিখ হইতে এই অংশের বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হইলঃ—

'কাশ্মীর-পতি সুলতান জিন্-উল্-আবিদিনের আদেশে সুবিখ্যাত পণ্ডিত সাহাবাদ নিবাসী মোল্লা শাহ্ মহম্মদ হিন্দুগণের মিথ্যোক্তি পূর্ণ কাশ্মীরের ইতিহাসের কতকাংশের অনুবাদ করিয়া উহা "বাহ্‌র্-উল্-আস্‌মার" (৫৮) নামে অভিহিত করেন; উহার অধিকাংশই তৎকালে অনূদিত হয় নাই। এই বৎসর (৯৯৯ হিঃ অব্দ, অথবা ১৫৯০—৯১ খৃষ্টাব্দ) সম্রাট (আকবর) আমাকে (বদাউনী) ঐ গ্রন্থের অবশিষ্টাংশ অনুবাদ করিয়া কাশ্মীরের ইতিহাসখানা সম্পূর্ণ করিতে আদেশ প্রদান করেন। উহার ৬০ "জাজ্" (juz) ব্যাপী শেষ্ খণ্ড খানা পাঁচমাস মধ্যে অনুবাদ করিয়া দিতে আমি আদিষ্ট হই। এই সময়ে সম্রাট একদিন রাত্রে আমাকে তাঁহার শয়নাগারে আহ্বান করিয়া তদীয় শয্যার পাদদেশে আসন প্রদান করিলেন, এবং রাত্রি প্রভাত পর্য্যন্ত আমার নিকট হইতে উক্ত গ্রন্থের প্রত্যেক অধ্যায় হইতে আখ্যায়িকাবলী শ্রবণানন্তর বলিলেন,—"সুলতান জিন্-উল্-আবিদিনের আদেশে অনূদিত 'বাহ্‌র্-উল্—আস্‌মার্' গ্রন্থের প্রথম খণ্ড আয়াসবোধ্য প্রাচীন পারসীক ভাষায় লিখিত, সুতরাং আপনি সহজ ভাষায় পুনরায় উহার অনুবাদ করুন; এবং আপনার লিখিত মূল লিপি সযত্নে রক্ষা করিবেন।" আমি সানন্দে এই কার্য্যের ভার গ্রহণ করিলাম। আমি অনুবাদ কার্য্য আরম্ভ করিতেই সম্রাট আমার প্রতি প্রসন্ন হইয়া আমাকে ১০,০০০ টঙ্কা এবং একটি অশ্ব উপঢৌকন প্রদান করেন। মহান্ ঈশ্বরের ইচ্ছায় আর দুই তিন মাস মধ্যে আমি এই গ্রন্থ সমাপ্ত করিতে আশা করি। ৫৯

'এই গ্রন্থের অনুবাদ কার্য্য আমি দুই মাসে শেষ করি, এবং উহা পর্য্যায় অনুসারে সম্রাটের নিকট পঠিত হইবার জন্য রাজকীয় পাঠাগারে রক্ষিত হইল।' ৬০

সম্রাট আকবরের রাজত্বকালে মোল্লা সিরি নামক জনৈক কবি ছিলেন; তাঁহার সংস্কৃত জ্ঞানও পর্য্যাপ্ত ছিল। তৎকর্ত্তৃক হরিবংশ এবং কালীয়দমন অনুবাদের বিষয় 'আইন্-ইআকবরী'তে উল্লিখিত আছে। 'মৌলানা সিরি শ্রীকৃষ্ণের জীবন বৃত্তান্ত সম্বলিত হরিবংশ নামক প্রসিদ্ধ সংস্কৃত গ্রন্থ পারসীতে অনুবাদ করেন। সম্রাটের আদেশে এই গ্রন্থকারই কালীয়দমন গ্রন্থের একখানা নূতন অনুবাদ করিয়া "আয়ার দানিশ" নামে উহা প্রকাশিত করেন। মূল গ্রন্থখানা কার্য্য মূলক জ্ঞান সম্বন্ধে তথ্যপূর্ণ, এবং কঠিন ভাষায় লিখিত। নস্‌রুল্লাই মুস্তোফী এবং মৌলানা হোসেন্—ই ওয়াইজ উক্ত গ্রন্থের অনুবাদ করিলেও, তাঁহাদের ভাষা কঠিন এবং অভিনব শব্দাবলী সমন্বিত।' ৬১

সূর্য্যপূজায় সম্রাট আকবরের প্রগাঢ় বিশ্বাস ছিল, তাহা মুসলমান যুগের ইতিহাসজ্ঞ ব্যক্তিমাত্রেই অবগত

(৫৬) বর্ত্তমান প্রবন্ধের ৫৮নং পাদটীকা দ্রষ্টব্য।

(৫৭) "The History of Kashmir, which extends over the last four thousand years, has been translated from Kashmirian into Persian by Maulana Shah Muhammad of Shahabad."—BLOCHMANN, *Ain-i-Akbari*, Vol. i., p. 106.

(৫৮) "*Bahr-ul-asmar* means 'the Sea of Tales.' It is probably the *Rajatarangini*, "The Ocean of Kings," the only piece of History in Sanskrit. The *Katha Sarit Sagara* could hardly be meant."—W. H. LOWE, *Muntakhabu-t Tawarikh*, 1884, Vol. ii p. 415, foot note.

(৫৯) W. H. LOWE, *Muntakhab-t ut-Tawarikh*, Vol. ii. pp. 415, 416.

(৬০) *Badaoni*, II. p. 374, as translated by H. BLOCHMANN in his *Ain-i Akbari*, Vol. i., p. 106, foot note.

(৬১) H. BLOCHMANN, *Ain-i Akbari*, Vol. i., p, 106.

আছেন। সম্রাট নিজেও সংস্কৃত ভাষার প্রতি অনুরক্ত ছিলেন। এই জন্য তিনি পণ্ডিতগণ কর্ত্তৃক সূর্য্যের ১০০১টি সংস্কৃত নাম সংগ্রহ করাইয়া একত্র গ্রথিত করাইয়া লইয়াছিলেন। প্রত্যহ তিনি সূর্য্যের দিকে চাহিয়া ভক্তিভরে ঐ নাম-সাহস্রিকা আবৃত্তি করিতেন।৬২

সম্রাট আকবর কেবল যে সংস্কৃত গ্রন্থই পারসীকে অনুবাদ করাইতেন, তাহা নহে। যাহাতে মুসলমানগণের ন্যায় তাঁহার হিন্দু প্রজাগণের সাহিত্য ভাণ্ডারও পুষ্টিলাভ করে, তজ্জন্য তিনি পারসীক ভাষায় লিখিত উৎকৃষ্ট গ্রন্থাবলী সংস্কৃতে অনুবাদ করাইবার ব্যবস্থা করিয়াছিলেন। উলুগ্ বেগ্ প্রণীত "জিচ্-ই-জাদিদ্-ই-মির্জাই" নামক পারসীক ভাষায় লিখিত প্রসিদ্ধ জ্যোতিগ্রন্থ সম্রাট আকবরের নির্দেশক্রমে গ্রন্থকারের সহায়তায় আমির ফতেউল্লা সিরাজি নামক জনৈক সংস্কৃতজ্ঞ বিখ্যাত মুসলমান পণ্ডিত এবং কিষণ্ যোষী, গঙ্গাধর মহেশ ও মহানন্দ নামক হিন্দু পণ্ডিতগণ কর্ত্তৃক সংস্কৃত ভাষায় অনুদিত হয়। (৬৩)

অতঃপর আমরা আকবরের সভাকবি সুপ্রসিদ্ধ ফৈজী কর্ত্তৃক অনুদিত সংস্কৃত গ্রন্থাবলী সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিব। বিষ্ণুশর্ম্মা প্রণীত পঞ্চতন্ত্রের সার-সঙ্কলন হিতোপদেশ নামক সংস্কৃত গ্রন্থের পহ্লবী ভাষায় অনুবাদ হয়, এবং সেই পহ্লবী অনুবাদ অবলম্বনে "বিদ্‌পাইর আখ্যায়িকাবলী" (Fables of Bidpai) নামে উহার পারসীক অনুবাদ হয় বলিয়া আমরা জানিতে পারি। (৬৪) এই পারসীক অনুবাদক কে তদ্বিষয়ে কিঞ্চিৎ সন্দেহ উপস্থিত হয়। বদাউনী তদীয় গ্রন্থে লিখিয়াছেন,—'১০০৩ হিঃ অব্দে সম্রাট আকবর কবিশ্রেষ্ঠ ফৈজীকে "পঞ্জ্ গঞ্জ্" (punj ganj) রচনা করিতে আদেশ করেন।' (৬৫) এই "পঞ্জ্ গঞ্জ্" এবং পঞ্চতন্ত্র অভিন্ন বলিয়াই অনুমিত হয়। এই অনুমান যথার্থ হইলে ফৈজীই পঞ্চতন্ত্রের অনুবাদক বলিয়া সাব্যস্ত হইবে।

ফৈজী যে সংস্কৃত গ্রন্থাবলী পারসীকে অনুবাদ করেন, তন্মধ্যে নলদময়ন্তীর অনুবাদই সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া গৃহীত হইয়াছে। আবুল্‌ফজল্, বদাউনী, প্রভৃতি আকবর রাজত্বের শ্রেষ্ঠ ঐতিহাসিকগণ সকলেই এই গ্রন্থের উল্লেখ করিয়াছেন। আইন্-ই আকবরীতে আবুল্‌ফজল্ লিখিয়াছেন,—'নল ও দময়ন্তীর প্রেমকাহিনী হৃদয়বান্ পাঠকের অন্তঃকরণ করুণ-রসে আপ্লুত করে; এই হিন্দী (অর্থাৎ হিন্দুগণের ভাষায় লিখিত) আখ্যায়িকা আমার ভ্রাতা ফৈজী-ই-ফৈজী "লায়লি মজ্‌নুর" অনুরূপ "মস্‌নবি" (masnavi) ছন্দে পদ্যানুবাদ করিয়াছেন; এই গ্রন্থ এখন সর্ব্বত্র "নল-দমন" নামে সুপরিচিত।" ৬৬

এই অনুবাদ সম্বন্ধে "মুন্তাখাবু-ত্-তারিখ্" গ্রন্থে বদাউনী লিখিয়াছেন,—'১০০৩ হিঃ অব্দে মাত্র পাঁচ মাস সময় মধ্যে ফৈজী নল-দমন গ্রন্থ (নল ও দময়ন্তী পরস্পর প্রেমাবদ্ধ রাজদম্পতি; ইঁহাদের আখ্যায়িকা ভারতে সুপরিচিত) অনুবাদ করেন; ইহা ৪,২০০ শ্লোক সম্বলিত। ফৈজী নজর স্বরূপ কতিপয় আসরফি সহ এই অনুবাদ সম্রাট সকাশে উপস্থাপিত করেন। এই গ্রন্থ সম্রাটের মনঃপূত হয়, এবং তিনি ইহার চিত্র-সম্বলিত সুদৃশ্য অনুলিপি করিতে আদেশ প্রদান করেন। সভাস্থলে পঠিতব্য পুস্তকাবলীর মধ্যে ইহা রক্ষিত হয়, এবং নকিব খাঁ ইহা সম্রাট সকাশে পাঠ করিবার জন্য নিযুক্ত হন। রচনা মাধুর্য্যে এই গ্রন্থ প্রকৃতই একটি "মস্‌নবি;" এবং দিল্লীর সুপ্রসিদ্ধ কবি আমির খস্রুর পরে এরূপ সুললিত কাব্য গত তিন শত বৎসর মধ্যে রচিত হয় নাই।' ৬৭

(৬২) W. H. LOWE *Muntakhabu-t-Tawarikh*, Vol. ii., p. 332.

(৬৩) FRANCIS GLADWIN, *Ayeen Akbery*, (Ed. by Jagadis Mukhopadhaya, Calcutta), p. 85; H. BLOCHMANN, *Ain-i Akbari*, Vol. i., p. 104.

(৬৪) *Memoire* prefixed to S. DE. SACY'S edition of *Calilah wa Dimnah*, Paris, 1816; *Biographic India, Universelle*, tom. xxi., p. 471; ELLIOT, *History of* Vol. v., pp. 571, 572.

(৬৫) W. H. LOWE, *Muntakhabu-t-Tawarikh*, Vol. ii., p. 510.

(৬৬) H. BLOCHMANN, *Ain-i Akbari*, Vol. i., p. 106.

(৬৭) W. H. LOWE, *Muntakhabu-t-Tawarikh*. p. 410.

বদাউনী হিন্দুভাবাপন্ন ফৈজী ও আবুল্ ফজলের প্রতি আন্তরিক বিদ্বেষ পোষণ করিতেন। শত্রুর লেখনীপ্রসূত এই প্রশংসাবাদ ফৈজীর অসামান্য প্রতিভা ও কবিত্বের পরিচায়ক। ফৈজী নিজেও নল-দময়ন্তী গ্রন্থখানার প্রতি নিতান্ত অনুরক্ত ও পক্ষপাতী ছিলেন। তাঁহার মৃত্যুকালে তিনি যে গ্রন্থশালা রাখিয়া যান, তাহাতে নানাবিষয়ক ৪৬০০ শত পুস্তক সুরক্ষিত ছিল। তন্মধ্যে ১০১ খানা তৎ-রচিত "নল-দমন" গ্রন্থ পাওয়া যায়, বদাউনী এইরূপ লিখিয়া গিয়াছেন। ৬৮

গণিত শাস্ত্রেও ফৈজীর প্রগাঢ় অনুরাগ ও ব্যুৎপত্তি ছিল বলিয়া মনে হয়। তিনি ভাস্করাচার্য্যের বীজগণিত (৬৯)এবং লীলাবতীর পাটিগণিত সংস্কৃত হইতে পারসীকে অনুবাদ করেন। আইন্-ই আকবরীতে আবুল্ ফজল্ লিখিয়াছেন,—'ভারতীয় গণিতজ্ঞগণ কর্তৃক লিখিত পাটিগণিত সমূহের মধ্যে লীলাবতীর গ্রন্থ অতি উৎকৃষ্ট। হিন্দুর অবগুণ্ঠনমুক্ত হইয়া উহা আমার ভ্রাতা সেখ আবদুল ফৈজী-ই ফৈজী কর্তৃক পারসীক বেশে সজ্জিত হইয়াছে! (৭০) Dr. Taylor এই লীলাবতী গ্রন্থ মুদ্রিত ও প্রকাশিত করিয়াছেন। গ্রন্থের ভূমিকায় তিনি, লিখিয়াছেন—'ফৈজীকৃত লীলাবতীর অনুবাদে মূল গ্রন্থের অনেকাংশ বাদ পড়িয়াছে, এবং মূল সংস্কৃত গ্রন্থ ও পারসীক অনুবাদে এত অধিক পার্থক্য দৃষ্ট হয় যে, ফৈজী সহকারীগণ প্রদত্ত মর্ম্মার্থ অবলম্বনেই তদীয় পারসীক গ্রন্থ রচনা করিয়াছিলেন, মনে স্বভাবতঃই এইরূপ সন্দেহের উদ্রেক হয়।' ৭১

ফৈজী যে কেবল এই সংস্কৃত পুস্তক কয়েক খানারই অনুবাদ করিয়াছিলেন তাহা নহে। মহাভারত, অথর্ব্ববেদ, প্রভৃতি অনুবাদ কালেও তিনি যথেষ্ট সাহায্য করিয়াছিলেন, তাহা যথাস্থানে বিবৃত হইয়াছে। প্রকৃত প্রস্তাবে, আকবরের রাজত্বকালে যে সকল পারসীক অনুবাদ হইয়াছে, তাহার অধিকাংশই ফৈজীর নেতৃত্বাধীনে সম্পাদিত। তৎকালে তাঁহার ন্যায় সংস্কৃত ভাষায় ব্যুৎপন্ন মুসলমান ছিল না বলিলে অত্যুক্তি হয় না। এতদ্বিষয়ে তাঁহার এতাদৃশ খ্যাতি আছে যে, ফৈজীই মুসলমানগণের মধ্যে সর্ব্বপ্রথম সংস্কৃতভাষাভিজ্ঞ হন, এইরূপ একটা ভ্রান্ত ধারণা অদ্যাপি প্রচলিত আছে। এমনকি বিশেষজ্ঞগণ পর্য্যন্ত এই ভ্রম হইতে অব্যাহতি পান নাই, তাহা প্রবন্ধারম্ভেই উক্ত হইয়াছে। ফৈজীর সংস্কৃত শিক্ষা সম্বন্ধে একটি মনোজ্ঞ আখ্যায়িকা বিবৃত করিয়া আমরা বর্ত্তমান প্রবন্ধের উপসংহার করিব। Dow প্রণীত ভারতের ইতিহাসে উহা লিপিবদ্ধ আছে।

সেখ মোবারক অতি উদার ধর্ম্মমতাবলম্বী ব্যক্তি ছিলেন, এবং তাঁহার পুত্রদ্বয় ফৈজী ও আবুল্ ফজল্‌কে তদনুযায়ী শিক্ষা প্রদান করিতেন। হিন্দুধর্ম্মের সারমর্ম্ম এবং গূঢ় বার্ত্তাসমূহ অবগত হইতে অভিলাষী হইয়া সম্রাট আকবর মোবারকের জ্যেষ্ঠ পুত্র ফৈজীকে সংস্কৃত শিক্ষার্থ হিন্দুধর্ম্মের কেন্দ্র বারাণসীতে প্রেরণ করেন। বারাণসীর তাৎকালীন কোনও বেদজ্ঞ শ্রেষ্ঠ পণ্ডিতের নিকট শিক্ষার্থী রূপে ব্রাহ্মণের ছদ্মবেশে উপস্থিত হইলে অধ্যাপক প্রিয়দর্শন, মেধাবী ফৈজীকে শিষ্যরূপে গ্রহণ করেন। গুরুগৃহে দশবৎসর কাল অবস্থান করিয়া ফৈজী সংস্কৃত ভাষায় ব্যুৎপত্তি লাভ করেন, এবং এমন কি বেদ শিক্ষা করেন। তথায় অবস্থান কালে ফৈজী অধ্যাপকের একটি সুন্দরী কন্যার প্রতি আসক্ত হন, এবং অধ্যাপকও তাঁহাকে কন্যাদান করিতে প্রস্তুত হন। অপত্য নির্ব্বিশেষে যিনি এই সুদীর্ঘকাল শিক্ষা প্রদান করিলেন, তাঁহাকে প্রবঞ্চিত করা অবিধেয় জ্ঞানে ফৈজী গুরুর নিকট সরলভাবে প্রকৃত ঘটনা ব্যক্ত করেন। যবনকে বেদ শিক্ষা দান করাতে এবং যবন সংস্পর্শে জাতিপাত হইয়াছে বিবেচনায় শোকে মুহ্যমান হইয়া অভিমানদৃপ্ত ব্রাহ্মণ তীক্ষ্ণ ছুরিকাঘাতে আত্মহত্যা করিতে প্রবৃত্ত হন। ফৈজী তাহাতে বাধা প্রদান করিয়া অনুতপ্ত হৃদয়ে কৃত পাপের জন্য যে কোন

---

(৬৮) *Tarikh-i Badauni*, in ELLIOT, *History of India*, Vol. v., p. 549.

(৬৯) শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র।—"ঢাকা রিভিউ ও সম্মিলন," ২য় বর্ষ, ১০৫ পৃঃ। ভাস্করাচার্য্যের বীজগণিতের বিষয় কোন পারসীক ইতিহাসে উল্লেখ আছে বলিয়া আমাদের জানা নাই।

(৭০) H. BLOCHMANN, *Ain-i-Akbari*, Vol. i., p. 105.

(৭১) Dr. TAYLOR, *Lilavati*, p. 2.

প্রকার শাস্তি অথবা প্রায়শ্চিত্ত গ্রহণে প্রস্তুত হওয়ায় অধ্যাপক আত্মহত্যা হইতে সংবৃত হইলেন। গুরুর ইচ্ছানুযায়ী ফৈজী তাঁহার নিকট প্রতিজ্ঞা করেন যে, কখনও বেদের অনুবাদ করিবেন না, এবং হিন্দুধর্ম্মের সারমর্ম্ম কখনও অভিব্যক্ত করিবেন না। (৭২) সম্ভবতঃ এই অঙ্গীকার স্মরণ করিয়াই ফৈজী পরবর্ত্তী কালে সম্রাটের নিদেশ সত্ত্বেও অথর্ব্ববেদের অনুবাদ কার্য্য হইতে নিজে বিরত থাকেন। (৭৩)

শ্রীবীরেন্দ্রনাথ বসু ঠাকুর।

উত্তরাপথ ভ্রমণ

(পূর্ব্ব প্রকাশিতের পর)

বদরি নারায়ণের পথ ছাড়িয়া আজ আমরা কেদারের পথে চলিতেছিলাম। এখানে পথ বড়ই কদর্য্য. অনেক স্থলেই বর্ষার ভীষণ জলপ্রপাতে পাহাড় ধসিয়া পড়িয়া পথ রুদ্ধ হইয়া গিয়াছে, অতিকষ্টে সে সকল স্থান অতিক্রম করিতে হইতেছিল। পর্ব্বতের উন্নত গাত্র ভেদ করিয়া বন্ধুর রাস্তা চলিয়াছে কোন কোন স্থানে রাস্তা দুই হস্তের অধিক প্রশস্ত নহে, রাস্তার সোজা নীচে মন্দাকিনী, কোন প্রকারে পদস্খলিত হইলেই ধ্রুব মৃত্যু। সন্ধ্যার প্রাক্কালে তিলুবাড়া নামক একটী সুন্দর চটীতে স্থান লইলাম, চটীর ঠিক সম্মুখেই মন্দাকিনীর শীতল স্বচ্ছ জলধারা যেন স্বর্গ হইতে মর্ত্ত্যের পানে ছুটিয়া চলিয়াছে। পরপারে, পাহাড়ের গায়ে পাহাড়ীদিগের সুন্দর ঘরগুলি দেখা যাইতেছিল। তাহাদিগের গমনাগমনের জন্য মন্দাকিনীর উপরে একটী দড়ির ঝোলা বর্ত্তমান। বৃদ্ধদের মুখে শুনিয়াছিলেন যে লোহার পুল নির্ম্মিত হইবার পূর্ব্বে এই প্রকার ঝোলার সাহায্যেই দুস্তর পার্ব্বত্য প্রস্রবণ সমূহ অতিক্রম করিতে হইত। আজও বৃদ্ধ হিন্দুস্থানী সাধুগণ বদরিকাশ্রমের কথা বলিতে বলিতে এই সমুদয় ঝোলার ভীষণতার বিষয় উল্লেখ করিয়া শ্রোতাদিগের হৃদয়ে একটা অনিশ্চিত আশঙ্কার সঞ্চার করিয়া থাকেন। কাজেই রাস্তার অন্তর্গত না হইলেও ঝোলাটী একবার পরীক্ষা করিয়া দেখিবার ইচ্ছা বড়ই বলবতী হইয়া উঠিল। বেশ একটু adventure হইবে। জামা জুতা চটীতে রাখিয়া ঝোলা পার হইতে চলিলাম।

ঝোলার নির্ম্মাণ কৌশলও অতিশয় সুন্দর। দুই ধারে পাহাড়ের সঙ্গে মজবুত খোঁটা আঁটকাইয়া, পাশাপাশি করিয়া দুইগাছি শক্ত, গাছের বাকলের কাছি তাহাতে বাঁধা হইয়াছে, সেই কাছির উপর খণ্ড খণ্ড গাছের ডাল পাতিয়া চিকণ দড়িদ্বারা সেগুলিকে কাছিটীর সঙ্গে আটকাইয়া দেওয়া হইয়াছে। সেটী হইল পুল, তার আবার রেলিংও আছে। নীচের কাছি দুইটীর প্রায় ৩ হাত উপরে দুইপাশে আরও দুইটী কাছি টানাইয়া নীচের কাছি ও উপরের কাছির সঙ্গে দড়ি জড়াইয়া সে রেলিং তৈয়ারী হইয়াছে।

ঝোলা পার হইতে বাস্তবিকই আশঙ্কায় হৃদয় কাঁপিয়া উঠিল। এক একটী গাছের ডালের মাঝে প্রায় ১ হাত করিয়া ফাঁক। প্রায় ২০ গজ নীচে মন্দাকিনীর উন্মাদ প্রবাহ পর্ব্বত ভেদ করিয়া ছুটিয়া চলিয়াছে, কোন প্রকারে পতিত হইলে আর রক্ষা নাই। অতিসন্তর্পণে রেলিংএরদড়ি বগলে চাপিয়া ধরিয়া গুটি গুটি করিয়া পা ফেলিতেছিলাম, আর সঙ্গে সঙ্গে, দোলের গোপালের মত দোল খাইতেছিলাম। পরপারে পৌঁছিয়া কিঞ্চিৎ বিশ্রামান্তে পুনরায় ঝোলা পার হইয়া চটীর নিকটে আসিয়া মন্দাকিনীর তীরে একটী সুন্দর প্রস্তরের উপর উপবিষ্ট হইলাম। নীরদ বাবু ঝোলা পার হইয়া অপর পারে যাইয়া বসিলেন,

---

(৭২) DOW, *Indostan*, Vol. i., pp. xxiii, xxiv.

(৭৩) বর্ত্তমান প্রবন্ধে মুসলমান ধর্ম্মের আদি যুগ হইতে আরম্ভ করিয়া সম্রাট আকবরের রাজত্বকাল পর্য্যন্ত আলোচনা করা হইল। অতঃপর মুসলমানগণের মধ্যে সংস্কৃত চর্চ্চা কিরূপ প্রচলিত ছিল, তদ্বিষয়ে প্রবন্ধান্তরে আলোচনা করিবার ইচ্ছা জ্ঞাপন করিয়া আমরা পাঠকবর্গের নিকট হইতে বিদায় গ্রহণ করিতেছি। আরবে ও পারস্যদেশে সংস্কৃত চর্চ্চা সম্বন্ধে প্রবন্ধান্তে অতি সংক্ষেপে আলোচনা করা হইয়াছে। প্রবন্ধান্তরে তৎসম্বন্ধে বিশদরূপে আলোচনা করিবার ইচ্ছা রহিল।

ক্রমে তাহার স্বরলহরী জলপ্রপাতের ভীষণ গর্জ্জন ভেদ করিয়া আমার কর্ণে আসিতে লাগিল। ক্ষণে ক্ষণে তাহার সে সঙ্গীত স্পষ্টই শুনা যাইতেছিল, আবার কখনও বা গঙ্গার গর্জ্জনে তাহা মিলাইয়া যাইতেছিল। নীরদবাবু গাহিতেছিলেন:—

নাহি সূর্য্য, নাহি জ্যোতি, নাহি শশাঙ্ক সুন্দর।
ভাসে ব্যোমে ছায়াসম ছবি বিশ্ব চরাচর॥

সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে, গাঢ় ধূমের ন্যায় এক প্রকার নিবিড় কুজ্ঝটীকার অন্তরালে, পর্ব্বত শীর্ষগুলি লুকাইতে ছিল। নীরদ বাবু এবার ঝোলা পার হইয়া আসিয়া আমার সঙ্গে মিলিত হইলেন, উভয়েই চটীতে ফিরিয়া আসিলাম। স্বভাবের অনুপম সৌন্দর্য্য দর্শনে আজ হৃদয় বড়ই উৎফুল্ল হইয়া উঠিয়াছিল। সঙ্গে মন্দিরা ছিল, চটীতে বসিয়া মন্দিরা বাজাইয়া সকলে সমস্বরে, বাউলের সুরে গাহিতে লাগিলাম—

"আর কেন মন এ সংসারে যাই চল সেই নগরে
যেথা দিবানিশি পূর্ণশশী আনন্দে বিরাজ করে॥"

চটীতে একদল বাঙ্গালী সাধু ব্যতীত অন্য কেহই ছিলনা। কাজেই আমাদের গানের 'সমঝ্‌দার' ও জুটিয়া গিয়াছিল তার উপর, তাঁহারা আবার বেশ 'গুণীলোক', সকলেই বেশ গাহিতে পারেন, আমাদের অনুরোধে দুই একটী ভজন তাঁহারাও গাহিলেন। তারপর অনেকক্ষণ ধরিয়া কথাবার্ত্তা চলিতে লাগিল। আজ অনেকদিন পরে মাতৃভাষায় মুখ ভরিয়া কথাবার্ত্তা বলিয়া বড়ই আনন্দ পাইলাম। সকাল সকাল খাওয়া দাওয়া শেষ করিয়া শুইয়া পড়িলাম। পরদিন খুব প্রত্যুষে বাহির হইয়া পড়িলাম, বাঙ্গালী সাধুগণ আমাদের অনেক পূর্ব্বেই চটী পরিত্যাগ করিয়াছিলেন কাজেই তাহাদিগকে দেখিতে পাইলাম না। কিছুদূর অগ্রসর হইয়া রাস্তার পার্শ্বে জীর্ণ প্রস্তরের মন্দিরে 'বাল কেদার' দর্শন করিলাম।

তিল বাড়া হইতে ৫॥০ মাইল দূরে অগস্ত্যমুনি নামক একটী বড় চটী, সেখানে মহামুনি অগস্ত্যের প্রস্তরবিগ্রহ সমন্বিত একটী মন্দির আছে। তথা হইতে সামান্য দূর অগ্রসর হইলেই, দূরে শুভ্র তুহিন মণ্ডিত হিমাদ্রির সমুন্নত শৃঙ্গাবলী আমাদের দৃষ্টিগোচর হইল। নানাকৃতির শৃঙ্গসকলের উপর প্রভাত সূর্য্যের রজত রশ্মি প্রতিফলিত হইয়া একটা অনির্ব্বচনীয় সৌন্দর্য্য ধারণ করিয়াছিল, সহসা যেন যবনিকার অন্তরাল হইতে স্বর্গরাজ্যের দৃশ্যপট আমাদিগকে মূকের ন্যায় স্তব্ধ করিয়া, নয়নের সম্মুখে প্রতিভাত হইয়া উঠিল, এ যেন শূন্যমার্গে, উপকথা কথিত অমরাবতীর হিরন্ময় প্রাসাদচূড়ার শ্রেণী, একটা অব্যক্ত মধুর ভাবে হৃদয় পূর্ণ হইয়া উঠিল। ক্ষনেকক্ষণ আড়ষ্ট হইয়া দাড়াইয়া সেই কল্পনাতীত অদ্ভুত দৃশ্য প্রাণ ভরিয়া দেখিয়া লইলাম। পূর্ব্বে কল্পনায় তুলিকায়, হৃদয়পটে হিমালয়ের যে নিখুঁত ছবিখানা আঁকিয়া রাখিয়াছিলাম আজ বাস্তব হিমালয়ের দর্শন লাভ করায়, তাহা নিষ্প্রভ হইয়াগেল। কবিবাক্য আজ মর্ম্মে মর্ম্মে অনুভব করিলাম "Fact is stronger than fiction"। নিকটেই একজন পাহাড়ী ছিল, তাহাকে জিজ্ঞাসা করিয়া জানিলাম এগুলি ৺কেদারনাথ পর্ব্বতের শৃঙ্গ। সে স্থান হইতে কেদার নাথ যদিও প্রায় ৪০ মাইল দূরে তথাপি আমাদের মনে হইতেছিল, যেন আর কতকটা অগ্রসর হইলেই পর্ব্বতের পাদদেশে পৌঁছিব। একটা নূতন আনন্দে অনুপ্রাণিত হইয়া চলিতে লাগিলাম। কবির একটী লাইন মনে পড়িয়া গেল, তাহাই গাহিতে গাহিতে চলিলাম।

"অম্বর-চুম্বিত ভাল হিমাচল শুভ্রতুষার কিরিটিনী
অয়ি ভুবন মনমোহিনি।"

মধ্যাহ্নে সৌড়ী নামক চটীতে অবস্থান করিয়া, বৈকালে পুনরায় চলিতে লাগিলাম। চটী পরিত্যাগ করিয়া কিছুদূর অগ্রসর হইতেই, আকাশে কাল মেঘ ঘনাইয়া আসিল, চতুর্দ্দিকের অনন্ত পর্ব্বতশ্রেণী, ঘন কৃষ্ণ মেঘ মণ্ডিত হইয়া প্রলয়ের ভীষণতা ধারণ করিল। থাকিয়া থাকিয়া বিদ্যুৎ চমকিতেছিল। নিবিড় মেঘমালার কোলে চকিত বিদ্যুল্লেখা সেই ভীষণতাকেও অনেকটা সরস করিয়া তুলিতেছিল। পরক্ষণেই আবার কর্ণভেদী ঘোর গর্জ্জনে সে ভীষণতা দ্বিগুণ বর্দ্ধিত হইয়া আমাদিগকে ত্রাসে কম্পিত করিয়া তুলিতেছিল। আমরা তিনটী বাঙ্গালী যুবক ব্যতীত পথে আর অন্য যাত্রী নাই। 'কাণ্ডিওয়ালাও' অনেক পশ্চাতে রহি-

য়াছে। আশ্রয়ের আশায় ইতস্ততঃ দৃষ্টিক্ষেপণ করিতে লাগিলাম কিন্তু চঞ্চল বিদ্যুৎস্ফুরণে, উদাস অচঞ্চল বৃক্ষরাজী ও কঠোর পর্ব্বতশ্রেণী ব্যতীত আর কিছুই দৃষ্টিপথে পতিত হইতেছিল না, ঘোর মেঘগর্জ্জন পর্ব্বত হইতে পর্ব্বতান্তরে ঘুরিয়া ঘুরিয়া আমাদিগকে যেন উপহাস করিতেছিল। এমন দুর্দ্দিনে, এই বিজন পার্ব্বত্য প্রদেশে, একান্ত সহায়হীন হইয়া আমরা বড়ই ভীত হইয়া পড়িলাম। পরবর্ত্তী চটীতে আশ্রয় লাভের আশায় আমরা ভয়ে ভয়ে দ্রুতপদে পথ অতিক্রম করিতে লাগিলাম। কিন্তু অল্পক্ষণের মধ্যেই বৃষ্টি পরিতে আরম্ভ হইয়া বন্ধুর পথ পিচ্ছিল করিয়া তুলিল। সঙ্গে সঙ্গে প্রবল বাত্যা উত্থিত হইল। সঙ্গে ছাতা ছিল, কিন্তু তাহা খুলিবার জো নাই, কারণ তাহা হইলে প্রবল বাতাসের বেগে কোথায় উড়িয়া যাইয়া প্রাণ হারাইব তাহার নিশ্চয়তা নাই। এদিকে রাত্রি হইয়া আসিতেছিল, এমতাবস্থায় বসিয়া বসিয়া ভিজিলেই বা প্রাণ রক্ষা হইবে কিরূপে? কাজেই একান্ত নিরুপায় হইয়া অতি সন্তর্পণে ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিলাম। অল্পক্ষণের মধ্যেই ভিরী নামক চটীতে আশ্রয় পাইয়া ভগবানকে অশেষ ধন্যবাদ দেওয়া গেল, কিছুক্ষণ পরে দৌলতও আসিয়া পড়িল। সে বেচারা আজ একেবারে মৃতপ্রায় হইয়া আসিয়াছিল। কাপড় চোপর বদলাইয়া ধুনী জ্বালাইয়া শিথিল হস্ত পদ সেঁকিয়া লইলাম রাত্রে ২।১ খান রুটী করিয়া খাইয়া পথের দুর্দ্দশার বিষয় আলাপ করিতে করিতে ঘুমাইয়া পড়িলাম। সেদিনকার সেই বিড়ম্বনার কথা আজও মনে স্পষ্ট অঙ্কিত রহিয়াছে, বোধ হয় অনেক দিন থাকিবে। তবে কালের আবর্ত্তনে, বিস্মৃতির জলে সেই ভীষণতা মুছিয়া যাইয়া এখন যেন সে চিত্রটী অনেকটা কমনীয় হইয়া উঠিয়াছে। আজ আর তাহা হৃদয়কে তেমন করিয়া কম্পিত করিয়া তুলে না; বরং যেন একটু আত্মপ্রসাদজনিত হর্ষে হৃদয় উল্লসিত হইয়া উঠে। তাই বুঝি শ্রীরামচন্দ্রের, বন বাসের কষ্ট, চিত্রদর্শনকালে তাহাকে আনন্দই দিয়াছিল।

প্রাপ্তানি দুঃখান্যপি দণ্ডকেষু—
সংচিন্ত্যমানানি সুখান্যভবন্।

পরদিন প্রত্যূষে কিছুটা শক্ত চড়াই অতিক্রম করিয়া একটী পর্ব্বতশিখরে উপনীত হইলাম। সে স্থানটী অনেকটা উপত্যকার মত দুইদিকে আরও উচ্চ পর্ব্বত শ্রেণী, মাঝখানে ক্ষুদ্রায়তন সমতল পথ। পথের দুই ধারে অসংখ্য পার্ব্বত্য গোলাপের ঝাড়, তাহাতে অগনন গোলাপ প্রস্ফুটিত হইয়া, পার্ব্বত্য প্রদেশ আমোদিত করিতেছিল। আমাদের দেশে কত যত্ন করিয়া, কত সার ছড়াইয়া, তবে দুই একটী গোলাপ গাছ উৎপন্ন করিতে হয় সঙ্কুল কঠোর পর্ব্বতের কোলে কোন্ দক্ষ মালীর যত্নে, কাঁহার উপভোগের নিমিত্ত, তাহারা এমনি করিয়া, সুবাস বিলাইতেছে, কাঁহারই বা চরণনিম্নে তাহারা একটী একটী করিয়া ঝরিয়া পাড়িতেছে?

কিছুটা পথ চলিয়া গুপ্তকাশী পৌঁছিলাম। উত্তরাখণ্ডে গুপ্তকাশী ও উত্তরকাশী নামক দুইটী কাশী বিদ্যমান, এই সকল স্থানের মাহাত্ম্য সম্বন্ধে অনেক পৌরাণিক কিম্বদন্তী প্রচলিত আছে, একজন পাহাড়ী তপ্তকাশী সম্বন্ধে নিম্নলিখিত গল্পটী আমাদিগকে বলিয়াছিল।

মহাপ্রস্থানের সময়, পঞ্চপাণ্ডব জ্ঞাতিহত্যাজনিত পাপ ক্ষালন করিবার মানসে কাশীবিশ্বেশ্বরের দর্শনাভিলাষী হইয়া বারানসীধামে উপস্থিত হন। বিশ্বেশ্বর তাহাদিগকে দর্শন দিতে অনিচ্ছুক হইয়া, বারানসী হইতে প্রস্থান করিয়া উত্তরাখণ্ডে প্রবেশ করেন। বারানসীতে বিশ্বেশ্বরকে দেখিতে না পাইয়া যুধিষ্ঠীরাদি অত্যন্ত দুঃখিত হইলেন তখন সহদেব গননা করিয়া স্থির করিলেন যে বিশ্বনাথ উত্তরাখণ্ডে প্রস্থান করিয়াছেন, অগত্যা তাঁহারা ও তাঁহার উদ্দেশ্যে সেই দিকে গমন করেন। এইরূপে 'হরদ্বার' দেবপ্রয়াগ, ও রুদ্রপ্রয়াগ প্রভৃতি স্থানে বিশ্বনাথ ক্রমান্বয়ে প্রস্থান করেন। পাণ্ডবগণও গননাদ্বারা তাঁহার সন্ধান পাইয়া তাঁহার পশ্চাদনুসরণ করেন। এবার নিতান্ত বিব্রত হইয়া বিশ্বনাথ এক নূতন উপায় উদ্ভাবন করিলেন, গুপ্তকাশীতে এবার তিনি ছদ্মবেশে অবস্থান করিতে

থাকেন। কিন্তু পাণ্ডবগণ এবারও তাঁহার সন্ধান পাইয়া তথায় উপস্থিত হ৹ ও তাঁহার গুপ্তনিবাস খুঁজিয়া বাহির করেন অগত্যা শিব সেখান হইতেও পলাইতে বাধ্য হন।

যাহা হউক, শিব এখানে গুপ্তভাবে অবস্থান করিয়া ছিলেন বলিয়াই, স্থানটির নাম গুপ্তকাশী হইয়াছে। গুপ্তকাশী স্থানটী অপেক্ষাকৃত জম্‌কাল, এখানে দোকান পসার অনেক আছে। বাজারের ঠিক মাঝখানে বিশ্বেশ্বরের মন্দির। মন্দিরে রৌপ্য নির্ম্মিত যোনীচিহ্ন মধ্যে বিশ্বেশ্বরের লিঙ্গবিগ্রহ স্থাপিত। মন্দিরের এক পার্শ্বে রৌপ্য নির্ম্মিত নারায়ণের বিগ্রহও আছে। মন্দিরের সম্মুখেই একটী সুন্দর ঝরণা রৌপ্য নির্ম্মিত গোমুখ ও হস্তিমুখ হইতে ঝরণার জল দুইদিক হইতে কুণ্ডে পতিত হইতেছে। মন্দিরের প্রায় দুই মাইল নীচে মন্দাকিনী। তাহার অপর পারে শঙ্কর প্রতিষ্ঠিত 'উমীমঠ' দেখা যাইতেছিল।• গুপ্তকাশী হইতে কেদারনাথ যাইবার পথে উমীমঠ পড়ে না। কেদার হইতে বদরি যাইবার সময় 'উমীমঠ' হইয়া যাইতে হয়।

• গুপ্তকাশীতে মধ্যাহ্নে আহারাদি করিয়া, বৈকালে ৫ মাইল চলিয়া বুংমল্লা নামক চটীতে রাত্রিবাস করিলাম। এখান হইতেই হিমালয়ের দারুণ শীতের আভাস পাইতে লাগিলাম। গুপ্তকাশীর পর হইতে প্রায় সকল চটীগুলিতেই লোকের বেশ ভিড় ছিল। কারণ কেদার হইতে বদরি যাইতে, এই রাস্তায়ই ফিরিয়া নালা চটী হইতে ভিন্ন রাস্তা ধরিয়া, মন্দাকিনী পার হইয়া যাইতে হয়।

প্রত্যূষে বুংমল্লা পরিত্যাগ করিয়া চলিতে লাগিলাম। এই সকল পথে অনেক মালসরবরাহকারী ভেড়ারপাল দেখিতে পাওয়া যায়। এক একটী দলে ৫০ হইতে ২০০ পর্য্যন্ত ভেড়া থাকে। ভেড়া গুলি বড়ই সুন্দর। তাহাদের গায়ের লোম্ খুব লম্বা, মাথায় প্যাঁকা বাঁকা বড় সিং। উহাদের গলায় ছোট ছোট ঘণ্টা বাঁধা থাকে। ঠুন্ ঠুন্ শব্দ করিতে করিতে যখন তাহারা সঙ্কীর্ণ পথ গ্রাম অবরোধ করিয়া চলিতে থাকে, তখন তাহাদিগকে বড়ই সুন্দর দেখায়। কয়েকটী প্রকাণ্ড কুকুর রক্ষকরূপে তাহাদের অগ্রে অগ্রে গমন করে। সকলের পশ্চাতে বিচিত্র পরিচ্ছদ পরিহিতা পাহাড়ী রমণীগণ পৃষ্ঠে ছেলে মেয়ে বাঁধিয়া নানাপ্রকার অদ্ভুত সাঙ্কেতিক ধ্বনি দ্বারা মেষগুলিকে চালিত করিয়া থাকে।

মধ্যাহ্নে বদলপুর নামক চটীতে আহারাদি করিলাম। চটীতে বসিয়া 'পথ প্রদর্শিকা' দেখিয়া, চলিবার programme করা হইল। স্থির হইল সেইদিন রামপুর চটীতে রাত্রিবাস করিয়া পরদিন ভোরে ভিন্ন রাস্তায় 'ত্রিযুগীনারায়ণ' দর্শন করিয়া গৌরীকুণ্ড পৌঁছিব। কিন্তু কথায় কথায় রামপুর পার হইয়া অনেক দূর চলিয়া আসিলাম, পুনরায় এতটা পথ ফিরিয়া যাইতে ইচ্ছা হইল না। কাজেই আসিবার সময় ত্রিযুগীনারায়ণ দর্শনের সঙ্কল্প করিয়া চলিতে লাগিলাম। ত্রিযুগীর পথ ছাড়িয়া. নীচের রাস্তায় সোমদ্বারা আসিয়া পৌঁছিলাম। এখানে মন্দাকিনী ও বাসুকীগঙ্গার সঙ্গম হইয়াছে। বাসুকী গঙ্গার উপর লোহারপুল পার হইয়া কয়েকমাইল অতিশয় কঠোর চড়াই করিতে হইল। পথে মুণ্ডকাটা গণেশ দর্শন করিয়া সন্ধ্যায় গৌরীকুণ্ড পৌঁছিলাম।

গৌরীকুণ্ড স্থানটী বেশ বড়, চারিদিকে বরফ-ঢাকা সাদা পাহাড়ের শ্রেণী, মাঝখানে চটী, দেবালয়, বাড়ী ঘর ইত্যাদি অবস্থিত, চতুর্দ্দিকের পর্ব্বতশিখর হইতে অনবরত গাঢ় বাষ্পরাশি উত্থিত হইয়া, স্থানটীকে সর্ব্বদাই কুজ্ঝটিকাবৃত করিয়া রাখিয়াছে। সূর্য্যের মুখ, এখান হইতে বড় একটা দেখা যায় না, কাজেই শীতের প্রকোপ এখানে অত্যন্ত বেশী। চটীর কিনারা দিয়া বেগবতী মন্দাকিনী ছুটিয়া চলিয়াছে। চটীর অদূরেই মা ভগবতীর মন্দির। মন্দিরের সন্নিকটে একটী কুণ্ডে তুহিন শীতল জলধারা পতিত হইতেছে। অল্প দূরে আর একটী কুণ্ড। তন্মধ্যে পিত্তলের বাঁধান গোমুখ হইতে অপূর্ব্ব তপ্ত জলধারা কুণ্ডে পতিত হইতেছে। চতুর্দ্দিকে পুঞ্জীভূত শুভ্রতুষারাবৃত পর্ব্বতশ্রেণী সামান্য উত্তাপও সেখানে, অতিশয় লোভনীয় বস্তু। সেখানে এমন একটী তপ্ত, জলধারা যে কি প্রকার অপূর্ব্ব সামগ্রী তাহা সহজেই অনুমেয়। কাজেই তপ্ত প্রস্রবণের

উৎপত্তি সম্বন্ধে দৈবীলীলা সম্বলিত অনেক গল্প এখানে প্রচলিত আছে। সমগ্র যাত্রীগণই পরমপুলকিত চিত্তে, ভক্তিভরে তাহার জলে স্নান তর্পণাদি করিয়া আপনাদিগকে নিতান্ত সৌভাগ্যবান মনে করেন। অবশ্যই আধুনিক বৈজ্ঞানিকের চক্ষে ইহাতে, আশ্চর্য্যান্বিত হইবার, ব. হৃদয়ে ভক্তিরসের সঞ্চার করিবার মত যে কিছুই নাই, তাহা অস্বীকার করা যায় না। কিন্তু ভগবৎ প্রেমিক ভাবুকের চিত্তে যে তাহা পরমেশ্বরের অদ্ভুত দয়ার কথা স্মরণ করাইয়া, একটা ভাবের স্রোত বহাইয়া দিবে তাহাতে আর আশ্চর্য্য কি? এইরূপ ভাবের তাড়নায়ই ভক্তহৃদয় আবেগ পূরিত কণ্ঠে গাহিয়াছেন :—

"দয়ার যাঁর নাহি বিরাম ঝরে অবিরত ধারে॥"

চটীতে বেজায় ভিড়। কোন প্রকারে একটু স্থান মিলিল। দারুণ শীতে "কুকুর কুণ্ডলী" হইয়া অতিকষ্টে রাত্রি যাপন করা গেল। উপরে আরও শীত, কাজেই স্থির হইল, এখানেই আস্তানা করিয়া কেদার দর্শন করা যাইবে। দৌলত আমাদের জিনিষপত্র লইয়া এখানেই অপেক্ষা করিবে, আমরা দর্শনান্তে পুনরায় এই স্থানে প্রত্যাবর্ত্তন করিয়া রাত্রিবাস করিব। কেদারনাথ এখান হইতে ১০ মাইল উপরে। যাতায়াতে ২০ মাইল চলিবার কষ্ট স্বীকার করিলে বরফের মধ্যে রাত্রিবাস করিবার ভীষণ কষ্ট হইতে নিস্তার পাওয়া যাইবে।

যথেষ্ট গরম কাপড়ে দেহ আবৃত করিয়া কেদার দর্শনে বাহির হইলাম। গৌরীকুণ্ড হইতে বাহির হইয়াই দশ মাইলব্যাপী ভীষণ চড়াই তার উপর রাস্তা এমন সঙ্কীর্ণ যে একজনের অধিক লোক তাহাতে পাশাপাশি চলিতে পারে না। রাস্তার বামে কঠোর পর্ব্বত প্রাচীর, দক্ষিণে প্রায় সোজা ১ মাইল নীচে মন্দাকিনী। তার উপর পর্ব্বতের উপরের বরফ গলিয়া জল পড়িয়া, প্রায় সমগ্র রাস্তাটীই অতিশয় পিচ্ছিল হইয়া রহিয়াছে। বাস্তবিক কঠিন রাস্তাই বটে! তাই কেদারনাথ 'কেদার কঠিন' নামে অভিহিত হইয়া থাকেন। যখন জয়ধ্বনিতে পার্ব্বত্য প্রদেশ মুখরিত করিয়া যাত্রীর সাড়ি চলিয়াছে। অনেকদিনের কষ্টের পর দেবদর্শনের আশায় সকলেরই হৃদয় উৎফুল্ল। ক্রমাগত উপরের দিকে উঠিতে লাগিলাম। মন্দাকিনীর দুই দিকেই গগনচুম্বী পর্ব্বতমালা যেন স্বর্গ ও মর্ত্ত্যের সংযোগ সাধন করিয়া দণ্ডায়মান। শৃঙ্গে শৃঙ্গে সাদা বরফরাশি ধব্ ধব্ করিতেছিল, সাদা সাদা মেঘের টুকরাগুলি পর্ব্বতের উপর গা এলাইয়া দিয়া নিশ্চল হইয়া দাঁড়াইয়া আছে। স্থানে স্থানে পর্ব্বতশৃঙ্গ হইতে সুন্দর ঝরণা সকল নামিয়া আসিয়া ঝর্ ঝর্ করিয়া মন্দাকিনীতে পতিত হইতেছে। আহা কি সে অনুপম শোভা! কি সে অদ্ভুত গরিমা! প্রত্যক্ষ না করিলে সে বিরাট দৃশ্যের অতুলনীয় সৌন্দর্য্য অনুভব করা যায় না।

তিন মাইলের চড়াইর পর স্বর্গনিশানী নামক একটী ক্ষুদ্র চটী দেখিতে পাইলাম। তাহা অতিক্রম করিয়া, সাবধানে উপরের দিকে উঠিতে লাগিলাম। আরও দুই মাইল অগ্রসর হইলেই রামবাড়া চটী। সেখান হইতে কিছুদূর চলিলে একটী গন্ধক মিশ্রিত জলের ঝরণা আমাদের দৃষ্টিগোচর হইল। সে জলে স্নান করিলে গায়ের খোঁস পাঁচড়া আরোগ্য হয়। এ সকল স্থানে চলিতে সকলেরই গায়ে ও জামায় এক প্রকার কীট জন্মে, তাহাদের দংশনে শরীরে খোঁস হয়, এই জলে গা কাপড় ধুইলে কীটগুলি বিনষ্ট হইয়া যায়। প্রকৃতির এই নিভৃত কোণে সামান্য অসুবিধার সঙ্গে সঙ্গে, তৎপ্রতিকারের এমন স্বাভাবিক সুন্দর উপায় কোন্ প্রেমিক হৃদয়ের সৃষ্টি? কে সেই দেবতা যাঁহার প্রাণ আর্ত্তের দুঃখ নিবারণের জন্য এমন করিয়া সচেষ্ট হইয়াছিল। ভাবিয়া দেখিলে অবিশ্বাসের বালুকামন্দির, নিমেষে চূর্ণ হইয়া যায়, কোন্ এক বিরাট শক্তির পদতলে মস্তক আপনা হইতেই লুণ্ঠিত হইতে চাহে। তাই বুঝি ভাবুক হৃদয় চাক্‌চিক্যময় নগর জনপদ পরিত্যাগ করিয়া, প্রকৃতির স্নেহময় ক্রোড়ে আপনাকে চির নির্ব্বাসিত করিতে এত প্রয়াসী। প্রকৃতির ভক্ত সেবক ভাবুক কবি গাহিয়াছেন—

Sweet is the lore which nature brings;
Our meddling intellect

His shapes the beauteous forms of things;-
We murder to dissect.

এখন হইতে রাস্তার দুই পার্শ্বেই পুঞ্জীভূত বরফ রাশি আমাদের দৃষ্টি গোচর হইতে লাগিল। মাঝে মাঝে রাস্তার উপরেও বরফ পড়িয়া রহিয়াছে এ সকল বরফ আমাদের কলে তৈয়ারী বরফের মত নহে, এ যেন স্তূপীকৃত শুভ্র কর্পূর রাশি। মাঝে মাঝে জুতা সমেত পদদ্বয় তাহাতে প্রোথিত হইয়া যাইতেছিল। লাঠির তীক্ষ্ণ অগ্রভাগ বরফের মধ্যে প্রবিষ্ট করাইয়া আমরা সানন্দে পথ চলিতে ছিলাম। কোন কোন স্থানে মন্দাকিনীর জলের উপরে পর্ব্বত প্রমাণ বরফ জমা হইয়া রহিয়াছে, মন্দাকিনীর খরস্রোত, সে বরফ রাশি ভেদ করিয়া সুন্দর খিলানের মত তৈয়ার করিয়া ছুটিয়াছে। এখানে শীত আরও প্রখর, তার উপর ক্রমাগত চড়াই করার পরিশ্রমে আমরা অনেকটা ক্লান্ত হইয়া পড়িয়াছিলাম। 'এবার আরও কঠিন চড়াই আরম্ভ হইল। যাত্রীদিগের মুখে সেই হর্ষোৎফুল্ল ভাব আর নাই। এখন যেন অনেকেই দারুণ পরিশ্রমে হতাশ হইয়া পড়িতেছিল। ঘন ঘন দেবতাদিগের নাম উচ্চারণ করিতে করিতে সকলে চলিয়াছে। একস্থানে দেখিলাম একটী প্রৌঢ়া পথকষ্টে মূৰ্চ্ছিত প্রায় হইয়া প্রস্তরের উপর পড়িয়া রহিয়াছে, সঙ্গীগণ ভীতচিত্তে তাহার শুশ্রূষা করিতেছে। অন্যস্থানে একটী বৃদ্ধা নিতান্ত নিরুপায় হইয়া, এক স্থানে বসিয়া অশ্রুপূর্ণ লোচনে কাতর কণ্ঠে কেদারনাথকে বলিতেছিল:— "এ কেদারনাথ স্বামী, এ বুড়্‌ঢিকা খবরলে" বৃদ্ধার ব্যাকুল ক্রন্দনে মনে বড়ই কষ্ট হইল। আমরাও অতি কষ্টে চলিতেছিলাম, কয়েকপদ অগ্রসর হইয়াই, ক্লান্ত হয়া বসিয়া বসিয়া পড়িতেছিলাম। যজ্ঞেশ্বর বেচারা একান্ত হতাশ হইয়া পড়িল, নিজেদের অবস্থা গোপন রাখিয়া আমরা তাহাকে সাহস দিতে লাগিলাম। শুনিয়াছিলাম দেব দর্শন করিতে হইলে কঠোর তপস্যার প্রয়োজন। আমার মনে হইল এইরূপে পথ চলাই এক প্রকার তপস্যা। অদূরে তুষার স্তূপের মধ্যে ক্ষুদ্র একটী প্রস্তরের মন্দির দেখা যাইতে লাগিল, মন্দিরের দ্বারে ঘণ্টা নাড়িয়া পূজক চীৎকার করিয়াছিল "এ গরুড়জীকা দর্শন হ্যায়, সোয়ালাখ্ পর্ব্বতকা মালিক হ্যায়, উনকো ভজন করো দর্শন মিল্ যায়গা।" পাহাড়ীগণ বলে যে কেদারনাথ ও বদরির যাত্রীদিগকে সোয়ালক্ষ পর্ব্বত উল্লঙ্ঘন করিতে হয়, গরুড়জীই এই সকল পর্ব্বতের অধিষ্ঠাতা, তাহাকে পূজায় সন্তুষ্ট করিতে পারিলেই কেদারনাথ ও বদরিনারায়ণ দর্শন হয়।

গরুড়জীর আশীর্ব্বাদ মস্তকে ধারণ করিয়া কিছুদূর অগ্রসর হইলে একটী প্রসস্ত উপত্যকায় পৌঁছিলাম। এবার সেই প্রাণান্তকারী ভীষণ চড়াই শেষ হইল, এখান হইতে সমতল পথে প্রায় এক মাইল চলিলেই কেদারনাথের মন্দির। দুইদিকে শ্রেণীবদ্ধ বরফ ঢাকা পর্ব্বতের সারি, মাঝখানে সম্পূর্ণ তুষারাবৃত সেই উপত্যকা। যতদূর দৃষ্টি যায়, সিতশুভ্র বরফরাশি ব্যতীত আর কিছুই দৃষ্টিগোচর হইতেছিল না। স্থানে স্থানে গাঢ় কুজ্ঝটিকার ন্যায় সাদা মেঘের টুক্‌রা সকল ভূমি সংলগ্ন হইয়া দাঁড়াইয়া আছে, সে গুলি ভেদ করিয়া আমাদিগকে অগ্রসর হইতে হইতেছিল। তাহাতে পরিধেয় ভিজিয়া যাইতেছিল, আর অসহ্য শীতে হস্তপদ আড়ষ্ট হইয়া হাতের লাঠিগাছি ও ধরিয়া রাখিতে সক্ষম হইতেছিলাম না। মাঝে মাঝে হাল্কা বরফ রাশির উপর পদদ্বয় প্রোথিত হইয়া যাইতেছিল কোথাও বা এমন এক এক খণ্ড ঘন সন্নিবিষ্ট মেঘের মধ্যদিয়া যাইতে হইতেছিল, যে কেহ কাহাকেও দেখিতে পাইতেছিলাম না, তবে আমাদের কণ্ঠ নিঃসৃত সঘন জয়ধ্বনী আমাদিগের উপস্থিতি জ্ঞাপন করিতেছিল। সহসা সুদূর বাঙ্গালার নিভৃত কোন অবস্থিত আমাদের সেই পল্লীকুটীরের কথা হৃদয়ে জাগিয়া উঠিল। যেখানে, শরতের আকাশে ধীর মন্থরগামী শুভ্র মেঘের টুক্‌রাগুলি দেখিতে দেখিতে শৈশবে কত কথাই না ভাবিয়াছি। কিন্তু ভাবিয়া কিছুই স্থির করিতে পারি নাই, ভাবিতাম মেঘগুলি কত উচ্চে অবস্থিত? অত উচ্চে কি মানুষ উঠিতে পারে না? আজ সত্য সত্যই সেই মেঘের সমান উচ্চে উঠিয়াছি এমনকি

মেঘ আমাদের গায়ে লাগিয়া বসন সিক্ত করিয়া দিয়া যাইতেছে, শৈশবের সেই উন্মাদ কল্পনা আজ সত্য সত্যই বাস্তবে পরিণত হইল ভাবিয়া হৃদয়ে একটা অনির্ব্বচনীয় আনন্দ উপভোগ করিতে লাগিলাম। এইরূপে মেঘমালার মধ্যদিয়া ও বরফ রাশি পায় দলিয়া প্রায় ১ মাইল অগ্রসর হইলে সহসা আমাদের অতি নিকটে কেদার নাথের মন্দিরের চূড়া প্রকাশিত হইয়া উঠিল; অমনি যাত্রীগণ আনন্দে উচ্চ জয়ধ্বনী করিয়া উঠিল। একটা অপূর্ব্ব উল্লাসে সকলেরই মুখমণ্ডল উদ্ভাসিত হইয়া উঠিল। তুষারসমাবৃত মন্দাকিনীর উপর ছোট পুল পার হইয়া মন্দিরের নিকটবর্ত্তী হইলাম। চতুর্দ্দিকে শুভ্র বরফ রাশি ধব্ ধব্ করিতেছে, মধ্যে সুন্দর উপত্যকা ভুমির উপর প্রস্তরের মন্দির অবস্থিত মন্দিরের নিকটে পূজক ও পাণ্ডাদিগের কয়েক খানা বাড়ীঘর ও ২। ১টী দোকান পসার। ঘরগুলি সকলই পাথরের। কোন কোন ঘরের চতুর্দ্দিকে এমন করিয়া বরফ জমিয়া রহিয়াছে যে তাহা এক প্রকার আচ্ছাদিত করিয়া ফেলিয়াছে। বরফ কাটিয়া দরজা গুলি বাহির করা হইয়াছে। এইরূপ একখানা ঘরে স্থান লইলাম। শুনিলাম শীঘ্রই মন্দির বন্দ হইয়া যাইবে। তাই তাড়াতাড়ি মুজা জুতা খুলিয়া। খালিপায়ে বরফ দলিয়া মন্দিরের দিকে চলিলাম। শীতে যেন সর্ব্বাঙ্গের রক্ত জমিয়া হিম্ হইয়া গিয়াছিল। মন্দিরের চতুর্দ্দিকেই রাশীকৃত বরফ জমিয়া রহিয়াছে। কিছুদিন পূর্ব্বে সমগ্র মন্দিরটাই বরফ চাঁপা পড়িয়াছিল, সম্প্রতি বরফ গলিয়া কিছুটা বাহির হইয়াছে। মন্দিরের দরজা বরফ কাটিয়া উদ্ধার করা হইয়াছে।

মন্দিরের দ্বারে, খাজাঞ্চীর নিকট মন্দিরে প্রবেশের ভেট্ ছয় পয়পা দিয়া একখানি টিকেট পাইলাম। ভিড় ঠেলিয়া মন্দিরে প্রবেশ করাগেল। ভিতরে আলো প্রবেশের পথ মাত্র নাই। একটী প্রকাণ্ড ঘৃতের প্রদীপ, মন্দিরের সেই নিবিড় অন্ধকার কথঞ্চিত দুর করিতে সক্ষম হইতেছিল। প্রদীপের ক্ষীণ রশ্মিতে বিগ্রহ সুস্পষ্ট পরিলক্ষিত হইতেছিল না। আরও নিকটে যাইয়া বিগ্রহ দর্শন ও আলিঙ্গন করিলাম। মন্দিরের ঠিক মধ্যস্থলে গম্ভীরা, তাহার মধ্যে কেদার নাথের বিরাট বিগ্রহ স্থাপিত। সচরাচর লিঙ্গ বিগ্রহ যে গঠনের হয়, কেদারনাথের বিগ্রহ সে প্রকার নহে, বিগ্রহের অঙ্গ অমসৃণ ও তাহা যথার্থ লিঙ্গাকৃতি বলিয়া বোধ হয় না। পাণ্ডাগণ বলে যে ইহা, একটী মহিষের ছিন্ন পশ্চাৎভাগ, দেবীলীলায় প্রস্তররূপে পরিণত হইয়া যুগ যুগান্তর ধরিয়া অগণিত নরনারীর সাগ্রহ পূজা গ্রহণ করিয়া আসিতেছেন। এ বিষয়ে একটী কিংবদন্তি প্রচলিত আছে। গুপ্তকাশীর বিবরণে তাহার কিঞ্চিৎ উদ্ধৃত হইয়াছে, বাকীটুকু এই :—

পলায়নতৎপর বিশ্বনাথ যখন দেখিলেন যে গুপ্তকাশীতেও পাণ্ডবগণ তাঁহার সন্ধান পাইয়াছেন তখন তিনি, দুর্লঙ্ঘ্য পর্ব্বত শ্রেণী উল্লঙ্ঘন করিয়া, বিপুল হিমানী সমাবৃত, নগরের অগম্য এই কেদারনাথে প্রস্থান করিলেন। কিন্তু পাণ্ডবগণও পাত্র সোজা নহেন। ভীমসেনের গদাঘাতে পর্ব্বত চূর্ণিত হইয়া রাস্তা নির্ম্মিত হইল, তখন পঞ্চপাণ্ডব কেদারনাথে উপনীত হইলেন। শিব দেখিলেন গতিক ভাল নহে আর কোথায়ই বা পালাইবেন, আরও উত্তরে যাইবার পথমাত্র নাই, অগত্যা তিনি মহিষের আকৃতি ধারণ করিলেন, এবং মায়া মহিষযূথ সৃজন করিয়া তাহাদের সঙ্গে মিশিয়া রহিলেন। কিন্তু সহদেবের অদ্ভুত গণনাশক্তি সে রহস্য জালও ভেদ করিতে সক্ষম হইল। তখন পাঁচ ভাইয়ে মিলিয়া যুক্তি করিয়া স্থির করিলেন যে ভীমসেন দুইদিকের পর্ব্বত গাত্রে দুই পদ স্থাপন করিয়া দাঁড়াইবে এবং অন্যান্য পাণ্ডবগণ, সকল মহিষগুলিকে তাহার পায়ের নীচ দিয়া তাড়াইয়া লইয়া যাইবেন, সর্ব্বাপেক্ষা বৃহদাকার মহিষটাই ছদ্মবেশী মহাদেব, ভীমসেন তাহাকে ধরিয়া ফেলিবেন, সেইরূপ করিলে সকল মহিষগুলি লাঙ্গুল তুলিয়া উর্দ্ধশ্বাসে দৌড়াইতে লাগিল, সকলের বড় মহিষটীর লাঙ্গুলে ভীমসেন ধরিয়া ফেলিলেন, তখন ভীষণ টানাটানি লাগিয়াগেল, কিন্তু মহিষদেহে আর কত সয়। টানাটানিতে মহিষরাজের সম্মুখার্দ্ধ ছিন্ন হইয়া সবেগে পর্ব্বত উল্লঙ্ঘন করিয়া নেপালে

যাইয়া পড়িল, সেখানে তাহা "পশুপতিনাথ" নামে পূজিত হইতে লাগিলেন, পশ্চাতার্দ্ধ সেখানেই রহিয়া গেল। এত করিয়াও যখন বিশ্বনাথের মুখকমল দর্শনে বঞ্চিত হইলেন তখন পাণ্ডবগণের ক্ষোভের পরিসীমা রহিল না। ভীমসেনত চটিয়া আগুণ, গদাঘাতে হিমালয়কে সমভূমিতে পরিণত করিতে উদ্যত হইলেন, তখন দৈববাণী হইল যে মহিষরূপী বিশ্বনাথের ছিন্নার্দ্ধের পূজা অর্চ্চনা করিলেই তাঁহারা পাপমুক্ত হইবেন। অগত্যা পাণ্ডবগণ, সেই ছিন্নার্দ্ধের উপর মন্দির নির্ম্মাণ করিয়া তাহার পূজা করিয়া, মহাপ্রস্থানে ব্রতী হইলেন। তখন হইতেই কেদারনাথ নরনারীর পাপতাপহারীরূপে পূজিত হইতে লাগিলেন। পুরাণেতিহাসে এইপ্রকার কোনও ঘটনার উল্লেখ আছে কিনা তাহার অনুসন্ধানের ভার প্রত্নতত্ত্ববিৎ পাঠকের উপর। আমরা গল্পটী যেরূপ শুনিয়াছি তাহাই উদ্ধৃত করিলাম।

বিগ্রহের চতুর্দ্দিকে প্রদক্ষিণ করিবার স্থান, তাহাতে বরফগলা জল জমিয়া রহিয়াছে, শুধু পায়ে প্রদক্ষিণ করিবার সময়ে মনে হইল বুঝি দাঁত লাগিয়া পড়িয়া যাইব। যাহা হউক দর্শন করিয়া কুঠুরিতে ফিরিয়া আসিলাম। বাড়ীওয়ালা ঘরের দ্বারে উনন জ্বালিয়া পুরী ভাজিতেছিল, প্রথমে হাত পাও সেঁকিয়া, ও পরিধেয় বসনগুলি একটু গরম করিয়া লইয়া কিছু পুরী লাড্ডু উদরস্থ করাগেল। এমন দারুণ শীতে এ স্থানে আর অধিককাল বাস করা এক প্রকার অসম্ভব হইবে ভাবিয়া তখনই গমনের উদ্যোগ করিতে লাগিলাম।

যাঁহার দর্শনের আকাঙ্ক্ষায় এতদিন ধরিয়া কত কষ্ট অগ্রাহ্য করিয়া, কত নদ, নদী; পাহাড় পর্ব্বত হেলায় উল্লঙ্ঘন করিয়া, কখনও বা রৌদ্রে পুড়িয়া কখনও বা বৃষ্টিতে ভিজিয়া, শত শত মাইলব্যাপী কঠিন পথ অতিক্রম করিয়াছি, আজ তাঁহার দর্শন পাইয়া হৃদয়ে সত্য সত্যই যে একটা আত্মপ্রসাদ লাভ করিব তাহার আর আশ্চর্য্য কি! একবার শেষবারের জন্য কেদারনাথের মন্দিরাভিমুখে প্রণিপাত করিয়া, মুখে উচ্চ জয়ধ্বনী উচ্চারণ করিয়া, সেখান হইতে বাহির হইলাম। যতদূর পর্য্যন্ত দেখাগেল ফিরিয়া ফিরিয়া কেদারনাথের মন্দিরের ধ্বজাটী দেখিতে দেখিতে চলিলাম। ক্রমে মন্দিরের শেষ চিহ্নটুকু ধবল তুষার রাশির পশ্চাতে অন্তর্হিত হইল, তখন কেদার নাথের উদ্দেশ্যে পুনরায় প্রণিপাত করিয়া নামিতে লাগিলাম। বোধ হয় এ জীবনে কেদার দর্শন এই প্রথম ও শেষ। আর কখনও সে সুযোগ এ জীবনে উপস্থিত হইবে কি না জানি না। কিন্তু তাহার স্মৃতি আজও হৃদয়ে স্পষ্ট অঙ্কিত রহিয়াছে, এই দীর্ঘকাল অবসানের পর আজও তাহার একটী রেখাও মলিন হইয়া যায় নাই।

(ক্রমশঃ)

ভবঘুরে

বঙ্গের কুলবধূ।

(১)

মুখটি ফুটে কভু কথাটি কহে না;
নীরবে গঞ্জনা সয়,
নীরবে বেদনা বয়,
সজল আঁখি দু'টি ফিরে চাহে না;
তবুত মুখ ফুটি কথাটি কহে না।

(২)

মুখটি ফুটে কভু কথাটি কহে না—
চাপান বেদনাগুলি,
হৃদয়ে উঠিছে ফুলি,
নিশ্বাসে প্রকাশে তার মনোবেদনা;
তবু সে মুখ ফুটি কথাটি কহে না।

(৩)

মুখটি ফুটে কভু কথাটি কহে না—
মিথ্যা অভিযোগ রাশি—
বরিয়া লয় গো হাসি;
আহা কি অবিচার, নিঠুর তাড়না;
তবুত মুখ ফুটি কথাটি কহে না।

(৪)

মুখটি ফুটে কভু কথাটি কহে না—
ভালবাসা করে দান,
পায় ঘৃণা প্রতিদান,
কেহত আদর করি কাছে আসেনা;
তবু সে মুখ ফুটি কথাটি কহে না।

শ্রীশ্রীপতিপ্রসন্ন ঘোষ।

ফুল-শয্যা

(গল্প)

(১)

গ্রীষ্মের ছুটিতে রমেশ বাড়ী আসিয়াই শুনিল আগামী ১৫ই জ্যৈষ্ঠ তাহার বিবাহের দিন স্থির হইয়া গিয়াছে।

বিবাহের কথা শুনিবা মাত্র রমেশ আরও উন্মনা হইল। একবার ভাবিল পালাই। কিন্তু তাহার পিতা রমেশের বাল্য বন্ধু অমরনাথের নিকট হইতে তাহার সমস্ত ব্যাপার শুনিয়াছেন। তাই সর্ব্বদা তিনি রমেশকে চোখে চোখে রাখিতে লাগিলেন। রমেশ পালাইবার সুযোগ পাইল না।

ক্রমে বিবাহের দিন নিকটবর্ত্তী হইতে লাগিল। সমস্ত আয়োজন ও নিমন্ত্রণাদি ঠিক হইয়া গেল। এমন সময় রমেশের পিতা অন্নদা বাবু কন্যার পিতার নিকট হইতে একখানা টেলিগ্রাম পাইলেন—"শ্রীমতী অমলার আজ কয়েকদিন যাবত ভয়ানক অসুখ। এখন সে এত দুর্ব্বল যে বিছানা হইতে উঠিতে পারে না। এরূপ অবস্থায় ১৫ই বিবাহ কিছুতেই হইতে পারে না। আপনি যদি আর কিছুদিন অপেক্ষা করেন তবে এই কন্যা-দায়গ্রস্ত গরীবের প্রাণ বাঁচিয়া যায়।" আসল কথাটা আর উল্লেখ না করিয়া শুধু এইটুকুই লিখিলেন। কারণ তাহাতে বিবাহের বিপত্তি ঘটাইতে পারে।

অন্নদা বাবু অনেক ভাবিয়া চিন্তিয়া শেষে টেলি-গ্রামের উত্তর স্বরূপ লিখিলেন—"আর ১০ দিনের বেশী দেরী করিবার সাধ্য নাই। আগামী ২৫শে দিন স্থির হইল।"

কন্যার পিতা হরকিশোর বাবু অগত্যা তাহাতেই স্বীকৃত হইলেন।

(২)

দেখিতে দেখিতে ২৫শে জ্যৈষ্ঠ আসিয়া পড়িল। হরকিশোর বাবুর বাড়ীতে বিবাহের বাজনা বাজিয়া উঠিল। বহির্ব্বাটিতে পুরুষদের হাঁকাহাঁকি। অন্তঃপুরে মেয়েদের কোলাহল। আজ বৈকালে বর ও বরযাত্রগণ আসিয়া পৌঁছিয়াছেন। সকলে তাঁহাদের অভ্যর্থনা ও জলযোগের আয়োজনে ব্যস্ত।

গোধুলী লগ্নে বিবাহ। বর-পোষাক পরিয়া রমেশচন্দ্র বিবাহের আসরে আসিল। অন্তঃপুরে অবিরাম উলুধ্বনি উঠিতে লাগিল।—বর কন্যার শুভদৃষ্টি হইবে।

একজন প্রৌঢ়া বলিলেন "অমী, ভালো ক'রে চোখ তুলে বরকে দেখে নে'।" এই বলিয়া তিনি আস্তে আস্তে মেয়ের ঘোমটা তুলিতে লাগিলেন। কিন্তু তাঁহার কথা ব্যর্থ হইল। অমলা কিছুতেই চোখ তুলিল না।…হঠাৎ রমেশ চিৎকার করিয়া ভূমিতে পড়িয়া গেল। "আর নয়, আর নয়;—নিয়ে যাও, নিয়ে যাও।" অর্দ্ধমূর্চ্ছিত অবস্থায় ভূপতিত হইয়া তাহার সমস্ত শরীর কাঁপিতে লাগিল। সকলে "কি হইল", "কি হইল" বলিয়া ছুটিয়া আসিল। কেহ ছুটিয়া জল আনিতে গেল; কেহ বা বাতাস করিতে লাগিল। কেহ কেহ কহিল "সমস্তদিন উপোষ, তাতে আবার ছেলের শরীর দুর্ব্বল, তাই এমন হ'লো।"

রমেশ কিঞ্চিৎ সুস্থ হইলে তাহাকে আবার বিবা-হের আসনে আনিয়া বসান হইল।—লগ্ন যে উত্তীর্ণ হইয়া যায়।

কন্যার পিতা হরকিশোর বাবু নীরবে অধোমুখে ভাবিতে লাগিলেন—"না জানি অদৃষ্টে আরও কত আছে।"

বিবাহ হইয়া গেলে মেয়েরা বর কন্যাকে বরণ করিয়া ঘরে লইয়া গেল।

বিবাহের পরদিন বরযাত্রদের বিদায়ের আয়োজন চলিতে লাগিল। রমেশের জলযোগের সময় হইলে শ্যালিকাগণ পরস্পরে বলাবলি করিতে লাগিল "আজ বোধ হয় রমেশ বাবু বেশ সুস্থ আছেন; কাল তো ভয়েই তাঁর সাথে কথা বল্‌তে পারি নি। আজ তাঁর বুদ্ধির পরীক্ষা হবে।" এইরূপভাবে কি করিয়া রমে-শকে জব্দ করিতে পারিলে আপনাদের জয় হইবে তাহারি কল্পনা করিতে লাগিল। এমন সময় শুনিতে পাইল সকলে চতুর্দ্দিকে ছুটাছুটি করিয়া "রমেশ" "রমেশ" বলিয়া ডাকাডাকি করিয়া তাহাকে খুঁজিয়া

বেড়াইতেছে। কোথায় রমেশ! কেহই রমেশকে খুঁজিয়া পাইল না।

হরকিশোর বাবু নীরবে একটা দীর্ঘ নিশ্বাস ফেলিলেন।

অন্নদা বাবু হরকিশোর বাবুকে বলিলেন "রমেশ হয় তো আপনাদের কোনও একটা ক্রটিতে রাগ ক'রে বাড়ী চলে গেছে। তবে আমরা আর দেরী করি কেন? আমাদের বিদায়ের আয়োজন করুন।"

অন্নদা বাবু বিরক্ত হইয়া মনে মনে রমেশকে গালি দিয়া কহিলেন, "হতভাগা, আমার জাতমান রাখ্‌বি না দেখ্‌ছি।" কিন্তু তাঁহার মনে একটা দারুণ চিন্তা উপস্থিত হইল।

বরযাত্রগণসহ কন্যাকে লইয়া অন্নদা বাবু বাড়ী ফিরিলেন। কিন্তু রমেশ কোথায়?—রমেশ তো বাড়ী ফিরে নাই!

(৩)

রমেশের কোনও সংবাদ পাওয়া গেল না। বহু স্থানে সন্ধান লওয়া হইল, কিন্তু কোথাও তাহাকে পাওয়া গেল না।

দিনের পর দিন গেল। মাসের পর মাস গেল। ক্রমে ছয় বৎসর অতীত হইল। দীর্ঘ ছয় বৎসর! রমেশের কোনও সন্ধান নাই। অন্নদা বাবু ও তাঁহার স্ত্রী জীবন্মৃত হইয়া দিনগুলি কাটাইতে লাগিলেন। কখনও কখনও রমেশের মাতা "রমেশ" "রমেশ" বলিয়া চিৎকার করিয়া কাঁদিয়া উঠিতেন। মাঝে মাঝে ঘুমের ঘোরে স্বপ্নে বলিয়া উঠিতেন "রমেশ বাপ্ আমার তুই এলি?" অন্নদা বাবু অমলার পানে চাহিয়া মাঝে মাঝে এক একটী দীর্ঘ নিশ্বাস ফেলিতেন।

তখন রাত্রি প্রায় দ্বিপ্রহর হইয়াছে। বাটীর অন্যান্য সকলে ঘুমে অচেতন। রমেশের মাতার এতক্ষণে একটু তন্দ্রার ভাব আসিয়াছে। এমন সময় তিনি যেন শুনিলেন কে যেন দ্বারে ঈষৎ করাঘাত করিল; কে যেন মৃদুস্বরে ডাকিল "মা!"

রমেশের মাতা ধড়মড় করিয়া বিছানার উপর উঠিয়া বসিলেন। সে শব্দে অন্নদা বাবুর নিদ্রা ভাঙ্গিয়া গেল। অমলাও জাগিল। অন্নদা বাবু মনে করিলেন "বোধ হয় স্বপ্ন দেখিয়া তাঁহার স্ত্রী ঐরূপ করিতেছেন।" তিনি তাঁহাকে বলিলেন "ওগো, কি হয়েছে? একটু ঘুমাও না; রাত যে অনেক হ'লো।"

আবার দ্বারে ঈষৎ করাঘাত হইল। আবার যেন কে ডাকিল "মা!"

রমেশের মাতা তৎক্ষণাৎ দৌড়াইয়া দ্বারের নিকট অগ্রসর হইয়া দ্বার খুলিয়া দিলেন। "মা আমি রমেশ" বলিয়া রমেশ মাতার চরণে প্রণাম করিল। মাতা তৎক্ষণাৎ তাহাকে আপন স্নেহময় বক্ষে ধারণ করিয়া ঘন ঘন শিরশ্চুম্বন করিলেন। সাশ্রুনয়নে রমেশকে কহিলেন "বাবা, এতদিন আমাদের ভুলে কেমন ক'রে ছিলি?" রমেশ কোনও উত্তর না দিয়া নীরবে অশ্রু মোচন করিল।

ভিতরে প্রবেশ করিয়া রমেশ পিতৃচরণে প্রণাম করিল। সে পিতার মুখের পানে চাহিতে পারিল না। ধীরে ধীরে অধোমুখে মাতার সহিত কক্ষান্তরে প্রবেশ করিল।

অমলার হৃদয় এতক্ষণ ঘন ঘন কম্পিত হইতেছিল। সে আর স্থির থাকিতে না পারিয়া অন্য কক্ষে চলিয়াগেল। মাতা পুত্রে অনেক কথা হইল। দেখিতে দেখিতে রাত্রি প্রভাত হইয়া গেল। পরদিবসও আনন্দ কোলাহলে সমস্ত দিনটা কাটিয়া গেল।

(৪)

রাত্রি প্রায় এক প্রহর অতীত হইয়াছে। রমেশ খাওয়া দাওয়া শেষ করিয়া বিছানায় শুইয়া আছে ক্ষণেক পরে মাতা ঘরে প্রবেশ করিয়া বলিলেন "এখন ঘুমাও। আমি বৌমাকে পাঠিয়ে দিচ্ছি।"

অমলা ধীরে ধীরে মৃদু পাদবিক্ষেপে ঘরে প্রবেশ করিল। একটা অজানিত লজ্জা ও সঙ্কোচ আসিয়া তাহাকে ঘিরিয়া ফেলিল। এখনও সে মুখ তুলিয়া রমেশের পানে চহিয়া দেখে নাই।

অমলা শয্যার পার্শ্বে আসিয়া দাঁড়াইল। রমেশ তাহাকে সম্বোধন করিয়া কহিল, "অমলা, আমায় চিন্‌তে পেরেছ? আমি সেই দস্যু!

রমেশের মুখের পানে চাহিতেই অমলার সমস্ত শরীর শিহরিয়া উঠিল। হৃদয়ের শ্বাসযন্ত্র যেন রুদ্ধ হইয়া আসিল। সে কম্পিত হৃদয়ে প্রস্তর মূর্ত্তিবৎ দাঁড়াইয়া রহিল। আর মুখ তুলিয়া চাহিতে পারিলনা।

রমেশ ধীর স্বরে কহিল "অমলা, ভয় নাই। আমি আজ আর সে দস্যু নই। ভয় নাই অমলা।" এই বলিয়া শয্যা হইতে উঠিয়া অমলাকে নিকটে আনিল। অমলার হৃদয় তথাপি ঘন বিকম্পিত হইতে লাগিল।

রমেশ আবার কহিল "অমলা, আমার সমস্ত কথা এখনও বলা হয় নাই। আমি আজ আর সে দস্যু নই। আজ আমি সেই দস্যুরই বিচার-কর্ত্তা ডেপুটী ম্যাজিষ্ট্রেট্।"

অমলা তথাপি নীরব। রমেশ তাহাকে আরও নিকটে আনিয়া বসাইল। রমেশের স্পর্শে তাহার শরীরে যেন একটা তাড়িৎ প্রবাহ খেলিয়া গেল। রমেশ ধীরে ধীরে কহিতে লাগিল "অমলা, আমার জীবনের সমস্ত কাহিনী আজ তোমায় বলিতেছি, শোন—"

"সে আজ অনেকদিনের কথা। সতের বৎসর বয়সে আমি গ্রাম্য স্কুল হইতে প্রবেশিকা পরীক্ষায় পাশ করিয়া কলিকাতায় এফ, এ পড়িতে যাই। সেখানে আমার এক বন্ধু জুটিল হরিমোহন। হরিমোহন পটলডাঙ্গায় থাকিত। তাহাকে আমি পূর্ব্বে চিনিতাম না। একদিন হঠাৎ তার সাথে গোল দীঘিতে আলাপ হয়। তদবধি সে আমার বন্ধু।

বন্ধু তো বন্ধুই বটে! তাহার বন্ধুত্বের এম্নি একটা নেশা ছিল যে তাহাকে দেখিলে আর আমি স্থির থাকিতে পারিতাম না। যেখানেই থাকি, যে কাজেই থাকি তাহাকে দেখিলে ছুটিয়া আসিয়া তাহার সহিত বাহির হইয়া পড়িতাম। ক্রমে বন্ধুত্ব আরও গাঢ়তর হইল। হরিমোহন সাথে না থাকিলে আমার গড়ের মাঠে যাওয়া হইত না, ইডেন্‌গার্ডেনে বেড়ানো হইত না। হরিমোহন না থাকিলে আমার থিয়েটারে যাওয়া হইত না, বায়স্কোপ দেখা হইত না।'

ক্রমে তাহার সহিত মিশিয়া আমি দিন দিন অধঃপাতে যাইতে লাগিলাম। অমরনাথ আমার বাল্য বন্ধু। সে আমাকে মাঝে মাঝে তিরস্কার করিত। কিন্তু আমি তাহাতে কর্ণপাতও করিতাম না। নূতন পাইলে পুরাতনকে কে চায়? কিন্তু হায়, কয়জনে পুরাতনের কদর বুঝে!

বাবা আমাকে খরচ বাবদ যথেষ্ট টাকা পাঠাইতেন। কিন্তু আমি এক সপ্তাহ যাইতে না যাইতেই সমস্ত টাকা ফুৎকারে উড়াইয়া দিতাম।

তারপর হরিমোহনের গুণে আমি একজন পাকা গাঁটচোর হইয়া উঠিলাম। নিরীহ ভদ্রলোকদিগকে পথ ভুলাইয়া গলির ভিতর আনিয়া জোর করিয়া টাকা লুট করিয়া লইতাম। বন্ধুবর হরিমোহন আমাকে খুব উৎসাহ দিত।

আমি যে এত অধঃপাতে গিয়াছি অমরনাথের তাহা জানিতে বাকী ছিল না। সে আমার অলক্ষ্যে সর্ব্বদাই আমার খোঁজ রাখিত। সে যখন ইহার প্রতিকারের কোন পন্থাই খুঁজিয়া পাইল না, তখন বাবাকে আমার বিষয় সমস্ত লিখিয়া আমাকে এই সময়ে বিবাহ করাইতে উপদেশ দিল। বাবাও মনে করিলেন, বিবাহ দিলে বোধহয় মতিগতি ফিরিবে। তিনি আমার অগোচরে বিবাহের সমস্ত বন্দোবস্ত করিয়া ফেলিলেন। জ্যৈষ্ঠ মাসে গ্রীষ্মের ছুটিতে বাড়ী গেলে বিবাহ দিবেন, এই রূপ মনে মনে ঠিক করিয়া রাখিলেন।

বাড়ী যাইবার সময় দেখাগেল এসেন্স পোষাক প্রভৃতির দোকানে সবশুদ্ধ আমাদের দুই জনার প্রায় ১৫০০৲ টাকা বাকী পড়িয়াছে। তাহারা সকলেই পীড়াপীড়ি আরম্ভ করিল। আমি হরিমোহনকে বলিলাম, 'কিহে, এখন কি করা যায়? চল এই বেলা আমরা কল্‌কাতা ছেড়ে পালাই।' হরিমোহন বলিল, 'পালাবো! কোথায়? তুমি বল কি?' আমি বলিলাম 'কি করা যায়?—টাকা?—' হরিমোহন আমার কথায় বাধাদিয়া বলিল, 'কুচ পরওয়া নেই; সব ঠিক্ হবে।'

পরদিন আমরা যুক্তি করিয়া ঠিক করিলাম ট্রেনে ডাকাতি করিয়া টাকা সংগ্রহ করা যাইবে।

প্রথমে আমার বড় ভয় হইতে লাগিল। আমি হরিমোহনকে বলিলাম 'ভাই' আমার বড্ড ভয় হচ্ছে। থাক্ কাজনেই; ওরকমে পারা যাবে না।'

হরিমোহন হাসিয়া বলিল, 'তুই পাগল হয়েছিস্ নাকি? আমায় এতই কাঁচা ঠাওরাচ্ছিস্! আমি আরও দুই তিনবার এম্‌নি করে টাকা সংগ্রহ করেছি।'

তাহার কথার ভাব ভঙ্গীতে আমি শেষে স্বীকৃত না হইয়া থাকিতে পারিলাম না।

কলিকাতা হইতে মেয়ে গাড়ীতে উঠা সন্দেহজনক মনে করিয়া পূর্ব্বের ট্রেনে আমরা দুই ষ্টেসন অগ্রসর হইয়া রহিলাম। হরিমোহন কলিকাতা হইতে পরচুলো ও হিন্দুস্থানী মেয়েদের পোষাক কিনিয়া আনিয়াছিল। আমাদের তখনও ভালমত গোঁফ উঠে নাই। রাত্রে সেই অপরূপ বেশে সজ্জিত হইয়া দুইজনে দ্রুতপদে মেয়েদের গাড়ীতে উঠিয়া পড়িলাম।

হিন্দুস্থানী মেয়েলোক মনে করিয়া কেহই আমাদিগের সহিত আলাপ করিতে আসিল না। আমরা চুপ করিয়া এক কোণে বসিয়া রহিলাম। তোমার মার হাতে একটী ছোট বাক্স দেখিতে পাইলাম। হরিমোহন বলিল, 'ঐ বাক্সটা নিশ্চয়ই গহনার; ওটাই নিতে হবে।'

ট্রেনের কামরায় প্রায় নয় দশ জন স্ত্রীলোক ছিলেন। একটী প্রৌঢ়া তোমার মাকে জিজ্ঞাসা করিলেন 'তোমরা কোথায় যাচ্ছ?' তোমার মা বলিলেন 'দেশে যাচ্ছি মেয়েকে বিয়ে দিতে।'

প্রৌঢ়া আবার বলিলেন 'এই মেয়েটী বুঝি? বেশ বড়ই তো হয়েছে।'

তোমার মা দুঃখ প্রকাশ করিয়া বলিলেন, 'হাঁ, বড়ই তো হয়েছে। তা, কি ক'রবো দিদি, আজকাল বর কি এত সহজেই মিল্‌তে চায়? অনেক কষ্টে একটী জুটিয়েছি। এখন বে'টা ভালোমত শুভে কুশলে হয়ে গেলে নিশ্চিন্ত হই।'

ইতিমধ্যে তোমার সমবয়স্কা একটী মেয়ের সাথে তোমার বেশ ভাব হইয়া গিয়াছিল্। সে তোমার মার কথা শুনিয়া তোমায় বলিল 'তোমার বে' বুঝি? তা' এতক্ষণ আমায় বলনি কেন? আচ্ছা, তোমার বর কি করেন?'

তুমি একটু লজ্জিত হইয়া বলিলে 'যাও, তুমি ভারি দুষ্টুমি ক'রতে জান।' কিন্তু তুমি সহজে তাহার হাত হইতে এড়াইতে পারিলে না। সে যখন একান্তই নাছোড় তখন তুমি বলিলে 'শুনেছি তিনি এফ, এ পড়েন।' তোমার সঙ্গিনী বলিল 'মোটে এফ, এ পড়েন!' তুমি তোমার গর্ব্বিতা সঙ্গিনীর কথায় একটু দুঃখিতা হইলে। তুমি জানিতে তাহার স্বামী এম, এ পাশ করিয়া ল' পড়িতেছেন। তখন তুমি বলিলে 'আচ্ছা এফ, এ পড়েন তাতে আর কি হয়েছে? আমি তাঁকে এম, এ পাশ করিয়ে ছাড়বো।' 'ওমা, তুমিতো কম মেয়ে নও হে!' এই বলিয়া তোমার সঙ্গিনী হাসিয়া উঠিল।

ক্রমে ক্রমে অন্যান্য স্ত্রীলোকগণ ষ্টেশনে ষ্টেশনে নামিয়া যাইতে লাগিলেন। হরিপুর ষ্টেশনে সকলেই নামিয়া গেল। শুধু তোমরা দুই মায়ে ঝিয়ে বাকী রহিলে। তোমাদের সহিত যে ভদ্রলোকটী আসিয়াছিলেন তিনি একবার আসিয়া তোমাদের খবর লইয়া গেলেন। ট্রেন হরিপুর ছাড়িয়া চলিল। ধীরে ধীরে প্লাট ফর্ম্ম ছাড়িয়া হুস্ হুস্ করিয়া ছুটিয়া চলিল।

তোমরা সঙ্গিহীন হইয়া কিছুক্ষণ বসিয়া রহিলে। তাহার পর তোমার মা তোমাকে বলিলেন 'এখন তো আর লোক নাই, এইবার একটু শুয়ে ঘুমাও। আমিও একটু ঘুমুই।' দুই জনেই শুইয়া পড়িলে। তোমার মা শুইয়াই ঘুমাইয়া পড়িলেন। তুমি তখনও ঘুমাও নাই।

হরিমোহন আমাকে চুপি চুপি বলিল 'রমেশ, এইবার।' আমিও বলিলাম 'হাঁ এইবার।' বলিয়াই মাথার পরচুলো জানালা দিয়া ফেলিয়া দিলাম। আমাদের হিন্দুস্থানী পোষাকের নীচে মাল কোচা দেওয়া ধুতী পরা ছিল। হিন্দুস্থানী কাপড়ও খুলিয়া ফেলিয়া দিলাম।

মুহূর্ত্তেই হরিমোহন তোমার মার মুখ চাপিয়া ধরিল। তিনি চেঁচাইতে চেষ্টা করিলেন। কিন্তু হরিমোহন জোর করিয়া তাঁহার মুখ চাপিয়া রাখিল।

তুমি উঠিয়াই চেঁচাইতে লাগিলে। আমি তোমাকে ছুরি দেখাইয়া বলিলাম 'সাবধান! গোল ক'রলে এখনি,— তুমি তাহা শুনিয়াও তোমার মাতার নিকট ছুটিয়া যাইতে চাহিলে। তখন আমি তোমার কপালে সজোরে এক মুষ্টাঘাত করিলাম। তোমার কপাল ফাটিয়া দর দর করিয়া রক্ত ছুটিল।

তখন ট্রেন ষ্টেশনের নিকটবর্ত্তী হইয়াছিল। হরিমোহন আমাকে বলিল 'গাড়ী—আস্তে আস্তে চ'লছে; এইবার তুমি বাক্সটা নিয়ে নেবে পড়; আর দেরী ক'রো না। ষ্টেশন নিকটে। যাও, আমি তোমার পেছনেই নাব্‌ছি।' তখন তোমরা সংজ্ঞাহীন।

আমি আর দেরী করিলাম না। প্লাটফর্ম্মের অপর দিকে নামিয়া পড়িলাম। নামিয়াই বিদ্যুৎ বেগে দূরে চলিয়া গেলাম। দূর হইতে দেখিতে পাইলাম হরিমোহন নামিতেছে; কিন্তু হঠাৎ সে আছাড় খাইয়া পড়িয়া গেল। তাহার মাথা ফাটিয়া রক্ত ছুটিল। পার্শ্ববর্ত্তী গাড়ী হইতে একজন ভদ্রলোক দেখিলেন যে একটী লোক চলন্ত গাড়ী হইতে পড়িয়া গেল। তিনি তৎক্ষণাৎ শিকলী টানিয়া গার্ডকে বিপদবার্ত্তা জানাইলেন। গাড়ী থামিলে পর সকলেই সমস্ত দেখিয়া ব্যাপার কি তাহা বুঝিতে পারিল। শুনিয়াছি হরিমোহনের আট বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে। সে আজও জেলে।"

অমলা এতক্ষণ চিত্রার্পিতের ন্যায় বসিয়াছিল। এতক্ষণে সে ধীরে ধীরে একটী দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিল।

রমেশ আবার কহিতে লাগিল, "তাহার পর পায়ে হাঁটিয়া পরবর্ত্তী ষ্টেশনে আসিয়া সোজা বাড়ী চলিয়া আসিলাম। আর কলিকাতায় ফিরিয়া যাইতে সাহস হইল না। বাড়ী আসিয়াই শুনিতে পাইলাম আমার বিবাহ। কিন্তু আমার মনে শান্তি কোথায়? সর্ব্বদাই একটা আশঙ্কা হইতেছিল এই বুঝি আমাকে গ্রেপ্তার করিতে আসে। আমি ভয়ে বাড়ী হইতে বাহির হইতাম না। ইতিমধ্যে বাবা এক টেলিগ্রাম পাইলেন যে তোমার ভয়ানক অসুখ; ১৫ই কিছুতেই বিবাহ হইতে পারিবে না। হায়, তখন তো আমি বুঝি নাই যে আমিই সেই অসুখের কারণ!

বাবা দশদিন পরে অর্থাৎ ২৫শে বিবাহের দিন স্থির করিলেন। আমি হাঁপ ছাড়িয়া বাঁচিলাম।

তাহার পর বিবাহের দিন শুভ দৃষ্টির সময় দেখিলাম সেই মুখ! সেই সদ্যঃ ক্ষত! আমার সমস্ত শরীর শিহরিয়া উঠিল। অর্দ্ধমূর্চ্ছিত অবস্থায় চিৎকার করিয়া ভূপতিত হইলাম। তাহার পর কি হইয়াছিল জানি না। বিবাহ আমার সম্পূর্ণ সচেতন অবস্থায় হয় নাই। পরদিন প্রাতে উঠিয়া লোকজনের হাবভাব দেখিয়া বুঝিলাম গতরাত্রে আমার বিবাহ হইয়া গিয়াছে।

তৎক্ষণাৎ ছুটিয়া পালাইলাম। তোমার সেই গহনার বাক্স আমার সাথেই ছিল। কারণ অন্য কোথাও সেটা ফেলিয়া রাখিতে আমার সাহস হয় নাই। সেই বাক্সটা সঙ্গে লইয়া চলিলাম। সেটা খুলিয়া দেখিলাম তাহাতে তোমার গহনা ব্যতীত আরও একশত টাকার পাঁচখানা নোট রহিয়াছে। আমি কোনও দিন তোমার গহনায় হস্তক্ষেপ করি নাই। ষ্টেশনে আসিয়া সেই টাকা হইতে কলিকাতার একখানা টিকিট করিলাম। কলিকাতা আসিয়া সেই দিনই একদম কাশী চলিয়া গেলাম।

কাশীতে প্রায় একমাস অতীত হইল। একদিন মণিকর্ণিকার ঘাটে স্নান করিয়া তীরে উঠিতেছিলাম, এমন সময় পশ্চাৎ হইতে কে যেন পরিচিতস্বরে আমাকে ডাকিল 'রমেশ!' আমি ফিরিয়া দেখিলাম অমর নাম! অমরের মাতা কাশী থাকিতেন। তাঁহার অসুখের সংবাদ শুনিয়া অমর আজ কয়েকদিন হইল কাশী আসিয়াছে।

সে আমার বাল্যবন্ধু। কিন্তু এতকাল তাহাকে উপেক্ষা করিয়া আসিয়াছি। আজ তাহাকে এইখানে দেখিয়া আমার জীবনের একমাত্র পরম বন্ধু বলিয়া মনে হইল। তাহাকে পাইয়া যেন আমি হারাধন ফিরিয়া পাইলাম।

একে একে তাহাকে আজ সমস্ত ঘটনা খুলিয়া বলিলাম। আমার হৃদয়ের গুরুভার যেন অনেকটা লঘু হইল।

সমস্ত শুনিয়া অমর কিছুক্ষণ চুপ করিয়া রহিল। পরে ধীরে ধীরে একটী দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল 'রমেশ, এখন তুমি কি করিতে চাও?' আমি কহিলাম 'তুমি আমাকে কি করিতে বল?' অমর আবার একটু চুপ থাকিয়া বলিল, 'আমি তোমাকে বিশেষ কিছুই করিতে বলি না; তুমি যে রমেশ ছিলে সেই রমেশই হও। আবার কলিকাতায় ফিরিয়া যাইয়া কলেজে ভর্ত্তি হও। হা হুতাশের প্রয়োজন নাই। পড়িয়া শুনিয়া মানুষ হও। জীবনটাকে নষ্ট হইতে দিও না।'

তখন তোমার সেই কথাটা আমার মনে পড়িল।—তুমি তোমার ট্রেনের সেই সঙ্গিনীটীকে বলিয়াছিলে যে আমাকে এম, এ পাশ করাইয়া ছাড়িবে। তৎক্ষণাৎ আমি অমরের কথায় স্বীকৃত হইলাম। পরদিনই মেলে কলিকাতা চলিয়া আসিলাম। কিছুদিন পরে 'জেনারেল এসেম্ব্লি' কলেজে ভর্ত্তি হইয়া পড়িলাম। একটী 'প্রাইভেট টিউসনের' যোগাড় করিয়া লইলাম। তাহাতেই বেশ কুলাইয়া যাইত। মাঝে মাঝে অভাব হইলে তোমার বাক্স হইতে দু'একটা টাকা খরচ করিতাম। আবার টাকা হাতে আসিলে তাহা পুরাইয়া রাখিতাম।

এফ, এ, বি, এ ও এম, এ কৃতিত্বের সহিত পাশ করিয়া 'ডেপুটী ম্যাজিষ্ট্রেট-সিপ' পরীক্ষায় পাশ হইলাম। তোমাদের কাহাকেও আমি কোনও সংবাদ দেই নাই। মনে করিয়াছিলাম যদি কোনওদিন মানুষ হইতে পারি, তবে তোমাদিগকে মুখ দেখাইব; নচেৎ এই পর্য্যন্তই। অমরকেও আমি বিশেষ করিয়া নিষেধ করিয়া দিয়াছিলাম যে সে যেন আমার সংবাদ কাহাকেও না বলে। যদি কেহ কখনও আমার সন্ধান পায় তবে আমি আবার পালাইব। সুতরাং সেও কাহাকেও আমার সন্ধান বলে নাই।"

রমেশের কথা শেষ হইলে উভয়ে কিছুক্ষণ নীরব রহিল। পরে রমেশ তাহার স্ত্রীকে ডাকিল "অমলা!"

অমলা কোনও কথা না বলিয়া কেবল একটু অগ্রসর হইল। রমেশ বাক্স হইতে সেই গহনা বাহির করিয়া তাহার গায়ে একে একে পরাইয়া দিল। তাহাকে তাহাকে বক্ষে টানিয়া লইয়া তাহার সেই ক্ষত চিহ্নিত স্থানে বারংবার চুম্বন করিয়া কহিল "অমলা, আমাদের ফুল-শয্যা এখনও হয় নাই; আজ আমাদের ফুল-শয্যা।

শ্রীসুশীলকুমার দাশ গুপ্ত।

গায়ক পাখী।

(আঁধার মাণিক বা সুঁচ-চোরা)

আঁধার মাণিক বা সুঁচ-চোরা দয়েলের মত বড় পাখী। দৈহিক গঠনে দয়েলের সঙ্গে ইহাদের কোনও সামঞ্জস্য নাই। ইহাদের গলা খাটো, কপাল ঈষৎ চেপ্টা, শরীরের উপরিভাগ গোল ধরণের, নিম্নভাগ চাপা। পুচ্ছ প্রায় ৪ ইঞ্চি লম্বা এবং বিস্তৃতাগ্র। পুচ্ছের ঠিক মধ্যস্থলে একটী অল্প পরিসর (½ ধান পরিমিত) পালক প্রায় ২ ইঞ্চি বর্দ্ধিত। এই পালক খানিই বেচারীর ঘাড়ে এক দুরপনেয় কলঙ্কের বোঝা চাপাইয়া রাখিয়াছে। সুঁচের সহিত এই পালকের বিশেষ সৌসাদৃশ্য না থাকিলেও ইহার "সুঁচ-চোরা" নামটা সর্ব্বত্রই পরিচিত। কেহ কেহ ইহাকে বলেন "পলাচোরা" (পলা—রাখালদের পাচন বাড়ির এক নাম)। যে নামই হৌক ইহাদের চৌর্য্যের দুর্ণামটা সর্ব্বত্রই জাগরূক। কে জানে কোন্ সুদূর অতীত কাল হইতে এই কলঙ্ক কালিমা লইয়া স্বজাতি ও বিজাতি সমাজে ইহাদিগকে চলিতে হইতেছে। এসম্বন্ধে একটী প্রবাদ আছে, সংক্ষেপে তাহা বলিব।

সে ছিল রাজার বাড়ীর দর্জ্জির ছেলে। দর্জ্জি রোজ ছেলেটাকে লইয়া রাজবাড়ীতে কাজ করিতে যাইত, আর ছেলের নেংটীতে এক একটী সুঁচ বিধাঁইয়া গোপনে বাড়ী লইয়া আসিত। দরোয়ান যাতায়াতকালে দর্জ্জিকে পরীক্ষা করিয়া দিত। ছেলে শিশু, প্রায় দিগম্বর, তাহাকে পরীক্ষা করিতনা। দর্জ্জির সুঁচ যোগাইতে মন্ত্রী গলদঘর্ম্ম হইয়া উঠিলেন। দর্জ্জি

বলিত কাঁকে (কাক নহে) সুঁচ নিয়া যায়। (কাঁক কোন প্রাণী ছিল কিনা জানি না; তবে পাড়াগেয়ে ছোট ছেলে মেয়েরা কাঁকের ভয় রাখে। হঠাৎ কোনো দ্রব্য হারান গেলে তাহার অপরাধটা কাঁকের ঘাড়েই চাপে)। মন্ত্রী একদিন কথাটা নাপিতের সঙ্গে আলাপ করিলেন। নরসুন্দর পরদিনই প্রকৃত চোর ধরিয়া দিল। মন্ত্রী মহাশয় বাপের পাপের সহায়তার জন্য ছেলেকে অল্প শাস্তিই দিলেন—তাহার গুহ্যদেশে সুঁচ বিধাঁইয়া ছাড়িয়া দিলেন। বেচারী লজ্জায় পাখী হইয়া উড়িয়া গেল। কিন্তু তাহার দুর্ণাম গেল না—ছায়ার মতই রহিল। অপর পক্ষ বলেন—এক রাখাল অপর রাখালের শলা চুরি করিয়া এই দণ্ড লাভ করে।

আঁধার মাণিকের দেহ কান্তি বড়ই সুন্দর। ইহাদের পালকের উপরিভাগ নব দুর্ব্বাদলশ্যাম। এমন সুন্দর সবুজবর্ণের পাখী বিরল *। পালকের লোমগুলির পার্শ্ব গাঢ় ভায়োলেট বর্ণের। দেহের আগাগোড়াই এক রং। ইহাদিগকে এক দিক হইতে সবুজ ও অপর দিক হইতে চক্‌চকে ভায়োলেট বর্ণের দেখা যায়। ঠোঁট কালো, সূক্ষ্মাগ্র ও পার্শ্ব ধারাল। ঠোঁটের উভয় পার্শ্ব হইতে দুইটী সরু কৃষ্ণ রেখা চক্ষুর উপর দিয়াও একটু অগ্রসর হইয়াছে। এই রেখার মধ্যে ক্ষুদ্র উজ্জ্বল চক্ষুদুটী যেন লুকায়িত আছে। এই রেখা দুটী ও গলার একটী কাল কৃষ্ণাভ রেখা গলবন্ধের মত শুধু নিম্নদিকের কতকাংশে প্রতিপদের চন্দ্রের ন্যায় দৃষ্ট হয়।

That Babu Pran Krisna Das be elected Chairman of the above Committee and Babus Sarat Chandra Bose and Purna Chandra Banerjee Secretaries.

The subscription list was then circulated and above Rs. 130 were subscribed at the spot. Babu Purna Chandra Banerjee heading the list. With a vote of thanks to the Chair the meeting separated.

DACCA ATHLETIC SPORTS.

[Held on the 12th and 13th May, 1875]

Among the causes of the degradation and helplessness of the Bengalees as a nation, we might say the Hindu's

inoffensiveness takes the precedence. Inoffensiveness is inculcated by all religions, but the Hindus (especially the Bengalees) alone have carried it into their daily life. Now offence being involved in, and inseparable from, defence, we are not surprised to find that the inoffensive Bengalees are wholly helpless and incapable of defence. Impertinence and presumption which the young Bengal are accused of, are only the first symptoms of a spirit of offensiveness which, thanks to English Education and modern civilization is surely though slowly growing among us. Another cause of our degradation is the use of intoxicating 'drugs' instead of drinks. We are proverbially a non-drinking nation but the masses of Bengal are fearfully addicted to intoxicating drugs notably ganja. Had the Bengalees been a drinking, and not a smoking nation, we would certainly have been better fitted for defence and qualified for self-government. The Mohamedans are also a non-drinking nation and the consequence has been that they have gradually been ousted from Europe and are now not safe from the attacks of Feringhees in Asia, in their own countries from which they issued, in days gone by, in not very large numbers to carry fire and sword to the extremities of the earth. Our readers will, we hope, not misunderstand us ; we do not advocate drinking habits or wish to be a nation of drinkers, much less of drunkards : but we have no hesitation to say that as long as there are drinking nations in this world, a non-drinking nation must go to the wall and that as the masses of our countrymen are addicted to drugs, we really wish that they had taken to drinks instead, and thereby placed at our disposal masses of ruffianlike men not caring two pence for their dear homes, relatives etc. and dearer lives.

Inferior physical strength is not the least of the causes of our national degradation. And it is with intense satisfaction that we welcome the first fruits of Sir George Campbell's good educationsl policy of which gymnastic exercises were the most prominent and unexceptionable feature.

On the 12th of May athletic sports were held in the College Gymnasium and the programme of exercises is given below. Many respectable European and native gentlemen were present on the occasion. All the competitors did the exercises tolerably well. Beni Madhab Pal, Arunoday Sen and Kula Chandra Dutt's feats were admired by all spectators and called forth repeated cheers. Beni Madhab stood first in the Belvedere Tournament and he quite with ease kept his position at Dacca. The teacher did some wonderful feats on the Trapezium and Babus Brajendra Kumar Roy and Raghu Nath Das offered to him two Gold Mohars. Among the boys under 14 Rai Mohan Mukherjee, Akshay Kumar Das and Mohamed Mohsin went through their parts capitally well.

On the 13th May the sports were held on the Cricket Ground at the Old lines. The remaining subjects in the programme were gone through ; almost all respectable European and native gentlemen were present. A few ladies graced the meeting with their presence and as the BENGAL TIMES announced, were served with "cool drinks". There was a good concourse of people and order was kept with the greatest possible difficulty. With the kind permission of Khajeh Ahsun Ullah his band played at every interval between two exercises. Beni as usual did wonders on the Horizontal bar, Kula coming up quite close by him. Dina Bandhu cleared the hurdles very fairly and won easily the 300 yards race. This boy obtained Babu Sri Nath Roy's Gold Mohar for standing first among Bikramporee boys. The ground exercises of boys under 14 were very interesting : Akshay Kumar Das did several things very neatly and cleverly, and was repeatedly cheered by the whole audience. It was the opinion of the Judges and all bystanders that great credit was due to him. He is a young boy of 12 and his going through the exercises so capitally well struck all who saw his exercises. Babu Pratab Chandra Das offered him a gold mohar in addition to the fund prize. Beni Madhab Pal has won the 1st. Champion Prize and Annada Sen the 2nd Champion prize. The whole thing was a decided success and great credit is due to Mr. Garrett and his assistants notably to Babu Pran Kumar Das for the setting up of the thing and first class arrangements throughout the whole on both days. We cannot on the part of the public too strongly thank them for their noble and successful exertions. We hope these sports will be continued every year.

Mr. Webb.—This gentleman has come here by the last steamer and joined his appointment as Professor of Literature on Monday last. We wish him every success.

DACCA COLLEGE PRIZE DISTRIBUTION.

On Monday the 17th Instant at 5-30 P. M., in the College compound Prizes were distributed to the College and Collegiate School students by the Commissioner of the division before a respectable and numerously attended meeting. Representatives of all sections of the Dacca Community were present on the occasion. Mr. Garrett the Principal of the College opened the meeting with an apology for renewing the old custom of Prize distribntion. He said fifteen years before Prizes were *publicly distributed every year* either by the Lieutenant-Governor, President of the Council of Education, or the Commissioner of the division with great eclat. Why the custom was discontinued Mr. Garrett knew not but he thought it would do good to renew it and with this honest conviction he

revived the custom and having given a short history of the College for last year requested the President to distribute the prizes, but he took the oppurtunity to announce to the public thas the Bengal Government has sanctioned Rs. 29,000 on the condition of an equal amount of local subscription for addition to the College building. The present building was meant for 350 boys at the highest, but at present the College consisted of of more than 600 boys consequently every room was over filled and it was to be wondered that the boys did not fall sick. An addition to the College building is essentially necessary and the P. W. D. has estimated the cost at Rs.58,000 together with the cost for a large examination Hall. Mr. Peacock after distributing the prizes said that he quite agreed with Mr. Garrett that public Prize distributions always tended to encourage the students. He said already the Bar and public service were overcrowded and it ought to be the aim of the students to take to independent professions. He thinks there is yet ample room for natives taking to several trade and independent professions and to that wards ought their attention be directed. He regretted Mr. Garrett's transfer and cited the late Gymnastic tournament and the day's prize distribution as proofs of his great interest for the welfare of his students. The meeting then separated with repeated cheers for the President, Mr. Garrett and the donors of prizes. Just as the President left his chair and the gentlemen present were vacating their seats Babu Pran Kumar Das, an ex-student of the local College stepped forward and with Mr. Garrett's permission read a *letter* to him from the ex-students and students of the College expressive of ther feelings at his approaching departure from this place. Mr. Garrett then made a short but feeling reply. He said he never knew that the students were going to read a letter and he felt himself at the moment unable to give a reply but promised to reply to the letter in writing. He said that the students' sorrow on his leaving Dacca was not half so keen as his own. In fact tears were almost rushing out of his eyes when he gave the short reply. He mentioned that during his stay of 6½ years at Dacca he had no cause of complaining of the conduct of any student towards him. He had every reason to to be satisfied with their conduct. He took the opportunity of thanking the teachers for their good manners and able management of their respective classes.

DACCA.

(Communicated).

It was one day in June in the memorable year 1857 remarkable in the annals of British India for the mutiny of Government troops, a Civilian Judge got up from the Bench and rung the bell of alarm. It was something in the

daily *Hurkura* that startled his perturbed imagination. A false cry of "they come, they come" was heard. A crowd of people rushed out of the kutchery and spread the cantagion of affright far and near through the town.

The phenomena of a panic day were then markedly visible. The Offices and Institutions presented a most dismal appearance; their inmates flying in precipitate haste to their houses. Mr. Harris of the College jumped over the northern wall to meet his darling son in the house occupied by the Moonsiff's kuchery. Many had retained boats wherewith they fled to their homes in the villages. The European Residents with the exception of a few took to fast-moving native vessels, consigning their property and valuables to the faithful custody of their servants. The manly Editor of the DACCA NEWS sat with a revolver in hand upon the top of his three-storied office which overlooks the square in front of the Baptist Mission Church. Old Mr. Shircore, the Armenian Merchant, plucked all the courage and fortitude that one could collect in the extreme hour of peril, and bore a similar attitude in anticipated defence of his Depot then occupying the rooms of the BENGAL TIMES' office. The Judge, Magistrate and Commissioner were taking their round from the Sudder Ghat to the Company's gardens now forming the premises of the Dacca Bengal Bank.

Well-to-do-men in the town shut themselves up in their houses. The mass of people were running in the utmost confusion imaginable. Groups of them were seen coming out of one street and going into another. The opulent of the townfolks buried their treasures in pits underueath their lowest floors or in cavities in sidewalls and carefully closing them with lime and mortar. They sent their females and children to the securer retreats in the country and themselves continued in the town. No small credit however is due to the benign chastening influence of a vigorous executive administration. The miscreants and vagrants of which our city abounds durst not take advantage of the hour; they observed the moment of anarchy but consciously kept their hands aloof from any mischief. The Police had no scope for exertion and the disturbance that had so uncalled-for raged in the political horizon of Dacca abated in course of four hours.

In their most anxious and dreadful expectation of an imminent fight between the black and white soldiers in the Company's service albeit there was no European band of troops in the station, the affrighted native inhabitants ransacked the grain shops and purchased the articles of consumption to the last quantity available. The prices rose to the most exorbitant rates ever known in the memory of the oldest man then living and though they fell subsequently the market never recovered its original condition, that was remarkably most easy and commodious for the poor of the town,

The panic thus described was the the signal for precautions taken by the local authorities. European soldiers were called for. A brigade of sailors numbering not more than three hundred was the contingent that the rulers in the Metropolis could provide for the town of Dacea. They arrived here in no delay and took up quarters in the house opposite the Telegraph Office. To the natives, the oldest of whom only saw the European soldiers passing en route to Burmah, it was a new sight, and they flocked in numbers to witness the spectacle of a European Soldiery being placed as a counterpoise to the trained bands of upcountry Sepoys in whom all faith was lost.

The sailors were a completely raw recruit. They were subjected to drill and parade every morning. With Guns and muskets and bayonets, preceded by the artillery and followed by the Magazine Chest, they proceeded at dawn of day to the deserted cantonment on the north of the town and there went through all the manœuvres and tactics of a mock battle in the field. During intervals they were made to march round Dewan Bazar and Chowk to the Lalbagh premises where the Sepoys were located. They went round the store houses and quarters of their native rivals and were back to their own in the European portion of the town.

Thus preparations were being made somewhat on a par with the exigency of the time. The juncture was critical in the extreme. Captain Leurs Commander of the Brigade was an exceedingly bold and masterly spirit of the time. He was most energetically backed by his comrades, two young Lieutenants in charge of the wings. The civil officers were no less equal to the occasion. Dr. Green, Messrs. Carnac Davidson, and Abercrombe, most sharply watched the course and turn of affairs with reference to the disaffected Sepoys at Jalpaiguri and Chittagong. They lost no time to organize the flower of the European and Christian residents of the station into a volunteer corps with Captain Harris as their head. The College compound and the old kutchery grounds between the College and the Pogose School were the scenes of their training operations. Among the volunteers figured Mr. Brennand, Mr. N. P. Pogose and the late lamented Mr. Robinson of our College.

DACCA MEDICAL SCHOOL.

We are glad to announce to our readers that the proposed Medical School at Dacca is atlast to become an accomplished fact. This new school will be opened on the 15th June next. There was a rumour that such stndents only would be admitted to the new Medical School who had passed the University Entrance Examination. Many young minds were put to despair by this news. But now we are glad to be able to say that those who have passed either the University Entrance,

the Vernacular Scholarship, or the Minor Scholarship Examination will be allowed to take their admission in to the Dacca Medical School. The new school will be exactly on the same footing as "The Campbell School of Medicine" at Sealdah. The course of study will extend over three years; and it will embrace the various subjects of Anatomy and Surgery, Chemistry and Medical Jurisprudence, Materia Medica and Medicine and Midwifery. After the third year of study, there will be a final examination which will be conducted by a Committee consisting of the Deputy Surgeon General of the Circle, the Superintendent of the School, and another Medical Officer, assisted if necessary, by the Teachers, who will themselves conduct the class examinations of First and Second Year's students."

The rate of fees will be the same as has lately been laid down for the Campbell School of Medicine, *viz* two rupees on entrance, three rupees monthly, and ten rupees for the license. There will be a certain number of stipends or scholarships to be awarded by competitive examination, and also the usual number of class prizes. The Bengal Government has declared that until further orders the Civil Surgeon of Dacca will act as the Superintendent of the school. Those who are candidates for admission to the Dacca Medical School must be between the ages of 16 and 20 years, and they should apply to Dr. D. B. Smith the Officiating Civil Surgeon of Dacca.

SANITATION.

Old Dacca, in the accumulated filth of ages, promises soon to be one of the clearest, and perhaps, on that account, the healthiest of Municipal towns in Bengal. Soon, in course of time, does she bid fair to rival the cities best provided with Sanitary appliances.

The long contemplated scheme of securing for the town the means for the daily removal of the night soil is about to come to speedy consummation. Nearly two hundred sweepers will be imported from the North-Western Provinces and permanently located in the northern quarter of the town. The funds for the purpose have, after some delay in correspondence with reference to the subject, been sanctioned and men have been sent to fetch the sweepers.

On the other hand, the water-works, the celebrated gift of our worthy fellow townsman Khajeh Abdool Gunny C.S.I. are steadily advancing to completion. What the daily cleaning apparatus will will do for the lungs, the water purifying machinery will effect for the bowels. The two working together will secure for our Mofussil station all the advantages that the costly drainage system and the water machines do for the Metropolis of Bengal.

The privy nuisance is of all nuisances the worst. The stench in some places is the most nauseous and is wafted by

the breeze into men's houses. Poor people who under pressure of Municipal Porowanas are obliged to spend much more than the privy rate of two annas a month, nevertheless live in the ever annoying atmosphere: they will most gladly accept the daily method of cleansing the privies.

The timely recurrence of the most dreadful of diseases, the cholera, in the form of a malaria is due to the filthy state of the town, incident to the continued deposit of the human ordure that from time past has been the course of practice in this town. Should the project be carried out, the city which is now a hot bed of periodical pestilence will on comparison look like a Sanitarium and her inhabitants bless the memory of the originator of the scheme, Mr. D. R. Lyall just as they do now morning and evening the ordainer of thr Buckland Bund.

ঢাকারিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড | ঢাকা—আষাঢ়, ১৩২৩ | ৩য় সংখ্যা।

যশোধর্ম্মদেব

পণ্ডিতবর বন্দ্যোপাধ্যায় মহাশয় এবং গৌড় রাজমালা লেখক রমা প্রসাদ বাবু উভয়েই স্ব স্ব গ্রন্থে নির্দ্দেশ করিয়াছেন যে যশোধর্ম্মদেব লৌহিত্যতীর পর্য্যন্ত তাঁহার রাজ্য বিস্তার করেন। বৈজ্ঞানিক প্রমাণে এই নির্দ্দেশ ঐতিহাসিক সত্য বলিয়া গ্রহণ করা যাইতে পারে কি না? আমরা এই প্রশ্নের আলোচনা করিতে ইচ্ছা করি।

বন্দ্যোপাধ্যায় মহাশয় বাঙ্গালার এবং ভারতবর্ষের নানা স্থানের ইতিহাস উদ্ধার করিতে বিশেষ পরিশ্রম করিয়াছেন, তাহাতে সন্দেহ নাই। রমাপ্রসাদ বাবু বরেন্দ্র প্রদেশের ইতিহাস সঙ্কলনে নানাপ্রকার চেষ্টা করিয়াছেন। বঙ্গবাসিগণ তাঁহাদের নিকট কৃতজ্ঞ। গৌড়রাজমালা প্রকাশিত হইবার পরে বাঙ্গালার ইতিহাসের যে যে উপাদান আবিষ্কৃত হইয়াছে তাহা রাখাল বাবুর গ্রন্থে প্রকাশিত হইয়াছে। বাঙ্গালার ইতিহাসের পুনঃ পুনঃ আলোচনা হইলে যে ঐতিহাসিক সত্য নির্দ্ধারণের সুবিধা হইবে তাহাতে বোধ হয়, কেহই সন্দেহ করেন না।

আমরা এই প্রবন্ধে যশোধর্ম্মদেবের ইতিহাসের আলোচনা করিব। প্রাচীন কালে মালব প্রদেশে দশপুর নামে এক নগর ছিল। এই নগরের ধ্বংসাবশেষ এক্ষণ দসর বা মন্দসর বলিয়া কথিত হয়। মন্দসর এক্ষণ মহারাষ্ট্র নরপতি সিন্ধিয়ার রাজ্যভুক্ত; ইহা শিবনা নামক এক ক্ষুদ্র স্রোতস্বিনীর উত্তরতটে অবস্থিত। বোধ হয় এই দশপুরনগর যশোধর্ম্মের রাজধানী ছিল। এই নগরের অনতি দূরে দুইটি শিলাস্তম্ভ পাওয়া গিয়াছে। উভয় শিলাস্তম্ভে এক একটি উৎকীর্ণ লিপি আছে। ইহা ব্যতীত মন্দসরে এক শিলাফলক লিপি পাওয়া গিয়াছে। এই তিন লিপি গোবিন্দ নামক এক ব্যক্তি কর্ত্তৃক উৎকীর্ণ। স্তম্ভলিপিদ্বয়ে কোন কোন অব্দ লিখিত নাই; ফলক লিপিতে লেখা আছেঃ—

পঞ্চসু শতেশযু শরদাং
যাতেষ্বে কোননবতি সহিতেষু।
মালবগণ-স্থিতি-বশাৎকাল
জ্ঞানায় লিখিতেষু॥

এই লিপির অব্দ মালবগণ স্থিত্যব্দ ৫৮৯। মালবগণ স্থিত্যব্দ পশ্চাৎ বিক্রমসংবৎ বলিয়া প্রচারিত হইয়াছে। সুতরাং বিক্রমাব্দ ৫৮৯ দ্বারা খৃষ্টাব্দ ৫৩২ বুঝা যাইতেছে। অতএব যশোধর্ম্ম খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর প্রথমার্দ্ধে বর্ত্তমান ছিলেন।

যশোধর্ম্ম গুপ্তসম্রাট নরসিংহ গুপ্ত বালাদিত্য এবং তাহার পুত্র দ্বিতীয় কুমার গুপ্তের সমসাময়িক।

ফ্লিট সাহেবের গুপ্তলিপি নামক গ্রন্থে যশোধর্ম্মের তিনটি লিপি প্রকাশিত হইয়াছে।

গৌড়রাজমালা লেখক (১) যশোধর্ম্মের নাম যশোধর্ম্ম বিষ্ণুবর্দ্ধন লিখিয়াছেন। রাখাল বাবু যশোধর্ম্ম লিখিয়াছেন, তিনি বিষ্ণু বর্দ্ধন বা যশোধর্ম্ম বিষ্ণুবর্দ্ধন লিখেন নাই।

কথিত তিনটি লিপিমধ্যে ফলক লিপিতে বিষ্ণুবর্দ্ধন নামের উল্লেখ আছে কিন্তু স্তম্ভ লিপিদ্বয়ে বিষ্ণুবর্দ্ধন নাম দৃষ্ট হয় না।

দক্ষ নামক এক ব্যক্তি তাহার পিতৃব্য অভয় দত্তের স্মরণার্থ এ৹টি কূপ খনন করেন, এই কূপ মধ্যে এই ফলক খানা পাওয়া গিয়াছে। ইহাতে লিখিত আছেঃ—

অথ জয়তি জনেন্দ্রঃ শ্রীযশোধর্ম্ম নামা
প্রমদবনমিবান্তঃ শত্রু সৈন্যং বিগাহ্য।
ব্রণ কিসলয় ভঙ্গৈ র্যোঽ ঙ্গভূষাং বিধত্তে
তরুণ তরুলতাবদ্বীর কীর্ত্তি র্বিনাম্য॥
আজৌ জিতৌবিজয়তেজগতীং পুনশ্চ
শ্রীবিষ্ণুবর্দ্ধননরাধিপতিঃ স এব।
প্রখ্যাতঔলিকরলাঞ্ছন আত্মবংশো
যেনোদিতোদিতপদং গমিতো গরীয়ঃ॥
প্রাচোনৃপান্‌সুবৃহতশ্চ বহূনুদীচঃ
সাম্নাযুধাচ বশগান্‌ প্রবিধায় যেন।
নামাপরং জগতি কান্তমদো দুরাপং
রাজাধিরাজ পরমেশ্বর ইত্যুদূঢ়ম্‌॥

ইত্যাদি ইত্যাদি—

ফ্লিট সাহেব বিষ্ণুবর্দ্ধন সম্বন্ধে তিন স্থানে তিন প্রকার লিখিয়াছেন।

No. 35 is another record of this same Yasodharma, coupled in this case with a king named Vishnuvardhana. (২)

ইহাদ্বারা যশোধর্ম্ম এবং বিষ্ণুবর্দ্ধন ভিন্ন ভিন্ন ব্যক্তি বোধ হয়।

অন্যত্র—

It then mentions a king named Vishnuvardhana who though he had the titles of Rajadhiraja and Paramesvara, would appear to have acknowledged a certain amount of supremacy on the part of Yasodharma. (৩)

পুনঃ অন্যত্র (৪) লিখিয়াছেন—

The expression (স এব) looks at first sight as if Yasodharma and Vishnuvardhana were one and the same person. But the general structure of this verse, as well as the use of the two distinct titles জনেন্দ্র and নরাধিপতি and of the expression "আত্মবংশ" shews that this is not the case.

শিলাফলকলিপির যে প্রতিলিপি প্রকাশিত হইয়াছে তাহা পরীক্ষা করিয়া আমরা দেখিতে পাইলাম যে পাঠ উদ্ধারে কোন ভ্রম হয় নাই। যদি উৎকারকের কোন প্রকার ভ্রম হইয়া থাকে, তবে 'স এব' পদ না হইতে পারে। শিলাফলকলিপি সম্পূর্ণ পাঠ করিলে বিষ্ণুবর্দ্ধন এবং যশোধর্ম্ম অভিন্নব্যক্তি বলিয়া নির্দ্ধারণ করা কঠিন। অথচ 'স এব' পদদ্বারা অভিন্নব্যক্তি বুঝা যায়।

শিলাস্তম্ভলিপিদ্বয়ে বিষ্ণুবর্দ্ধন উপাধি দৃষ্ট হয় না। শিলাফলকলিপিতে যশোধর্ম্মকে 'জনেন্দ্র' বলা হইল কেন? ইহার প্রকৃত উত্তর দেওয়া কঠিন।

যশোধর্ম্মদেবের সময় ভারতবর্ষের অন্যান্য প্রদেশের নরপতিগণের অবস্থার পর্য্যালোচনা করা প্রয়োজন।

(১) গৌড় রাজমালা ৫ পৃষ্ঠা

(২) উপক্রমণিকা ১০ পৃষ্ঠা।

(৩) ১৫১ পৃষ্ঠা। (৪) ১৫৫ পৃষ্ঠা।

'সর্ব্বরাজ্যোচ্ছেত্তা লিচ্ছবিদৌহিত্র' সুপ্রসিদ্ধ সম্রাট সমুদ্রগুপ্তের অভাবের পরে তদীয় পুত্র চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের সময়ে গুপ্তসাম্রাজ্যের বিস্তৃতির হ্রাস হওয়ার কোন প্রমাণ নাই। তদনন্তর প্রথম-কুমার-গুপ্তের রাজত্বকালে হূণগণ তাহাদের পূর্ব্ব আবাসস্থান পরিত্যাগ করিয়া ভারতবর্ষ অধিকার করিতে উদ্যোগ আরম্ভ করিয়াছিল। আরবগণ যেমন খৃষ্টাব্দের অষ্টমশতাব্দীর প্রথমপাদে একদিকে সিন্ধু তীরবর্ত্তী সিন্ধুপ্রদেশাধিপ দাহিরের দেশপতির রাজ্য এবং সেই সময়েই অপরদিকে ইয়োরোপের অন্তর্গত ইব্রনদের তীরবর্ত্তী আন্দালসিয়ার অধীশ্বর রডারিকের রাজ্য আক্রমণ করিয়াছিলেন; হূণগণও খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীতে তদ্রূপ একদিকে গুপ্ত সাম্রাজ্য এবং অপরদিকে রোমক সাম্রাজ্য, উভয় সাম্রাজ্যে উৎপাত আরম্ভ করিয়াছিলেন। কুমার গুপ্তের (১ম) সময়েই হূণগণ সপ্তসিন্ধু প্রদেশের অন্তর্গত শাকলনগর অধিকার করেন। হূণ নরপতিগণের মধ্যে তোরমাণ এবং তাহার পুত্র মিহির কুল সমধিক প্রসিদ্ধ। তোরমাণ এবং মিহিরকুলের সাময়িক দুইখানা উৎকীর্ণ লিপি পাওয়া গিয়াছে। (৫)। হূণদিগের উৎপাতই গুপ্তসাম্রাজ্য ধ্বংসের প্রধান কারণ।

হূণগণ ভারতবর্ষে প্রবেশ করার পরে তাহরা ব্রাহ্মণদিগের ধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন। 'মিহিরকুল' নামদৃষ্টে, বোধ হয়, যে হূণগণ তাহাদের ভাষাও পরিত্যাগ করিয়াছিলেন। ইয়োরোপে Hungrary প্রদেশের নামদ্বারা হূণদিগের অস্তিত্ব প্রমাণিত হয়, কিন্তু ভারতবর্ষে হূণদিগের অস্তিত্বের কোন চিহ্ন বর্ত্তমান নাই। ভারতবর্ষে যে সকল হূণগণ প্রবেশ করিয়াছিলেন, তাঁহারা আর্য্য সমাজে মিলিত হইয়া গিয়াছেন।

মধ্যপ্রদেশের অন্তর্গত সাগর নামক জিলায় ইরাণ (প্রাচীন ঐরিকিন) নামক স্থানে বিষ্ণুর বরাহ অবতারের এক বরাহ মূর্ত্তিতে তোরমাণের সাময়িক উৎকীর্ণ-লিপি পাওয়া গিয়াছে, ইহাতে কোন অব্দ লেখা নাই, কিন্তু লেখা আছে যে—'বর্ষে প্রথমে পৃথিবীং * * মহারাজাধিরাজ শ্রীতোরমাণে প্রশাসতি' অর্থাৎ তোরমাণের রাজত্বের প্রথমবর্ষে এই লিপি উৎকীর্ণ হইয়াছে। এই শিলালিপিতে মাতৃবিষ্ণু নামক একজন সামন্তরাজের নাম আছে এবং তাহার মৃত্যুর কিয়ৎকাল পরে এই লিপি উৎকীর্ণ হইয়াছে।

ইরাণে প্রাপ্ত বুধগুপ্তের সাময়িক অপর এক শিলাস্তম্ভ লিপিদৃষ্টে আমরা জানিতে পারিয়াছি যে এই স্তম্ভলিপির সময়ে মাতৃ বিষ্ণু জীবিত ছিলেন। এই লিপির অব্দ ১০০ ৬০ ৫ অর্থাৎ ১৬৫ গুপ্তাব্দ = ৪৮৪ খৃষ্টাব্দ। সুতরাং খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর শেষভাগে তোরমাণ জীবিত ছিলেন বলা যাইতে পারে। তোরমাণের যে মুদ্রা পাওয়া গিয়াছে, তাহার অব্দ সম্বন্ধে পণ্ডিতগণ নানাপ্রকার মত প্রকাশ করিয়াছেন।

গোয়ালিয়র নগরে (প্রাচীন গোপগিরি) মিহিরকুলের সাময়িক (তাঁহার রাজত্বের পঞ্চদশবর্ষের) এক শিলালিপি পাওয়া গিয়াছে। এই দুইখানা লিপি দ্বারা দেখাইতেছে যে মধ্যপ্রদেশেও হূণদিগের রাজ্য বিস্তৃত হইয়াছিল।

সম্রাট্ কুমার গুপ্তের জ্যেষ্ঠপুত্র স্কন্দ গুপ্ত হূণদিগের আক্রমণ নিবারণ করার জন্য মহাব্যস্ত ছিলেন। তাঁহার ভিতরি শিলাস্তম্ভ লিপিতে লেখা আছে:—

"বিচলিত কুললক্ষ্মীস্তম্ভনায়োদ্যতেম
ক্ষিতিতল শয়নীয়ে যেন নীতা ত্রিযামা"।

বন্দ্যোপাধ্যায় মহাশয় 'ত্রিযামা' শব্দ 'রাত্রিত্রয়' করিয়াছেন। (৬)। বাস্তবিক ত্রিযামা শব্দদ্বারা রাত্রি বুঝায়, রাত্রিত্রয় বুঝা যায় না।

যশোধর্ম্মদেবের এক শিলাস্তম্ভ লিপিতে লেখা আছে:—

যেভুক্তাগুপ্তনাথৈর্ন্ন সকল বসুধা
ক্রান্তি দৃষ্ট প্রতাপৈ
র্নাজ্ঞা হূণাধিপানাং ক্ষিতিপতি মুকুটা-
ধ্যাসিনী যাম্ প্রবিষ্টা।

অর্থাৎ গুপ্ত সম্রাটগণ যে স্থান অধিকার করেন

(৫) Fleet Nos. 36 and 37.

(৬) বাঙ্গালার ইতিহাস ৬০ পৃষ্ঠা

নাই যশোধর্ম্ম সেই সকল প্রদেশ ও অধিকার করেন, এবং হুণাধিপ যে স্থানে প্রবেশ করিতে পারেন নাই যশোধর্ম্ম সে প্রদেশেও প্রবেশ করিয়াছেন। রাজ কবির এই উক্তি প্রকৃত নহে। সমুদ্রগুপ্তের সাম্রাজ্য যত দুর বিস্তৃত ছিল, খৃষ্টাব্দের পরে অন্য কোন নরপতির ভাগ্যে তাহা ঘটে নাই।

হুণাধিপের সম্বন্ধে দ্বিতীয় স্তম্ভ লিপিতে লেখা আছেঃ—

আবর্জন ক্লিষ্ট মূর্দ্ধ্না চূড়াপুষ্পোপহারৈ
মিহির কুল নৃপেণার্চ্চিতং পাদযুগ্মং

অর্থাৎ মিহির কুল নৃপতি যুদ্ধে পরাজিত হইয়া তাহার পাদ অর্চনা করিয়াছিলেন। এই ঘটনা খৃষ্টাব্দের ষষ্ঠশতাব্দীতে হইয়া থাকিবে; কারণ আমরা পূর্ব্বেই দেখিয়াছি পঞ্চম শতাব্দীর শেষ পর্য্যন্ত মিহির কুলের পিতা তোরমাণ জীবিত ছিলেন।

খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমভাগে সুবিখ্যাত চীনশ্রমণ ইয়াংচোয়াং ভারতবর্ষে আগমন করেন। তাঁহার ভ্রমণ বৃত্তান্তে লিখিত আছে যে শ্রমণবর শাকল নগরে উপনীত হইলে মিহির কুলের বৃত্তান্ত অবগত হন্। তিনি লিখিয়াছেন, শাকল নগর তোরমাণ এবং তাঁহার পুত্র মিহির কুলের রাজধানী ছিল।

মিহির কুলের সময়ে মগধদেশে বালাদিত্য নামে এক নরপতি ছিলেন। মিহিরকুল বালাদিত্যের রাজ্য আক্রমণ করিলে উভয় মধ্যে ঘোরতর যুদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে মিহিরকুল পরাজিত হইয়া শত্রুহস্তে বন্দী হইয়া ছিলেন। পরিশেষে বালাদিত্য তাঁহার মাতার অনুরোধে মিহির কুলকে মুক্তি প্রদান করেন। মিহিরকুল বন্দী থাকা সময়ে তাঁহার ভ্রাতা তাঁহার সিংহাসন অধিকার করেন; মিহির কুল শাকল পুনরধিকার করিতে না পারিয়া কাশ্মীর প্রদেশে গমন করেন এবং তত্রত্য নরপতির আশ্রয় গ্রহণ করেন। কিয়ৎকাল পরে মিহির কুল কৃতজ্ঞতার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া আশ্রয়দাতা কে নিহত করেন এবং কাশ্মীরের সিংহাসন অধিকার করেন। (৯)

মিহিরকুল যে কাশ্মীরে রাজত্ব করেন, তাহা রাজতরঙ্গিণী পাঠেও অবগত হওয়া যায়। ইয়াং চোয়াং যে বালাদিত্যের নাম লিখিয়াছেন ইনি গুপ্ত সম্রাট নরসিংহ গুপ্ত বালাদিত্য। ইনি প্রথম কুমার গুপ্তের পৌত্র এবং দ্বিতীয় কুমার গুপ্তের পিতা। আমরা এ স্থলে গুপ্ত বংশীয় সম্রাট গণের বংশাবলী প্রদান করিলাম।

১। শ্রীচন্দ্রগুপ্ত
পত্নী লিচ্ছবিতনয়া কুমার দেবী
|
২। সমুদ্র গুপ্ত পত্নী দত্ত দেবী
|
৩। চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য পত্নী ধ্রুবদেবী

৪। কুমার গুপ্ত
ইহার বোধহয় দুইপত্নী ছিলেন প্রথমার নাম অজ্ঞাত দ্বিতীয়া অনন্তদেবী
|
৫। স্কন্দ গুপ্ত বোধহয় প্রথমার গর্ভজাত
তদনন্তর
পুর গুপ্ত (অনন্তদেবীর গর্ভজাত)
পত্নীবৎসদেবী
|
৭। নরসিংহ গুপ্ত বালাদিত্য
পত্নী শ্রীমতী দেবী

৮। কুমার গুপ্ত

কুমার গুপ্তের (২য়) পরে অন্য কোন গুপ্ত সম্রাটের নাম পাওয়া যায় নাই।

শ্রমণবরের লিখিত বৃত্তান্ত যখন রাজতরঙ্গিণী দ্বারা সমর্থিত হইতেছে, তখন এবিষয়ে সন্দেহ করা যাইতে পারে না। বোধ হয়, যশোধর্ম্মদেব সম্রাট বালাদিত্যসহ হুণ দমনে যোগদান করিয়াছিলেন।

যশোধর্ম্মদেবের শিলাস্তম্ভ লিপিতে লেখা আছেঃ—

আলৌহিত্যোপকণ্ঠাৎ তালবন গহনো
পত্যকাদামহেন্দ্রাদা
গঙ্গাশ্লিষ্ট সানোস্তুহিন শিখরিণঃ
পশ্চিমাদাপয়োধেঃ।

হিমালয় হইতে মহেন্দ্র পর্ব্বত পর্য্যন্ত এবং

(9) Watlers Vol I pp 288-9.

ব্রহ্মপুত্রনদ হইতে পশ্চিম সমুদ্র পর্য্যন্ত ভূভাগ তাঁহার রাজ্যান্তর্গত ছিল।

অপর শিলাফলক লিপিতে লেখা আছে প্রাচ্য এবং উদীচ্য বহু নৃপতিগণ তাঁহার অধীন হইয়াছিল। (৮)

এক্ষণ দেখিতে হইবে যে এই দুই শ্লোকোক্ত বাক্য প্রকৃত না স্তাবকোক্তিঃ?

সমুদ্রগুপ্তের বিজয় কাহিনীতে লেখা আছে * (৯) যে তিনি কোশল দেশীয় মহেন্দ্র, মহাকান্তারের ব্যাঘ্ররাজ, কেঁরলদেশীয় মণ্টরাজ, পিষ্টপুরের মহেন্দ্র, গিরিকোট্টুরের স্বামিদত্ত, এরণ্ডপল্লকের দমন, কাঞ্চীর বিষ্ণুগোপ, অবমুক্তের নীলরাজ, বেঙ্গীর হস্তিবর্ম্মা, পলক্কের উগ্রসেন, দেবরাষ্ট্রের কুবের, কুস্থলপুরের ধনঞ্জয়, এবং দক্ষিণাপথের অন্যান্য নরপতিগণ এবং আর্য্যাবর্ত্তের রুদ্রদেব, মতিল, নাগদত্ত, চন্দ্রবর্ম্মা, গণপতিনাগ নাগসেন, অচ্যুত, নন্দী, বলবর্ম্মা এবং অন্যান্য নরপতিগণকে পরাজিত করেন। যশোধর্ম্ম যদি প্রাচ্য এবং উদীচ্য বহু নরপতিগণকে পরাজিত করিয়া থাকেন তবে তাহাদের নাম নাই কেন? একমাত্র মিহিরকুলের নাম দৃষ্ট হয়, কিন্তু সে বৃত্তান্ত সম্বন্ধেও সন্দেহ আছে। সুতরাং আমরা যশোধর্ম্মের মগধ এবং বঙ্গজয়ের বৃত্তান্ত ঐতিহাসিক সত্য বলিয়া গ্রহণ করিতে অক্ষম। রাজকবিগণ যে এরূপ স্তাবকোক্তি লিখিয়া থাকেন, তাহার দৃষ্টান্তও বিরল নহে।

দেবপালদেবের তাম্রশাসনে (১০) লেখা আছে:—

আগঙ্গাগম মহিতাৎ সপত্নশূন্যা
মাসেতোঃ প্রথিত দশাস্যকেতুকীর্ত্তেঃ।
উর্ব্বীমা বরুণ নিকেতনাচ্চ সিন্ধো
রালক্ষ্মী কুলভবনাচ্চ যো বুভোজ॥

হিমালয় হইতে রামেশ্বর সেতু, বরুণ নিকেতন হইতে ক্ষীরোদ সমুদ্র পর্য্যন্ত স্থান দেবপাল উপভোগ করিয়াছেন। এই বাক্য যে স্তাবকোক্তি তাহাতে কোন সন্দেহ নাই।

শ্রীমৎ পরমহংস পরিব্রাজক বিজ্ঞানেশ্বর ভট্টারক বিক্রমাদিত্য বা বিক্রমার্ক নরপতির সময়ে কল্যাণ নগরে বাস করিতেন। তিনি যাজ্ঞবল্ক্যস্মৃতির মিতাক্ষরানাম্নী টীকা রচনা করেন।

তিনি লিখিয়াছেন:—

আসেতোঃকীর্ত্তিরাশে রঘুকুলতিলকস্যাচ
শৈলাধিরাজা দাচ প্রত্যক্‌পয়োধে
শ্চটুল তিমিকুলোত্তুঙ্গরিঙ্গত্তরঙ্গাৎ।
আচ প্রাচঃ সমুদ্রান্নতনৃপতি শিরোরত্ন
ভাভাস্বরাঙ্ঘ্রিঃ পায়াদাচন্দ্রতারং
জগদিদমখিলং বিক্রমাদিত্যদেবঃ॥

পরমহংস মহাশয়ও স্তাবকোক্তি পরিত্যাগ করেন নাই।

কান্যকুব্জের সম্রাট্ হর্ষবর্দ্ধন পরলোক গমন করার পরে 'অর্ব্বাচীন গুপ্তবংশীয়' নরপতি আদিত্যসেন মগধে রাজত্ব করেন। তাঁহার সম্বন্ধে লেখা আছে:—

'শাস্তাসমুদ্রান্ত বসুন্ধরায়াঃ' (১১)

নয়পালদেবের সম্বন্ধে:—

'সমস্তভূমণ্ডল মাবিভ্রতি শ্রীনয়পালদেবে' ১২

এইরূপ বহু দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে।

মহাকবি লিখিয়াছেন:—

আসমুদ্র ক্ষিতীশানাং আনাকরথবর্ত্মনাং

ইহাতে যেরূপ ঐতিহাসিক সত্য, পূর্ব্বোক্ত বচন গুলিও তদনুরূপ।

ফরিদপুর জিলাতে ধর্ম্মাদিত্যদেবের ২খানা, গোপচন্দ্রদেবের ১খানা এবং সমাচারদেবের ১খানা এই চারিখানা তাম্রশাসন পাওয়া গিয়াছে। সুবিখ্যাত প্রত্নতত্ত্বজ্ঞ হর্নলি এবং বিচারপতি পার্জিটার বলেন যে এই ধর্ম্মাদিত্য এবং যশোধর্ম্ম অভিন্নব্যক্তি। প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় রাজণ্যকাণ্ডে এই চারিখানা তাম্রশাসনের প্রতিলিপি মুদ্রিত করিয়াছেন। ধর্ম্মাদিত্য এবং যশোধর্ম্ম অভিন্নব্যক্তি হইলে বঙ্গদেশে যশোধর্ম্মের

(৮) আমরা পূর্ব্বেই এই শ্লোক উদ্ধৃত করিয়াছি।
(৯) Fleet no. I.
(১০) গৌড়লেখমালা ৩৮ পৃষ্ঠা।
(১১) Fleet p 213
(১২) গৌড়লেখমালা।

অধিকার বিস্তৃত হওয়া স্বীকার করিতে হয়। কিন্তু যশোধর্ম্ম এবং ধর্ম্মাদিত্য অভিন্নব্যক্তি বলিয়া বোধ হয় না।

পক্ষান্তরে পণ্ডিতবর বন্দ্যোপাধ্যায় মহাশয় এই চারিখানা শাসন কূটশাসন বলিয়া প্রতিপন্ন করিতে নানা প্রকার চেষ্টা করিয়াছেন, সে চেষ্টা ফলবতী হইয়াছে কিনা তাহা সুধীগণের বিচার্য্য। আমরা বন্দ্যোপাধ্যায় মহাশয়ের যুক্তিদ্বারা এই চারিখানা শাসন কূটশাসন বলিয়া নির্দ্ধারণ করিতে অক্ষম। (১৩)

দিল্লীর নিকটবর্ত্তী লৌহস্তম্ভে লিখিত আছে:—

যস্যোদ্বর্ত্তয়তঃ প্রতীপমুরসা
শত্রূন্ সমেত্যাগতান্
বঙ্গেষ্বাহববর্ত্তিনোভিলিখিতা
খড়্গেনকীর্ত্তির্ভুজে। (১৪)

এই প্রশস্তি চন্দ্রনামক একজন নরপতির; ইহাদ্বারা দেখাযায় যে তিনি বঙ্গদেশের অধিবাসিগণকে সমরে পরাজিত করেন। শুশুনিয়া পর্ব্বতের গাত্রে যে লিপি দৃষ্ট হয় তাহাদ্বারা চন্দ্রবর্ম্মার বঙ্গদেশে আগমন বৃত্তান্ত সমর্থিত হইতেছে। সুতরাং চন্দ্রবর্ম্মার বঙ্গাগমন এবং বঙ্গবিজয় বৃত্তান্ত সত্যবলিয়া গ্রহণ করা যায়। (১৫) শুশুনিয়া লিপিতে লেখাআছে:—

'পুষ্করণাধিপতে র্মহারাজ শ্রীসিংহবর্ম্মণঃ পুত্রস্য মহারাজ শ্রীচন্দ্রবর্ম্মণঃ কৃতি।' এই চন্দ্রবর্ম্মা পরে সমুদ্রগুপ্তের হস্তে পরাজিত হন। (১৬) শুশুনিয়া পর্ব্বতে চন্দ্রবর্ম্মার উৎকীর্ণলিপি প্রকাশিত না হইলে কেবল লৌহস্তম্ভের প্রশস্তিদ্বারা তাঁহার বঙ্গবিজয় কাহিনী প্রকৃত বলিয়া স্বীকার করা যাইত না।

খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর প্রথমার্দ্ধে যশোবর্ম্মানামে একজন নরপতি পাঞ্চাল প্রদেশে রাজত্ব করেন। অমর কবি ভবভূতি তাঁহার সভাসদ্ ছিলেন। যশোবর্ম্মা ৭৩১ খৃঃঅব্দে চীনদেশে এক দূত প্রেরণ করেন। যশোবর্ম্মার রাজকবি বাক্‌পতি তাঁহার প্রভু যশোবর্ম্মার জীবনচরিত অবলম্বন করিয়া 'গউরবহো' নামক এক কাব্য রচনা করিয়াছেন। ইহা প্রাকৃত ভাষায় লিখিত আছে। ইহাতে যশোবর্ম্মার মগধ এবং বঙ্গ বিজয়কাহিনী লিখিত আছে। কবি যে প্রকারে এই ঘটনা বর্ণনা করিয়াছেন, তাহাতে যশোবর্ম্মার মগধ এবং বঙ্গবিজয় কাহিনী অমূলক বলিয়া বোধ হয় না। এই সময়ে মগধে জীবিতগুপ্ত (২য়) নরপতি ছিলেন। বঙ্গেশ্বর কে ছিলেন নির্ণয় করা যায় না। (১৭)

যশোধর্ম্মের সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের প্রথমার্দ্ধে উত্তরা পথের অন্যান্য প্রদেশে কে কে নরপতি ছিলেন? মালব প্রদেশে বুধগুপ্ত এবং ভানুগুপ্ত নামক দুইজন নরপতির লিপি পাওয়া গিয়াছে। বুধগুপ্তের শিলাস্তম্ভলিপিতে লেখা আছে:—

'শতে পঞ্চষষ্ট্যধিকে বর্ষণাং ভূপতৌ চ বুধগুপ্তে' (১৭ক) অর্থাৎ এইলিপি ১৬৫ অব্দের, এই অব্দ গুপ্তাব্দ। ৩১৯ খৃষ্টাব্দ হইতে গুপ্তাব্দ আরম্ভ হইয়াছে। সুতরাং বুধগুপ্ত এই সময়ে মালবে রাজত্ব করিয়াছেন।

বুধগুপ্তের পর ভানুগুপ্ত রাজত্ব করিয়াছেন। তাঁহার শিলালিপির অব্দ:—"সম্বৎসর শতে একনবত্যুত্তরে"। (১৮) অর্থাৎ ১৯১ গুপ্তাব্দ অর্থাৎ ৫১০ খৃষ্টাব্দ।

বুধগুপ্ত এবং ভানুগুপ্ত মালবের গুপ্তবংশ; ইহাদের সহিত গুপ্তসম্রাটগণের অথবা অর্ব্বাচীন গুপ্তরাজগণের সহিত কোন সম্বন্ধ থাকার বিষয় জানা যায় না। বন্দ্যোপাধ্যায় মহাশয় লিখিয়াছেন—'মালবের গুপ্তরাজগণ খৃষ্টিয় সপ্তম শতাব্দীর প্রারম্ভ পর্য্যন্ত মালবে স্বীয় অধিকার অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছিলেন।' (১৯)

যশোধর্ম্মের সময় যখনে মালব প্রদেশেই অন্যনর-

(১৩) J. A. S. B. New series vol VII p p 289—308.
বাঙ্গালার ইতিহাস ১০১ পৃষ্ঠা।
(১৪) Fleet no 32.
(১৫) প্রবাসী ১৩২০। ফাল্গুন ৪৯৮ পৃঃ।
(১৬) বাঙ্গালার ইতিহাস ৪০—৪১ পৃঃ।
V. Smith 3rd Edition p 290.

(১৭) বাঙ্গালার ইতিহাস ১০৫ গৌড়রাজমালা ১৫।
(১৭ক) Fleet no 19.
(১৮) Fleet no 20.
(১৯) বাঙ্গালার ইতিহাস ৮৪ পৃষ্ঠা।

পতির অস্তিত্ব দেখা যায়, তখন তাঁহার বঙ্গবিজয় কাহিনী রাজকবির কল্পিত বলিয়া অনুমান করা সঙ্গত।

মগধের অর্ব্বাচীন গুপ্তরাজগণ খৃষ্টাব্দের অষ্টম শতাব্দী পর্য্যন্ত মগধে রাজত্ব করেন। ইহাদের আদিপুরুষ কৃষ্ণগুপ্ত। কৃষ্ণগুপ্তের বংশধর মাধবগুপ্ত হর্ষবর্দ্ধনের সহচর ছিলেন। মাধবগুপ্তের পুত্র আদিত্যসেন ৬৭২ খৃষ্টাব্দে জীবিত থাকা দৃষ্ট হয়। (২০)

যশোধর্ম্ম মগধের গুপ্তরাজকে জয় না করিয়া লৌহিত্যতীর পর্য্যন্ত কিরূপে রাজ্য বিস্তার করিলেন?

পরিব্রাজক মহারাজ সংক্ষোভের তাম্রশাসনেও তিনি ৫২৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করার বিবরণ দেখাযায়। (২১) এবং ইহাদ্বারা তৎকালে গুপ্ত সম্রাটের অস্তিত্ব দৃষ্ট হয়।

মৌখরি রাজগণও বর্ত্তমান যুক্ত প্রদেশের কতকাংশে যশোধর্ম্মের সময়ে রাজত্ব করেন, এরূপ অবগত হওয়া যায় এই সমস্ত কারণে যশোধর্ম্মের বঙ্গবিজয় ঐতিহাসিক সত্য বলিয়া গ্রহণ করা যায়না।

শ্রীরেবতীমোহন গুহ।

বৃষ্টিবিন্দুর অভিভাষণ।

চাতক চড়ুইর কাতর কণ্ঠ, ঘুঘুর করুণ ডাক
কোন ঋত্বিকে যজ্ঞ করে?—ক্ষিতি পুড়ে খাক!
চেঁচায় পেচা কাদাখোঁচা টুনটুনি আর টিয়া
বারির তরে শ্যাম ধরণীর ভারি আকুল হিয়া।
বেঁচে থাকা দায়!
বিশ্ব বুঝি ভস্ম হলো—ফুল্‌কি উড়ে যায়!
আয়রে আশু বৃষ্টিশিশু—কোথায় আছিস্ তোরা?
আয়রে সবে নেমে ভবে ছুটিয়ে জলদ-ঘোড়া।
ঝুপ্-ঝুপ্-ঝুপ্!
ভরিয়া দেয়ে খাল-দরিয়া-বাপী-পুকুর-কুপ।

বনমালতী বেলাযুঁথী—একরত্তি মেয়ে
ক্ষিণ্ণমনে দীন নয়নে উর্দ্ধপানে চেয়ে।
পানি বিনে পঙ্কজিনী পঙ্কে পড়ে ঢলে
কোন্ অভাগী আগুন দিল দীঘির কাল জলে?
আর কি থাকা যায়?
আয় রে ধেয়ে গগন ছেয়ে আয়রে ধরার গায়।

কাজল দেশের কাছাকাছি সজল মেঘের ঘর
নাইক মোদের বাছাবাছি, নাইক আপন পর।
কভু মোরা, বাপের পিসি কভু মায়ের মাসী
অম্বু দিয়ে বিশ্ব বাঁচাই, শম্ভু হয়ে নাশি।
সলিল ঢেলে ছলিম চাচার সফল করি বোনা
ফুল ফসলে ছেয়ে ফেলি—ফলাই ক্ষেতে সোণা।
ডাঙার উপর ডিঙা চালাই শিঙা ফুঁকে ফুঁকে
ভবনদী পার করে দি—মুক্ত বেণীর মুখে।
আমরা সবাই ক্ষুদ্র কবি, রুদ্র মোদের লীলা
নগনগরী সাগর করি জলে ডুবাই জিলা।
ইন্দ্রধনুর মাথায় চড়ি সান্দ্র বিকাল বেলা
রৌদ্র মেঘের মাঝে করি "অরুণ বরুণ" খেলা।
সিন্ধুতনয় সামান্য নয়—বিন্দু কিসে কম?
নিয়ে আসি সর্দ্দিকাশি—জলজ্যান্ত যম!
দামোদরের ছাওয়াল মোরা কোটি সোদর ভাই
দেশে দেশে বেঁড়াই ভেসে—কলস্বরে গাই।
বর্দ্ধমানে বসাই মোরা "মহার্ণবের" মেলা
সীতাভোগ আর মিহিদানায় পূর্ণ করি ভেলা।

আমরা ধোয়াই পথের ধূলি— তোমরা বল কাদা
জান কেবল উল্টা বুলি; বলিহারি দাদা!
হবচন্দ্রের দেওয়ান বটে!—বুদ্ধির ঝুলি পেটে
ডেকে এনে দূর করি দাও নয়ানজুলি কেটে!
বৃষ্টিজলে কাপড় কেঁচে রৌদ্রে শুকায় ধোপা
কালে ভদ্রে আস্‌লে কাছে—শুনায় মধুর চোপা।
বঁধুর লীলা বুঝা ভার
বুকের দুখে মানুষ করি ব'কে শোধে ধার।

(২০) Fleet no 43.
(২১) Fleet no 25.

কত রঙ্গ জানি।
বাতায়নে বঁধুর সনে করি কানা কানি।
মল বাজিয়ে ঝলকে চলে কমলমণি থাকি
আকা-বাঁকা পথটি আগে পিছল করে রাখি।
আলতা পরি কনকলতা আঙিনাতে যায়
পঙ্ক হয়ে অন্নলক্ষ্মীর ধরি রাঙা পায়।
বটতলাতে সাক্ষী শিখায় টর্নি বদন শীল
পাতার ফাঁকে মাথার টাকে মারি শিলার ঢিল্।
ফিরি দলে দলে।
যক্ষ রাজের বক্ষ ভাসাই—জ্বালাই তারে জলে।

নীল মাদুরে মেলিয়ে দেছি মেদুর মেঘের মায়া
বসুধারে বিলাই সুধা, শ্রান্ত জনে ছায়া।
বিনোদ বেশে দাওয়ায় বসে ভাবেন বিনোদিনী
চাবুটা বাজে—এলোনা যে—শ্যামলা-সাজে তিনি!
মুখখানি তার মলিন হেরে, ঝরে করুণ-আঁখি
সেজে তখন "ইল্‌সে-গুড়ুন্"—গুড়ুম্ গুড়ুম্ ডাকি!
সিক্তবেশে পান্‌সে হেসে মিন্‌সে আসেন ঘরে
এক পেয়ালা গরম গরম রিক্ত ঠোঁটের পরে!
দেলো তোরা হুলুধ্বনি—কুঞ্জে এলেন বঁধু
টাপুর-টুপুর বাজছে নুপুর—ওঁ—মধু! মধু! মধু!

ঐ—অনুরাগী ভেক-বৈরাগীর একতারাটি বাজে
মন্ত্র শুনে চন্দ্রতারা লুকিয়ে গেল লাজে।
জোবা পেয়ে পানি-কাউড় দিচ্ছে ডোবায় ডুব
কোন্ বাবাজী গোপীযন্ত্রে বাজায়—"কুব্-কুব্"
মরালছানা মেল্‌ছে ডানা সরাল নাচে সরে
পায়রা করে বক্-বকম্, ময়ুর পেখম ধরে।
ডাহুক্ ডাকে—শালিখশাখে—বিলে বেলেহাঁস
মাছের মালিক মাউছারাঙা—ঝিলটি তাহার খাস্।
জলে স্থলে রস উথলে—হাজার ফুলের সভা
কেয়াকদম-শাপ্‌লাশালুক্-লাল টুক্‌টুক্ জবা!
নিশিগন্ধ-কমলকুন্দ—মর্ম্মভরা মউ
শান্ত সাঁঝে হলুদে সাজে হাস্‌ছে ঝিঙে বউ।

আল্‌তা মেখে ডালিম দিদি কুটীর কোণে রাজে
রূপার ফুলটি খোঁপায় গুঁজে চাল্‌তা তোফা সাজে।
ডহর ডাঙা ডুবুডুবু—পূর্ণনদীনালা
আঙ্গিনাতে ভাঙ্গ্‌লো কেরে লক্ষ জলের জালা!
বাজাও ত্বরা মাদল-কাড়া—এলো বাদল-রাজা
বানাও খানা—"ঘুগ্‌নিদানা-চিনে বাদাম ভাজা।"

শ্রীকুলচন্দ্র দে।

ব্যাকরণের দরখাস্ত।

দরখাস্তকারী শ্রীব্যাকরণচন্দ্র দুর্ভাগ্যশিরোমণি, সাং প্রাচীন সংস্কৃতনগর, হাল সাং নব্য বাঙ্গলা, পিতা শ্রীশ্রীমৎ মহেশ, জীবিত কি মৃত হলপ করিয়া বলিতে পারি না।

সাহিত্য-সমাজের সভাপতি মহাশয়, আমি আপনার পরিচিত কিনা জানি না। পরিচিত হইলেও আপনার আদর-স্নেহ দাবি করিতে পারি কিনা, বলিতে পারি না। তবে এই কথা প্রকাশে আমার সাহস আছে যে, এখন আপনাদের অনেকেই আমাকে চিনেন না বা চিনিতে চাহেন না। সত্য কথা বলিতে কি, আমি সারাটা বাঙ্গালা মুল্লুক খুঁজিয়া এমন ব্যক্তি বা সম্প্রদায় খুব কমই বাহির করিতে পারিলাম, যিনি বা যাঁহারা আমার বর্ত্তমান দুর্দ্দশা-দুর্গতি দেখিয়া দু'ফোটা চোখের জল ব্যয় করিতে প্রস্তুত হইতেছেন। এক কথায় বলিতে পারি, বাঙ্গলায় আজকাল আমার আপনার জন বলিতে বড় বেশী কেহ নাই। আজ আমি যেমন সহায়হীন সম্বলশূন্য, কিছুদিন পূর্ব্বে কিন্তু আমার এমন অবস্থা ছিল না। আত্মীয় কুটুম্ব, শিষ্য সেবায়তের অভাবে এখনকার মত তখন আমাকে "যথারণ্যং তথা গৃহং" মনে করিতে হয় নাই। সংস্কৃতওয়ালা ঈশ্বরচন্দ্র, মদনমোহন, রামগতি, তারাশঙ্কর; ইংরাজিনবিশ অক্ষয়কুমার, কালীপ্রসন্ন, ভূদেব, রাজকৃষ্ণ প্রভৃতি বাঙ্গলার অলঙ্কারের দল আমাকে ভালবাসিয়া, আদর

শ্রদ্ধা করিয়া অন্তরে কত তৃপ্তি, কত আনন্দ, কত আত্মপ্রসাদ, কত গৌরব অনুভব করিয়া গিয়াছেন। তাঁহারা ছিলেন আমার প্রকৃত বান্ধব,—যথার্থ ভক্ত, অকপট অনুগত শিষ্য, সরল সহচর। আমার অনুশাসন বা বিধিনিষেধ তাঁহারা বাস্তবিকই আন্তরিক শ্রদ্ধা-ভক্তি যত্ন-আগ্রহের সহিত পালন করিয়াগিয়াছেন। বাঙ্গালার গৌরব বঙ্কিম, অক্ষয়চন্দ্র, প্রফুল্ল, যোগেন্দ্রনাথ প্রভৃতির কাছেও কি আমার প্রতিষ্ঠা-প্রতিপত্তি আদর-সম্মান কম ছিল? হায়, কালের কুটিলাবর্ত্ত তোমার নিষ্ঠুর নিষ্পেষণে সেই উদার ভক্তসম্প্রদায় আজ কোথায়? তাঁহাদের তিরোধানে আজ আমি বাঙ্গলায় নিঃসঙ্গ জীবন ভারাক্রান্ত বোধ করিতেছি।

মহাশয়, আজ যে দরখাস্তকারী সাহিত্য-সমাজের দ্বারে দীনহীন বেশে, বিকলাঙ্গ মূর্ত্তিতে উপস্থিত, মনে রাখিবেন একদিন সে দিব্য বপু অতুল রাজ্য ঐশ্বর্য্য, অসীম শক্তি সম্পদের মালিক ছিল। সংস্কৃত যুগে এই অধম কোন্ স্থান দখল করিয়াছিল জানিতে চান কি? অপৌরুষেয় বেদ হইতে আরম্ভ করিয়া মানুষের রচিত গণ্য নগণ্য কাব্য নাটকে পর্য্যন্ত আমার প্রবল প্রভুত্ব আধিপত্য বিস্তৃতি লাভ করিয়াছিল। বিশ্বাস না হয়, অবসর মুহূর্ত্তে ভারতের কীটদষ্ট জীর্ণশীর্ণ পুরাতন পুথির উপরে কৃপাদৃষ্টি নিক্ষেপ করিবেন।

যা'ক সে কথা, বাঙ্গালীদের উন্নতি দেখিয়া বড় আশায় বুক বাঁধিয়া বাঙ্গালায় বসবাসের ব্যবস্থা করিয়াছিলাম। তাহারই পরিণতি তাহারই ভবিষ্যৎ ফল, আমার এই দৈন্য দুর্দ্দশা, আমার এই বিকলাঙ্গতা।

সভাপতি মহাশয়, একটা মোটা রকমের ভুল করিয়া আমি দু'কুল হারাইয়াছি। যাঁহাদের আদর স্নেহে আমি বাঙ্গালায় প্রতিষ্ঠিত হই তাঁহাদের সাহিত্য বিলাসী পুত্র পৌত্র, শিষ্য প্রশিষ্যদের স্বেচ্ছাচারিতায় মাঝে মাঝে বাধা দেই ও বিরক্তি প্রকাশ করি। ইহারই ফলে সেই সাহিত্য সৌখিন নব্য বাবুরদল আমার পদে লগুড় আঘাত করিয়া আমাকে একেবারে পঙ্গু বিকলাঙ্গ করিয়া ফেলিয়াছে। যাঁহারা আমাকে জোর করিয়া বাঙ্গালা হইতে বাহির করিয়া দেওয়ার জন্য উঠিয়া পড়িয়া লাগিয়াছেন তাঁহারা আমাকে চিনিবেন কেন? চিনিলেই বা আমার সহিত কুটুম্বিতা স্বীকার করিতে সম্মত হইবেন কেন? আমি তাদের কাছে কিছুমাত্র আশা রাখি না। আপনি সাহিত্য সমাজের অধিনায়কের আসনে আজ উপবিষ্ট; ভরসা করিতে পারি; আপনার কাছে ন্যায় বিচার লাভে বঞ্চিত হইব না। তাই সাহিত্য-সমাজের পুরা মজ্‌লিসে বিচারপ্রার্থীরূপে দরখাস্ত লইয়া হাজির হইলাম।

সভাপতি মহাশয়, আমার দরখাস্ত শুনিবার আগে আমার সম্বন্ধে এইটুকু চিন্তা করিয়া দেখিবেন, আমি কি ছিলাম কি হইয়াছি, আপনাদের জন্য সমাজ সৃষ্টির আদি কাল হইতে এ পর্য্যন্ত কি কি করিয়াছি, এবং আজ তাহার প্রতিদান কি পাইতেছি। আপনি যদি পরের চিন্তার বোঝা চাপাইয়া মস্তিষ্ককে ক্লেশ দিতে ইচ্ছা না করেন, তবে না হয় নিজের কথা নিজেই বলি, নিজের পরিচয় নিজে দিতে গিয়া যদি কোনস্থলে আত্মশ্লাঘা ও আত্মম্ভরিতা প্রকাশ করিয়া ফেলি তবে কৃপা পূর্ব্বক ক্ষমা করিবেন। মনে রাখিবেন বাঙ্গালী সাহিত্যিকদের সংসর্গে আসিয়াই ঐ জিনিষটি উপার্জ্জন করিয়াছি। বাঙ্গালার জল বাতাসে আমারও আকৃতি প্রকৃতিতে বেজায় পরিবর্ত্তন ঘটিয়াছে। বাঙ্গালীদের মত বর্ত্তমানে যত বেশী শক্তি সম্মান হারাইতেছি অতীতের গৌরবগানে ততই অভ্যস্ত ও ওস্তাদ হইয়া উঠিতেছি। আর্য্যত্ব ঋষিত্ব দর্শন বিজ্ঞান আয়ুর্ব্বেদ ধনুর্ব্বেদ প্রভৃতিতে কৃতিত্ব যেমন ঐ অতীতের গায়ে অঙ্কিত জড়িত, আমার ও প্রভাব প্রতিপত্তি মাহাত্ম্য ও আধিপত্য তেমনই ঐ পুরাকালের সিন্ধু তলস্থিত সংস্কৃত সিন্দুক পেটিকায় চির আবদ্ধ। বাস্তবিক আজ আমার সেই "পদ" গৌরব নাই, ঠিক তেমন "ক্রিয়ার" আদর নাই, "কারক"ত্বের সেই অসাধারণ সম্মান নাই, এক কথায় বলিতে গেলে সংস্কৃত আমলে ভাষা ও সাহিত্যের উপরে আমার যে একচ্ছত্র আধিপত্য ছিল, আজ তাহার কিছুই নাই। তাই বলিতেছিলাম আপনাদের মত আমার ও বর্ত্তমান নাই, কাজেই আছে অতীতের বড়াই, অতীতের দোহাই। এখন

জিজ্ঞাস্য, কেন এমন হইল ? সে অনেক কারণ, অনেক কথা ; তবে এটা ঠিক আপনারা হুজুগের গোঁসাই হুজুগে চলেন, নিজের স্বার্থ ভুলিয়া ব্যক্তিত্ব বিসর্জ্জন দিয়া সমষ্টির ইষ্টানিষ্ট দিকে লক্ষ্য রাখিয়া ভূত ভবিষ্যৎ ভাবিয়া চিন্তিয়া, কাজ করিবার প্রবৃত্তি ও শক্তি আপনাদের যখন হইতে কমিয়া আসিতেছে, সমাজে ও তখন হইতে একটা উলট্‌ পলট অদল বদলের মহাধুম পড়িয়া গিয়াছে। কুসংস্কার বলিয়া পুরাতনে পদাঘাত ও উন্নতির ধুয়া ধরিয়া নূতনে প্রীতি প্রকাশ সেই হুজুগেরই ফল। জন্তু বিশেষের গতির মুখে পড়িলে যেমন নিস্তার নাই আপনাদের "গোঁর" মুখে পড়িয়া দেশের পুরাতন রীতি নীতি, আচার ব্যবহার, সাহিত্য ও সমাজ ভাঙ্গিয়া চুরমার হইয়া গিয়াছে ও হইতেছে এবং নূতন রীতি নীতি মৌলিকতার নকল ও ঝুটা পোষাক পরিয়া সসম্মানে শ্রেষ্ঠস্থান দখল করিয়া লইতেছে। এইরূপে সামাজিক পরিবর্ত্তনের ধাক্কা বর্ত্তমান সাহিত্যে লাগিয়াছে এবং তাহারই ফল আমাকে ষোল আনা ভোগ করিতে হইতেছে। আমি আপনাদের হুজুগের চোটে এখন মরণের পথে দাঁড়াইয়া আছি। স্মরণ করিয়া দেখুন পুরাতনে অশ্রদ্ধা ও নূতনে কেমন প্রেম দেখাইতেছেন। সার্ব্বভৌম ভাষার আশা ও আদর্শ স্থল "বঙ্গদর্শন" "বান্ধব" "আর্য্যদর্শন" প্রভৃতি জীর্ণ গলিত পত্র গুলাকে এখন বাঙ্গালা সাহিত্য প্রাঙ্গনের আবর্জ্জনা জ্ঞানে অনাদর, অবজ্ঞার আঁস্তাকুঁড়ে ফেলিয়া নবোদ্গত "সবুজপত্রের" মধ্যদিয়া প্রাদেশিকতার অস্থ্যবস্থ সৌন্দর্য্য বিকাশ করিতেছেন ইহা ও হুজুগেরই মায়া হুজুগেরই কাজ। বড় দুঃখে, বড় বেদনায়, আপনাদের নিন্দা করিতেছি অপরাধ ক্ষমা করিবেন, বিরক্ত হইয়া বা রাগ করিয়া হতভাগ্যের দরখাস্ত দূরে ছুড়িয়া ফেলিবেন না। যা বলিতে ছিলাম আপনারা যদি গড্ডলিকা প্রবাহে না ভাসিয়া সমাজ ও সাহিত্যের কথা ধীর, স্থির ভাবে মুহূর্ত্তের জন্য চিন্তা করিতে শিখিতেন তাহা হইলে নিশ্চয় চিনিতে পারিতেন এই অধম আর্য্যজাতির সমাজ গঠনের শুভ সূচনা হইতে এই পর্য্যন্ত সমাজ ও সাহিত্যের জন্য কত কি করিয়াছে। সমাজ ও সাহিত্যের মধ্যে ঘনিষ্ঠ বন্ধুতা না জন্মিলে, একের উৎকর্ষ উন্নতি অপরে প্রতিফলিত না হইলে, মানবমণ্ডলী কখনও প্রকৃত কল্যাণও যথার্থ অভ্যুদয়ের অধিকারী হইতে পারিত না। এজন্যই উন্নতিপ্রিয় তত্ত্বদর্শীরা উন্নত সমাজের আদর্শে নিজেদের সাহিত্যকে, এবং উৎকর্ষ মণ্ডিত সাহিত্যের অনুকরণে স্ব স্ব সমাজকে গঠিত করিতে প্রয়াস পাইয়া থাকেন। এখন জিজ্ঞাসা করি এই মঙ্গল বার্ত্তা ভারতীয় জন সঙ্ঘের সম্মুখে প্রথম প্রকাশ করে কে ? আপনাদের কোন্ শুভানুধ্যায়ী প্রচার করিয়াছিল। এবং কোন্ হিতৈষী প্রাণপাত করিয়া একাত্মতা বা হরিহর মিলনের শক্তি-সৌন্দর্য্যে ভারতের আদিম সমাজ ও সাহিত্যকে চির সুন্দর চংমোন্নত ও গৌরবজ্যোতিতে উদ্ভাসিত করিয়া তুলিয়াছিল ? সে আর কেহই নহে আপনাদের সম্মুখস্থিত এই অধম ব্যাকরণ শর্ম্মা। আমি সাহিত্যের ভিতরে যে সকল রীতিনীতি প্রবর্ত্তিত করিয়া সাহিত্যকে একটা নিয়ম ও শৃঙ্খলার অধীন ও অবশ্য পালনীয় কতকগুলি বিধি নিষেধের অনুবর্ত্তী করিয়া উৎকর্ষের উচ্চ ভূমিতে প্রতিষ্ঠিত করি তৎকালীন সমাজিকগণ আমার প্রবর্ত্তিত সেই সমস্ত রীতি নীতি অনুসরণ করিয়া সমাজকে গঠিত করেন। এই স্থলে হয়ত কেহ কেহ ইতিহাস আলোচনার ছলে বলিবেন, প্রথম সামাজিক আর্য্যগণ যে সকল আচার ব্যবহার রীতি নীতির আইন পাশ করিয়া সমাজকে শাসিত নিয়মানুবর্ত্তী করিয়াছিলেন, সাহিত্যে সেই সকল সামাজিক রীতি নীতি প্রথা পদ্ধতি অনুসৃত হইয়াছে। যাক্ সে বিষয়ে আমার তর্ক নাই, মৌলিকতা যাহারই হউক একের অনুকরণে যে অপরটি গঠিত হইয়াছিল এই বিষয়ে বোধ হয় কাহারও কোন সন্দেহ নাই। আমি আপনাদের অনুগ্রহ প্রাপ্তির আশায় স্বীকার করিয়া লইতে প্রস্তুত হইলাম, আর্য্যগণই প্রথম সমাজকে নিয়মিত ও শ্রীসম্পন্ন করিয়াছেন, আমি তাঁহাদের কাছেই ঋণ গ্রহণ করিয়া সাহিত্যকে উৎকর্ষে উপস্থাপিত করিয়াছি।

আমার যত্নে সমাজ ও সাহিত্য কিরূপে এক অচ্ছেদ্য

মিলনসূত্রে গ্রথিত হইয়াছিল সে সম্বন্ধে দুই একটা কথা বলিতে চাই কৃপা করিয়া এক মিনিট সময় নষ্ট করিয়া তাহা শুনিলে কৃতার্থ হইব। প্রাচীনসমাজে ভিন্ন ভিন্ন বৃত্তি বা ব্যবসার অনুসারে পৃথক জাতি বা বর্ণ গঠিত হইয়াছিল। ঋষি যুগের এই বর্ণ বিভাগই বর্ণাশ্রম প্রতিষ্ঠার মূল ভিত্তি। সেকালেও একালের মত গ্রামে গ্রামে নগরে নগরে প্রতিবেশীরূপে এই সকল বর্ণ বাস করিত। এই বর্ণ বিভাগ বা জাতিভেদে সেই পুরাতন সমাজের শরীরে কোন প্রকার বিরোধ বিপত্তি, অনৈক্য অপ্রেমের আঁচড়টি পর্য্যন্ত লাগে নাই, বরং পাড়াপর্শী বা নিকটস্থ বর্ণ সকল সবর্ণ অসবর্ণতার কথা সম্পূর্ণ বিস্মৃত হইয়া নিয়ত এক মধুর মিলনে আবদ্ধ হইয়া ঐক্য ও সখ্যের শক্তি মাধুর্য্যে তৎকালীন সমাজকে অতুল প্রভাব বিভবে গরীয়ান্ করিয়া তুলিয়াছিল। সমাজের ব্যক্তিরা স্ত্রীপুরুষভেদে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত এবং ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য প্রভৃতি বহুভাগে শ্রেণীবদ্ধ হইয়া ভিন্ন ভিন্ন জাতি বা বর্ণ রূপে পরিচিত হয়। সমাজের এই বর্ণাশ্রম প্রতিষ্ঠার মধুময় ফল প্রত্যক্ষ করিয়া আমি ও সাহিত্যে বর্ণ বিভাগ প্রবর্ত্তিত করি। আমার শাসনে অ আ ক খ প্রভৃতি অক্ষর সকল দন্ত্য, তালব্য অন্তঃস্থ, ও উষ্ম প্রভৃতি বহু ভাগে শ্রেণীবদ্ধ হয়। এই স্থলে একটা কথা বলিয়া রাখি, আমি মাছিমারা কেরাণীর মত সমাজের এই বর্ণ বিভাগ রীতি অবিকল নকল করিলাম না। আমার অধীন অক্ষরগুলিকে ব্যক্তিত্বের পরিবর্ত্তে বর্ণত্বের অধিকার প্রদান করিলাম। সমাজের ব্যক্তিদের মত আমার অক্ষর বা বর্ণগুলিও স্ত্রীপুরুষভেদে স্বর ও ব্যঞ্জন নামে দুই ভাগে বিভক্ত হইল ; স্বর স্ত্রী জাতীয় ব্যঞ্জন পুরুষ শ্রেণীর বর্ণ। সমাজের পুরুষগণ যেমন "অর্দ্ধাঙ্গিনী" স্ত্রীর শক্তি সাহায্য ব্যতীত কখনও পূর্ণতা লাভ করিতে পারে নাই, আজিও করিতে পারিতেছে না ; অর্থাৎ আদিকাল হইতে দেখা যাইতেছে সমাজের পুরুষদিগকে স্ত্রী শক্তি হইতে বিচ্ছিন্ন করিলে কর্ম্মভবনে তাহাদের কোনই অস্তিত্ব থাকে না। আমার অধীন পুরুষগণ অর্থাৎ ক্ খ্, প্রভৃতি ব্যঞ্জনেরা ঠিক তেমনই স্বররূপিণী অর্দ্ধাঙ্গিনী স্ত্রীর সহায়তালাভ করিতে না পারিলে অসার ও অকর্ম্মণ্য হইয়া পড়ে ; স্ত্রীর শক্তিতেই তাহারা উচ্চারণ কর্ম্মক্ষেত্রে দাঁড়াইতে সমর্থ হইয়া থাকে। এস্থলে সমাজ ও সাহিত্যের নারীগণের সম্বন্ধে দুটা ঐতিহাসিক কথা বলা বোধ হয় অপ্রাসঙ্গিক হইবে না। ভারতে এমন একদিন ছিল যে দিন আর্য্যনারীর দল স্বাধীনতার মুক্ত বাতাসে বিচরণ করিয়া জ্ঞানে, ধর্ম্মে, প্রতিভার প্রাখর্য্যে, চরিত্রের মাধুর্য্যে পুরুষদিগকেও পরাভূত করিতে সমর্থ হইয়াছিলেন। সেদিনও রাজপুত মহিলারা যে স্বাতন্ত্র, যে ব্যক্তিত্ব দেখাইয়া যেমন জগৎকে স্তম্ভিত করিয়া গিয়াছেন সাহিত্যেও একদিন অ, আ প্রভৃতি চতুর্দ্দশটি রমণী নিজেদের ব্যক্তিত্ব রক্ষার জন্য পরের সাহায্য প্রার্থিনী হয় নাই। কেহ কেহ বলেন, বাঙ্গালার জলবাতাস সহ্য করিতে না পারিয়া দীর্ঘ ৯কার রূপিণী মহিলাটী অকাল মৃত্যুর কবলে পতিত হইয়াছে। ইহাদের মতে বাঙ্গালা ভাষাও সাহিত্যে ১৩টী রমণী এখন বিরাজ করিতেছে। ইহারা জগতে সর্ব্বতোভাবে নিজেদের অস্তিত্ব বজায় রাখিতে পারিয়াছিলেন বলিয়া ইহারা "অক্ষর" বলিয়া পরিচিত হইয়াছিল। কিন্তু কাল মাহাত্ম্যে প্রকৃত মনুষ্যত্ব থাক্ বা না থাক্ দ্বিপদজন্তু মাত্রেই সেইরূপ মনুষ্য বলিয়া সর্ব্বত্র গৃহীত ও স্বীকৃত হইয়া আসিতেছে, সাহিত্য সংসারে স্বতন্ত্রই হউক আর পরতন্ত্রই হউক এখন শব্দের ক্ষুদ্রতম অংশমাত্রই অক্ষর পদবাচ্য। ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি আন্তর্জাতিক বিভাগ পুরাতন বিশ্ববর্ণের মিলনে সময়ে সময়ে যেমন বাধা উপস্থিত করিয়াছে অন্তঃস্থ প্রভৃতি জাতি বিভাগও আমার বর্ণ সমাজে ঠিক তেমনই কোন কোন সময়ে মিলন বা সন্ধির মহান্ অন্তরায় হইয়া উঠিয়াছে। অন্যত্র এ বিষয়টা পরিষ্কাররূপে বুঝাইতে চেষ্টা করিয়াছি। সমাজে যেমন ধনজন বলের গর্ব্ব কাহারও পক্ষে মিলনের পরিপন্থী হইয়া থাকে আমার অধিকারের কয়েকটি বর্ণ ঠিক সেইরূপ দ্বিত্ব, বহুত্বের অভিমানে অন্ধ হইয়া অন্যের সহিত মিলনে বা সন্ধি স্থাপনে আন্তরিক ঘৃণা প্রকাশ করিয়াছে। আমি এই সন্ধি বিদ্রোহী বা মিলনের বিরোধী বর্ণগুলিকে বিশেষ মার্কা বা চিহ্ন-যুক্ত করিয়া

ভিন্ন গণ্ডীতে আবদ্ধ রাখিয়াছি। সমাজ ও সাহিত্যের কতকগুলি বর্ণ চিরকালই অমিলন বা বিসন্ধির পক্ষপাতী আর কতগুলি সময়বিশেষে বিদ্রোহ উপস্থিত করে সময়ে সময়ে প্রতিবেশী বর্ণের সহিত বেশ একাত্ম ভাবে মিলিয়া মিশিয়া বস বাস করে। সন্ধি বা পরস্পরের মিলনে প্রাচীন লোকসমাজের শক্তি বৰ্দ্ধিত ও সর্ব্বাঙ্গীন উন্নতি সাধিত হইয়াছে পক্ষান্তরে বিগ্রহ বা বিরোধে ইহার বিপরীত ফল প্রসূত হইয়াছে দেখিয়া আমি সাহিত্যের শ্রীবৃদ্ধি সাধন উদ্দেশ্যে মিলন বা সন্ধিরকঠোর আইন প্রচার করিয়াছিলাম এবং আদর করিয়া সন্ধিকেই আমার ক্রোড়ে প্রথম স্থান দান করিয়াছিলাম। সময় চক্রের আবর্ত্তনে সর্ব্বত্রই মহা পরিবর্ত্তন ঘটিতেছে, কি কারণে জানিনা এখনকার সমাজ বিপরীতগামিত্বের প্রবল বন্যায় প্লাবিত। সামাজিক পুরুষগণের পুরাতন প্রবৃত্তি এখন সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত। সেকালের স্বভাবসিদ্ধ সরলতা ও সত্যনিষ্ঠা প্রদর্শন বর্ত্তমানযুগে মহা মূর্খতার নিদর্শন হইয়া দাঁড়াইয়াছে। পূর্ব্বদিকে গমন করিতে হইলে জিজ্ঞাসু ব্যক্তিকে পশ্চিম যাত্রার কথা বলিতে হইবে, অন্যথা তাহার বুদ্ধিমত্তায় সকলের সন্দেহ উপস্থিত হইবে। নব্য সমাজে বাক্যে ও কার্য্যে যিনি যত অসামঞ্জস্য দেখাইতে পারিবেন তিনি তত অধিক সমাজ পতিত্ব বা জননায়কত্বের অধিকার দাবী করিতে সমর্থ হইবেন। সুতরাং এই "উল্টো বুঝিলে রামের" দিনে যত সভা সম্মিলনের উদ্ভব ও প্রভাব বিস্তৃতিলাভ করিতেছে বর্ণে বর্ণে অসম্মিলন ও বিরোধ যে ততবেশী জন্মলাভ করিতেছে ইহাতে বিস্মিত হওয়ার কোন কারণ দেখিতে পাইতেছি না। এই বিপরীত পন্থী সমাজের আদর্শে আধুনিক সাহিত্যিকগণ পরিচালিত হইয়া বর্ণে বর্ণে মিলন বা সন্ধির আবশ্যকতা অস্বীকার করিতেছেন

ইঁহারা আত্মপক্ষ সমর্থনের জন্য জনৈক ভাগ্যবান্ বিদ্যাভূষণের শরনাপন্ন হইয়া তাহার নিকট হইতে "পাঁতি" সংগ্রহ করিয়াছেন। বিদ্যাভূষণ মহাশয় "বাঙ্গালায় সন্ধিহত্যায় কোন পাপ নাই" বলিয়া পাতি প্রদান করিয়াছেন। তিনি কেবল "মনান্তরেই" বাঙ্গালা সন্ধির সুস্পষ্ট ছায়া দেখিতে পাইয়াছেন, তাই তাঁহার মতে সন্ধির অস্তিত্ব যত শীঘ্র বিলুপ্ত হয়, বাঙ্গালা সাহিত্যের মন্দিরে ততশীঘ্র মঙ্গল শঙ্খ বাজিয়া উঠিবে।

অহং ব্যাকরণ শর্ম্মা সেকেলে ভুষণ্ডী, সমাজ ও সাহিত্যের কত উন্নতি অবনতি দেখিয়াছি, কত উদয় প্রলয় প্রত্যক্ষ করিয়াছি আমি এই ছেলে ছোক্রাদের মতে চলিব কেন? নিজের কথা নিজে বলিতে নাই, সমাজের হালচাল বিশেষ ভাবে ওয়াকিব আছি বলিয়াই আমি বিদ্বেষিগণের আক্রমণে সন্ধির পুরাণ অস্তিত্বটুকু আমার অঙ্গ হইতে একবারে মুছিয়া ফেলিতে দেই নাই। অবস্থা বুঝিয়া তৎক্ষণাৎ একটা ব্যবস্থা করিয়াছি। সকলের অপ্রিয়, অবাঞ্ছনীয় সন্ধিকে পূর্ব্বের মত প্রথম স্থানে প্রতিষ্ঠিত রাখিতে পারি নাই। উহাকে ঐ স্থান হইতে উঠাইয়া লইয়া ষত্ব, ণত্ব, কারক, সমাস প্রভৃতির পশ্চাতে গুপ্ত অংশে ইহাকে আশ্রয় দিয়াছি। তারপর এখন যে শুধু বাঙ্গালা সমাজ ও সাহিত্যে বর্ণে বর্ণে মিলন বা সন্ধি লইয়া গোল চলিতেছে তাহা নহে, পূর্ব্বে সাহিত্যে ও সমাজে ক্রিয়ার সহিত যাহাদের সাক্ষাৎ সম্বন্ধ থাকিত না তাহারা কখনই জগতে কারক বলিয়া আত্মপরিচয় দানে সাহস পাইত না। কিন্তু বর্ত্তমান সমাজে কত চতুর চালাক যেমন ক্রিয়া বা অনুষ্ঠান প্রতিষ্ঠান হইতে দূরে সরিয়া থাকিয়া কেবল গলাবাজির জোরে বড় রকমের কার্য্যকারক বলিয়া দশের কাছে পরিচিত হয়, নব্য সাহিত্যেও ঠিক সেইরূপ চতুর "সম্বন্ধ পদটি "ক্রিয়ার" বাড়ীর ধারে না গিয়াও শুধু বিদেশী মুরুব্বির জোরে কারকের সম্মান দাবী করিতেছে। পক্ষান্তরে একটি সম্পূর্ণ নির্দ্দোষ প্রকৃত সম্মানী "কারক" বিনা অপরাধে ফাঁসীর হুকুম পাইয়াছে। প্রাচীন দয়াদাক্ষিণ্যের সমাজে অন্ধ আতুর দীনদুঃখী বর্ষার জলধারার মত চারিদিক হইতে নানাবিধ দান লাভ করিয়া ধন্য হইত। তখনকার সাহিত্যেও সম্প্রদানের সম্মান খুব বেশী ছিল। কালের ইঙ্গিতে সেই দয়ার দেশে দানের আকাশে নিষ্ঠুরতার প্রখর কিরণমালায় শোভিত হইয়া "অর্দ্ধচন্দ্র" প্রকাশিত হইল। সভাপতি মহাশয় আপনি মনে কিছু করিবেন

না, সত্যের খাতিরে বলিতে বাধ্য হইতেছি এখনকার বাঙ্গালী মহলে দান প্রকৃতি ক্রমশঃই যেন পঞ্চত্বের পদতলে আত্মসমর্পণ করিতেছে। নজীর চাইকি? বেলা দ্বিপ্রহর গৃহস্থের বাড়ীতে অন্ধ, পঙ্গু, বৈরাগী, বৈষ্ণব, মুষ্টিভিক্ষার জন্য উপস্থিত হইলে দানের বদলে শত অপমানরাশি ভিক্ষার ঝুলিতে পুরিয়া অশ্রুসিক্ত মুখে ফিরিয়া যায় না কি? ইহা কি অলীক বা অপ্রকৃত কথা? এই সমবেদনাশূন্য সমাজের অনুকরণে নব্য বাঙ্গালী বৈয়াকরণিক প্রভুরা সম্প্রদানবিমুখতা প্রদর্শন করিবে না কেন? ইহা অন্যায় ও অসঙ্গত নহে, বরং সম্পূর্ণ স্বাভাবিক ও সময়োপযোগী। বিদ্যাভূষণের সম্প্রদায় কারকের দল হইতে সম্প্রদানকে বাঙ্গালার বাহির করিয়া দিয়াছেন।

তারপর নব্য সাহিত্যিকগণ বর্ত্তমান সমাজপতিদের সহিত পরামর্শ করিয়া সাহিত্যে এক নূতন আইন জারি করিয়াছেন। বিদ্যাভূষণের দল বর্ত্তমান সাহিত্যের সমাসকক্ষে সম্ভ্রান্ত ভদ্র ব্যক্তিদিগকে প্রবেশ অধিকার হইতে বঞ্চিত করিয়া গ্রাম্য ছোটলোকগুলাকে আদর করিয়া ডাকিয়া সেই কক্ষের সত্বস্বামিত্ব দান করিতেছেন, কথাটা আর একটুকু পরিষ্কার করিয়া বলিতে হইতেছে।

একান্নবর্ত্তী প্রথার অমৃতধারায় প্রাচীন সমাজের পারিবারিক জীবন যখন মধুময় হইয়া উঠিয়াছিল, তখন আমার প্রাণান্ত যত্নে সাহিত্যেও ইহার অনুরূপ কল্যাণকরী—সমাসপদ্ধতি প্রবর্ত্তিত হয়। একান্নবর্ত্তিতার যুগে একজন অভিভাবকের অধীন হইয়া এক একতাসূত্রে গ্রথিত থাকিয়া পরিবারের দশজন যেমন নিজ নিজ সাংসারিক জীবন সুখশান্তির মধ্যদিয়া অতিবাহিত করিত, প্রাচীন সাহিত্যের ঠিক তেমনই এক অভিভাবিকার অধীনে এক একতার সূত্রে আবদ্ধ হইয়া পদসকল ভাষার গৌরববর্দ্ধনে উদ্যোগী হইয়াছিল। এই উদ্যোগ, এই রীতিপ্রবর্ত্তনা আমারই শাসনের ফল। আমি এক বিভক্তি অভিভাবিকার অধীন করিয়া দুই বা ততধিক পদকে যে মিলিত করিয়াছিলাম এই পদ মিলনেরই নাম সমাস। সমাজে যেমন মিলন ছিল তেমন বিরোধ বিগ্রহ যে ছিলনা তেমন নহে, সাহিত্যেও তেমন এক বিভক্তির অধীনতা অস্বীকার করিয়া পদ সকল স্বাতন্ত্র্যের গৌরব লাভে যখনই ব্যাকুলতা প্রকাশ করিয়াছে তখনই তাহাদের মধ্যে "বিগ্রহ" উপস্থিত হইয়াছে। আমার অধিকারের এই বিগ্রহ অনৈতিহাসিক ঘটনা নহে। যাক্, যা বলিতেছিলাম, নব্য সমাজে ভদ্রলোকের পরিবর্ত্তে অন্য সম্প্রদায়ে একান্নবর্ত্তী প্রথার বিস্তার দেখিতে পাওয়া যায়, নব্য সাহিত্যেও সমাসপ্রথা ভদ্রদিগকে ছাড়িয়া ইতরশ্রেণীকে আশ্রয় করিয়াছেন। এই "বিশাল" 'বসুধা'র দ্বিপদ চতুষ্পদ প্রাণিমাত্রেই নাকি ভব্য, সভ্য, ভদ্র শব্দ; আধুনিক বৈয়াকরণিকেরা বলেন, ইঁহারা বাঙ্গালার প্রকৃত অধিবাসী নহেন। এই সকল সংস্কৃত শব্দেরা বাঙ্গালায় উপনিবেশ স্থাপন করিয়া বসবাস করিতেছেন মাত্র। ইহাদের সমাস-রীতি বাঙ্গালায় গ্রহণযোগ্য নহে। বৈয়াকরণিকদের মতে খাঁটি দেশীয় শব্দের ভিতরে সমাস-পদ্ধতি প্রচলিত করিতে হইবে এবং তাহাই নিজস্ব বলিয়া গৃহীত হইলে বাঙ্গালা ভাষা ও সাহিত্যের উৎকর্ষ সাধিত হইবে। ইহারা বলেন, বাঙ্গালার জল বাতাসে "ঘৃতান্ন" দুষ্পাচ্য, "ঘি ভাত" সুখকর লঘু পথ্য। বিদেশী শব্দ যাহারা বঙ্গজ শব্দের সহিত মিলিয়া মিশিয়া বসবাস করিতেছে তাহাদিগকে লইয়া সমাস বা যৌথ পদ-পরিবার গঠন করিতে নাকি কোন দোষ নাই, যথা—ধন দৌলত, কাগজ কলম প্রভৃতি। সভাপতি মহাশয়, আর একটা বিসদৃশ ব্যাপারের দিকে আপনার কৃপাদৃষ্টি আকর্ষণ করিতে চাই।

হেড্‌পণ্ডিত, ব্রাহ্মমিশনারী, ডিপুটী বাবু ও সংস্কৃত প্রফেসার প্রভৃতি এঙ্‌লোবেঙ্গলীদল বাঙ্গালা সাহিত্যের সম্মিলিত পদ-সমাজে বিনা প্রায়শ্চিত্তে ও বিনা আপত্তিতে সাদরে গৃহীত হইয়াছে। বাঙ্গালার জন-সমাজ কিন্তু এবিষয়ে বহু পশ্চাতে রহিয়াছেন। আর এক কথা, শুধু এই দিক দিয়াই যে হাল আমলের সাহিত্য আধুনিক সমাজকে পরাস্ত করিয়াছে তাহা নহে আধুনিক সাহিত্যিকমণ্ডলী এক বাঞ্ছনীয় উদারনীতি অবলম্বন করিয়া যে শক্তিসামর্থ্য সঞ্চয় করিতেছেন বাঙ্গালার লোক সমাজ স্বপ্নেও তাহা কল্পনা করিতে পারিতেছেন

বলিয়া মনে হয় না। সাহিত্য-সমাজের "ধনী", "দরিদ্র", "বিদ্বান", "মূর্খ" প্রভৃতি প্রকৃত আর্য্যগণ জাতিধর্ম্মের কথা ষোল আনা বিস্মৃত হইয়া উহার হস্ত প্রসারণে কিছুকাল পূর্ব্বে অর্থাৎ নবাবী আমলে নবাব বাদসা (নওয়াব পাতসাহ) হইতে আরম্ভ করিয়া গরিব বাবুর্চ্চী খানসামা নফর চাকরকে পর্য্যন্ত সস্নেহে স্বসমাজে গ্রহণ করিয়া যেরূপ শক্তি-সম্মান বর্দ্ধিত করিয়াছিল আজ আবার "কমিশনার," "জজ," "ম্যাজিষ্ট্রেট' হইতে রেল আফিসের বুকিংক্লার্ক ও মটর ড্রাইভার প্রভৃতিকে পর্য্যন্ত সমান ভাবে পঙ্‌ক্তি ভোজনে অধিকার প্রদান করিয়া জনবল অতিমাত্রায় বৃদ্ধি করিয়া লইতেছে। বাঙ্গালী সমাজ যদি এই উদারনৈতিক সাহিত্যিকগণের কাছে শিক্ষা-লাভ করিতেন, আজ ইহারাও যদি চিরাভ্যস্ত বর্জ্জনপ্রথা পরিত্যাগ করিয়া গ্রহণনীতি ব্রতে দীক্ষিত হইতেন, মহাত্মা দয়ানন্দ সরস্বতীর সম্প্রদায়ের মত যদি জাতি ধর্ম্ম নির্ব্বিশেষে সকলকে স্ব স্ব সমাজভুক্ত করিয়া লইতে তিলমাত্র কুণ্ঠা বোধ না করিতেন তবে বাঙ্গালীর সমাজ-শক্তি আরও কতগুণ বৃদ্ধি পাইত, একবার চিন্তা করিয়া দেখুন দেখি। কথায় কথায় অবান্তর প্রসঙ্গে আসিয়া উপস্থিত হইতেছি, ক্ষমা করুন। এখন তদ্ধিত সম্বন্ধে একটী কথা বলিয়াই আপনাদিগকে মুক্তি দিতে চেষ্টা করিব। "একটী কথা বলিয়া বিদায় গ্রহণের" প্রতি-শ্রুতি আরও অনেকবার প্রকাশ করিয়াছি কিন্তু শপথ রক্ষার কিঞ্চিন্মাত্র চেষ্টা করিতেছি না দেখিয়া আপনারা নিশ্চয় আমার সত্যনিষ্ঠায় খুবই সন্দেহ করিতেছেন। কি করিব? বাঙ্গালী জনসমাজের সংসর্গে যেমন শিক্ষা পাইয়াছি আমিও তো তেমনই ব্যবহার করিব। আপনারা বক্তৃতার আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত "আর একটী মাত্র শব্দ বলিয়াই বক্তব্য শেষ করিব" এই প্রতিজ্ঞা কতবার করিয়া থাকেন, কিন্তু অঙ্গীকার পালনে বিন্দুমাত্রও আগ্রহ প্রকাশ করিয়া থাকেন কি? ইহা দেখিয়া শুনিয়া আমিও বেশ বুঝিতে পারিতেছি এই প্রতিশ্রুতি প্রকৃত প্রতিশ্রুতি নহে, ইহা শিষ্টাচারের রূপান্তর মাত্র, বিদেশ হইতে সমাগত সভ্যতানুমোদিত এক নূতন প্রণালীর বিনয় প্রদর্শন।

যা'ক, এখন "প্রকৃত মনু'সরামঃ"। পুরাকালে তদ্ধিত প্রভৃতি প্রত্যয়গুলিকে আমি একটা উপদেশ দিয়াছিলাম;—সুশিক্ষিত নট বালক যেমন নিজের কাঁধে চড়িয়া নৃত্য করিতে পারে না তোমরাও তেমন নিজেদের শিরে অর্থাৎ সমজাতীয় বা সগোত্র প্রত্যয়ের স্কন্ধে আরোহণ করিয়া নৃত্যগীতে প্রয়াস পাইও না। আমার এই মঙ্গল আদেশ বিশাল সাহিত্য-ভবনে বহুদিন পর্য্যন্ত দৃঢ়ভাবে প্রতিপালিত হইয়াছিল। আজ যেখান-কার স্তন্যপায়ী শিশুরাও আমাকে দেখিয়া কত প্রকার ঠাট্টাবিদ্রূপের তরঙ্গ সৃষ্টি করিতেছে সেই বাঙ্গালার মাটীতে আমার আদেশের মূল্য যে কাণা কড়িও নহে তার আর বলিতে হইবে কেন? আমার এই অনাদর অবজ্ঞা দেখিয়াই তো আজ সুযোগ বুঝিয়া তদ্ধিত প্রত্যয়েরা নিজেদের স্কন্ধে নিজেরা আরোহণ করিয়া নূতন "সৌজন্যতা" ও "মাধুর্য্যতা" প্রভৃতিতে বাঙ্গালাভাষা ও সাহিত্যকে সুশোভিত করিতেছে।

আর একটা বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ না করিলে আমার অতীত ও বর্ত্তমান অবস্থা বর্ণনা অসম্পূর্ণ থাকিবে। যে স্বার্থ সমস্যা বর্ত্তমান যুগে একটা বিশেষ আলোচনার বিষয় হইয়া দাঁড়াইয়াছে, পুরাতন সমাজ ও সাহিত্যে সেই স্বার্থের উপাসনা যে একেবারেই ছিল না এমন নহে। সেকেলে সামাজিকদের মত সাহিত্যের „বালক-যুবকেরাও" শুধু শারীরিক সৌন্দর্য্য বর্দ্ধনের জন্যই স্বার্থের সেবা করিত। ইহারা কভু সাহিত্যের পবিত্র ক্রিয়াকলাপ স্বার্থের "ক" চিহ্নে কলুষিত করে নাই। হাল আমলের সামাজিক লোকেরা যেমন স্বার্থ ছাড়া আর কিছুরই অস্তিত্ব অবগত নয়, বর্ত্তমান সময়ের সাহিত্যিকদেরও তেমন ক্রিয়াগুলি স্বার্থের লীলাক্ষেত্রে পরিণত হইয়া উঠিতে-ছিল। সংস্কৃত ভাষায় পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কুটিলতা ও মিথ্যা ব্যবহার মহাপাপ বলিয়া জানিতেন, তাই তিনি সরলপ্রাণে সহজভাবে সত্য প্রকাশ করিতে গিয়া 'খাইবেক' 'যাইবেক' 'করিবেক' 'দেখিবেক, প্রভৃতি স্থলে স্বার্থ চিহ্ন সংযোজনা করিতে বিন্দুমাত্রও ভীত ও সঙ্কুচিত হন নাই। বিদ্যাসাগর মহাশয়ের

সমসাময়িক ও তৎপরবর্ত্তী ইংরাজি নবিশ বৈষয়িক সাহিত্যসেবকেরা এই মুক্তকচ্ছ পণ্ডিতের কবুল জবাব গ্রন্থ পত্রে নজির বদ্ধ করিয়া রাখাটা নিতান্ত অবৈধ ও অনুচিত বিবেচনা করিয়া স্বার্থের কুৎসিত "ক" চিহ্নটীকে বেমালুম মুছিয়া ফেলিয়াছেন।

পুরাতন লোক সমাজে স্ত্রীপুরুষ ভেদে যেমন পোষাক পরিচ্ছদের বিভিন্নতা ছিল সাহিত্যেও তেমন সেই সংস্কৃত যুগ হইতে বহুদিন পর্য্যন্ত আমার শাসনে স্ত্রীপুরুষ ও ক্লীবেরা বিশেষ সতর্কতার সহিত নিজ নিজ অবস্থা সূচক ভিন্ন ভিন্ন পোষাক ব্যবহার করিয়া আসিতেছিল। সামাজিক স্ত্রীলোকদের মত আমার অধিকার ভুক্ত মহিলারাও দীর্ঘ ঈকার ও আকার রূপ শাড়ী কাঁচুলী প্রভৃতি ব্যবহার করিতেছিল। এস্থলে একটি কথা বলা বড়ই প্রয়োজনীয় বোধ করিতেছি, সাহিত্যে অঙ্গ অঙ্গীর মত বিশেষ্য ও বিশেষণ অভেদাত্মা, বিশেষ্যকে অঙ্গী ও বিশেষণকে অঙ্গ বলা যাইতে পারে। আমার কঠোর নিয়ম ছিল, এই অঙ্গ ও অঙ্গীর এক রকম পোষাক পরিচ্ছদ গ্রহণ করা। অঙ্গী অর্থাৎ বিশেষ্য নিজের জাতির অনুসারে যে পোষাক গ্রহণ করিবে অঙ্গ বিশেষণকে ও সেই পরিচ্ছদেরই অধীন হইতে হইবে যেমন—সুন্দরী বালিকা মহৎ বিশ্ব, ও সুন্দর বালক। বর্ত্তমান সমাজের বিচারালয়ে শুনিতেছি পুরুষদের সামলা স্ত্রীলোকে দাবী করিতেছেন এবং রমণীদের রমণীয় গাউন পরিধান করিয়া পুরুষেরা গৌরবান্বিত হইতেছেন। কাজেই নব্য সাহিত্যেও যে সমাজের দেখা দেখি পরিচ্ছদের ব্যভিচার আরম্ভ হইবে ইহা আশ্চর্য্যের বিষয় নহে। দৃষ্টান্তের দিকে দৃষ্টিপাত করুন "পরিশ্রম কার্য্যকরী হইলনা" এস্থলে পরিশ্রম রূপ পুরুষটীর কার্য্যকররূপ অঙ্গ বা বিশেষণ পদটি স্ত্রীত্ব বোধক (দীর্ঘ) ঈকারের শাড়ী পড়িয়া প্রকাশ্যে বাহির হইতে একটু লজ্জা বোধ করিতেছে না পক্ষান্তরে "সম্পত্তি ও বিপত্তি চিরস্থায়ী নহে" এস্থলে সম্পত্তি বিপত্তি রূপ মহিলা বিশেষ্য দুটির অঙ্গ চির স্থায়ীন্ পদটি (দীর্ঘ) ঈকারের শাড়ীতে সজ্জিত হয় নাই। তারপর সমাজের ক্লীবদের যেমন পোষাকের কোন স্বাতন্ত্র্য নাই অর্থাৎ কখন পুরুষের পোষাক কখন স্ত্রীপরিচ্ছদ গ্রহণ করিয়া থাকে. হাল সাহিত্যের ক্লীবদেরও সেই অবস্থা। অহেতুকী প্রেম এখানে স্ত্রী পরিচ্ছদ, এবং মহান্ বিশ্ব এখানে পুরুষের পোষাক গ্রহণ করা হইয়াছে। সাহিত্যের অন্দর বাহির খুঁজিলে এইরূপ পরিচ্ছদ বিভ্রাটের বহু দৃষ্টান্ত নয়ন-গোচর হইবে। মনের কষ্টে উন্মত্তের প্রলাপের মত কত কি বলিতেছি, দরখাস্ত অস্বাভাবিক দীর্ঘ হইয়া পড়িতেছে, মাননীয় সমাজপতি ও সামাজিকগণ - সম্ভবতঃ আমার উপর বেজায় বিরক্ত হইয়া উঠিতেছেন, আমি চাই আপনাদের দয়া। আপনাদের বিরক্তিতে বিপরীত ফল ফলিবার সম্ভাবনা, সুতরাং আর এক ফোঁটা চোখের জল ফেলিয়াই দখরাস্ত শেষ করিব। সংস্কৃতের আমল হইতেই সমাজে ও সাহিত্যে বর্ণাগম, বর্ণবিপর্য্যয় ও বর্ণনাশ চলিয়া আসিতেছে। সেঁকেলের সমাজে মূর্দ্ধাভিষিক্ত প্রভৃতিতে বর্ণাগম, বিশ্বামিত্রাদির ব্রাহ্মণত্ব লাভে বর্ণ বিপর্যয় ও পরশুরামাদির ক্ষত্রিয় ধ্বংশে বর্ণনাশ, আর সে সময়ের সাহিত্যে গবেন্দ্র প্রভৃতিতে বর্ণাগম সিংহের বর্ণবিপর্য্যয় এবং পৃষোদর প্রভৃতিতে বর্ণনাশ সংঘটিত হইয়াছে। তবে প্রাচীন কালের বর্ণনাশ সমাজ ও সাহিত্যে সহিয়া গিয়াছে, সম্প্রতি মৌলিকতাপ্রিয় সাহিত্যিক বিদ্যানিধির দল যে ভাবে নূতন করিয়া বর্ণসংহারের আইন বিধিবদ্ধ করিবার পাণ্ডুলিপি সাহিত্য সেবক সমাজ সমক্ষে প্রচার করিয়াছেন তাহার বিরুদ্ধে একটি কথা না বলিয়া বিদয় গ্রহণ করিতে পারিতেছি না। বিদ্যানিধির দল বলেন, বাঙ্গালা ভাষায় দুটি—"জ" (য, জ) দুটি "ণ" ন), দুটি "ব" তিনটি "শ" (স, শ, ষ) প্রভৃতির জীবন রক্ষার কোন প্রয়োজন দেখা যায় না। দরকার নাই বলিয়াই যদি বর্ণ বিলোপের জন্য আইন পাশ করিতে হয় তবে আমি নাচার। হিন্দু সমাজের বৃত্তি অনুসারে গঠিত বর্ণদের অনেকেই ত এখন স্ববৃত্তি বিচ্যুত, বর্ণাশ্রম প্রতিষ্ঠার উদ্দেশ্য হিসাবে এখন তাহাদের অস্তিত্ব অনাবশ্যক। এই প্রয়োজনহীন সামাজিক বর্ণদের সংহারে বিদ্যা-

নিধির সাহস আছে কি? সাহিত্যে ফাঁসি ও দ্বীপান্তরের ভয় নাই বলিয়াই বোধ হয় তথাকার বর্ণনাশে তিনি এতটা সাহসিকতা এতটা আগ্রহ দেখাইতেছেন? তারপর তিনটা স, দুটা ন প্রভৃতির প্রয়োজন দেখা যায় না বাঙ্গালীর উচ্চারণ দোষে। যাক্ সে কথা; অন্তঃস্থ শ্রেণীর বোকা "ব" টার জন্য আমি একটুকুও ওকালতী করিব না। এই "ব" কারটার বড়ই পরশ্রীকাতর; পূর্ব্ববর্ত্তী অনুস্বারে র "ম" কারের প্রযোশনে বেজায় বাধা উপস্থিত করে, এই অপরাধে উহাকে বাঙ্গালার বর্ণশ্রেণী হইতে বিতাড়িত করা আমি অসঙ্গত বোধ করি না। মূর্দ্ধন্য "ণ" টীর অপরাধ মাত্রাহীনতা। নিষেধ জিনিষটা বালক বৃদ্ধ সকলের পক্ষেই বড় অপ্রীতিকর সুতরাং সেই নিষেধের মূর্ত্তিমান্ অবতার "ণ" কারের মাত্রা বা সীমা নাই সুতরাং ইহাকে এই ওজুহতে বর্ণ সমাজে, অপাংক্তেয় করা যাইতে পারে। কিন্তু বেচারা বিদ্যানিধির অভিপ্রায় জানিতে পারিয়া আমার কাছে আসিয়া লম্বা হইয়া পড়িয়াছে, কাজেই অনুরোধ জানাইতেছি দেখিবেন নব পরশুরামের উন্মুক্ত লেখনী—তরবারির আক্রমণ হইতে ইহাকে রক্ষা করিতে পারেন কি না। বাঙ্গালীরা অল্পেই অসহিষ্ণু হইয়া পড়েন এই জন্য শ, ষ, স তিন "স"য়ের অলন্ত উপদেশ আমি বক্ষে ধারণ করিতেছি, কিন্তু বিদ্যানিধির দল যদি জোর করিয়া দুটি মুছিয়া ফেলেন তবে তাহাদের কি মঙ্গল হইবে? বাঙ্গালার সংযুক্ত বর্ণগুলারও বড় বিপদ দেখিতেছি, অঙ্গ বিকৃতির দিকে লক্ষ্য না করিয়া যে সকল স্বার্থত্যাগী বর্ণেরা মিলনকে সাদরে বরণ করিয়া লইয়াছে আধুনিক সৌখীন সাহিত্যিক সম্প্রদায় উচ্চারণ অনুসারে শব্দ গঠন করিতে যাইয়া "আক্ত", "আন্ধ" প্রভৃতি সম্মিলিত বর্ণগুলিকে ভাঙ্গিয়া চুরিয়া একটা কিস্তুত কিমাকার করিতে প্রবৃত্ত হইয়াছেন। বাঙ্গালার জনসমাজের মত সংযুক্ত বর্ণমহলেও ম্যালেরিয়া প্রবেশ করিয়াছে, তাহার একটা দৃষ্টান্ত উল্লেখ করিতেছি। "বাঙ্গালার" আকার নিরাকার হইয়া প্রথমে বাঙ্গলা, পরে "গ"য়ের গঙ্গাপ্রাপ্তিতে "বাঙ্‌লা" অনন্তর হসন্ত "ঙ্"টির রাহু রূপ ধারণে অর্থাৎ গোলাকার মস্তকটি বাদে সমস্ত অঙ্গ খসিয়া পড়াতে অদ্ভুত নূতন "বাংলা" মূর্ত্তি ধারণ করিয়াছে। আমার বিভীষিকায় বাঙ্গালার বালক, বৃদ্ধ, নর, নারী সকলেই না কি সন্ত্রস্ত, জনৈক বিখ্যাত অধ্যাপক শপথ করিয়া এই সত্য প্রকাশ করিয়াছেন। বাঙ্গালার কি সর্ব্বত্রই বিপরীত বিধান? কোথায় আমি যাহাদের বিভীষিকায় বাঙ্গলার গৃহত্যাগ করিয়া বানপ্রস্থ অবলম্বনের উদ্যোগী আজ তাহারাই কি না, বলেন ব্যাকরণ বিভীষিকা।

তবে এই কথা অস্বীকার করি না, বর্ত্তমান সাহিত্যের অবস্থাদর্শী সেই সুযোগ্য অধ্যাপক আমার পক্ষে যথেষ্ট ওকালতি করিয়াছেন। এতদিন আমি শত অত্যাচার নীরবে সহ্য করিয়াছি কিন্তু এখন দিনের পর দিন দেখিতেছি অবমাননার মাত্রা সীমা অতিক্রম করিয়া ছুটিয়া চলিয়াছে' এই অবস্থায়, এই বন্ধুবান্ধব হীন দেশে বাস করা শ্রেয়ঃ মনে করিতেছি না। যথার্থই বলিতেছি আমার জীর্ণ মলিন 'ব:' 'ণত্ব'দি ভৈজসপত্র ছেঁড়া ন্যাকড়ায় পুঁটলি বাঁধিয়া অরণ্য যাত্রার উদ্যোগ করিতেছি এমন সময়ে শুনিতে পাইলাম উত্তর বঙ্গের সাহিত্য বৈঠকে বাঙ্গালীর গৌরব নির্ভীক, সত্যপ্রিয়, ভবিষ্যদ্দর্শী ক্ষণজন্মা সুযোগ্য বিচার পতি স্যার আশুতোষ স্বজনবর্গকে লক্ষ্য করিয়া বলিয়াছেন।"

"বর্ত্তমান সময়ে বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষায়ও বঙ্গভাষার অধ্যাপনা হইতেছে। বিশ্ববিদ্যালয় হইতে যাঁহারা শিক্ষালাভ করিতেছেন, তাঁহারা উভয়বিধ শিক্ষায় শিক্ষিত হইতেছেন। বঙ্গভাষায়ও তাঁহারা পাণ্ডিত্য সম্পন্ন হইতেছেন।"

উপসংহারে আবার বলিয়াছেন,—

"আপনাদের ভাষা, আপনাদের চিন্তা—এ সমস্তই সুন্দর হউক; অন্তের অনুষেজক হউক।"

ইহাতে আশা হইতেছে, বাঙ্গালায় আবার আমার ডাক পড়িবে। আমাকে বাদ দিয়া ভাষা ও সাহিত্যে গভীর পাণ্ডিত্য লাভ আকাশকুসুম কল্পনা নয় কি? আমার সাহায্য ব্যতীত বিশ্ববিদ্যালয়ের বি, এ, এম, এ শ্রেণীর পাঠ্যপুস্তক, রচিত হইতে পারে কি? ভাষাকে সুন্দর করিয়া গড়িয়া তুলিতে হইলেও বোধ হয় শর্ম্মাকে

আবার আদর করিতে হইবে। আমি এই ভরসায় আরও কিছুদিন এখানে থাকিবার বন্দোবস্ত করিলাম। এই অবসরে আপনার কাছেও বিচারপ্রার্থী হইয়া উপস্থিত হইলাম। কেহ কেহ আমার পক্ষে উকিল নিযুক্ত করিবার জন্য অনুরোধ জানাইয়াছিলেন। কিন্তু আমি শুনিতেছি সামাজিক উকিলদের কেহ কেহ নাকি উভয়পক্ষেরই কথা বলেন, পক্ষান্তরে মক্কেলের কাজ করিতে না পারিলেও গৃহীত অর্থ ফেরত দেওয়া কর্ত্তব্য মনে করেন না। সাহিত্য-সংসারের সাহিত্যিক উকিলেরা নাকি এই পথেরই পথিক। ইহাদের অনেকেই নাকি উভয় দলে বিচরণ করিয়া থাকেন। কাজেই আমি কাহাকেও বিশ্বাস করিয়া ওকালতনামা দিতে পারিলাম না। এখন আপনাদের বিচার বুদ্ধি ও নিজের অদৃষ্টের উপর নির্ভর করিয়া রহিলাম।

উপসংহারে প্রার্থনা এই, সময় ও সমাজগতির দিকে দৃষ্টি রাখিয়া আমি আমার অর্দ্ধ অধিকার স্বেচ্ছায় ও স্বজ্ঞানে পরিত্যাগ করিতে সম্মত আছি। স্মরণাতীত সংস্কৃত যুগের কথা আজ আর তুলিব না। বিদ্যাসাগরী আমলের দাবী রক্ষায়ও আজ তেমন ব্যাকুলতা নাই। নব্য বাঙ্গালা হইতে একেবারে উদ্বাস্তু না হই, ইহাই আমার শেষ নিবেদন।

শ্রীঅনুকূলচন্দ্র শাস্ত্রী।

তুমি।

(গান)

তুমি সুন্দর, শোক-সন্তাপহর,
বাঞ্ছিত প্রিয়জন!
তুমি আঁধারে, হৃদি মাঝারে,
ধ্রুব-জ্যোতিঃ, অন্ধনয়ন।
তুমি কাননে কুসুম-প্রীতি,
তুমি কোকিলে আকুল গীতি,
মোহিনী উষায় হেসে ভেসে যায়,
তোমারি মধুর স্মৃতি!
তুমি প্রাণসখা, হৃদয় মাঝারে,
সুরভি-জড়িত নন্দন।
খেলে নয়নে তোমারি ভাষা,
তব স্নেহ, প্রেম, ভালবাসা;
নধর অধরে সুধা ঝর ঝরে,
হাসিতে বাড়ায় আশা।
তুমি প্রাণসখা! বঁধু, মধুমাখা—
মম সাধনার ধন!
আমি না চাহিতে তুমি আসিও!
তুমি আঁধারে আলোকে হাসিও!
আমি না সাধিতে, হৃদয় বাঁধিতে,
মনোমত ভালবাসিও!
আমি দিব মালা প্রভাত-স্বপনে,
করিব চরণ বন্দন।

শ্রীজগদীশচন্দ্র রায় গুপ্ত।

সন ১৩২০ বাং ১৮ কার্ত্তিক সোমবার রাত্রি ৯ ঘটিকা ৩৫ মিনিটের সময় আমরা আগ্রা হইতে আজমীঢ় যাত্রা করিলাম। রাত্রি ২ টার সময় বাণ্ডিকুই নামক ষ্টেশনে অবতরণ করিয়া দীল্লি হইতে সে গাড়ী আসিল তাহাতে ২টা :৫ মিনিটের সময় উঠিয়া পরদিন বেলা ৮½ টার সময়ে আজমীঢ় উপস্থিত হইলাম।

দার্জ্জিলিং যেরূপ পর্ব্বতের স্তরে স্তরে সাজান, আজমীঢ় সহরটিও ঠিক সেইরূপ পর্ব্বত গাত্রে স্তরে স্তরে চিত্র পুত্তলীর ন্যায় অবস্থিত এবং দেখিতে অতি সুন্দর। সর্ব্বোচ্চ শৃঙ্গে তারাগড়, তন্নিম্নে পর্ব্বতের স্তরে স্তরে শ্যামল তরুলতাদির মধ্যে শুভ্র হর্ম্ম্যরাজি বিরাজিত। পর্ব্বতের মূলদেশে রেল লাইন হইতে আজমীঢ়ের দৃশ্য বাস্তবিকই অতীব মনোহর।

আজমীঢ়ে অবতরণ করার পরে একজন পুষ্করের পাণ্ডার সহিত সাক্ষাৎ হইল। আমরা পুষ্কর যাইব

জানিয়া তিনি আমাদের পাণ্ডার নাম জিজ্ঞাসা করিলেন। আমরা পশুপতিনাথ পাণ্ডার নাম করাতে তিনি আমাদিগকে তাঁহার বাড়ী পৌঁছাইয়া দিবেন স্বীকার করিয়া তিন টাকাতে দুইখানা ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া আনিলেন। আমরা গাড়ীতে উঠিয়া পুষ্করাভিমুখে রওয়ানা হইলাম। আজমীঢ় হইতে পুষ্কর ৯ মাইল, একটী পাহাড় অতিক্রম করিয়া যাইতে হয়। আজমীঢ় এক প্রকার চতুর্দ্দিকেই পর্ব্বত বেষ্টিত। অনসাগর নামক বিস্তৃত সরোবর গাড়ী হইতে দেখা যায়। পার্ব্বত্য প্রদেশে অপেক্ষাকৃত নিম্নভূমিতে জল সঞ্চিত হইয়া হ্রদের ন্যায় বড় বড় সরোবরের সৃষ্টি হইয়া থাকে। পুরুলিয়া ও রাঁচি অঞ্চলে এইরূপ অনেক সরোবর দেখা যায়, সেই দেশে উহাদিগকে বাঁধ বলে।

আমরা ক্রমে সহরের ফটক অতিক্রম করিয়া মাঠের মধ্যে একটা পর্ব্বতের দিকে অগ্রসর হইতে লাগিলাম। পর্ব্বতের মধ্যে কোন ফাঁক্‌ দেখা যায় না, অথচ গাড়ী সেই দিকেই যাইতেছে দেখিয়া ইতস্ততঃ বোধ করিতেছিলাম। কিছুকাল পরে দেখিলাম পর্ব্বতের গায়ে উপরের দিকে বক্রভাবে বিস্তৃত একটি রাস্তা। গাড়ী সেই রাস্তা দিয়া ক্রমে ক্রমে উপরের দিকে উঠিতে আরম্ভ করিল। তখন গাড়োয়ান ও সহিস গাড়ী হইতে নামিয়া, আস্তে আস্তে ঘোড়া ধরিয়া গাড়ী চালাইতে লাগিল। কিছুকাল পরে আমাদেরও গাড়ী হইতে নামিয়া সঙ্গে সঙ্গে হাটিয়া যাইতে হইল। কোন কোন স্থানে রাস্তা এত খাড়া যে ঘোড়ার পক্ষে গাড়ী টানিয়া রাখা অত্যন্ত কষ্টকর বোধ হয়। পূর্ব্ব হইতেই সহিস দুইখণ্ড প্রস্তর হাতে করিয়া গাড়ীর পিছে গমন করিয়া থাকে। ঘোড়া যখন অত্যন্ত শ্রান্ত হয় এবং আর গাড়ী টানিতে না পারে, তখন সহিস গাড়ীর পিছনের চাকার নীচে সেই দুইখান পাথর বসাইয়া গাড়ী আট্‌কাইয়া রাখে এবং ঘোড়া কিছুকাল বিশ্রাম করিয়া নেয়। এইভাবে গাড়ী ক্রমে ক্রমে পর্ব্বতের উপরিভাগে উঠে এবং তথায় যাইয়া কিছুকাল বিশ্রাম করে। তখন যাত্রিগণ গাড়ীতে উঠিয়া বসে, গাড়োয়ান ও সহিস স্ব স্ব স্থানে অবস্থান করিয়া কিছুকালের জন্য সমতল ভূমিতে গাড়ী চালাইয়া যায় এবং তৎপর পর্ব্বতের অপর পার্শ্বে গাড়ী ক্রমে নীচের দিকে নামিতে থাকে। নীচের দিকে নামিবার সময় গাড়ী অত্যন্ত দ্রুতবেগে চলিতে থাকে এবং আরোহীদিগের মনে অনেক সময় পড়িয়া যাওয়ার আশঙ্কা হয়। কিন্তু এরূপ দুর্ঘটনা হওয়ার কথা শুনিলাম না। কোন প্রকারে সেই পার্ব্বত্য রাস্তায় ঘোড়া কি গাড়ী কোন রকম অকর্ম্মণ্য হইলেই বিপদ। আমরা ফিরিয়া আসার সময় দেখিলাম অপর একখানা গাড়ীতে উক্তরূপ দুর্ঘটনা হওয়াতে যাত্রিগণ অবশিষ্ট পথ হাটিয়া আজমীঢ় যাইতে বাধ্য হইলেন।

পুষ্কর সম্বন্ধে পুরাণকার বলিয়াছেন—

"দুষ্করং পুষ্করং গন্তুং দুষ্করং পুষ্করে তপঃ।
দুষ্করং পুষ্করে দানং বস্তুঞ্চৈব সুদুষ্করং॥"

এক পর্ব্বতগাত্রে এই রেল রাস্তা প্রস্তুত করার পূর্ব্বে ধর্ম্মপ্রাণ হিন্দুগণ কিরূপে পুষ্করে গমনাগমন করিয়াছেন ভাবিলে বিস্মিত হইতে হয়। পর্ব্বতগাত্রে নানাপ্রকার বৃক্ষলতাদি এবং পথের দুই পার্শ্বে নানারকমের বানর দেখা যায়। যাত্রিগণ ছোলা ভাজা প্রভৃতি খাওয়ার জিনিষ দিলে উহারা আগ্রহের সহিত তাহা খাইয়া থাকে। স্থানে স্থানে লোকও বাস করিতেছে দেখা যায়।

পর্ব্বত হইতে অবতরণ করিয়া গাড়ী চতুর্দ্দিকে পর্ব্বত বেষ্টিত সমতল পথে চলিল এবং অবশেষে দুই পার্শ্বে দোকান ও গৃহস্থের বাড়ীযুক্ত ক্ষুদ্র এক সহরে উপস্থিত হইল। উহাই পুষ্কর হ্রদের তীর, গাড়ী হইতে গাছের ফাঁকে ফাঁকে হ্রদের স্বচ্ছ সলিল পরিদর্শন করিয়া আনন্দ অনুভব করিলাম। পুষ্কর হ্রদ পূর্ব্বোক্ত রূপ একটি বাঁধ বা সরোবর বলিয়া অনুমিত হয়, উহার দৈর্ঘ্য প্রায় দেড় মাইল এবং প্রস্থ প্রায় এক মাইল হইবে। উহার প্রায় চারি পাড়েই অসংখ্য পাথরের ঘাট এবং তীরে নানা দেবদেবীর মন্দির ও বহু প্রাচীন অট্টালিকা অবস্থিত। জলের মধ্যে পদ্মযোনি ব্রহ্মার যজ্ঞবেদী। ঘাটের নিকট অসংখ্য মৎস্য ইতস্ততঃ বিচরণ করিয়া বেড়াইতেছে। যাত্রীদিগের মধ্যে কেহ কেহ ময়দা, মাকাই, ছোলা ভাজা প্রভৃতি যাহা দিতেছেন, মৎস্য-

গুলি অকুতোভয়ে তাহা টুপ-টাপ গিলিতেছে। হ্রদের মধ্যস্থলে অনেক প্রকাণ্ড প্রকাণ্ড কুম্ভীর ভাসিতেছে দেখিলাম। তথায় জীব-হিংসা নাই বলিয়াই বোধ হয়—মৎস্য কি কুম্ভীর মানুষ দেখিয়া ভয় পায় না। দিনের বেলা ঘাটের নিকটে কুম্ভীর ভাসিতে দেখা যায় না। শুনিলাম রাত্রিকালে কুম্ভীর ঘাটের নিকট আসিয়া ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য ধরিয়া খায়। রাত্রে ঘাটের নিকট কুম্ভীর আসে বলিয়াই পাণ্ডারা আমাদিগকে রাত্রিকালে ঘাটে যাইতে নিষেধ করিয়াছিলেন। পুষ্করে প্রথম স্নান করার সময় একজন পাণ্ডা একটি লাঠী হাতে করিয়া ঘাটে কোমর জলে নামিয়া দাঁড়াইলেন এবং আমাদিগকে অভয় দিয়া নিঃশঙ্কচিত্তে স্নান করিতে বলিলেন।

পুষ্কর অতি প্রাচীন তীর্থ। হিন্দুশাস্ত্র মতে পুষ্কর সত্যযুগের তীর্থ, নৈমিষারণ্য ত্রেতাযুগের, কুরুক্ষেত্র দ্বাপর যুগের ও গঙ্গা কলিযুগের তীর্থ বলিয়া প্রসিদ্ধ। পদ্মপুরাণে আছে চন্দ্রভাগার উত্তরে, করতোয়ার দক্ষিণে, সরস্বতী তীরে, হাটকেশ্বর ক্ষেত্রে যোজন পরিমিত স্থানে পুষ্কর ত্রিতয় অবস্থিত। লোকপিতামহ ব্রহ্মা নারদ মুনির মুখে শুনিলেন, জগতে কলির প্রাদুর্ভাব হইয়াছে এবং লোক সকল পাপ কর্ম্মে রত হইতেছে। তিনি লোকের কষ্ট নিবারণাভিপ্রায়ে পুষ্করকে স্বর্গ হইতে মর্ত্তলোকে আনা স্থির করিলেন। তিনি ভাবিলেন কলির সংস্রবে পুষ্কর কলুষিত হইবে, সুতরাং যে স্থানে কলির প্রাদুর্ভাব নাই, সেই স্থানেই পুষ্কর স্থাপন করা বিধেয়। এইরূপ চিন্তা করিয়া তিনি তাঁহার হস্তস্থিত পদ্মকে—"পদ্ম! যে স্থানে কলির প্রাদুর্ভাব নাই তুমি সেই স্থানে পতিত হও" এই কথা বলিয়া হস্ত হইতে ছাড়িয়া দিলেন। পদ্ম অনেক ভ্রমণ করিয়া অবশেষে হাটকেশ্বর ক্ষেত্রে পতিত হইল; প্রথমে যে স্থানে পদ্ম পতিত হইয়াছিল তথা হইতে উঠিয়া তাহারই নিকট কিঞ্চিৎ দক্ষিণ দিকে অপর একস্থানে পতিত হইল, এবং তথা হইতে উঠিয়া উহার দক্ষিণ দিকে আর এক স্থানে তৃতীয় বার পতিত হইল। এই ভাবে ব্রহ্মার পদ্ম যে তিন স্থানে পড়িয়াছিল তাহাতে খাত হইয়া সুনির্ম্মল জল উঠিল। পদ্মযোনি ব্রহ্মা তথায় আসিয়া উহার প্রথম স্থানকে জ্যেষ্ঠ, দ্বিতীয় স্থানকে মধ্যম এবং তৃতীয় স্থানকে কনিষ্ঠ পুষ্কর নাম দিয়া পুষ্কর ত্রিতয় স্থাপন করিলেন। আজকাল মধ্যম পুষ্করের কোন চিহ্ন দেখা যায় না। জ্যেষ্ঠ পুষ্করে ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন, সেই যজ্ঞের বেদী এখনও পুষ্কর হ্রদে বিদ্যমান রহিয়াছে। কার্ত্তিক মাসের শুক্লা একাদশী হইতে পূর্ণিমা পর্য্যন্ত ব্রহ্মার যজ্ঞ হইয়াছিল। আজ কালও সেই সময়ে পুষ্কর তীরে মেলা মিলিয়া থাকে। কনিষ্ঠ পুষ্কর অপেক্ষাকৃত ক্ষুদ্র সরোবর, উহা হইতে খালের আকারে হ্রদের জল বাহির হইয়া দক্ষিণদিকে জলাভূমিতে পতিত হইতেছে, উহাই পুণ্য-তোয়া সরস্বতী।

পশুপতিনাথ পাণ্ডার বসত বাটীর সংলগ্ন পুষ্কর হ্রদের উত্তর তীরে অবস্থিত নূতন একখানা দোতালা বাড়ীতে আমাদের বাসস্থান নির্দ্দিষ্ট হইল। আমাদের জিনিষ পত্র তথায় রাখিয়া আমরা পুষ্করে স্নান করিবার জন্য গুরুঘাটে উপস্থিত হইলাম। জলে কুম্ভীর দেখিয়া প্রথম ভয়ের সঞ্চার হইয়াছিল, কিন্তু পাণ্ডাদিগের অভয় বাক্যে, একজন পাণ্ডা একলাঠী হাতে করিয়া জলে নামিয়া দাঁড়াইল এবং বহুলোক জলে নামিয়া স্নান করিতেছে দেখিয়া আমরা নিঃশঙ্ক চিত্তে জলে নামিয়া স্নান তর্পণাদি করিলাম। পার্শ্বস্থিত চত্বরে যাইয়া ভোজ্যোৎসর্গ ও পিতৃলোকের পিণ্ডদান করিয়া বাসায় গেলাম। আহারান্তে বৈকালবেলা পুষ্করতীরে কিছু ভ্রমণ করিয়া গুরুঘাটের নিকটের পুষ্কর-রাজের মন্দিরে গেলাম। পুষ্কররাজের মূর্ত্তি এবং সান্ধ্য আরতি দর্শন করিয়া নিতান্ত প্রীতিলাভ করিলাম। তৎপরে পশ্চিমাভিমুখে যাইয়া হ্রদের পশ্চিমে এক উচ্চ ভূমিতে লোকপিতামহ ব্রহ্মার মন্দির দেখিলাম। পুষ্কর ভিন্ন অন্য কোন তীর্থেই ব্রহ্মার মন্দির দেখি নাই। এই মন্দির শ্বেত মর্ম্মর প্রস্তরে নির্ম্মিত, উহার গর্ভগৃহে চতুর্ম্মুখ ব্রহ্মার প্রস্তরময় মূর্ত্তি, বামে প্রস্তর নির্ম্মিতা গায়ত্রী মূর্ত্তি, এবং মন্দির দ্বারের দুই পার্শ্বে ব্রহ্মার মানস পুত্র সনক, সনন্দ সনৎকুমার ও সনাতনের মূর্ত্তি চতুষ্টয়। মন্দিরের বাহিরে পঞ্চমুখ মহাদেব ও নারদের মূর্ত্তি। দুই পার্শ্বে দুইটী হস্তির উপরে

ইন্দ্র ও কুবের মূর্ত্তি, দ্বারদেশে কতিপয় হংস মূর্ত্তি অঙ্কিত।

ব্রহ্মার মন্দির হইতে পূর্ব্বাভিমুখে যাইয়া হ্রদ হইতে কিছু দূরে বরাহ মন্দির দেখিতে গেলাম। বরাহ মন্দির ও শ্বেতমর্ম্মরপ্রস্তর নির্ম্মিত এক প্রশস্ত মন্দির। উহার গর্ভগৃহে শ্বেতপ্রস্তরের বরাহ মূর্ত্তি বিরাজিত, পার্শ্বদেশে কৃষ্ণপ্রস্তরের বরাহ মূর্ত্তি, এতদ্ভিন্ন বেণুমাধব, অনন্তশায়ী এবং বিশ্বম্ভর মূর্ত্তি পরিদর্শন করিয়া প্রীতি লাভ করিলাম।

সাবিত্রী পাহাড় পুষ্কর হইতে দক্ষিণ পশ্চিম কোণে তিন মাইল দূরে অবস্থিত। পাণ্ডাজিউর পরামর্শানুসারে পরদিন ভোর পাঁচটার সময় আমরা সাবিত্রী যাত্রা করিলাম। পুষ্কর হ্রদের পাড় দিয়া পশ্চিমাভিমুখে যাইয়া দক্ষিণ দিকে চলিলাম। ব্রহ্মার মন্দিরের নীচ দিয়া কিছু দূর যাইয়া বামদিকে রূপার নির্ম্মিত এক গজানন মূর্ত্তি দেখিলাম। তৎপরে বালুকাময় এক প্রান্তরে উপস্থিত হইলাম। বালুকারাশির মধ্যে হাটিয়া চলিলাম। এই বালুকারাশি যখন রৌদ্রোত্তাপে গরম হয় তখন হাটিয়া যাওয়া এক প্রকার অসম্ভব। শুনিলাম রৌদ্রের সময় কেহ কেহ হাটিয়া যাইতে দুইখণ্ড পাথর হাতে করিয়া যায়। যখন উত্তপ্ত বালুকারাশির তাপ আর পায়ে সহ্য হয় না, তখন উক্ত প্রস্তর খণ্ডদ্বয়ের উপর দাঁড়াইয়া কিছুকাল বিশ্রাম করিয়া পুনঃ হাটিতে আরম্ভ করে। এইভাবে বিশ্রাম করিতে করিতে ধীরে ধীরে পথ চলিতে থাকে। রাস্তার দুইপার্শ্বে কিছু কিছু দূর্ব্বা দেখা যায় কিন্তু উহা কাঁটার মত এরূপ তীক্ষ্ণাগ্র যে খালি পায়ে তাহার উপর হাটা অসম্ভব। রৌদ্রের সময়ে উত্তপ্ত বালুকারাশির উপর দিয়া হাটিতে অসহ্য কষ্ট হইবে জানিয়াই পাণ্ডাজিউ উদ্‌যোগ করিয়া সূর্য্যোদয়ের অনেক পূর্ব্বেই আমাদিগকে নিয়া রওয়ানা হইয়াছিলেন।

আমরা পর্ব্বতমূলে উপস্থিত হইয়া পর্ব্বতারোহণে প্রবৃত্ত হইলাম। পর্ব্বতে উঠিবার জন্য প্রস্তর নির্ম্মিত সিঁড়ি আছে, উহাতে প্রায় পাঁচশত ধাপ। পাণ্ডাজিউর দেখাদেখি আমিও জুতা পায় দিয়া গিয়াছিলাম। জুতা নিয়া মন্দিরে যাওয়া নিষেধ, কাজেই সিঁড়ির উপরে একটি চর্ম্মকার বালকের নিকট জুতা রাখিয়া গেলাম। ফিরিয়া আসার সময়ে সেই চর্ম্মকার বালককে একটি পয়সা দিয়া জুতা আনিলাম, সে জুতার বালি ঝাড়িয়া পরিষ্কার করিয়া রাখিয়াছিল।

রাস্তাতে ৩ | ৪ বার বিশ্রাম করিয়া আমরা পর্ব্বতের শীর্ষদেশে আরোহণ করিলাম। মন্দিরের প্রাঙ্গণে উঠিয়া দেখি প্রবলবেগে সমীরণ প্রবাহিত হইতেছে। সেই সুস্নিগ্ধ প্রাতঃ-সমীরণ সেবন করিয়া অতি অল্পকাল মধ্যেই আমাদের শ্রান্তি দূর হইল। সেই পর্ব্বতশিখর হইতে উদিত সূর্য্যকিরণে পুষ্কর হ্রদ ও মন্দিরাদি দেখিয়া আমরা আনন্দ অনুভব করিতে লাগিলাম। পুষ্কর হ্রদ একটী সামান্য পুকুরের মত দেখিলাম।

মন্দিরের সম্মুখে আমার পূর্ব্বপরিচিত ঢাকার উকিল শ্রীযুক্ত প্যারীলাল দাসকে এবং শ্রীযুক্ত প্রসন্নকুমার দাস মালাকারকে সেই দূরদেশে দেখিয়া যে অপূর্ব্ব আনন্দ উপভোগ করিলাম, তাহা বর্ণনাতীত।

সাবিত্রী ভেট (দর্শন) করার জন্য প্রত্যেক যাত্রীকে ১৷৹ পাঁচসিকা করিয়া দিতে হয়। সেই পাঁচসিকা দিয়া পূজোপকরণসহ মন্দির মধ্যে প্রবেশ করিয়া দেখিলাম, শ্বেতপ্রস্তরনির্ম্মিতা, আকর্ণবিস্তৃতনয়না, সহাস্যবদনা সাবিত্রী মূর্ত্তি অতীব মনোহারিণী। পুরাণে বর্ণিত আছে যে লোক পিতামহ ব্রহ্মা যখন পুষ্করে যজ্ঞ করিতে দীক্ষিত হইলেন, তখন নারদ প্রভৃতি দ্বারা পুনঃ পুনঃ সংবাদ প্রেরণ সত্ত্বেও অন্যান্য দেবপত্নীদিগকে সঙ্গে করিয়া আনিতে সাবিত্রীর অসম্ভাবিত কাল-বিলম্ব হইয়াছিল। তাহাতে পদ্মযোনি ব্রহ্মা আর অপেক্ষা করা সঙ্গত বোধ না করিয়া পত্নীরূপে গায়ত্রীকে নিয়া যজ্ঞ আরম্ভ করিলেন। ইহা জানিতে পারিয়া সাবিত্রী আর পুষ্করে গেলেন না এবং তদবধি এই পর্ব্বতোপরি বাসস্থান নির্দ্দিষ্ট করিয়া বাস করিতে লাগিলেন।

সাবিত্রীকে সিন্দূর ও লোহা উৎসর্গ করিয়া সধবা স্ত্রীলোকে ব্যবহার করিয়া থাকে। সাবিত্রীদেবীর পূজার জন্য বিধবা স্ত্রীলোক বেশী ব্যস্ত। সাবিত্রী মূর্ত্তির পূর্ব্বেই তৎকন্যা সরস্বতীর মূর্ত্তি। সাবিত্রী ও

সরস্বতী উভয় মূর্ত্তিই শ্বেতমর্ম্মর প্রস্তরে নির্ম্মিত এবং দেখিতে সুন্দর। মন্দিরের বাহিরে ইন্দ্রাণীর অধিষ্ঠান। মন্দিরপ্রাঙ্গণে বৃক্ষতলে একটি শিবলিঙ্গ প্রতিষ্ঠিত। মন্দিরের পশ্চিমদিকে একটী পবিত্র কুণ্ড। তথা হইতে অবতরণ করিয়া আমরা বেলা প্রায় ৮½ টার সময় পুষ্করস্থ বাসাতে ফিরিয়া আসিলাম।

পুষ্কর পরিক্রমা অর্থাৎ পুষ্কর হ্রদের চারিপাড় দিয়া হাটিয়া আসাও একটি তীর্থকৃত্য। আমরা পুষ্কর প্রদক্ষিণ করণাভিপ্রায়ে পুষ্করের পাড় দিয়া পূর্ব্বাভিমুখে চলিলাম। পুষ্করের পূর্ব্বতীরে অন্ধকারময় এক গুহাতে শিবলিঙ্গ স্পর্শন করিলাম। গুহার মধ্যে একটি ক্ষীণালোক প্রদীপ জ্বলিতেছে কিন্তু তাহাতে কিছু দেখা যায় না। শিবলিঙ্গ স্পর্শ করার সময় আমি যখন হস্ত প্রসারণ করিয়াছিলাম, তখন তথায় উপবিষ্ট ধ্যান মগ্ন কোন ব্যক্তির মাথায় হাত পড়াতে আমি কথঞ্চিৎ অপ্রস্তুত হইলাম। সেই গুহার উপরিভাগে মন্দির মধ্যে পঞ্চমুখ মহাদেব শ্বেত প্রস্তরের বৃষভ প্রভৃতি দেখিলাম। পুষ্করের দক্ষিণদিকে কিছু নিম্নভূমি, তাহাতে ইক্ষু, মরিচ, প্রভৃতি শস্য ক্ষেত্র দেখিয়া প্রীতি লাভ করিলাম। তথায় বহু বন্য ময়ূর বিচরণ করিতেছে দেখিলাম। এক স্থানে অল্প অল্প জল আছে, তাহার নিকটে ছোট বড় অনেক কুম্ভীর সমবেত হইয়া রৌদ্র উপভোগ করিতেছে। পদ্মা নদীর চরে এবং জালছিড়ার তীরে এইরূপ দৃশ্য আমি অনেকবার দেখিয়াছি কিন্তু এত অধিক সংখ্যক কুম্ভীর আমি আর কখনও এক স্থানে দেখি নাই। কোন কোন কুম্ভীর মুখ উঠাইয়া আমাদিগের প্রতি তাকাইল কিন্তু পলাইয়া যাওয়ার কি আক্রমণ করার লক্ষণ কিছু দেখা গেল না। ইহার পরে অতি প্রশস্ত ও পুরাতন সপ্তর্ষিঘাটের উপর দিয়া পুরাতন এক রাজবাটীতে উপস্থিত হইলাম। ভগ্নাবস্থায় বড় বড় দালান দেখিয়া আমাদের কষ্ট বোধ হইল। তৎপরে পশ্চিম তীরে বহু ঘাট অতিক্রম করিয়া বাসাতে আসিলাম।

শ্রীরাজকুমার সেন।

আকাশের নীলরঙ্‌।

সাধারণতঃ শূন্যদেশই আকাশ বলিয়া আখ্যাত হইয়া থাকে। শূন্যের কোন রঙ্‌ থাকা সম্ভবপর নহে। শূন্যস্থান আমরা অন্ধকারময়ই দেখিতে পাই। এই অন্ধকার সর্ব্ববর্ণের অভাব বই আর কিছুই নহে শূন্যও সর্ব্ববস্তুর অভাবকেই বুঝায়। সুতরাং শূন্যের কোন রঙ্‌ থাকিলে সর্ব্ববর্ণের অভাব কৃষ্ণবর্ণ অন্ধকারই ইহার রঙ্‌ হইতে পারে। আকাশ শূন্যদেশ হইলেও ইহার রঙ্‌ কৃষ্ণবর্ণ অন্ধকার না হইয়া যে উজ্জ্বল নীল হইয়াছে, তাহার অবশ্যই বিশেষ কোন কারণ থাকিবে। এই কারণ সম্বন্ধেই উপস্থিত প্রবন্ধে আলোচনা করা যাইবে।

আকাশ যে নীলবর্ণ তাহা যেমন আমরা সাধারণ দৃষ্টিতে দেখিয়া থাকি, তেমনই আকাশের নাম হইতেও জানিতে পারি। আমাদের ভাষায় আকাশ "নীলাম্বর" বলিয়া অভিহিত হয়; পাশ্চাত্য ভাষায় আকাশ blue sky বলিয়া অভিহিত হয়। 'A bolt from the blue' এই ইংরেজীবাক্যে আকাশ যে সংক্ষেপে—'blue' অর্থাৎ নীল নামে অভিহিত হয় তাহার ও প্রমাণ পাওয়া যায়।

আকাশের নীলবর্ণের কারণানুসন্ধানের দ্বারা পাশ্চাত্য বিজ্ঞান এই সিদ্ধান্তে উপনীত হইয়াছে যে আকাশ যেমন অগণিত ধূলিকণা সমূহে পরিব্যাপ্ত রহিয়াছে—তেমনই সূক্ষ্ম অসীম বাষ্পরাশিতেও পরিব্যাপ্ত রহিয়াছে। এই বাষ্প ও ধূলিকণার উপর সূর্য্য কিরণ সম্পাতেই নীলবর্ণের উৎপত্তি হইয়া থাকে। এস্থলে বৈজ্ঞানিক সিদ্ধান্তটী পাশ্চাত্য ভাষায় যেরূপ ব্যক্ত হইয়াছে তাহাই উদ্ধৃত করিয়া দেওয়া যাইতেছে :—

"The earth is surrounded by the atmosphere which is charged with vapour and terrestrial particles; and the sun's light entering obliquely into it, the violet and blue rays or those which are conceived to have less momentum than the red rays, are particularly

arrested in their course, and are reflected in abundance to the earth. Thus when the atmosphere is nearly free from clouds, they give to the parts of the sky which are remote from the apparent place of the sun an azure tint."—National Encyclopedia.

উদ্ধৃত বক্তব্য হইতে বায়ুমণ্ডল ধূলি ও বাষ্পরাশি পরিব্যাপ্ত থাকাতে তাহাতে সূর্য্যরশ্মি প্রতিফলিত হইয়া যে নীলবর্ণের উৎপাদক হয়, তাহাই আকাশের নীলবর্ণ রূপে প্রতিভাত হয়, ইহাই আমরা জানিতে পারিতেছি।

পাশ্চাত্য বিজ্ঞানের উপরি-উদ্ধৃত মত হইতে আমরা বুঝিতে পারিতেছি যে বাষ্প ও ধূলি রাশি আকাশ নীলরঙ্ প্রকাশের নিমিত্ত কারণ। এই নিমিত্ত কারণ সম্বন্ধে আমাদের শাস্ত্রকারদিগের যে পরিষ্কার ধারণা ছিল, শাস্ত্র হইতেই আমরা তাহার প্রমাণ পাইতে পারি। সেই আদি বৈদিক কালেই যে প্রাগুক্ত ধারণা উৎপন্ন ও সংগঠিত হইয়াছিল, বেদের আলোচনা হইতেই তাহা জ্ঞাত হওয়া যায়। প্রথমে আমরা ঋগ্বেদের সুপ্রসিদ্ধ বিষ্ণুর ত্রিবিক্রম ঋক্‌টীই আলোচনা করিয়া দেখিব। সেই ঋক্‌টী এই :—

"ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধেপদং। সমূল্হ মস্যপাংশুলে ॥" ঋগ্বেদ ১ম মণ্ডল ২২ সূক্ত—১৭ ঋক্ "বিষ্ণু এই (জগৎ) পরিক্রম করিয়াছিলেন, তিন প্রকার পদ বিক্ষেপ করিয়াছিলেন, তাঁহার ধূলিযুক্ত (পদে) জগৎ আবৃত হইয়াছিল॥"—রমেশ বাবুর অনুবাদ।

এস্থলে "বিষ্ণুর ধূলিযুক্ত পদের দ্বারা জগৎ আবৃত হওয়ার" অর্থ যে ধূলির দ্বারা বিষ্ণু বা সূর্য্যের বিচরণ মার্গ ব্যাপ্ত হওয়া তাহা অনায়াসেই উপলব্ধি, করা যায়। অভিধানে আমরা 'বিষ্ণুর পদ' আকাশেরই নাম দেখিতে পাই যথা :—

"বিয়দ্ বিষ্ণুপদংবাতু পুংস্যাকাশ বিহায়সি।" (অমরকোষ) সুতরাং ধূলিযুক্ত বিষ্ণুপদের অর্থ আমরা ধূলিযুক্ত আকাশই পাইতেছি।

ধূলিযুক্ত বিষ্ণুপদ সম্বন্ধে আমরা যে ব্যখ্যা প্রদান করিয়াছি তাহাতে সকলের আস্থা স্থাপন নাও করিতে পারেন; প্রত্যুত রূপক ভাবেই তাহার ব্যাখ্যা করিতে প্রস্তুত হইতে পারেন কিন্তু যখন তাঁহারা জানিতে পারিবেন যে, বিষ্ণুপদ বা আকাশ বুঝাইতে ধূলির বাচক শব্দেরই ব্যবহার শাস্ত্রে পাওয়া যায়, তখন আমাদের একান্তই ভরসা আছে যে—আমাদের প্রাগুক্ত ব্যাখ্যা তাঁহাদের অননুমোদিত হইবে না। বস্তুতঃ অন্য শাস্ত্রে নহে, বেদেই আমরা ধূলির বাচক প্রসিদ্ধ 'রজঃ' শব্দ স্পষ্টাক্ষরেই আকাশের বাচক দেখিতে পাই। সুপ্রসিদ্ধ পাশ্চাত্য সংস্কৃতজ্ঞ পণ্ডিত ম্যাক্‌ডোনেল্ড (Macdonald) তদীয় সুপরিচিত সংস্কৃত ইংরেজী অভিধানে রজঃ শব্দের আকাশার্থে বৈদিক প্রয়োগ সম্বন্ধে এইরূপ বক্তব্য করিয়াছেন :—

"রজস্"—[dimness, region of clouds]

1 V. sky, air, atmosphere.

এস্থলে বলা বাহুল্য যে V. Vedic (বৈদিক) শব্দেরই সাঙ্কেতিক পূর্ব্বাক্ষর মাত্র।

শাস্ত্র হইতে আমরা আকাশকে যেমন ধূলিময় বলিয়া জানিতে পারি, তেমন বাষ্পময় বলিয়াও জানিতে পারি। বেদে এই জন্যই বাষ্পময় আকাশ সমুদ্র নামে বর্ণিত হইয়াছে যথা :—

"সুদাসোদস্রা বসু বিভ্রতারথে পৃক্ষোবহত মশ্বিনা।
রয়িং সমুদ্রাদুত বা দিবস্পর্য্যস্মেধত্তং পুরুস্পৃহম্ ॥

ঋগ্বেদ ১ম মণ্ডল ৪৭ সূক্ত।

"হে দস্রদ্বয়। তোমরা রথে ধন, লইয়া সুদাসকে অন্ন আনিয়া দিয়াছিলে সেইরূপ অন্তরীক্ষ হইতে অথবা দ্যুলোক হইতে অনেকের বাঞ্ছিত ধন আমাদিগকে দান কর।" "সমুদ্রাৎ" ইহার টীকায় সায়ণাচার্য্য 'অন্তরীক্ষাৎ' এইরূপ লিখিয়াছেন। রমেশ বাবু সমুদ্র শব্দের প্রয়োগ সম্বন্ধে এইরূপ মন্তব্য করিয়াছেন—"ঋগ্বেদ আকাশকে জলীয় বলিয়া বিশ্বাস করিত এবং অনেক সময় সমুদ্র বলিয়া বর্ণনা করা হইয়াছে।" ঋগ্বেদানুবাদ ১৩৮৯ পৃঃ। বাষ্পময় আকাশের সমুদ্র নাম প্রকৃত সমুদ্রের নীলবর্ণ হইতে কল্পিত হওয়াই সম্ভবপর বলিয়া বোধ হয়। আকাশের নীলাম্বর ও সমুদ্রের নীলাম্বু নামের সাদৃশ্য হইতেই

নীলবর্ণের তুলনা দ্বারা যে আকাশের সমুদ্র নাম হইতে পারে তাহা অনুমান করা যায়। আকাশের 'অভ্র' নামের দ্বারাও সমুদ্র যেমন জলাধার আকাশও যে তদ্রূপ জলাধার তাহা বুঝিতে পারা যায়। নিম্নে অনন্ত বিস্তার নীলজল রাশি আর উপরে অসীম নীলশূন্যদেশ সহজেই একটী অপরটীর প্রতিরূপ বলিয়া মনে হইতে পারে। নীলবর্ণ সমুদ্রের নামে যে ঋষিগণ আকাশের 'সমুদ্র' নাম দিয়াছিলেন, তাহাতে সমুদ্রের নীলবর্ণের কারণই যে তাহারা আকাশের নীলবর্ণের কারণ ধরিয়া লইয়াছিলেন, তাহাই অনুমিত হয়।

আকাশের এক নাম 'পুষ্কর'ও পাওয়া যায়—যথা "ব্যোম পুষ্করমম্বরম্।" পুষ্কর শব্দ যেমন জল বুঝায় তেমনই পদ্মও বুঝায়। নীলাকাশের সহিত নীলপদ্মের সাদৃশ্য হইতেই সম্ভবতঃ আকাশ 'পুষ্কর' নাম প্রাপ্ত হইয়াছে। আকাশের এক নাম যে আমরা 'বিষ্ণুপদ' প্রাপ্ত হই—এই বিষ্ণু পদ 'পদ্ম' অর্থও প্রকাশ করিয়া থাকে। এই প্রকারে পদ্মরূপ আকাশই যে বিষ্ণুর স্থান তাহা আমরা বুঝিতে পারিতেছি। বিষ্ণু সূর্য্যেরই বিকাশ মাত্র। সুতরাং আকাশরূপ পদ্মের সহিত আমরা বিষ্ণুরূপী সূর্য্যেরই যোগ প্রাপ্ত হইতেছি। বিষ্ণুর ধ্যানে আমরা তাঁহাকে যে "সরসিজাসন সন্নিবিষ্ট" অথচ "সবিতৃমণ্ডল মধ্যবর্ত্তী" রূপে উল্লিখিত দেখিতে পাই তাহাতেই বিষ্ণু যে সূর্য্যের সহিত অভিন্ন এবং আকাশ-রূপ তদীয় অধিষ্ঠান স্থানই যে, সরসিজ বা পদ্মরূপে কল্পিত তাহা পরিষ্কারই উপলব্ধি করা যায়। এই অধিষ্ঠানের নীলবর্ণ হইতেই বিষ্ণু "নীলোৎপল দলশ্যাম" হইয়াছেন। বিষ্ণুর পদ্মনাভ নামও আকাশরূপ পদ্মের সহিত তাঁহার যোগের প্রমাণ দিয়া থাকে। কেবল বিষ্ণুর সহিতই নীলোৎপলের সম্বন্ধ তাহা নহে, বিষ্ণুর লক্ষ্মী ইন্দিরার সহিতও নীলোৎপলের সম্বন্ধ ; তাহা-তেই, 'ইন্দিরাবর' নীলোৎপলের এক নাম হইয়াছে।

বিষ্ণুর 'নারায়ণ' নামে তিনি যে তেজোরূপে বাষ্পে অনুপ্রবিষ্ট থাকেন, তাহাই বুঝিতে পারা যায়। বিষ্ণুর যে 'পদ্মেশয়' একটী নাম অভিধানে পাওয়া যায় তাহা-তেও বিষ্ণুকে নীলাকাশে ব্যাপ্ত বলিয়াই জানিতে পারা যায়। এই প্রকারে একদিকে নীলাকাশ নীল-পদ্মরূপে যেমন সূর্য্যরূপী বিষ্ণুর অধিষ্ঠান ও আধার হইতেছে, তেমনই অপরদিকে আকাশস্থ বাষ্পরাশি সূর্য্যকিরণ ও সূর্য্যতেজের আধারভূত হইতেছে। বাষ্পের সঙ্গে সঙ্গে আকাশ যে ধূলিপটল সমাচ্ছন্ন আকাশের 'রজঃ' নামের দ্বারাই তাহার প্রমাণ হয়। সুতরাং বাষ্প যেরূপ সূর্য্য তেজের আধার হইতেছে ধূলিপটলও তদ্রূপই সূর্য্যকিরণ ও সূর্য্যতেজের আধার হয়। ইহা হইতে সূর্য্যকিরণ ও সূর্য্যতেজের সহিত যে আকাশের ধূলিপটল ও বাষ্পের সংযোগে নীলবর্ণের বিশেষ সম্পর্ক তাহা বিশেষরূপেই প্রতিপন্ন হইতেছে। পাশ্চাত্য বিজ্ঞানে আকাশের নীলবর্ণের ব্যাখ্যাও যে এই সম্পর্কেরই উপর প্রতিষ্ঠিত তাহা আমরা প্রথমেই প্রদর্শন করিয়াছি। সুতরাং আকাশের নীলবর্ণ সম্বন্ধে পাশ্চাত্য বিজ্ঞানের তত্ত্ব যে আমাদের ঋষিদিগের জ্ঞান নেত্রে প্রতিস্ফুরিত হইয়াছিল, তাহার সম্যক্ আভাসই আমরা এখানে প্রাপ্ত হইতেছি।

শ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী

৺রায় হরিচরণ শর্ম্মা বাহাদুর।

রাজসেবার পুরস্কার।

আমরা ১৮৬৮-৭০ সনের লুসাই অভিযানের কথা বলিয়াছি। এই সময়ে এডগার ও হরিচরণকে যে ভাবে বিপদের বোঝা মাথায় লইয়া, মৃত্যুর পাশ কাটিয়া কাটিয়া চলিতে হইয়াছিল তাহা বস্তুতঃ বিস্ময়প্রদ। এই কর্ম্মী পুরুষগণ যে গভর্ণমেণ্টের শ্রদ্ধা আকর্ষণ করিবেন তার আর বিচিত্র কি। নিম্নে যৎকিঞ্চিত উদ্ধৃত হইল—

এডগার সাহেবের পত্র (ফেব্রুয়ারী ১৮৬৯) —স্বেচ্ছাসেবক হরিচরণ পুরস্কারের যোগ্য পাত্র—

Extract from letter no. 125 dated 18th February 1869 from J. W. Edgar Esqr. officiating Deputy Commissioner of Cachar to the Commissioner of Circuit, Dacca District.

"In connection with this subject I have much pleasure in bringing to your notice the services rendered by Hari Charan Sarma a small landholder in this district who has been frequently employed as Goomasta in tea gardens. When he heard of the intended expedition, he came to me and offered to do what he could. He has since had almost sole charge of the preparations on the Jhalnacherra side, collected provisions, coolies etc, opened out tracks in the direction of Guturmukh and in many other ways given most efficient aid.

As his services had been entirely voluntary for I did not even hint any reward for them, I hope that Government will recognize them in a substantial manner."

মেক উইলিয়াম সাহেবের পত্র (এপ্রিল ১৮৬৯) রসদ সংগ্রহে কার্য্য পটুতা অতীব প্রশংসনীয়—

Extract from a letter dated 7th April 1869 from O. G. R. Mc. William Esqr. Assistant Commissioner of Cachar to the officiating Deputy Commissioner of Cachar.

"The force was always well supplied with rusud. The arrangements made by Hari Charan Thakur who was in charge of the stores were excellent, and the energy with which he carried them out most praiseworthy. Had the expedition been successful, no small shares in its success wolud have been due to him."

এডগার সাহেবের পত্র (এপ্রিল ১৮৬৯)—লুসাই উপদ্রবে শান্তি স্থাপনে সাহায্য—লুসাইর পথ ঘাট নির্দ্ধারণে বন্দোবস্ত—লুসাই সর্দ্দারদিগকে বশ্যতা স্বীকার করিতে অনুরোধ—

Extract from letter no. 228 of 14th April 1869 from J. W. Edgar officiating Deputy Commissioner of Cachar to the Commissioner of Circuit Dacca District Dacca.

"4. I have no remarks to make upon Mr. Mc. William's report of the attempt made by the Western Column to get to Sukpilall's village except that I fully concur in what he says in the last paragraph about Hari Charan Surma. I have already called attention in my letter of the 18th February to this man's services and I hope that they may not be allowed to go unrewarded. He has devoted himself to assisting me in the settlement of Lushai difficulty and he is now working hard to get up parties to explore the country north of Sukpilall's

village during the rains and to induce the smaller chiefs to come in and make submission before the beginning of the cold weather.

সিমসন সাহেবের পত্র (এপ্রিল ১৮৬৯) —রাজসেবার পুরস্কার স্বরূপ তালুক দানের প্রস্তাব—ধলেশ্বরী উপত্যকা পথে কৃতিত্ব—ইতিপূর্ব্বে বহুবার গভর্ণমেণ্ট কর্ত্তৃক বিশেষ ভাবে পুরস্কৃত ও প্রশংসিত—

Extract from Letter No. 147 of the 21st April, 1869 from F. B. Simson Esqr. Officiating Commissioner of Dacca to the Honorable A. Eden, Secretary to the Government of Bengal.

I would also permit the Deputy Commissioner to give Apamea and Baboo Hari Thakur some Farms or Talooks on easy terms especially as marks of approbation for services on this occasion. Baboo Harry Thakur's services were really very valuable. He seems to have exercised on the Dulessary side somewhat the same active influence which Apamea employed on the Soonay. Harry Thakur has also on more occasions than one been prominently thanked and I believe rewarded by Government.

True extracts.

(Sd.) O. G. R. Mc. William,
Offg: Dy. Commissioner.

সিমসন সাহেবের পত্র (এপ্রিল ১৮৬৯) —গভর্ণমেণ্টের ধন্যবাদ জ্ঞাপন—

No. 301.

Copy with copy of this office No. 147 dated 21st April, 1869 forwarded to the Offg. Deputy Commissioner of Cachar.

* * * *

The Deputy Commisioner should transmit to the gentlemen formally mentioned by Mr. Edgar and himself the thanks the Government has bestowed upon them.

(Sd.) F. B. Simson,
Commissioner, Dacca.

ইডেন সাহেবের পত্র (আগষ্ট ১৮৬৯)—তাহার কার্য্য তৎপরতায় গভর্ণমেণ্টের তুষ্টি—পুরস্কার দান প্রস্তাবে ছোট লাট বাহাদুরের আন্তরিক অনুমোদন—

Extract from Letter No. 227 T dated the 30th August 1869 from the Honorable A. Eden, Secretary to the Government of Bengal, to the Commissioner of Dacca.

"The special acknowledgements of Government are due to Apamia Choudhury and Babu Hari Charan Thakur and the Lieutenant Governor approves of the manner in which you propose to reward the services of these two persons."

এডগার সাহেবের পত্র (ডিসেম্বর ১৮৬৯) —এডগার সাহেবের সহিত লুসাই পরিভ্রমণ—৫০০ একর নিষ্কর ভূমি দানের প্রস্তাব -

Extract from Letter No. 866 of the 15th December 1869, from J. W. Edgar Esquire, Deputy Commissioner of Cachar, to the Commissioner of Dacca District.

"Para 4. Baboo Hari Charan Surma is to accompany me on my intended tour this year and I am very anxious that he should be rewarded for his services last season.

The total area of his holdings is about six hundred acres and with a jamma of Rs. 382. I should like to be empowered to offer him his choice of getting his present holdings on the same terms as Apamea may get his or a fee simple grant of about 500 acres of unassessed

waste land which he has been for sometime anxious to obtain."

মেকেঞ্জি সাহেবের পত্র (মে ১৮৭০)—**ছোট লাট বাহাদুরের ধন্যবাদ জ্ঞাপন—**

Extract from Letter No. 2442 of the 18th May 1870 from A. Mackenzie Esqr. Offg. Secretary to the Government of Bengal to the Commissioner of Dacca.

"With referrence to your communication No. 58 dated 7th instant I am directed to request that *you* will be good enough to convey the Lieutenant Governors' thanks to the persons named in the margin, for the good services rendered by them during the late tour of the Deputy Commissioner of Cachar through the Looshai country."

Hurry Thakur
* * *

মেক উইলিয়ম সাহেবের পত্র (নবেম্বর ১৮৭০)—৪১৩ একর পতিত জমি নিষ্কর দানের প্রস্তাব—

Extract from Letter No. 715 dated the 30th November 1870 from the Deputy Commissioner of Cachar to the Commissioner of Dacca.

2. I propose to give Hurry Thakur in fee simple a piece of unassessed waste land lying in Mouzah Brajapur and Paikan Ps. Hailakandi. The area of this land is 85 hals, 10 kears, 1 powa, 3 jaista, 2 raiks and 2 pons equivalent to 413 acres, 2 roods and 16 perches. More than two-fifths of this area is at present unculturable marsh. Of the remainder much more than half is partially filled up and is rapidly becoming fit for cultivation. There are besides about sixty acres of hill and grazing land and about forty of good arable land. If this area was granted to Hury Thakur he would drain the marsh and settle down ryots on the reclaimed lands which would thus in a few years and by the expenditure of a considerable sum of money become a property of some value.

True extracts.

(Sd.) O. G. R. Mc. William,
Offg. Dy. Commissioner.

এডগার সাহেবের পত্র (নবেম্বর ১৮৭০) —বিগত লুসাই পরিভ্রমণে বিশেষ সহায়তার পুরস্কারার্থ সর্ব্বোচ্চ সম্মানসূচক উপঢৌকন স্বরূপ হস্তিদানের প্রস্তাব—

Extract from Letter No. 716 of the 30th November 1870 from J. W. Edgar Esqr., Deputy Commissioner of Cachar to the Commissioner of Dacca.

Para 2. I should like to have an elephant given to Hurry Thakur as a reward for the great service he did in my last tour. I know that it is very difficult to get elephants now but I think if a sum of money were sanctioned we might be able to get one here. He would like very much to get one elephant from Government as this kind of present is thought to be peculiarly honorable on this frontier.

3. I also beg to propose to grant to him and Raj Kissen......a joint lease of the Ghagra fishery for years at Rs. 250/- per annum..........

মেকেঞ্জি সাহেবের পত্র (জানুয়ারী ১৮৭১)—সৈনিক কর্ম্মচারিগণের ভূয়সী প্রশংসা—নিষ্কর জমি ও জলকর মহাল ইজারা দানের অনুমোদনার্থ

ভারত গভর্ণমেণ্টের নিকট অনুরোধ। হস্তিক্রয়ে বঙ্গেশ্বরের অনুমোদন—

Extract from letter No 352 D. Fort William the 30th January 1871 from A. Mackenzie Esqr. Officiating Junior Secretary to the Government of Bengal, to the Secretary to the Government of India in the Foreign Department.

3. Hnrry Thakur exercised on the Dallessury side the same active influence that Apameah displayed on the Sonai. The officers who went with the Dallessury Column bear testimony in the strongest possible terms to the valuable services rendered by him.

5. It will be seen from the Commissioner's present communication that it is proposed to give Hurry Thakur in fee simple 413 acres of unassessed waste land of which about 40 acres only is good arable land the rest being at present unculturable marsh, hill or grazing land and also to grant to him and to one Rajkissen who distinguished himself by his zeal and good service during Mr. Edgar's subsequent tour through the Lushai country a joint lease of the Gogra fishery for the years at Rs. 250 per annum which has been the average revenue derived from the fishery for the last three years.

7. In consideration of the valuable services rendered by Hurry Thakur and Apameah Choudhury as well as by Rajkissen tke Lieutenant Governor begs to recommend that the grants of the lands and fisheries on the proposed terms may be sanctioned by the Government of India.

8. As the men, specially Hurry Thakur, again gave valuable assistance to Mr. Edgar in his subsequent tour through the Looshay country, the Lieutenant Governor has on the recommendation of the local authorities sanctioned the payment to Hurry Thakur of a sum not exceeding Rs. 1200 for the purchase of elephant as an additional reward.

True extracts

Sd. O. G. R. Mc. William
Offg. Dy. Commer

এইচ্ এল্ উইলিয়াম সাহেবের পত্র (ফেব্রুয়ারী ১৮৭১)—১৮৬৯ সনের লুসাই অভিযানে সাহায্য ও ১৮৭০ সনের লুসাই পরিভ্রমণে সাহায্যের নিমিত্ত নিষ্কর ভূমি, জলকর মহালের ইজারা এবং হস্তি দানে মহিমান্বিত রাজপ্রতিনিধি বড়লাট বাহাদুরের অনুমোদন—

From H. Lepore William Esq. under Secretary to the Government of India Foreign Department to the Hon'ble Ashley Eden Secretary to the Government of Bengal judicial Department. (No 371 P dated Fort William the 20th February 1871).

Sir,

I am directed to acknowledge the receipt of your officiating junior Secretary's letter No 352 Dated 30th January 1871 and its enclosures and in reply to state that the Viceroy and Governor General in Council is pleased to sanction the rewards proposed for Appa Meah Choudhury, Hurry Thakur and Rajkissen on account of services rendered by them in the Lushai Expedition of 1869, and to Mr. Edgar, in his tour in the Lushai Country in 1870, as recommended

by His Honour the Lieutenant Governor in the 7th Paragraph of the letter under acknowledgment.

2. I am at the same time to intimate that his Excellency in his council confirms the sanction given by his honor to the payment of a sum not exceeding Rs. 1,200 to Hurry Thakur for the purchase of an elephant as an additional reward for the valuable assistance given by him to Mr. Edgar in 1870.

True Copy

Sd/- O. G. R. Mc. William

Offg. Dy Commissioner

বেইলী সাহেবের পত্র (অক্টোবর ১৮৭১)—লুসাই পরিভ্রমণে সবিশেষ সাহায্যের নিমিত্ত বঙ্গেশ্বরের ধন্যবাদ জ্ঞাপন—

No. 5328.

From S. C. Bayley Esq.

Offg. Secretary to Govt. and Bengal in the Judicial Dept.

To Baboo Hurry Charan Sarma.

Fort William the 30th Ootober 1871

Judicial Department

Judicial.

Sir,

Mr. Edgar having brought to the notice of the Lieutenant Governor the assistance which he received from you during his march from the Dulleswar to the Sonai and on his return to Cachar, I am directed to convey to you the thanks of government for the valuable services rendered by you on that occasion.

I have the honor to be

Sir,

Your most obedient servant,

Sd. S. C. Bayley

Secy. to the Govt. of Bengal

লুসাই ভ্রমণ।

১৮৭০—৭১

ইতিপূর্ব্বে লুসাই দেশে বৃটিশ অফিসর রাখিবার প্রস্তাব হইয়াছিল। কিন্তু এডগার এর প্রতিবাদ করিয়া প্রস্তাব করেন যে কাছাড়ের ডেপুটি কমিশনর বা তাঁহার অধীন কোন কর্ম্মচারী বৎসরে একবার করিয়া লুসাই ভ্রমণ করিবেন, এবং ভ্রমণকালে প্রত্যেক লুসাই সর্দ্দারকে পৃথক পৃথক ভাবে সম্ভাষণ করিবেন, তাহাদের অভাব অভিযোগ শুনিবেন, বিবাদ কিছু থাকিলে মীমাংসা করিয়া দিবেন, এবং যাহারা বৃটিশ গবর্ণমেণ্টের প্রতি সদ্ব্যবহার করিবে তাহাদিগকে পুরস্কৃত করিবেন।

ভারত গবর্ণমেণ্ট এই প্রস্তাবের অনুমোদন করিয়া এড্গারকেই পরবৎসর (১৮৭০—৭১) শীতকালে আবার লুসাই যাত্রা করিতে আদেশ করিলেন, এবং পরামর্শ দিলেন যেন কাছাড়ের মত চাটিগাঁর দিকেও লুসাই রাজ্যের সীমা নির্দ্দেশ করিবার চেষ্টা করা হয়।

সেবারে শীতের আরম্ভে সর্ব্বশুদ্ধ ছয়টি শান্তির প্রস্তাব * লইয়া এড্গার লুসাই যাত্রা করিলেন। তাহার মধ্যে আসল প্রস্তাবটির কথা ইতিপূর্ব্বেই বলিয়াছি।

---

*(1) The grant of Sunnuds to the chiefs, specifying, the conditions on which they would be left in the undisturbed possession of their lands.

(2) The levy of tolls by the chiefs on people going up to trade with the Lushais. Eventually it was hoped that the tribes would be induced to frequent periodical fairs within the British boundary.

(3) Settlement if possible of villages along the frontier between our outposts and the present sites of the Lushai villages.

জানুয়ারীর প্রথমভাগেই তিনি সোনাইর তীরে উপস্থিত হইলেন। ৯ই জানুয়ারী সুক্‌পিলালের দূত আসিয়া সংবদ দিল—লুসাই সর্দ্দার শেবুং হাউলংদিগকে সঙ্গে লইয়া হাইলাকান্দির দিকে লুণ্ঠন যাত্রা করিয়াছে। ১৬ই জানুয়ারী স্বয়ং সুক্‌পিলালের সঙ্গে এড্‌গার সাহেবের সাক্ষাৎ হইল। সুক্‌পিলাল তখনো ইংরাজেরই বন্ধু। ১৭ই তারিখ পিবুকের দূত আসিয়া সংবাদ দিল বনলেনের পুত্র লেংকম সুনাই উপত্যকা লুণ্ঠন করিতে প্রবৃত্ত হইয়াছে। এ ছাড়া নানান্ দিক হইতে নানারকমের গুজব এড্‌গারের কানে আসিতে লাগিল। ভয়ে ও সন্দেহে তিনি আকুল হইয়া উঠিলেন। সুক্‌পিলালের প্রীতি যদি ছলনাই হয়? লুণ্ঠন যাত্রার ভান করিয়া লুসাইর দল যদি তাঁর এই মুষ্টিমেয় অনুচরদিগকেই আক্রমণ করে? কে জানে এই বর্ব্বরজাতির কি অভিপ্রায়? এড্‌গারের এই উদ্বেগ ও শঙ্কটের সময় ভরসা ছিল কেবল পইবই ও বনপিলালের (পূর্ব্ব লুসাই) বন্ধুতা এবং তাঁর চিরসঙ্গী হরিচরণ, ইন্‌স্পেক্টার দোস্ত মহম্মদ ও বার্‌ল্যাণ্ড সাহেবের পরামর্শ। এড্‌গার তাঁহার লুসাই ভ্রমণের রিপোর্টে যাহা লিখিয়াছেন তাহার কিছু নিম্নে উদ্ধৃত হইল—

Extract from letter No. B, dated Cachar the 6th March 1871, from J. W. Edgar Esq, Deputy Commissioner of Cachar on special duty to the Commissioner of Circuit, Dacca Division.

such a description does not at all apply to the Polar Dawn. The Polar Dawn always moves, as Mr. Tilak himself says, "*in a horizontal plane like a potter's wheel*, " and her movement is always confined to the horizon. And hence the dawn described here must needs be an Indian Dawn which the Vasishtas roused from the sleep, and was, on her way, *to go round the earth*, bathing it with her own light, over the head of the observer. It is true, as Mr. Tilak observes, that nowhere on earth, the dawn is actually seen moving over the head of the observer, from the east to the west, like the sun or the moon, in a perpendicular plane. But nevertheless, in a tropical or temperate country, the dawn is not actually "swallowed up by the rising Sun," as Mr. Tilak assumes, In the Rik in question, the Dawn is, on the contrary, conceived as continuing to move, unseen, fast followed by the Sun. And this is what makes it possible for the Dawn to reappear every morning, on the same eastern horizon similarly pursued by her lover. The conception of the Dawn ever fleeing from the embrace the Sun has been frequently alluded to in the Rig-Veda, and the story of Urvashee pursued by Pururava is an well-known allegorical representation of the same. Again, in I, 124, 3, we have heen most clearly told :—

"এষা দিবঃ দুহিতা পুরস্তাৎ ঋতস্য পন্থাম্
অনুএতি সাধু প্রজানতী ইব।"

(Esha Divah Duhita purastat ritasya pantham anueti Sadhu prajanati iva).

This Dawn, The Daughter of the Sky, always moves straight (well) in front of the Sun along his path, aware of his desire as it were. The conception of the Dawn, moving, *though unseen*, in a perpendicular plane over the head of the observer, from the east to the west, has, therefore, absolutely nothing unusual in it. Mr. Tilak's apprehensions are, therefore, entirely groundless and hypothetical. The Dawn referred to here must needs therefore be an Indian Dawn.

These remarks also apply, with equal force and cogency, to the second of the above-mentioned Riks. Rishi Viswamitra is the author of that Rik. And in it the Dawn has been represented as having been actually seen by Viswamitra on the Horizon, and at the same time, as going round the earth along the same path. The very expression "উৰ্দ্ধা তিষ্ঠসি" (urdha tishtasi)— 'thou art on high,' most conclusively proves that the Dawn described here must alone be regarded as an Indian Dawn, pure and simple.

THE SUPPOSED TRACES OF THE POLAR DAY IN THE RIG-VEDA.

We shall now consider if the Rig-Veda really contains any traces of the long Polar day. "The most explicit statement about the long day", says Mr. Tilak, is found in X., 138., 3. "In the said Rik, the sun is said to have unyoked his car, not at the sunset or on the horizon, but *in the midst of heaven*, there to rest for some time. A long

halt of the sun in the midst of the heaven is here clearly described, and we must take it to refer to the long day in the Arctic region."

Now, here also, we are extremely sorry to observe, Mr. Tilak has, in the interest of a theory, been led astray. The Rik in question runs as follows :—

"বি সূর্য্যঃ মধ্যে অমুচৎ রথং দিবঃ, বিদৎ দাসায়
প্রতিমানম্ আর্য্যঃ।
দৃঢ়ানি পিপ্রোঃ অসুরস্য মায়িনঃ ইন্দ্রঃ ব্যাস্যৎ
চক্রবান্ ঋজিশ্বনা॥" [Vi
Surjah madhye amuchat ratham divah
vidat Dasaya pratimanam Arjah.
Drirhani Piproh asurasya mayinah
Indrah vyasyat chakrivan Rijisvana.]

'The Sun unyoked his car in the mid-sky. The Aajya got an opportunity for retaliation against the Dasa. Indra, with the aid of King Rijiswan, overthrew the strong forts of Pipru, the conjuring Asura.'

Now, the expression, "বি সূর্য্যঃ মধ্যে অমুচৎ রথং দিবঃ।" (vi Surjah madhye amuchat ratham divah) 'the Sun unyoked his car in the mid-sky', does, no doubt, clearly indicate a 'long halt of the Sun' in the mid-sky. But what is "দিবঃ মধ্যে" (divh madhye) 'in the midst of the heaven'? It certainly means *the sky over the head of the observer.* The Rik, under notice, therefore clearly tells us that the Sun came to a standstill in the mid-sky, over the head of the observer. But in the Polar regions, such a position of the sun is physically impossible. During the long Polar day of six months duration, the sun must, on the contrary, always be seen lying in an inclined position, and never directly over the head of the observer. And hence 'the halt of the Sun in the mid-sky', mentioned in the Rik, under notice, can never be taken as referring to any Arctic phenomenon whatever. And hence Mr. Tilak's so-called "explicit statement" about a long Polar day is, after all, a myth, pure and simple.

Again, the said Rik distinctly tells us that the aforesaid halt of the Sun took place when Indra was engaged in demolishing the forts of Pipru, with the King Rijiswan ; and that, having taken advantage of the increased length of the day, caused by the aforesaid halt of the Sun, Indra and Rijiswan succeeded in overthrowing the forts of Pipru. Now, Rijiswan was, evidently, an Indian (Aryan) King. Evidently, therefore, the said halt of the Sun, no matter what it means, must needs be an Indian phenomenon, pure and simple.

But what does the Sun's supposed descent from the car really mean. Does it refer to any mysterious and extraordinary event? Or is it merely a figurative description of a very common and ordinary occurrence? A moment's reflection will show that the Sun's descent from his car and his halt in the mid-sky, mentioned in the Rik, is only a poetical representation of an every day optical phenomenon, seen in a country like India. Here in India, every morning the Sun is first seen on the horizon, seated on his golden car,

as it were. The Solar car is, however, soon seen fast moving upwards. But on reaching the mid-sky, the Solar car stops altogether, and the Sun descends from the car to rest for a while, as it were. Now, this apparent daily halt of the Sun in the mid-sky at noon has, evidently, been poetically described in the Rik, under notice, as the Sun's descent from his car. Evidently, therefore, this Rik also deals with an Indian phenomenon, and has absolutely no reference to the long Polar day.

ANOTHER SUPPOSED INVULNERABLE POINT :

We shall now consider another of Mr. Tilak's supposed invulnerable points ; and this shall be our last. This is what Mr. Tilak tells us on this point:–

"In the Rig-Veda, I, 24, 10, the constellation of Ursa Major (Rikshas) is described as being placed 'high' (uchcha) and as this can only refer to the altitude of the constellation, 'it follows that it must have been over the head of the observer" which is possible only in circumpolar regions, "The said Rik, therefore" says Mr. Tilak, "unmistakably refers to a Polar phenomenon'.

But here as well, as we shall see presently, Mr. Tilak's conclusion is hopelessly weak and untenable. The Rik in question runs thus :—

"অমী যে ঋক্ষাঃ নিহিতাসঃ উচ্চা নক্তম্ দদৃশে
কুহ চিৎ দিবা ইয়ুঃ।
অদব্ধানি বরুণস্য ব্রতানি বিচাকশৎ চন্দ্রমা নক্তম্
এতি॥"

[Ami ye rikshah nihitasah uchcha
naktam dadrishe kuha chit diva iyuh.
Adavdhani Varunasya vratani vicha-
kashat chandrama naktam eti.]

'Those stars (or constellation known as Saptarshi Mandal) that are placed on high, are visible at night. But where do they go during the day ? The ways of Varuna are inviolable. At his commands the moon shines at night.'

Now the word "ঋক্ষাঃ" (Riksha) means both stars in general, as well as the constellation Saptarshi Mandal; and Sayana has mentioned both these meanings. But of the two senses, here the first alone, evidently, fits in with the context. In the very Rik, there is also a reference to the rising of the moon. Again, in the 8th Rik of the same Sukta, we have been told :—

"উরু হি রাজা বরুণঃ চকার সূর্য্যায় পন্থাম্ অন্বু
এতবে।"

[Uru hi raja Varunah chakara Surjaya pantham anu etave.]—'Verily the King Varuna has made the wide path for the Sun to go repeatedly.'

The Sun, the Moon, and the Stars obey the great Varuna, and rise and set at his commands'—This is, evidently, the meaning of the Riks. The word "ঋক্ষাঃ" (Riksha), in the Rik mentioned above, must needs therefore be taken to mean stars in general, rather than any particular group of them; for in this sense alone the word properly fits in with the context; and if taken in this sense, Mr. Tilak's contention stands nowhere.

But even if we take the word in Mr. Tilak's sense, still his conclusion does not at all follow. The word "উচ্চা" (Uchcha), simply means 'on high' on the sky above; and Sayana has also taken the word in this sense. This word has, moreover, been frequently used, in the Rig-Veda, exactly in this sense. So the word 'Uchcha' simply means 'on high'; and it cannot be treated as identical with 'over head.' Mr. Tilak's conclusion, therefore, does not at all follow.

Again, in the Rik, in question, the words, "নক্তং" (Naktam), and "দিবা" (Diba), have been used side by side. And this clearly shows that the state of things referred to here applies to a country where days and nights follow one another in quick succession. In fact, the exclamation,

'অমী যে ঋক্ষাঃ নক্তং দদৃশে কুহ চিৎ দিবা ইয়ুঃ' those stars (or members of Saptarshi-Mandal) are seen at night; but where do they go during the day? becomes entirely meaningless in a country where day and night lasts each for six months at a stretch. Similarly the expression, 'অনু এতবে' (anu etave) 'to go repeatedly,' in the passage 'বরুণঃ চকার সূর্য্যায় পন্থাম্ অনু এতবে' (Varunah chakara Surjaya pantham anu etave) 'Varuna made the path for the Sun to go repeatedly' 'losses all its significance, when applied to a country where the Sun shines continuously for six months at a stretch. 'অনু এতবে', 'to go repeatedly', evidently implies a rapid succession of day and night. The phenomenon described here must needs therefore be purely Indian in character.

Again, Rishi Shunahshwena is the author of the Rik in question. And the word 'অমী' (ami) 'those', applies to objects, here starts in general or members of a particular group of them, as the case may be, directly seen at a distance. In the Rik in question, we accordingly find the Indian Rishi Shunahshwena, in some remote past, to have looked at the sky one night and thus exclaimed with wonderment:—

"অমী যে ঋক্ষাঃ নক্তং দদৃশে কুহচিৎ দিবা ইয়ুঃ" ?

'Those stars (or members of the constellation) that are visible at night, where do they go during the day?'

An Indian phenomenon must have clearly been referred to here. The very use of the word, 'অমী' (ami) 'those', unmistakably proves that the things signified by it were then actually seen by the Rishi. The Rik under notice therefore, cannot have any reference to any Polar phenomenon whatever. Thus Mr. Tilak's contention entirely falls to the ground.

Mr. Tilak is an erudite scholar. But of unfortunately, he has in the treatment his subject, shown an unscholarlike contempt for the context, and the history of the times, and in the interest of a theory, has, with the magic of his imagination, endeavoured, in vain, to build up a huge mountain out of a mere mole-hill; and the results have been very disappointing.

N. K. DATTA.

ঢাকা রিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড ঢাকা—শ্রাবণ, ১৩২৩ ৪র্থ সংখ্যা।

চীনা "শিল্প-শাস্ত্র"।

("হিমালয়ের অপর পার" গ্রন্থের এক অধ্যায়)

আমরা ভারতে ৬৪ কলার কথা জানি। বাৎসায়নের কামসূত্রে এই গুলির উল্লেখ আছে, শুক্রনীতিতেও আছে। ইংরেজিতে "আর্ট্‌স্‌" য়্যাণ্ড ক্রাফ্‌ট্‌স্‌ বলিলে যাহা বুঝি আমাদের কলা শব্দে প্রায় তাহাই বুঝায়। ফাইন্‌ আর্ট্‌স্‌ বা সুকুমার শিল্প ছাড়াও অনেক বস্তু এই কলার অন্তর্গত।

৬৪ কলা সম্বন্ধে নানাগ্রন্থই ভারতীয় সাহিত্যে আছে। এই সমুদয় নানা নামে পরিচিত। সাধারণ নাম শিল্পশাস্ত্র। অন্যান্য নাম ময়শাস্ত্র, ময়মত, ময়বিদ্যা ইত্যাদি। ময় নামক মানুষ বা দেবতা বা অসুর এই সকল শাস্ত্রের প্রবর্ত্তক। এতদ্ব্যতীত শিল্পের বিভিন্ন বিভাগ অনুসারেও বিশিষ্ট সাহিত্যের নাম আছে, যথা, বাস্তুবিদ্যা, "চিত্রলক্ষণ" ইত্যাদি। এই সকল গ্রন্থ আমরা অনেকেই চোখে দেখি নাই। কিন্তু প্রায় শতাধিক পুঁথির নাম অফ্রেক্ট সম্পাদিত 'ক্যাটালোগাস ক্যাটালোগোরাম' গ্রন্থের মধ্যে পাওয়া যায়। সম্প্রতি ত্রিবেন্দ্রাম হইতে বাস্তুবিদ্যা নামক একখানা গ্রন্থ প্রকাশিত হইয়াছে। বহুদিন পূর্ব্বে 'মানসার' নামক গ্রন্থের তথ্য মহীশূরের পণ্ডিত রামরাজ প্রণীত "হিন্দু আর্কিটেক্চার" গ্রন্থে সন্নিবিষ্ট হইয়াছিল। রামরাজের গ্রন্থ বিলাতে মুদ্রিত হয়। সে অনেকদিনের কথা। আজকাল আমাদের দেশে সুকুমার শিল্পের নানা আলোচনা সুরু হইয়াছে। মনোমোহন গাঙ্গুলী প্রণীত "উড়িষ্যাশিল্প" গ্রন্থে মানসার ব্যবহৃত দেখিতে পাই। মানসারের উল্লেখ সকলেই করিয়া থাকেন। এতদ্ব্যতীত শুক্রনীতির ক্রোধ অধ্যায়ে শিল্পবিষয়ক নানা কথা আছে। কাজেই শুক্রনীতির উল্লেখ ও আজকালকার শিল্প-আলোচনায় দেখিতে পাই। এই মানসার ও শুক্রনীতি ব্যতীত অন্য কোন গ্রন্থ আমাদের পণ্ডিত মহলে এখনও সুপ্রচারিত নয় বলিতে হইবে। যুক্তিকল্পতরু নামক পুঁথি, বৃহৎসংহিতা এবং রামায়ণ মহাভারতও আধুনিক শিল্প-সাহিত্যের আলোচনায় মাঝে মাঝে স্থান পায়। কিন্তু খাঁটি শিল্প

শাস্ত্রের পরিচয় আজও আমরা পাই নাই বলিতে বাধ্য। তবে সঙ্গীত-কলার তরফ হইতে কয়েক খানি সংস্কৃত গ্রন্থ আজকালকার সাহিত্যসংসারে দাঁড়াইয়া যাইতেছে।

সকল প্রকার শিল্পেই চীনাদের নামডাক খুববেশী। এই নামডাক আজকালকার কথা নয়। অতি প্রাচীন কালেও চীনা জাতিকে পাকা শিল্পী বলিয়া জগতের লোকে জানিত। খৃষ্টীয় নবম শতাব্দীতে দুইজন মুসলমান পর্যটক সমুদ্রপথে চীনে আসেন। তাঁহাদের ভ্রমণ বৃত্তান্ত আরবী হইতে ফরাসী ভাষায় অনুদিত হইয়াছিল। অনুবাদক ছিলেন রেণদো (Renaudot)। সেই ফরাসী অনুবাদের ইংরেজি অনুবাদ ১৭৩৩ খৃষ্টাব্দে প্রকাশিত হইয়াছিল। গ্রন্থ দুষ্প্রাপ্য, কিন্তু নবম শতাব্দীর এশিয়া সম্বন্ধে নানা কথা ইহাতে জানা যায়। ভারতবর্ষ সম্বন্ধে কিছু কিছু আজগুবি গল্পও ইহার মধ্যে পাই। অধিকন্তু ভারতীয় দ্বীপপুঞ্জ, ভারতমহাসাগরের জাহাজকোম্পানী এবং চীনা, হিন্দু ও মুসলমান সমুদ্র-বাণিজ্যের কথা প্রত্নতাত্ত্বিকগণের পক্ষে প্রয়োজনীয় হইবে।

দ্বিতীয় পর্য্যটকের নাম আবুজীদ্ আল্ হাসান। ইনি শিরাজের লোক। ৮৬৮ খৃষ্টাব্দে ইনি ভারত হইয়া চীনে আসেন। এই পর্য্যটক বলিতেছেন—"চীনারা জগতের সকল জাতিকেই যে কোন শিল্পে পরাস্ত করিতে পারে। চিত্রবিদ্যায় ইহারা বিশেষ পারদর্শী। চীনাদের হস্তশিল্প নানাবিধ। এই বিষয়ে চীনাদের সঙ্গে টক্কর দিতে পারে, এমন কোন লোক নাই। বস্তুতঃ অন্যান্য জাতি চীনাদের হাত সাফাই দেখিয়া বিস্মিত হইবে। এমন কি চীনাদিগের অনুকরণ করিয়া চীনা উৎকর্ষলাভ করাও অন্যের পক্ষে কঠিন

মুসলমান পর্য্যটক মহাশয় চীনা শিল্প-সংসারের একটা দপ্তর লিপিবদ্ধ করিয়াছেন। তাহাতে শিল্প-সমালোচনার রীতি বুঝা যায়। ইনি বলিতেছেন—"চিত্রকর তাঁহার হাতের কাজ লইয়া রাজদরবারে উপস্থিত হন। বক্‌শিষ বা ইনাম পাওয়াই উদ্দেশ্য। রাজা তৎক্ষণাৎ শিল্পীকে পারিশ্রমিক বা পুরস্কার প্রদান করেন না। রাজপ্রাসাদের ফটকের সম্মুখে শিল্পী তাঁহার চিত্র রাখিতে আদিষ্ট হন। এক বৎসর কাল ইহা ঐখানেই থাকে। রাস্তার লোক, বাজারের লোক, মুটেমজুর, আরদালী পেয়াদা, ম্যাণ্ডারিণ পুরোহিত, পণ্ডিত, মন্ত্রী, আমীর, ওমরাহ, ঝি, চাকর সকলেই চিত্রটা যখন তখন দেখিতে পায়। সকলেই একটা করিয়া ভালমন্দ বলিতে অধিকারী। এইরূপে এক বৎসর ধরিয়া বাজারে যাচাই চলিতে থাকে এক বৎসরের মধ্যে এই খোলা মাঠের সমালোচনায় চিত্রের কোন দোষ বাহির না হইলে শিল্পী ইনাম পাইবেন। তখন শিল্পীকে শিল্পের ও ওস্তাদমহলে আসন দেওয়া হইবে। কিন্তু সামান্য মাত্র ত্রুটিও যদি রাস্তার কোন লোক দেখাইতে পারে তাহা হইলে শিল্পীকে সমাদর করা হইবে না। রাস্তার লোকেরাই এখানে সমজদার এবং পরীক্ষক। কিছুদিন হইল একব্যক্তি শস্যের শীষ আঁকিয়াছিল। এই শীষের উপর একটা পাখী বসান ছিল। রেশমের জমিনের উপর চিত্রটা আঁকা। রাজপ্রাসাদের ফটকের সম্মুখে এইটা যথারীতি রক্ষিত হইল। সকলেই ইহার যারপরনাই তারিফ করিতে থাকিল। যে দেখিত সেই বিস্ময়ে তাকাইয়া থাকিত। কেহই কোন দোষ বাহির করিতে পারিল না। এমন সময়ে একটা বে-আক্কেল লোক বলিল "এই ছবি পুরস্কার যোগ্য নয়। ইহাতে দোষ আছে। শিল্পীর হাত এখনও পাকে নাই।" রাজদরবারে লোকটার মত জানান হইল। সকলেই অবাক। এই ব্যক্তিকে রাজার নিকট লইয়া যাওয়া হইল—দরবারে চিত্রকরও স্বয়ং উপস্থিত। লোকটা নির্ভয়ে রাজাকে বলিতে লাগিল—"শীষের উপরে পাখী বসিয়াছে। বেশ কথা। কিন্তু চিত্রে দেখিতেছি শীষটা খাড়াই রহিয়াছে। ইহা নোয়াইয়া পড়া উচিত ছিল না কি? পাখীটা তুলার মত হাল্কা নয়। চিত্রকর এই সামান্য কথাটাই জানেন না। কাজেই এই শিল্প অতি নিম্নশ্রেণীর কার্য্য।" সভার লোকজন সকলেই সাধু সাধু করিয়া উঠিল। শিল্পী ইনাম পাইলেন না।"

প্রাচীন গ্রীসের শিল্প সমালোচনাও ঠিক এই ধরণের ছিল। কেবল শিল্প কেন—গ্রীকজাতির সাহিত্যও বাজারের যাচাইয়েই বাঁচিয়া থাকিত। বড় রাস্তার

ধারে গ্রীক স্থপতিগণের হাতের কাজ সর্ব্বদা রক্ষিত হইত। "ফোরামের" মাঠে ও হর্ম্ম্যে তাহাদের শিল্প-নৈপুণ্য জনগণের পরীক্ষার বস্তু হইত। হাটে বাজারে বক্তৃতা করিয়া কর্ম্মকর্ত্তারা যশস্বী হইতেন। প্রকাণ্ড সভায় সমগ্র নগরের অধিবাসীদিগের সম্মুখে নাচিয়া গাহিয়া অভিনয় করিয়া গ্রীক সাহিত্যবীরগণ প্রশংসা লাভ করিতেন। ইস্কীলাস, সফক্লীস, ফিডিয়াস, প্র্যাক্‌সিটেলিস্‌, ডিমস্থেনীস, আইসক্রেটিস,—ইহারা সকলেই বাজারের যাচাইয়েই মানুষ। নিন্দা প্রশংসা সুনাম কুনাম বিতরণের জন্য গ্রীক সমাজে কোন প্রকার দরজাবদ্ধকরা পরীক্ষা-গৃহ ছিল না। পাশ-ফেল ছোট-বড় বিচারের জন্য সময় নষ্ট করা হইত না। হাট বাজার মাঠ ঘাটই গ্রীকবীরগণের সব ঠিক করিবার আড্ডা। জনসাধারণের বাণীই শিল্পের উৎকর্ষ সম্বন্ধে চরম মত ছিল। উহাই খাঁটি জুরীর বিচার—দেশের মত।

মধ্যযুগে ধর্ম্মমন্দিরে এবং মঠে শিল্পকার্য্য প্রধানতঃ সংগৃহীত হইত। তখনও শিল্পীদিগের পরীক্ষক থাকিত জনসাধারণ। প্রকাণ্ড স্থানে খোলাবাজারে ওস্তাদগণের কার্য্য পরীক্ষিত হইতে পারিত। লোকমত উল্টা হইলে কোন ব্যক্তিই মন্দির মঠের চিত্রশালায় স্থান পাইতেন না। বাজে মাল শীঘ্রই ঝড়িয়া পড়িত। এশিয়া ও ইয়োরোপ দুই ভূখণ্ডেই শিল্পসমালোচনার এই দস্তুর ছিল। এই জন্যই পুরাণ কারিগরগণের কাজ আজও এত প্রশংসিত হইতেছে। শতাব্দীর পর শতাব্দী চলিয়া যাইতেছে—কিন্তু প্রাচীন শিল্পের মর্য্যাদা কমিতেছে না। জনসাধারণের রুচি এবং অন্য প্রদেশের কঠোর সমালোচনার কষ্টিপাথরে সেই শিল্প দাঁড়াইয়া গিয়াছিল। কাজেই তাহার মার নাই। বর্ত্তমান যুগের আর্ট গ্যালারিগুলি সেইরূপ জনসাধারণের "ফোরাম" বা "প্রাসাদের ফটক" বা মন্দিরের মঠ বা "গোলদীঘি" নয়। এই জন্যই খোলা হাওয়ার নিরপেক্ষ সমালোচনা আজকালকার শিল্প সম্বন্ধে না হইবার কথা। এই কারণেই নব্যযুগের অনেক বস্তুই মরিয়া যাইবে। সাময়িক প্রশংসা লাভের পর শিল্পীরা শেষ পর্য্যন্ত অমর হইতে পারিবেন না। "লোকে যারে নাহি ভুলে" এইরূপ ভাগ্য একমাত্র জনসাধারণের বিচারেই সম্ভব। কোন দরজাবদ্ধকরা সমালোচনা-পরিষদের সুনজর কুনজরে নয়। সেনেট হাউস, একাডেমী বা পরিষদের পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিলেই অমর হওয়া যায় না। গোলদীঘির পরীক্ষায় যিনি পাশ হইবেন তিনিই অমর। চীনারা শিল্প সৃষ্টি করিতে মজবুদ ছিল। আবার শিল্পকার্য্যের সংগ্রহকার্য্যেও চীনারা খুব পাকা। আজকাল ইয়োরামেরিকায় ধনবান্ বিদ্যোৎসাহী পণ্ডিতেরা নানাবস্তু সংগ্রহ করিয়া থাকেন। এ কথা সকলেই জানি। কিন্তু চীনাদের বাতিক্ অতি প্রাচীন। মধ্যযুগে অনেক ব্যক্তি শিল্প-সংগ্রাহক বা প্রত্নব্যবসায়ী হইয়া চীনা সমাজে নাম করিয়াছেন। আরও প্রশংসাযোগ্য কথা এই যে, চীনারা চিরকালই শিল্পের বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। শিল্প দ্রব্য সংগ্রহ সম্বন্ধে বিবরণ লিখিত হইয়াছে। শিল্পকর্ম্ম রাখিবার বা যাচাই করিবার প্রণালী সম্বন্ধে নানা মত প্রচারিত হইয়াছে। এইজন্য শিল্প-সমালোচনার ঘর চীনা সাহিত্যে বেশ বড়। বস্তুতঃ সাহিত্য-সমালোচনা এবং শিল্প-সমালোচনা দুইই চীনা পণ্ডিতগণের দৃষ্টি আকর্ষণ করিয়াছে। এই সকল বিষয়ে নানাগ্রন্থ দেখিতে পাওয়া যায়। চীনারা সমজদার জাতি।

(১) চিত্রকলা ও হস্তলিপি।

চীনা অক্ষরগুলি এক একটা ছবির মত। অক্ষর লিখিতে পারা চীনে একটা বিশেষ বাহাদুরী। হাতের লেখা এই কারণে এক বড় শিল্প। ছবি-আঁকা আর হস্তলিপি দুইই এক কলা। হাতের লেখায় উৎকর্ষের জন্য অনেকেই নামজাদা হইয়া গিয়াছেন। ভাল হাতের লেখার জন্য পুরস্কার বিতরণ আজকালও হইয়া থাকে। দরবারী উচ্চতম কার্য্যের জন্য এখনও চীনারা মুদ্রাযন্ত্রের সাহায্য লয় না—পাকা লেখকের সাহায্য গ্রহণ করে। কোন প্রসিদ্ধ পণ্ডিত বা কার্য্যবীরকে অভিনন্দন পত্র দিতে হইলে লম্বা রেশমের কাগজে হাতের লিখায় বক্তব্য প্রকাশিত করা হয়। এই ধরণের এক একখানা

অভিনন্দন পত্রের খরচ প্রায় দুইশত তিনশত টাকা পড়ে। বলাবাহুল্য আরও বেশী খরচও হইতে পারে।

আমরা ভারতবর্ষে হস্তলিপিকে এতবড় সম্মান প্রদান করি না। ইয়োরোপেও ইহার এরূপ সমাদর নাই। অবশ্য মধ্যযুগে এশিয়ায় এবং ইয়োরোপে উভয়েই হাতের লেখার মর্য্যাদা খুব বেশী ছিল। তখনকার দিনে হিন্দুশাস্ত্র, কোরাণ, বাইবেল ইত্যাদি গ্রন্থ সুন্দর অক্ষরে লিখিবার জন্য পণ্ডিত, মৌলবী, পুরোহিতেরা এবং এমন কি রাজরাজড়াগণও চিরজীবন উৎসর্গ করিতেন। ঐরূপ লিপিকার্য্যে সময় প্রদান করাই ধর্ম্ম বলিয়া বিবেচিত হইত। সে দিন আর আজকাল নাই। ছাপাখানার প্রভাবে হস্তলিপির আদর দুরীভূত হইয়াছে। কিন্তু চীনা সমাজে হস্তলিপির আদর ছাপাখানার প্রভাবেও কমে নাই। চীনারা অক্ষর ছাপিবার কৌশল অতি প্রাচীন কালেই আবিষ্কার করিয়াছিল। ইয়োরোপে মুদ্রাযন্ত্র সেদিন মাত্র আবিষ্কৃত হইয়াছে। তাহার বহুপূর্ব্বে চীনারা অক্ষর ছাপিবার প্রণালী প্রবর্ত্তন করে। বস্তুতঃ চীনাদের দৃষ্টান্তেই ইয়োরোপে মুদ্রাযন্ত্র প্রবর্ত্তিত হয়। তথাপি চীনে হস্তলিপির আদর কমে নাই। তাহার একমাত্র কারণ চীনালিপির বিশেষত্ব। চীনা লিপিগুলি চিত্রবিশেষ। ছবি আঁকিতে যেরূপ নৈপুণ্য আবশ্যক, চীনা অক্ষর লিখিতেও সেইরূপ নৈপুণ্য আবশ্যক। প্রকৃত পক্ষে চীনারা চিত্র বিদ্যায় হাত দিবার পূর্ব্বে এই কারণে হস্তলিপিতে হাত মক্‌স করিয়া থাকে। হস্তলিপি চীনে চিত্রশিল্পেরই সামিল। নামজাদা চিত্রকরগণের অনেকে হাতের লেখায়ও প্রসিদ্ধ ছিল।

খৃষ্টীয় পঞ্চম শতাব্দীর একখানা চিত্রশিল্পের পুস্তক আছে। তাঙ্‌ আমলেও একখানা দশখণ্ডে বিভক্ত বিরাট গ্রন্থ প্রণীত হয়। নাম "লীই-তায়-মিঙ্‌ হুয়া-কে"। গ্রন্থকারের নাম চাঙ্‌ য়েন-য়ুয়েন্‌। ইহাতে চিত্রশিল্পের নানা অঙ্গ সম্বন্ধে বিবিধ প্রবন্ধ আছে। লেখকের বংশে পুরাণাচিত্র বহুসংখ্যক সংগৃহীত ছিল। এই সংগ্রহের বিবরণ গ্রন্থমধ্যে সন্নিবিষ্ট হইয়াছে। এতদ্ব্যতীত পুরাণো ওস্তাদগণের জীবনবৃত্তান্তও ইহাতে লিখিত আছে।

সুঙ্‌ আমলের চু-চাঙ্‌-ওয়ান হস্তলিপি সম্বন্ধে একখানা গ্রন্থ রচনা করেন। ইহাতে গ্রন্থকার পূর্ব্ববর্ত্তী লেখকগণের মন্তব্য শ্রেণীবদ্ধ করিয়াছেন। নিজের মত অল্প বিস্তর আছে। হাতের লেখার উৎকর্ষ লাভের নানা উপায় ইহার আলোচ্য বিষয়। গ্রন্থের নাম মিহ্‌-বে-পীন্‌। ১২৪৩ খৃষ্টাব্দে তুঙ্‌-শে একখানা গ্রন্থ রচনা করেন। তাহাতে সুঙ্‌ আমলের ওস্তাদ লেখকগণের বিবরণ আছে।

তাঙ্‌ আমলের উই-সুহ একখানা গ্রন্থ লিখিয়াছিলেন। তাহাতে ৫৬ বিভিন্ন লিপি প্রণালী বিবৃত হইয়াছে। এইগুলি সবই নাকি চীনে নানাযুগে প্রচলিত ছিল। তন্মধ্যে সংস্কৃত ভাষার জন্য ব্যবহৃত দেবনাগরী লিপির উল্লেখও আছে।

একখানা গ্রন্থ বিশখণ্ডে বিভক্ত। ইহাতে নানাযুগে প্রচলিত হস্তলিপির নিদর্শন সংগৃহীত হইয়াছে। দ্বাদশ শতাব্দীর পরবর্ত্তী কালের নমুনা ইহাতে নাই। সম্রাট্‌ এবং রাজরাজড়াদিগের হাতের সহিও এই পুস্তকে দেখিতে পাওয়া যায়।

বাঁশ চিত্রণে চীনারা সিদ্ধহস্ত। বাঁশগাছ আঁকিবার প্রণালী একখানা গ্রন্থের আলোচ্য বিষয়। ইহা ১২৯৯ খৃষ্টাব্দে প্রকাশিত। লেখকের নাম লে-কান্‌। পুস্তকের নাম "চুহ্‌-পু-চেয়াং-লুহ"। ইহাতে চারি অধ্যায় আছে—(১) বাঁশের সাধারণ আকৃতি বিষয়ক ছবি (২) "ইঙ্ক পেইন্টিং" (৩) নানা অবস্থায় বাঁশ কিরূপ দেখা যায় (৪) নানাজাতীয় বাঁশের আকৃতি। গ্রন্থের মধ্যে অতি-সূক্ষ্ম ও বিস্তৃত নিয়ম প্রদত্ত হইয়াছে। বাঁশ গাছ সম্বন্ধে অতি গভীর গবেষণাও ইহাতে আছে। ওয়াইনির মতে গ্রন্থে সন্নিবিষ্ট ছবিগুলি নিখুঁত। ঠিক যেন প্রকৃতির বাগানে ও ময়দানে বাঁশগাছগুলি দেখিতেছি। কাজেই পুস্তকখানা চীনা শিল্পশাস্ত্রের একখানা বেদ বিশেষ।

হুয়া-কীন্‌ গ্রন্থে চিত্রশিল্পের ইতিহাস লিপিবদ্ধ আছে। খৃষ্টীয় তৃতীয় শতাব্দী হইতে মোগল আমল পর্য্যন্ত চীনা চিত্রকলার ধারা ইহাতে বুঝা যায়। লেখকের নাম তাঙ্‌ হাও। বিদেশীয় চিত্র শিল্প সম্বন্ধে ও সামান্য বিবরণ আছে। বোধহয় ভারতীয় চিত্রকলার কোন

কোন তথ্য ইহাতে পাওয়া যাইতে পারে। গ্রন্থকার চিত্রকলার নানারীতি ("স্কুল") বা পদ্ধতি বিশ্লেষণ করিয়াছেন। কোন্ ছবি কোন্ রীতির অন্তর্গত তাহা বুঝিবার নানা সঙ্কেত গ্রন্থমধ্যে সন্নিবিষ্ট হইয়াছে।

চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগে হীয়া ওয়ান্-য়েন চিত্রকরগণের বৃত্তান্ত প্রকাশ করেন। গ্রন্থের নাম "তুহই-পাও-কীলন"। ইহাতে ১৫০০ ওস্তাদের নাম আছে। সুপ্রাচীন কাল হইতে মোগল আমল পর্য্যন্ত ইঁহাদের আবির্ভাবকাল।

এই ধরণের অসংখ্য গ্রন্থই আছে। লেখকগণ পূর্ব্ববর্ত্তী লেখকগণের ভুল ধরিতে ছাড়েন নাই। সমালোচনার সমালোচনা এইরূপে চীনা সাহিত্যে অনেক জমিয়াছে। মাঞ্চুআমলেও হস্তলিপি এবং চিত্রশিল্প সম্বন্ধে নানা ঐতিহাসিক গ্রন্থ এবং সমালোচনা ও ব্যাখ্যা-পুস্তক বাহির হইয়াছে।

চীনে সীলমোহরের ব্যবহার অতি প্রাচীন। রাজরাজড়াগণ তো করিয়াছেনই—সাধারণ লোকেরাও সীলমোহর ব্যবহার করে। কাজেই সীলমোহর প্রস্তুত করা চীনে একটা ব্যবসায় বিশেষ। মোহরে নামলেখা বা ছবি আঁকাও একটা কলা বিশেষ। সুতরাং এই সকল বিষয়ে সাহিত্য পড়িয়া উঠাও অতি স্বাভাবিক। বস্তুতঃ সীলমোহর সম্বন্ধীয় গ্রন্থের পরিমাণ চীনা শিল্প-সাহিত্যে বিশাল। চীনা সাহিত্যের যে দিকেই তাকাই সেইদিকেই "বিশালং বিপুলং ভদ্রং স্ফারং সমং বরিষ্ঠঞ্চ" দেখিতেছি।

(৩) সঙ্গীত।

সঙ্গীতের বৈজ্ঞানিক আলোচনা নানা গ্রন্থেই আছে। অধিকন্তু বাদ্যযন্ত্রের বিশেষ বিবরণ এবং যন্ত্র ব্যবহার করিবার কৌশল সম্বন্ধেও বিবরণে সাহিত্যের পরিচয় পাই।

নবম শতাব্দীতে নান্-চো ঢাক বাজাইবার প্রণালী সম্বন্ধে একখানা গ্রন্থ রচনা করেন। ইহার কিয়দংশ ঐতিহাসিক। গ্রন্থকার বলিতেছেন মধ্যএশিয়া হইতে ঢাক চীনে আমদানি হইয়াছে। তাঙ্ আমলে মধ্য-এশিয়া বলিলে ভারত-"মণ্ডল"ই বুঝিতে হইবে। নানা প্রকার ঢাকের জন্মকথা ও ইতিহাস এইগ্রন্থে আছে। ১২৯ প্রকার বাদ্যরীতি, সুর বা গৎ ইহাতে বিবৃত হইয়াছে। ওয়াইলি বলিতেছেন "অনেকগুলির নামেই বুঝিতে পারি এই সমুদয় ভারতীয়।" ভারতের ঢাকও চীনে আসিয়াছে। গ্রন্থের নাম কী-কুও-লুহ্।

দশম শতাব্দীতে একখানা গ্রন্থ রচিত হয়। ইহাতে নানা প্রকার সঙ্গীতের বিবরণ আছে। নৃত্যকলা সম্বন্ধে গবেষণা আছে। নাট্যের অভিনয় সম্বন্ধেও প্রবন্ধ আছে। বাদ্যযন্ত্র ও গীতও আলোচিত হইয়াছে। ২৮ প্রকার রাগ ও রাগিণী সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ পাওয়া যায়। তাঙ্ আমলের নাচগান বাজনা বুঝিতে হইলে এইগ্রন্থ পাঠ করিতে হইবে। চীনের তাঙ্ আমল ভারতীয় প্রভাবের আমল। কাজেই এই যুগের সকল চীনা গ্রন্থেই ভারতবর্ষকে পাইব—কোথাও মুখ্যভাবে কোথাও বা গৌণভাবে। ভারতবর্ষ চীনকে কেবল ধর্ম্ম প্রদান করে নাই—সমগ্র ভারতীয় সভ্যতারই নানা অঙ্গ প্রদান করিয়াছিল।

"কিন্" বা বীণা সম্বন্ধে ১৫৭৩ খৃষ্টাব্দে একখানা বই লেখা হয়। উহা দশখণ্ডে বিভক্ত। ইহাতে নিম্নলিখিত বিষয় আলোচিত হইয়াছে।—(১) শিক্ষার্থীদিগের পালনীয় নিয়ম। (২) সঙ্গীত কলার নানা রাগরাগিণী, সুর বা গতের নাম ও বিবরণ। (৩) এই সকল বিষয়ে লিখিত গ্রন্থের তালিকা। (৪) বীণা প্রস্তুত করিয়া প্রসিদ্ধ হইয়াছেন এরূপ ওস্তাদ কারিগরগণের নাম। সংখ্যা বিপুল। (৫) স্বরলিপি।

৭৮৫ খৃষ্টাব্দে জেড্ পাথরের বাদ্যযন্ত্র ভারতবর্ষ হইতে চীনে আনা হয়। তে-চুঙ্ তখন চীনেশ্বর। ফরাসী পণ্ডিত বেজিন তাঁহার "চীনা থিয়েটার" গ্রন্থে লিখিয়াছেন যে নাট্যকলা ভারতবর্ষ হইতেই চীনে আসিয়াছিল। খৃষ্টীয় অষ্টম শতাব্দীর পূর্ব্বে চীনে রঙ্গমঞ্চ ছিল না। নাচগান সমন্বিত অভিনয় চীনারা ভারতীয় বৌদ্ধ অধ্যাপকগণের নিকট প্রথম শিক্ষা করে। বৌদ্ধ বলিলে যে-কোন ভারতবাসীকেই বুঝাইত। ভারতবর্ষের সকল বস্তুই চীনাদের বিবেচনায় "বুদ্ধমার্কা" ছিল।

(৩) শিল্প-সংগ্রহ ও বিবিধ "কলার" কথা।

খৃষ্টীয় পঞ্চম শতাব্দীতে তাও-কীয়েন-লুহ্ নামক একখানা গ্রন্থ রচিত হইয়াছিল। ছুরি ছোরা তলোয়ার খাঁড়া ও অন্যান্য শস্ত্র সম্বন্ধে ইহা ইতিহাসপুস্তক। লোহা, তামা ও সোণার তলোয়ারের উল্লেখ আছে। পাথরের নির্ম্মিত শস্ত্রের কথাও জানিতে পারি। সোণালি অক্ষরে নাম খোদাই করা হইত এই ধরণের তলোয়ার প্রাচীন ও মধ্যযুগের রাজরাজড়াদের অনেক ছিল। জাপানের কাইযোগণ ও এই সকল হাতিয়ার রাখিতেন। গ্রন্থে মান্ধাতার আমলের তলোয়ারের বিবরণ আছে। সমসাময়িক চীনের শস্ত্রের ও বিবরণ আছে।

চিঙ্-লুহ নামক একখানা গ্রন্থ ষষ্ঠ শতাব্দীতে লিখিত হয়। তাহাতে ধাতু নির্ম্মিত পাত্রের ঐতিহাসিক বিবরণ আছে। অধিকাংশই হান্-আমলের জিনিষ। ধাতু ঢালাই করিবার প্রণালী, পাত্রগুলির মাপজোক এবং নামখোদাই সবই এই গ্রন্থে পাওয়া যায়।

দ্বাদশ শতাব্দীতে ওয়াং-কু নামক একব্যক্তি পুরাণা জিনিষের এক তালিকা প্রস্তুত করেন। উহা এক প্রকার বিশ্বকোষবিশেষ। নাম সুয়েন্-হো-পো-কু-তু। ত্রিশখণ্ডে বিভক্ত। নানাপ্রকার পাত্র, আয়না, পেয়ালা রেকাবি, ফুলদানের বিবরণ ইহাতে আছে। চাং আমল হইতে হান্ আমলের বস্তু এই গ্রন্থের আলোচ্য বিষয়। প্রত্যেক প্রবন্ধ সচিত্র। পাত্রের গায়ে খোদাই করা অক্ষরগুলিও গ্রন্থের মধ্যে উদ্ধৃত করা হইয়াছে। বস্তুগুলির বর্ণনায় ওয়াংকু নিজের কথা প্রায়ই বলেন নাই। পূর্ব্ববর্ত্তী লেখকগণ এই সমুদয় সম্বন্ধে নানা কথা লিখিয়া গিয়াছিলেন। ওয়াংকু সেই সমুদয় সঙ্কলন করিয়াছেন মাত্র। ছবিগুলি নিখুঁত। প্রাচীন চীনের শিল্প বুঝিবার পক্ষে এই সংগ্রহ-পুস্তকখানা বিশেষ মূল্যবান্। ভারতীয় সাহিত্যে এই ধরণের একখানা পুস্তিকাও আছে কি? বোধ হয় না।

এই ধরণের শিল্প-সংগ্রহ বিষয়ক গ্রন্থ চীনারা নানা যুগেই লিখিয়াছে। বর্ত্তমান যুগেও এই সাহিত্য চলিতেছে। ১৭২৬ খৃষ্টাব্দে একখানা গ্রন্থ প্রকাশিত হয়। তাহাতে শিল্পদ্রব্যের গাত্রে খোদাই করা রচনার বিবরণ দেখিতে পাই। এই গুলি চাও্ আমল হইতে তাঙ্ পর্য্যন্ত কালের বস্তু। পরবৎসর আর একখানা প্রবন্ধ প্রকাশিত হয়। তাহাতে কেবল আয়নার ছবি আছে। এই গুলিও চাও-চাতা আমলের দ্রব্য।

দোয়াত, কালী, কাগজ, তুলী ইত্যাদি এবং চিত্র-শিল্পের উপকরণ সম্বন্ধেও নানা গ্রন্থ আছে। মোগল আমলের লুহ-ইউ একখানা গ্রন্থ রচনা করেন। নাম নিহ্-শে। তাহাতে কালী প্রস্তুত করিবার শিল্প বিবৃত আছে। ইহা ঐতিহাসিক তথ্যে পূর্ণ। ১৫০ জন পুরাণা মসী-শিল্পীর কথা এই পুস্তকের আলোচ্য বিষয়। অধিকন্তু চীনের বাহিরে লোকেরা কিরূপে কালী প্রস্তুত করে তাহার বিবরণও আছে। কোরিয়ার মসী-শিল্প, তাতারজাতির মসীশিল্প এবং মধ্যএশিয়াবাসীদিগের মসী-শিল্পের কথাও ইহাতে জানিতে পারি। মধ্য-এশিয়ার কথায় ভারতের কথাই আন্দাজ করা চলিতে পারে।

চীনে প্রচলিত মুদ্রা সম্বন্ধেও নানাগ্রন্থ আছে। পুরাণা আমলের মুদ্রা সংগ্রহ করিবার বাতিক চীনাদের ছিল। সেই গুলির বিবরণ লিখিয়া রাখাও তাহাদের অভ্যাস ছিল। খৃষ্টীয় সপ্তম শতাব্দীতে এই ধরণের মুদ্রা-সাহিত্যের অস্তিত্ব অবগত হওয়া যায়। ১১৪৯ খৃষ্টাব্দের একখানা গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ। ইহাতে সুপ্রাচীনকাল হইতে দশম শতাব্দী পর্য্যন্ত কালের মুদ্রাতত্ত্ব আলোচিত হইয়াছে। গ্রন্থ সচিত্র। প্রত্যেক মুদ্রার সাকার পরিমাণ ও লিপি যথারীতি বর্ণিত আছে। বিদেশীয় রাষ্ট্রের মুদ্রার কথাও ইহাতে জানিতে পারি। লেখকের নাম হুং-চুন্। গ্রন্থের নাম চুয়েন-চে। ১৫ খণ্ডে বিভক্ত। ভারতীয় ৬৪ কলায় মুদ্রার উল্লেখ নাই।

পেকিঙের রাজ দরবারের পুরাণা মুদ্রার সংগ্রহ রক্ষিত হইয়া থাকে। ১৭৫০ খৃষ্টাব্দে এই সংগ্রহের বিবরণ রাজাদেশে প্রকাশ করা হয়। ইহাতে এশিয়ার নানাদেশের মুদ্রাও বিবৃত আছে। নানা পদক বা মেডেলের বিবরণ ও দেখিতে পাই। গ্রন্থ সচিত্র।

প্রস্তর-শিল্প চীনে অতি পুরাতন। কাজেই নানা

প্রকার পাথর সম্বন্ধে চীনা সাহিত্যও রচিত হইয়াছে। সুগন্ধি দ্রব্য প্রস্তুত করিবার কৌশল ইত্যাদিও চীনা সাহিত্যে স্থান পাইয়াছে।

চা চীনাদের খাঁটি স্বদেশী বস্তু। কাজেই চা গাছের কথা চীনাসাহিত্যে থাকিবারই কথা। চা-কিঙ্ নামক গ্রন্থ অষ্টমশতাব্দীর রচনা। ইহার আলোচ্য বিষয়—(১) চা-গাছের উৎপত্তি, (২) গাছ হইতে চয়ন করিবার প্রণালী, (৩) চার পাতা প্রস্তুত করিবার নিয়ম, (৪) এই সকল কার্য্যে ব্যবহারোপযোগী পাত্রের বিবরণ, (৫) চা-পান, (৬) ঐতিহাসিক তথ্য, (৭) কোন্ কোন্ জেলায় চা উৎপন্ন হয়, (৮) বিবিধ, (৯) চিত্র-পরিচয়। চা-সম্বন্ধে নানা গ্রন্থই রচিত লইয়াছে। কোন্ জলে চার স্বাদ উৎকৃষ্ট হয় সেই বিষয়েও একাধিক গ্রন্থের পরিচয় পাই। এক লেখক সাত নদীর তুলনা করিয়া ইয়াংসির জল সর্ব্বোৎকৃষ্ট বলিয়াছেন। চার জন্য জল গরম করিবার নিয়মও সাহিত্যে স্থান পাইয়াছে। তাঙ্ আমলের এক ব্যক্তি ষোলটা প্রবন্ধ লিখিয়াছেন। তিন প্রবন্ধে জল ফুটিবার মুহূর্ত্ত সম্বন্ধে লক্ষ্য রাখিবার সঙ্কেত আছে। তিন প্রবন্ধে জল ঢালিবার নিয়ম বিবৃত হইয়াছে। কেট্‌লি ও অন্যান্য পাত্র সম্বন্ধে পাঁচ প্রবন্ধ লিখিত। আর জ্বালানি কাষ্ঠের কথা পাঁচ প্রবন্ধে পাই।

মদ চোঁয়ান, বাগান তৈয়ারি করা, বাঁশের খোল প্রস্তুত করা, পাখীধরা, মাছধরা, ইত্যাদি অসংখ্য বিষয়ই চীনা সাহিত্যে আছে। ভারতীয় চৌষট্টি কলার মধ্যে এই ধরণের অনেক জিনিষ অন্তর্গত। সেই সকল কলা সম্বন্ধীয় সাহিত্য ভারতেও ছিল। সেই সমুদয়ের আলোচনা অল্পবিস্তর আজকাল দেখা যাইতেছে।

শ্রী ———

ঢাকায় রথযাত্রা। *

বর্ত্তমান আষাঢ় সংখ্যার "ভারতী"তে "চল্‌তি ভাষা" শীর্ষক একটী প্রবন্ধ বাহির হইয়াছে। প্রবন্ধ লেখক বলেন—

"সাহিত্য কার ইঙ্গিতে চলে? এক একজন প্রতিভাবান এসে সারথি হন তাঁরাই সাহিত্যকে গতি-দান করেন। এঁদের দ্বারাই সত্যকার সাহিত্য সৃষ্টি হয়;—বাকি লোক তাঁর অনুকরণ বা অনুসরণ করে।

"যিনি সাহিত্যের মহারথী তিনি রথ হাঁকিয়ে চলেন সেই রথের চাপে সাহিত্যের রাস্তা আপনি তৈরি হয়ে ওঠে। সে রথ কল্‌কাতার মধ্যেই চলুক, কি ঢাকায় চলুক তাতে কিছু আসে-যায় না। আজ্‌কের দিনে কল্‌কাতার রাজপথে সাহিত্যের মহারথী আকাশে ধ্বজা উড়িয়ে চলেছেন—সমস্ত বাংলাদেশ সেইদিকে অবাক্ হয়ে চেয়ে আছে। এমন যদি কোনো দিন আসে যখন ঢাকার পথে এমনিতর করে রথের চাকা ঘর্ঘর শব্দে চল্‌তে থাক্‌বে তখন সমস্ত বাংলাদেশ ঢাকার দিকেই অবাক্-দৃষ্টি ফেরাবে;—সেই রথের আগে আগে তার হৃদয়ের শ্রদ্ধার নমস্কার আপনি অবনত হয়ে পড়বে। তুমি বাঁধাপথ তৈরি করতে চাচ্ছ—সেই বাঁধাপথে যে সাহিত্যের মহারথী রথ চালাবেন এমন সুবোধ চালক তিনি নন। তাঁর কাজই যে ওই যে তাঁকে নূতন পথ দেখাতে হবে।"

"বর্ত্তমান সাহিত্যরথী যে-পথ তৈরি করে দিচ্ছেন, সে পথে তোমার আমার মতো সামান্য কারবারিকে চলতেই হবে। পূর্ব্ব অঞ্চল পশ্চিমের প্রতি অভিমান করে বসে থাকলে চলবে না। এখন ঐ এক রাস্তা! কারণ আর সব পথ অন্ধকারে ঢেকে আস্‌ছে—অব্যবহারে মরে আস্‌ছে; সে পথ অচেনা অজানা হয়ে পড়েছে। তার গতি থেমে গেছে—তাকে ছাড়িয়া চলবার ডাক আমরা শুনতে পেয়েছি। কাজেই যে

* পূর্ব্ববঙ্গ সাহিত্য সমাজের অধিবেশনে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ভট্টাচার্য্য কর্ত্তৃক পঠিত।

পথ তৈরি-হতে-হতে চলেছে সে পথের যাত্রী আমাদের হতেই হবে। তার বিরুদ্ধে চীৎকার করে গলা ভাঙ্‌তে পারি, আর কিছু পারব না। সারথির রথের চাপে চাপে সাহিত্যের পথ তৈরি হতে হতেই চলবে।"

পুরাকালে রোমান সম্রাট্‌গণ যখন দিগ্বিজয় করিয়া রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিতেন, তখন রোমনগরীর রাজপথে তাঁহাদের রথের চাকার সহিত বিজিত রাজাদিগকে নাকি বাঁধিয়া দেওয়া হইত। আমাদের বর্ত্তমান বঙ্গসাহিত্য-সম্রাটের দ্বারাও বোধ হয় এইরূপ একটা অনুষ্ঠান সম্পাদন করিবার জন্য তাঁহার কোন কোন পার্শ্বচরের মনে সাধ হইয়াছে। কলিকাতার রাজপথে স্যার রবীন্দ্রনাথ ঠাকুর রথারোহণ করিয়া আকাশে ধ্বজা উড়াইয়াছেন, তাঁহার সঙ্গে সঙ্গে বন্দি-মাগধগণ তাঁহার জয় ঘোষণা করিতে করিতে চলিয়াছেন, তাঁহার রথনেমির ঘর্ঘর শব্দে দিগ্‌বলয় মুখরিত হইয়াছে—এরূপ দৃশ্য খুব মনোহর হইবে সন্দেহ নাই। কিন্তু সেই রথের চাকার সহিত বাঁধিয়া দেওয়ার লোক কয় জন মিলিবে? সম্রাটের বিজয়-ভেরী তো অনেককাল যাবৎ বঙ্গদেশ কম্পিত করিয়া নিনাদিত হইতেছে, কিন্তু সমগ্র বঙ্গদেশের কথা দূরে থাকুক, এপর্য্যন্ত কয়জন কলিকাতাবাসী সাহিত্যিক তাহাতে সাড়া দিয়াছেন?

যখন লোকে স্বেচ্ছাপূর্ব্বক তাঁহার দাসত্ব স্বীকার করিতে রাজি হইতেছে না, তখন সম্রাট অবশ্যই তাঁহার বিদ্রোহী প্রজা দমনের জন্য যুদ্ধ ঘোষণা করিবেন। তখন তাঁহার দৃষ্টি সর্ব্বাগ্রে কোন দিকে পতিত হইবে? ভারতীর লেখক তাহার আভাষ দিয়াছেন। কলিকাতার ন্যায় ঢাকা এক সময়ে বঙ্গের রাজধানী ছিল, ঢাকা কোন কোন বিষয়ে এখনও কলিকাতার সহিত প্রতিযোগীতা করিতে প্রস্তুত, আবার সম্প্রতি বিদ্রোহীদল ঢাকায় তাহাদের একটা কেল্লা স্থাপন করিয়াছে। সুতরাং খুব সম্ভব অচিরে ঢাকার রাজপথে তাঁহার রথচক্রের ঘর্ঘর শব্দ শুনা যাইবে। ঢাকার সাহিত্যিকগণ সাবধান হউন!

কিন্তু ঢাকার ভাগ্যে যদি সাহিত্য-সম্রাটের রথযাত্রা দর্শন ঘটে তবে ঢাকাবাসিগণের এক বিষয়ে বিশেষ সুবিধা দেখিতেছি। সম্রাটের রথ তো নবাবপুর পাটুয়াটুলীর ন্যায় সর্ব্বসাধারণের চল্‌তি রাস্তায় চলিবে না। শুনিতেছি সেই রথের চাপে নাকি নূতন রাস্তা "আপনি তৈরি হয়ে উঠে।" কলিকাতার Improvement Trust কলিকাতাসহরে নূতন নূতন রাস্তা বাহির করিবার এই "সুবর্ণসুযোগ" কেন পরিত্যাগ করিতেছেন বুঝি না। আশা করি ঢাকার মিউনিসিপালিটী এই সুযোগ ছাড়িবেন না। যাহাতে সেই রথটা সর্ব্বপ্রথমে শাঁখারিবাজারের দিকে চলে পূর্ব্ব হইতে তাহার বন্দোবস্ত করিবেন। তাহা হইলে বিনা অর্থব্যয়ে একটা খাসা নূতন রাস্তা প্রস্তুত হইয়া ঐ সকলের স্বাস্থ্যোন্নতি করিবে।

আরনা—এবার রূপক ছাড়িয়া আসল কথাটা বুঝিবার চেষ্টা করা যা'ক। স্যর রবীন্দ্রনাথ ঠাকুর বর্ত্তমান সময়ে বঙ্গসাহিত্যের একচ্ছত্র সম্রাট সে বিষয়ে কোন সন্দেহ নাই। তিনি কলিকাতার চল্‌তি ভাষায় কাব্য উপন্যাস প্রবন্ধাদি লিখিয়া থাকেন। ঠাকুরবাটীর কোন কোন লেখক লেখিকা এবং রবীন্দ্রনাথের কোন কোন পার্ষদও সেই ভাষায় লেখেন। আবার "সবুজ পত্র" সম্পাদক মিঃ প্রমথ চৌধুরীও কলিকাতার চল্‌তি ভাষাকেই বঙ্গসাহিত্য রচনার একমাত্র উপযুক্ত ভাষা মনে করেন। তিনি কলিকাতার চল্‌তি ভাষার নাম দিয়াছেন "মাতৃভাষা", আর এতকাল যে ভাষায় বঙ্গ-সাহিত্য রচিত হইয়া আসিয়াছে তাহা নাকি আমাদের ধারকরা ভাষা। বলা বাহুল্য তাঁহার এইমত সর্ব্ববাদি-সম্মত নহে। মধ্যে মধ্যে থাকিয়া থাকিয়া এই মতের আলোচনা হইতেছে, অনেকেই এইমত নিতান্ত অসার বলিয়া মনে করেন। গতবৎসর আষাঢ় মাসের "নারায়ণ" পত্রিকায় আমি এসম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিয়াছিলাম। আমি বলিয়াছিলাম "মাতৃভাষা" যদি সাহিত্যে চলে, তবে কলিকাতা অঞ্চলের মাতৃভাষার ন্যায় মেদিনীপুর, মানভূম, যশোহর, ঢাকা, ময়মনসিংহ, বাখরগঞ্জ, চট্টগ্রামের মাতৃভাষাগণও সমানভাবে মাথা খাড়া করিয়া উঠিয়া প্রচলিত সাধুভাষার সঙ্গে এক

মস্ত লড়াই বাধাইয়া দিবে। ইহাদ্বারা বঙ্গসাহিত্যের নিশ্চয়ই শ্রীবৃদ্ধি হইবে না। মিঃ চৌধুরী তাহার পরে সবুজ পত্রে ও অন্যান্য পত্রিকায় এবিষয়ে অনেক আলোচনা করিয়াছেন, কিন্তু একথার জবাব এপর্য্যন্ত দেন নাই। "ভারতীর" লেখক রবীন্দ্রনাথের দোহাই দিয়া সেই "মাতৃভাষা"কে আবার "চল্‌তি ভাষা" নামে বঙ্গসাহিত্যে চালাইতে চান। তাঁহার কথা এই, রবীন্দ্রনাথ যখন বর্ত্তমান সময়ের সাহিত্যসম্রাট্, তখন সামান্য সাহিত্যসেবীগণ তাঁহার ভাষায় লিখিতে বাধ্য। "বর্ত্তমান সাহিত্যরথী যেপথ তৈরি করে দিচ্ছেন, সে পথে তোমার আমার মতো সামান্য কারবারিকে চল্‌তেই হবে।"

কিন্তু সাহিত্যসম্রাট্ ত এদেশে নূতন হন নাই। বঙ্কিমচন্দ্রও ত ইহার পূর্ব্বে সাহিত্যসম্রাট ছিলেন। তাঁহার আমলে সাহিত্যক্ষেত্রে democracy ছিল, এরূপ autocracy হয় নাই। রাজনীতিক্ষেত্রে যদি autocracy যুগের অবসান হইয়া থাকে, তবে সাহিত্যক্ষেত্রে কি তাহা এখনও চলিবে? বঙ্কিমচন্দ্র যখন পূর্ণমার্ত্তণ্ড-তেজে সাহিত্যগগনে উদিত ছিলেন, তখন আরও কত ছোট বড় সাহিত্যিক বঙ্গদেশে বিদ্যমান ছিলেন। তাঁহারা তাঁহার বঙ্গদর্শনে প্রবন্ধ লিখিতেন এবং পুস্তকাদিও কত লিখিয়াছেন। গদ্যসাহিত্যে ভূদেব, কালীপ্রসন্ন, চন্দ্রনাথ, চন্দ্রশেখর, অক্ষয়চন্দ্র, রমেশচন্দ্র, হরপ্রসাদ, ইন্দ্রনাথ প্রভৃতি এবং পদ্যসাহিত্যে হেমচন্দ্র, নবীনচন্দ্র প্রভৃতি কত লেখক বঙ্গসাহিত্য অলঙ্কৃত করিয়াছেন। বঙ্গভাষার যাহা classics তাহা তো ইঁহাদেরই রচনা। কিন্তু কই, ইঁহারা কেহই ত বঙ্কিম-চন্দ্রের ভাষার অনুকরণ করেন নাই। সাধুভাষা বলিতে আমরা যাহা বুঝি তাহা ইঁহাদেরই ভাষা। বঙ্কিমচন্দ্রের ভাষাও অবশ্য সাধুভাষা। কিন্তু বঙ্কিমচন্দ্রের ভাষার সহিত ইঁহাদের ভাষার পার্থক্য আছে। বঙ্কিমচন্দ্রের ভাষাও ক্রমশঃ অনেক পরিবর্ত্তিত হইয়াছিল। তিনি দুর্গেশনন্দিনী ও কপালকুণ্ডলাতে "লম্ফত্যাগ" "নিদ্রাগমন" লিখিয়া বিষবৃক্ষে "গরু ঠেঙ্গাইয়া" ছিলেন। তাঁহার ভাষা প্রথমে অনেকটা সংস্কৃতঘেঁসা ছিল, পরে তাহা কথোপকথনের সরল ভাষায় পরিবর্ত্তিত হইয়াছিল। কথোপকথনের সরল ভাষায় তো দোষ নাই, কিন্তু সেই ভাষার সঙ্গে যদি প্রাদেশিক শব্দ ব্যবহৃত হয়—যাহা একজেলার লোকে ব্যবহার করে অন্য জেলার লোকে করে না—ইহাই আপত্তিজনক। এইরূপ প্রাদেশিক শব্দ ব্যবহারে বঙ্গসাহিত্য ছিন্নভিন্ন হইয়া পড়িবে, এবং বঙ্গভাষার ক্রমোন্নতির পথে বাধা পড়িবে।

এই ধরুন উপরের উদ্ধৃতাংশে আছে—"আজকের দিনে কলকাতার রাজপথে সাহিত্যের মহারথী আকাশে ধ্বজা উড়িয়ে চলেছেন,—সমস্ত বাংলাদেশ সেই দিকে অবাক্ হয়ে চেয়ে আছে।" এই বাক্যে অবশ্য কলিকাতার চল্‌তি ভাষা অর্থাৎ কথোপকথনের ভাষায় রচিত। কিন্তু একজন ঢাকাবাসী বা চট্টগ্রামবাসীর পক্ষে ইহা চলিত ভাষা নহে, এবং তিনি অনেক চেষ্টা করিয়াও এরূপ ভাষায় লিখিতে পারিবেন না, লিখিলেও তাহা সহজ ও স্বাভাবিক হইবে না, তাহা ধারকরা জিনিষের ন্যায় কৃত্রিম হইবে এবং পদে পদে সেই কৃত্রিমতা ধরা পড়িবে। আবার তিনি যে কলিকাতার চল্‌তি কথা লিখিবেন, হয়ত তাহা তিনি সহস্র চেষ্টা করিয়াও কলিকাতাবাসীর ন্যায় উচ্চারণ করিতে পারিবেন না। যে সকল সাহিত্যরথী উচ্চারণ অনুসারে শব্দের বানান করেন—যাঁহারা "বাঙ্গলা" শব্দকে "বাংলায়," "কি" শব্দকে "কী" তে, "উড়াইয়া" কে "উড়িয়েতে" "হইতেছেকে" "হচ্ছেতে" বিকৃত করিতেছেন, তাঁহারা ঢাকা ও চট্টগ্রামবাসী লেখককে কোন ভাষায় লিখিতে বলেন জানিতে ইচ্ছা করি। কলিকাতা অঞ্চলের প্রাদেশিক শব্দ যখন তাঁহারা বিশুদ্ধরূপে উচ্চারণ করিতে পারেন না, এবং তাঁহাদের নিজ নিজ জেলার ভাষায় পুস্তকাদি লিখিলেও যখন তাহা অন্য জেলার লোকে বুঝিতে পারিবে না, অবশ্যই তাঁহাদিগকে সাধু ভাষায় লিখিতে হইবে। কলিকাতার প্রাদেশিকতা বর্জ্জন করিলে উল্লিখিত বাক্যটি এইরূপ দাঁড়ায়:—

"আজকার দিনে কলিকাতার রাজপথে সাহিত্যের মহারথী আকাশে ধ্বজা উড়াইয়া চলিয়াছেন—সমস্ত

বাঙ্গলাদেশ সেই দিকে অবাক হইয়া চাহিয়া আছে।” বলা বাহুল্য ইহাই সাধুভাষা, বাঙ্গলা ক্লাসিকের ভাষা, এবং ইহাই সমগ্র বঙ্গদেশের চল্‌তি ভাষা। অবশ্য কথোপকথনের চল্‌তি ভাষা নহে, লেখার চল্‌তি ভাষা। মেদিনীপুর হইতে চট্টগ্রাম পর্য্যন্ত সমস্ত বঙ্গদেশের লোক এখনও এই চল্‌তি ভাষায় গ্রন্থ রচনা করে, চিঠিপত্র লেখে এবং ব্যবসা বাণিজ্য রাজকার্য্য প্রভৃতি দৈনন্দিন ব্যাপার নির্ব্বাহ করিয়া থাকে। চট্টগ্রামের লোকের কথোপকথন মেদিনীপুরের লোকে, অথবা মানভূমের লোকের কথোপকথন ময়মনসিংহের লোকে বুঝিতে পারিবে না, কিন্তু এই সাধুভাষায় তাহাদের মধ্যে চিঠি পত্র লেখা হয় বলিয়া এই সকল জেলার লোক সকলেই নিজদিগকে বাঙ্গালী বলিয়া পরিচয় দিতে পারে, এবং সেই পরিচয়দানে বিশেষ গর্ব্ব অনুভব করে। নচেৎ বঙ্গদেশ হইতে বিচ্ছিন্ন হইয়া মানভূমের লোক এত আন্দোলন করিতেছে কেন? এই সাধুভাষাই বঙ্গদেশের “lingua franca.” ইংরেজী সাহিত্য যে “King's English” এ লিখিত, তাহাও এইরূপ প্রাদেশিকতাবর্জ্জিত সাধুভাষা। তাহা লণ্ডনের Cockney dialect ও নহে, আবার Yorkshire এর গ্রাম্য dialect ও নহে।

এখন জিজ্ঞাসা করি, সাধুভাষা কি মরিয়া গিয়াছে? অথবা “অব্যবহারে মরে আস্‌ছে?” অথবা “অচেনা অজানা হয়ে এসেছে?” অথবা “তাহার গতি থেমে গেছে?” বলা বাহুল্য এসব কবির কল্পনা। যিনি এরূপ লিখিয়াছেন, তাঁহার নিশ্চয়ই কলিকাতার যোঁড়াসাঁকোর ঠাকুরবাটীর বাহিরের অভিজ্ঞতা নাই। কিন্তু প্রচলিত বঙ্গসাহিত্যও কি তিনি পড়েন না? কলিকাতা হইতে যে সকল সাময়িক পত্র প্রকাশিত হয় তাহাও কি তিনি কখন দেখেন না? সে গুলি কি কলিকাতার চল্‌তিভাষায় লিখিত? কখনই না। সুতরাং সাধুভাষার অন্ত্যেষ্টিক্রিয়ার সম্পাদনের এখনও অনেক বিলম্ব আছে। মফঃস্বলের কথা দূরে থাকুক নিজ কলিকাতার শতকরা ৯৯ জন লোকেও যখন এখন পর্য্যন্ত সাধুভাষায় চিঠি লিখিতেছেন, পুস্তক রচনা করিতেছেন, সংবাদপত্র লিখিতেছেন, তখন সাধুভাষার এত শীঘ্র শীঘ্র গঙ্গাযাত্রা করা সম্ভব হইবে কি? যে “মোঁড়লকে” তাঁহার নিজ বাসস্থান কলিকাতার লোকে মানে না, তাঁহাকে ঢাকা বা চট্টগ্রামের লোকে মানিবে কেন?

কলিকাতার চলতিভাষা ব্যবহার করাতে পূর্ব্ববঙ্গবাসীদের কোন অভিমানের কারণ আছে কি? তাহা কখনও নহে। পূর্ব্ববঙ্গবাসী শিক্ষিত লোকেরা প্রায় সকলেই ইচ্ছাপূর্ব্বক অথবা অনিচ্ছাপূর্ব্বক পশ্চিম বঙ্গের ভাষার অনুকরণ করিয়া থাকেন—লেখাতেও করেন, কথোপকথনেও করেন। বিশেষতঃ পশ্চিম বঙ্গের লোকদিগের সহিত মিশিতে হইলে পূর্ব্ববঙ্গবাসীগণ অনেকেই তাঁহাদের ভাষায় কথা কহিতে চেষ্টা করেন। গ্রন্থরচনাতেও পূর্ব্ববঙ্গের লেখকগণ যতদূর সম্ভব তাঁহাদের প্রাদেশিকতা বর্জ্জন করিয়া পশ্চিমবঙ্গে প্রচলিত বিশুদ্ধ সাধুভাষা অবলম্বন করিয়া থাকেন। কোন ঢাকাজেলাবাসী শিক্ষিত ভদ্রলোক এখন আর “বাড়ীর থনে আইছি” বলেন না, “বাড়ীর থেকে আইছি” অথবা “বাড়ীর থেকে এসেছি” বলেন, এবং লিখিবার সময় “বাড়ী হইতে আসিয়াছি” লেখেন। মিঃ পি, চৌধুরী যেমন পাবনা জেলার লোক হইয়াও খাস কলিকাতার ভাষা সম্পূর্ণরূপে আয়ত্ত করিয়াছেন, ঢাকা ফরিদপুর কি বরিশালবাসী এরূপ অনেক লোক আছেন যে তাঁহাদের কথা শুনিলে তাঁহাদিগকে যেন কলিকাতাবাসী বলিয়াই মনে হয়। পূর্ব্ববঙ্গবাসীদের পশ্চিমবঙ্গের ভাষা অবলম্বন করা বিষয়ে কিছুমাত্র অভিমান নাই। যাহা সুন্দর, শ্রুতিমধুর, বিশুদ্ধ ও সুমার্জ্জিত তাহা গ্রহণ না করাই নির্ব্বুদ্ধিতা। মাতৃভাষার সেবা করিতে গিয়া আমাদিগকে অভিমান করিয়া বসিয়া থাকিলে চলিবে কেন? যেখানে যে সুন্দর ফুল ফুটিয়াছে দেখিব তাহা তুলিয়া আনিয়া মায়ের শ্রীঅঙ্গ মনের সাধে সাজাইব। চাই কি সে ফুল কলিকাতার ইডেনগার্ডেনেই ফুটুক অথবা চট্টগ্রামের পাহাড়েই ফুটুক। তবে সে ফুল স্বাভাবিক হওয়া চাই, কৃত্রিম হইলে চলিবে না। যে পূর্ব্ববঙ্গের লেখক

কলিকাতার চলতি ভাষা সম্পূর্ণরূপে আয়ত্ত করিয়াছেন, তিনি সেইরূপ ভাষায় ইচ্ছা করিলে পুস্তক রচনা করিতে পারেন, যেমন মিঃ চৌধুরী সবুজপত্রে লিখিতেছেন। তাঁহার লেখনীতে সে ভাষা আদৌ অবলম্বনীয় নহে। এই ধরুন, আমি যদি সে ভাষায় পুস্তকরচনা করি, তবে প্রতিছত্রে আমার idiom এর দোষ ঘটিবে। আমি দীর্ঘকাল পশ্চিমবঙ্গে অবস্থান হেতু পশ্চিমবঙ্গের ভাষা আয়ত্ত করিয়াছি বলিয়া আমার কিঞ্চিৎ গর্ব্ব ছিল। কিন্তু আমার "উড়িষ্যার চিত্র" হইতে পূজ্যপাদ স্বর্গীয় ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় এক ঝুড়ি idiom এর ভুল বাহির করিয়াছিলেন। আমার "ধ্রুবতারা" হইতেও আমার আর একটী বন্ধু অনেক গুলি idiom এর ভুল ধরিয়াছিলেন। অবশ্য এসব ভুল কথোপকথনের ভাষায় ছিল। সুহৃদবর সাহিত্যরথী শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন দীর্ঘকাল কলিকাতায় বাস করিতেছেন। তিনি তাঁহার নবপ্রকাশিত পুস্তক "গৃহশ্রী" কতকটা কলিকাতার কথোপকথনের ভাষায় লিখিতে চেষ্টা করিয়াছেন, এবং তাহার মধ্যে বিস্তর idiom এর ভুল আছে। ফলতঃ যে ভাষা আমাদের মাতৃস্তন্যের সহিত আমরা রক্তমাংসের সামিল করি নাই, তাহা আয়ত্ত করা যে কতদুর কষ্টসাধ্য তাহা যিনি করিয়াছেন তিনিই জানেন। যাঁহার কলিকাতার চল্‌তি ভাষা আয়ত্ত করিবার সুযোগ ঘটে নাই, তিনি কি হাজার প্রতিভাশালী হইয়াও সাহিত্যসেবা হইতে বঞ্চিত হইবেন? পূর্ব্ববঙ্গের প্রসিদ্ধ কবি বীণাপাণির বরপুত্র শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র দাসের হৃদয়ের কবিত্ববহ্নি কি তবে তাঁহার হৃদয়েই নির্ব্বাপিত করা উচিত ছিল? বলাবাহুল্য ইহা নিতান্ত জোর জবরদস্তীর কথা। সাহিত্য-সম্রাটের পেয়াদা ডিক্রিজারিই করুন, অথবা তাঁহারা পুলিস জামিন মুচলিকায়ই আবদ্ধ করুন, গোবিন্দচন্দ্র দাসের ন্যায় কবি কখনও তাঁহার চিরাভ্যস্ত ভাষা পরিত্যাগ করিয়া কলিকাতার চল্‌তি ভাষায় কাব্য রচনা করিবেন না। করিলে তাঁহার লেখা সব মাটি হইবে। কলিকাতার চল্‌তি ভাষায় গ্রন্থ রচনা করিতে হইলে সমগ্র বঙ্গদেশের লোককে বাল্যকালে কলিকাতায় গিয়া প্রাইমেরী স্কুলে ভর্ত্তি হইতে হইবে।

এখানে প্রশ্ন হইতে পারে, পূর্ব্ববঙ্গবাসীরা যে সাধুভাষায় গ্রন্থ রচনা করেন, তাহাও ত তাঁহাদের "মাতৃভাষা" নহে? সাধুভাষা যেমন তাঁহারা কষ্টস্বীকার করিয়া আয়ত্ত করেন, কলিকাতার চল্‌তি ভাষাও সেইরূপ আয়ত্ত করিতে পারেন। কিন্তু সাধুভাষা বহুকালের অভ্যাস বশতঃ আমাদের মাতৃভাষার সামিল হইয়া পড়িয়াছে। প্রাচীন কালে যাহারা কখনও ছাপার বই পড়িত না, তালপাতায় কলার পাতায় লিখিয়া বিদ্যাভ্যাস করিত, তাহারাও চিঠিপত্র লিখিতে বসিলে "করছে" না লিখিয়া "করিয়াছে" লিখিত, "করতে আছে" না লিখিয়া "করিতেছে" লিখিত, "তিনির" না লিখিয়া "তাঁহার" লিখিত। এই সকল কথোপকথনের ভাষা সামান্য একটু পরিবর্ত্তন করিলেই সাধুভাষা হইয়া দাঁড়ায়। যে লোকটী বসিয়া আছে তাহার পক্ষে সোজা হইয়া দাঁড়ান যতটা স্বাভাবিক, এই কথোপকথনের ভাষার সাধুভাষায় পরিবর্ত্তিত হওয়াও ততটা স্বাভাবিক। যে মুখে "করতে আছে" বলে, তাহার পক্ষে "করিতেছে" লেখা যতটা সহজসাধ্য "কোচ্ছে" লেখা ততটা সহজসাধ্য নহে, বই দেখিয়া লিখিলেও মুখে উচ্চারণ করা একেবারেই সম্ভবপর নহে। আমরা বাল্যকাল হইতে যে সকল ছাপার বই পড়িয়া বিদ্যাশিক্ষা করিয়া আসিতেছি, সে গুলি সাধুভাষায় লিখিত বলিয়া, সাধুভাষা আয়ত্ত করা আমাদের পক্ষে আরও সহজ হইয়াছে। এইরূপে সাধুভাষাই সমগ্র বঙ্গদেশের মাতৃভাষা বলিয়া গণ্য। কলিকাতার চলিতভাষা যদি কখনও এইরূপ ভাবে সমস্ত বঙ্গদেশে প্রচলিত হয়, তবে তাহাও সাধুভাষার ন্যায় আমাদের মাতৃভাষার স্থান অধিকার করিবে। কিন্তু তাহা দীর্ঘকালব্যাপী চেষ্টা ও অভ্যাস সাপেক্ষ। একজন সাহিত্য-সম্রাট যত বড় ক্ষমতাশালীই হউন, তিনি একবার রথ চালাইয়া গেলেই তাঁহার রথের চাপে এইরূপ ভাঙ্গাগড়া হইতে পারে না। তিনি হয়ত অনেক জিনিষ সহজে ভাঙ্গিতে পারেন, কিন্তু তাহার স্থলে অন্য জিনিস গড়িয়া তোলা ততদুর সহজ-

সাধ্য নহে। একটী চঞ্চল শিশু অতি সহজে এক আঘাতে একটা পুতুল ভাঙ্গিতে পারে, কিন্তু সেইরূপ আর একটী পুতুল গড়া তাহার বাপেরও অসাধ্য।

আর এইরূপ ভাঙ্গাগড়ার পক্ষে প্রকৃতিই বাধা দিবে। সাহিত্য-সম্রাট্ তাঁহার সমস্ত সৈন্যবল লইয়াও সেই প্রকৃতির বাধা অতিক্রম করিতে পারিবেন না। সমস্ত বঙ্গদেশ যদি আজ কলিকাতার চল্‌তিভাষায় কথা কহিতে আরম্ভ করে, কালই দেখিবে জেলায় জেলায় সেই ভাষার কত পার্থক্য হইয়া দাঁড়াইবে। একটা প্রবাদ আছে যোজনান্তরই আমাদের কথিত ভাষার পরিবর্তন লক্ষিত হয়। ইহার কারণ কি? দেশের জল বায়ুর পার্থক্য দ্বারা আমাদের গলার স্বর ও উচ্চারণ প্রণালীর পার্থক্য ঘটে। তৎপরে বিভিন্ন স্থানের বিভিন্ন প্রাকৃতিক সংস্থান, বিভিন্ন পারিপার্শ্বিক অবস্থা, বিভিন্ন আচার ব্যবহার, বিভিন্ন চিন্তা প্রণালীর দ্বারাও কথিতভাষায় বিভিন্নতা ঘটে। আবার ভিন্ন দেশীয়, ভিন্ন জাতীয় ও ভিন্ন ভাষাভাষী লোকের সংস্পর্শে আসিয়াও ভিন্ন ভিন্ন জেলার কথিতভাষা বিভিন্ন আকার ধারণ করে। মুসলমান প্রধান পূর্ব্ববঙ্গে অনেক আরবী ও পারসী ভাষা কথিত ভাষার সঙ্গে মিশিয়া গিয়াছে, আবার পণ্ডিতবহুল নদীয়া জেলায় কথিত ভাষার মধ্যে সংস্কৃত শব্দের বাহুল্য দেখা যায়। বঙ্গদেশের সীমান্ত জেলাসমূহে, যেমন মেদিনীপুর, মানভূম, দিনাজপুর, চট্টগ্রামে, যথাক্রমে উড়িয়া, কোল সাঁওতালী, হিন্দুস্থানী ও মগদিগের ভাষা কথিত ভাষার সঙ্গে মিশিয়া তাহাকে কিম্ভূতকিমাকারে পরিবর্ত্তিত করিয়াছে। নিজ কলিকাতার শিক্ষিত সমাজে ইংরেজী কথা এত বেশী চলিয়া গিয়াছে, যে কলিকাতার শিক্ষিত সমাজের চলিতভাষা ইংরেজী না জানা মফঃস্বলবাসীর পক্ষে দুর্ব্বোধ্য হইয়া পড়িয়াছে। আমাদের সাহিত্য-সম্রাটের খাস বাঙ্গালাভাষা—যদি তাহাকে King's Bengali বলিতে চাও ত বলিতে পার—তাহাও ইংরেজীতে অনভিজ্ঞ অনেক বাঙ্গালীর বোধগম্য নহে এরূপ আমি কোন কোন উচ্চশিক্ষিত লোকের মুখে শুনিয়াছি। সুতরাং তাঁহার কিম্বা তাঁহার পার্শ্বদবর্গের চল্‌তিভাষাতো দূরের কথা, কলিকাতার সাধারণ কথোপকথনের চল্‌তিভাষাও সমগ্র বঙ্গদেশে প্রচলিত হওয়ার অনেক বিলম্ব আছে। পূর্ব্ববঙ্গের জিহ্বা কোন ক্রমেই আমের স্থানে "আঁব" উচ্চারণ করিতে রাজি হইবে না। তাহা চিরদিন আম্রের অপভ্রংস "আম" উচ্চারণ করিবে, এবং পূর্ব্ববঙ্গের কোন লোক সেই "আম" পাঠাইতে লিখিলে দ্বারভাঙ্গার লোকই হউক অথবা মালদার লোকই হউক সেই আমের পরিবর্ত্তে কখনও জাম পাঠাইবে না।

আর একটা কথা বলিয়া আমি এই প্রস্তাবের উপসংহার করিতেছি। ভারতীর লেখক বলেন "এমন যদি কোন দিন আসে যখন ঢাকার পথে এমনিতর করে রথের চাকা ঘর্ঘর শব্দে চল্‌তে থাকবে তখন সমস্ত বাংলাদেশ ঢাকার দিকেই অবাক্ দৃষ্টি ফেরাবে—সেই রথের আগে তাহার হৃদয়ের নমস্কার আপনি অবনত হয়ে পড়বে।" আমার দৃঢ় বিশ্বাস লেখক যাহা লিখিয়াছেন তাহা তিনি নিজেই বিশ্বাস করেন না। কারণ এরূপ ঘটনা কখনও সম্ভবপর নহে। সাহিত্য সম্রাটকে "হৃদয়ের নমস্কার" দেওয়া এক কথা—এতদিন আমরা মাথার নমস্কারই জানিতাম, ইহার পরে হয়ত কবে শুনিব মস্তকের ভ্রমণ, কারণ সব জিনিষকে ভেস্তা করিয়া ফেলাই হইতেছে এখনকার দিনে কৃতিত্বের লক্ষণ—যাহা হউক হৃদয়ের নমস্কার অথবা শিরের নমস্কার এককথা আর সাহিত্য-সম্রাটের হাতের অক্ষর, মাথার চুল, গায়ের চাদর, লেখার ছাঁদ, অন্য কমা সেমিকোলনের অন্ধ অনুকরণ করা আর এক কথা। সাহিত্য-সম্রাটকে যদি কেবল ভাষার রাজা বানাইতে চাও তবে তাঁহার অবমাননা করা হইবে। তিনি ভাষার রাজা নহেন, ভাবের রাজা। লোকে তাঁহার পূজা করে তাঁহার ভাষার জন্য নহে, তাঁহার হৃদয়ে স্বভাবতঃ ভাবের প্রস্রবণ ছোটে বলিয়া। তাঁহার হৃদয়ে নব নব ভাবের লহরীলীলা দেখিয়া সকলে মুগ্ধ হয়, ইহাই তাঁহার বিশেষত্ব। তাঁহার অনন্যসাধারণ ভাবের খাতিরে লোকে তাঁহার ভাষার দোষ সহ্য করে। যেমন কোন কোন বিখ্যাত গায়ক কি বাদকের মুদ্রাদোষ থাকিলেও তাঁহার গুণপণায় মুগ্ধ হইয়া লোকে সেই মুদ্রাদোষ

দেখিয়াও দেখে না। যদি ঢাকায় কখনও কোন সাহিত্য-সম্রাট আবিভূর্ত হন আর তিনি যদি সাধুভাষা ছাড়িয়া ঢাকার চলতি ভাষায় পুস্তক রচনা করেন, তবে তিনিও রবীন্দ্রনাথের ন্যায় অনন্যসাধারণ ভাবের জন্য পূজিত হইবেন কিন্তু তাঁহার ভাষার জন্য উপহসিত হইবেন। সাধুভাষা ছাড়িয়া কেহ কখনও তাঁহার ঢাকাই ভাষায় গ্রন্থ রচনা করিবে না এ কথা ধ্রুব সত্য। বাঙ্গালী চিরদিন যে সাধুভাষার সেবা করিয়া আসিয়াছে সেই সাধুভাষারই সেবা করিবে। এই সাধুভাষাই বঙ্গের চলতি ভাষা এবং বাঙ্গালীর মাতৃভাষা। কেবল বঙ্গদেশবাসীর নহে, বঙ্গের বাহিরে—সুদূর পশ্চিমে, মান্দ্রাজ বোম্বাই সিংহলে, উড়িষ্যা আসামে যে সকল বাঙ্গালী বাস করিতেছেন, যাঁহারা হয়ত কখনও কলিকাতার চলতি ভাষা কি জানেন না, এই সাধুভাষাই তাঁহাদের মাতৃভাষা এবং তাঁহাদের লেখার চলতি ভাষা। এই সাধুভাষা দ্বারা প্রবাসী বাঙ্গালীগণ ভিন্ন ভিন্ন প্রদেশের লোকের নিকট যত সহজে মনের ভাব প্রকাশ করিতে পারেন, কলিকাতার চলতি ভাষা দ্বারা তাহা কখনও পারিবেন না। বঙ্গসাহিত্যে এক সম্রাট আছেন, আর এক সম্রাট হইবেন—এক সম্রাট কলিকাতার ভাষায় গ্রন্থ রচনা করিতেছেন, হয়ত আর এক সম্রাট ঢাকার ভাষায় করিবেন—কিন্তু আমরা কোনও সম্রাট বিশেষের দিগ্‌বিজয়ের খাতিরে কখনও সর্ব্বতোবিজয়িনী জননী বঙ্গবাণীর গৌরব খর্ব্ব করিব না। তাঁহার বিজয় বৈজয়ন্তী সমগ্র ভারতবর্ষে উড্ডীয়মান হউক, তাঁহার রথচক্রের ঘর্ঘরশব্দে ভারতের গগণ ভেদ করিয়া পৃথিবীময় পরিব্যাপ্ত হউক—ইহাই আমাদের আন্তরিক প্রার্থনা।

শ্রীযতীন্দ্রমোহন সিংহ।

"রাজা ও প্রজা"।

প্রস্তাবনা।

রাজার স্বরূপ, রাজার প্রয়োজন, বেদে বিস্তারপূর্ব্বক বর্ণিত হইয়াছে; লোকহিতার্থ গৃহীতশরীর ঋষিগণ রাজার বেদবর্ণিত স্বরূপ যাহাতে সকলে যথাযথভাবে দেখিতে পান, রাজার বেদপ্রদর্শিত প্রয়োজন উপলব্ধি করিতে সমর্থ হয়েন, এই উদ্দেশ্যে রাজার স্বরূপ ও প্রয়োজন বিষয়ক বেদোপদেশ সমূহের বিশদভাবে সুগম ভাষায় ব্যাখ্যা করিয়াছেন। মন্বাদি ধর্ম্মশাস্ত্রসমুদায়ে, রামায়ণে, মহাভারতে, পুরাণে, নীতিশাস্ত্রে রাজার স্বরূপ সমুজ্জ্বলবর্ণে অঙ্কিত হইয়াছে, রাজার প্রয়োজন সুস্পষ্টরূপে প্রদর্শিত হইয়াছে। বেদ ও বেদমূলক শাস্ত্রনিকর পাঠ করিলে হৃদয়ঙ্গম হয়, রাজার স্বরূপ ও রাজার প্রয়োজনবোধ সুখশান্তি প্রার্থী মনুষ্যের নিতান্ত আবশ্যক। পরমেশ্বরের স্বরূপদর্শনের প্রয়োজন যাঁহারা অনুভব করিয়াছেন, রাজার তত্ত্বান্বেষণের অবশ্যকর্ত্তব্যতা যে তাঁহাদের সুখবোধ্য হইবে তাহা বিশ্বাস হয়।

রাজার স্বরূপদর্শন ও রাজার প্রয়োজন বোধ সুখশান্তি প্রার্থী মনুষ্যের নিতান্ত আবশ্যক

রাজাকে বৈদিক আর্য্যজাতি দেবতা জ্ঞান করিতেন, বৈদিক আর্য্যজাতির দৃষ্টিতে প্রকৃত রাজা নররূপে অবতীর্ণ মহতী দেবতা, মানুষ নহেন।

স্বধর্ম্মনিষ্ঠ

বিশ্বসম্রাট্ পরমেশ্বর কর্ত্তৃক স্বপ্রতিনিধিরূপে প্রেরিত রাজাকে যাঁহারা দেবতা বলিয়া স্বীকার করিতে পারেন না, তাঁহারা কখনও ঈশ্বরের স্বরূপ দর্শনে পারগ হয়েন না, তাঁহারা কখনও রাজাকে যথার্থভাবে ভক্তিকরিতে সমর্থ হয়েন না। জীব ভগবান্‌কে ভগবানের কৃপা ব্যতিরেকে জানিতে পারে না; শাস্ত্রের উপদেশ, করুণাময় ভগবানই জীবের হৃদয়ে ভগবদ্ভাবকে প্রবোধিত করেন, জীবকে মহাকর্ষণসূত্র বা বিশ্বজনীন প্রেমরজ্জু দ্বারা আকর্ষণ করেন, পিতৃরূপে মাতৃরূপে, গুরুরূপে, ভ্রাতৃরূপে, বন্ধুমূর্ত্তিতে, ধনদাকারে

স্বধর্ম্মপরায়ণ

স্নেহময় নিয়ামক বা শাসকরূপে, এক কথায় সর্ব্বভাবরূপে জীবকে দর্শন দেন, স্বীয় স্বরূপ জানান। তিনি ভিন্ন জীবের যে আর কেহ প্রকৃত উপকারক নাই রক্ষাকর্ত্তা নাই, অভাববিমোচক নাই, জীবকে যথাযোগ্য ব্যবহার দ্বারা তাহা বুঝাইয়া থাকেন। বাস্তবরূপদর্শন যে স্থানে অসম্ভব বা সুখসাধ্য নহে, তৎস্থানে প্রতিকৃতি দ্বারা বাস্তবরূপদর্শনের ইচ্ছা কিয়ৎপরিমাণে পূর্ণ হইয়া থাকে। স্বরূপের উপাসনা সম্ভব না হইলে প্রতীকের উপাসনা করিতে হয়, প্রসিদ্ধ- পূর্ব্বপ্রমিত (known or ascertained previously) অর্থের সাধর্ম্ম্য—সাদৃশ্যজ্ঞান (knowledge of similarity) হইতে সাধ্যের—প্রমেয় অর্থান্তরের সিদ্ধি হইয়া থাকে, পরমেশ্বর এই নিমিত্ত রাজাকে স্বীয় শক্তিবিশেষ দ্বারা পিতৃত্ব মাতৃত্বাদি ধর্ম্মবিশিষ্ট করে সৃষ্টিপূর্ব্বক তাঁহার কার্য্যসম্পাদনার্থ স্বীয় প্রতিনিধিরূপে মর্ত্ত্যধামে প্রেরণ করেন; লোকে রাজাতে পিতৃত্ব মাতৃত্বাদি ধর্ম্ম উপলব্ধি করিয়া, প্রকৃত রাজার স্বরূপ কিয়ৎপরিমাণে হৃদয়ঙ্গম করিতে পারিবে, প্রকৃত রাজার হৃদয়রমণ রূপ দেখিবার জন্য ব্যগ্র হইবে, এই উদ্দেশ্যে রাজারূপে অবতীর্ণ হয়েন। মনুসংহিতাতে উক্ত হইয়াছে, ইন্দ্র, বায়ু, যম, সূর্য্য, অগ্নি, বরুণ, চন্দ্র ও কুবের এই অষ্টদিক্‌পালের সারভূত অংশ গ্রহণ পূর্ব্বক প্রজাপতি রাজাকে সৃষ্টি করিয়াছেন; এই নিমিত্ত স্বীয় প্রভাব দ্বারা ইনি সকল প্রাণীকে অভিভূত করিতে পারেন, প্রতাপে রাজা অগ্নি, বায়ু, সূর্য্য, যম, কুবের, বরুণ, ইন্দ্র ইত্যাদির সমান, রাজা অলৌকিক শক্তিবিশিষ্ট। বালক হইলেও রাজাকে সাধারণ মনুষ্যবোধে অবজ্ঞা করিবে না, রাজা বস্তুতঃ মানুষ নহেন, রাজা মনুষ্যরূপে বিদ্যমান প্রধান দেবতাবিশেষ।

শুক্রাচার্য্য স্বপ্রণীত শুক্রনীতিসার নামক গ্রন্থে বলিয়াছেন, ধর্ম্মপরায়ণ রাজা দেবাংশসম্ভূত, অপিচ যে রাজা ধর্ম্মবিলোপী, প্রজাপীড়ক, সে রাজা রাক্ষসের অংশভূত, সে রাজা অসুরাংশে জন্মগ্রহণ করেন। ধর্ম্মপরায়ণ রাজাতে পিতৃত্ব, মাতৃত্ব, গুরুত্ব, ভ্রাতৃত্ব, বন্ধুত্ব, বৈশ্রবণত্ব, (ধনপতিত্ব) ও যমত্ব (দণ্ডধরত্ব) এই সপ্তগুণ নিত্য বিদ্যমান থাকে, কখন অন্যথা হয়না। বৃহস্পতি বলিয়াছেন—প্রজাগণ যে ধর্ম্মাচরণ করে, ধর্ম্মপালক রাজাই তাহার মূল কারণ, প্রজাগণ রাজভয়েই পরস্পর পরস্পরকে হিংসা করিতে পারেনা। চন্দ্রসূর্য্যের অনুদয়ে জীবগণ যেমন ঘোর অন্ধকারে নিমগ্ন হয়, কেহ কাহাকেও দেখিতে পায় না, রাজা না থাকিলে প্রজাগণও সেইরূপ পালকবিহীন পশুনিকরের ন্যায় ঘোর অন্ধকারে নিমগ্ন হইয়া বিনষ্ট হয়। রাজা যদি রক্ষা না করিতেন তাহা হইলে বলবান্ বলপূর্ব্বক হীনবলদিগের সর্ব্বস্ব হরণ করিত, তাহারা স্ব-স্ব-সামর্থ্যানুসারে পরম আগ্রহেও তাহা রক্ষা করিতে পারগ হইত না, তাহা হইলে, কেহই এই বস্তু আমার এইরূপ জ্ঞান করিতে পারিত না, তাহা হইলে স্ত্রী, পুত্র, বিত্ত ও অন্নাদি ভক্ষ্যদ্রব্য, অথবা অপর কোন বস্তুই স্বায়ত্ত থাকিত না। গৃহদ্বার রুদ্ধ করিয়া লোকে যেমন স্বচ্ছন্দে গৃহমধ্যে নিদ্রা যায়, নৃপতিকর্ত্তৃক রক্ষিত হইয়া মনুষ্যগণ সেইরূপ অকুতোভয়ে সর্ব্বত্র বিচরণ করে, সুখে নিদ্রা যায়। যাঁহার অবস্থানে সকলেই স্বচ্ছন্দে অবস্থান করে, যাঁহার অভাবে সকলেরই অভাব উপস্থিত হয়, যিনি পিতার ন্যায় প্রজাকে রক্ষা করেন যিনি সর্ব্বদা প্রজার গুণসাধনে তৎপর যিনি পুষ্টিবিধাত্রী ও অপরাধ সমূহের ক্ষময়িত্রী মাতার ন্যায় প্রজাবর্গের পোষক ও ক্ষমাশীল, আচার্য্য যে প্রকার শিষ্যকে সুবিদ্যা অধ্যাপন ও হিতোপদেশ প্রদান করেন, যিনি সেইপ্রকার প্রজার বিদ্যাদাতা ও হিতোপদেষ্টা তাঁহাকে দেবতা জ্ঞান করা, ঈশ্বরের প্রতিনিধি বা ধর্ম্মাবতারবোধে সর্ব্বান্তঃকরণে আদর করা আত্মহিতাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রের প্রধান ধর্ম্মরূপে পরিগণিত হওয়া উচিত। এমন পরম হিতকর রাজাকে—বিশ্বসম্রাটের প্রতিনিধিকে দেবতাজ্ঞান করাকে যাঁহারা অর্দ্ধসভ্যোচিত বলিয়াছেন, তাঁহারা যাহাই বলুন, রাজা যে সাধারণ মনুষ্য নহেন, রাজা যে ইন্দ্রাদি অষ্টদিক্‌পালের সারভূত অংশদ্বারা প্রজাপতিকর্ত্তৃক সৃষ্ট পদার্থ তাহা নিঃসন্দেহ। রাজভক্তি যথার্থভাবে পরিপুষ্ট হইলে সর্ব্বসুখনিদান পরমেশভক্তি লাভপূর্ব্বক মনুষ্য কৃতকৃত্য হইয়া থাকে।

রাজাতে দেবতাবুদ্ধি অর্দ্ধসভ্যোচিত হইলেও এইরূপ বুদ্ধি যে হিতকরী শান্তি-সুখবিধাত্রী, তাহা নিশ্চিত। রাজার জীবন রাজাকে দেবতাজ্ঞানে পূজক, অর্দ্ধসভ্য-বোধে উপেক্ষিত বৈদিক আর্য্যজাতির সমীপেই যে অনেকতঃ শঙ্কাবিহীন, ইতিহাস স্পষ্টাক্ষরে তাহাই বলেন। প্রকৃত রাজভক্তি কাহাকে বলে বৈদিক আর্য্যজাতিই তাহা জানিতেন, এখনও অবিকৃত বৈদিক আর্য্যবংশধরগণই তাহা জানেন, রাজাকে দেবতাবোধে দেখিতেন, তাই শুদ্ধ রাজভক্তি বৈদিক আর্য্যজাতির হৃদয়কেই তাঁহার উপযুক্ত আসনরূপে স্থির করিয়াছিলেন।

ধর্ম্মপালক রাজা স্বভাবতঃ কল্যাণগুণগ্রামবিভূষিত হইয়া থাকেন, সেই কল্যাণগুণ সমূহের নিশ্চয়ই পরভাব আছে, অপরিচ্ছিন্নভাব বা পূর্ণরূপ আছে; ঈশ্বর বা ভগবানই পিতৃত্বাদি কল্যাণগুণ নিকরের আশ্রয়, ভগবানেই ইহারা পূর্ণভাবে বিদ্যমান; বেদ ও বেদমূলক শাস্ত্রনিবহ *এই নিমিত্ত ভগবানকেই মূল রাজা বলিয়াছেন,*—মনুষ্যশরীর ধারণ পূর্ব্বক যাঁহারা ধর্ম্মসংরক্ষণাদি রাজকার্য্য সম্পাদন করেন, শাস্ত্র দৃষ্টিতে তাঁহারা ঈশ্বরের বিশিষ্ট-তেজঃ সম্ভূত রাজপ্রতিনিধি।

যাঁহারা রাজাকে এই দৃষ্টিতে দেখিতে পারেন না, রাজার স্বরূপ তাঁহাদের দৃষ্টিতে ঠিকভাবে পতিত হয় না। বেদ ও বেদাশ্রিত শাস্ত্রসমূহ রাজাকে যে দৃষ্টিতে দেখিতে উপদেশ করিয়াছেন, যাঁহারা সেই দৃষ্টিতেই রাজাকে দেখিয়া থাকেন, রাজার স্বরূপদর্শনের চেষ্টা যে, অবশ্য কর্ত্তব্য, তাঁহারা তাহা বুঝেন। আমরা এই জন্য বলিয়াছি, পরমেশ্বরের স্বরূপদর্শনের প্রয়োজন যাঁহারা অনুভব করিয়াছেন, রাজার তত্ত্বান্বেষণের অবশ্যকর্ত্তব্যতা তাঁহাদের সুখবোধও হইবে। দৃষ্ট হইতেই অদৃষ্টের সিদ্ধি হইয়া থাকে। রাজার প্রয়োজন, পূর্ণভাবে না হইলেও ঈষৎসভ্য মানুষ হইতে উচ্চতম সভ্যতা সোপানারূঢ় মনুষ্য পর্য্যন্ত সকলেই যে উপলব্ধি করেন, তাহা স্থির। যাঁহারা রাজাকে দেবতাজ্ঞান করাকে অর্দ্ধসভ্যোচিত ব্যবহার বলিয়াছেন, তাঁহারাও অরাজক জনপদ যে বিবিধ দোষের আকর, রাজা না থাকিলে মানুষের যে ক্লেশের সীমা থাকে না, মানুষের অপায়পরিহার হয় না, তাহা হইলে দুর্ব্বল যে বলবান-দিগদ্বারা সদা উৎপীড়িত হয়, অভিভূত হয়, অরাজক জনপদে যে ভীষণ পাপের স্রোতঃ প্রখর বেগে প্রবাহিত হইয়া থাকে তাহা স্বীকার করেন।

পাশ্চাত্য সুধীবর্গের মধ্যে অনেকের মতে এক প্রভুক -একরাজায়ত্ত রাষ্ট্র (Monarchical Government) সুসভ্যজাতির মধ্যে থাকা উচিত নহে। জার্ম্মন দেশীয় পণ্ডিত বুক্‌নার (L. Buchner) বলিয়াছেন 'রাজনৈতিক সম্বন্ধানুসারে কোন ব্যক্তি প্রজা বা রাজা (প্রভু) হইতে পারে না'। পণ্ডিত বুক্‌নার প্রজাতন্ত্র রাজ্যকেই (Republican form of Government) আদর করিয়াছেন, তাঁহার বিশ্বাস, কালে সমস্ত সভ্য রাজ্য প্রজাতন্ত্ররাজ্যে পরিণত হইবে। আমরা পণ্ডিত বুক্‌নার প্রভৃতি পাশ্চাত্য কোবিদ-কুলের সহিত একমত হইতে পারি নাই। বেদে, স্মৃতিপুরাণাদি শাস্ত্রসমূহে একরাজায়ত্ত রাজ্যেরই প্রশংসা আছে, এক প্রভুক রাষ্ট্রই যে প্রাকৃতিক নিয়মে হওয়া উচিত শাস্ত্রপাঠ পূর্ব্বক আমাদের ইহাই ধারণা হইয়াছে। ঐতরেয় ব্রাহ্মণ পাঠ করিলে অবগত হওয়া যায়, রাজার অভিষেক সময়ে আচার্য্য সমুদ্রপর্য্যন্ত পৃথিবীর 'একজনই রাজা হইন' এইরূপ ইচ্ছাভিব্যঞ্জক মন্ত্র উচ্চারণ করিতেন।* একরাজায়ত্ত রাষ্ট্রই যে বেদের অভিমত ইহা হইতে তাহা প্রতিপন্ন হইতেছে।

পণ্ডিত বুকনার বলিয়াছেন, কোন এক ব্যক্তিকে অপর ব্যক্তি সমূহের নিয়ামকরূপে মানিতে যাইব কেন? ব্যক্তি বিশেষকে সর্ব্বেসর্ব্বা বলিয়া মনে করিব কেন? সকলের সমান স্বাতন্ত্র্য না থাকিবে কেন?

* "সমন্তপর্য্যায়ী স্যাৎ সার্ব্বভৌমঃ সার্ব্বায়ুষ আন্তাদাপরার্দ্ধাৎ পৃথিব্যৈ সমুদ্র পর্য্যন্তায়া একরাড়িতি"। ঐতরেয় ব্রাহ্মণ ৮।৪।১

"সমন্তপর্য্যায়ী দেশতঃ কালতঃ সর্ব্বব্যাপী স্যাৎ; স্যা অন্তাৎ সমুদ্রতীরপর্য্যন্তং সার্ব্বভৌমত্বং দেশব্যাপ্তিঃ, আপরার্দ্ধাৎ পরার্দ্ধশব্দাভিধেয় কালসংখ্যাপর্য্যন্তং সর্ব্বায়ুষত্বং কালব্যাপ্তিঃ এবম্বিধো ভূত্বা সমুদ্রপর্য্যন্তায়া পৃথিব্যা এক এব রাজা অস্ত, ইতি অনয়েচ্ছয়া আচার্য্যো মহাভিষেকেণ তমভিষিঞ্চেৎ। সায়ণভাষ্য।

একপ্রভুক রাজ্যই হউক্, বা সাধারণ প্রজাতন্ত্র রাজ্যই হউক, উভয়কেই নিয়মের অধীন হইয়া থাকিতে হইবে। রাজা যদি রাজধর্ম্ম বা নিয়ম (Law) অতিক্রম করেন, স্বেচ্ছাচারী হন্, প্রজাপীড়ক হন্, শাস্ত্র বলিয়াছেন, তাহা হইলে, তাঁহার রাজ্য স্থির হয় না। শতপথ ব্রাহ্মণ বলিয়াছেন, রাজাকে ধর্ম্মের শাসনে থাকিতে হইবে, ধর্ম্ম রাজারও নিয়ন্তা। বৈদিক আর্য্যজাতীয় ভূপালবর্গ শাস্ত্রনিয়ম লঙ্ঘন পূর্ব্বক অবিহিত আচরণ করিতে পারিতেন না, নৃপতি বলিয়াই যে তিনি সমাজকে অগ্রাহ্য করিয়া চলিবেন, ধর্ম্মের শাসন অবজ্ঞা করিবেন তাঁহার সে সুযোগ ছিল না। রাজা রাজ্যের অধিকারী ছিলেন বটে কিন্তু কোন বিষয়েই তিনি সর্ব্বস্ব (All-destroying) ক্ষমতাশালী হইতে পারিতেন না, রাজাকে যোগ্যমন্ত্রি পরিবেষ্টিত হইয়া রাজকার্য্য পর্য্যবেক্ষণ করিতে হইত ; রাজ্যরক্ষার কথা ত দূরের, শাসনকার্য্যও কোন নৃপতি একাকী নির্ব্বাহ করিবার অধিকারী ছিলেন না। ফলতঃ আধুনিক রাজনীতিকুশল বা বৈজ্ঞানিক সুধীবর্গ যে সকল সুবিধার জন্য একরাজায়ত্ত রাজ্যের পরিবর্ত্তে সাধারণ বা প্রজাতন্ত্র রাজ্যের কামনা করেন, বেদাদিশাস্ত্রবর্ণিত একরাজায়ত্ত রাজ্যে প্রজাগণের ততোঽধিক সুবিধা ছিল। প্রজাতন্ত্ররাজ্যের যে সকল দোষ আছে, বেদাদিশাস্ত্রবর্ণিত একরাজায়ত্ত রাজ্যে সে সকল দোষ থাকিতে পারে না।

প্রাকৃতিক নিয়ম সমূহের প্রতি দৃষ্টিপাত করিলে প্রতিপন্ন হয়, সাধারণ বা প্রজাতন্ত্র রাজ্য প্রাকৃতিক নিয়মানুমোদিত নহে। যাহা প্রাকৃতিক নিয়মানুমোদিত নহে তাহার কখনও স্থিরাস্থিতি হইতে পারে না৷ বিজ্ঞান (Science) ঐশ বা প্রাকৃতিকনিয়মসমূহেরই ব্যাখ্যা করেন বা করিবার চেষ্টা করেন, ঐশ (Divine) বা প্রাকৃতিক নিয়মনিবহের আবিষ্কারই বিজ্ঞানের প্রয়োজন_বিজ্ঞানের উদ্দেশ্য। অতএব যাহা ঐশ বা প্রাকৃতিকনিয়মবিরুদ্ধ, তাহাই বিজ্ঞানবিরুদ্ধ। আমাদের দেহরাজ্যের তত্ত্ব পর্য্যালোচনা করিলে হৃদয়ঙ্গম হয়, সাধারণ বা প্রজাতন্ত্ররাজ্যপদ্ধতি প্রাকৃতিক নহে ভূততন্ত্র ও গণিততন্ত্র ব্যাখ্যাত প্রাকৃতিক নিয়মসমূহও সাধারণ বা প্রজাতন্ত্র রাজ্য যে অপ্রাকৃতিক, তাহাই প্রতিপাদন করে।

পণ্ডিত বুক্‌নার বলিয়াছেন, এক ব্যক্তিকে অন্যব্যক্তিবর্গের নিয়ামকরূপে মান্য করিতে যাইব কেন? এক ব্যক্তিকে সর্ব্বেসর্ব্বা (All in all) বলিয়া মনে করিব কেন? ব্যক্তিমাত্রের সমান স্বাতন্ত্র্য (Freedom) না থাকিবে কেন?

পণ্ডিত বুক্‌নারের এই সকল কথা শ্রবণান্তর আমাদের মনে হইয়াছে, ইহারা বিশুদ্ধচিন্তাপ্রসূত কথা নহে, ইহারা প্রকৃততত্ত্ববিদের উক্তি নহে। সঙ্কীর্ণহৃদয়, জ্ঞানহীন, প্রেমশূন্য সাধারণ লোকব্যবহার পর্য্যবেক্ষণপূর্ব্বক যেরূপ ধারণা হয়, পণ্ডিত বুক্‌নার সেইরূপ ধারণানুসারেই এইরূপ কথা বলিয়াছেন। কোন স্বেচ্ছাচারী নিষ্ঠুরশাসন রাজার রাজ্যের ছবি সম্মুখে স্থাপন পূর্ব্বক পণ্ডিত বুক্‌নার এইরূপ মনোভাব প্রকটিত করিয়াছেন।

স্বাতন্ত্র্য বা স্বাধীনতা শব্দের আমরা বহুশঃ ব্যবহার করিয়া থাকি বটে, কিন্তু ইহার প্রকৃত অর্থ কি, তাহা সাধারণের পরিজ্ঞাত আছে বলিয়া আমাদের বিশ্বাস হয় না। স্বাতন্ত্র্য বা স্বাধীনতার যে অর্থ বেদ হইতে পরিগৃহীত হয়, তাহা যদি সাধারণের পরিজ্ঞাত থাকিত, তাহা হইলে স্বাধীনতার জন্য লোকে এত বিবাদ বিসম্বাদ হইত না।

'স্ব' শব্দের অর্থ আত্মা, 'তন্ত্র' শব্দ 'প্রধান' এই অর্থের বাচক। যাঁহার আত্মাই প্রধান, আত্মেতর বা পর যাঁহার প্রধান নহে, যিনি আত্মেতর বা পরের বশীভূত নহেন, পরের বশে যাঁহাকে থাকিতে হয়না, যিনি অন্যের অযথা নিদেশবর্ত্তী নহেন, তিনি স্বতন্ত্র, তিনি স্বাধীন। ভগবান্ মনু সুখ ও দুঃখের লক্ষণ কি, তাহা জানাইবার জন্য বলিয়াছেন, 'যাহা পরবশ—পরপ্রার্থনাদিসাধ্য তৎসমস্তই দুঃখহেতু, এবং যাহা আত্মবশ, স্বায়ত্ত তৎসমুদায় সুখহেতু, পারতন্ত্র্যই দুঃখের এবং স্বাতন্ত্র্যই সুখের কারণ।

স্বাতন্ত্র্য বা স্বাধীন শব্দের প্রকৃত অর্থ কি, তাহা জানিতে হইলে, সুখ ও দুঃখের মনুসংহিতায় যে লক্ষণ

উক্ত হইয়াছে, তাহার অভিপ্রায় উপলব্ধি করিতে হইলে, বলা বাহুল্য, 'স্ব' ও 'পর' এই শব্দদ্বয়ের প্রকৃত অর্থ কি, অগ্রে তাহা নিশ্চয় করিতে হইবে, 'স্ব' ও 'পর' এই শব্দদ্বয়ের প্রকৃত অর্থ না জানা থাকিলে, স্বাতন্ত্র্য ও পারতন্ত্র্যের বা সুখ ও দুঃখের স্বরূপাবধারণ কদাচ হইতে পারেনা। 'স্ব' বা আত্মার স্বরূপদর্শন হইলে জীবের আর কোন দুঃখ থাকেনা, জীব তাহা হইলে প্রকৃতপ্রস্তাবে স্বতন্ত্র হয়, আত্মবশ হয়, আত্মদর্শন হইলে পারতন্ত্র্য থাকেনা, আত্মদর্শন হইলেই জীবের সর্ব্বসুখময়ী অবস্থাতে জীবের স্বরূপে অবস্থিতি হয়। স্ব বা আত্মার প্রকৃতরূপ যাঁহার জ্ঞাননেত্রে প্রতিফলিত হয় নাই, স্থূলদেহকেই যিনি আত্মা বলিয়া বুঝিয়াছেন, যাঁহার দৃষ্টিতে ইন্দ্রিয়, মনঃপ্রাণ প্রভৃতিই আত্মরূপে পতিত হইয়াছে, 'আমি' বলিতে যিনি স্বীয় বৃত্তিবিশিষ্ট চিত্তকেই লক্ষ্য করিয়া থাকেন, তিনি কিরূপে প্রকৃত স্বাতন্ত্র্যের রূপ দেখিতে সমর্থ হইবেন? যিনি দেহের অধীন, ইন্দ্রিয়বর্গের অধীন, আন্তর-বাহ্য প্রকৃতির অধীন, অতএব যিনি অবিদ্যা বা অজ্ঞানের অধীন, যিনি মৃত্যুর ক্রীড়াপুত্তলিকা, যিনি পরিচ্ছিন্ন অহঙ্কারের দাস, কামক্রোধাদি রিপুগণের নিদেশবর্ত্তী, আধি-ব্যাধির বশগ, তিনি কিরূপে স্বাতন্ত্র্যের শান্তিময় রূপ দর্শনপূর্ব্বক কৃতার্থ হইতে পারেন? যাঁহার আত্মজ্ঞান যে পরিমাণে পরিচ্ছিন্ন, তাঁহার পরতন্ত্রতা—পরাধীনতা সেই পরিমাণে বিস্তীর্ণ, তিনি সেই পরিমাণে বাধনালক্ষণ দুঃখ অনুভব করিয়া থাকেন। ধনকুবের হইলেও তিনি অসুখী, লৌকিক রাজা হইলেও তিনি পরাধীন, অন্যের উপর কিছুদিনের জন্য প্রভুত্ব বা অত্যাচার করিতে পারিলেও তাঁহার হৃদয় শান্তিনিকেতন নহে, সন্তোষের বাসস্থল নহে, ভয়বিরহিত নহে। যিনি সর্ব্বভূতে আত্মাকে দেখিতে পান, যাঁহার দৃষ্টিতে আত্মা সর্ব্বব্যাপক, সর্ব্বভূতকে যখনি আত্মস্থিত, আত্মা হইতে অব্যতিরিক্ত বলিয়া জানিতে পারেন, যাঁহার আমি (অহং) পদবোধ্য অর্থগর্ভে বিশ্বজগৎ বিদ্যমান, তিনি কাহাকেও (অপরিচ্ছিন্ন বলিয়া) বাধা দেন না সুতরাং কাহারও নিকট হইতে বাধা পাননা, যিনি কাহাকেও পর ভাবেন না, অতএব যিনি অন্যের দৃষ্টিতে পরমাত্মীয়, পরমপ্রেমাস্পদ, সর্ব্বস্ব বা বিশ্বপতিই যাঁহার তন্ত্র—যাঁহার প্রধান, স্বীয় পরিচ্ছিন্ন অহংকে যিনি পরমাত্মাতে সম্পূর্ণরূপে নিমজ্জিত করিয়াছেন, প্রকৃতপক্ষ বা আত্মার নিত্যদাস হইয়াছেন, তিনিই যথার্থ স্বাধীন, তিনিই প্রকৃত স্বতন্ত্র, তিনিই যথার্থ স্বাধীন, তিনিই প্রকৃত স্বতন্ত্র, তিনিই বস্তুতঃ স্বরাট্, তিনিই পরম সুখময়, তিনিই অমৃতস্বরূপ। পরবুদ্ধির যত বিস্তার হয়, স্ব বা আত্মজ্ঞানের তত সঙ্কোচ হয়, দুঃখের বিষয় মাত্রাও সেই পরিমাণে বর্দ্ধিত হইয়া থাকে।

ক্রমশঃ

শ্রী—

বর্ষা-প্রভাতী।

(১)

বরষা শেষের শুভ্র শোভার সুন্দর সূচনায়—
আজি প্রান্তরে মন মোর হরে
স্নিগ্ধ শীতলতায়!
রূপার কাঠির পরশ-পরাণে লাগেরে—
গগনে রৌপ্য দেউটি জ্বলিয়া জাগেরে
মালতী লতিকা ললিত কিশোর প্রসূনে
গন্ধে পূর্ণ পর্ণে পর্ণে ভূষণে,—
আবেগ-আকুল প্রভাতকিরণমদিরা;
ফলিত লোহিত বিম্ব অধরে লাগেরে!

(২)

চামেলী ফুটিয়া টুটিল সোণার কিরণে.
রক্তবৃন্তে চুম্বন দিল হিরণে—
সাঙ্গ করিল গন্ধ-গহন জীবন,
উষার সোণার পাত্রে, মোহন-মরণে

প্রভাত আলোর লোহিত জয়ের তিলকে
শরৎরাণীর ললাটে আঁকিয়া দিল কে?
কমলগন্ধ, কোরক-জনম ত্যজিয়া,
জাগিয়া উঠিল, কোমল প্রভাত-চরণে!

বরজশবদে কাঁপিল মেঘের কালিমা
আকাশে খেলিল আলোকের সাথে মিলিমা!
গগন ভাতিল জ্যোতির বাদন-আঘাতে
নিমেষে ছাপিয়া প্লাবিয়া সোণার কিরণে

(৩)

সজল শস্যে শ্যামল ধরণীধন্যা,
শীর্ষে শীর্ষে ছুটিছে হরিত-বন্যা
অরুণ-তলে তনুরাগ-জ্যোতি ভাতিছে
অনুরাগ-রাগে রঞ্জিত লাবণ্য!

প্রবাহ-বাহনে ক্লান্ত সরসী মরতে,
নবযৌবন-ভারে বিনম্র মরতে
তড়িত-গতি সে মন্থর হল আজিকে
মুকুর-স্বচ্ছ-চিকণ-শোভায় ধন্য!

(৪)

ঊষায় অসিত রক্ত রেশমী বসনে,
হস্তে তাম্র কুসুমপাত্র-ভূষণে
থমকি' থামিলে সোণার শোভার দুয়ারে
চাহিলে জগতে কমল-আঁখির প্রভাতে!

বোধনে জাগালে অলস-আবেশ মন যে,
লভিতে লুব্ধ তোমার পুণ্য ধন যে—
নয়ন মেলিয়া তোমার অরুণ আভাতে
দেখিনু ফুটাল হসিত গগন-সরোজে!

কোমল সে দল খুলিল তোমার বাণীতে,
গন্ধ ছুটিল চরণে ধন্য মানিতে;
নয়নের জলে ধৌত পরাণ খানিতে
পড়িল তোমার নবীন-কোমল কর যে!

শ্রীত্রিগুণানন্দ রায়।

ভূতের বাহন

কাল বিড়াল দেখিলে অনেক বর্ষীয়সী গৃহিণী "দূর্ দূর্" করিয়া তাড়াইয়া দেন। তাঁহারা বলেন, "কাল বিড়াল রাত্রিকালে ভূত হয়।" অর্থাৎ কিনা, ভূতগুলির মধ্যে যেগুলি নেহাত বেহায়া কিছুতেই মানুষের সঙ্গ ত্যাগ করিতে চায় না, সেইগুলিই দিনের বেলা কাল বিড়ালের মূর্ত্তি ধরিয়া লোকালয়ে বিচরণ করে; আর যখন রাত্রি হয় তখন তাহারা স্বমূর্ত্তি পরিগ্রহ করিয়া নিজ নিজ স্বভাবোচিত আহারবিহার বা তাণ্ডবে প্রবৃত্ত হয়। অনেকে আবার বিড়াল মাত্রেই ভূতের বাহন বলিয়া মনে করেন। তাহারা বলেন রাত্রিযোগে যখন ভূত কোনও মানুষের সঙ্গ লয় তখন প্রথমে সে বিড়ালের আকার ধরিয়া মানুষের আগে আগে বা পিছনে পিছনে ছুটে, পরে সুযোগমতে তালগাছের ন্যায় পা ও গগনস্পর্শী মস্তক বাহির করিয়া পথ আগুলিয়া দাঁড়ায়।

মার্জ্জার জাতি যদি মানুষের আইন-কানুনের প্রতি মনে মনে কিছুমাত্র শ্রদ্ধার ভাব পোষণ করিত, তবে এদেশে মানহানি আইনের প্রচলন হওয়া অবধি বাঙ্গালার আদালতে আদালতে যে কত মানহানির মোকদ্দমার ধূম পড়িয়া যাইত, সেকেলে গৃহিণী আদালতে জবাবদিহি করিতে করিতে ও ক্ষতিপূরণ দিতে দিতে প্রাণান্ত ও সর্ব্বস্বান্ত হইয়া পড়িতেন তাহা অনুমান করাও দুষ্কর। পাঠকবর্গের মধ্যে যাঁহারা Statisticsএ দক্ষ, তাঁহাদের উপর এই মৌলিক অনুসন্ধানের ভার ন্যস্ত করিয়া আমরা আপাততঃ নিশ্চিন্ত রহিলাম। বিড়াল জাতি যে এ পর্য্যন্ত, অন্ততঃ মোকদ্দমা করিবার জন্য, কদাপি আদালতে আসে নাই ইহা ঠিক। এ বিষয়ে আমাদের মনে যতটুকু সন্দেহ ছিল আমাদের এক আইনজ্ঞ বন্ধু বিশেষ ক্লেশ স্বীকার পূর্ব্বক Indian law port প্রভৃতি যাবতীয় আইন বিষয়ক সংবাদপত্র অনুসন্ধান করিয়া দেখিয়া সে সন্দেহ টুকু নিরাশ করিয়াছেন। স্পষ্টই বুঝা যাইতেছে, বিড়ালজাতির আর যে দোষই থাকুক না কেন, তাহারা মামলা-বাজ নহে। আমার বোধহয় তারা মানুষের চেয়ে অনেক বেশি সেয়ানা।

তাহারা দুর্ণামগ্রস্ত হইয়াও মানুষের উচ্ছিষ্টভোজী হইয়া থাকিতে প্রস্তুত তথাপি নিজ স্বত্ব সংরক্ষণ বা সংস্থাপন জন্য একটা আন্দোলন উপস্থিত করিয়া উদরান্নের সংস্থান করিতে রাজি নয়। তাহারা বোধ হয় ভাবে, সুনাম না হয় প্রতিষ্ঠিত হইল, কিন্তু মানুষ জাতি যদি রাগ করিয়া পাতের ভুক্তাবশেষ মাছের কাটা ও দুটি ভাত না দেয়, তবে কি সুনামে উদর পূর্ত্তি হইবে।

বিড়াল নিজে সুনামের জন্য উদ্বিগ্ন না হইলেও ইংরেজি শিক্ষার মহিমায় ও ইংরেজি আচারাদি অনুকরণের গুণে বিড়ালের প্রতি যে লোকের অশ্রদ্ধা ক্রমশঃ কমিয়া আসিতেছিল তাহাতে সন্দেহ নাই। বর্ষীয়সীগণ যাহাই ভাবুন, নবীনারা বিড়ালের প্রতি বিরূপ নহেন। বিড়াল ইদানীং শিক্ষিতা সুরুচিসম্পন্না মহিলাকুলের আদরের সামগ্রী, কোলের রত্ন। আমাদের সাক্ষাৎ সম্বন্ধে সেরূপ কোনও অভিজ্ঞতা নাই, তবে শুনিতে পাই, বিড়ালের সৌভাগ্য ইদানীং এতদূর বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে যে, কোনও কোনও সমুন্নতরুচি মহিলা নিজ সন্তান কোলে লওয়ার ভার আয়ার উপর দিয়া বিড়াল ক্রোড়ে ধারণ করিয়া জীবে দয়ার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া থাকেন। বিড়ালের চক্ষু সেকালের সৌন্দর্য্যের আদর্শ বলিয়া বিবেচিত হইত না, সেদিকে হরিণের প্রতিপত্তি প্রায় একচেটিয়া ছিল; ইদানীং শুনিতে পাই মার্জ্জারের প্রতাপে হরিণকুল বঙ্গদেশ ত্যাগ করিয়া যাওয়ার উপক্রম করিয়াছে। কিছুদিনের মধ্যেই যে বঙ্গসাহিত্য হরিণ anachronism হইয়া দাঁড়াইবে সে বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। বিড়াল যদি মানহানি লইয়া একটা হৈচৈ উপস্থিত করিত, তবে কি তার এতদূর সৌভাগ্য হইত? বিড়ালের বুদ্ধির বাহাদুরি আছে ইহা কে অস্বীকার করিবে? বিড়ালের বিষয়-বুদ্ধির কিঞ্চিৎ পরিচয় পাইয়াছিলেন বিষ্ণুশর্ম্মা, তাহার প্রমাণ হিতোপদেশের সেই জরদ্গবনামা গলিত নখ নয়ন গৃধ্র ও দীর্ঘকর্ণনামা "নিত্যস্নায়ী নিরামিষাশী ব্রহ্মচারী চন্দ্রায়ণ-ব্রতাচারী" মার্জ্জারের কথা; আর সবিশেষ পরিচয় পাওয়া যাইতেছে এই ইংরেজ রাজত্বের যুগে। আমার বোধ হয় মানুষের মধ্যে যাহারা মান-রক্ষার জন্য মানহানির মোকদ্দমা করেন বা করিতে ইচ্ছুক তাহারা গৃহমার্জ্জারের দৃষ্টান্ত হইতে প্রচুর সুশিক্ষা লাভ করিতে পারেন।

আমাদের দেশে মার্জ্জারকুলের দশা যাহাই হউক, পাশ্চাত্যদেশ যে এতকাল মার্জ্জার-কুক্কুরের ভূস্বর্গ ছিল তাহা অস্বীকার করিবার যো নাই। সেই পাশ্চাত্যদেশ হইতে আমদানি করা রুচির প্রভাবেই আমাদের দেশে মার্জ্জার কুক্কুরের অবস্থা কিঞ্চিৎ ফিরিতেছিল। কিন্তু সম্প্রতি সেই পশ্চিম দেশ হইতে বিড়ালের সৌভাগ্য বর্দ্ধিনী ইংরেজি ভাষা আশ্রয় করিয়া বিড়ালের একটা প্রবল অখ্যাতি পূর্ব্বদেশেও ছড়াইয়া পড়িবার উপক্রম হইয়াছে। কাল বিড়ালের ত বুঝি বা জীবন সংশয় উপস্থিত। জানি না ইংরেজি নবীনগণ এবার কি করিবেন তাহাদের হস্তেই বিড়ালজাতির ভবিষ্যৎ শুভাশুভ নির্ভর করিতেছে।

মিঃ ইলিয়ট ও ডোনেল একজন ইংরেজি ঔপন্যাসিক। তাঁহার Sorcery Club নামক উপন্যাস এদেশের অনেকেই পাঠ করিয়া থাকিবেন। ওডোনেল সাহেব যদি কেবল কল্পনা রাজ্যে বিচরণ করিয়া সন্তুষ্ট থাকিতেন তাহা হইলে কাহারও কোনও আপত্তির কারণ ছিল না। কল্পিত কুচরিত্র লোককে যত ইচ্ছা বিড়ম্বিত কর তাহাতে কাহারও কোনও ক্ষতিবৃদ্ধি নাই। দীনবন্ধু মিত্রের ঘটিরাম ডিপুটি কল্পনারাজ্যের জীব, তাহার বিড়ম্বনা দেখিয়া বরেণ্য প্রভিন্সিয়াল সিভিল সার্ব্বিসের কোনও ঘটিরাম বৃত্তি কর্ম্মচারী যে আপনাকে অপমানিত বোধ করিয়াছেন এরূপ কথা এপর্য্যন্ত শুনা যায় নাই। বঙ্কিমচন্দ্রের মুচিরাম গুড়কে দেখিয়াও এপর্য্যন্ত কোনও মুচিরাম লজ্জায় মুখ ঢাকা দেন নাই। কিন্তু কবি বা ঔপন্যাসিক যদি কল্পনারাজ্য ত্যাগ করিয়া "বাস্তবতার" আলোচনে প্রবৃত্ত হন তবে ভয়ের কারণ আছে।

সে যাহাহউক কিছুদিন হয় পূর্ব্বোক্ত ওডোনেল সাহেব "অকাণ্ট রিবিউ" নামক কাগজে এক প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। প্রবন্ধটি নাকি তার সারসত্য আলোচনার ফল, উপন্যাস সৃষ্টি নহে। তিনি বলেন বহু বহু ভূতের বাড়ীতে পরীক্ষা দ্বারা আমি এই

সারসত্যে উপনীত হইয়াছি যে বিড়াল নিজে ভূত না হউক ভূতের সাগরেদ্ ভূতের বাহন ত বটেই। অনেক স্থলে ভৌতিক উৎপাতের—বিড়ালই একমাত্র বিশ্বাস যোগ্য মানযন্ত্র স্বরূপ।

কথাটা এই, ওডোনেল সাহেব সাহেব হইয়াও ভূত মানেন, এমনকি প্রকাশ্যে জগৎসমক্ষে নিজ বিশ্বাস ব্যক্ত করিতেও পশ্চাৎপদ নহেন। বঙ্গদেশের অনেক বীর পুরুষ রজনীতে একাকী গৃহ হইতে বাহির হইতে অক্ষম হইলেও দিবাভাগে ভূতের নাম শুনিলে নাসিকা কুঞ্চিত করেন, কেননা তিনি ইংরেজি শিক্ষিত। ওডোনেল সাহেব ইংরেজি শিক্ষিত বাঙ্গালী নহেন, শিক্ষিত ইংরেজ, তাহাতেই এই প্রভেদ। সে যাহা হউক ওডোনেল সাহেব ভূত মানেন এবং তিনি নাকি ভূয়োভূয়োঃ পরীক্ষা দ্বারা দেখিয়াছেন যে, কোনও স্থানে ভৌতিক কোনও জীবেরসঞ্চার হওয়া মাত্র বিড়াল তাহা সর্ব্বাগ্রে টের পায়। বিড়াল প্রাকৃত জীব হইলেও অতিপ্রাকৃত জগতের সহিত তাহার ঘনিষ্ঠতা আছে। ভৌতিক উৎপাতের সহিত ঈদৃশ সহানুভূতি ও ভূতের সহিত পরিচয় জীবজগতে যে কেবল এক বিড়ালেরই আছে এমন কথা ওডোনেল সাহেব বলেন না; এই কথাটি বিড়াল জাতির পক্ষে কিঞ্চিৎ আশ্বাসপ্রদ বটে। তিনি বলেন, "কাক, পেচক, শৃগাল প্রভৃতি অনেক জীবেরই ভৌতিক ঘটনার সহিত সহানুভূতি থাকা সম্ভব, আমি কেবল বিড়াল লইয়া পরীক্ষা করিয়াছি।"

ওডোনেল বলেন, কোনও পরিবারের মধ্যে মরণ বা তত্তুল্য কোনও গুরুতর অমঙ্গল ঘটিবার সম্ভাবনা থাকিলে বিড়াল তাহা সর্ব্বাগ্রে টের পায়। ভৌতিক-দর্শনে অভিজ্ঞ ব্যক্তিগণ বলেন (এবং নানা প্রমাণ দর্শনে ওডোনেল সাহেব ও বিশ্বাস করেন) যে, বাড়ীতে কাহারও মৃত্যু বা উৎকট ব্যাধি আসন্ন হইলে সেই বাড়ীতে নানা অতিপ্রাকৃত জীব সঞ্চরণ করিতে থাকে। হইতে পারে, ইহারা আসন্ন মরণ বা আসন্ন ব্যাধি ব্যক্তির সহিত বন্ধুতা, স্নেহ, বা যে কোনও রকমের সহানুভূতি সূত্রে আবদ্ধ। ইহাও সম্ভব ইহাদের কতকগুলি হয়ত নারকী জীব, নিজের দলে আর একজন বাড়িতেছে বা বাড়িবার সম্ভাবনা আছে—মনে করিয়া ইহাদের উল্লাস হয়—এবং সেই উল্লাস বশে তাহারা সেই বাড়ীতে আসিয়া তাণ্ডব করিতে থাকে। হয়ত বা ইহাদের কেহ কেহ মুমূর্ষু ব্যক্তির আত্মাকে সঙ্গে করিয়া যমালয়ে নিবার জন্যই আগমন করে। যে রূপেই হউক ইহাদের সঞ্চরণে ভাবি অমঙ্গল সূচিত হয়, বিড়াল সেই সঞ্চরণ ও আসন্ন বিপদ উপলব্ধি করিতে পারে। কি ভাবে করে, তাহা নিশ্চিত রূপে বলা কঠিন। বিড়ালের তদানিন্তন ব্যবহার দর্শনে মনে হয়—বিড়াল ঘ্রাণ শক্তি দ্বারা ভূতের সঞ্চার বুঝিতে পারে, সম্ভবতঃ চক্ষে বিশেষ কিছু দেখিতে পায় না।

এখন প্রশ্ন হইতে পারে, তবে কি ভূতের গায়ে গন্ধ আছে? ওডোনেল সাহেব তদুত্তরে বলেন, ভূতের গায়ে গন্ধ থাকা কিছুমাত্র অসম্ভব নয়। দেখা যায় যে, সকল জীবের গায়েই একরূপ গন্ধ আছে, অনেক জীব প্রবল ঘ্রাণশক্তি দ্বারা তাহা টের পায়। শিকারের সময় কুকুর ঘ্রাণশক্তি দ্বারা শিকারীর কিরূপ সাহায্য করে তাহা সকলেই জানেন। ইদানীং কুকুর দ্বারা চোর ডাকাত ধরিবার নিয়মও কোনও কোনও পাশ্চাত্য দেশে প্রচলিত হইয়াছে। সম্ভবতঃ অচিরেই আমাদের দেশেও ঐ নিয়ম প্রচলিত হইবে। চোর ডাকাতের গায়ের গন্ধ আমরা টের পাই না কিন্তু শিক্ষিত কুকুর টের পায়। এ অবস্থায় ভূতের গায়ে গন্ধ থাকিবে এবং ভূতের সাগরেদ বিড়াল জাতি তাহা টের পাইবে ইহাতে আশ্চর্য্যের বিষয় কি আছে?

অনেকে ভাবিতে পারেন বিড়ালকে দর্শন-শক্তির বাহাদুরি না দিয়া ঘ্রাণ-শক্তির বাহাদুরি দিবার বিশেষ হেতু আছে কি? আছে; বিড়ালের ব্যবহারই তাহার প্রমাণ। দেখা গিয়াছে বাড়ীতে মৃত্যু সংঘটিত হইবার পূর্ব্বে বিড়াল এদিকে ওদিকে ছুটাছুটি করে, মাথাটা একবার এপাশে আরবার ওপাশে সঞ্চালন করিয়া বায়ুমণ্ডল হইতে যেন কিসের আঘ্রাণ লয় এবং অস্থির ভাবে একবার বাড়ীর সদরদরজার দিকে একবার অন্দর মহলের দিকে দৌড়াদৌড়ি করে। কখনও কখনও সে ভীত ও করুণ স্বরে "মিউ মিউ" করে, তাহার

শরীর ঘন ঘন কাঁপে এবং কিছুতেই সে অন্ধকারে থাকিতে চায় না। বিড়াল যদি ভূত দেখিত তাহা হইলে হয়ত যেন অলক্ষিত কিছুর ভয়ে ছুটাছুটি করিতেছে এ ভাবটা হইত না।

বিড়াল যে কেবল ভূতের সঞ্চার অনুমান করিতে পারে তাহা নহে, কোনও কোনও বিড়ালের ভূতের প্রতি চৌম্বকাকর্ষণের মত একটা আকর্ষণ আছে। যেখানে ভূতের গতি বিড়াল যেন ভয়ে ভয়ে, নিজের অনিচ্ছাসত্বে, যেন কিসের আকর্ষণে সেই দিকে যায়। কখনও কখনও মনে হয় যেন ভূতটি বিড়ালের ঘাড়ে চাপিয়াই আসিয়া উপস্থিত হয়, ভূতের আবেশে বিড়াল ছট্‌ফট্‌ করে, যেন "ছেড়ে দে মা কেঁদে বাঁচি অবস্থা।" বিলাতে সেকেলে বিশেষতঃ গ্রাম্যলোকের মধ্যে একটা সংস্কার আছে রাস্তায় চলিবার সময় যদি বিড়াল লোকের পথ কাটিয়া চলিয়া যায় তবে সেটা একটা গুরুতর দুর্লক্ষণ। তাহাতে সেই লোকের অথবা তাহার প্রিয়তম কোন আত্মীয়ের মৃত্যু সূচিত হয়। ওডোনেল সাহেব এই সংস্কারকে নিতান্ত ভিত্তিহীন বলেন না। আসন্ন মরণ বা আসন্নশোক লোকের চারিদিকে নানারূপে অতি প্রাকৃত জীবের সঞ্চরণ সর্ব্বদর্শী (clairvoyant) লোকগণ প্রত্যক্ষ করিয়াছেন। ইহাদের কোনও কোনও জীব লোককে নিয়তির পথে টানিয়া লইয়া যাইতে চেষ্টা করে। কেহ কেহ বা সহানুভূতি বশে বা মজা দেখিবার জন্য সাথে সাথে চলে। এই সকল ভূতের বিড়ালের প্রতি আকর্ষণ আছে বলিয়াই বিড়াল সেই লোকের পথে আসিয়া পড়ে। হইতে পারে, কোনও কোনও ভূত বিড়ালের স্কন্ধে চাপিয়াই একবার দেখা দিয়া যায়, কিংবা লোককে সতর্ক হইবার উপদেশ দিয়া যায়। এরূপ স্থলে বিড়ালকে ভূতের বাহন বলিয়া গালাগালি বা অভিসম্পাত না করিয়া বরং তাহার প্রতি কৃতজ্ঞ হওয়াই উচিত।

বিড়াল হয়ত বলিবে, "আমরা কৃতজ্ঞতা চাইনা। আমরা যাই বটে, কিন্তু আমরা জানি না কেন যাই। তোমরাও কি সব সময়ে সবকাজ ভাবিয়া চিন্তিয়া কর? তোমরা যাহা বল তাহা ত অনুমান মাত্র। ভালরূপে না জানিয়া শুনিয়া, বৈজ্ঞানিক প্রমাণ না পাইয়া আমাদিগের যে ভূতের সহিত ঘনিষ্ঠতার অপবাদ দেও ইহা কি যুক্তিযুক্ত না ন্যায়সঙ্গত? দোহাই তোমাদের ধর্ম্মের—আর যদি তোমরা ধর্ম্ম না মান, দোহাই তোমাদের বিজ্ঞানশাস্ত্রের, তোমরা এইরূপ অন্যায়, অযৌক্তিক, অসামাজিক আচরণ হইতে বিরত হও।"

বিড়ালের আপত্তি, বিড়ালের অনুনয় অগ্রাহ্য করিয়া যদি ওডোনেল সাহেবের কথায়ই প্রত্যয় করা যায়, তবুও একটি জিজ্ঞাস্য বিষয় এই হইতে পারে—বিড়াল কি কেবল লোকের অমঙ্গলই সূচিত করে? মঙ্গলের কোনওরূপ পূর্ব্বাভাস কি টের পায় না। এ প্রশ্নের উত্তর দেওয়া একটু কঠিন। ওডোনেল সাহেব স্বয়ং এ বিষয়ে কোন স্পষ্ট প্রমাণ পান নাই। তবে বিড়ালের পক্ষে গৃহস্থের ভাবিমঙ্গলের পূর্ব্বাভাস পাওয়া নিতান্ত অসম্ভব মনে করেন না। তাঁহার বিশ্বাস, কোনও গুরুতর এবং অনেক স্থলে অতর্কিত বিপদ ঘটিবার কিছু পূর্ব্ব হইতে যমলোকের জীবগণ যেরূপ বাড়ীতে আনাগোনা করিতে থাকে, অপ্রত্যাশিত সম্পদ বা মঙ্গল লাভের পূর্ব্বেও বাড়ীতে কোনও কোনও শ্রেণীর অতি প্রাকৃত জীবের সঞ্চরণ অসম্ভব নহে। এরূপ সময়ে সকল বিড়ালই যে তাহা টের পাইবে ইহা আশা করা যায় না। বিপদের পূর্ব্ব সূচনা ও সকল বিড়াল সমান ভাবে টের পায় না। ওডোনেল সাহেব বলেন ভাবি মঙ্গলের পূর্ব্ব সূচনা উপলব্ধি করিবার ক্ষমতা যদি কোনও বিড়ালের থাকে তবে সে সাদা বিড়ালের থাকিবার সম্ভাবনা অধিক। দেখা গিয়াছে অমঙ্গলের সম্ভাবনা অধিক টের পায় কালবিড়াল। বিড়ালরাজ্যেও কি তবে ভগবান্‌ সাদাকালায় এতটা প্রভেদ করিয়াছেন? অসম্ভব কিছুই নহে। সে যাহা হউক কাল বিড়ালের প্রতি প্রাচীনা গৃহিণীগণের আক্রোশ যে নিতান্তই অমূলক ছিল তাহা বলা যায় না।

যাহারা বিড়াল লইয়া অধিক লীলা খেলা করেন তাহারা জানেন, অনেক বিড়াল অপেক্ষাকৃত ক্রূরপ্রকৃতির লোকের নিকট ঘেঁসিতে চায় না, আবার সম্ভবতঃ কোমল হৃদয় লোক দেখিলে সে লোক নিতান্ত অপরিচিত

হইলেও তাহার নিকট আসে, এমন কি তাহার সম্মুখে বিশ্রব্ধভাবে ক্রীড়াকৌতুক করিতেও প্রবৃত্ত হয়। বিড়াল কিরূপে লোকের চরিত্র টের পায় তাহা অনুসন্ধান-যোগ্য। বিশেষজ্ঞগণ বলেন, কি কুচরিত্র লোক কি সাধু মাহাত্মা সকলেই নাকি নিজ নিজ চরিত্রের প্রভাবে অসৎ ও সৎ নানা প্রকৃতির ভৌতিক জীব আকর্ষণ করেন। ঐ সকল জীব বা আত্মা সেই সেই লোকের শরীরের চতুর্দ্দিকে এক প্রকার আলোক ও গন্ধ বিস্তার করিয়া বিচরণ করে। বিড়ালগণ ও অন্যান্য ইতর শ্রেণীর জীব ঐ গন্ধ আঘ্রাণ করে। কেহ কেহ বা ঐ আলোক ও দেখিতে পায়। বিড়ালের যদি লোকের চরিত্রজ্ঞান ক্ষমতা বাস্তবিকই থাকে তাহা বোধ হয় ঐরূপে উৎপন্ন হয়।

শ্রীঅক্ষয়কুমার দত্ত-গুপ্ত কবিরত্ন এম্, এ।

সাগরের প্রতি।

ভুলালে আমায় ভুলালে!
হিল্লোলি' নীল দোদুল দোলায়
দুলালে আমায় দুলালে!
ওগো চঞ্চল অকূল পাথার!
অন্তরে মোর ঠাঁই নাহি আর,
একোন্ মদির পরশ আমার
বুলালে গো প্রাণে বুলালে!
ভুলালে আমায় ভুলালে!

চিরন্তনের কাহিনী
বসি' বসি' সদা গভীর ছন্দে
গাহিছ কি দিবা যামিনী?
মর্ম্মনিলীন কোন্ কথাগুলি
উর্ম্মিলীলায় ওঠে ফুলি' ফুলি'?
জাগে কি অধীর কল্লোল তুলি'
অনাদি ছন্দ বাহিনী,
চিরন্তনের কাহিনী?
কি মায়া ভরেছ নয়নে!
কি বিপুল স্নেহ ওঠে উচ্ছ্বাসি'
শ্যাম সৈকত শয়নে!
জননীর মত শতবাহু দিয়া
ধরা-কন্যারে রেখেছ বাঁধিয়া,
স্নেহের লাবণি পড়ে উছলিয়া
স্নিগ্ধ সুনীল বয়ানে;
কি মায়া ভরেছ নয়নে!

ভুলালে গো মোরে ভুলালে!
বক্ষে জড়ায়ে মায়ের মতন
দুলালে গো মোরে দুলালে!
ঊর্দ্ধে সুনীল আকাশ অপার,
নিম্নে অথির নীল পারাবার,—
নীলের মদির পরশ আমার
বুলালে গো প্রাণে বুলালে!
ভুলালে আমায় ভুলালে!

শ্রীপরিমলকুমার ঘোষ এম্, এ

উত্তরাপথ ভ্রমণ

(পূর্ব্ব প্রকাশিতের পর)

কেদারনাথ দর্শন করিয়া বৈকালে গৌরীকুণ্ডে প্রত্যাবৃত্ত হইলাম। তথায় সেই রাত্রি ও পরদিবস একবেলা বিশ্রাম করিয়া ২৪শে বৈশাখ, শুক্রবার বদরিকাশ্রমাভিমুখে অগ্রসর হইতে লাগিলাম। পথে মৈখণ্ডা নামক চটীতে, পুরাতন প্রস্তরের মন্দিরে স্থাপিত মা মহিষ মর্দ্দিনীর দর্শন লাভ করিয়া, পূর্ব্ব পরিচিত পথে নালা চটী পর্য্যন্ত আসিয়া ভিন্ন পথে চলিতে লাগিলাম নালা চটীতে দুইটী রাস্তা মিলিত হইয়াছে। একটী পর্ব্বতের উপর দিয়া গুপ্তকাশীর দিকে গিয়াছে, অন্যটী বাম দিক দিয়া নীচের দিকে নামিয়া মন্দাকিনী অতিক্রম করিয়া বদরির দিকে গিয়াছে,

আমরা একণে শেষোক্ত পথে চলিতেছিলাম। মন্দাকিনী পার হইয়া প্রায় ১ মাইল চড়াই অতিক্রম করিলেই শঙ্কর প্রতিষ্ঠিত 'উখীমঠ'। ২৬শে বৈশাখ আমরা তথায় পৌঁছিলাম। একটী সমুন্নত পর্ব্বতশৃঙ্গে সেই মঠটী অবস্থিত। সম্মুখে পশ্চাতে, যে দিকে দৃষ্টি নিক্ষেপ করা যায়, শৃঙ্গের পর কেবলই শৃঙ্গ শ্রেণী ব্যতীত আর কিছুই দৃষ্টিগোচর হইতেছিল না। মঠটীর চতুর্দ্দিকে অগনন পুষ্পবৃক্ষ, তাহাতে রাশি রাশি কুসুম প্রস্ফুটিত হইয়া পার্ব্বত্য সমীরণ সুগন্ধে ভরপূর করিয়া তুলিতেছিল। গাছে গাছে বন্যবিহগের সুমধুর কাকলি ও দূরে মন্দাকিনীর অবিশ্রান্ত জলপ্রপাতের গম্ভীর তান, যেন সেই মঠটীকে নন্দনের সৌষ্ঠব প্রদান করিতেছিল। স্থানে স্থানে শীতল স্বচ্ছ জলের ঝরণা সকল, বুঝিবা সেই পুরাকালের ঋষিদিগের কণ্ঠ নিঃসৃত অপূর্ব্ব সামগানের অনুকরণ করিতে করিতে বহিয়া যাইতেছিল। স্থানটীর প্রাকৃতিক সৌন্দর্য্য অক্ষুণ্ণ থাকিলেও, তার সেই পূর্ব্বগৌরব ভ্রষ্ট হইয়া আজ কেমন যেন একটা শ্রীহীন অবস্থায় তাহা দর্শকদিগের হৃদয়ে একটা মৌনবেদনা জাগাইয়া তুলিতেছিল।

বহুদিন যাবত মঠটী শাঙ্কর সম্প্রদায়ের হস্তচ্যুত হইয়া, অধুনা একজন গৃহী মোহান্তের তত্বাবধানে রহিয়াছে। মহান্তের উপাধি, "রাউল সাহেব" তিনিই সেখানকার সর্ব্বময় কর্ত্তা। অপূর্ব্ব কারুকার্য্য খচিত, পুরাতন প্রস্তরের ফটক পার হইলেই প্রশস্ত বাঁধান চত্বর, তাহার চতুর্দ্দিকে সুন্দর শ্রেণীবদ্ধ প্রস্তর নির্ম্মিত গৃহ, মাঝখানে সুন্দর একখানা মন্দির। মন্দিরের অভ্যন্তরে, বহুমূল্য রত্নালঙ্কার বিভূষিত স্বর্ণময় বদরিনারায়ণের বিগ্রহ, দুই পার্শ্বে তুঙ্গনাথ ও কেদারনাথের সুবর্ণময় প্রতিকৃতি স্থাপিত। মন্দিরাভ্যন্তর উত্তমরূপে মার্জ্জিত ও নানারূপ পুষ্পহারে সজ্জিত। এমন সুন্দর মন্দিরে এমন সুন্দর দেবমূর্ত্তি অন্য কোথাও দেখিয়াছি বলিয়া মনে হয় না।

শীতের কয়মাস এই স্থান হইতেই কেদারনাথের উদ্দেশ্যে পূজা হইয়া থাকে, কারণ অতিরিক্ত তুষার সম্পাতে, কেদারনাথের মন্দির তখন সম্পূর্ণ আবৃত হইয়া যায়। কাজেই ততদিন সেই স্থানে যাওয়া বা কেদারনাথের মন্দির খুঁজিয়া বাহির করা সম্পূর্ণ অসম্ভব হইয়া দাড়ায়।

উখীমঠ স্থানটী বেশ জমকাল, এখানে ডাকঘর ও দোকানপসার প্রভৃতি আছে, মঠের চতুর্দ্দিকে পাহাড়ের গায়ে গায়ে পাহাড়ীদিগের বস্তি, স্থানটী অপেক্ষাকৃত উর্ব্বর ও স্বাস্থ্যকর বলিয়া বোধ হইল। মঠটী দর্শন করিয়া কিঞ্চিৎ বিশ্রামান্তে আরও কতকটা চলিয়া 'গালিয়াবগড়' নামক চটীতে মধ্যাহ্ন যাপন করিলাম, 'কাঁকড়াগড়' নামক একটী রম্য গিরিপ্রস্রবণের কিনাড়ায় চটীটী অবস্থিত। এই চটীর পর হইতে তুঙ্গনাথ পর্য্যন্ত......মাইলব্যাপী অতিশয় কঠোর চড়াই আরম্ভ হয়। বৈকালে সেই ভীষণ পথে ধীরে ধীরে চলিতে লাগিলাম। এইক্ষণে আমরা যুগযুগান্তরের সাক্ষ্যস্বরূপ দণ্ডায়মান বিশাল বৃক্ষশ্রেণীদ্বারা সমাবৃত, গভীর অরণ্যের ভিতর দিয়া চলিতেছিলাম। স্থানে স্থানে বৃক্ষশ্রেণী এত ঘন সন্নিবিষ্ট যে দিবাভাগেও তথায় সূর্য্যালোক প্রবেশ করিতে পারে না; তার উপর শীঘ্রই চতুর্দ্দিক ঘনঘটাচ্ছন্ন করিয়া টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতে লাগিল। নির্জ্জন অরণ্যের ভীষণতা আরও ভীষণতর হইয়া উঠিল। পথে অন্য যাত্রী নাই, সকলেই কোনও না কোন আশ্রয় গ্রহণ করিয়াছিল। ভিজিতে ভিজিতে উপরের দিকে উঠিতে লাগিলাম। ভয় ও শঙ্কায় হৃদয় দুরু দুরু করিতে লাগিল, মাঝে মাঝে কোনও বিশাল মহীরুহের অন্তরালে দাড়াইয়া বৃষ্টি হইতে আত্মরক্ষা করিতেছিলাম, কখনও বা সুন্দর পর্ব্বত গুহাতে আশ্রয় লইতেছিলাম। কিন্তু হিংস্র জন্তুর ভয়ে কোন স্থানেই অধিকক্ষণ দাড়াইয়া থাকিতে সাহস হইতেছিল না। কোনরূপ ত্রাস শঙ্কিতচিত্ত হইলে, দার্শনিক তত্ত্বের অবতারণা করা আমাদের স্বভাব। মাঝে মাঝে নির্জ্জন গিরিকন্দরে উপবিষ্ট হইয়া তিনজনে মিলিয়া' প্রবীণ দার্শনিকের ন্যায় কতই না গবেষণা করিয়া হৃদয়ের ভার অনেকটা লঘু বোধ করিতেছিলাম। ভয় পাইলে আবার সঙ্গীত বিদ্যার আলোচনা করা মনুষ্যের অভ্যাস। যাহার তিন পুরুষেও কখনও সঙ্গীত বিদ্যার চর্চ্চা করে নাই

সেও কোনও ভীতিজনক স্থান অতিক্রম করিতে হইলে, অনেক-সময়ে গলা ছাড়িয়া দুই একটী পদ আওড়াইতে ক্রটী করে না। আমরাও অগত্যা তাহাই করিলাম। জোরে গাহিতে গাহিতে চলিলাম :—

নিবিড় আঁধারে মা তোর চমকে ও রূপরাশি।
তাই যোগী ধ্যান ধরে হ'য়ে গিরিগুহাবাসী॥
ইত্যাদি।

কিছুক্ষণ চলিয়াই নিবিড় অরণ্য মধ্যে অবস্থিত দোমলি ভিটা নামক বাটীতে আশ্রয় লইলাম। এখানে শীত অতিশয় কঠোর, তদুপরি দুর্য্যোগে সে দারুণ শীতের প্রকোপ আরও ভীষণতর হইয়াছিল। অতি কষ্টে রাত্রি যাপন করিয়া প্রত্যুষে, যথাবিহিত পরিচ্ছদে ভূষিত হইয়া বাহির হইয়া পড়িলাম। আজ যেন শীতের প্রকোপ অতিশয় অসহ্য বোধ হইতেছিল। হস্তপদ যেন শিথিল হইয়া গিয়াছিল তার উপর উষার নীহারসিক্ত শীতল বাতাস শরীরের অনাবৃত স্থানে যেন তীক্ষ্ণ সূচীকার ন্যায় বিদ্ধ হইতেছিল। এরূপ দারুণ শীতের আমাদের ধরেণা ছিল না তাই দাস্তানা (jloves) সঙ্গে লই নাই। আজ কিন্তু অনাবৃত হস্তে, লাঠিগাছিও ধরিয়া রাখিতে সক্ষম হইতেছিলাম না। ক্রমাগত চড়াই চলিতে ছিল। পরিশ্রমে শীত কিঞ্চিৎ বিদুরিত হইল, আরও দুই মাইল চলিয়া 'চোপতা' নামক চটীতে পৌঁছিলাম। এখান হইতে দুইটী রাস্তা দুইদিকে গিয়াছে, একটী নীচদিয়া বদরির দিকে গিয়াছে। অপরটী উত্তুঙ্গ পর্ব্বতশৃঙ্গে অবস্থিত 'তুঙ্গনাথ' শিবের মন্দির হইয়া পুনরায় পূর্ব্বোক্ত রাস্তার সঙ্গে মিলিত হইয়াছে। আমরা তুঙ্গনাথের পথে চলিতে লাগিলাম। আরও দুইমাইল অতিশয় কঠোর চড়াই অতিক্রম করিতে হইবে। অতিশয় সন্তর্পণে উঠিতে লাগিলাম, তখন একটু একটু রৌদ্র উঠিতেছে, চতুর্দ্দিকের সীমাবিহীন ধবল তুষারাচ্ছন্ন পর্ব্বতমালা প্রভাত সূর্য্যের রজত রশ্মি গায়ে মাখিয়া, যেন গৌরব-মণি মুকুট শিরে ধারণ করিয়া, অপূর্ব্ব হাস্যচ্ছটায় আমাদের চক্ষু ঝলসাইয়া দিতেছিল। বিহ্বল অন্তঃকরণে সে গরিমাময় দৃশ্য দেখিতে দেখিতে আমরা পথ চলিতেছিলাম। পর্ব্বতের গায়ে গায়ে নানাজাতীয় অসংখ্য পুষ্প প্রস্ফুটিত হইয়া প্রভাত সমীরণে একটা মাদকতা ঢালিয়া দিতেছিল। যতই উপরের দিকে উঠিতে লাগিলাম, বৃক্ষলতাদি ততই বিরল হইয়া আসিতেছিল। ক্রমে স্থানে স্থানে স্তূপীকৃত বরফরাশি দেখা যাইতে লাগিল, তার পর, অনন্ত ধবল তুষাররাশি ব্যতীত আর কিছুই দৃষ্টি গোচর হইতেছিল না। এখন আর সূর্য্যদেবকে মোটেই দেখা যাইতেছিল না, চতুর্দ্দিকে নিবিড় কুজ্ঝটিকার ন্যায় স্তরে স্তরে সজ্জিত মেঘরাশি আমাদিগকে ঘিরিয়া ফেলিয়াছে, চারিদিকের পর্ব্বত শৃঙ্গগুলি ক্রমে কুয়াসার যবনিকার অন্তরালে লুকাইতে ছিল। এখন মনে হইতেছিল যেন কোন এক স্বপ্নরাজ্যে আসিয়াছি, এ যেন উপকথাকথিত মেঘমালার রাজ্য।

নিবিড় কুজ্ঝটিকাশ্রেণী ভেদ করিয়া বরফের উপর দিয়া আরও অনেকটা দূর অগ্রসর হইলে, উচ্চ-পর্ব্বত চূড়ে অবস্থিত তুঙ্গনাথের মন্দির দেখা যাইতে লাগিল। চতুর্দ্দিকে সাদা মেঘ, ও শুভ্র কর্পূর তুল্য অনন্ত তুষার শ্রেণী দ্বারা বেষ্টিত হইয়া সে অপূর্ব্ব মন্দিরটি যেন শূন্য মার্গে অবস্থিত বলিয়া মনে হইতেছিল। অল্পক্ষণের মধ্যেই মন্দিরে প্রবেশ করিলাম, এই সমস্ত মন্দির শীতকালে সম্পূর্ণ বরফের নীচে পড়িয়া যায়, কাজেই মন্দিরে প্রবেশের একটি বৃহৎ দরজা ব্যতীত অন্য কোনও দরজা বা জানালা নাই। ভিতরে জমাট অন্ধকার। একটী প্রকাণ্ড ঘৃতের প্রদীপ সে অন্ধকার ঈষৎ দূর করিতে সক্ষম হইতেছিল, সেই অস্পষ্ট আলোকে মন্দিরাভ্যন্তরস্থ লিঙ্গমূর্ত্তি ও অন্যান্য দুইএকটী বিগ্রহ দর্শন করিলাম।

তুঙ্গনাথ পর্ব্বতের ন্যায় এত উচ্চ পর্ব্বত এদিকে আর নাই, অধিকন্তু মন্দিরটী পর্ব্বতের ঠিক শিখরদেশে অবস্থিত হওয়ায় ও সমস্ত বর্ষব্যাপী ধবল তুষাররাশি দ্বারা মণ্ডিত থাকায় তাহার অনুপম সৌন্দর্য্যরাশি দর্শকদিগের নয়নযুগল তৃপ্ত করিতেছিল।

একটী চটীতে, অগ্নিকুণ্ডের পার্শ্বে কিছুক্ষণ বসিয়া অবসন্ন হস্তপদ সবল করিয়া লইয়া পুনরায় ভিন্ন রাস্তায় নীচের দিকে নামিতে লাগিলাম। এই উচ্চ 'চড়াই' হইতে নামিবার রাস্তাও অতিশয় কঠিন, প্রায় তিন

মাইল রাস্তা, প্রস্তর হইতে প্রস্তরান্তরে লাফাইয়া লাফাইয়া নামিতে হইল। তুঙ্গনাথের 'চড়াই' করিবার সময় মনে হইয়াছিল, কোন রকমে কষ্ট করিয়া একবার চড়াইটুকু শেষ করিতে পারিলে উৎরাই করিবার সময় বেশ আরাম পাওয়া যাইবে, কিন্তু এখন দেখিতে পাইলাম যে নামিবার রাস্তাও কোন ক্রমে সোজা নহে! ভেকের মত ক্রমাগত লাফাইতে লাফাইতে আমাদের সর্ব্বশরীরে বেদনা হইয়া গিয়াছিল। প্রায় এক ঘণ্টা এইরূপে চলিয়া 'ভুাংউড্ডার' নামক চটীতে আসিয়া পৌঁছিলাম। দৌলতরাম নীচের রাস্তায় আসিয়া এখানে আমাদের জন্য অপেক্ষা করিতেছিল। এখানে মধ্যাহ্নে আহারাদি করিয়া বৈকালে পুনরায় চলিতে আরম্ভ করিলাম।

চতুর্দ্দিকে গগনস্পর্শী পর্ব্বতমালা, জমাট মেঘের ধূসর আঁচল উড়াইয়া, যেন ঊর্দ্ধমুখে, কোনও এক প্রবীণ যোগীর ন্যায় ধ্যান-নিমগ্ন। চতুর্দ্দিকের বিশালকায় বনস্পতিসমূহ যেন নির্ব্বাক নিস্পন্দ ভাবে তাঁহার মুখপানে চাহিয়া রহিয়াছে, বিন্দু বিন্দু বৃষ্টিপাতে যেন সেই ধ্যান-নিমগ্ন দেবতার শুভাশীষ বর্ষিত হইতেছিল। মুগ্ধ নেত্রে সেই বিরাট অচিন্তনীয় দৃশ্য দেখিতে দেখিতে আমরা ধীরে ধীরে পথ অতিক্রম করিতেছিলাম। সঙ্কীর্ণ রাস্তার দুই পার্শ্বে নিবিড় অরণ্য, স্থানে স্থানে রম্য গিরিপ্রস্রবণসমূহ অবিরল কলতানে বহিয়া যাইতেছে, কোথাও বা সুন্দর প্রস্রবণের কিনারায় প্রস্তর খণ্ড সকলের অন্তরালে, অসংখ্য কুসুমভারে সজ্জিত অগণন পুষ্পবৃক্ষগুলি, বায়ুসঞ্চালনে হেলিয়া দুলিয়া যেন একটা আনন্দের বার্ত্তা ঘোষণা করিতেছিল। গাছে গাছে বন্য বিহগের সুমধুর কাকলিতে যেন সেই নির্জ্জন বনপ্রদেশে একটা আনন্দের সাড়া পড়িয়া গিয়াছিল।

রাস্তা ক্রমাগতই নীচের দিকে চলিয়াছে। ছয় মাইল চলিয়া আমরা একটী সুন্দর উপত্যকায় আসিয়া পড়িলাম। 'মণ্ডল' নামক চটী অতিক্রম করিয়া, একটী সুন্দর গিরিনদীর উপর সুদৃশ্য কাষ্ঠসেতু পার হইয়া, সমতল পথে আমরা অগ্রসর হইতে লাগিলাম। রাস্তার দুই ধারে শ্যামল শস্যক্ষেত্রসমূহ, মৃদুল হিল্লোলে আন্দোলিত হইতেছিল। স্থানে স্থানে পাহাড়ীদিগের ছোট ছোট ঘরগুলি দেখা যাইতেছিল। অদূরেই ছোট্ট নদীটী নাচিয়া নাচিয়া বহিয়া যাইতেছিল। এক্ষণে আর আকাশে তেমন মেঘ ছিল না, অস্তগমনোন্মুখ সূর্য্যের শেষ রশ্মিটুকু পর্ব্বতের চূড়ে ঝিকি মিকি করিতেছিল। ক্রমে সন্ধ্যা হইয়া আসিল কিন্তু পর্ব্বতের উপর হইতে এখানে শীতের প্রকোপ অনেকটা কম, তিন চার ঘণ্টার মধ্যে দারুণ শীতের রাজ্য ছাড়িয়া আমরা যেন বসন্তের মধুরতাময় রাজ্যে আসিয়া পড়িলাম। গত কয়েকদিন যাবত আমরা ক্রমাগতই কর্কশ পার্ব্বত্য প্রদেশ ও লোকালয়শূন্য বিশালকায় বৃক্ষশ্রেণীদ্বারা সমাচ্ছাদিত নিবিড় অরণ্যের ভিতর দিয়া অগ্রসর হইতেছিলাম, আজ স্বভাবের এই অভাবনীয় পরিবর্ত্তন দর্শন করিয়া হৃদয় আনন্দে নৃত্য করিয়া উঠিল। পথের ধারে ছোট ছোট কণ্টকপূর্ণ ঝোপে এক প্রকার হলদে রঙ্গের ক্ষুদ্র ক্ষুদ্র ফল পাকিয়া রহিয়াছিল, দুই একজন সাধুকে সেগুলি খাইতে দেখিয়া আমরাও কয়েকটী পরীক্ষা করিয়া দেখিলাম। বড়ই সুস্বাদু সে ফলগুলি, পকেট পুরিয়া সেগুলি তুলিয়া লইয়া খাইতে লাগিলাম।

'আরাম' চটীতে আরামে রাত্রিবাস করিয়া, পরদিন সকালে পুনরায় পথে বাহির হইলাম। সুন্দর শস্যপূর্ণ উপত্যকার মধ্য দিয়া রাস্তা চলিয়াছে। স্থানটী বেশ উর্ব্বর কাজেই সেখানে অনেক পাহাড়ী বসবাস করিয়া থাকে। প্রায় ছয় মাইল পথ চলিলে গোপেশ্বর শিবের মন্দির আমাদের দৃষ্টিগোচর হইল।

গোপেশ্বর স্থানটী বেশ জমকাল, এখানে অনেক দোকান পসার ও পাকা বাড়ীঘর আছে, বাজারের বামে মন্দির; প্রস্তর নির্ম্মিত অতিশয় পুরাতন মন্দিরে 'গোপেশ্বর' নামক শিবলিঙ্গ স্থাপিত। কথিত আছে যে অতি পূর্ব্বকালে এই স্থানটী সম্পূর্ণ জঙ্গলাবৃত ছিল। একদা একটী গাভী স্বচ্ছন্দে বিচরণ করিতে করিতে এখানে আসিয়া মৃত্তিকা নিম্নে লুক্কায়িত একটী শিবলিঙ্গের উপর স্বীয় বাঁট হইতে দুগ্ধ বর্ষণ করে। লোকে তাহা জানিতে পারিয়া সেই শিবলিঙ্গের পূজা অর্চ্চনা করিতে

থাকে ও ক্রমে তাহার উপর মন্দির নির্ম্মিত হয় এবং কালক্রমে স্থানটী বেশ সমৃদ্ধিশালী হইয়া উঠে। সেই হইতেই বনমধ্যে প্রাপ্ত সেই শিবলিঙ্গ, গাভী কর্ত্তৃক পয়ঃস্নাত হইয়াছিল বলিয়া 'গোপেশ্বর' নামে অভিহিত হইয়াছে। প্রধান মন্দিরের চারিদিকে আরও অনেক দেবদেবীর বিগ্রহ রহিয়াছে। মন্দিরের সম্মুখে তিনখানি পুরাতন ধরণের তরোয়াল একত্র গ্রথিত করিয়া ত্রিশূলাকারে রক্ষিত হইয়াছে। প্রবাদ আছে, যে কোনও একটী যুদ্ধের জয়স্তম্ভ স্বরূপ সেটী সেখানে স্থাপিত হইয়াছে।

গোপেশ্বর পরিত্যাগ করিয়া আরও তিন মাইল অতিক্রম করিয়া 'চমৌলী' পৌঁছিলাম। চমৌলির অপর নাম লালসাঙ্গা। অলকানন্দার উপর লোহার ঝুলান সেতু পার হইয়া কতকটা দুর উপরে উঠিলেই বাজার। বাজারে অনেকগুলি চালা, তাহাতে অনেক দেশীয় লোক বেচাকেনা করিয়া থাকে, স্থানটী একটী ক্ষুদ্র সহরের ন্যায়, একটী ক্ষুদ্র হাঁসপাতাল, একধারে একটী পুলিশের আড্ডা ও একটী পোষ্ট ও টেলিগ্রাফ আফিস ও কয়েকখানা দোকান পসার সেই পার্ব্বত্য জনপদকে সহর আখ্যা প্রদান করিতে যথেষ্ট বলিয়া বিবেচিত হইয়া থাকে। অলকানন্দা অনেকটা নীচে, সর্ব্বদা তাহার কূলে যাতায়াত করা বড় সহজ ব্যাপার নহে, কিন্তু উপরে কয়েকটী স্বচ্ছ শীতল জলের ঝরণা থাকাতে যাত্রীদিগকে সে কষ্ট স্বীকার করিতে হয় না। আমরা পূর্ব্বে বলিয়াছি যে দেবপ্রয়াগ হইতে একটী রাস্তা সোজা বদরির দিকে গিয়াছে। সেই রাস্তাটী এই স্থানে আসিয়া, কেদারের রাস্তার সঙ্গে মিলিত হইয়াছে। বদরি হইতে প্রত্যাবর্ত্তনের সময় যাহারা রামনগরে যাইয়া ট্রেন ধরেন, তাহাদিগকে লালসাঙ্গা পর্য্যন্ত আসিয়া দেবপ্রয়াগের রাস্তায় কর্ণপ্রয়াগ পর্য্যন্ত যাইতে হয়, সেখান হইতে রামনগর যাইবার ভিন্ন রাস্তা আছে।

চমৌলীতে মধ্যাহ্ন যাপন করিয়া বৈকালে পুল পার হইয়া পুনরায় চলিতে আরম্ভ করিলাম। মণ্ডল চটী হইতে চমৌলী পর্য্যন্ত রাস্তার সমতলতা ও প্রকৃতির কমনীয় কান্তি যেরূপ আমাদিগকে হর্ষান্বিত করিয়াছিল, চমৌলী পরিত্যাগ করিয়া, তাহার অদ্ভুত বৈষম্য দর্শন করিয়া আমরা অতিশয় ব্যথিত হইলাম। সমতল গ্রাম্যপথের পরিবর্ত্তে, প্রস্তরসঙ্কুল বন্ধুর অপ্রশস্ত পথে আমাদিগকে চলিতে হইতেছিল। কিছুকাল পূর্ব্বে শ্যামল শস্যভরা গমের ক্ষেতে পাহাড়ীদিগের স্মিত-সরল মুখগুলি যেমন একটী প্রীতি ও প্রফুল্লতার ভাব জাগাইয়া তুলিতেছিল, তৎপরিবর্ত্তে গগনচুম্বি কঠোর ধূসরবর্ণের উলঙ্গ পর্ব্বতশ্রেণী আজ যেন আমাদিগের নয়নকে তৃপ্ত করিতে পারিতেছিল না। শান্তিও ও সচ্ছন্দতাপূর্ণ পাহাড়ীদিগের গৃহে, বালক বালিকাদিগের বিহগকূজন সদৃশ হর্ষোচ্ছ্বসিত কোলাহলের তুলনায় বেগবতী মন্দাকিনীর উদ্দাম জলপ্রপাতের অবিরাম কল্লোল যেন অনেকটা একঘেঁয়ে বলিয়া বোধ হইতেছিল।

অনেক চড়াই উৎরাই করিয়া দশ মাইল অগ্রসর হইয়া সন্ধ্যায় 'পিপলকোটী' পৌঁছিলাম। উচ্চ পর্ব্বতের চূড়ে সুন্দর অধিত্যকায় পিপলকোটী অবস্থিত। বাজারের চতুর্দ্দিকে অনেক সমতল ভূমি, তাহাতে ফলভরে আনত গমের গাছগুলি সান্ধ্য সমীরণে কম্পিত হইতেছিল। দূরস্থিত ঝরণার জলপ্রপাতের অস্ফুট নিনাদ যেন একটা করুণ সুরের মত কাণে আসিতেছিল। পুনরায় প্রকৃতির হাসিভরা মুখখানা দেখিয়া আশ্বস্ত হইলাম।

পিকলকোটীতে বদরিনারায়ণ হইতে প্রত্যাবৃত্ত একদল যাত্রীর সঙ্গে আমাদের সাক্ষাৎ হইল, তাহাদের নিকট শুনিলাম যে নারায়ণের মন্দিরের দ্বার একবার অক্ষয় তৃতীয়ার পূর্ব্বেই খুলিয়াছে। মন্দিরের দ্বার খুলিতে কিছু বিলম্ব আছে ভাবিয়া আমরা অপেক্ষাকৃত ধীরে ধীরে পথ চলিতেছিলাম। কাজেই এবার নূতন করিয়া পথের Programme করিয়া লওয়া হইল। যাহা হউক প্রত্যুষে পিপলকোটী পরিত্যাগ পাঁচ মাইল চলিলে গরুড়গঙ্গা নামক স্থান আমাদের দৃষ্টিগোচর হইল। এখানে গরুড়গঙ্গা নামক একটী ক্ষীণা নির্ঝরিণী অলকানন্দার সঙ্গে মিলিত হইয়াছে। তীরে গরুড়জীর মন্দির, মন্দিরের সম্মুখে সুন্দর বাঁধান ঘাট গরুড়গঙ্গার জলে নামিয়া গিয়াছে। শুনা যায়, গরুড়গঙ্গায় নাকি

একপ্রকার অদ্ভুতক্ষমতাসম্পন্ন কৃষ্ণ প্রস্তর পাওয়া যায়। সে প্রস্তর সর্পদষ্ট ব্যক্তির ক্ষতস্থানে লাগাইয়া দিলে তাহা তথায় আটকাইয়া যায়, এবং সমস্ত বিষ টানিয়া লইয়া আপনিই খসিয়া পড়ে। আমাদের দেশে এই প্রস্তর 'বিষ পাথর' নামে পরিচিত, আমি একবার এই প্রকার একটী প্রস্তরের ক্ষমতা নিজে প্রত্যক্ষ করিয়াছি। অবশ্যই গরুড়গঙ্গায় সেই প্রকার একখণ্ড প্রস্তরের সন্ধান লইবার আমাদের অবকাশ হয় নাই, সে জন্য আজও মনের ক্ষোভ সম্পূর্ণ যায় নাই।

গরুড়গঙ্গা ছাড়িলেই একটী চড়াই। রাস্তার পাশে পাহাড়ের গায়ে, ঝাউগাছের মত একপ্রকার গাছের সারি, তাহার কাষ্ঠে একপ্রকার সুমিষ্ট গন্ধ বর্ত্তমান। সে পথে আরও পাঁচ মাইল চলিয়া 'পাতাল গঙ্গা' নামক একটী স্থানে আসিয়া পৌঁছিলাম। অগণিত উপলখণ্ডের উপর দিয়া একটী শীতল স্বচ্ছ জলের ধারা আঁকিয়া বাঁকিয়া বহিয়া যাইতেছিল। সে সুন্দর গিরি-প্রস্রবণটী পাতালগঙ্গা নামে অভিহিত হইয়া থাকে। পাতালগঙ্গা চটীর অদূরেই তাহা অলকানন্দার সঙ্গে মিলিত হইয়াছে। চটীটী সেই ক্ষুদ্র প্রবাহের অতিশয় সন্নিকটে অবস্থিত হওয়ায় তাহার সৌন্দর্য্য বড়ই বৃদ্ধি পাইয়াছিল।

পাতালগঙ্গা চটীতে মধ্যাহ্ন যাপন করিয়া বৈকালে আরও ৯ মাইল অগ্রসর হইয়া খটৌনী চটীতে রাত্রিবাস করিলাম। খটৌনী হইতে চারি মাইল পথ চলিলে সিংধার নামক চটীর নিকটে রাস্তা দুই দিকে গিয়াছে। একটী উচ্চ পর্ব্বতশ্রেণীর উপর দিয়া, আচার্য্য শঙ্কর প্রতিষ্ঠিত 'যোশীমঠ' হইয়া বিষ্ণুপ্রয়াগে নামিয়া গিয়াছে, অন্যটী সিংধার হইতেই নীচের দিকে নামিয়া বিষ্ণুপ্রয়াগে পূর্ব্বের রাস্তার সঙ্গে মিলিত হইয়াছে। পূর্ব্বোক্ত রাস্তায় চলিয়া আমরা যোশীমঠে পৌঁছিলাম।

ক্রমশঃ।

'ভবঘুরে।

কাব্যের ভবিষ্যত।

(পূর্ব্ববঙ্গ-সাহিত্য-সমাজের বিশেষ অধিবেশনে পঠিত)

অদ্যকার এই প্রবন্ধে আমি 'কাব্য' কথাটা যে অর্থে ব্যবহার করিব, সংস্কৃত আলঙ্কারিকের 'রসাত্মক বাক্য' এই সংজ্ঞাদ্বারা তাহা বোধগম্য হইবে না। 'কাব্য' বলিতে সাধারণতঃ আমরা যাহা বুঝিয়া থাকি তাহা উহার ব্যাপক অর্থ নহে।

কাব্যের প্রসার অনন্ত, কারণ মানুষের মনোরাজ্যে তাহার অধিকার। নিখিল কল্পনার লীলানিকেতন মানবচিত্তের সেই অনাবিষ্কৃত রহস্যলোকেরই মত কাব্যের জন্ম ও বিকাশ রহস্যময়। কবে কোন্ সৃষ্টি প্রভাতে মন্থনোদ্ভূত অমৃতের মত ইহা জন্মমৃত্যুর আবর্ত্তনের মধ্যেও মানবচিত্তকে অমরত্বের প্রথম সন্ধান দিয়াছিল তাহা আজ শুধু কবিকল্পনার বিষয়। অনাদি বারিধিবক্ষে প্রথম তরঙ্গলীলায় যেমন করিয়া সৃষ্টি-শতদল বিকশিত হইয়া উঠিয়াছিল, সেইরূপ নিখিলের মানস-সরোবরে পুষ্পবিকাশেরই মত এক দুর্জ্ঞেয় রহস্য-বলে কাব্য জন্মগ্রহণ করিয়াছিল। বিশ্বসৃষ্টির চিরন্তন গতিলীলার সঙ্গে সঙ্গে তাহার প্রাণ-প্রবাহকে অক্ষুণ্ন রাখিয়া অনন্তের অভিমুখে রূপ হইতে রূপান্তরে কাব্যের অপ্রতিহত-অভিযান চলিয়াছে। এই পরিবর্ত্তন আপাতদৃষ্টিতে পারম্পর্য্যবিহীন বলিয়া মনে হইলেও মানবচিত্তের ক্রমাভিব্যক্তির সহিত ইহাও বিকাশের দিকে চলিয়াছে। ইহার চরম পরিণতি কোথায় পারি পার্শ্বিক ঘটনাবলীর মধ্যে তাহার আভাষ অনুসন্ধান করা অসমীচীন হইবে না, যদিও বর্ত্তমানে তাহা সুস্পষ্ট ধারণার বহির্ভূত।

কাব্যের প্রকৃতি নিরূপণ করিতে যাইয়া একটি মাত্র প্রকৃষ্ট সংজ্ঞায় কেহই তাহার রূপ প্রকাশ করিয়া বলিতে পারেন নাই। কাহারো মতে—"পরি-দৃশ্যমান জগতের অনন্ত বৈচিত্র্য ও চাঞ্চল্যের অন্তরালে যে চিরন্তন ভাবরাশি নিহিত রহিয়াছে কাব্য তাহারই প্রকাশমাত্র।······কবিতা বাস্তব জীবনেরই প্রতিচ্ছবি, তাহার অন্তর্নিগূঢ় শাশ্বত সত্যের অভিব্যক্তি।" কেহ

বলিয়াছেন—"কাব্য নিখিল জ্ঞানের আদি ও অন্ত, ইহা মানবচিত্তের মতই অবিনশ্বর।" আবার কেহ বলেন—"কাব্য মানবচিত্তে ভগবদনুভূতির উদ্বোধক।"

Matthew Arnold কাব্যকে "জীবনের সমালোচনা" নামে অভিহিত করিয়াছেন। তাঁহার মতে এই সমালোচনা একটী আদর্শের অনুযায়ী এবং সত্য ও সৌন্দর্য্যের বিধিনিয়মের অনুসারী হইতে হইবে। Matthew Arnold এর এই অভিমত অনেকেরই মনঃপুত হয় নাই, কারণ ইহাদ্বারা কাব্যের গণ্ডীকে সঙ্কীর্ণ করিয়া ফেলা হইয়াছে। কিন্তু সে যাহাই হউক কাব্য সম্বন্ধে বিভিন্ন মতবাদ অনুধাবন করিলে অন্ততঃ এইটুকু বোঝা যায় যে প্রকৃত কাব্যের ভিত্তি যে সত্য ও সৌন্দর্য্যানুভূতির উপর নিহিত তাহাতে কাহারো মতদ্বৈধ নাই।

ধর্ম্মের সহিত কাব্যের সম্বন্ধ অতি নিকট। অতি প্রাচীনকাল হইতেই কাব্য মানুষের ধর্ম্ম-বিশ্বাস হইতে তাহার প্রাণ-রস লাভ করিয়াছে। জগতের শ্রেষ্ঠ কবিতাসমূহ কবির হৃদয়ের অন্তরতম প্রদেশ হইতে উৎসারিত। লোকচক্ষুর নিকট কবি বিশ্বাসীই হউন আর নাস্তিকই হউন তাঁহার যে কবিতা অমরত্ব লাভ করিয়াছে তাহা তাঁহার গভীর সত্যানুভূতি ও সৌন্দর্য্যবোধ হইতে জন্মপরিগ্রহ করিয়াছে। এই সত্যানুভূতিই তাঁহার ধর্ম্মবিশ্বাসের পরিমাপ। ধর্ম্ম এখানে কোনও দেশ ও কালের বিশেষ ধর্ম্ম নহে—ইহা অনাদি কালের, অনন্ত যুগের—নিখিল মানবচিত্তের চিরন্তন অবলম্বন।

সত্য যাহা তাহা শাশ্বত, অবিনশ্বর। সাধক-কবি তাঁহার কাব্যের মধ্যদিয়া সহস্ররূপে এই সত্যকেই প্রকাশ করিতে প্রয়াস পাইয়া থাকেন। প্রকৃত কবিতা শুধু এই জন্যই অনন্ত কালের, প্রকৃত কবি শুধু এই জন্যই দেশ ও কালের গণ্ডীর মধ্যে আবদ্ধ নহেন।

কোনও বিশেষ দেশের বিশেষ কাব্যসাহিত্যকে বিচ্ছিন্ন করিয়া তাহার ধারাবাহিকতা অনুসন্ধান করিতে গেলে আমরা কাব্যের প্রতি অবিচার করিয়া বসিব। তাহার প্রকৃত স্বরূপ ও ক্রমবিকাশের পরিচয় পাইতে হইলে বিশ্বমানবের অন্তরের দিক হইতে সমগ্র ভাবে তাহাকে দেখিতে হইবে। দেখা যায়, অতীত কাল হইতে বর্ত্তমান কাল পর্য্যন্ত কয়েকটী বিশেষ অবস্থার মধ্য দিয়া কাব্য বিকাশের দিকে অগ্রসর হইতেছে। বাস্তবতা, কল্পনা ও সত্যানুসন্ধান—মোটামুটিভাবে বলিতেগেলে বিশ্বকাব্যে প্রধানতঃ এই তিনটী অবস্থার পরিচয় পাই। স্মরণাতীত যুগে মানুষের অন্তর যখন শিশুচিত্তের মত, সদ্যোবিকশিত কুসুমকলিকার মত, ধরণীর শব্দস্পর্শরূপরসগন্ধের অনন্ত বৈচিত্র্যের মাঝখানে ধীরে ধীরে ফুটিয়া উঠিয়াছিল, শিশুমানব যখন অপরিসীম বিস্ময়ে বিশ্বপ্রকৃতির পানে নির্ব্বাক হইয়া চাহিয়াছিল, বিহঙ্গকাকলীর মত স্বতঃ উৎসারিত তাহার তখনকার যে ভাষা তাহাতে শুধুই বিস্ময়, শুধুই আনন্দ, শুধুই স্তুতিগান। শিশুর অস্ফুট কলভাষের মত তাহা জন্মান্তরের আভাষ প্রদান করে। বিস্ময়-মুগ্ধ মানবচিত্ত তখন বিপুল অনুভূতির উচ্ছ্বাসে বিহ্বল, অব্যক্ত সম্ভ্রমে প্রকৃতির সমক্ষে মানুষ তখন ভক্তের মত অবনত।

এই অপরিসীম বিস্ময়ের ফলস্বরূপ মানুষ ক্রমশঃ প্রকৃতির শক্তিনিচয়ের পূজক হইয়া দাঁড়াইল। গ্রীস্, মিশর, ভারতবর্ষ ও Scandinaviaর দেবদেবী ও দৈত্য-দানবগণ প্রধানতঃ এই প্রকৃতির শক্তিসমূহের মূর্ত্তি-কল্পনা মাত্র। ভারতবর্ষে বৈদিক যুগ হইতে আরম্ভ করিয়া পৌরাণিক যুগ পর্য্যন্ত একটা ধারাবাহিকতা এই রূপেই আমরা অনুসরণ করিতে পারি। এই রূপেই Romance ও মহাকাব্যাদির উদ্ভব হইয়াছে। মানুষ এই রূপেই Nature-worship হইতে Super-nature এর কল্পনায় আসিয়াছিল।

অতীতের বিভিন্ন যুগের কাব্যসাহিত্যের পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করা বর্ত্তমান প্রবন্ধের উদ্দেশ্য নহে। কাব্যের ভবিষ্যত সম্বন্ধে বর্ত্তমানকাল হইতে আমরা কি আভাষ পাইতেছি আমি সংক্ষেপে তাহারই আলোচনা করিব।

মানুষের চিন্তা যে ক্রমশঃ কল্পনা হইতে সত্যে আসিয়া পৌঁছিতেছে বর্ত্তমান যুগের বিশ্বসাহিত্যে আমরা তাহার সুস্পষ্ট লক্ষণ দেখিতে পাইতেছি।

বর্ত্তমান যুগ transition এর যুগ; কল্পনা হইতে সত্যে, বস্তু হইতে ভাবে এই transition চলিতেছে। ইংলণ্ডে Wordsworthian যুগের রোম্যাণ্টিক সাহিত্য হইতে এই transition সুস্পষ্টরূপে প্রকাশ পাইয়াছে বলা যাইতে পারে। Wordsworth হইতে আরম্ভ করিয়া Irish Revival এর কবিগণ পর্য্যন্ত একটা ধারা অনুসন্ধান করিতে গেলে দেখা যায় Idealism ক্রমে ক্রমে Mysticism এ আসিয়া পৌঁছিতেছে। ইন্দ্রিয়-গ্রাহ্যের মধ্যে অতীন্দ্রিয়ের আভাষ, বিশ্বসৃষ্টির মধ্যে বিশ্বস্রষ্টার অনুভূতি মানুষকে ধীরে ধীরে ভাবুকতা হইতে আধ্যাত্মিকতায় আনিতেছে।

Realism, Idealism, Mysticism প্রভৃতি কথাগুলি ও তাহাদের পরস্পর সম্বন্ধ বিষয়ে আমরা প্রায়ই ভুল বুঝিয়া বসি।

সাহিত্য-সমালোচনায় চরমপন্থীতা সর্ব্বথা বর্জ্জনীয় কারণ সাহিত্যে একের ও অন্যের মধ্যে একটা সুস্পষ্ট সীমারেখা নির্দ্দেশ করিতে গেলে ভুল হইবার সম্ভাবনা। এক ধরণের সমালোচক আছেন, যাঁহাদের Bernard Shaw "Watertight-compartment critics" বলিয়াছেন, তাঁহারা সাহিত্যের একটা বিশেষ রূপকে বিশ্লিষ্ট করিয়া বিচ্ছিন্ন ভাবে পর্য্যবেক্ষণ পূর্ব্বক আপনাদের চরম মত প্রকাশ করিয়া বসেন।

Realism বা বস্তুতন্ত্রতা, এবং Idealism বা ভাবুকতা পরস্পর-বিরোধী তো নহেই বরঞ্চ একের সহিত অন্যের অবিচ্ছেদ্য সম্বন্ধ আছে। বস্তু কথাটাকে আমরা সঙ্কীর্ণ অর্থে বুঝি বলিয়াই এত গোল। বস্তু ভাবের অবলম্বন। যাহাকে নির্ভর করিয়া ভাবরাশি গড়িয়া উঠে তাহাই উহার বস্তু বা Subject Matter, যদি তাহার বাস্তব জগতের সহিত সামঞ্জস্য না-ও থাকে তাহাতে কিছু আসিয়া যায় না। নিত্য নূতন সৃষ্টিতেই কবিপ্রতিভার সার্থকতা, সুতরাং কবি পদে পদে দৈনন্দিন জীবনের ঘটনাবলীর অনুকরণ ও অনুসরণ করিতে যাইয়া আপনার মৌলিকতা বিনষ্ট করিতে পারেন না।

Mysticism বা আধ্যাত্মিকতা * ভারতবর্ষের নিজস্ব জিনিস। এই আধ্যাত্মিকতা ভারতবর্ষের শিক্ষা, দীক্ষা, সাহিত্যসাধনার প্রাণ। ইন্দ্রিয়-গ্রাহ্য পরিদৃশ্যমান জগতের অন্তরালে যে অতীন্দ্রিয় জগত বিরাজমান Mystic কাব্য তাহারই আভাষ দিতে প্রয়াসী। এ জগত অনুভূতির জগত, কবি শুধু তাহার আভাষ দিয়া থাকেন। অনুভব করিবার শক্তি যাঁহার নাই তাঁহার নিকট কবির ইঙ্গিতগুলি দুর্ব্বোধ হেঁয়ালী মাত্র।

আধুনিক বিশ্বসাহিত্যে এই Mysticism এর ভাব প্রবল হইয়া উঠিয়াছে। ভারতবর্ষের রবীন্দ্রনাথ, ইয়ুরোপের ইবসেন, মেটারলিঙ্ক, Irish Revival এর কবিগণ প্রভৃতি এই ভাবের উপাসক।

ইবসেন, মেটারলিঙ্ক কাব্যসাহিত্যকে সত্যের পথে অগ্রসর করিয়া দিতেছেন এই হিসাবে তাঁহারা তাঁহাদের পূর্ব্ববর্ত্তী সকল সাহিত্যরথীগণ অপেক্ষাও উচ্চস্তরের কবি, আর অন্ততঃ এই হিসাবেও রবীন্দ্রনাথ অবিসংবাদিতরূপে ভারতবর্ষের সর্ব্বশ্রেষ্ঠ কবি।

এই যে Mysticism এর যুগ ইহা অন্তর্দৃষ্টির যুগ। সত্যের প্রকাশকে পূর্ণ হইতে পূর্ণতর করিবার একটা অন্তর্লীন আকাঙ্ক্ষা বিশ্বের কাব্যসাহিত্যে রূপ ধরিয়া উঠিয়াছে। সমসাময়িক বর্ত্তমান জগতের ঘটনাপরম্পরা কতকটা আকস্মিকভাবে এই পরিবর্ত্তনকে প্রকট করিয়া তুলিয়াছে। অকস্মাৎ যাহা উদ্ভূত হয় মানুষ স্বভাবতঃই তাহাকে একটু দ্বিধার চক্ষে দেখিয়া থাকে, সুতরাং এই renaissance কে রক্ষণশীল জগত সম্পূর্ণরূপে গ্রহণ করিতে পারিতেছে না। কিন্তু সে দিন অদূরবর্ত্তী যখন মানুষের উদ্বুদ্ধ অন্তর এই পরিবর্ত্তনের গভীরতা হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবে।

সহস্র ব্যর্থতার বেদনায় নিপীড়িত হইয়া মানুষের অন্তরের অন্তরে আজ এই ধ্বনি জাগিয়া উঠিয়াছে—

---

* বর্ত্তমান প্রবন্ধে Mysticism কথাটাকে আমি আধ্যাত্মিকতা অর্থেই ব্যবহার করিয়াছি। Obscurity ও Mysticismএর মধ্যে পার্থক্য স্মরণ না রাখিলে আমার বক্তব্য পরিস্ফুট হইবে না।—লেখক।

"আঁখি মেলে তোমা অনেক খুঁজেছি,
আর আঁখি মেলে নয়,
বাহিরের চাওয়া শেষ, দেখি যদি
ভিতরে চাহিলে হয়।"

প্রাণে ও প্রকৃতিতে, চেতনে ও জড়ে, খণ্ডে ও ভূমায় যে কাল্পনিক বিরোধের অন্তরাল ছিল, ধীরে ধীরে তাহা অপসারিত হইতেছে, নশ্বরতার মধ্যে শাশ্বতের সন্ধানে আজ বিশ্বচিত্ত অগ্রসর হইয়াছে। প্রত্যক্ষকে অতীন্দ্রিয়ের সহিত মিলাইয়া দেখিয়া কবিচিত্ত উপলব্ধি করিতেছে,—

"ধূপ আপনারে মিলাইতে চাহে গন্ধে,
গন্ধ সে চাহে ধূপেরে রহিতে জুড়ে,
সুর আপনারে ধরা দিতে চাহে ছন্দে,
ছন্দ আবার ফিরে যেতে চাহে সুরে,
ভাব পেতে চায় রূপের মাঝারে অঙ্গ,
রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া,
অসীম সে চাহে সীমার নিবিড় সঙ্গ,
সীমা হতে চায় অসীমের মাঝে হারা।—
প্রলয়ে সৃজনে না জানি এ কার যুক্তি,
ভাব হতে রূপে অবিরাম যাওয়া আসা,
বন্ধ ফিরিছে খুঁজিয়া আপন মুক্তি,
মুক্তি মাগিছে বাঁধনের মাঝে বাসা।"

ইয়ুরোপীয় মহাযুদ্ধের প্রারম্ভ হইতেই অনেকের মনে হইতেছিল যেন ইহা বিশ্বের ভবিষ্যৎ আনন্দযুগের মঙ্গল-নির্দ্দেশ। ভাব ও বস্তু Rationality ও Animalityর চিরন্তন দ্বন্দ্বের এইখানেই শেষ। বাহুশক্তির উপর অতিরিক্ত বিশ্বাস পাশ্চাত্যজগতকে যে পথে লইয়া যাইতেছিল তাহাই যে অবলম্বনীয় নহে এই মহাপ্রলয় তাহারই নিষ্ঠুর ইঙ্গিত মাত্র। নতুবা যুগ যুগ ব্যাপী "প্রচুরতম মনুষ্যের প্রভূততম সুখসাধনের" এই যে বিপুল আয়োজন তাহা কিয়ৎকালের মধ্যেই একান্ত ব্যর্থ বলিয়া প্রমাণিত হইবে কেন? অন্তরকে মানুষ অবজ্ঞা করিয়াছিল, তাহার সহস্র প্রচেষ্টাকে যে প্রাণ-রস জীবনী সঞ্চারে সঞ্জীবিত করিবে তাহার মূল উৎসকে চিরদিন সে উপেক্ষা করিয়াই আসিয়াছে। গণ্ডীর পর গণ্ডী আঁকিয়া আত্মপ্রতিষ্ঠার আয়োজনকে সহস্র কাল্পনিক বেষ্টনের মধ্যে নিরাপদ রাখিতেই মানুষ ব্যাপৃত ছিল। "যোগ্যতমের উদ্বর্তন" নীতির সঙ্কীর্ণ ব্যাখ্যা মানুষকে চাণক্য ও Machiavelliর মন্ত্রশিষ্য করিয়া রাখিয়াছিল।

ডারুইনের মৃত্যুর পরে, তাঁহার পূর্ব্বোক্ত সিদ্ধান্তটি লইয়া পণ্ডিতমহলে ঘোর তর্কের সূত্রপাত হইয়াছিল। সুবিখ্যাত বৈজ্ঞানিক লামার্ক (Lamarck) বলিয়াছেন, প্রাণিগণ নিজেদের জীবনকালে যে সকল অভিজ্ঞতা অর্জ্জন করে, তাহার কিয়দংশ সন্তানসন্ততিতে সংক্রমিত হইয়া যায় এবং ইহা হইতেই সংস্কারের উৎপত্তি হইয়া পড়ে। স্পেন্‌সার্ হেকেল্ প্রমুখ একদল পণ্ডিত লামার্কের এই সিদ্ধান্ত অবলম্বন করিয়া তর্ক আরম্ভ করিয়া ছিলেন। তাঁহারা বলিতে আরম্ভ করিয়াছিলেন,—শিকারী কুকুরকে ছাড়িয়া দিলে সে যখন শিকার বাহির করিয়া আনে, তখন ইহাই বুঝা যুক্তিসঙ্গত যে, কুকুরের পূর্ব্বপুরুষ কোন প্রকারে শিকার বাহির করিবার কৌশল শিখাইয়াছিল এবং সেই কৌশলই পুরুষানুক্রমে ঐ কুকুরজাতির মধ্যে সংক্রমিত হইতেছে। যে সকল কার্য্য প্রাণিগণ বুদ্ধি-প্রয়োগে শিক্ষা করিয়া অভ্যাসে পরিণত করে, তাহা প্রথমে সেই সকল প্রাণীর বিশেষ

গুণ হইয়া পড়ে, এবং তাহাই ভবিষ্যতে সন্তানসন্ততিতে পৌঁছিয়া জাতিগত বিশেষত্ব হইয়া দাঁড়ায়। এই বিশেষত্বগুলিই প্রাণীর সংস্কার। বুদ্ধিপ্রয়োগে পূর্ব্ব-পুরুষগণ যাহা লাভ করিয়াছিল, তাহা পরপুরুষে পৌঁছিলে আর বুদ্ধিপ্রয়োগের প্রয়োজন হয় না, তখন প্রাণিগণ ঐ পৈত্রিক ধর্ম্মের বশবর্ত্তী হইয়া যন্ত্রবৎ চলা-ফেরা করে। এই জন্য সংস্কারজ ব্যবহারে বুদ্ধির লেশমাত্র আবশ্যক হয় না।

বুদ্ধিপ্রয়োগ দ্বারা অভ্যস্ত ব্যবহারগুলি পুরুষান্তরে সংক্রমিত হইয়া সংস্কারে পরিণত হয়, এই সিদ্ধান্তটি গত শতাব্দীতে অনেকেই বিশ্বাস স্থাপন করিয়াছিলেন। কিন্তু প্রসিদ্ধ জর্ম্মান্ পণ্ডিত উইস্ম্যান (Weismann) ইহার প্রতিদ্বন্দ্বী হইয়া পড়িয়াছিলেন। ইনি বলিতে আরম্ভ করিয়াছিলেন, কোন প্রাণী যদি বুদ্ধির চর্চ্চা করিয়া সেই শ্রেণীর সাধারণ প্রাণী অপেক্ষা অধিকতর বুদ্ধিমান হয়, তবে তাহার বংশে বুদ্ধিমান সন্ততির জন্ম সম্ভবপর; কিন্তু যদি কোন প্রাণী বুদ্ধিপ্রয়োগে তাহার চাল-চলনে কোন বিশেষত্ব আনিয়া ফেলে, তবে তাহা ঠিক সেই আকারে সন্ততিতে সংক্রমিত হয় না। মনে করা যাউক, কোন ব্যক্তি বিশেষ পরিশ্রমে এমন হারমোনিয়ম বাজাইতে শিক্ষা করিয়াছে যে, বাজাইবার সময়ে তাহার যন্ত্রের প্রতি দৃষ্টি রাখার প্রয়োজন হয় না, হাতের কুড়িটা অঙ্গুলি ঠিক পরদার কলের মত পড়িয়া যায়। লামার্কের শিষ্যগণের সিদ্ধান্ত সত্য হইলে বলিতে হয়,এই প্রকার একজন ওস্তাদের সন্তানবর্গ হারমোনিয়ম বাজানো গুণটি সংস্কাররূপে লাভ করিয়া ভূমিষ্ঠ হইবে। কিন্তু প্রকৃত ব্যাপারে তাহা দেখা যায় না; বড় ওস্তাদের পুত্রকেও কষ্ট করিয়া গান-বাজানা শিক্ষা করিতে হয়। কিন্তু কোন ব্যক্তি যদি জীবনে তীক্ষ্ণ বুদ্ধি লাভ করে, তবে অনেক সময়েই তাহার বুদ্ধিবৃত্তি সন্তানে সংক্রমিত হয়। পণ্ডিতের পুত্র খুব প্রতিকূল অবস্থায় পড়িয়া নষ্ট না হইলে প্রায়ই মূর্খ হয় না।

লামার্কের ও ডারুইনের সিদ্ধান্তে প্রতিবাদ করিয়াই উইস্ম্যান্ ক্ষান্ত হন নাই; কি প্রকারে ভূমিষ্ঠ হওয়ার পরেই প্রাণিগণ সংস্কারজ ব্যবহার আয়ত্ত করে, সে সম্বন্ধে তিনি এক নূতন সিদ্ধান্তের প্রচার করিয়াছিলেন। যে মূল জৈব-সামগ্রী (Gerums) বিকাশ প্রাপ্ত হইয়া মাতৃগর্ভে প্রাণীর সৃষ্টি করে, তাঁহার মতে ঐ জিনিসটাই সংস্কারের আধার। উদাহরণ দিলে তাঁহার বক্তব্যটা পরিষ্কার হইবার সম্ভাবনা। আমরা প্রায়ই দেখিতে পাই, একই পরিবারে এবং একই আবহাওয়ার মধ্যে যে সকল শিশু জন্মগ্রহণ করিয়াছে, তাহাদের সকলের মেজাজ সমান হয় না। কেহ হয় ত খিট্‌খিটে, কেহ হয় ত সদাপ্রফুল্ল; কেহ অসম্ভব গম্ভীর, কেহ বা ভয়ানক চঞ্চল। এই ব্যাপারগুলিকেই উইস্ম্যান্ সাহেব মূল জৈব-পদার্থের (Gerums) পরিবর্ত্তনের ফল বলিয়াছেন। এই পরিবর্ত্তনটা পিতৃ বা মাতৃপক্ষের বিশেষত্ব দ্বারা উক্ত জৈবপদার্থে মুদ্রিত থাকে এবং পরে তাহা হইতে প্রাণীর জন্ম হইলে উহা বিকাশ প্রাপ্ত হয়। এমন অনেক লোক দেখা যায়, যাহারা আমিষাহারকে অকারণে বিষবৎ মনে করে; আবার এমন লোকও দেখা যায়, যাহারা আমিষাহার ব্যতীত অসুস্থ হইয়া পড়ে। কেহ জন্মের পর হইতেই চোখে কম দেখে; কেহ অসাধারণ সঙ্গীত-জ্ঞান লইয়া জন্মগ্রহণ করে। উইজ্‌ম্যানের মতে, এগুলিও মূল জৈব-পদার্থের পরিবর্ত্তনের ফল। তিনি এইপ্রকারে প্রাণীর সংস্কারকেও মূল জৈব পদার্থের পরিবর্ত্তনের মধ্যে ফেলিয়াছেন। মানুষ যেমন উক্ত পরিবর্ত্তনের ফলে কখন রঙ-কাণা রাত-কাণা, প্রভৃতি নানা প্রকৃতি লইয়া জন্মে, ইতর প্রাণীরাও ঐপ্রকারের নানা ভাল মন্দ গুণসম্পন্ন হইয়া জন্মগ্রহণ করে। মন্দগুণ লইয়া জন্মিলে তাহাদের সংসারে স্থান হয় না, জীবন সংগ্রামে পরাজয় স্বীকার করিয়া অল্পদিনেই জীবনলীলা সম্বরণ করিতে হয়; কিন্তু ভাল গুণ লইয়া জন্মিলে তাহারা সংসারে উন্নতি করে এবং নিজেদের বংশ সুপ্রতিষ্ঠ রাখে। উইজ্‌ম্যানের মতে এই প্রকারে লব্ধ জীবনরক্ষার উপযোগী সদ্‌-গুণাবলীই সংস্কাররূপে প্রকাশ পায়।

অল্পদিন হইল উইজ্‌ম্যানের মৃত্যু হইয়াছে। মৃত্যুর পূর্ব্বে ও পরে তাঁহার প্রচারিত সিদ্ধান্ত লইয়া অনেক

আলোচনা হইয়াছে এবং আজও সেই আলোচনার অন্ত হয় নাই। কিন্তু উইজ্‌ম্যানের পরে আজও কেহ বিষয়টীতে নূতন করিয়া আলোকপাত করিতে পারেন নাই। উইজ্‌ম্যানের সিদ্ধান্ত সত্য হইলেও এসম্বন্ধে অনেক তত্ত্ব আজও অজ্ঞাত আছে বলিয়া স্বীকার না করিলে চলে না। তিনি মূল জৈবপদার্থের যে পরিবর্ত্তনের কথা কল্পনা করিয়া সিদ্ধান্তের প্রতিষ্ঠা করিয়াছেন, সে পরিবর্ত্তন কিপ্রকারে হয়, তাহা আজও কেহ সুস্পষ্ট বলিতে পারেন নাই। প্রাণীর কতকগুলি ধর্ম্ম কেন জৈব-পদার্থের উপরে প্রভাব বিস্তার করে এবং কতকগুলি কেন করে না,—এই প্রশ্নেরও উত্তর উক্ত সিদ্ধান্তে পাওয়া যায় না। সুতরাং বলিতে হয়, সংস্কারের উৎপত্তির স্থূল ব্যাপারগুলি ক্রমে প্রকাশ হইয়া পড়িলেও, মূল বিষয়টা আজও রহস্যাবৃত আছে।

শ্রীজগদানন্দ রায়।

শারনাথ।

১৩১৮ বাং ২৪শে আশ্বিন একদিন মধ্যাহ্ন ভোজনের পর কিঞ্চিৎ বিশ্রাম করিয়া পুণ্যভূমি কাশীধাম হইতে শারনাথ দর্শনে রওয়ানা হইলাম। আমরা দুই বন্ধু, সুতরাং একা গাড়ীতে যাওয়াই সঙ্গত মনে করিলাম। পশ্চিমাঞ্চলে একা গাড়ীর ভাড়া অনেক কম।

শারনাথ বৌদ্ধগণের পবিত্র তীর্থধাম। ইহা ঐতিহাসিকের চক্ষে প্রীতিপ্রদ ও ভ্রমণকারীর নিকট অতি মনোরম স্থান। শারনাথ বারাণসীর উত্তরে অনুমান ২।০ ক্রোশ দূরে অবস্থিত। কাশীর পূর্ব্বপ্রান্ত বিধৌত করিয়া পুণ্যসলিলা জাহ্নবী উত্তরাভিমুখে ছুটিয়াছে। কাশীর উত্তরসীমানা বরুণা ও দক্ষিণসীমানা অসি। এই দুই নদী পূর্ব্ববাহিনী হইয়া গঙ্গার সহিত মিলিত হইয়াছে। বরুণা ও অসি নদীর মধ্যবর্ত্তী অর্দ্ধচন্দ্রাকৃতি সুবিস্তৃত ভূভাগই বারাণসী নামে অভিহিত। অল্পক্ষণ পর আমরা বরুণার উপরিস্থিত সেতু অতিক্রম পূর্ব্বক বারাণসীকে পশ্চাতে রাখিয়া যতই অগ্রসর হইতে লাগিলাম, সহরতলীর বিশৃঙ্খল প্রাকৃতিক সৌন্দর্য্য ততই আমাদের নয়নে অধিকতরভাবে উদ্ভাসিত হইয়া উঠিল। কোথাও বৃক্ষরাজির শোভা, কোথাও শ্যামলক্ষেত্রের মধুরতা, কোথাও দীনহীন কাঙ্গালের পর্ণকুটীরের ম্লানপ্রভা, কোথাও কৃষক বালকের সরল চাহনি আমাদের চিত্তকে নানাভাবে উদ্রিক্ত করিয়াছিল।

ভগবান্ বুদ্ধদেব রাজসিংহাসন পরিত্যাগ করিয়া, প্রেমময়ী পত্নীর প্রেমবন্ধন ছিন্ন করিয়া, সদ্যপ্রসূত প্রাণাধিক পুত্রের মমতা বিসর্জ্জন দিয়া, বৃদ্ধ পিতা শুদ্ধোধন ও মাতা গোতমীকে শোকসাগরে ভাসাইয়া জগতের কল্যাণার্থ ভিক্ষুবেশে জন্মভূমি কপিলাবস্তু নগর হইতে বিদায় লইলেন, এবং ক্রমে দুই বৎসর নানাদেশে নানাস্থানে ঘুরিয়া অবশেষে গয়াক্ষেত্রে—উরুবিল্ব বনে উপনীত হইলেন। উরুবিল্বের পার্শ্ববাহিনী প্রসন্নসলিলা নিরঞ্জনা (ফল্গু) নদীর সুমধুর কল কল নিনাদ ও প্রকৃতি দেবীর অপূর্ব্ব সৌন্দর্য্য রাশি আগন্তুকের মন প্রাণ কাড়িয়া লয়। শাক্যসিংহ এ হেন উপবনে উপস্থিত হইয়া বিমুগ্ধ হইলেন। এবং ইহাকেই সাধনের উপযুক্ত ক্ষেত্র নির্ব্বাচন করতঃ এক বিটপীমূলে সমাসীন হইয়া ধ্যাননিরত রহিলেন। তিনি একাদিক্রমে ছয় বৎসরকাল যে কল্পনাতীত উৎকট তপস্যা করিয়াছিলেন তাহা কে না অবগত আছেন? তাঁহার তপস্যার কাহিনী কি আর কহিব—তিনি এই দীর্ঘকাল একটি কি দুইটী তিল কিংবা তণ্ডুল ভক্ষণ করিয়াই দিনপাত করিতেন। সেই সময় তথায় তাঁহার আরো ৫ পাঁচ শিষ্য সাধন ভজন করিতেন। ক্রমাগত ছয় বৎসর সাধনায়ও তিনি বুদ্ধত্ব লাভ করিতে পরিলেন না। অথচ তাঁহার এই কৃচ্ছ্রসাধ্য সাধনে দেহ ভাঙ্গিয়া পড়িল। বুদ্ধদেব অনাহারে শরীর পাত করা অপেক্ষা এই সাধন মার্গ পরিহার করা শ্রেয় জ্ঞান করিলেন এবং নিরঞ্জনার শীতল জলে অবগাহন করিয়া শান্ত হইলেন। তাঁহার এতাদৃশ ব্যবহারে বিরক্ত হইয়া পূর্ব্বোক্ত পাঁচ জন ভিক্ষু স্থানান্তরে গমন করিলেন। সে সময় বুদ্ধদেব কিছুদিন সুজাতানাম্নী রাজকন্যার

প্রদত্ত মিষ্টান্ন ভক্ষণে সুস্থতা লাভ করিলেন। এবং অতঃপর "বোধিদ্রুম" মূলে উপবিষ্ট হইয়া সাধন করিতে লাগিলেন। বোধিদ্রুমের ইতিবৃত্ত আমরা এক্ষণ উল্লেখ করিব না। প্রবন্ধান্তরে ইহার সবিশেষ পরিচয় প্রদানের ইচ্ছা রহিল।—এরূপে এক বৎসর গত হইলে "মহাত্মা সিদ্ধার্থ বোধিতরুমূলে ধ্যানযোগে উপবেশন পূর্ব্বক সিদ্ধকাম হইয়া জীবনের একমাত্র লক্ষ্য মোক্ষ লাভের অবলম্বন সেতু বৌদ্ধ-জ্ঞান লাভ করিলেন।" ভগবান বুদ্ধদেব এক্ষণ হৃষ্টচিত্তে মুক্তির সমাচার প্রচারে বহির্গত হইলেন। তিনি সর্ব্বপ্রথম পবিত্র শারনাথ ক্ষেত্রেতাঁহার ধর্ম্মচক্র প্রবর্ত্তন করেন। প্রাগুক্ত ৫ জন শিষ্য বুদ্ধদেবের সৌম্যমূর্ত্তি ও তাঁহার বদনকমলে অলৌকিক স্বর্গীয় জ্যোতি দর্শন করিয়া পুনর্ব্বার তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিলেন। আমরা যে পূর্ব্বে সুজাতানাম্নি মহিলার কথা উল্লেখ করিয়াছি তিনি কাহারো মতে কৃষককন্যা বলিয়া পরিচিত। আমরা তাঁহাকে রাজপুত্রী নামেই অভিহিত করিলাম।

অতি প্রাচীনকাল হইতেই কাশী ভারতের শীর্ষস্থানীয়। ভারতে কোন নূতন ধর্ম্ম প্রচার করিতে হইলে ধর্ম্মপ্রবর্ত্তককে সর্ব্বপ্রথম কাশীধামে উপনীত হইতে হইত। কাশীতে যখন যে ধর্ম্ম, যে আচার, যে মত গৃহীত হইত তাহাই ক্রমে ভারতের ঘরে ঘরে প্রবিষ্ট হইত। কাশী ভারতের কেন্দ্র ভূমি ছিল। বুদ্ধদেব কাশীর সন্নিহিত সাধনক্ষেত্র শারনাথে অবস্থান করিয়া তাঁহার গরীয়ান্ ধর্ম্ম প্রচারে ব্যাপৃত রহিলেন। দলে দলে লোক আসিয়া বুদ্ধদেবের অমৃতময়ী বক্তৃতা শুনিয়া ও তাঁহার নিকট হইতে দীক্ষা লাভ করিয়া জীবন ধন্য করিলেন এবং প্রকৃত শান্তিলাভের অধিকারী হইলেন।

সম্রাট অশোক বৌদ্ধধর্ম্ম প্রচারকল্পে কতরূপে কত কার্য্য যে সম্পাদন করিয়াছিলেন তাহার ইয়ত্তা করা যায় না। শারনাথে সর্ব্বপ্রথম বৌদ্ধধর্ম্ম প্রচারিত হয়—এই স্মৃতি সংরক্ষণার্থ যে এক প্রকাণ্ড স্তূপ নির্ম্মিত হইয়াছে তাহা অদ্যাপি শারনাথ বক্ষে দণ্ডায়মান থাকিয়া পর্য্যটকের মনে বিস্ময় উৎপাদন করিতেছে। আমরা শারনাথে উপনীত হইয়া এই স্তূপ দর্শনমাত্র অবাক্ হইলাম। স্তূপটী কত উচ্চ! কত মহান্! কত ভাব উদ্দীপক! ভারতের বিভিন্ন স্থানে এক একটি বৌদ্ধ স্তূপ দণ্ডায়মান থাকিয়া দর্শকের মনে বৌদ্ধযুগের ইতিহাস জাগ্রত করিয়া দেয়। শারনাথের স্তূপ অশোক কর্ত্তৃক নির্ম্মিত বলিয়া অনুমিত হয়।

কতিপয় বৎসর অতীত হইল রাজপথ নির্ম্মাণকালে শারনাথের মৃত্তিকাভ্যন্তরে একটী প্রকাণ্ড অট্টালিকা আবিষ্কৃত হইয়াছে। উক্ত ভগ্ন অট্টালিকা হইতে যে সকল প্রস্তরমূর্ত্তি সংগৃহীত হইয়াছে তাহা এক সুবৃহৎ অট্টালিকায় সুসজ্জিত রহিয়াছে। এ সকল মূর্ত্তি দর্শন করিয়া বৌদ্ধযুগের ভাস্কর কার্য্যের প্রশংসা করিতে বারংবার ইচ্ছা হয়। ছোট বড় অসংখ্য শিলামূর্ত্তি। সকল মূর্ত্তিই বুদ্ধদেবের। কোন মূর্ত্তি সুষুপ্ত—শায়িত। প্রত্যেক পুত্তলিকায়ই বুদ্ধদেবের গাম্ভীর্য্যের ও প্রেমপ্রবণতার ভাব পরিব্যক্ত আছে। বুদ্ধদেবের একটি বড় মূর্ত্তি দেখিলাম। তিনি দাঁড়াইয়া বক্তৃতা করিতেছেন, তাঁহার উপরে ছত্র রক্ষিত আছে। এই ভাবেরই প্রতিকৃতি উক্ত শিলামূর্ত্তিতে লক্ষিত হইল। ভূ-প্রোথিত অট্টালিকায় যে সকল অমূল্য সামগ্রী বিনষ্ট হইতেছিল ইংরেজ গবর্ণমেণ্ট তৎসমুদয় উদ্ধার করতঃ সযত্নে রক্ষা করিতেছেন। যে ভারত সিংহাসন লাভ করিয়া হিন্দু-দ্বেষী যবনরাজগণ ভারতের অতুল্যকীর্ত্তিকলাপ ধ্বংশ করিয়াছিলেন, সেই সিংহাসনেই সুদূরবাসী ইংরেজ অধিরূঢ় হইয়া ভারতের নষ্ট ও বিলুপ্ত দ্রব্যের উদ্ধার সাধনে সহৃদয়তার পরিচয় প্রদান করিতেছেন, ইহা চিন্তা করিয়া গুণগ্রাহী ব্যক্তিমাত্রই আনন্দে অধীর হইবেন। পাশ্চাত্য পণ্ডিতগণই বহুগবেষণার পর ভারতের প্রাচীন বিলুপ্ত গৌরবের কথঞ্চিৎ উদ্ধার সাধন করিয়াছেন। তজ্জন্য তাঁহারা অনন্তকাল ভারতবাসীর ও ভারতীয় ঐতিহাসিকগণের কৃতজ্ঞ কুসুমাঞ্জলী লাভ করিবেন ইহাতে সন্দেহ নাই।

আবিষ্কৃত ভগ্ন অট্টালিকা কয়েকটি প্রকোষ্ঠে বিভক্ত। একটি প্রকোষ্ঠে এক ইন্দারা নয়নগোচর হইল। শারনাথে দুই একটী ইষ্টকমঞ্চ—একটী বিশাল স্তূপ

একটী ভগ্ন ভূপ্রোথিত অট্টালিকা এবং অধুনা সুনির্ম্মিত অট্টালিকা মধ্যস্থ অসংখ্য সুরম্য প্রস্তরমূর্ত্তি ব্যতীত দর্শন যোগ্য আর কিছুই নাই। তাই বলিতে ইচ্ছা হয়—শারনাথে চর্ম্মচক্ষে দেখিবার এমন কিছুই নাই। কিন্তু এখানে আসিবামাত্র মানসনেত্রে যে সকল চিত্র দৃষ্ট হয় তাহা ভাষায় প্রকাশ করা অসম্ভব! স্থান-মাহাত্ম্যে পাষাণ হৃদয় দ্রব হইল—তখন বন্ধুর হাত ধরিয়া সাশ্রু নয়নে ভারতের অতীতযুগের চিত্র দেখিতে লাগিলাম। দেখিলাম, শাক্যবংশের সৌভাগ্য—ভগবানের আবির্ভাব। জগতের সুদিন—সিদ্ধার্থের গৃহত্যাগ। মানবের শোক-দিন—বোধিসত্ত্বের মহানির্ব্বাণ। গৈরিক বসন পরিহিত প্রশান্ত শ্রমণগণের ও তাঁহাদের শিষ্যগণের উদ্যম উৎসাহ ও ধর্ম্ম প্রচার কার্য্য দেখিয়া অবাক্ হইলাম। ভারতের—ঘরে ঘরে "অহিংসা-পরমধর্ম্ম" এই গাথা কীর্ত্তন হইতেছে দেখিয়া ধন্য হইলাম। ফলতঃ শারনাথে আসিলে বুদ্ধযুগের ইতিহাস একে একে মনোমধ্যে জাগরূক হয়। তখন হৃদয় যে এক অনির্ব্বচনীয় ভাবে আবিষ্ট হয় এবং ইহার ফলে যে কি বিমল আনন্দ উপভোগ করা যায় তাহাতে মনে হয় শারনাথে আইসার শ্রম বিফল হয় নাই। বস্তুতঃ এক এক স্থানের যে এক একটী বিশেষ মাহাত্ম্য রহিয়াছে তাহা অস্বীকার করা যায় না। অতঃপর আমরা শারনাথের স্মৃতি লইয়া সন্ধ্যার প্রাক্কালে কাশী প্রত্যাগমন করিলাম।

পূর্ব্বে শারনাথে অনেক মন্দির, বিদ্যালয়, চিকিৎসালয় ও বৌদ্ধবিহার প্রভৃতি ছিল। কিন্তু এক্ষণ সর্ব্বধ্বংসী কালের অপ্রতিহত প্রভাবে তাহার চিহ্নমাত্রও নাই। সপ্তম শতাব্দীতে বিখ্যাত চীন পরিব্রাজক হিয়োএনসাঙ ভারতে আগমন করতঃ শারনাথে আসিয়া কতকগুলি স্তূপ দেখিতে পান। তাহার এক একটি স্তূপের সহিত এক একটি অতীতযুগের সাধনরাজ্যের স্মৃতি জড়িত ছিল। তিনি তৎকালে শারনাথে একটি পিত্তলের বুদ্ধমূর্ত্তি প্রাপ্ত হইয়াছিলেন। প্রত্নতত্ববিদ্ বিজ্ঞবর কানিংহাম বলেন—শারনাথের সুপ্রসিদ্ধ বৌদ্ধস্তূপে যে সকল বর্ণনা দৃষ্ট হয়, একমাত্র আগ্রার ভুবনবিখ্যাত তাজমহল ছাড়িয়া দিলে, এমন কোন ভারতীয় মন্দির নাই—যাহাতে এতাধিক বিবরণ পাওয়া যাইতে পারে।

শারনাথের অপর নাম মৃগদাব, ইহার আর একটী নাম ঋষিপত্তন। বৌদ্ধগ্রন্থে শারনাথ ও মৃগদাব নামের উৎপত্তি সম্বন্ধে যে এক চিত্তাকর্ষক উপাখ্যান বর্ণিত আছে তাহা এস্থলে উদ্ধৃত হইল। "পূর্ব্বকালে দেবদত্ত ও বোধিসত্ব এই দুইজন মৃগদেহ ধারণ করিয়া এই স্থানে হরিণের রাজা হইয়াছিলেন। দেবদত্তের অধীনে পাঁচ শত এবং বোধিসত্বের অধীনে পাঁচ শত হরিণ ছিল। এই অঞ্চলের রাজা মৃগয়া উপলক্ষে এই বনে আসিয়া মৃগ শীকার করিতেন। একদিন রাজা মৃগয়ায় আসিয়াছেন, এমন সময়ে মৃগরাজ বোধিসত্ব রাজাকে সম্বোধন করিয়া বলিলেন,—'মহারাজ, আপনি মৃগয়া উপলক্ষে এই বনে আসিয়া বহুসংখ্যক মৃগবধ করিয়া থাকেন। একদিন গত হইলে মৃগয়ালব্ধ হরিণ পর্য্যুসিত হইয়া পড়ে, আপনার আহারের উপযুক্ত থাকে না। আপনি কৃপা করিয়া মৃগয়া বন্ধ করুন, আমাদের পাল হইতে প্রত্যহ একটি হরিণ আপনার আহারের জন্য যাইবে, আপনি তাহাকে বধ করিয়া আহার করিবেন। এই প্রকারে আপনি প্রত্যহ সদ্য মাংস আহার করিতে পারিবেন—আমরাও কতককাল বেশী জীবিত থাকিতে পারিব।' রাজা এই প্রস্তাবে সন্তুষ্ট হইয়া সম্মতি প্রদান করিলেন এবং মৃগয়া বন্ধ করিলেন। তদবধি একটির পর একটি করিয়া ক্রমান্বয়ে উভয় পাল হইতে মৃগ প্রত্যহ রাজসন্নিধানে আসিতে লাগিল। এক দিবস দেবদত্তের পালের একটি মৃগীর পর্য্যায় উপস্থিত হইল। মৃগীটি অন্তঃস্বত্ত্বা ছিল। মৃগীর সঙ্গে সঙ্গে তাহার গর্ভস্থ শিশুও বিনষ্ট হইবে ইহা ভাবিয়া সে অত্যন্ত বিষণ্ণ হইল। দেবদত্তের নিকট উপস্থিত হইয়া বলিল,—'প্রভু আমি মরিতে প্রস্তুত আছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমার গর্ভস্থ শিশুটীও বিনষ্ট হইবে, ইহার প্রতিকার করুন। আমার শিশুর মরিবার পালা এখনও উপস্থিত হয় নাই।' দেবদত্ত ক্রুদ্ধ হইয়া মৃগীকে ভর্ৎসনা করিলেন, কোন প্রতিকার করিলেন না। হরিণী নিরুপায় হইয়া বোধিসত্বের নিকট উপস্থিত হইল ও তাহার

দুঃখ কাহিনী নিবেদন করিল। বোধিসত্ত্ব তাহাকে অভয় প্রদান করিলেন এবং তৎপরিবর্ত্তে স্বয়ং রাজ-সন্নিধানে যাইতে লাগিলেন। যখন মৃগরাজ বোধিসত্ত্ব রাজধানীতে উপস্থিত হইলেন তখন এই সংবাদ সর্ব্বত্র প্রচারিত হইল। রাজধানীর বহুলোক মৃগরাজকে দেখিবার জন্য একত্রিত হইল। ক্রমে এই সংবাদ রাজার কর্ণগোচর হইল। রাজা প্রথমে এই সংবাদ বিশ্বাস করিতে পারিলেন না, পরে দ্বাররক্ষকের নিকট অবগত হইয়া বিস্ময়াবিষ্ট হইলেন। অবশেষে মৃগরাজ রাজসন্নিধানে উপস্থিত হইলে রাজা জিজ্ঞাসা করিলেন—'আপনি স্বয়ং কি জন্য আগমন করিয়াছেন?' মৃগরাজ হরিণীর কথা নৃপতির নিকট আনুপূর্ব্বিক বর্ণনা করিলেন এবং বলিলেন,—'গর্ভবতী মৃগী আসিলে তাহার সঙ্গে সঙ্গে তাহার উদরস্থ সন্তান বিনষ্ট হইবে, এই দুঃখে তাহার পরিবর্ত্তে আমি আসিয়াছি।' এই কথা শুনিয়া রাজার অন্তঃকরণ দুঃখে অভিভূত হইল। তিনি মৃগরাজকে সম্বোধন করিয়া বলিলেন,—'মৃগরাজ, আমি মনুষ্য দেহ ধারণ করিয়াছি সত্য, কিন্তু আমি প্রকৃতই পশু, কারণ আমার হৃদয়ে করুণার লেশমাত্র নাই! আর আপনি মৃগ দেহধারী হইয়াও মনুষ্যোচিত দয়া ও কারুণ্য লাভ করিয়াছেন। আপনি প্রকৃত মনুষ্যপদ বাচ্য।' রাজার হৃদয় বিষাদ ও কারুণ্যে পরিপূর্ণ হইয়া উঠিল। তিনি মৃগরাজকে মুক্তি প্রদান পূর্ব্বক কহিলেন,—'মৃগরাজ, আমি আর কখনও মৃগ শীকার কিম্বা বধ করিব না। মৃগগণ স্বচ্ছন্দে ও নির্ভয়ে বনে বিচরণ করিতে পারিবে।' তদবধি মৃগগণ স্বচ্ছন্দে এই বনে বিচরণ করিতে লাগিল। এই ঘটনা হইতেই এই বনের নাম মৃগদাব বা শারনাথ হইয়াছে। শারনাথ শব্দ শার্ঙ্গনাথ শব্দেরই অপভ্রংশ। শার্ঙ্গনাথ বা শারঙ্গনাথ হইতেই শারনাথ শব্দের উৎপত্তি হইয়াছে।"

জনৈক লেখক অনুমান করেন—মহাদেবের নাম অনুসারে শারনাথ নামের উৎপত্তি হইয়াছে। মহাদেবের অপরনাম শারঙ্গনাথ! শারনাথে অদ্যাপি শিব-মন্দির আছে। সুতরাং মহাদেবের নামানুসারে এস্থানের নাম শার্ঙ্গনাথ ক্রমে শারনাথ হইয়াছে এরূপ অনুমান করা নিতান্ত অসঙ্গত নহে। শারনাথ নামের উৎপত্তি সম্বন্ধে আমরা কোন মন্তব্য প্রকাশ করিব না—বিজ্ঞবর প্রত্নতত্ত্ববিদ্ ইহার মীমাংসা করিবেন।

শ্রীমনীন্দ্রকিশোর সেন।

ভাদ্রে।

আগে গৃহ পূর্ণ ছিল এখন গৃহ খালি।
আগে প্রাণে জোছনা ছিল এখন মেঘের কালী!
ভরা ভাদ্র আজো বাড়ীর চতুর্দ্দিকে জল,
পুবাল বায়ে তুফান বয় জল করে কল্ কল্!
রুগ্ন দেহে এসে গৃহে পড়ছে তাকে মনে,
জানিনা আর কবে দেখা হবে তাহার সনে।
সন্ধ্যাবেলা আগের মত জ্বলেনা আর বাতি,
নাই সে পুণ্য প্রদীপ শূন্য প্রাণে আঁধার রাতি!
মায়া শূন্য, স্নেহ শূন্য, প্রেম শূন্য বাড়ী,
রান্না ঘরে শূন্য পড়ে জলের কলস, হাড়ি,
ফুল শয্যা ফুল শূন্য, সিউলি গাছের তলে,
কে আদরে যত্ন করে লয় সে কুসুম তুলে?
গন্ধ আনে মন্দ মলয় প্রাণ করে আকুল,
বাগান ভরে থরে থরে ফুটছে কত ফুল!
নীল আকাসে জোছনা হাসে, পাখীরা গায় গান,
কেমন করে শূন্য ঘরে রাখব ধরে প্রাণ?

শ্রীজগদীশচন্দ্র রায় গুপ্ত।

পূর্ব্ববঙ্গ সাহিত্য সমাজের বার্ষিক অধিবেশনে

সভাপতির অভিভাষণ

সমাগত ভদ্র মহোদয়গণ, আজ সাতাশ বৎসর পর 'স্বর্গাদপি গরীয়সী' জন্মভূমির মুখ দর্শন করিলাম, চক্ষু তৃপ্ত ও দেহ পুণ্য হইল। এই সাতাশবৎসর কত স্থান ঘুরিয়াছি, পশ্চিমবঙ্গের গাঢ় নীলবর্ণ চিত্রিত তরুরাজি, সুদীর্ঘ শাল ও শ্যামায়মান নারিকেলপংক্তি এবং প্রকৃতির প্রিয় রঙ্গমঞ্চের ন্যায় আম্রকণ্টকীর বাগান দেখিয়াছি, কিন্তু তাহার মধ্যে যেন কি খুঁজিয়া পাই নাই। ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়ের কচিৎ বিরল কচিৎ ঘন অরণ্যানী দেখিয়া বিস্মিত হইয়াছি, কিন্তু সেই শোভাসমৃদ্ধির মধ্যেও একটা অভাব বোধ করিয়াছি। পূর্ব্ববঙ্গ ভিন্ন কোথায় বিশাল-অম্বরা নদীর এইরূপ উদ্দাম খেলা দেখিব? ধবল-বসনা ধলেশ্বরীর প্রবল লীলার স্রোতে কোথায় আর তেমন করিয়া গা ঢালিয়া জুড়াইব? পদ্মার ন্যায় কোন্ নদী সমুদ্রকে ছোট করিয়া চক্ষুর সমক্ষে আঁকিবে? মেঘনার ন্যায় কোন নদী ধরাতলে মেঘের নিনাদ শুনাইবে? সাভারের সিন্দুরোজ্জ্বল তীরে দাঁড়াইয় এক দিকে বিশাল তরঙ্গের আবর্ত্তন, অন্যদিকে সূর্য্যাস্তের রক্তিম আভায় সমুজ্জ্বল গুবাক-পংক্তির শোভা দেখিয়া শৈশবে যে বরেণ্যা প্রকৃতিকে প্রণাম করিতাম—সেইরূপ ভৈরব মধুর দৃশ্য বঙ্গে আর কোথায় পাইব? যেখানে মেঘনা, ব্রহ্মপুত্র ও ধলেশ্বরী মিলিত হইয়াছে—সেই নারায়ণগঞ্জের তটভাগে শীতলাক্ষের জলরাশির যে মহাচিত্র চক্ষের সম্মুখে উদ্‌ঘাটিত হইয়া থাকে, সেরূপ গৌরবান্বিত দৃশ্য আর কোথায় মিলিবে? অতি শৈশবে এই বিশাল নদীতরঙ্গে যখন ক্ষুদ্র তরণীতে ভাসিতাম, তখন মনে হইত আমি পক্ষী হইয়া অম্বরে উড়িতেছি! যে দেশে মেঘের গর্জ্জনে ধরণীবক্ষ তরঙ্গায়িত হইয়া দুলিয়া উঠে, সেই দেশ আমাদের দেশ, যে দেশে মেঘ স্বর্গ হইতে পৃথিবীতে নামিয়া থাকে, এবং পৃথিবী তরঙ্গ তুলিয়া স্বর্গ ছুঁইতে চাহে, আমাদের সেই দেশ! যে দেশের নদীর তীর কোথাও প্রস্তরদৃঢ়, তরঙ্গের ভীষণ আঘাত উপেক্ষা করিয়া শত শত বৎসর স্থিরপ্রতিজ্ঞ ভীষ্মের ন্যায় দাঁড়াইয়া আছে, আর কোথাও মেঘের সঙ্গে ভীম নাদে আছ্‌ড়াইয়া জলগর্ভে পড়িতেছে, আমাদের সেই বিচিত্র ভৈরব দেশ!

পশ্চিমবঙ্গের নীলাভ বনভূমির দৃশ্যে মুগ্ধ হইয়া, শীর্ণকায়া ভাগীরথীর পূত সলিলে অবগাহন করিয়া আমাদের দেশের নদী, আমাদের দেশের বন্যা আমি ভুলিতে পারিনাই। পশ্চিমবঙ্গের বর্ষা শুধু বৃষ্টিপাতেই পর্য্যবসিত হইয়া যায়, কিন্তু আমার কল্পনা সেই বর্ষার সন্ধান করিত, যে বর্ষা জলস্থলের ভেদ ভাঙ্গিয়া ফেলে; যে বর্ষায় নদ, নদী, ক্ষেত ও ডাঙ্গা এক হইয়া যায়,—যাহাতে ডাঙ্গার উপর নৌকা চলে এবং সর্ব্বত্র এক মহান্ সর্ব্বব্যাপী জলের মহিমা প্রকাশিত হয়। কৈশোরে সেই লীলা প্রত্যক্ষ করিয়া মনে হইত, বর্ষার রৌপ্যস্রোতঃ পৃথিবীকে ভাসাইয়া লইয়া গিয়াছে;—মনে হইত এমন করিয়া যদি ভক্তির বাণ ডাকে, তবে কঠিনের কাঠিন্য ভাঙ্গিয়া ফেলিয়া সর্ব্বত্রই সরস কোমলতার প্রস্রবণ ছুটাইতে পারে। কতদিন বর্ষারাণীকে আকাশের গায়ে নীলাম্বরীর ন্যায় মেঘপংক্তির আঁচল ছড়াইয়া, কেতকীর মালা লইয়া দাঁড়াইয়া থাকিতে দেখিয়াছি। ধলেশ্বরী, পদ্মা, মেঘনা ও ব্রহ্মপুত্র যেন তাহার তরঙ্গায়িত বসনের ন্যায় উড়িয়া যাইত; কখনও মনে হইত, ইন্দ্রের বজ্রাঘাতে দৈত্যপুরীর স্ফটিকস্তম্ভ ভাঙ্গিয়া চূর্ণস্ফটিকবিন্দু অবিশ্রান্ত মর্ত্ত্যলোকে পড়িতেছে; কখনও মনে হইত বর্ষারাণী মাথা হইতে তারার ফুলগুলি ছিঁড়িয়া ফেলিয়া চূর্ণ মেঘকুন্তলরাজি অসীম অম্বরে এলাইয়া দিয়া বিদ্যুতের অপাঙ্গ দৃষ্টিতে যেন কাহার দিকে চাহিতেন, সে কে তাঁহার সন্ধান পাইতাম না। কখন বা একমাত্র পুত্রহারা জননীর ন্যায় সারাদিন অঝোরে কাঁদিতেন। আমি মনে মনে বলিতাম, "তোমার বালগোপালকে ডাকিয়া দেই, আর কেঁদোনা, আমি খুঁজিয়া আনি।" কখনও বর্ষা মুক্তবেণী—কজ্জলবর্ণ কেশগুচ্ছ আকাশপটে দোদুল্যমান। কখনও বর্ষা মুক্তবেণী—এলোকেশী। কখনও বর্ষা অট্ট-

হাস্যোগ্রা, কখনও আবর্ত্তশোভিতা, কখনও তাহার মূর্ত্তি নীলোৎপলদলশ্যামা, আবার "ক্বচিৎ সুপুষ্পিতবৃক্ষৈর্ম্মালাভিরূপশোভিতা।" পূর্ব্ববঙ্গের নদনদীর বিশালপটে অঙ্কিত বর্ষা আমার কল্পনাকে এমনই ভাবে উদ্বোধিত করিয়াছে।

পশ্চিমবঙ্গে বাসকালে এই বর্ষা, এই অসীম জলদৃশ্যের জন্য আমার চক্ষু অতৃপ্তভাবে বৃথাই সন্ধান করিয়াছে। গঙ্গার পবিত্র ধারায় স্নান করিতে করিতে মনে হইয়াছে, কোথায় সেই মহাগঙ্গা যাহাকে কুসংস্কারাচ্ছন্ন ব্যক্তিরা পতিতগঙ্গা আখ্যা প্রদান করিয়াছিলেন! পতিতপাবনীর কূলে দাঁড়াইয়া আমি সেই পতিতা পদ্মার জন্য কাঁদিয়াছি। আমার মন ও চক্ষুকর্ণ একত্র হইয়া ভৈরবনাদিনী পদ্মার সুবিস্তৃত অকূল জলসম্পদে হারাইয়া যাইতে চাহিত। আমাদের পদ্মা রাজরাজেশ্বরী, ভগীরথের নির্দ্দিষ্ট পথ ভুলিয়া যদি তিনি পূর্ব্ববঙ্গে আসিয়া থাকেন, তবে আমাদিগকে ধন্য ও কৃতার্থ করিতেই আসিয়াছেন; তিনি কখনও আমাদের কীর্ত্তি ও গৃহাদি নাশ করিয়া অকূলে ভাসাইয়াছেন, কখনও আমাদের ক্ষুদ্র তরীখানি বক্ষে চাপিয়া ধরিয়া কুলুকুলু স্বরে গান শুনাইয়াছেন, কখনও আরক্তনয়নে চাহিয়া আঘাত করিয়াছেন, কখনও বক্ষে চাপিয়া চুম্বন করিয়াছেন। এই স্নেহশীলা অথচ প্রগল্‌ভা, মমতাময়ী অথচ অত্যাচারিণী মাতা শাস্ত্রের অভিশপ্তা হউন, আমাদের গৌরবান্বিতা জননী, ইহার উদ্ধার করিবার শক্তিনাই, আমরা বিশ্বাস করিব না।

পূর্ব্ববঙ্গের নানাদিক্ হইতে এক্ষণে ঐতিহাসিক তথ্যের উদ্ধার হইতেছে। আমি বিদেশে বাস করিয়া স্বপ্নে দেখিতাম, যেন রাজাধিরাজ হরিশ্চন্দ্রের আহ্বানে গোপীচন্দ্র তাঁহার কন্যা অদুনাকে বিবাহ করিতে সাভারে আসিতেছেন। অদুনার মত সুন্দরী নারী এবং গোপীচন্দ্রের মত সুন্দর পুরুষ তখন বঙ্গদেশে আর ছিল না। আমার মনে হইত, চম্পকের হার কবরীতে বাঁধিয়া কুমারী নববধূ স্বামীর বাড়ীতে যাইবার জন্য স্বর্ণদোলা হইতে নামিয়া সাভারের নদীতীরে পাদুখানি ফেলিতেছেন; তাঁহার চরণের আল্‌তার রঙ্গের সঙ্গে সাভারের সিন্দুররঞ্জিত তীরভূমির রঙ্‌ মিশিয়া যাইতেছে। এক দিকে ধলেশ্বরীর বিশাল তরঙ্গ ক্ষুব্ধ হইয়া ভৈরবরবে কাঁদিতেছে,—অন্যদিকে কানাই ও বংশাই নদী অন্তঃপুরের শোকগুঞ্জনের ন্যায় মৃদুস্বরে বিনাইয়া দুঃখগীতি গাহিতেছে। রাজদম্পতী সহ "মধুকর" নৌকা বিক্ষুব্ধ তরঙ্গ ঠেলিয়া চলিতেছে; অদুনার দুইটি করুণ শোকার্দ্র চক্ষে সমস্ত আকাশের নীলিমা প্রতিভাত হইতেছে, এবং তাঁহার কবরীর চাঁপাফুলের ঘ্রাণ সাভারের স্মৃতিটুকুর ন্যায় তাহাকে ঘিরিয়া রাখিয়াছে। গোপীচন্দ্র অদুনাকে বিবাহ করিয়া পদুনাকে দানে পাইয়াছিলেন। এই বিবাহবাসরের কথা ও গোপীচন্দ্রের সন্ন্যাসের কথা এককালে সমস্ত ভারতে গীত হইত। এখনও মহারাষ্ট্র দেশের রঙ্গমঞ্চে গোপীচন্দ্রের সন্ন্যাসও অদুনা পদুনারা শোকগাথা অভিনীত হইয়া থাকে; এবং সেদিনও রবিবর্ম্মা গোপীচন্দ্রের সন্ন্যাস ও অদুনা-পদুনার বিচ্ছেদপ্রসঙ্গে যে চিত্র আঁকিয়াছেন, তাহা ভারতবর্ষের সর্ব্বত্র বিক্রীত হইতেছে। অদুনা গোপীচন্দ্রের পা ধরিয়া বলিয়াছিলেন, "হে প্রভু গ্রীষ্মকালে তোমাকে দণ্ডপাখা দিয়া ব্যজন করিব এবং শুইবার জন্য শীতল পাটি বিছাইয়া দিব, তুমি ছেড়ে যেও না। যদি নিতান্তই সন্ন্যাসী হইবে আমাকে সন্ন্যাসিনী করিয়া লও।" রামচন্দ্র যেরূপ সীতাকে রাক্ষসের ভয় দেখাইয়াছিলেন, গোপীচন্দ্র যখন সেইভাবে রাণীকে বাঘের ভয় দেখাইলেন,—তখন অদুনা স্বামীর শ্রীচরণে মাথা লুটাইয়া বলিলেন,

"থাউক না কৈন বনের বাঘ
তাহে নাহি ডর।
নিত্ কলঙ্কে মরণ হউক
স্বামীর পদতল।"

কিছুতেই কিছু হইল না, গোপীচন্দ্র পত্নী ত্যাগ করিয়া চলিলেন। শেষবার অদুনা "তুমি হবে বটবৃক্ষ, আমি তোমার লতা, রাঙা চরণ বেড়িয়া রব ছাড়িয়া যাবে কোথা" বলিয়া তাহাকে স্নেহডোরে বাঁধিয়া রাখিতে চাহিয়াছিলেন, কিন্তু বিটপী আশ্রয় দিল না, ছিন্নলতা

চ্চিত হইয়া রহিল। তখন অদুনার বিলাপে পাষাণ গলিয়া গেল। তখন অশ্বশালায় অশ্ব এবং হাতীশালায় হাতী অবিরত অশ্রু ত্যাগ করিতে লাগিল এবং রাজ-অন্তঃপুরে শুক, শারী ও শ্যামার কণ্ঠধ্বনিতে আকুল করুণার সুর বাজিয়া উঠিল। দ্বাদশ বৎসর পরে রাজা যোগিবেশে ফিরিয়া আসিয়াছেন। আঠার বৎসরে সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন এখন বয়স ত্রিশ বৎসর, এখনও সেই অনবদ্য কান্তি, পূর্ণ যৌবন, দীর্ঘ সাধনায় পুণ্যদেহ জ্যোতির্ম্ময়। প্রাসাদদ্বারে কেহ তাঁহাকে চিনিল না, বা অভ্যর্থনা করিয়া লইল না। ইন্দ্রিয়সংগ্রামে বিজয়ী রাজা ফিরিয়া আসিয়াছেন, অন্তঃপুরবাসিনীরা তাঁহাকে অর্ঘ্যদ্বারা বরণ করিয়া লইল না; পুরোহিত পঞ্চপ্রদীপ দ্বারা তাঁহার আরতি করিল না; মঙ্গল ঘট, তুলসীমঞ্জরী, কদলীবৃক্ষ, আম্রশাখা এবং মাগধ বন্দীর গীতিদ্বারা তিনি অভিনন্দিত হইলেন না। যোগিবর নির্ভীকভাবে অন্তঃপুরে প্রবেশ করিলেন। অদুনা এই অপরিচিতের ব্যবহারে বিস্মিত হইয়া রাজদ্বারের প্রহরীদ্বারা কুকুর লেলাইয়া অতিথিকে বিতাড়িত করিতে চেষ্টা পাইলেন। ভীমগর্জ্জনে রাজপুরী কাঁপাইয়া কুকুর ছুটিল, কিন্তু প্রভুকে চিনিতে পারিয়া লাঙ্গুলদ্বারা আনন্দ জ্ঞাপনপূর্ব্বক রাজ যোগীর পদতলে লুটাইয়া পড়িল। চমৎকৃত হইয়া অদুনা রাজদ্বারের ঐরাবত হাতীকে অভ্যাগতের দিকে ছুটাইয়া দিলেন; প্রকাণ্ডকায় হস্তী তাঁহার নিকটে আসিয়া হাঁটু গাড়িয়া বসিল এবং তাহার দুই চক্ষু হইতে জল গড়াইয়া পড়িতে লাগিল; সেও তাহার প্রভুকে চিনিতে পারিয়াছিল। তখন রাণী চীৎকার করিয়া কাঁদিয়া উঠিলেন, "বনের পশু তোমাকে চিনিল, আর আমার সর্ব্বস্বকে চিনিয়াও চিনিতে পারিলাম না।" বলিয়া কাঁদিতে কাঁদিতে রাণী যোগীর পায়ের কাছে আসিয়া অজ্ঞান হইয়া পড়িলেন। সাভারের রাজকুমারীর এই প্রেম কাহিনী একসময়ে সমগ্র ভারতবর্ষে গীত হইত, তাহা পূর্ব্বেই বলিয়াছি। গোপীচন্দ্রের সন্ন্যাসগীতি গাইবার জন্য যে যন্ত্র নির্ম্মিত হইল, তাহার নাম হইল "গোপীযন্ত্র"। ভাটিয়াল রাগিণী উহার সঙ্গে মিলাইয়া একতানে গীত হইলে, কাহার সাধ্য না কাঁদিয়া থাকিতে পারে।

হরিশ্চন্দ্রের নামচিহ্নিত দুই এক খানি ইষ্টক ঢাকা মিউজিয়মে আছে, তাহা দেখিলে এই ভাবের কত প্রাচীন গৌরবজনক ইতিহাসের কথা মনে হয়!

সেনভূমির অধিপতি চন্দ্রসেনের দুই দৌহিত্রীর পূর্ব্ববঙ্গে বিবাহ হইয়াছিল। ইঁহারা সেনবংশপ্রদীপ প্রথম বল্লালের সেনাপতি পদ্মদাস হইতে দশম স্থানীয় চণ্ডীবরের সহোদরা ছিলেন। এই দুই কন্যার একজনকে বিক্রমপুরের রাজা দ্বিতীয় বল্লালসেন এবং অপরটিকে বিক্রমপুরবাসী উক্ত রাজবংশীয় কানুর্খা বিবাহ করেন। চন্দ্রপ্রভা, রত্নপ্রভা প্রভৃতি কুলজীগ্রন্থ পড়িতে পড়িতে এই দ্বিতীয় বল্লালমহিষীকে আমি কল্পনার তুলিতে আঁকিতাম। মনে হইত, ধূসর সন্ধ্যায় বল্লাল বাড়ীর গবাক্ষ ধরিয়া পরিজনসহ তিনি উত্তরদিকে দৃষ্টিবদ্ধ করিয়া আছেন, সঞ্চরমাণ মেঘরাজি দেখিয়া তিনি মনে করিতেছেন, বুঝি বিজয়ী রাজসৈন্যের অশ্বের খুরোত্থিত ধূলি দেখা যাইতেছে। কিন্তু সহসা সেই মেঘরাজির বক্ষ ভেদ করিয়া প্রাণঘাতক উল্কার ন্যায় একটি পারাবত দৃষ্টিগোচর হইল। সঙ্গে সঙ্গে সহসা বিশাল রাজপ্রাসাদে অস্ফুট ক্রন্দনশব্দ শ্রুত হইল; তার পর দেখিলাম, চিতার আগুন আকাশ ছাইয়া জ্বলিতেছে; সেই আগুনে কত অনবদ্যরূপ, যৌবন, কত অনাঘ্রাত যুথিপুষ্পের মাল্য পুড়িয়া ছাই হইল। কল্পনায় দেখিলাম, সেই সংবাদ পাইয়া সাম্রাজ্ঞীর তিন ভ্রাতুষ্পুত্র, দিগম্বর, নীলাম্বর ও বিষ্ণুদাস ফৌজদার সসৈন্যে সুয়াপুর হইতে বিক্রমপুরের দিকে ছুটিয়াছেন!

এই সকল ঐতিহাসিক তথ্য অধিকদিনের নহে; কিন্তু আমার মনশ্চক্ষু কল্পনার সাহায্যে ইতিহাসের বহু পূর্ব্ব অধ্যায়ে অবাধে প্রবেশ লাভ করিয়াছে। কখনও দেখিয়াছি তথাগতের পাদপদ্মে প্রাণ অর্পণ করিয়া কোন রাজচক্রবর্ত্তী কানাই নদের তীরে বিশাল বাজাসনবিহারের পত্তন করিতেছেন; নাঙা, বা মুণ্ডিত-শীর্ষ ভিক্ষু ও শ্রাবকের দল যে স্থানে থাকিয়া সেই

বিহারে অধ্যয়ন অধ্যাপনা করিতেন—সেই পল্লী "নান্না" নামে আখ্যাত হইতেছে। কখনও দেখিয়াছি বিক্রমপুর-বাসী রাজকুলসম্ভূত কোন অসামান্য প্রতিভাশালী যুবক সমস্ত বৌদ্ধ শাস্ত্রকে তন্ত্রের ভিত্তির উপর দাঁড় করাইয়া যে অভিনব ধর্ম্ম প্রচার করিতেছেন, তাহা তিব্বতবাসী লোকেরা নতমস্তকে শুনিয়া, তাঁহাকে ভগবানের অবতার বলিয়া পূজা করিতেছে। অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞানের নাম বৌদ্ধ বিশ্বের সর্ব্বত্র সম্ভ্রমের সহিত উচ্চারিত হইতেছে। কখনও দেখিতে পাইয়াছি যে, বিক্রমপুরবাসী আজন্মকুমার ভিক্ষুশ্রেষ্ঠ আচার্য্যপ্রধান শীলভদ্রকে নালন্দার শ্রেষ্ঠ অধ্যাপকগণ তাঁহাদের সর্ব্বোচ্চ আসনে বসাইয়া চন্দন তিলক পরাইয়া দিতেছেন এবং সেই বৃদ্ধ আচার্য্যের পাদমূলে বসিয়া ইয়ানুসাঙ্ প্রভৃতি বিদেশীয় পণ্ডিতগণ শিক্ষা লাভ করিয়া ধন্য হইতেছেন। কখনও দেখিতে পাইয়াছি, যেন বজ্রাচার্য্যগণ ও বজ্র-যোগিনীরা নানা তন্ত্র-মন্ত্রে সিদ্ধিলাভ করিয়া অসামান্য শক্তি ও পাণ্ডিত্যে সমগ্র দেশকে চমৎকৃত করিয়া জবামাল্য ধারণ পূর্ব্বক দীপঙ্করের জন্মস্থানে বিশাল মন্দির স্থাপন করিতেছেন। তাহাতে যোগিনীরা বজ্র-মতে তন্ত্রসাধনা করিয়া এরূপ খ্যাতি অর্জ্জন করিতেছেন যে, সেই স্থান বজ্রযোগিনী আখ্যায় আখ্যাত হইতেছে। কিন্তু ইহার পূর্ব্বেও পূর্ব্ববঙ্গের গৌরব কতবার কতস্থানে প্রকাশ পাইয়াছে তাহার ইয়ত্তা নাই। যখন ময়মন-সিংহের গড় জরিপার পত্তন হয় নাই, যখন একডালার অস্তিত্বই ছিল না, যখন রামপাল স্বীয় পুত্রত্যাগ দ্বারা ন্যায় ও সত্যব্রতের পরাকাষ্ঠা দেখান নাই, এক কথায় যখন সেনবংশ ও পালবংশের নাম জগতে উচ্চারিত হয় নাই, কল্পনানেত্রে দেখিয়াছি সেই অতীত যুগে খৃঃ পূঃ তৃতীয় শতাব্দীতে সম্রাট্-অশোক-প্রেরিত দূতেরা বংশাই নদীর তীরে 'ধর্ম্মরাজিকা' স্থাপন করিতেছেন। সেই অশোকস্তম্ভ দর্শন জন্য দলে দলে লোক ছুটিয়া আসিতেছে, সেবা ধর্ম্ম, অহিংসা ধর্ম্ম ও যজ্ঞ ত্যাগের ধর্ম্ম শুনিয়া তাহারা নূতন তথ্যের আলোকে আলোকিত হইতেছে। সেই ধর্ম্ম-রাজিকা বা ধামরাই গ্রাম বাজাসন বিহারের অদূরবর্ত্তী।

আমি যাহা বলিলাম, তাহাদ্বারা ইহাই বুঝাইতে চাহি যে, শুধু প্রস্তরলিপি কুড়াইয়াই আমরা নিশ্চেষ্ট থাকিব না। অতীত যুগ যেন আমাদের চক্ষে কেবলই পাষাণ না হইয়া যায়। তাহাতে প্রাণপ্রতিষ্ঠা করিতে না পারিলে আর কি হইল!

ঐতিহাসিক তথ্যের সঙ্গে প্রাচীনকালের কলাশিল্প ও স্থাপত্যের নিদর্শন বহুবিধ মন্দির, ইষ্টকগৃহ ও প্রস্তর-খণ্ড পূর্ব্ববঙ্গের নানাস্থানে আবিষ্কৃত হইয়াছে। কিছু নিদর্শন আপনারা ঢাকা মিউজিয়ামে স্থাপন করিয়াছেন। দেববিগ্রহের সংখ্যা নাই। দিগম্বর জৈন তীর্থঙ্কর বৌদ্ধ তারা ও প্রজ্ঞাপারমিতা হইতে ধ্যানী বুদ্ধ, হরদুর্গা, সরস্বতী, শ্রী, সপ্তাশ্ববাহিত রথারূঢ় সূর্য্য এবং গণেশাদির প্রস্তরমূর্ত্তি পূর্ব্ববঙ্গের নানাস্থান হইতে পাওয়া গিয়াছে। আপনারা সেই সকল মূর্ত্তির ইতিহাস জানিতে ব্যস্ত। মূর্ত্তি নির্ম্মাণের সন, তারিখ, তাহার নাম, এবং খুব বেশী হইলে পূজার ধ্যানটি জানিতে পারিলেই Societyর journalএর জন্য একটা বড় প্রবন্ধের খোরাক হয়। তাহার পর দেবতারা মিউজিয়ামের এককোণে বিশ্রাম-সুখ লাভ করুন, তাহাদের আর বিশেষ প্রয়োজন হয় না। দৈবাৎ আবার কোন কলাশিল্পের অনুরাগী বিশেষজ্ঞের পরিদর্শন উপলক্ষে বিশুদ্ধ শিল্প ও ইতি-হাসের অনুরোধে এই বিশ্রামাগার আক্রান্ত হয়, এবং বিগ্রহদিগের গাত্রসঞ্চিত ধূলি মার্জ্জিত করিয়া গজকাটির দ্বারা তাহাদের নাসিকা, কর্ণ প্রভৃতির মাপ গ্রহণ করা হয়।

দেববিগ্রহের সঙ্গে আমাদের এই পর্য্যন্ত সম্বন্ধ। সামুদ্রিক অদ্ভুত আকারের কোন শম্বুক বা কোন প্রস্তরী-ভূত কঙ্কাল যেরূপ জীবজগতের ইতিহাসের কোন একটা বিশেষ যুগের তথ্য জ্ঞাপন করিয়া আমাদের কৌতূহল নিবারণ করে এই সকল বিগ্রহ আমাদিগকে অনেক সময় প্রাচীনকালের কল্পনাশক্তির সেইরূপ একটা বিশেষ স্তর বা পর্য্যায় বুঝাইয়া দেয়। ইহার মধ্যে একদিন কলিকাতা সাহিত্যপরিষদ্ গৃহে জনৈক বিখ্যাত কীর্ত্তনওয়ালার কীর্ত্তন হইতেছিল। দেখিতে পাইলাম

পরিষদের বিশাল গৃহের স্তম্ভে স্তম্ভে ফুলমালা ঝুলিতেছে এবং কীর্ত্তনীয়া শ্রোতৃবর্গের সম্মুখে দাঁড়াইয়া রাধাকৃষ্ণ-সম্বন্ধে পদাবলী গাহিতেছেন। বহুবিধ বাসুদেবের মূর্ত্তির দিকে পিছন ফিরিয়া কীর্ত্তনীয়া গৌরচন্দ্রিকা আরম্ভ করিলেন। হায়, যাঁহাদের জন্য এক সময়ে অম্বরচুম্বী বিশাল মন্দির উত্থিত হইয়াছিল এবং মন্দির শোভা সম্পাদনের জন্য শত শত শিল্পী খাটিয়াছিল, যে দেবতার ভোগের জন্য শত শত গ্রামের উপস্বত্ব নিয়োজিত ছিল, এবং বহু উদ্যানের অজস্র পুষ্পসম্ভারে যে দেবতার কণ্ঠমালা গ্রথিত হইত, যাঁহাদের সম্মুখে শ্রেষ্ঠ কীর্ত্তনীয়ার দল নতজানু হইয়া সাষ্টাঙ্গে গান গাহিয়া কৃতার্থ হইত, হয়ত যাঁহাকে রক্ষা করিবার জন্য এক সময়ে শত শত ভক্তহৃদয়ের রক্ত প্রবাহিত হইয়াছিল, আজ সেই সকল হতভাগ্য বিগ্রহকে কীর্ত্তনীয়ারা পর্য্যন্ত অবজ্ঞা করিতেছে। বিশাল গৃহের স্তম্ভে স্তম্ভে পুষ্পমালা ঝুলিতেছে দেখিলাম, কিন্তু হতভাগ্য বিগ্রহের দিকে ভুলক্রমেও কেহ একটি পুষ্প ছুঁড়িয়া ফেলে নাই।

হ্যাভেল্ সাহেব এই সকল মূর্ত্তির প্রকৃত তথ্য বুঝিতে পারিয়াছেন। যে জাতি আনন্দময়কে চাহিয়াছে, যে জাতির ঋষি ব্রহ্মানন্দ বুঝিয়া ছিলেন, সেই জাতির ভক্ত-শিল্পী এই সকল মূর্ত্তি গড়িয়াছিল। তাহারা যখন মূর্ত্তি রচনা করিত, তখন তাহারা জানিত যাঁহাকে তাহারা গড়িতেছে, তিনি তাহাদের আরাধ্য; তাহারা ভক্তির সহিত খুঁজিত এবং বারংবার প্রণাম পূর্ব্বক কোন সাধ্যাতীত মানববুদ্ধির অগম্য মহাশক্তিকে দৈববলে বলী হইয়া লোক চক্ষুর গোচর করিতে প্রয়াসী হইত।

এই ভক্তি ও শ্রদ্ধায় পাথরে দেবভাব প্রতিফলিত হইয়াছিল। শান্ত নিশীথে পঞ্চপ্রদীপের আলো জ্বালিয়া ধূপধুনা ও পুষ্পবাস সহকারে একাকী এই প্রস্তরমূর্ত্তির কোন একটির সন্নিহিত হইবেন, হয়ত দৈবকৃপায় এই উপেক্ষিত বাসুদেবের অধরে অনাবিল কুসুমকোরকের মত, স্বপ্নবিভোর অপোগণ্ড শিশুর হাসির ন্যায় এক নির্ম্মল আনন্দের ছটা দেখিয়া মুগ্ধ হইয়া যাইবেন। চারিদিকে যোগী ও সিদ্ধপুরুষের দর্শন লাভ করিয়া ভক্ত-শিল্পীর হস্ত সেই অব্যক্ত সৌন্দর্য্যের আভাস প্রস্তরে ফলাইতে পারিয়াছিল। সেই এক ফোটা আনন্দের জন্য সম্রাট্ তাঁহার হীরকখচিত মুকুট নামাইয়া নতজানু হইয়া মন্দিরের দ্বারে প্রতীক্ষা করিতেন এবং তাহারই কিরণে শত শত ভক্তের হৃদ্‌পদ্ম বিকশিত হইয়া যাইত।

আমি হিন্দুর সুরে এই কথা বলিয়া সাম্প্রদায়িক পক্ষপাত দেখাইতেছি এরূপ কেহ যেন মনে না করেন। যে সৌন্দর্য্য অপার্থিব ধ্যানে পরিকল্পিত হইয়াছে, জগৎ তাহার পূজক। ম্যাডোনার চিত্র দেখিয়া যিনি বিশ্ব-জননীকে না দেখিয়াছেন, ক্রুশবিদ্ধ মহাপুরুষের মুখ দেখিয়া যিনি ভালবাসার অসীম শক্তি ও ক্ষমার পাঠ না পড়িয়াছেন, তাজমহল দেখিয়া যিনি বিরহের অমর অশ্রু প্রত্যক্ষ না করিয়াছেন, তাঁহার শিক্ষা সম্পূর্ণ হয় নাই। আপনারা মিউজিয়মে প্রবেশ করিয়া একথা ভুলিয়া যাইবেন না যে, এই মিউজিয়াম শত শত বিচিত্রগঠন দেবমন্দিরের পবিত্র কার্য্যের ভার লইয়াছে। যে দ্বার দিয়া আপনারা সেই গৃহে ঢুকিবেন, সেই দ্বারাদেশ একদা ভক্তিগঙ্গা নিজে আসিয়া প্রক্ষালিত করিয়াছিলেন। শত শত চক্ষু একদা অশ্রু প্রবাহের ভিতর দিয়া যাহা দেখিয়াছিল, আজ কি তাহা শুধু সকৌতুক দৃষ্টির গ্রাহ্য? আমি এই মাত্র বলিতে চাই, প্রাচীন ভক্তির পথকে আপনারা স্পর্দ্ধার পদক্ষেপে বিদলিত করিয়া যাইবেন না।

প্রাচীন ইতিহাসের মন্দিরে বিনম্রভাবে প্রবেশ করিবেন, প্রাচীন কালের অধিষ্ঠাত্রী দেবী তাহা হইলেই শুধু মৃদুস্বরে তাঁহার গুপ্ত মন্ত্র বলিয়া দিবেন, সেই মন্ত্রে নূতনের সঙ্গে প্রাচীনের পরিচয় হইবে। তখন বুঝিবেন, প্রাচীন প্রস্তরীভূত জীব-কঙ্কাল নহে, শত শত কোমলস্বরে আপনার কর্ণ পরিতৃপ্ত হইবে এবং দেখিতে পাইবেন প্রাচীনেরা যে পুষ্প ও ফলের ডালি লইয়া দেবতার সমক্ষে উপস্থিত হইয়াছিলেন, তাহা বাসি হইয়া যায় নাই।

কষ্টিপাথরের শত শত বাসুদেব মূর্ত্তি বিক্রমপুর অঞ্চলে সুলভ, বাসুদেবের এক সময় পূর্ব্ববঙ্গে অবাধ অধিকার

ছিল এই সকল বিগ্রহ দৈবদুর্ব্বিপাকে ভগ্ন হইয়া গেলে উজ্জ্বল কাল পাথরের আরাধ্য মূর্ত্তির জন্য এদেশবাসীরা একবার করুণস্বরে কাঁদিয়াছিলেন। যাহা কিছু কাল, তাহাই তাহাদের আরাধ্যের স্মারক হইয়াছিল। তাই ভক্তগণ মেঘ দেখিয়া কাঁদিতেন, তমাল দেখিয়া আলিঙ্গন করিতেন এবং যমুনার জলকে কালোর রাশি ভাবিয়া ঝাঁপাইয়া তাহার কোলে যাইয়া পড়িতেন। শ্রীকৃষ্ণের বর্ণ কাল, কিন্তু কাল কষ্টিপাথরে তাঁহার বর্ণ মাহাত্ম্য যত সুন্দর হইয়াছিল, বুঝি আর কিছুতেই তাহা হয় নাই। এইজন্য কৃষ্ণবর্ণের মাধুর্য্য বাঙ্গালার পদাবলী ভরা। সংস্কৃত সাহিত্যে সেই ধরণের পদ সুলভ নহে।

প্রাচীন ইতিহাসের পথে কতকটা প্রাণ, কতকটা ভক্তি লইয়া আমাদিগকে চলিতে হইবে। এ পথে শুধু কঙ্কর তুলিয়া গবেষণা করিলে বঙ্গলক্ষ্মীর প্রাণে আঘাত লাগিবে, অন্ততঃ এ দেশবাসীর পক্ষে তাহা অমার্জ্জনীয় অপরাধ। আমাদের রক্ত যাহাদের রক্ত হইতে প্রথম প্রবাহিত হইয়াছে, তাঁহারা যেখানে শির নত করিতেন, সেখানে মাথা উচু করিয়া তাচ্ছিল্যের সহিত গবেষণা জালবিস্তৃত করিলে দেশের ইতিহাসের প্রকৃত তথ্য আমাদের অনধিগম্য হইয়া থাকিবে।

অর্দ্ধ শতাব্দী পূর্ব্বে পূর্ব্ববঙ্গের পল্লীগুলি যাহা ছিল, এখন কি তাহাই আছে? আমি বহুদিন দেশে আসি নাই, আমি বিদেশে অনেক সময় যাহা দেখিয়াছি, তাহাতে হৃদয়ে আঘাত পাইয়া দেশের কথা স্মরণ করিয়াছি। আমি বিদেশে কোন কোন স্থান দেখিয়াছি, ভ্রাতাকে এক মুষ্টি অন্ন দিয়া জ্যেষ্ঠ সহোদর মনে করেন তিনি তাহাকে ঋণজালে আবদ্ধ করিতেছেন। কনিষ্ঠ সহোদর চোরের ন্যায় ভয়ে ভয়ে সেই অন্ন গলাধঃকরণ করিতেছে; আরও দেখিয়াছি, পিতা বাড়ীর সরকারের ন্যায় উপার্জ্জনশীল পুত্রের কথায় কথায় তাড়া খাইতেছেন এবং পরিবার অর্থ শুধু স্ত্রী পুত্র কন্যা বুঝাইতেছে। তখন পূর্ব্ববঙ্গের পল্লী মনে পড়িয়াছে; যেখানে ভ্রাতা ত দূরের কথা, শ্রীদাম সুদাম সখারাও ভ্রাতার মত স্নেহাদর পাইতেন; যে বৃন্দাবনে পর কেহ ছিল না। যে যেখানে রাত্রি উপস্থিত হইত, সেইখানেই প্রতিবেশিনী মা হইয়া তাহাকে সম্মুখে বসাইয়া খাওয়াইতেন এবং পুত্রগণের সঙ্গে শয্যা প্রস্তুত করিয়া দিতেন; যেখানে গুরুজনের প্রীতি অবাধ ছিল, স্নেহের পাত্র রোগে পড়িলে তাঁহাদের আহার নিদ্রা চলিয়া যাইত, কিন্তু তাঁহারা তিরস্কার কিংবা প্রহার করিতে ভয় পাইতেন না; যেখানে অতিথিগণ সামান্য ত্রুটীতে চটিয়া উঠিতেন এবং চলিয়া যাইবার ভয় দেখাইতেন, তাহাতে গৃহস্থ আড়ষ্ট হইয়া পড়িত। যেখানে গৃহিণী দিনান্তে আহার করিতেন, এমন সময়ে অভুক্ত ব্যক্তি উপস্থিত হইলে, হাসিমুখে তাহাকে ভাতের থালা ছাড়িয়া দিয়া নিজে উপবাসী থাকিতেন; যেখানে নন্দীভৃঙ্গীর ন্যায় ভৃত্যেরা গৃহস্থের ঘরে আধিপত্য করিত এবং কর্ত্তা মনে করিতেন না যে, তিনি তাহাদের প্রভু ও তাহাদিগকে প্রতিপালন করিতেছেন, এক বই দুই প্রতিপালকের অস্তিত্ব কেহ স্বীকার করিত না। যেখানে দিনান্তে যখন কোন মন্দিরে কাঁসর ও শঙ্খ বাজিয়া উঠিত, তখন শিশু যেরূপ মায়ের কোলে যাইতে ব্যস্ত হয়, তেমনই ব্যগ্রতার সহিত লোকে আরতি দেখিতে ছুটিত; যেখানে ভিন্ন ভিন্ন জাতি ছিল, কিন্তু ভেদবুদ্ধি ছিল না; ব্রাহ্মণ শূদ্রের প্রণাম পাইয়া মনে করিতেন না যে, তিনি মস্ত বড় হইয়া গেলেন এবং শূদ্র মনে করিত না যে প্রণাম করিয়া সে ছোট হইয়া গেল; যেখানে মুসলমানগণ হিন্দুর হুকায় টান দিতে না পারিয়া মনে করিতেন না যে, হিন্দুরা তাঁহাদিগকে ঘৃণা করিতেছেন এবং হিন্দু, পীরের সিন্নি দিয়া মনে করিতেন না যে, তাঁহারা অধর্ম্মের কাজ করিতেছেন; যেখানে রাজা মহারাজ একত্র হইয়া উৎসব করিতেন এবং ধনাঢ্য ব্যক্তি দরিদ্র চাকরকে শুধু bearer অথবা boy বলিয়া ঘৃণা প্রকাশ করিতেন না। বিদেশে অনেক স্থানে এই সকল ভাবের সম্পূর্ণ বিপর্য্যয় দেখিয়া মনে হইয়াছে, হায় আমার জন্মভূমিতে যাইয়া বোধ হয় এই সব দৃশ্য দেখিব না! বুঝি বা আমাদের বৃন্দাবন পূর্ব্বের মতই আছে। আমি অনেকদিনকার

খবর জানি না, তাই ভয়ে ভয়ে জিজ্ঞাসা করি, সেই অনাবিল স্বর্গীয় ভাব এখনও আছে কিনা! যদি না থাকে তবে সে বড় দুঃখের কথা! চন্দ্রাবলীর কাতর প্রার্থনায় বিচলিত হইয়া মথুরায় কৃষ্ণ একটি কথামাত্র জিজ্ঞাসা করিয়াছিলেন "আমি আর কি ব্রজ তেমন পাব?" বহুদিন প্রবাসে থাকিয়া স্বীয় পল্লীতে ফিরিবার সময় সকলেরই মর্ম্মে মর্ম্মে এই সুর বাজিয়া উঠিবে—"আর কি ব্রজ তেমন পাব?" আর কি তথায় সেই দশহরার দিনে সমাজের মাথা হইতে পা পর্য্যন্ত সাড়া পাইয়া থাকে? বালক বালিকা যুবক প্রৌঢ় বৃদ্ধ একত্র হইয়া সেইরূপ প্রীতির ভাবে গা ঢালিয়া থাকে? এবং সমাজে কি দোলোৎসবে আবির ও কুঙ্কুম লইয়া নর নারী এখনও সেইরূপ আনন্দচ্ছটায় আকাশ পরিব্যাপ্ত করিয়া থাকেন! আর কি মহোৎসবের দিনে বিনা নিমন্ত্রণে শত শত দরিদ্র গৃহস্থের অবারিত দ্বারে প্রবেশ করিয়া উদর তৃপ্তি করিতে পারে? আর কি তথায় পরের মাতারা নিজের মাতার মত স্নেহ আদর দেখাইয়া থাকেন? আর কি সধবার ললাটে সেইরূপ উজ্জ্বল বড় সিন্দুরের ফোটা দেখিতে পাব? আর কি শুধু শাঁখার গৌরব রত্নচূড় ও হীরকবলয়ের গর্ব্বকে ছাপাইয়া উঠিয়া থাকে? আর কি তুলসীতলায় শ্যামসন্ধ্যায় স্নিগ্ধ দীপালোকে সধবার মাথার সিন্দুরের দাগ পড়িয়া তাহা কোমল রক্তিম বর্ণে রঞ্জিত করে? আর কি শুদ্ধস্নাতা বিধবারা ধর্ম্মের জন্য প্রাণপণ করিয়া উপবাস ও বিবিধ কষ্ট সহ্য করেন?—এবং কথকতার পুণ্য পৌরাণিক কাহিনী শুনিয়া বধূগণ সজল চক্ষে ত্যাগ ও সতীত্ব ধর্ম্মের জন্য তেমনই লালায়িত হন? বিবাহ-বাসরে দুর্গোৎসবে আর কি করুণস্বরে তেমনই নহবৎ বাজিতে থাকে এবং শরৎকালে আগমনী গান ও শেফালিকা সম্পাতে পল্লীকে আবেশে উন্মাদিত করে? "আর কি ব্রজ তেমন পাব?" এই সুরের রেশ আমার কাণে এখনও বাজিতেছে। বড় ভয় হয়, বড় আশঙ্কা হয়, বুঝি এই সকল পাইব না; তবে কুবেরকে কি রিক্তহস্তে দেখিতে আসিয়াছি অথবা বীণাচ্যুত নারদ ও গাণ্ডীবহীন পার্থের নিকটে আসিয়া শুধু মহত্ত্বের শোকান্ত পরিণাম দেখিয়া যাইব? সেই পূর্ব্ববঙ্গের পল্লী যে আমাদের স্বপ্নের বিলাসস্থল, আমার চক্ষে নববৃন্দাবন তাহা ত্রিশ বৎসর পূর্ব্বে যেমন দেখিয়া ছিলাম এখন কি তেমনই আছে? যদি না থাকে, তবে বলুন সেই আনন্দ ও ত্যাগের পরিবর্ত্তে আপনারা কি দিয়া আপনাদের পল্লী উজ্জ্বল করিয়াছেন? যদি দুর্গোৎসব তেমন ভক্তির সহিত অনুষ্ঠিত না হয়, উপাসনা ও ধ্যানধারণার আগ্রহ কি বাড়িয়াছে? দোলোৎসবের পরিবর্ত্তে মাঘোৎসব বা অন্য কোন ধর্ম্মের উৎসব কি সেইরূপ সার্ব্বজনীনতা লাভ করিয়াছে? দেবমন্দির যদি ভাঙ্গিয়া গিয়া থাকে, তবে কতগুলি ভজনাগার গড়াইয়া সে অভাব পূর্ণ করিয়াছেন? যদি বারমাসের তের পার্ব্বণ বিদায় দিয়া থাকেন, তবে ছেলেদের আনন্দ ও শিক্ষাদিবার জন্য কি কি নূতন উৎসবের সৃষ্টি করিয়াছেন, বলুন? আনন্দহীন হইলে স্বাস্থ্য নষ্ট হইবে। রমণীরা যেখানে দিন রাত্রি সীতা সাবিত্রীর কথা লইয়া কাঁদিতেন, ঠাকুর সেবার জন্য নৈবেদ্য সাজাইতেন ও চন্দন ঘষিতেন, এখন কি কুন্দনন্দিনীর কাহিনী পড়িয়া তাহারা তেমনই পবিত্র হইতেছেন? তাঁহাদের আলপনা দেওয়া এবং নানাবিধ মিষ্টান্ন প্রস্তুত করার ক্ষমতা ও শিক্ষা যদি নষ্ট হইয়া থাকে, তবে কি শুধু লেসবুনন করিয়া কি তাঁহারা আপনাদের মনোরঞ্জন করিতে পারিতেছেন? যেখানে বিধবারা এককালে গৃহের সর্ব্বময়ী কর্ত্রী ছিলেন ও চিরকর্ম্মঠ ধর্ম্ম-জীবনের পথে অবিরত সমাজের প্রশংসা পাইয়া উৎসাহিত হইতেন, সেখানে সেই উৎসাহবিচ্যুত ও একান্ত নিরাশ্রয় হইয়া তাঁহারা শিক্ষা প্রদান অথবা শিল্পপটুতা দ্বারা জীবিকা অর্জ্জন পূর্ব্বক কথঞ্চিৎ আত্মরক্ষা করিতে পারিতেছেন কি, না একান্তরূপে নির্ভরতাশূন্য ও আধ্যাত্মিক জীবনে হৃতসর্ব্বস্ব হইয়া দুর্গতির চরম সীমায় উপনীত হইতেছেন? এক কথায় আমরা কেবলই ভাঙ্গিতেছি না ভাঙ্গিয়া কিছু গড়িতে পারিতেছি?

আমরা প্রাচীন সামাজিক প্রীতির ভাব ও উৎসবের স্থলে একটা নূতন জিনিষ পাইয়াছি—তাহা জাতীয়তা। আমাদের ছেলেরা এখন জাতীয় ভাবে উদ্দীপিত। এই জাতীয়তা জিনিষটা কি তাহা আমাদের একবার ভাবিয়া দেখা উচিত।

যেরূপ গণিতশাস্ত্র শিখিতে হইলে এক দুই তিন প্রভৃতির গণনা দ্বারা শিক্ষা সুরু করিতে হয়, শাস্ত্র ও কাব্য পড়িবার পূর্ব্বে ক, খ, গ পড়িতে হয়, সেইরূপ সমগ্র দেশটাকে আপন বলিয়া চিনিতে হইলে কতকগুলি প্রাথমিক শিক্ষা অভ্যাসের দরকার। ভগবান্ যে আঙ্গিনা আমাদের প্রথম লীলাক্ষেত্র করিয়া গড়িয়াছেন, তাহার শিক্ষা প্রথমে কতকটা সম্পূর্ণ হওয়া আবশ্যক। যে স্থানে প্রথম আসিয়া পৌঁছিলাম ও দেখিলাম প্রেরণ-কর্ত্তা রাশি রাশি কর্ত্তব্যের মধ্যে আমাদিগকে ফেলিয়াছেন, সেই গুলির মাথা ডিঙ্গাইয়া চলিয়া যাওয়া উচিত নহে। চক্ষু মেলিয়া যে করুণার মূর্ত্তি প্রথম দেখিয়াছিলাম যাঁহার হৃদয়ের পীযুষ আমাদিগকে অমর করিয়াছে, যিনি রক্ষাকর্ত্রী ভগবতী হইয়া আমাদিগকে পালন করিয়াছিলেন, সেই জননীকে ভক্তি করিতে না শিখিয়া দেশের কল্পিত মূর্ত্তি দাঁড় করিয়া তাহার পদে অর্ঘ্য দেওয়া বাতুলতা নয় কি? 'আমার দেশ' আমার দেশ বলিয়া যে চীৎকার করিতেছি, সে দেশ জিনিষটা কি? কনিষ্ঠ জ্যেষ্ঠকে অশ্রদ্ধা করিতেছে; পিতামাতাকে পূজা করিতে ভুল হইতেছে; গুরুজনের প্রতি অবজ্ঞা দেখাইতেছি; পল্লী সম্বন্ধে যে স্নেহডোরে সকলে ভাই ভাইয়ের মত বাঁধাছিলাম, সেখানে হিংসা দ্বেষের প্রাদুর্ভাব হইয়াছে; সামাজিক হিসাবে ব্রাহ্মণের সে নিঃস্বার্থ প্রেম নাই, সে ত্যাগ নাই, তথাপি তিনি জাতির মাথায় উঠিয়া থাকিবেন; অপরাপর শ্রেণীরা ব্রাহ্মণকে ডিঙ্গাইয়া গায়ের জোরে একটা স্থান গড়িয়া লই-বেন; সমাজের সর্ব্বত্রই হিংসা ও পরস্পরের প্রতি বিদ্বেষ। যাহা এক ছিল, তাহা আমরা শতখণ্ড করিতেছি; যাঁহারা এক ছত্রের নীচে ছিলেন, তাঁহাদের প্রত্যেকে নিজ নিজ একটা ছত্র নির্ম্মাণ করিয়া কাহারও কোন খাতির রাখিবেন না। এই যদি আমাদের অবস্থা হইয়া থাকে, তবে দেশ দেশ বলিয়া আমরা চীৎকার করিতেছি, সে দেশটা কোথায়? বোম্বে বা কাশ্মীরে যাইয়া অপরিচিতের সহিত করমর্দ্দন করিয়া আসিলেই কি সৌভ্রাত্র স্থাপিত হইল? না উত্তরে অম্বরচুম্বিত হিমাচল ও দক্ষিণে নীলাঞ্চলনিভ সাগরের কথা বলিয়া গান বাঁধিয়াই কি আমরা দেশটা পাইলাম? আমরা দেশের প্রতি কি ভালবাসা দেখাইয়াছি যে, এই মহারাজ্যটা এক করিয়া ফেলিবার মত আমাদের বলসঞ্চয় হইয়াছে? এই নিদাঘতাপে তাপিত পল্লীগুলি জলাভাবে স্থলোদ্ধৃত মীনের ন্যায় ধড়্ফড়্ করিতেছে, আমরা কি দেশের লোকের তৃষ্ণা নিবারণের জন্য কূপ খনন বা পুষ্করিণী প্রস্তুত করিয়া দিতেছি? প্রাচীন পুষ্করিণীগুলি সংস্কার করিবার চেষ্টা ও আমাদের নাই। আমরা কি নিরন্ন লোকদিগকে মহোৎসবে ডাকিয়া খাওয়াইয়া থাকি? কিংবা অতিথি অভ্যাগতদিগকে অকপটভাবে অভ্যর্থনা করিবার জন্য উদ্যোগী হই? উৎসবের আনন্দ কি আমরা পল্লীবাসী গরিব ও ধনী এক হইয়া উপভোগ করি? দেশকে আমাদের পিতৃপুরুষেরা যেরূপ আপন করিয়াছিলেন, আমরা কি তাহাই করিতে পারিয়াছি? মোটকথা, আমাদের পূর্ব্বপুরুষেরা আপনাদিগকে সমস্ত সমাজের ভিতর বিলাইয়া দিয়াছিলেন, দুষ্ট অহমিকাকে গৃহ হইতে বিদায় দিয়া তৎস্থলে ভগবানের প্রতিষ্ঠা করিয়াছিলেন। আমরা দুষ্ট অহমিকাকে আশ্রয় করিয়া আত্মাভিমান স্ফীত করিয়া বাড়িয়া উঠিতে চাহিতেছি মাত্র। এদেশ বৌদ্ধ জৈন, ও বৈষ্ণব মহাজনগণের পদাশ্রিত। এদেশ হিংসামূলক জাতীয়তা-অভ্যাস করা শেখে নাই। এদেশের যাহা কিছু গৌরব অহিংসা ও প্রেমের কথা লইয়া; যে দেশ ২৩ জন তীর্থঙ্করের পদধূলিতে পবিত্র, যে দেশ হইতে কপিলাবস্তু অদূরবর্ত্তী, যে দেশের নবদ্বীপ ভক্তিগঙ্গায় সকলকে ডুবাইয়া দিয়াছে, যে দেশে চণ্ডীদাস গোবিন্দ-দাসের সুরে ভগবদ্ভক্তির অলকনন্দা বহিয়া যাইতেছে, সে দেশে ভক্তি-প্রেম-বিবর্জ্জিত তেজের বাড়াবাড়ি

কখনই টিঁকিবে না। হায়, বসোরা যদি মনে করে গোলাপ অতিছোট, অশ্বত্থ অতি বড়, এই ভাবিয়া যদি গোলাপের চাষ উঠাইয়া দিয়া অশ্বত্থের বীজ বপন করে, তবে বসোরার সে কি দুর্গতি। নারদ যদি বীণা ছাড়িয়া গাণ্ডীব ধরেন, তবে নারদের কি দুর্গতি!

এ দেশ চিরকালই বড় কথা কহিয়া আসিয়াছে। আমরা যাহা পরম মঙ্গলকর, সেই সাত্ত্বিক ধর্ম্মের কথাই বলিব। মনে করিবেন না, এই সকল কথা মাথা ডিঙ্গাইয়া চলিয়া যায়, তাহা ব্যবহারে লাগে না। আমরা অবশ্যই বলিতে পারি, আমরা সত্যবাদী ও চরিত্রবান্ হইব; যেখানে ভক্তি দেখান দরকার সেখানে মাথা উচু করিয়া স্পর্দ্ধান্বিত হইব না; যেখানে দুঃখ কষ্ট, সেখানে আত্মপর ভুলিয়া সেবার জন্য হাত বাড়াইয়া দিব; নিজের দুঃখের কথা সারাদিন ভাবিব না; সে ভার ভগবানের উপর দিয়া পরের দুঃখের কথা ভাবিব; জীবের সেবা করিয়া ধন্য হইব; ইন্দ্রিয়ের হস্তিগুলি সংযমের শিকলি দিয়া বাঁধিয়া ফেলিব এবং সারাদিন কর্ম্ম করিয়া বধূ যেমন দীপ হস্তে নিশীথে শয্যাগৃহে গমন করিয়া দয়িতের পদে আত্মসমর্পণ করে, সেইরূপ পরিশ্রম-ক্লান্ত-দেহ প্রতিদিন দিবাবসানে তাঁহারই শ্রীপাদপদ্মে নিবেদন করিয়া দিব। স্পর্দ্ধার সহিত জাতিটা গড়িতে চেষ্টা করিব না, প্রত্যেকে যদি বিশ্বাসী চরিত্রবান্, সংযত ধর্ম্মভীরু হই, তবে জাতি আপনিই গড়িয়া উঠিবে। আমরা যদি মারিতে কাটিতে না পারি, তবে আমাদিগকে বিপদের দিনে কে রক্ষা করিবে? এই প্রশ্ন অনেকে করিয়া থাকেন, ঐ যে শেফালিকা তরুটি অজস্র ফুলদান করিয়া প্রভাতে রিক্তহস্ত হয়, সারাদিন কুঁড়িগুলি ফোটে, এবং প্রাতঃ সমীরণের সঙ্গে আবার নিজের সর্ব্বস্ব পরকে বিলাইয়া দিয়া সেবা ধর্ম্মের পরাকাষ্ঠা দেখায় উহাকে যিনি রক্ষা করেন, আমাদিগকেও তিনিই রক্ষা করিবেন। যখন মাতৃগর্ভ হইতে শিশু ভূমিষ্ট হয়, তখন তাহার মত নিঃসহায় কে থাকে? কিন্তু কে তাহার জন্য মাতৃ-অঙ্কে সিংহাসন পাতিয়া রাখিয়াছেন? কে অমৃতনিভ দুগ্ধধারপূর্ণ স্তন তাহার মুখের সম্মুখে রাখিয়া দিয়াছেন। রূপ ও সনাতন বৃন্দাবনের এক একটি বৃক্ষের নিম্নে এক এক রাত্রি শয়ন করিয়া কিঞ্চিন্যূন শত বৎসরের দীর্ঘ আয়ু কাটাইয়া দিয়াছেন। কে সারা রাত্রি জাগিয়া পাহারা দিয়া তাঁহাদিগকে রক্ষা করিয়াছিল? শুভকর্ম্মে নিরত থাকিলে আমরা দেখিতে পাইব "দিশোভুজ সহস্রেষু ব্যাপ্ত-লোকত্রয়ং স্থিরা" জননীর আয়ুধমণ্ডিত সহস্র হস্ত সেই জীবন রক্ষার জন্য দিকে দিকে প্রসারিত আছে।

কিন্তু শুভকর্ম্ম করিতে যাইয়া যদি মৃত্যু হয়, তবে সে মৃত্যুতে লোক অমর হইয়া থাকে। কোন্ দিন দ্বিসহস্র বৎসর অতীত হইল এক দেবপুত্র নিষ্ঠুরভাবে হত হইবার সময় বলিয়াছিলেন, "পিতঃ, ইহারা না বুঝিয়া আমাকে মারিতেছে, তোমার অবোধ সন্তান-দিগকে ক্ষমা কর", সে কথা এখন ও সমস্ত সভ্যদেশের বিজয়কিরীটের মত, আশীর্ব্বাণীর মত পবিত্র হইয়া আছে। নেপোলিয়নের বীর-দাপ, ইজিপ্টের পিরামিড্ এই বাক্যের তুলনায় ক্ষণস্থায়ী বুদ্বুদ। এদেশে ক্ষমার কথা বল, সংযমের কথা বল, দানের কথা বল, কীর্ত্তনের জন্য মৃদঙ্গ লইয়া আইস, দেখিবে, বন্যার মত ভাবের স্রোতে দেশ ডুবিয়া যাইবে। শুভকার্য্যে নিবিষ্ট থাকিলে কে রক্ষা করিবে, এই ভাবিয়া আকুল হইও না; প্রত্যেক শুভচিন্তা, প্রত্যেক শুভকার্য্যের পশ্চাতে বিশালশক্তি আছে। কোথা হইতে সাহায্য আসে, মানব-বুদ্ধির অগোচরে কে বিপদের দিনে রক্ষা করে, শূন্য থলি ভর্ত্তি করিয়া দেয়, তাহা অতিশয় সূক্ষ্মদর্শীরাও ভাবিয়া পান না। আমরা ভাবি আমরা একক, এই জন্যই না আমাদের এত ভয়। ওরে ভ্রান্ত, তুমি একক নহ, তুমি নিঃসহায় নহ, তুমি দুর্ব্বল নহ, তুমি ক্ষুদ্র নহ, এই সত্যে বিশ্বাস কর; শুভ কার্য্য করিতে আরম্ভ করিয়া প্রতিপদে সহায় পাইবে। 'যাহাকে কেহ দেখে নাই, তাঁহার ছায়া চক্ষের সমক্ষে ভাসিবে, তিনি হস্তে সামর্থ্য দিয়া যাইবেন, হৃদয়ে বল দিয়া যাইবেন; তাঁহার প্রীতির কার্য্য যে করে সে অপোগণ্ড শিশুর মত দুর্ব্বল

ও ক্ষুদ্র হইলেও ধরিত্রী স্বয়ং মা হইয়া তাহাকে রক্ষা করিবেন।

কর্ম্মের প্রতি স্থির বিশ্বাস রাখিয়া আমরা যদি অগ্রসর হই, তবে আমাদের নিরীহতা বা কোমলতার জন্য লজ্জিত হইবার কারণ নাই। যে বিশ্বে অসিধার-পত্র দৃঢ় পার্ব্বত্য-তরু স্পর্দ্ধা সহকারে উন্নত হইয়া উঠিয়াছে, সেই বিশ্বে কি যুঁই ফুলটি একটু স্থান পায় নাই? কে ভাল, কে মন্দ, কে বড়, কে ছোট, তাহার বিচারের দরকার নাই। আমার নিজের বিশ্বাস যুঁই কি মালতী ফুল, যাহার প্রকৃতি আত্মদান, উহা ক্ষুদ্র হইয়াও বড়। কীটের দাঁত, ঝাপ্‌টা বাতাস, এমন কি শিশুর হাত হইতে আত্মরক্ষার সামর্থ্যও ত তাহার নাই, তথাপি এমনই অম্লান সৌন্দর্য্যে তাহার সৃষ্টিকর্ত্তা তাহাকে সাজাইয়া রক্ষা করিতেছেন যে, ঐরূপ নিষ্কলঙ্ক সুন্দর জীবনই শ্রেষ্ঠ বলিয়া মনে হয়। তেজের দ্বারাই কি সর্ব্বত্র আত্মরক্ষা হইয়া থাকে? এমন যে কাইসর, তিনিও নিজের তেজে পুড়িয়া মরিতেছেন। সিজর, নেপোলিয়ন, কেহই তেজের দ্বারা আত্মরক্ষা করিতে পারে নাই। বরং যদি বিশ্বাস থাকে, আমি বিপদে পড়িলে জগতেই আমার রক্ষার জন্য শক্তি সঞ্চিত আছে, তবে নিজের উদ্দাম সংহারশক্তি উদ্বোধিত না করিলেও চলিতে পারে। এই ভক্তিপ্রেম ও দয়ার ক্ষেত্র ভারতবর্ষে জন্ম গ্রহণ করিয়া আমি পরপীড়ন ও পরদুঃখদায়ক কর্ম্ম করিব না। এখানে অশোক মহারাজের এত বড় কলিঙ্গ বিজয়ের গৌরবটাও ছোট হইয়া গিয়াছে, কিন্তু কলিঙ্গ-বিজয়ে যে রক্ত-পাত হইয়াছিল, তাহার জন্য তিনি যে অনুতাপাশ্রু বর্ষণ করিয়াছিলেন, তাহা পাষাণের গাত্রে অমর হইয়াছে ও অশোকস্মৃতি অপূর্ব্ব মধুরিমায় মণ্ডিত করিয়া তুলিয়াছে। আমি পরের সেবায়, পরের সুখের জন্য আত্মনিবেদন করিয়া দিব। যিনি এত বড় জগৎটা রক্ষা করিতেছেন, তিনি আমাকে রক্ষা করিবেন এবং তাঁহার অফুরন্ত ভাণ্ডার হইতে আমি নির্দ্দিষ্ট অন্নজল পাইব। কিন্তু যদি তাঁহার ইচ্ছা হয়, এ দেহ যাইবে, তাহাতেই বা ক্ষতি কি? তথাপি আমি আত্মরক্ষার সম্পূর্ণ ভারটা নিজের মাথায় লইয়া কেবলই জীবনটা খড়্গ শাণিত করিয়া কাটাইব, এরূপ বিড়ম্বনা যেন ভোগ না করি। যদি একটি কুষ্ঠগ্রস্ত বা অন্ধের পার্শ্বে বসিয়া তাহার দুঃখের ভার স্বয়ং গ্রহণ পূর্ব্বক তাহার একবিন্দু অশ্রুও মুছাইতে পারা যায়, তবে তাহাতে কি জীবনের অন্ততঃ কতকটা সার্থকতা হয় না! যে স্থানে বজ্র আছে, বিদ্যুৎ আছে, তীক্ষ্ণবিষ গোক্ষুর সর্প আছে—ঝড়, বৃষ্টি, রৌদ্রের তাণ্ডব লীলায় সংহার কার্য্য চলিতেছে, সেই স্থানে—তাহাদিগেরই পার্শ্বে, সেই বিপজ্জাল বেষ্টিত হইয়া শতদল পদ্ম বিকশিত হইয়া আছে,—ক্ষুদ্র কামিনী, জাতি, যুথি, গোলাপ, তাহাদের অমৃতময় জীবনের গন্ধ বিতরণ করিয়া ও রূপ দেখাইয়া চলিয়া যাইতেছে। আমরা কি সহস্র বিপদ্ সত্বেও এই ভাবে শুধু দয়া ও সেবার মহিমায় মণ্ডিত হইয়া জীবনযাত্রা নির্ব্বাহ করিতে পারি না? এই ধর্ম্ম পবিত্র গঙ্গাধারার কুলুকুলুর ন্যায় আমাদিগকে আহ্বান করিতেছে। ইহার নাম আত্মদান—আত্মপ্রতিষ্ঠা নহে। ইহা আমাদিগের পক্ষে অসম্ভব নহে, ঘরে ঘরে জননীরা এই ধর্ম্ম অনুষ্ঠান করিতেছেন; ইহা বক্তৃতা নহে,—ইহা মন্ত্র; ইহা ক্ষণস্থায়ী উত্তেজনা নহে,—ইহা জীবনব্যাপী সাধনা; ইহাতে সংস্কারকের আস্ফালন নাই, কিন্তু ইহা বিনয় সহকারে গুরুর উপদেশ প্রতীক্ষা করে; ইহা পরকে অতিক্রম করিবার প্রয়াস নহে, পরকে আপন করিবার বাঞ্ছা; ইহা ইহকালের কীর্ত্তিলোলুপ নহে, ইহকালের সঙ্গে পরকালের প্রীতিস্থাপন; ইহা জাতীয়তা নহে, সার্ব্বভৌমিকতা। এই ধর্ম্ম আমাদের সাধুরা শিখাইয়াছেন, ইহা হইতে শ্রেষ্ঠ আর কিছু নাই। আমরা বাহিরের কোলাহল শুনিয়া এই ধর্ম্মের গণ্ডী উত্তীর্ণ হইলে বর্ত্তমান সভ্যতার দশদিক্ ব্যাপী প্রলোভন-রূপ দুষ্ট দশাননের হাতে ধরা পড়িব। হিমালয়ের তুঙ্গশৃঙ্গে এই ধর্ম্মের অমৃত ভাণ্ড লইয়া হয়ত অদৃশ্য-ভাবে যোগিবর বসিয়া আছেন, তিনি সুবিধার প্রতীক্ষা করিতেছেন, কখন সমস্ত জগতে সেই অমৃত বিতরণ করিবেন। ইন্দ্রিয় বিভ্রমে চতুর্দ্দিকে ছুটাছুটি করিয়া—

ইষ্টের অনুসন্ধানে বিফলকাম, পরিশ্রান্ত-পিপাসু জগৎ যখন তাহা চাহিবে, তখন সেই মহাদান আরব্ধ হইবে। তখন ভারতবর্ষরূপ পুণ্যতীর্থে আমরা যোগিবরের সেই অমৃতভাণ্ডের যেন সেবাইত হইতে পারি।

পূর্ব্ববঙ্গ সম্বন্ধে দুই একটি কথা বলিয়া আমার এই অভিভাষণ শেষ করিব। পূর্ব্ববঙ্গে মুসলমানগণের সংখ্যাই বেশী; কিন্তু দুঃখের বিষয় ইঁহারা জাতীয় গৌরব ও শিক্ষা সম্বন্ধে এখনও একান্ত উদাসীন। অধুনাতন ভারতবর্ষ বিশেষভাবে মুসলমান-কীর্ত্তি-চিহ্নিত। পূর্ব্ববঙ্গের এমন কোন্ নগর বা বৃহৎ পল্লী আছে, যেখানে অস্তমিত হিন্দুগৌরবের শিখরদেশে সমুজ্জ্বল মোস্‌লেম কীর্ত্তির সুপ্রকাশ হয় নাই? প্রতি পল্লীতে মন্দিরের পার্শ্বে মস্‌জিদ আকাশ স্পর্শ করিয়া উঠিয়াছে! কত রাজ প্রাসাদের বক্ষে মুসলমানগৌরব-বিঘোষী প্রস্তর-লিপি অঙ্কিত হইয়াছে! কত পল্লীর হিন্দু নাম ঘুচিয়া গিয়াছে, তাহারা মুসলমানী নামে পরিচিত হইয়াছে। ঢাকা মস্‌লিনের ন্যায় কত শিল্পকলা মুসলমান বাদসাহ ও ওমারহগণের আশ্রয়ে বিকাশ প্রাপ্ত হইয়াছে। মুসলমান চক্ষুঃ উন্মীলন করা মাত্র এদেশের পল্লীতে পল্লীতে তাঁহাদের বিজয়দৃপ্ত পূর্ব্বপুরুষগণের সংবাদ পাইবেন,—দৃঢ়প্রতিজ্ঞ অটল বিশ্বাসে গড়া একেশ্বর-বাদের মহিমা প্রস্তরে প্রস্তরে অঙ্কিত দেখিতে পাইবেন। হিন্দুগণ স্বভাবতঃই বৌদ্ধ ও হিন্দু যুগের প্রাচীন কীর্ত্তি রক্ষা করিতে বেশী মনোযোগী হইয়াছেন। মুসলমানগণের ঐতিহাসিক অনুসন্ধান কার্য্য অপেক্ষাকৃত সহজ; কারণ তাঁহাদের কীর্ত্তি অপেক্ষাকৃত আধুনিক, কিন্তু এই রাশি রাশি প্রাচীন কীর্ত্তি রক্ষা করিবার জন্য—তাহাদের উদ্ধারের কল্পে মুসলমানগণ এপর্য্যন্ত অতি সামান্যই চেষ্টা করিয়াছেন। অম্বরচুম্বী মস্‌জিদচূড় আকাশের মেঘের কাছে তাহার দুঃখেরবার্ত্তা জ্ঞাপন করিতেছে; মূল্যবান্ ঐতিহাসিক তথ্যবাহী প্রস্তর ফলকের উপর নিরুদ্বেগে বসিয়া গ্রাম্য কৃষক তাম্রকূট সেবন করিতেছে; নবাব এবং বাদসাহদের ভগ্ন প্রাসাদ বাদুর ও পেচকের স্বরে নিনাদিত হইতেছে। প্রাকারবেষ্টিত কত দুর্গের অভ্যন্তর ভূমি হলচালনার ফলে শস্যশ্যামলা হইয়া উঠিয়াছে। যে বিজয়কাহিনী একদা সমস্ত প্রদেশে উচ্চবাদ্যরবে বিঘোষিত হইয়াছিল, ধরিত্রী সে কথা বক্ষের মধ্যে সংগোপন করিয়া রাখিয়াছেন; কারণ সেই কীর্ত্তিমানদিগের বংশধরেরা তাহা শুনিতে চাহেন না।

যাঁহারা স্বীয় ধর্ম্ম ও সভ্যতার ভিত্তির উপর জাতীয় কর্ম্মজীবন গঠন করিবেন, তাঁহারা নিজদের পরিচয় আগে ভাল করিয়া জানুন। যদি মুসলমানগণ তাহা না জানেন, তবে তাঁহাদের অনিচ্ছা সত্ত্বেও তাঁহারা নিশ্চয়ই হিন্দুসভ্যতার কুক্ষিগত হইয়া পড়িবেন, তাঁহাদের জাতীয়ত্ব ও ধর্ম্ম ভ্রষ্ট হইবে। যেখানে প্রতিবেশীরা সচেষ্ট ও কর্ম্মঠ, সেখানে জড়বৎ হইয়া থাকিলে তাঁহারা কিরূপে প্রতিবেশীদের প্রভাব এড়াইবেন? পূর্ব্বপুরুষগণের মূলধন ভূপ্রোথিত সুবর্ণভাণ্ডারের ন্যায় তাঁহাদের কোন উপকারেই লাগিবে না। বহু মুসলমানের গৃহে আরব্য, পারস্য, উর্দ্দু প্রাচীন হস্ত লিখিত পুঁথির ভাণ্ডার রহিয়াছে, তাহাদের মধ্যে মূল্যবান্ ঐতিহাসিক তথ্য নিহিত আছে, সে বিষয়ে সন্দেহ নাই। সে গুলি বৎসর বৎসর কীটদষ্ট ও অগ্নিদগ্ধ হইয়া নষ্ট হইতেছে। অধুনাতন হিন্দুর তাহা অনধিগম্য; মুসলমানগণ সে গুলির উদ্ধার ও রক্ষার কি উপায় করিতেছেন? অযোগ্য পুত্র যেরূপ অবহেলায় পিতৃসম্পত্তি খোয়াইয়া পথের ভিখারী সাজে, আপনারা কি তাহাই হইতেছেন না? বিভারেজ ষ্টাপলটনের ন্যায় দুই একজন বিদেশীয় পণ্ডিত মোস্‌লেম ইতিহাস চর্চ্চা করিয়া আপনাদিগকে গৌরবান্বিত করিতে পারিবেন না। আপনারা যদি নিজের পায়ের উপর নিজে না দাঁড়ান, তবে কেহ কাঁধে করিয়া আপনাদিগকে চাঁদ ধরাইয়া দিতে পারিবেনা। মোক্ষমুলার প্রভৃতি বিদেশীয় মনীষীরা আমাদের প্রাচীন তত্ত্বের ও পূর্ব্বপুরুষগণের গৌরবের সন্ধান দিয়াছিলেন; এখন আমাদের বহুসংখ্যক লেখক পাশ্চাত্য পণ্ডিতদের প্রদর্শিত পথে কাজ করিতেছেন। ইহাদেরই চেষ্টার ফলে হিন্দু-সভ্যতার স্বরূপ নির্ণয় ভবিষ্যতে সম্পা-

দিত হইবে, আমরা আশা করিয়া থাকি। যে নগরীতে এই সমবেত বুধমণ্ডলী উপস্থিত হইয়াছেন, তাহা বিশেষভাবে মুসলমান গৌরব ও কীর্ত্তি ঘোষণা করিতেছে। কিন্তু ঢাকায় একখানি ইতিহাসও মুসলমান লেখক কর্ত্তৃক বিরচিত হইয়াছে বলিয়া আমার জানা নাই। পণ্ডিত প্রবর মৌলবী সৈয়দ আওলাদ হোসেন খান বাহাদুর যে সকল তথ্যের উদ্ধার করিতেছেন তাহা আমাদের বিশেষ আশা ভরসার স্থল, একথা এখানে বলা কর্ত্তব্য।

শুনিয়াছি হিন্দু মুসলমানে বিদ্বেষ আছে; আমি কিন্তু আমার জীবনে তাহার কোন পরিচয় পাই নাই। আমি জানি আমাদের গ্রামের মুসলমান কৃষক আবদুল শুধু আমাকে দেখিবার জন্য ত্রিপুরা গিয়াছিল। তাহার বাড়ী সুয়াপুর হইতে ত্রিপুরা কতদূর! সে আমার লিখিত বহি পড়ে নাই, সে একান্ত নিরক্ষর, কিন্তু সেই গ্রাম্য জীবনের স্নেহের ডোর, যাহার মত কোমল অথচ কঠিন বন্ধন আর কিছু আছে বলিয়া আমার জানা নাই, সেই বন্ধনে সে আকৃষ্ট হইয়াছিল। মুসলমানগণের মধ্যে আমার অনেক অন্তরঙ্গ বন্ধু আছেন, যাঁহারা আমার সহোদরের ন্যায়। হিন্দু, মুসলমানের জলপান করেন না, এজন্য ত কখন তাঁহারা আমাদের পর ছিলেন না। মুসলমানের দরগায় সিন্নি দেওয়ার জন্য কোন হিন্দু নিগৃহীত হন নাই। তবে এই অশ্রুতপূর্ব্ব বিদ্বেষের সৃষ্টি কেন হইল? ইহার একমাত্র কারণ, আমাদের পল্লীগ্রামের ডুরি ছিঁড়িয়া গিয়াছে। তাই শুধু মুসলমান হিন্দুতে নহে, ব্রাহ্মণেও অপরাপর জাতিতে বিদ্বেষ ধূমায়িত হইয়া উঠিয়াছে। এখন ত্যাগের স্থলে ভোগ আসিয়াছে—পরসেবার স্থলে আত্মসেবার বাহুল্য হইয়াছে; সমাজের হিতের পরিবর্ত্তে লোকে স্বীয় প্রতিষ্ঠার সিঁড়ি প্রস্তুত করিতে ব্যস্ত। এমন দুর্দ্দিনে মুসলমান হিন্দু এবং হিন্দুর মধ্যে সহস্র প্রকার জাতি পরস্পরের প্রতি বিদ্বেষের তীক্ষ্ণ অস্ত্র শাণিত করিতেছে। ইহা ভারতবর্ষের মৃত্যুবাণ হইবে। এই বঙ্গদেশে গঙ্গা শতমুখী, ইহা অশ্রুরদেশ, এখানে তেজ ও বিক্রমের বাড়াবাড়ি হইলে ভাব্রুরাজ্যে অনাবৃষ্টি হইবে; আমরা সকলে শুকাইয়া মরিব। এই প্রীতির বসরা হইতে সৌহার্দ্দের গোলাপ ছিঁড়িয়া ফেলিলে ইহা সাহারার অগ্নিবালিতে পরিণত হইবে।

মূলতঃ মুসলমানের সঙ্গে হিন্দুর কলহের কোন কারণ নাই। ইরাণ তুরাণ হইতে কতজন মুসলমান এদেশে আসিয়াছিলেন? এদেশের অধিকাংশ মুসলমানই আমাদের স্বগণ—আমাদের জ্ঞাতি। আমাদের এই উভয়জাতির পূর্ব্বপুরুষগণ হয় ত অনেক সময় একসঙ্গে দাঁড়াইয়া বিজয়ী পাঠান সৈন্যের পথ অবরোধ পূর্ব্বক হিন্দুমন্দির রক্ষা করিবার সঙ্কল্পে প্রাণ ত্যাগ করিয়াছিলেন। এককালে আমাদের শুধু একই ধর্ম্ম ছিল, এমন নহে, অনেক স্থানে আমাদের ধমনীতে একই রক্ত প্রবাহিত হইতেছে। ধর্ম্ম সম্বন্ধেও এখনকার কালে কোন বিরোধ নাই, আমাদের মধ্যেও এখন বহুসংখ্যক লোক একেশ্বরবাদী; বিশেষ কোন বৃহৎ বিটপী যেরূপ নানাদিগ্‌দেশাগত পক্ষিবৃন্দকে আশ্রয় দিয়া থাকে, এদেশও সেইরূপ আমাদের বিভিন্ন ধর্ম্মাবলম্বীর আশ্রয়মহীরুহস্বরূপ। এই যুগ ধর্ম্মকলহের যুগ নহে—ইহা পরস্পরের প্রতি প্রীতিশ্রদ্ধা শিখাইবার ও শিখিবার যুগ।

পূর্ব্ববঙ্গের বিস্তর হস্তলিখিত পুঁথির সন্ধান আমরা পাইয়াছি। বড়ই দুঃখের বিষয়, যাঁহারা এদেশের খুব উচ্চ অঙ্গের কবি, তাঁহাদের রচিত কাব্যগুলির ও অধিকাংশ আজ পর্য্যন্ত হস্তলিখিত পুঁথির আকারে রহিয়া গিয়াছে। আলাওলের পদ্মাবৎখানি এ পর্য্যন্ত বঙ্গীয় সাহিত্য পরিষদ মুদ্রিত করিলেন না। যাঁহারা বাঙ্গালা ভাষায় প্রচুর সংস্কৃত শব্দসম্পদ্ আনয়ন করিয়াছেন, আলাওল তাঁহাদের অগ্রণী। যে দেশের সামান্য কৃষকশ্রেণীর মুসলমানগণ আড়াইশত বৎসর যাবৎ আলাওলের সুগভীর সংস্কৃতাত্মক কাব্য রক্ষা করিয়াছেন, সে দেশে সংস্কৃত চর্চ্চা কতটা প্রভাব বিস্তার করিয়াছিল, তাহা আপনারা কল্পনা করিতে পারেন। আলাওল তাঁহার কাব্যের মধ্যে মধ্যে সংস্কৃত স্তোত্র উদ্ধৃত

করিয়াছেন, পিঙ্গলাচার্য্যের ছন্দঃ শাস্ত্র লইয়া সূক্ষ্ম বিচার করিয়াছেন এবং "প্রফুল্লিত কুসুম, মধুব্রতঝঙ্কৃত, হুহুত পরভৃত কুঞ্জে রত রাসে। মলয়সমীর সুসৌরভ সুশীতল, বিলোলিত পতি অতিরস ভাবে। প্রফুল্লিত বনস্পতি, কুটিলতমালদ্রুম, মুকুলিত চুতলতা কোরকজালে। যুবজনহৃদ আনন্দে পরিপুরিত রসমল্লিকামালতীমালে।"—প্রভৃতি সুচ্ছন্দ কবিতা লিখিয়াছেন। ইঁহার বাড়ী ছিল ফতেয়াবাদ; ইনি আড়াইশত বৎসর পূর্ব্বে চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশে বাস করিয়া এই কাব্যগুলি লিখিয়াছিলেন। ইনি আপনাদের উপেক্ষিত। আলোওল হইতে প্রাচীনতর কবি সঞ্জয় ও পরমেশ্বর কবীন্দ্র। রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর মহাশয় সঞ্জয়কৃত মহাভারতের কিয়দংশ মুদ্রিত করিয়াছিলেন। এই মহাভারত খানি বঙ্গীয় মহাভারতগুলির মধ্যে সর্ব্বাপেক্ষা প্রাচীন। এখন পর্য্যন্ত আপনারা তাহা মুদ্রিত করেন নাই। সঞ্জয়কৃত মহাভারতের অন্তর্ব্বর্ত্তী রাজেন্দ্র দাসের শকুন্তলার উপাখ্যান সে কালের কাব্যের মধ্যে খুব উচ্চ আসন পাইবার যোগ্য,—উহা বহুকারুরচিত ভগ্ন দেবালয়ের প্রস্তরচুড়ের মত অনাদৃত হইয়া আছে। বলা বাহুল্য রাজেন্দ্র দাস পূর্ব্ববঙ্গের কবি। সঞ্জয় ও রাজেন্দ্র দাসের কাব্য আপনারা কীটের মুখে ছাড়িয়া দিয়া বসিয়া আছেন; উহা শীঘ্রই অগ্নিদেব কিংবা বরুণ আহুতিস্বরূপ গ্রহণ করিবেন, নতুবা কীটগণ তাহাদের খাদ্য চিনিয়া লইবে; বঙ্গীয় মহাভারতের সর্ব্বাপেক্ষা প্রাচীন নিদর্শন এই ভাবে লুপ্ত হইবে। তাহার পর কবীন্দ্র পরমেশ্বর,—যাঁহার কবিত্বচ্ছটা চট্টগ্রাম হইতে রাঢ়দেশ পর্য্যন্ত পূর্ব্ব ও পশ্চিমবঙ্গের সর্ব্বস্থান একদা উজ্জ্বল করিয়াছিল—যিনি হুসেন সাহের প্রধান সেনাপতি পরাগল খাঁর সভাকবি ছিলেন, তাঁহার রচনা বিকৃতভাবে কোথায় কিভাবে ছাপা হইয়াছে, আপনারা তাহার কোন খোঁজই রাখেন না। আপনারা আপনাদের দেশের একজন বড় কবির মর্য্যাদা এইভাবে রক্ষা করিতেছেন। সুখের বিষয় দ্বিজবংশীর পদ্মপুরাণ হাইকোর্টের উকিল সুপ্রসিদ্ধ দ্বারকানাথ চক্রবর্ত্তী মহাশয়ের চেষ্টা ও ব্যয়ে মুদ্রিত হইয়াছে; কিন্তু দ্বিজবংশীর প্রতিভাময়ী কন্যা চন্দ্রাবতীর খোঁজ আপনারা রাখেন কি? চন্দ্রাবতীর কাব্যে শোক ও চিরবিরহের অশ্রু মথিত হইয়া রহিয়াছে। তাঁহার জীবনে প্রেমের অপূর্ব্ব প্রতিঘাতে যে কবিত্ব নিঃসারিত হইয়াছিলেন, তাহা বঙ্গসাহিত্যের অমৃত। চন্দ্রাবতীর রামায়ণের মত সুন্দর রামায়ণ বাঙ্গালায় হয় নাই। চন্দ্রাবতীর 'কেনারাম দস্যুর উপাখ্যানটি ভক্তি ও প্রেমের নির্ম্মল অশ্রুস্বরূপ, এরূপ স্নেহাসারে সিক্ত করুণ রস বাঙ্গালার অতি অল্প কাব্যেই আছে। আপনারা চন্দ্রাবতীকেও ভুলিয়া রহিয়াছেন! ইনি চারিশত বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিলেন। বিজয় গুপ্তের পদ্মপুরাণ বরিশাল হইতে মুদ্রিত হইয়াছে; কিন্তু নারায়ণদেবের আপনারা কি গতি করিয়াছেন?

ঢাকার সাহিত্য পরিষদ "শ্যামদাসের মীনচেতন" প্রকাশ করিতেছেন। কিন্তু শ্যামদাসের নাম জাল, এই কাব্যের রচয়িতা ফতেজুল্লা চট্টগ্রামবাসী। কাব্যের নামও 'মীনচেতন' নহে, ইহার নাম 'গোরক্ষ বিজয়'। গোরক্ষনাথ কালীঘাটের কালীর প্রতিষ্ঠাতা। ইঁহার ন্যায় ইন্দ্রিয়বিজয়ী গুরুভক্ত সন্ন্যাসী জগতে অতি অল্পই দৃষ্ট হয়। গোরক্ষবিজয় খুব প্রাচীন গ্রন্থ; ইহা কত প্রাচীন ঠিক বলিতে পারি না, সম্ভবতঃ ইহার মূল অংশ মুসলমানবিজয়ের পূর্ব্বে গাথার আকারে প্রচারিত ছিল, পাঁচ ছয়শত বৎসর পূর্ব্বে ফতেজুল্লা নামক মুসলমান কবি ইহা বর্ত্তমান আকারে লিপিবদ্ধ করেন। এই কাব্যে দুই একটি স্থানে রুচি-বিগর্হিত কথা আছে; অত প্রাচীন জিনিষে এমন কিছু অবশ্যই থাকা স্বাভাবিক যাহা আধুনিক রুচির সঙ্গে রেখায় রেখায় মিল পড়ে না। কিন্তু এই কাব্যে ইন্দ্রিয়বিজয়ের যে উচ্চ আদর্শ আছে, গুরুভক্তির যেরূপ পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়াছে, কবিত্বের যেরূপ সহজ সুন্দর মন্দাকিনীধারা প্রবাহিত হইয়াছে, তাহাতে বঙ্গভাষায় আদি স্থানটি গোমুখীর ন্যায় তীর্থক্ষেত্র বলিয়াই অনুমিত হইতে পারে। বটতলা পশ্চিমবঙ্গের কবিগণকে জীর্ণবাস পরাইয়া লোকসমাজে আনিয়াছেন,

আমাদের পূর্ববঙ্গের কবিগণের পক্ষে সেরূপ সামান্য পরিধানও জোটে নাই। পূর্ববঙ্গের অন্যতম আদি কবি হরি দত্ত প্রায় ছয় শত বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিলেন। তাহার কাব্য এখন দুষ্প্রাপ্য হইয়া পড়িয়াছে। ইঁহারা ত বহুদিনের প্রাচীন লেখক। অপেক্ষাকৃত আধুনিক কালের বঙ্গীয় কবিগণের মধ্যে জপ্‌সা নিবাসী জয়নারায়ণও তাঁহার ভগিনী আনন্দময়ী সর্ব্বশ্রেষ্ঠ; ইঁহারা ভারতচন্দ্রের সমসাময়িক এবং উক্ত কবির সঙ্গে এক পঙ্‌ক্তিতে বসিবার যোগ্য। আনন্দময়ীর সংস্কৃতাত্মক বাঙ্গালা কবিতা শৈলশৃঙ্গের মত কঠিন ও বিস্ময়োদ্দীপক, জয়নারায়ণের কবিতা শৈলনিঃসৃত নির্ঝরের ন্যায় কোমল ও লীলামুখর। দৃষ্টান্ত রূপে আনন্দময়ীর কবিতার কিয়দংশে উদ্ধৃত করিবার লোভ সংবরণ করিতে পারিলাম না ঃ—

"হের চৌদিকে কামিনী লক্ষে লক্ষে।
সমক্ষে পরোক্ষে, গবাক্ষে, কটাক্ষে, ॥
কতি প্রৌঢ়ারূপা ওরূপে মজন্তি।
হসন্তি, স্খলন্তি, দ্রবন্তি, পতন্তি ॥
কোন কামিনী কুণ্ডলে গণ্ডঘৃষ্টা।
প্রহৃষ্টা, সচেষ্টা, কেহ ওষ্ঠদষ্টা ॥
কারো ব্যস্ত বেণী নাহি বাস বক্ষে।
কারো হারকুর্পাস বিত্রস্ত কক্ষে ॥
গলদ্‌রাগিনী কেউ মাতিয়া অনঙ্গে।
গলদ্ভূষণা কেহ নাহি বাস অঙ্গে ॥
দেখি সুনেত্রাকে কেহ, কেহ চন্দ্রভাগে।
করে সেক তোয়ে সবে সাবধানে ॥
সুহস্তে ঢালিছে সর্ব্ব বারি অঙ্গে।
ঝণত্‌ ঝণত্‌ গলত্‌ গলত্‌ পড়ে নীর অঙ্গে ॥
সখী চন্দ্রভাগে বলে চাতুরীতে।
এ রত্নের মালা কাকের গলাতে ॥"

জয়নারায়ণের রচিত বহু কাব্য আছে, এখনও সেগুলি উদ্ধার করা যাইতে পারে; কিন্তু আর দশ বৎসর পরে ইঁহাদের কীর্ত্তিকলাপ আর কিছুই থাকিবে না। ঐতিহাসিক শ্রীযুক্ত আনন্দনাথ রায় মহাশয়ের নিকট আনন্দময়ী ও জয়নারায়ণের রচিত দুইখানি কাব্য আছে; যদি এই দুইখানি পুঁথি নষ্ট হয়, তাহা হইলে এই দুই প্রতিভাবান। কবির কীর্ত্তির মঠ হয়ত সত্য সত্যই ভাঙ্গিয়া পড়িবে। উক্ত দুই কবি রাজা রাজবল্লভের জ্ঞাতি ও তাঁহার সমসাময়িক। রাজবল্লভের কীর্ত্তি পূর্ববঙ্গে স্থান পায় নাই; পদ্মার গর্ভে তাহা বিলীন হইয়াছে। আর তাঁহার জ্ঞাতিদের কবিত্বকীর্ত্তি —যে কীর্ত্তি কাল ধ্বংস করিতে পারে না, যাহা প্রস্তর হইতে দীর্ঘায়ুঃ বলিয়া বিশ্বাস ছিল,—সেই কীর্ত্তিরাশি ধীরে ধীরে আপনাদের বিস্মৃতি-পদ্মা গ্রাস করিতেছে। এই পরিবার বড় দুর্ভাগ্য। ইঁহারা সমস্ত রাজসম্পত্তি ও ইঁহাদের অপূর্ব্ব কবিত্বফল বঙ্গদেশে বিলাইয়া দিয়াও এদেশে কোন চিরস্থায়ী চিহ্ন রাখিতে পারিলেন না। ঢাকার সাহিত্য-সেবকগণ কি পূর্ব্ববঙ্গের সাহিত্য সম্পদ্‌ রক্ষা করিতে চেষ্টিত হইবেন না? যাঁহারা এই সহরে বড় বড় ইমারৎ প্রস্তুত করিয়া স্বীয় যশের প্রতিষ্ঠা করিতেছেন, তাঁহাদের নিকট আমার এই বিনীত অনুরোধ পূর্ব্ববঙ্গের প্রাচীন সাহিত্য উদ্ধার করিয়া তাঁহারা কীর্ত্তিমান্‌ হউন। ইতিহাস একথা প্রমাণিত করিয়াছে যে, যে সকল ধনাঢ্য ব্যক্তিগণ কবিদিগকে সাহায্য করেন, তাহারাও কবিদের তপস্যার ফলে অমরত্ব প্রাপ্ত হন। আসন্ন শরৎকালে আপনারা যেরূপ পল্লীতে পল্লীতে রাশি রাশি সিউলি ফুল পাইবেন, সেইরূপ এককালে অসংখ্য কবির গান পাইয়াছিলেন, তাহা এখন হারাইয়া ফেলিয়াছেন। একবার পল্লী খুঁজিয়া সেগুলি উদ্ধার করার কি উপায় নাই?

আমি আর আপনাদিগের ধৈর্য্যের পরীক্ষা করিতে চাহি না। এই সভা রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর দ্বারা প্রতিষ্ঠিত। এখনও আমার কর্ণে তাঁহার অশ্রুতপূর্ব্ব বাগ্মিতার রেষ বিজয় দুন্দুভির মত বাজিতেছে। সব্যসাচী গাণ্ডীব ধারণ করিয়া রণক্ষেত্রে দাঁড়াইলে তাঁহাকে যেরূপ দেখাইত, রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর সভায় দাঁড়াইলে তাঁহাকেও সেইরূপ দেখাইত। তাঁহার কবিত্ব ও তেজোদৃপ্ত ভাষা নারদের বীণার মত বাজিয়া

। আজ তাঁহার আসন শূন্য। এবং ইহা হইতে আশ্চর্য্যের বিষয় আর কি হইতে পারে যে আমার মত নগণ্য ব্যক্তিকে আপনারা তাঁহার আসনে বসাইয়াছেন। মন্দির ভাঙ্গিয়া গেলে বিগ্রহের সিংহাসনে যে সে বিচরণ করে, সুতরাং আশ্চর্য্যই বা কি? কিন্তু বিশেষ গৌরবের বিষয় এই যে আমাদের সর্ব্বজন প্রিয় গভর্ণর লর্ড কারমাইকেল বাহাদুর এই সাহিত্য-সমাজের পৃষ্ঠপোষক, তাঁহার নাম সংযোগে ইহা উজ্জল হইয়া রহিয়াছে।

হে স্বদেশবাসী মহোদয়গণ! আপনাদিগকে দেখিয়া আমি ধন্য ও পবিত্র হইলাম। বিনীতভাবে আপনাদিগের সৌহার্দ্দ ও প্রীতি ভিক্ষা করিতেছি। আমার এই অভিভাষণে যে সকল ত্রুটী বা হীনতা আছে, তাহা ক্ষমার চক্ষে দেখিবেন। আমি বহুদিন পরে দেশে আসিয়া আপনাদের স্নেহামৃতে অভিষিক্ত হইতে চাহিতেছি। সেই অমূল্য দান হইতে যেন বঞ্চিত না হই।

উপসংহারকালে আমি ভগবানের নিকট আমাদিগের রাজা ও তাঁহার বৃহৎ সাম্রাজ্যের ইষ্টকামনা জানাইতেছি। আমাদের দেশ এই বৃহৎ সাম্রাজ্যের অংশ; এখন আমাদের সকলেরই আপৎকাল। এখন কায়মনোবাক্যে আমাদের রাজার শ্রেয়ঃ সঙ্কল্প করিবার সময়। দুর্দ্দিন চিরদিন থাকেনা, এমন যে ভাদ্রমাসের ঘনীভূত মেঘ তাহাও কাটিয়া যায়, এবং মুক্ত রবি কিরণে বিশ্ব প্রফুল্ল হইয়া উঠে। আমাদের রাজার ও রাজ্যের বিপদ্‌ও সেইরূপ বেশীদিন থাকিবে না। কিন্তু আপৎকালের বন্ধুত্ব ও সহায়তার কথা চিরদিন মনে থাকে। দুর্দ্দিনের অবসানে যেন উদাসীনতা বা শিথিলতার জন্য আমাদের লজ্জিত না হইতে হয়। যাহারা কায়িক শক্তি বা অর্থ-সহায়তা লইয়া অগ্রসর হইতেছেন, একাজ শুধু তাহা-দিগেরই নহে। আমরা সকলে মিলিত হইয়া যদি রাজার মঙ্গলের জন্য ভগবানকে ডাকি, তবে সেই অকপট প্রার্থনায় তাঁহার আসন টলিতে পারে; একদা ইংলণ্ডের লোক এইরূপ প্রার্থনার বলে আরমেডার ন্যায় বৃহৎ বিপৎকেও বিনা রক্তপাতে ধূলিকণার ন্যায় উড়াইয়া দিয়াছিল।

শ্রীদীনেশচন্দ্র সেন।

উদ্বোধন

(পূর্ব্ববঙ্গ সাহিত্য-সমাজের বার্ষিক অধিবেশনে পঠিত)

যাঁহার গোপন বীণা ছন্দে ছন্দে নিখিলের মাঝে
বাজিছে মধুর,
যাঁহার নয়নবিভা জাগে সদা নভোনীলিমায়
স্নেহে ভরপুর,
যাঁর প্রেম-আকর্ষণ অণু মাঝে পরমাণুরাশি
করেছে বিলীন,
নিখিল বরণমাঝে বর্ণাতীত রূপরাশি যাঁর
রাজে চিরদিন,
হিয়ার কম্পনে যাঁর আনন্দে অধীর ধরাতল
কাঁপে থর থর,
করুণার মন্দাকিনী প্লাবনে ভাসায়ে দিল
বিশ্ব চরাচর,
বিকশিত কুসুমের পরিপূর্ণ মর্ম্মকোষে যাঁর
প্রাণের বিকাশ,
সীমায় অসীমরূপে কায়ামাঝে ছায়ায় যাঁহার
গোপন আভাষ,
ছন্দাতীত ছন্দঃ যিনি, নিখিলের চিদানন্দ রূপ
অনাদি অপার,
আজি এ সভার শিরে ঝর ঝর পড়ুক ঝরিয়া
আশিষ তাঁহার।

স্বাগত স্বাগত আজি হে সাধক! হে মহা ঋত্বিক্!
সুধী গরীয়ান্!
স্বাগত মন্দির মাঝে বঙ্গবাণী জননীর যত
ভকত সন্তান!
আজি যে এসেছ সবে প্রাচীনা এ নগরীর নব
দেউল মাঝার,
পরিপূর্ণ নত প্রাণে হৃদয়ের পর্ণপুটে ভরি
কুসুম সম্ভার,—
এসেছ ছুটিয়া সবে বঙ্গভাষা জননীর হেথা
পূজিতে চরণ,
জানিনা কি দিয়া আজি হৃদয়ের অন্তঃপুরে সবে
করিব বরণ।

স্মৃতির শ্মশান এই গৌরবের পুণ্যপীঠভূমে
এস এস আজ!
অতীতের কত কথা আজো বুঝি আছে লুকাইয়া
এরি ধূলি মাঝ;
নহে শুধু রাজধানী অতীতের ইতিহাসে গড়া,—
এযে তীর্থ ধাম,
সাহিত্যের তপোবন, ঋষির উদাত্তবাণী যেথা
বাজে অবিরাম।—
আজি শুধু জাগে মনে কবে কোন্ উষার আলোকে
ফুলের মতন,
বিহঙ্গের কলকণ্ঠে বঙ্গের নবীন ভাষা ধীরে
মেলিল নয়ন;
উঠিল মঙ্গলগান জাহ্নবীর পুণ্যতটভাগে
পুলক অধীর,
কল্লোল জাগিল ধীরে বুড়ীগঙ্গা-লহরী-লীলায়
উদার গভীর;—
নাহি সে সাধক আজ, শূন্য তাই বঙ্গভারতীর
কনক মন্দির,
মূক সে বাঁশরীরব, নীরব পূরব আজি তাই,
চোখে বহে নীর;
বাণীর দেউল এই—এযে তাঁরি শুভাশীষ মাগে
লভেছে জনম,
আজিকে তাঁহারি লাগি' বেদনিয়া উঠিছে পরাণ,
ঝরিছে নয়ন।

স্বাগত স্বাগত সবে, এই মহাতীর্থ ভূমি মাঝে
এস তবে আজ,
আনন্দ বহায়ে দিক্ শুভ এই আনন্দ-উৎসব
হৃদয়ের মাঝ।
যাঁহার কল্যাণকর জাগে বিশ্বে সর্ব্বসাধনায়
নিত্য অবিরাম,
আজি এ সভার মাঝে তাঁহারি চরণতলে যাক্
সবার প্রণাম।

শ্রীপরিমলকুমার ঘোষ।

ভাষার আকার ও বিকার।

বাঙ্গলা ভাষা—কোনটা তার ঠিক আকার কোনটা বা তার বিকার, কোনটা সাধু কোনটা অসাধু, কোনটা শিষ্ট কোনটা বা অশিষ্ট, এই কথা লইয়া বহুদিন হইল আলোচনা হইতেছে।

বিদ্যাসাগর মহাশয় যখন বাঙ্গলা বই লিখিতে আরম্ভ করেন তখন পণ্ডিত সমাজে একথাটা উঠিয়াছিল—কথা হইয়াছিল যে বিদ্যাসাগরী ভাষাটা ঠিক খাঁটি সংস্কৃত নয়, আর একটু সহজ ও সরল। বিদ্যাসাগরী ভাষা!—তার সম্বন্ধেও এই কথা! কিন্তু ব্যাপারটা খুব ঘোরাল হইয়া উঠিল যখন টেকচাঁদ ঠাকুর তুলিলেন এই ভাষার বিরুদ্ধে বিদ্রোহের ধ্বজা। তিনি সংস্কৃত একেবারে বর্জ্জন করিয়া ঠিক রোজ যে সব কথা ব্যবহার হয় সেই কথায় তাঁর "আলালের ঘরের দুলাল" রচনা করিলেন। তখন বিদ্যাসাগরী ও টেকচাঁদী দলে ঠোকাঠুকী লাগিয়া গেল, কেহ বলিল বিদ্যাসাগরের ভাষা সংস্কৃতের পোষ্যপুত্র, উহা বাঙ্গলা নহে—কেহ বলিল, ভাল বাঙ্গলার আদর্শ বিদ্যাসাগরী ভাষা, টেকচাঁদী ভাষা ছেবলার ভাষা, এভাষার লেখা বইয়ের এমন একটা ভঙ্গী আছে যাতে পিতা পুত্রে একসঙ্গে বসিয়া ইহা পড়িতে পারে না, যদিও ইহার বিষয় কিছুই দোষের না হউক।

এই আন্দোলন যখন চলিতেছে তখন বঙ্কিমচন্দ্র সাহিত্যে তাঁহার উচ্চাসন বেশ গুছাইয়া লইয়াছেন। যদিচ তিনি দুর্গেশনন্দিনীতে বেশ একটু সংস্কৃত ঘেঁসিয়াই লিখিতে আরম্ভ করিয়াছিলেন, এমন কি নায়ক নায়িকার প্রেমসম্ভাষণে বা ঠাট্টা তামাসাতেও যথেষ্ট সংস্কৃত ও সমাসযুক্ত শব্দ চালাইয়াছিলেন, তবু তিনি শীঘ্রই তাঁহার আপনার ভাষা—যে ভাষায় তাঁর নিজের ব্যক্তিত্ব বেশ করিয়া ফুটিয়া উঠিতে পারে সেই ভাষা—পাইয়াছিলেন। সেই ভাষায় তিনি রামগতি ন্যায়রত্ন মহাশয়ের টেকচাঁদী ভাষার সমালোচনার যে শক্ত উত্তর দিয়াছিলেন তাহা আপনারা বোধ হয় সকলেই জানেন।

তার পর এক শ্রেণীর লেখক দাঁড়াইলেন যাঁহারা বুঝিবা টেকচাঁদকেও ছাড়াইয়া গেলেন—রবীন্দ্রনাথের প্রথম বয়সে তাঁর এই ভাব ছিল। শ্রীশচন্দ্র মজুমদার লিখিয়াছেন যে তিনি ও রবীন্দ্রনাথ একখানা সংগ্রহ-পুস্তক বাহির করেন, তা'র ভূমিকায় লিখিয়াছিলেন—

"শ্রীকৃষ্ণের এই ছেলেমো ঢল ঢল কান্তি"। কথাটা শুনিয়া বঙ্কিমবাবু—যিনি টেকচাঁদীর পক্ষে উকীল হইয়াছিলেন—চটিয়া উঠিলেন—এবং তাঁর কথায় "ছেলেমো" কাটিয়া "বালসুলভ" করা হইল।

রবীন্দ্রনাথের ভাষার মধ্যে নানাস্তরে নানাভঙ্গী আছে, সংস্কৃতের শব্দসম্ভার, বাঙ্গলার শব্দের ইঙ্গিত, সমস্তই তিনি অত্যন্ত দক্ষতার সহিত ব্যবহার করিয়া এক এক যুগে এক এক ভঙ্গীতে লিখিয়াও আগাগোড়া ভাষার ভিতর এমন একটা জোর, এমন একটা প্রাণ ও একটা বৈচিত্র্য ঢুকাইয়া দিয়াছেন যাহা তাঁহার পূর্ব্বের কোনও লেখকের ভিতরই ছিল না। ইদানীং রবিবাবু তাঁর মধ্য যুগের সংস্কৃতবহুল ভাষা ছাড়িয়া আবার খাঁটি বাঙ্গলার দিকে বেশী ঝুঁকিয়া পড়িয়াছেন। সঙ্গে সঙ্গে এক দল লেখক, যাঁদের শক্তি বা প্রতিভা রবির মত দ্যুতিমান না হ'লেও বেশ স্পষ্ট ভাবে অনুভব করা যায়, তাঁরা রবিবাবুর হালের এই ভাষার ভঙ্গীটাকে আদর্শ করিয়া তাঁদের গুরুকেও এ বিষয়ে ছাড়াইয়া গিয়াছেন। সঙ্গে সঙ্গে বিরুদ্ধদলে একটা হৈচৈ পড়িয়া গিয়াছে।

চলিত ভাষা লিখিব না পোষাকী একটা ভাষায় ভাব প্রকাশ করিব এই কথা লইয়া বিদ্যাসাগরের যুগে যেমন আজও তেমনি দুই দলে বিরোধটা বেশ জমিয়া রহিয়াছে। অবশ্য যাঁরা পুরাতনের বা পোষাকী ভাষার পক্ষপাতী তাঁরাও চান না যে বিদ্যাসাগরী ভাষা আবার ফিরিয়া আসুক। এমন খুব কম লোকই এখন আছেন যাঁরা বিদ্যাসাগরের মত বা কালীপ্রসন্ন ঘোষের মত নির্ভেজ সংস্কৃতমূলক ভাষায় আগাগোড়া পুরা জোর রাখিয়া লিখিয়া যাইতে পারেন। আমার হয় তো এবিষয়ে বিবেচনাটা খুব পাকা না

হইতে পারে, কিন্তু মহারাজা জগদিন্দ্রনাথ ছাড়া আজ-কালকার লেখকদের মধ্যে সংস্কৃত-ঘেঁষা ভাষায় সমান জোর রাখিয়া কাহাকেও লিখিতে দেখিয়াছি বলিয়া মনে হয় না। তবু জগদিন্দ্রনাথের ভাষা, এমনকি কালীপ্রসন্ন ঘোষের ভাষা, বিদ্যাসাগর বা অক্ষয়কুমারের ভাষার চেয়ে অনেক কম সংস্কৃত-ঘেঁসা। আজ যদি কেহ বিদ্যাসাগরের মত সীতার বিলাপ লিখিতে বসেন তবে নূতনপন্থী ও পুরাতনপন্থী কেহই হাস্যসম্বরণ করিতে পারিবেন না। একটা দৃষ্টান্ত দেখাইবার লোভ সম্বরণ করিতে পারি না। এই সেদিন শ্রীযুক্ত যতীন্দ্রমোহন সিংহ মহাশয় চলতি ভাষার উকীলদের উপর যে আক্রমণ করিয়াছেন, তাহার ভাষার বিদ্যাসাগরী অপেক্ষা টেকচাঁদের ভাষার সঙ্গেই সাদৃশ্য বেশী। আজকালের পুরাতনপন্থীরা খুব বেশীদূর গেলে বঙ্কিমবাবুর ভাষা পর্য্যন্ত যাইতে চান—তাও হয়তো তাঁর দুর্গেশনন্দিনীর ভাষা তাঁহাদের পছন্দ হইবে না। নূতনপন্থীদের মধ্যে "সবুজপত্রে" আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত প্রমথ চৌধুরী মহাশয় যে ভাষার প্রচলন করিয়াছেন তাহার উপরই ইঁহাদের বেশী রাগ। তা'র বিশেষ কারণ বোধহয় এই যে তিনি কেবল কলিকাতার চলিত শব্দ ব্যবহার করেন না, সেই ভাষায় সুবন্ত তিঙন্ত এবং কৃৎতদ্ধিতও চালান।

এই আন্দোলন যাহা এখন আবার নূতন হইয়া খুব বেগে দেখা দিয়াছে তাহাতে আমি যোগ দিব একথা এতদিন ভাবি নাই, কারণ আমার বরাবরই বিশ্বাস যে ভাষার আকারটা কিরূপ হইবে সে বিষয়ে বাক্‌বিতণ্ডার মত এমন নিষ্ফল আলোচনা আর নাই। এপর্য্যন্ত কোনও প্রতিভাবান্ লেখক পরের বাঁধা ভাষার ভঙ্গী গ্রহণ করিয়া লিখিয়াছেন বলিয়া শোনা যায় না, সুতরাং আমরা মজলিস করিয়া বাক্‌বিতণ্ডা করিয়া যদি বা একটা ভাষার স্বরূপ বাঁধিয়া ঠিক করিয়া দিতে পারি, তার গণ্ডীর ভিতর আমরা প্রতিভাকে আটকাইয়া রাখিতে পারিব এরূপ আশা করা বড় স্পর্দ্ধার কথা। এই বিশ্বাসে আমি এপর্য্যন্ত এই নিষ্ফল আন্দোলনে যোগ দান করি নাই। অবশ্য তাহাতে যে আমাদের ভাষা বা সাময়িক সাহিত্য খুব বেশী দরিদ্র হইয়া পড়িয়াছে এমন না হইতে পারে। কিন্তু আমার মনে হয় যে উভয় পক্ষের উকীলের নিজ নিজ পক্ষসমর্থনের ব্যগ্রতায় কতকগুলি গোড়ার কথা হইতে সবার দৃষ্টি যেন কিছু সরিয়া গিয়াছে। সেই কয়টি কথা একটু আলোচনা করিবার জন্যই আজ আমি আপনাদের বিরক্ত করিতে সাহসী হইয়াছি।

সাহিত্য একটা আর্ট। সব আর্টের মত ইহারও ভিতর ও বাহির দুইটা দিক আছে। ভিতরের জিনিষটা হইল ভাব ও বাহিরের জিনিষটা তাহা প্রকাশের প্রণালী, তাহার technique. ভিতরের জিনিষটাই আর্টের প্রকৃত সম্পদ, কিন্তু সেটা যদি অতি নোংরাভাবে প্রকাশ করা যায় তবে সেটা লোকের মনের ভিতর পৌঁছায় না বলিয়াই technique এর যা কিছু সমাদর। মনে করুন একটি কবির মনে একটি সুন্দর ভাব ফুটিয়া উঠিয়াছে, তিনি যদি তুলি লইয়া সেই ভাবটি প্রকাশ করিবার চেষ্টায় কেবল কতকগুলা রং ছড়াইয়া যান, তবে তাঁর মনের ভাব তিনি অপরের মনে ঠিক পৌঁছাইতে পারিবেন না। অপর পক্ষে যদি সেই ভাব লইয়া একটি কৃতী শিল্পী নিপুণভাবে রঙের প্রয়োগ করিয়া একটি ছবি আঁকেন তবে তাহাতে ভাবটি এমন ভাবে ফুটিয়া উঠিবে যাহাতে তাহা একেবারে লোকের প্রাণের ভিতর প্রবেশ করিবে।

সুতরাং এই প্রকাশের ব্যাপারে বাহাদুরী না থাকিলে তুমি ভাবসম্পদে যত বড় ধনী হও না কেন সাহিত্যে তোমার স্থান নাই। কিন্তু সব জাতি যে কারণে ঠিক এক ভাষায় কথা বলে না, এক মূল ভাষা যে কারণে মুখে মুখে নানারূপ হইয়া যায়, ঠিক সেই কারণেই এই প্রকাশের প্রণালী সম্বন্ধে কোনও বাঁধা একটা মাণদণ্ড করা যায় না। একথা বলা চলে না যে ঠিক এমনি করিয়া প্রকাশ না করিলে তোমার ভাব বাজারে কাটিবে না। গোটা তিন চার মৌলিক রঙ লইয়া, তুলি টানিবার দুই চারটী ভিন্ন ভঙ্গিতে সব চিত্রকর কাজ

করেন, কিন্তু প্রতিভাবান চিত্রকর এমন কেহ হন নাই যাঁর technique ঠিক আর কোনও চিত্রকরের হুবহু নকল। ছবি আঁকার নানা প্রণালী, নানা school বা বিদ্যাবংশ জগতে দাঁড়াইয়া গিয়াছে, তাহার প্রত্যেকটির মূলে কোন ও মহাপ্রতিভাশালী চিত্রকরের কলা-বৈচিত্র্য, তাঁহার technique এর বিশেষত্ব। কিন্তু তাই বলিয়া Raphael এর প্রণালী ভাল আর Rembrandt এর প্রণালী ভাল নয়, Reynolds এর প্রণালী অনুসরণ যোগ্য, Turner এর চিত্র আদর্শ স্থানীয় হইতে পারে না এমন কথা বলা চলে না। Rembrandt যদি Raphael এর প্রণালীর নকল করিতেন তবে তাঁহার ছবি যাহা দাঁড়াইয়াছে তাহা অপেক্ষা ভাল হইত একথা বলা চলে না।

আসল কথা, প্রত্যেক কলাবিতের প্রণালী তাহার প্রতিভার ফল। প্রতিভাবান শিল্পীর বিশেষত্ব কেবল ভাবে নয় তাহার প্রকাশের প্রণালীতেও ফুটিয়া উঠিবেই। সেখানে যদি তাঁহার বিশেষত্বটাকে চাপিয়া রাখা যাইত তাহা হইলে তাঁহার প্রতিভার বিকাশ হইতে পারিত না। কেবল প্রতিভা-বৈচিত্র্য নয়, বিষয়-বৈচিত্র্যেও technique এর প্রভেদ হইতে বাধ্য। এক এক প্রণালীর এক একটা বিশেষত্ব আছে ও এক এক প্রকার ভাবপ্রকাশের পক্ষে বিশেষ উপযোগিতা আছে যাহা অপর প্রণালীতে কিছুতেই পাওয়া যায় না। Hogarth এর ব্যঙ্গচিত্র যদি Raphæl এর প্রণালীতে অঙ্কিত হইত তবে তাঁহার অপূর্ব্ব প্রতিভার প্রকাশতো হইতই না, তাঁহার রসিকতা একেবারে মাঠে মারা যাইত। ব্যঙ্গ-চিত্র Pen and Inkএ যতটা খোলে Oil Paintingএ তেমন খুলিতেই পারে না। তৈলচিত্রের ভিতরেও, রাফেলের বিষয়গুলির সঙ্গে তাঁহার পদ্ধতি যেমন খাপ খায় অন্য বিষয়ের সঙ্গে, তেমন খাপ খায় না। শান্ত-স্নিগ্ধ মাতৃমূর্ত্তি বা সেণ্ট সিসিলি বা স্বর্গের শিশুগায়কদের ছবি যেমন রাফেলের চিত্রকলায় খোলে ভাবের সংঘর্ষ-পূর্ণ ছবি সে প্রণালীতে তেমন খোলে না। তারপক্ষে বরং রেম্ব্রাণ্টের প্রণালী শ্রেষ্ঠ।

চিত্রকলা সম্বন্ধে যে কথা সাহিত্যের আর্ট সম্বন্ধে সে কথা ষোল আনা খাটে। একই সময় সেক্সপীয়ার ও Ben Jonson কবিতা লিখিয়াছেন, Bacon দর্শন ও ব্যবহার আলোচনা করিয়াছেন। তাঁহাদের সকলের ভাষা কি এক? এক সেক্সপীয়ারের ভিতরই ভিন্ন ভিন্ন স্থানে ভাষার ভঙ্গী ভিন্ন। Burkeএর বক্তৃতা ও প্রবন্ধ খুব ওজস্বী, Bright এর বক্তৃতার জোরও কম নহে; কিন্তু Burke কে যদি Bright এর ভঙ্গীতে বলিতে বাধ্য করা হইত কিম্বা Bright কে Burke এর ভাষায় কথা কহিতে হইত তবে কি বিসদৃশ ব্যাপার দাঁড়াইত! এ প্রভেদ যে কেবল ভাষার একটা ভঙ্গীতে তাহা নয়, প্রায়ই শব্দ চয়নের প্রভেদ হইতে এই প্রভেদ জন্মায়। Burke এর সবচেয়ে ভাল অংশ গুলিতে লাটিন গ্রীক কথার ছড়াছড়ি—Bright যেখানে খুব তেজের সহিত খুব অন্তঃস্পর্শী ভাষায় কথা কহিতেছেন সেখানে তাঁহার ভাষা প্রায় নির্ভেজ Anglo Saxon. Dickens চলতি ভাষা বা slang এর ব্যবহার করিয়া কথায় যে রকম জোর দিয়াছেন, তাঁহাদের যদি কেবল পুঁথির ভাষা ব্যবহার করিতে হইত তাহা হইলে সে জোর সে ভাষায় থাকিতে পারিত না। Samuel Weller কে যদি Dickens কেতাবী ভাষায় কথা বলাইতেন তবে Pickwick Papers এর অর্দ্ধেক সৌন্দর্য্য মাটি হইত। আর আজকালকার সবচেয়ে শক্তিবান্ বক্তা Lloyd George কে যদি নিয়ম বাঁধিয়া দেওয়া যাইত যে slang ব্যবহার করিতে পারিবে না তবে বোধ হয় তাঁহার শক্তির অর্দ্ধেকটা অপ্রকাশ থাকিত।

আজ কালকার ইংরাজী সাহিত্য ও ইংরাজী বক্তৃতা-গুলি পাঠ করিলে আমরা দেখিতে পাই যে ইহার মধ্যে এমন একটা নূতন ভঙ্গী আসিয়াছে, এমন একটা নূতন শক্তি জাগিয়া উঠিয়াছে যাহা সেকালে ছিল না। ইহা হইয়াছে চলতি ভাষাটা খুব বেশী পরিমাণে সাহিত্যের ভিতর আসিয়া পড়ায়। অনেকে মনে করেন ইহাতে ইংরাজী ভাষার অবনতি হইয়াছে—Classic ইংরাজী উঠিয়া গেল বলিয়া অনেকে দুঃখ

করেন। যাহা গিয়াছে তাহা যে মন্দ, তা'র যে কতকগুলি বিশেষ গুণ নাই এমন কথা কে বলিবে? কিন্তু যাহা নূতন হইয়াছে তাহারও গুণের দিকটা না দেখিলে চলিবে কেন? প্রকৃত প্রস্তাবে যে ভাষায় যার প্রতিভা পরিস্ফুট হয় সেইটাই তা'র ভাষা। সুতরাং ভাষাটা ভাল না মন্দ সে বিষয় বিচার করিতে হইলে দেখিতে হইবে দুইটি জিনিষ, প্রথম লেখকের প্রতিভা আছে কিনা এবং সে প্রতিভা তাঁহার ভাষায় ফুটিয়া উঠিয়াছে কিনা, কথাটি লেখক যে ভাবে লিখিয়াছেন তাহা তাঁহার ভাবের পরিপূর্ণ ব্যঞ্জক কিনা। তাহা ছাড়া আর একটা সাধারণ দিক দেখিবার আছে সেটা এই যে ভাষাটা আর্ট হিসাবে সুন্দর হইয়াছে কিনা—অর্থাৎ আমাদের সৌন্দর্য্যবুদ্ধির কাছে সেটা ভাল লাগে কিনা। এক হিসাবে ইহা পূর্ব্বের বিষয়টির আর একদিক মাত্র, কারণ আর্ট হিসাবে সুন্দর না হইলে ভাবের পূর্ণ ব্যঞ্জনা হইতে পারে না, আর ভাব যদি সম্পূর্ণরূপে ফুটিয়া উঠে তবে ভাষার কোনও কলাঘটিত ক্রটি থাকিতেই পারে না—তা' হউকনা সে ব্যঞ্জনা কলায় তখনকার প্রচলিত রীতির সম্পূর্ণ বিপরীত।

যদি কোনও লেখকের ভাষা এই ওজনে ঠিক দাঁড়াইয়া যায় তবে তাহাকে মন্দ বলিতে গেলে আমাদের সমালোচনা ঠিক দাঁড়াইবে না। তখন যদি আমরা খুঁটিয়া দেখিতে বসি যে লেখক কোন কথাটি কোন দেশ হইতে লইয়াছেন ভাষার কোন ভঙ্গীটী পূর্ব্ব বা পশ্চিম বা উত্তর বা দক্ষিণ হইতে গ্রহণ করিয়াছেন এবং তাহা লইয়া ভাষার গুণাগুণ বিচার করিতে বসি তবে আমাদের সমালোচকের মর্য্যাদা হারাইতে হইবে। কারণ একথা এখন না মানিয়া উপায় নাই যে শব্দের মধ্যে কুলীন অকুলীনে ভেদ নাই। শব্দ জগতে এমন কেহ অন্ত্যজ নাই যাহাকে আমরা গণ্ডী বাঁধিয়া সাহিত্য হইতে দূরে রাখিতে পারি। মানুষের ভাবসম্পদ নানাদিক দিয়া বাড়িয়া চলিতেছে, সাহিত্যের ভিতরে এবং সাহিত্যের বাহিরে নিয়তই একটা চেষ্টা চলিতেছে নূতন নূতন ভাব প্রকাশ করিবার বা পুরাতন ভাবের নূতন প্রকাশ বাহির করিবার। সেই চেষ্টার ফলে নূতন শব্দ বা শব্দ সমাসের সৃষ্টি হইতেছে, কতক বা সাহিত্যে কতক বা অসাহিত্যিক লোকের মুখে মুখে। এবং প্রায়ই এমন দেখা যায় যে লৌকিক শব্দের ভিতরে এমন একটি কথার সৃষ্টি হইয়াছে যাহাতে একটি ভাব যেমন সুন্দরভাবে প্রকাশিত হয় প্রচলিত সাহিত্যের কোনও শব্দ বা প্রবন্ধে তেমন সুন্দররূপে তাহা হয় না। আমরা যদি পণ করিয়া বসি যে সাহিত্যে যে শব্দ চলিয়া গিয়াছে তাহা ছাড়া বাহিরের কোনও শব্দ বা শব্দসমষ্টি, লৌকিক কোনও ধাতু বা নূতন কোনও প্রত্যয় গ্রহণ করিব না এবং কেহ গ্রহণ করিলে তাহাকে অপপাত্রিত করিব—এবং যদি আমরা এ পণ রক্ষা করিতে পারি তবে আমরা লাভ কি করিব জানি না, কিন্তু আমরা হারাইব অমূল্য সম্পদ—ভাষাকে সমৃদ্ধ করিবার একটা উৎকৃষ্ট উপায় অবহেলা করিব।

কোনও শব্দ বা শব্দ সমষ্টি বা কথা কহিবার কোনও ভঙ্গী আমরা সাহিত্যের কুলীন সমাজ হইতে বাহিরে রাখিব একথা বলা চলে না। সব কথাই সাহিত্যে চলিতে পারে, শুধু দেখিতে হইবে যে তাহা মানাইয়া চালান হইল কি না। ভাষার একটা প্রাণ আছে তা'র সঙ্গে সমীকৃত করিয়া যে শব্দ ব্যবহার করিব তাহাই সাহিত্যে চলিবে—ভাষার প্রাণের সঙ্গে মিলাইয়া না লাগাইতে পারিলে সে শব্দ খাপছাড়া হইয়া থাকিবে। তাহাতে ভাষা কদর্য্য হইবে। সুতরাং কথাটা বা কথার ভঙ্গীটা কোন দেশের তাহাতে কিছু আসে যায় না। দেখিতে হইবে যে তাহা মানানসই হইয়াছে কি না, তাহাতে ভাষার শক্তি বা সম্পদ বৃদ্ধি হইয়াছে কি না?

বাস্তবিক কোনও একটা তর্কের উত্তেজনায় ছাড়া আমরা ভাষা সমালোচনায় এ নিয়মের ব্যতিক্রম করি না। সবুজপত্রের সম্পাদককে বা রবীন্দ্র বাবুকে যাঁরা কলিকাতার কথা ব্যবহারের জন্য তিরস্কার করেন তাঁহারা রামপ্রসাদের গানের ভিতর কোনও ভাষার ক্রটি পাইয়াছেন বলিয়া প্রকাশ নাই। দ্বিজেন্দ্রলাল

রায়ের হাসির গান বাঙ্গালার সব প্রদেশের লোকের মুখে লাগিয়া আছে কিন্তু তা'র বার আনা খাঁটি কলিকাতার ভাষা। দীনবন্ধুর নাটক সম্বন্ধেও কেহ এ আপত্তি করেন না, বাউলের গান প্রভৃতি গ্রাম্য সঙ্গীতে ভাষার প্রাদেশিকতা সকলেই অনায়াসে হজম করিয়া থাকেন। সুতরাং কলিকাতার ভাষায় ব্যবহার হইয়াছে বা কোনও প্রাদেশিক ভাষার ভেজাল পড়িয়াছে বলিয়াই যে পুরাতন-পন্থীরা সব সময়েই ভাষায় দোষ ধরেন এ কথা সত্য নহে। কোনও একটা লেখার ভঙ্গী যদি আমাদের পছন্দ না হয় তবে অনেক সময় আমরা তার এটা সেটা লইয়া দোষ ধরি—বাস্তবিক যে দোষকে সব সময়েই আমরা দোষ বলিয়া মনে করি তাহা নাও হইতে পারে।

এখন একটা কথা উঠিয়াছে যে রবীন্দ্র বাবু যদি কলিকাতার ভাষা চালাইতে চান তবে আমরা কেন না ঢাকায় ভাষা চালাইব। রাজসাহীর লোক কেন না রাজসাহীর ভাষা চালাইবেন? আমি বলি কোনও বাধা নাই, যদি আমাদের সে শক্তি থাকে, যাহাতে ঢাকায় ভাষাকে ভাষার প্রাণের সঙ্গে মিলাইয়া দিতে পারি। রবি বাবু ইহা করিয়াছেন, তাঁহার দেশের ভাষা লইয়া—আমরা পারিব কি? যদি পারি, এবং যদি আমাদের লেখার মধ্যে সেই প্রতিভায় বিকাশ থাকে তবে সমস্ত বঙ্গবাসী আদর করিয়া আমাদের লেখা পড়িবে। Burns তাঁহার প্রাদেশিক ভাষায় যাহা লিখিয়াছেন সমস্ত ইংরেজ তাহাকে ইংরাজী ভাষায় মূল্যবান সম্পত্তি বলিয়া মনে করে। Scott এর গ্রন্থে Scotch ভাষার ছড়াছড়ি বলিয়া তাঁহার বই যে কোনও ইংরাজ তাহার শেলফ হইতে বাহির করিয়া দিয়াছে এরূপ শোনা যায় নাই। পুরাতন পন্থীর ইহাতে প্রথম আপত্তি, যে যদি সবাই তা'র নিজ নিজ প্রাদেশিক ভাষায় গ্রন্থ লিখিতে আরম্ভ করে তবে বাঙ্গলা ভাষা এক থাকিবে না বহু হইয়া যাইবে এবং আমরা পরস্পরের কথা বুঝিতে পারিব না। এটা বাড়াবাড়ী। প্রথম আমাদের মনে রাখিতে হইবে যে বাঙ্গলা ভাষার একটা প্রাণ আছে তার সঙ্গে সমীকরণ না হইলে কোনও কথা বা কোনও কথার ভঙ্গী সাহিত্য চলিবে না। সুতরাং যাহা কিছু লিখিলেই যে তাহা সাহিত্যে চলিয়া যাইবে এমন নহে। দ্বিতীয়তঃ কথিত ভাষা শুনিয়া সকলের সব দেশের কথা বুঝিতে পারা কঠিন হইলেও সেই ভাষাটা লেখা হইলে বোঝা তত কঠিন হইবে না। আর যদি কোনও প্রতিভাবান লেখকের লেখায় এমন কথা থাকে যাহা আমি জানি না, চেষ্টা করিয়া আমি সে কথা শিখিয়া লইব, যেমন আমরা সবাই অল্পবিস্তর চেষ্টা করিয়া স্কটের উপন্যাস পড়িবার জন্য ঝুড়ি ঝুড়ি স্কচ কথার মানে শিখিয়াছি।

ইঁহাদের দ্বিতীয় আপত্তি এই যে যদি কলিকাতার কথা দিয়াই ভাষার নমুনা ঠিক করিয়া দেওয়া হয় তবে পূর্ব্ববঙ্গের লোক আমরা বড় বিপদে পড়িব, কারণ, কলিকাতার ভাষা তো আমরা সম্পূর্ণ আয়ত্ত করিয়া উঠিতে পারি না। কিন্তু কলিকাতার চলতি কথায় আমাদের লিখিতেই হইবে এমন কথা কে কবে বলিয়াছে—যদি কেহ বলিয়া থাকে—এ বিবাদে সঙ্গত হউক অসঙ্গত হউক কি কথা যে না বলা হইয়াছে তাহার ঠিকানা নাই—যদি কেহ বলিয়া থাকে সেও সমান ভুল করিয়াছে। যে কেহ ভাষার একটা বাঁধা নমুনা ধরিয়া বলিতে যায় যে এমনটি না হইলে তোমার ভাষায় স্থান নাই সেই ভ্রান্ত। আমরা লিখিব বাঙ্গলা ভাষা, তা' এক একজনের লিখনভঙ্গী এক এক রকম হইবে বই কি? কেউবা শব্দ চয়ন করিব বেশীর ভাগ সংস্কৃত হইতে, কেউ বা যত্নের সহিত চয়ন করিব পূর্ব্ববঙ্গেরই ভাষা হইতে সেই শব্দ ও ভাষার ভঙ্গী যাহাতে ভাষার শক্তি বৃদ্ধি হয়। যদি আমার সে প্রতিভা থাকে তবে আমার শব্দবিন্যাস এরূপ হইবে যে তাহাতে ভাষার বিচিত্র শক্তি হয়, ভাষা আমার সমৃদ্ধ ভাবের যোগ্য বাহন হয়—তবে সেই ভাষার সৌষ্ঠব আদর করিয়া প্রশংসা করিবে সকল দেশের লোক।

রবীন্দ্র বাবু ও তাঁহার বর্ত্তমান পন্থা যাঁহারা অনুসরণ

করিতেছেন তাঁহারা ভাষার এই স্থায়ী উপকার করিতেছেন যে তাঁহারা কথিত ভাষার সম্পদ ও শক্তিতে সাহিত্যকে সমৃদ্ধ ও ওজস্বী করিয়া তুলিতেছেন।—এই যে ভাষার শক্তির একটা অপরিজ্ঞাত উৎস ইহা টেকচাঁদের পদাঙ্ক অনুসরণ করিয়া রবীন্দ্রনাথ আবিষ্কার করিয়াছেন এবং তাঁহার রচনার মুখে ইহার বিচিত্র লীলা দেখাইয়া তিনি আমাদের প্রশংসা আকর্ষণ করিতেছেন। আমরা দেখিতে পাইতেছি যে, চলতি ভাষায় এমন অনেক কথার ভঙ্গী আছে যার পূরা জোরটুকু সাধুভাষায় তরজমা করাই বলে না। "সাতাশ নম্বর মাখন বড়ালের গলিতে আর আমি ফিরছিনে,"—একথাটা সাধু ভাষায় ঠিক এই force রক্ষা করিয়া বলা যায় কি না জানি না। এখানে "ফিরছিনে" কথাটার ভিতর এমন একটা ঝোঁক আসিয়া পড়ে যার সম্পূর্ণ অর্থ "ফিরিতেছি না" "ফিরিব না" "কদাপি ফিরিব না" "কিছুতেই ফিরিব না" প্রভৃতি কোনও কথায় প্রকাশ হয় না।

রবীন্দ্রনাথের আজকালকার রচনা হইতে এমন শত শত দৃষ্টান্ত অনায়াসে দেখান যায় যাহাতে কথিত ভাষার এই শক্তি ফুটিয়া বাহির হয়। এইটাই আমাদের বিশেষ করিয়া ভাবিবার ও দেখিবার বিষয়; এই যে কথিত ভাষার শক্তি ইহা কেমন করিয়া সাহিত্যের ভিতর সুন্দরভাবে গ্রহণ করা যায় তাহা আমাদের বিশেষ অনুশীলনের বিষয়। রবীন্দ্রনাথ তাঁহার হালের রচনায় এই চলিত ভাষায় প্রয়োগের সুন্দর নমুনা দেখাইয়া দিয়া আমাদের এ নূতন পথে আলো দেখাইয়া চলিয়াছেন।

রবীন্দ্রবাবু শুধু ইহাই দেখাইয়াছেন যে কথিত ভাষার দ্বারা আমাদের ভাষা সমৃদ্ধ হইতে পারে এবং আমাদের ইহাকে সেই সম্পদ দিতে হইবে। তিনি একথা কোনও দিন বলেন নাই যে সে সম্পদ কেবল কলিকাতার কথায়ই আছে, আর, আমরা পারিনা পারি, কলিকাতার কথা আমাদের লিখিতেই হইবে! কথাটা এই যে কথিত ভাষাকে সাহিত্যের ভিতর টানিয়া আনিয়া ভাষার শক্তি, ও সৌষ্ঠব বাড়ান যায় কিনা। কোথাকার কথিত ভাষা সটা মোটেই ভাবিবার কথা নয়। শক্তি যে বাড়ে, সৌষ্ঠব যে পূর্ণাঙ্গ হইতে পারে, রবীন্দ্রনাথের রচনাই তাহার পরিচয়! শুধু কলিকাতার ভাষা বা চলতি ভাষার ব্যবহার হইয়াছে বলিয়াই যদি আমরা তাহার উপর চটিয়া না বসি তবে একথা অস্বীকার করিবার উপায় নাই। আমার প্রতিপাদ্যটা সংক্ষেপে এই যে ভাষার একটা কোনও বাঁধা নমুনা এবং শব্দের একটা নির্দ্দিষ্ট সমষ্টী লইয়া যে আমরা গণ্ডী বাঁধিয়া দিব ইহা হইতেই পারে না। যাহার শক্তি যে প্রণালীতে পরিস্ফুট হয় যে তাহার প্রতিভা যে উপায়ে ফুটাইয়া তুলিতে পারে সেই তাহার প্রণালী, সেই তাহার উপায়। সে যদি চলতি ভাষার আশ্রয় লয় তাহাতে ভাষার শক্তি বৃদ্ধি হইতে পারে যদি সে ভাষা ঠিক লাগাইবার ক্ষমতা তাহার থাকে—তাহার সৌন্দর্য্যের অন্ধি সন্ধি যদি তাহার এমন জানা থাকে যাহাতে শব্দবিন্যাসে সে সৌন্দর্য্য ফুটাইয়া তুলিতে পারে।

তবে কথা হইতে পারে যে শিক্ষানবিশদের কাছে কোন্ আদর্শ উপস্থিত করিব? যাহাদের সে উচ্চ অঙ্গের প্রতিভা নাই অথচ বলিবার দুটো কথা আছে তাহারা কাহার পন্থা অনুসরণ করিবে? ইহার সহজ উত্তর এই যে প্রতিভাবান লেখকদের আদর্শই আদর্শ তাহাদের পথই পথ। ছেলেদের যদি বাঙ্গলা শিখাইতে চাই তবে তাহাদের ইহা বলিলে চলিবে না যে তোমরা বিদ্যাসাগর ও বড় জোর কালীপ্রসন্ন ঘোষ ছাড়া অন্য কাহারও আদর্শ অনুসরণ করিও না। তাহাদের সম্মুখে রাখিতে হইবে সকল শ্রেষ্ঠ লেখকের লেখা,—বিদ্যাসাগর হইতে টেকচাঁদ, কালীপ্রসন্ন হইতে রবীন্দ্রনাথ—সকলের লেখা পড়িয়া তাহাদিগকে অবসর দিতে হইবে বাঙ্গলা ভাষার শক্তির কেন্দ্রগুলি আয়ত্ত করিতে—সেই কেন্দ্রগুলি আয়ত্ব হইলে, সে নিজের শক্তি ও প্রতিভার উপযোগী ভাষা আপনি গড়িয়া লইতে পারিবে। আমরা যতই কেন ঝগড়া করি না, আমাদের বিচারের ফল

যেন ছেলেদের মুখের ভিতর গুঁজিয়া না দেই। সাধুভাষা বা কথিত ভাষায় গুণাগুণ বা জাতিকুল লইয়া আমরা যতই বিচার করি না কেন, শব্দ বা রচনাপ্রণালীর একটা আর্য্য-সমাজ গড়িয়া অন্ত্যজ ভাষাকে তফাৎ রাখিবার যত চেষ্টা করি না কেন প্রকৃত প্রতিভাবান লেখকের রচনা হইতে আমোদ লাভ ও তাহার সম্যক অনুশীলনের সুযোগ হইতে যেন আমরা পরবর্ত্তীদের বঞ্চিত করিবার চেষ্টা না করি। চেষ্টা করিলে তাহা ব্যর্থ হইবে—ব্যর্থ না হইলে আমরা ভাষা ও সাহিত্যের গুরুতর ক্ষতি করিব।

পরিশেষে একটা কথা বলা বোধ হয় আবশ্যক। কথিত ভাষায় লিখিতে গেলেই যে তা'র ভিতর প্রাদেশিকতা আসিয়া পড়িবেই এ কথা আমি স্বীকার করি না। কথিত ভাষায় আমাদের দেশভেদে যতই কেন তফাৎ থাকে না, মোটের উপর সে ভাষারও বেশীর ভাগ কথা সকল দেশেই এক, তফাৎটা কেবল উচ্চারণের। কতককথা অবশ্য ভিন্ন—সুবন্ত ও তিঙন্ত প্রয়োগ বা কৃৎ তদ্ধিতের চেহারা হয় তো খুবই ভিন্ন—কিন্তু এত ভিন্ন নয় যাতে তাকে এক ধাঁচে, একটা Standard dialectএ দাঁড় করান না যায়। কয়েকটা দৃষ্টান্ত দিলে বোধ হয় কথাটা স্পষ্ট হইবে। বাঙ্গলার যে প্রদেশেই যাই না কেন কথিত ভাষায় "যাহার" বা "তাহার" কথার প্রয়োগ দেখিতে পাইব না, দেখিতে পাইব "যার" ও "তার"—তবে উচ্চারণে কোথাও যার "য"টা zএর মত হইয়াছে, কোথাও বা সহজ J, কোথাও বা খুব sharp j—হইয়াছে। "পুকুর" কথাটা সকল দেশে না চলিলেও বেশ ব্যাপকভাবে প্রাদেশিক ভাষায় রহিয়াছে—তবে কোথাও বা তাহাকে বলে "পুকুর" কোথাও "পুখুর" কোথাও "পুখোইর।" "কাত" কথাটা সব দেশেই আছে। তবে কোনও দেশে বা তা'কে বলে সোজাসুজী কাৎ, কোথাও বলে "কাইৎ"। এমন অনেক শব্দ চলতি কথায় আছে। আর ক্রমশঃই সেগুলির একটা standard উচ্চারণ দাঁড়াইয়া যাইতেছে, সেটা যে সব সময় খাঁটি কলিকাতার উচ্চারণ তাহা নহে। এই দরুণ "দুপুরে"র খাঁটি কলিকাতার কথা "দুকুর" কিন্তু standard ভাষায় সেটা "দুপুর"—লুচিকে "নুচি" এবং "নৌকা"কে "লৌকো" standard ভাষায় বলে না। "করলুম" ও "গেলুম"এর চেয়ে "করলাম" ও "গেলাম" এই standard ভাষায় চলতি বেশী। এই যে standard ভাষা ইহার উচ্চারণ প্রণালী অনুসরণ করিয়া যদি এই সব শব্দ লেখা হয় তবে বাঙ্গলায় কোনও দেশ নাই যেখানে ইহা বোধগম্য হইবে না। কতক কথা—বিশেষতঃ কতকগুলি নিত্য ব্যবহার্য্য জিনিষের নাম আছে তার সম্বন্ধে হয় একথা বলা যায় না যথা, কলিকাতার ভাষায় ধুচুনি চুপড়ি প্রভৃতি, আমাদের ভাষায় ছোচা, ধুতি প্রভৃতি। তা'ও জিনিষের কথা লিখিতে গেলে প্রাদেশিক ভাষায় ব্যবহার ছাড়া তো উপায় নাই। হোচা বা খরা বলিতে যে জিনিষ বুঝায় এবং হোচা বাওয়া বা খরা বাওয়া যে ক্রিয়ার নাম তাহাকে আমরা সাহিত্যের ভিতর আসিতে দিব না একথা বলা চলে না। আর যদি সাহিত্যে আনিতে হইলে যদি তাহার একটা পোষাকী নাম দিতে যাই তাহা হইলে যে একটা কঠিন ব্যাপার হইবে। সুতরাং "হোচা বাওয়ার" কথা যদি আমার লিখিতেই হয় তবে "হোচা বাওয়া"ই লিখিতে হইবে। এবং যিনি আমার কথা বুঝিতে চান তাঁকে অনুগ্রহ করিয়া এই কথাটির মানে শিখিবার কষ্ট স্বীকার করিতে হইবে। তবে, যাহা বলিতেছিলাম, এই শ্রেণীর প্রাদেশিক কথার সংখ্যা—সর্ব্বপ্রদেশের সাধারণ কথার তুলনায় কম। এমন কথা ব্যবহার করিবার অবসর খুব বেশী হয় না। এবং কদাচিৎ যাহা ব্যবহার করিতে হইবে সেই কথা লইয়া যে বিভ্রাট তাহাকে অতিমাত্র বাড়াইয়া একটা ভাষার বিভীষিকার সৃষ্টি করা সঙ্গত নয়।

এ সম্বন্ধে আলোচনা করিতে আমাদের মনে রাখা উচিত যে আমরা একটা আর্টের সমালোচনা করিতেছি। যে ভাষার সমালোচনা করিতেছি তাহাতে ভাষার সৌষ্ঠব ও শক্তি কতটা রক্ষা হইয়াছে কেবল তাহাই আমরা বিচার করিতে পারি। সেই বিচারে যাহা

ভাল দাঁড়াইবে তাহাই ভাল, তাহাতে যাহা মন্দ হইবে তাহাই মন্দ; তার পর তাহা হইতে হিত কি অহিত হইবে, সমাজের পক্ষে সেটা উপকারী হইবে কি অপকারী হইবে, জাতীয় একতার অনুকূল কি প্রতিকূল হইবেসে বিচার কেবল সাহিত্য হিসাবে ইহার সমালোচনায় সব মোটেই প্রাসঙ্গিক নয়।

শ্রীনরেশচন্দ্র সেন গুপ্ত।

অভাবে।

পূরণিমা হ'তে অমানিশা ওগো!
অ মি, শতগুণে ভালবাসি;
অমানিশা কাল সেই মোর ভাল,
চাহিনা ফুল্ল শশীর হাসি।

অমানিশা রাতে ভাবি মনে মনে,
যাক্, আজিই হইবে শেষ;
এবে পূর্ণিমা আসিবে আসিবে,
না রহিবে তিল দুঃখ লেশ।

পূরণিমা রাতে জ্যোছনা জোয়ারে,
হই পুলকিত যত আমি;
থেকে থেকে মনে কে জানি কে বলে,
হের—আসিতেছে ঐ দুখেরি যামি।

শ্রীচারুভূষণ দেব চৌধুরী।

লুকোচুরি

লুকোচুরি খেল্‌বি কত আর
মা আমার?
হরিত চিকের আড়াল থেকে
পিকের গলায় ডেকে ডেকে
অইযে দিলি সাড়া!
অম্‌নি ছুটে কাছে আসি
হেসে পালাস্ সর্ব্বনাশী,
মা তোর কেমন ধারা?
প্রেমে তোমার পূর্ণ হৃদি—
নদীর কলকল,
শিউলি মূলে সিক্তচুলে—
আঁখি ছলছল!
অই যে তোমার রাঙা চরণ—
দীঘীর জলে ফুটি,
দিকে দিকে আঁচল খানি
পড়্‌ছে লুটি পুটি—
শুভ্র আকাশের বনে।
লুকোচুরি খেল্‌বি কত
মাগো আমার সনে!
কভু বেড়াস্ মেঘের রথে—কভু ছায়াপথে।
ধর্ত্তে গেলে পাইনা নাগাল,
ছুটে পালাস্ খুলে আগল,
আমি যে মা বদ্ধ পাগল
নিজের ঘরে ঘুরি।
ইচ্ছা করে বুকে রাখি
রাঙা করে পরাই রাখি,
কমল পরাগ অঙ্গে মাখি,
যাস্‌নে মাগো উড়ি।
হাসিভরা মুখখানি তোর
দেখ্‌ছি ভোরের বেলা,
অপরাজিতার খোপার মাঝে
কাল কেশের মেলা!
স্নিগ্ধসরস পরশ খানি
লাগ্‌ছে এসে বুকে,
আপ্‌নি এসে দিস্‌মা ধরা—
বাদর শেষে আদর করা;
চাইতে গেলে, "নাই" টি মেলে
তাই সে মরি দুঃখে!

শ্রীকুলচন্দ্র দে।

Regtd. No. C. 746.

VOL. 6. No. 7.

OCTOBER, 1916.

THE Dacca Review

CONDUCTED BY

BIDHUBHUSAN GOSWAMI, M.A.,

AND

SATYENDRANATH BHADRA M.A.

Annual Subscription, (inclusive of postage) . . Rs. 5-6-0

Single Copy 0-8-0

EVERY BODY PRAISES WHAT IS HIS OWN

But impartial verdict comes from the public and the Press

USE

ORIENTAL SOAPS.

FOR

They are the best for economy and complexion

THE ORIENTAL SOAP FACTORY,

GOABAGAN, CALCUTTA.

Tel: "Kowstove," Calcutta.

By Special Appointment

To H. E. Lord Carmichael of Skirling Governor Of Bengal.

S. A. MAJID & Co.

Certificated Opticians

12 Patuatuli, Dacca.

OPTO—Eye. METRY—to Measure.

A Peculiar Nationalist and Practical Unionist.

Prescriber of needful Tonics for the chronical Idleness of India

Specialist in attractive Designs, as to touch Human Feelings, to raise any National Subscription successfully.

Professor for 10 years. in Eye-sight Testing and Spectacles Art.

Our methods of examination and tests of the EYES for the adaptation of lenses for the correction of defects of vision and relief of eyestrain and its accompanying symptoms, are based upon accurate measurements of the refraction and the associated functions of the eyes. Glasses fitted under this system are invariably found satisfactory and curative. The latest and most approved apparatus for accurate sight testing are used in our dark room. Examination by appointment preferred.

Printed by P. B. CHAKRAVARTI, at the Sreenath Press, 25, Nayabazar Road, Dacca

and

Published by HARI RAM DHAR B.A. Patuatoli, Dacca

It is requested that all articles intended for publication may be sent to Professor S. N. Bhadra, Nyabazar, Dacca.

All business communications and all complaints regarding non-delivery of the Magazine should be addressed to—

The Manager, "DACCA REVIEW,"
5, Nayabazar Raad, Dacca.

N.B.—I take this opportunity of expressing our sincere gratitude to the numerous gentlemen of light and leading who have encouraged us in this venture, either by the assurance of their warm and sympathetic support or by offering to contribute to this Magazine. Among other we may mention the names of:—

The Hon'ble Mr. P. C. Lyon, C.S.I.
The Hon'ble Sir Harcourt Butler, K. C. I. E.
The Hon'ble Sir Archdale Earle K. C. I. E.
The Hon'ble Nawab Syed Sir Shamshul Huda, K. C. I. E., M.A., B.L.
The Hon'ble Sir Asutosh Mookerjee, Sastra Vachaspati Kt., C.S.I., M.A., D.L.

The Hon'ble Mr. H. LeMesurier, C.S.I., C.I.E., I.C.S.
„ Mr. R. Nathan, B.A., C.S.I., C.I.E., I.C.S.
„ Mr. H. Sharp, C.S.I., C.I.E., M.A.
„ Mr. N. D. Beatson Bell, C.S.I., C.I.E., I.C.S.
„ Mr. J. Donald, I. C. S.
„ Mr. W. W. Hornell, M.A.
„ Mr. W. J. Reid, C.I.E., I.C.S.
„ J. G. Cumming, C. S. I.
„ F. C. French Esq., I.C.S.
„ W. A. Seaton Esq., I. C. S.
„ R. B. Hughes-Buller, Esq., C.I.E., I.C.S.
„ Major W. M. Kennedy, I.A.
Ven'ble Archdeacon W. K. Firminger, M.A.
Sir John Marshall, K. C.I.E., M.A., LITT. D., F.S.A.
The Hon'ble Mr. K. C. De, C.I.E., B.A., I.C.S.
„ Mr. L. Birley C. I. E., I. C. S.
H. M. Cowan, Esq., I.C.S.
J. N. Gupta Esq., M.A. I.C.S.
W. L. Scott, Esq., I.C.S.
G. S. Dutt Esq., I.C.S..
Rev. Harold Bridges, B. D.
Dr. J. C. Bose, C.S.I., C.I.E.
W. A. J. Archbold, Esq., M.A., L.L.B.
H. E. Stapleton Esq., M.A. B.Sc.
Dr. P. K. Roy, D.Sc.
Dr. P C. Ray, C.I.E. M.A., D.Sc. (London.
B. L. Choudhri, Esq., M.A., B.Sc. (Lond.)
P. N. Datta, Esq., Geol. Dept., G. of I.
Mahamahopadhyaya Pundit Hara Prasad Sastri, C.I.E.
Principal Evan E. Biss, M.A.
„ Rai Kumudini Kanta Bannerji Bahadur, M.A.
„ Rai Lalit Mohon Chatterji Bahadur, M. A.
„ J. R. Barrow, B.A.
Professor R B. Ramsbotham M.A., (Oxon).
„ J. C. Kydd, M.A.
„ W. Douglas, M.A., B. Phil., B.D.
„ T. T. Williams M.A., B.Sc.
„ Egerton Smith, M. A.
„ G. H. Langley, M.A.
„ Rai B. N. Das Bahadur, M.A. B.Sc.
Debendra Prasad Ghose.
„ Panchanon Nyogi, M.A.
Hon'ble Maharaja Bahadur of Dinagepore, K.C.I.E.
The „ Maharaja Bahadur of Cossimbazar, K.C.I.E.
The „ Maharaja Bahadur of Shushung.
The „ Maharaja Bahadur of Nashipur.
The Hon. Raja Bahadur of Mymensing.
Prof. J. N. Das Gupta, M. A., (Oxon).

Mr. Justice Digambar Chatterjee.
Sir Gooroodas Banerjee, Kt., M.A., D.L.
The Hon'ble Dr. Devaprasad Sarvadhicari M. A., L. L. D. C. I. E.
„ Mr J. H. Kerr, C.I.E., I. C. S.
„ Mr. Justice B. B. Newbould, I.C.S.
„ Col. P. R. Gurdon, C.S.I., I.A.
„ Nawab Syed Nawab Ali Chowdhuri.
Rai P. Mookerjee Bahadur, M.A.
Babu Ananda Chandra Roy.
J. T. Rankin Esqr., I.C.S.
B. C Allen, Esq., B.A., I.C.S.
S. G Hart, Esq., B.A., I.C.S.
F. D. Ascoli, Esq., M.A., I.C.S.
J. McSwiney, Esq., M.A., I.C.S.
F. P. Dixon, Esq., I.C.S.
N. E. Parry, Esq., I.C.S.
W. R. Gourlay, Esq., C.I.E., I.C.S
T. O. D. Dunn Esq., M.A.
E. N. Blandy Esq., I.C.S.
D. S. Fraser Esqr, I.C.S.
Rai Jamini Mohon Mitra Bahadur.
Raja Monmotho Nath Rai Chaudhury of Santosh.
Babu Deba Kumar Rai Chaudhuri of Barisal.
Rai Bahadur Rajendra Chandra Sastri, M.A.
„ Sarat Chandra Das, C. I. E.
„ Charu Chandra Choudhuri, Sherpur.
„ Sures Chandrs Singh
Khan Bahadur Syed Aulad Hossein.
Mahamahopadhaya Dr. Satis Chandra Vidyabhushan
„ Pramatha Nath Tarkabhushan.
Kumar Sures Chandra Sinha.
Babu Chandra Sekhar Kar, Deputy Magistrate.
„ Jatindra Mohan Sinha, Deputy Magistrate.
„ Pramotha Nath Rai Chaudhuri of Santosh
„ Hirendra Nath Dutt, M.A., B.L.
„ Radha Kamal Mukerji, M.A.
„ Rakhal Das Banerjee, Calcutta Museum.
„ Hemendra Prosad Ghose.
„ Akshoy Kumar Moitra.
„ Jaladhar Sen.
„ Jagadananda Roy
„ Benoy Kumar Sircar.
„ Gouranga Nath Banerjee.
„ Ram Pran Gupta.
Dr. D. B. Spooner.
Kunwar Sain Esq., M, A., Bar-at-Law.
Principal, Lahore Law College

CONTENTS.

The Problem of Moral Evil ...	Prof. G. H. Langley M. A. ...	185
Pseudo Callisthenes ...	Prof. J. N. Das Gupta, M. A. (OXON) ...	197
The Ceremonial of Tea or Cha-no-yu of Japan ...	Rai Sarat Chandra Das Bahadur, C. I. E.	200
A Peep into the Intelligence Department of the Moghul Period ...	Khan Sahib Syed Abdul Latif B. L. ...	204
Life of Pestalozzi and His Method ...	Kunju Behari Har, M. A, B. L. ...	207

সূচী

	বিষয়।	লেখক গণের নাম।	পৃষ্ঠা।
১।	অশোক চরিত	শ্রীযুক্ত রামপ্রাণ গুপ্ত	১৭৩
২।	উদ্বোধন (কবিতা)	শ্রীযুক্ত শ্রীপতি প্রসন্ন ঘোষ	১৮৮
৩।	গীতার সহজ তপস্যা বা আত্মোৎকর্ষের সহজ সাধন প্রণালী	শ্রীযুক্ত শীতলচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, ...	১৮৮
৪।	রাক্ষস (কবিতা)	শ্রীযুক্ত কালিদাস রায় বি, এ, ...	১৯১
৫।	আবার ভাষার কথা	শ্রীযুক্ত যতীন্দ্রমোহন সিংহ বি, এ ...	১৯১
৬।	পুরীধাম (কবিতা)	শ্রীযুক্তা দাক্ষায়ণী দেবী	১৯৬
৭।	বঙ্কিম প্রসঙ্গ	শ্রীযুক্ত তারকনাথ বিশ্বাস	১৯৭
৮।	অজ্ঞাত পদকর্ত্তৃগণ	শ্রীযুক্ত সতীসচন্দ্র রায় এম্, এ	২০৩
৯।	ছোট কথা	শ্রীরাজেন্দ্রলাল আচার্য্য বি, এ	২০৫

THE DACCA REVIEW.

VOL. VI. OCTOBER, 1916. No. 7.

THE PROBLEM OF MORAL EVIL.*

It is the purpose of this paper to make an analysis of the experience of evil, to consider whether in any way it differs essentially from the experience of good, and to discuss the metaphysical assumptions which such an analysis implies. The problem may be approached by a brief exposition of its treatment in the writings of Croce. This modern Italian philosopher, in some important respects, confirms the belief concerning evil which is current in the Christian religion. The argument however is not pragmatical, for Croce's treatment of the problem is philosophical and entirely independent.

I.

Moral judgement is passed by Croce upon acts of will, and he assumes the reality of will. The latter is regarded as real, not merely as universal, but also as expressed in the acts of individuals, for apart from particular expressions will cannot exist. It is in the creativeness of will, he reminds us, especially in such acts as are moral, that we get the most complete experience of Reality. A brief exposition of Croce's thought concerning will is then necessary for an understanding of his view of evil. Finite will, he says, is a union of freedom and necessity. The question of the freedom of the will does not arise. Every act of will is free ; if it were not, it would not be will. Such an act consists in the creation in individual consciousness of an entirely new existence. It is necessitated in so far as it is conditioned by the situation in which it occurs, but is free in that it leads to a new creation. By the situation of an act of will Croce means the environment in which it takes place, the environment including both the external or natural surroundings and the internal or conscious. But he makes clear that the situation cannot affect the will save through the medium of the desires, or tendencies to action,

* Paper read before the Dacca Philosophical Society, November 1916.

within the individual consciousness. In affirming then that the creative act takes place within a given situation, Croce is maintaining—as against Kant—that it is realized in and through the desires.

Now as a positive reality every act of will is good. It satisfies a desire, or we might even say is an expression of the joy of creation. By it some end is attained which is sought by the individual, and whatever attains an end is, according to Croce, good. Here Croce is directly opposed to all those thinkers who regard every act of a finite being as an expression of evil. An act of will, they hold, springs from a desire, and a desire indicates a need, in other words an imperfection or evil. This is not the case in Croce. Will, for him, is spiritual activity, and the activity of the spirit is Reality. James Ward is also of this opinion. He argues that the theory which infers evil from the presence of finite will rests upon a false psychology. It may be that desire sometimes indicates dissatisfaction, and that the act of will is an attempt to supply a need; but it is also true that the natural exercise of the will is the source of all human joy. Man is not necessarily a spoiled child, always crying for something which he does not possess, but acts spontaneously because it is life so to act. And further it should be borne in mind that will is not desire, but the control of desire. Will transforms desire into the organ of its own creativeness.

The question now arises: if moral judgements have reference to acts of will, and if every act of will as a positive reality is good, what is evil? Croce's answer to this question seems to be twofold. Evil is either (a) weakness of will, failure to will; or (b) a moment in the volition which realizes the good.*

As regards the former alternative Croce describes evil as anti-will; and since by will he means the union of the free creative act with the necessity which flows from the situation in which it takes place, by anti-will he means the failure of the creative act to realize itself in the given situation. Such failure may take two forms. Anti-will may, on the one hand, appear as external determination by the conditions of consciousness, determination, that is, by the law of physical causation; or, on the other hand—paradoxical as this may seem—as the absolute loosing of the creative act from its conditions. This latter is the conception of will which Kant describes as the entirely free good will, but Croce has grasped the truth that the isolation of the will from its concrete situation is tantamount to the negation of will altogether. When thought is directed to the desires as the conditions of will, the failure of will appears as the strife of desire with desire, in contrast with will, which is the triumph of the creative act over the desires.

But evil is further represented as a necessary moment in the good volition. Although all acts of will as positive

are good, they may be classified into those which realize a merely personal end and those which seek the universal, that is, the moral good. This is not a distinction between good and bad acts. Those which lead only to personal gratification attain an end and so are good. Croce designates this as economic good in contradistinction from the moral good which realizes the universal. Although good, however, is not here discriminated from evil, the distinction renders the consciousness of evil intelligible. When, in a given situation, one seeks a personal end by an act of will, and thereafter apprehends the universal or moral good as it should be manifested in that situation, there may be contradiction between the personal end which is already attained and the moral good which is now sought. Thus the individual may become conscious of strife between personal gratification and the moral good; and, if so, he will understand that the moral good can only he attained in so far as the effects of the former act of will are annulled. Now it must be again remembered that the difference does not lie in the character of the desires which lead respectively to self-gratification and to the moral good. Desires, as such, are non-moral, and conceivably any desire can under appropriate circumstances become an expression of the moral good. Consciousness of evil arises when the two desires contend for dominance within the same situation. It is then found that within identical circumstances there can only be one expression of the moral good, and therefore that the good cannot be enjoyed apart from the suppression of desire for self-gratification. So an act of will which as a positive existence is a good (economic good) may be regarded as evil in so far as it strives against the attainment of the universal (moral) good.

উজ্জয়িনীতে অবস্থিতিকালে অশোক পিতার সাংঘাতিক পীড়ার সংবাদ অবগত হন। তিনি এই সংবাদ পরিজ্ঞাত হইয়া অবিলম্বে পাটলিপুত্রে আগমন করেন। অতঃপর (৩৭২ খৃঃ পূঃ) মহারাজ বিন্দুসার কালগ্রাসে পতিত হইলে প্রতাপশালী মন্ত্রী খল্লাতক ও রাধা গুপ্তের আন্তরিক সহায়তা এবং যত্নে অশোক রাজ-সিংহাসনে আরোহণ করেন। ইহার চারি বৎসর পরে বিপুল সমারোহে তাঁহার অভিষেক ক্রিয়া সম্পাদিত হয়। সর্ব্বজ্যেষ্ঠ রাজকুমার সুমন বা সুষীম আপন স্বভাবসিদ্ধ চপলতা ও হঠকারিতা বশতঃ মন্ত্রী সমাজের অপ্রিয় ছিলেন। অন্যান্য রাজকুমারেরও গুণাভাব ছিল। তাহা হইলেও বহুসংখ্যক রাজকুমারের উদ্যোগ ব্যর্থ করিয়া রাজপদ লাভ যে নির্ব্বিবাদে সাধিত হয় নাই, তাহা সহজেই অনুমান করা যাইতে পারে। কিন্তু কেবল অনুমানের উপর নির্ভর করিয়া এইরূপ সিদ্ধান্ত করা অনাবশ্যক। বস্তুতঃ রাজ সিংহাসনে আরোহণকালে অশোককে নানাবিধ, বিঘ্নবাধা অতিক্রম করিতে হইয়াছিল। এজন্যই তাঁহার সিংহাসনারোহণের চারি বৎসর পরে অভিষেক ক্রিয়া সম্পাদিত হয়। বৌদ্ধশাস্ত্র ও ইতিহাসে রাজ্যাধিকার উপলক্ষে অশোকের চরিত্র ঘোর কলঙ্কগ্রস্ত হইয়া রহিয়াছে। ভারতীয় এবং অন্য দেশীয় বহুসংখ্যক বৌদ্ধগ্রন্থে অশোকের বৃত্তান্ত লিপিবদ্ধ আছে। এতন্মধ্যে ভারতবর্ষের অশোক অবদান এবং সিংহলের মহাবংশ সর্ব্বশ্রেষ্ঠ। মহাবংশে এইরূপ বর্ণিত হইয়াছে যে, অশোক রাজ্য লালসায় নবনবতি সংখ্যক ভ্রাতার প্রাণ নাশ করিয়াছিলেন, স্নেহের বশবর্ত্তী হইয়া কেবল সর্ব্বকনিষ্ঠ ভ্রাতা তিষ্যের প্রাণরক্ষা করেন। অশোকঅবদানে ভ্রাতৃ হত্যার বিবরণ লিপিবদ্ধ হয় নাই। এই গ্রন্থানুসারে সর্ব্বজ্যেষ্ঠ রাজকুমার সুমন বা সুষীম, অশোকের অধিকারগত রাজপ্রাসাদে সসৈন্যে প্রবেশ জন্য উদ্যোগকালে দ্বার রক্ষার্থ প্রজ্বলিত অগ্নিকুণ্ডে হঠাৎ পতিত হইয়া প্রাণ পরিত্যাগ করেন। অশোক অবদানে অশোক ভ্রাতৃহত্যা সম্বন্ধে নির্দ্দোষ হইলেও তাঁহার রক্ত লোলুপতার অনেক চিত্র অঙ্কিত হইয়াছে। আমরা এখানে সেই সব চিত্র প্রদর্শন করিতেছি।

"একদিন অশোক মন্ত্রীদিগকে সম্বোধন করিয়া বলিলেন, তোমরা ফল পুষ্প সমন্বিত বৃক্ষকাণ্ড ছিন্ন করিয়া কণ্টকতরুতে জল সেচন করিতেছ। মন্ত্রী সভা ইহার প্রতিবাদ করিয়াছিল বলিয়া ক্রোধোন্মত্ত অশোক স্বহস্তে কোষ হইতে অসি নিষ্কাশিত করিয়া পাঁচশত অমাত্যের শিরশ্ছেদ করেন। অন্তঃপুরের মহিলাবর্গ অশোকের কদাকারে বিতৃষ্ণ হইয়া উদ্যান হইতে অশোকবৃক্ষ পত্রচ্যুত করিয়া অবজ্ঞাসহকারে

উপহাস করিতেছিল, সম্রাট অশোক তাহা শ্রবণ করিয়া পুরমহিলাদিগকে জীবন্ত দগ্ধ করেন। মন্ত্রীবর্গ রাজার এই বীভৎস কাণ্ড দেখিয়া অনুরোধ করেন, মহারাজ! আপনি নিজ করে এই ভীষণ কার্য্য সাধন করিয়া রাজ হস্ত কলুষিত করিবেন না। আপনার আজ্ঞা পালন নিমিত্ত একজন ঘাতক নিযুক্ত করুন। অশোক অমাত্যবৃন্দের অনুরোধ রক্ষা করিলেন। তিনি চণ্ডগিরিক্ নামে এক দুর্দ্দান্ত নরপিশাচ তন্তুবায় পুত্রকে এই কার্য্যে নিযুক্ত করেন। পাপিষ্ঠ চণ্ডগিরিকের নৃশংসতা সর্ব্বজন বিদিত ছিল। অশোক এইরূপ হত্যাকাণ্ড সংঘটিত করিবার জন্য একটি সুবৃহৎ সুরম্য হত্যাগৃহ নির্ম্মাণ করিয়াছিলেন। এই অট্টালিকার বহির্ভাগ মনোরম শিল্পকলায় সুসজ্জিত ছিল। অপূর্ব্ব কারুকার্য্য দেখিয়া ইহার অভ্যন্তরে প্রবেশ করিবার জন্য জনসাধারণ প্রলুব্ধ হইত। এই ভীষণ গৃহে যে প্রবেশ করিত, সে আর জীবিতাবস্থায় প্রত্যাগত হইত না। ঘাতকের প্রতি রাজার কঠোর আদেশ ছিল যে, যদি কেহ এই বধাগারে প্রবেশ করে তাহার শিরশ্ছেদ করিবে। এই বধ্যভূমির নাম ছিল নরক। বাস্তবিকই এই স্থানে প্রবেশ করিলে ভীষণ জ্বালাময় নরক যন্ত্রণা অনুভূত হইত। এই নরক যে কত শত নিরপরাধ ব্যক্তির শোণিতে রঞ্জিত হইয়াছিল, তাহার ইয়ত্তা নাই।" *

অশোক ভারতের সর্ব্বশ্রেষ্ঠ সম্রাট, তাঁহার ধর্ম্মশীলতা এবং মহাপ্রাণতা অসামান্য ছিল; তাঁহার প্রথম জীবন এইরূপ কলুষিত ছিল, ইহা বিশ্বাস করিতে স্বভাবতঃই দ্বিধা উপস্থিত হইয়া থাকে। বিশেষতঃ যুক্তি এবং প্রমাণ অশোককে অমানুষিক নৃশংসাচরণ সম্বন্ধে নির্দ্দোষ বলিয়া প্রতিপন্ন করে। অশোকের বিরুদ্ধে আমরা চারিটি অভিযোগের বিষয় উল্লেখ করিয়াছি। (১) ভ্রাতৃ হত্যা, (২) মন্ত্রী হত্যা, (৩) নারী হত্যা, (৪) প্রজা হত্যা। দুইখানি প্রধান বৌদ্ধগ্রন্থের (অশোক অবদান এবং মহাবংশ) একখানিতে অশোক কর্তৃক ভ্রাতৃ হত্যার কোন বিবরণ লিপিবদ্ধ নাই, অধিকন্তু সর্ব্বাগ্রজ ভ্রাতার জীবন নাশের অন্যরূপ কারণ নির্দ্দেশিত হইয়াছে। অশোকের রাজত্বের সপ্তদশ অথবা অষ্টাদশ বৎসরেও তাঁহার একাধিক ভ্রাতা জীবিত ছিলেন, ইহার ঐতিহাসিক প্রমাণ বিদ্যমান আছে। উক্ত সময়ের উৎকর্ণে একখানি অনুশাসন লিপি * পাঠে আমরা জানিতে পারি যে, তিনি তাঁহার ভ্রাতাদের এবং অন্যান্য জ্ঞাতিদের পরিবারবর্গের রক্ষণাবেক্ষণ জন্য কর্ম্মচারী নিযুক্ত করিয়া তাঁহাদিগকে ধর্ম্ম মহামাত্রা নামে অভিহিত করেন। অশোকের বিরুদ্ধে ভ্রাতৃহত্যা সম্বন্ধীয় অভিযোগের অমূলকতা প্রদর্শন করিয়া মন্ত্রীহত্যা সম্বন্ধীয় অভিযোগের বিষয়ে কিঞ্চিৎ বিচার করিতেছি। বৌদ্ধশাস্ত্র ও ইতিহাসে এইরূপ লিখিত হইয়াছে যে, সর্ব্বজ্যেষ্ঠ রাজকুমার সুমন বা সুষীম একদা পরিহাসচ্ছলে প্রধান মন্ত্রী খল্লাতকের মস্তকে স্বীয় অঙ্গুলি ত্রাণ (দস্তানা) নিক্ষেপ করেন। এই সামান্য অপমানজনক ব্যবহারের প্রতিশোধ লইবার জন্য সমস্ত মন্ত্রী একতাবদ্ধ হন এবং অশোকের পক্ষাবলম্বন করেন। তাঁহাদের সহায়তা ও যত্নে অশোক রাজসিংহাসনে আরোহণ করিতে সমর্থ হন। ঈদৃশ ক্ষমতাশালী মন্ত্রীবর্গকে তিনি অকারণে নির্ব্বিচারে হত্যা করিতে সাহসী হইয়াছিলেন এবং মন্ত্রীগণ তাঁহার ঘোর নৃশংসাচরণ সহ্য করিয়াছিলেন, এরূপ কথনও যুক্তিসিদ্ধ নহে। অশোকের নারীহত্যা এবং প্রজাহত্যা সম্বন্ধে আমাদের এই মাত্র বক্তব্য যে, ভ্রাতৃহত্যা এবং মন্ত্রীহত্যার ন্যায় এই দুই অভিযোগও ভিত্তি হন। তবে কি জন্য বৌদ্ধ গ্রন্থ সমূহে অশোক চরিত্র ঘোর কলঙ্কগ্রস্ত হইয়াছে? এতদুত্তরে রমেশচন্দ্র দত্ত মহাশয় লিখিয়াছেন যে, বৌদ্ধ ধর্ম্মের মহিমা ও গৌরব বৃদ্ধির জন্যই এই সকল উপকথার সৃষ্টি হইয়াছিল। অশোক বৌদ্ধ ধর্ম্ম গ্রহণের পূর্ব্বে ঘোর পাপী ছিলেন। বৌদ্ধধর্ম্মের পাপনাশক শক্তি এরূপ অসাধারণ যে, অশোকের ন্যায় ঘোর পাপীও বৌদ্ধধর্ম্ম গ্রহণ করিয়া তাদৃশ ধর্ম্মশীল এবং মহাপ্রাণ

* শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র প্রণীত অশোক।

* পঞ্চম গিরিলিপি।

হইতে সমর্থ হন। এইরূপ প্রদর্শন করিবার উদ্দেশ্যেই অশোকের প্রথম জীবন মসীবর্ণে চিত্রিত হইয়াছে।

অশোক রাজপদ লাভকালে আর্য্যধর্ম্মাবলম্বী ছিলেন, তারপর বৌদ্ধধর্ম্মের প্রতি আকৃষ্ট হন; এই মত প্রামাণিক ও সর্ব্ববাদিসম্মত। কিন্তু তাঁহার বৌদ্ধধর্ম্ম গ্রহণের কারণ ও সময় সম্বন্ধে একাধিক বিবরণ দেখিতে পাওয়া যায়। মহাবংশে লিখিত হইয়াছে যে, সর্ব্ব জ্যেষ্ঠ রাজকুমার সুমন বা সুষীম নিহত হইলে তদীয় অন্তর্ব্বত্নী পত্নী পলায়ন করিয়া জনৈক বৌদ্ধ সন্ন্যাসীর আশ্রয়ে উপনীত হন এবং তথায় একপুত্র সন্তান প্রসব করেন। এই শিশু নিগ্রোধ নামে পরিচিত হন এবং বাল্যকালেই সন্ন্যাস গ্রহণ করেন। একদা নিগ্রোধ রাজপ্রাসাদের সম্মুখবর্ত্তী পথ অতিবাহিত করিয়া গমন করিতেছিলেন; এরূপ সময়ে অশোক তাঁহাকে দেখিতে পান, বালকের অপরূপ লাবণ্য তাঁহাকে মুগ্ধ করে। অশোক তাঁহাকে রাজসভায় আনয়ন করেন এবং তাঁহার মুখে বৌদ্ধ ধর্ম্মের অমৃততুল্য ব্যাখ্যা শ্রবণ করিয়া সে ধর্ম্মে দীক্ষিত হন। * মহাবংশে অশোকের বৌদ্ধধর্ম্ম গ্রহণের যে বৃত্তান্ত লিপিবদ্ধ আছে, তাহা প্রদত্ত হইল, এখন অশোক অবদানের বৃত্তান্ত বিবৃত হইতেছে। এই গ্রন্থের মতে একজন অলৌকিক ভিক্ষু অশোকের জীবনে পরিবর্ত্তন আনয়ন করিয়া তাঁহাকে বৌদ্ধধর্ম্মে বিশ্বাসী করেন। হিউএন্‌থ্‌সঙ্গের ভ্রমণ বৃত্তান্তে এই ভিক্ষুর নাম উপগুপ্ত লিখিত হইয়াছে। ফলতঃ বৌদ্ধগ্রন্থকর্ত্তৃগণ অশোকের বৌদ্ধধর্ম্ম গ্রহণের কারণ সম্বন্ধে ভিন্ন ভিন্ন বিবরণ করিয়াছেন। কিন্তু তাঁহার বৌদ্ধধর্ম্ম গ্রহণের সময় সম্বন্ধে একরূপ নির্দ্দেশই দেখিতে পাওয়া যায়। অশোকের সিংহাসনারোহণের চতুর্থ বর্ষে অভিষেক ক্রিয়ার সমকালেই তাঁহার বৌদ্ধধর্ম্ম গ্রহণের সময় নির্দ্দিষ্ট হইয়াছে।

* অশোকের দীক্ষাকালে নিগ্রোধের বয়স ৭ বৎসর ছিল বলিয়া লিখিত হইয়াছে। বৌদ্ধগ্রন্থমতে নিগ্রোধ অশোকের সিংহাসন লাভের সমকালে জন্ম গ্রহণ করেন এবং অশোকের দীক্ষাকাল তাঁহার রাজত্বের চতুর্থ বর্ষ ছিল। অতএব স্পষ্ট অসামঞ্জস্য দেখা যাইতেছে।

সুবিখ্যাত ভিনসেন্ট স্মিথ অশোকের বৌদ্ধ ধর্ম্ম গ্রহণের বৌদ্ধ গ্রন্থ সমূহ ধৃত কারণ এবং সময়ে আস্থা স্থাপন করিতে পারেন নাই। অশোকের প্রথম জীবনের অমানুষিক নৃশংসাচরণের বিবরণ গ্রাহ্যযোগ্য নহে, ইহা প্রদর্শিত হইয়াছে। বস্তুতঃ বৌদ্ধশাস্ত্র ও ইতিহাস সমূহে যে অশোক চরিত বর্ণিত হইয়াছে, তাহার অধিকাংশই আধুনিক পণ্ডিত মণ্ডলীর কষ্টিপাথরে ঐতিহাসিক তথ্য রূপে উত্তীর্ণ হইতে পারে নাই। তবে অশোক চরিত উদ্ধার করিবার উপায় কি? অশোক স্বয়ং বহু সংখ্যক অনুশাসন লিপি প্রচার করিয়াছিলেন। সৌভাগ্য ক্রমে তৎসমুদয় মধ্যে অনেক গুলি অক্ষ পর্য্যন্ত ও অক্ষুন্ন ভাবে রক্ষিত হইয়াছে। অশোকের আদেশ লিপি সকল বিচিত্র ঐতিহাসিক তথ্যে পূর্ণ; বৌদ্ধগ্রন্থ সমূহের আলোকে উহা পাঠ করিলে তাঁহার জীবনের অনেক কথা আমরা অবগত হইতে পারি।*

আমরা অশোকের বৌদ্ধধর্ম্মগ্রহণের প্রকৃত কারণ এবং সময় নিরূপণ জন্য তাঁহার ত্রয়োদশ গিরিলিপির প্রথমাংশের বঙ্গানুবাদ প্রদান করিতেছি।

মহিমান্বিত রাজা প্রিয়দর্শী † স্বীয় রাজত্বের নবম

* At the begining of the researches by European scholars, the Ceylon chronicles were of most service * * * It is not possible to understand them (Royal proclamations and official statements) without the light thrown upon them by the later accounts. Budhist India chap. xv.

† সমস্ত অনুশাসন লিপিতেই প্রিয়দর্শী নাম দেখিতে পাওয়া যায়। অশোকের নাম নাই। অতএব এই সকল অনুশাসন লিপি অশোক কর্ত্তৃক প্রচারিত হইয়াছিল কি না, সন্দেহ হইতে পারে। প্রিয়দর্শী ও অশোকের অভিন্নতা প্রদর্শন করা আবশ্যক, সিংহলের সর্ব্বাপেক্ষা প্রাচীন বৌদ্ধগ্রন্থ দীপবংশে অশোক ও প্রিয়দর্শী নাম অভিন্ন ভাবে ব্যবহৃত হইয়াছে। এক বর্ণনায়ই কোন স্থানে অশোক, কোনস্থানে বা প্রিয়দর্শী লিখিত হইয়াছে। অশোক বা প্রিয়দর্শীর পিতার নাম বিন্দুসার এবং পিতামহের নাম চন্দ্রগুপ্ত লিখিত হইয়াছে। বুদ্ধদেবের জন্মস্থান স্থিত স্তম্ভ অশোক নির্ম্মিত বলিয়া হিউএন্‌থ্‌সঙ্গ নির্দ্দেশ করিয়া গিয়াছেন। এই স্তম্ভের উৎকীর্ণ লিপিতে প্রিয়দর্শীর নাম বিদ্যমান। অতএব খৃষ্টীয় সপ্তম শতাব্দীতেও প্রিয়দর্শী ও অশোক এক নামবাচক ছিল। সম্প্রতি নিজাম বাহাদুরের রাজ্যে একখানি অনুশাসন লিপি আবিষ্কৃত হইয়াছে। তাহাতে প্রিয়দর্শীর পরিবর্ত্তে অশোক নাম লিখিত আছে।

বর্ষে কলিঙ্গ রাজ্য জয় করেন। এই যুদ্ধে দেড়লক্ষ কলিঙ্গবাসী বন্দী হইয়াছিল, একলক্ষ লোক নিহত হইয়াছিল, এতদপেক্ষা বহুগুণ নরনারীর জীবন নষ্ট হইয়াছিল। কলিঙ্গ অধিকারের সময় হইতে মহিমান্বিত রাজা সাগ্রহে প্রেমের ধর্ম্ম রক্ষা করিতেছেন, সে ধর্ম্মের অনুরাগী হইয়াছেন এবং সে ধর্ম্মের উপদেশ প্রচারে নিরত হইয়াছেন। কলিঙ্গ বিজয়ে মহিমান্বিত রাজার অনুশোচনা উপস্থিত হইয়াছে। কারণ অপরাজিত দেশ অধিকার করিবার সময় হত্যা, মৃত্যু এবং বন্দীকরণ অবশ্য সংঘটিত হয় এবং তাহাতে মহিমান্বিত রাজা গভীর দুঃখ ও কষ্ট অনুভব করেন। মহিমান্বিত রাজার পক্ষে এতদপেক্ষাও অধিক দুঃখানুভবের কারণ এই যে, এইরূপ একটি দেশে ব্রাহ্মণ, সাধু সন্ন্যাসী, নানা শ্রেণীর লোক এবং পিতা মাতা, গুরু এবং বয়োজ্যেষ্ঠের আজ্ঞাধীন এবং বন্ধুবান্ধব, পরিচিত জন, সহচর, আত্মীয় স্বজন, ক্রীতদাস ও ভৃত্যের অনুরাগী সদ্ব্যবহারী গৃহস্থ বর্গ বাস করেন। এবং এইরূপ ব্যক্তিবর্গ ক্ষতি, হত্যা এবং প্রিয়জনের বিচ্ছেদ সহ্য করেন। যে সকল ব্যক্তি নিজে রক্ষা পান, তাহাদের স্নেহ ভালবাসা অক্ষুণ্ণ থাকে; কিন্তু তাহাদের পরিচিত জন, সহচর এবং আত্মীয় স্বজনের সর্ব্বনাশ সাধিত হয়। যাহারা নিজে নিরাপদ থাকেন, এই ভাবে তাহারা ও দুঃখ প্রাপ্তহন। এই সমস্ত দুর্দ্দশা মহিমান্বিত রাজার গভীর দুঃখের কারণ, কারণ সমস্ত দেশেই অগণ্য সাধু সন্ন্যাসী এবং ব্রাহ্মণ বাস করিয়া থাকেন এবং ঐরূপ স্থানও বিরল, যেখানে কোন না কোন ধর্ম্ম সম্প্রদায়ের বাস নাই। কলিঙ্গ দেশে যত লোক হত হইয়াছিল, যত লোক বন্দী হইয়াছিল, যত লোক মৃত্যু মুখে পতিত হইয়াছিল, তাহার শতাংশ অথবা সহস্রাংশেরও ক্ষতি হইলেও তাহা এখন মহিমান্বিত রাজার গভীর দুঃখের কারণ হইবে।

আমরা অশোকের এই লিপিপাঠে তিনটি বিষয় জানিতে পারি। (১) কলিঙ্গ বিজয়কালে অসংখ্য নরনারীর মৃত্যু ও ঘোর দুর্দ্দশা হইয়াছিল। (২) এজন্য অশোকের হৃদয়ে প্রবল অনুতাপ উপস্থিত হইয়াছিল, (৩) কলিঙ্গ বিজয়ের সময় হইতে তিনি প্রেমের ধর্ম্ম অর্থাৎ বৌদ্ধ ধর্ম্মের অনুরাগী হইয়াছিলেন। বস্তুতঃ কলিঙ্গদেশের ন্যায় সমৃদ্ধ এবং প্রবলপ্রতাপদেশ (মেগাস্থিনিসের মতে কলিঙ্গ রাজ্যের ৬০হাজার পদাতিক সৈন্য, একলক্ষ অশ্বারোহী সৈন্য এবং ৭ শত রণহস্তী ছিল।) জয় করিতে একলক্ষ লোকের হত্যা সাধিত হয়; যুদ্ধের অনিবার্য্য ফল দুর্ভিক্ষ এবং পীড়ায় ততোধিক লোক মৃত্যু মুখে পতিত হয় এতদ্দর্শনেই অশোক অনুতাপানলে দগ্ধ হইয়াছিলেন। এই অনুতাপানলে দগ্ধ হইয়া তাঁহার হৃদয় কাঞ্চনের মত বিশুদ্ধ হইয়া উঠে। ইহাই তাঁহার বৌদ্ধ ধর্ম্ম গ্রহণের কারণ এই সময়ে বৌদ্ধ ভিক্ষুগণ অমৃত তুল্য উপদেশ দ্বারা তাঁহার প্রকৃতিগত গুণরাশি বিকশিত করিয়া তুলেন।

যে ধর্ম্মের মূলমন্ত্র অহিংসা পরম ধর্ম্ম, অশোক তাহাতে অনুরাগী হইয়া ইচ্ছা করেন যে, তাঁহার উত্তরাধিকারিগণ দেশ জয়ে বিরত থাকিয়া কেবল প্রেম ও সাম্য প্রচার করিবে। এই ইচ্ছা তিনি আপন অনুশাসন লিপিতে প্রকাশ করেন। আমরা ঐ লিপির কিয়দংশের অনুবাদ এখানে প্রদান করিতেছি।

যাহাতে আমার পুত্র ও পৌত্রগণ নূতন জয় প্রয়োজনীয় বিবেচনা না করে, যাহাতে তাহারা তরবারিলব্ধ জয় প্রকৃতজয় বলিয়া বিবেচনা না করে, যাহাতে তাহারা তরবারিলব্ধজয়ে কেবল বিনাশ ও পাশবিক বল দেখিতে পায় এবং যাহাতে ধর্ম্মের জয় ব্যতীত আর কোন জয়ই প্রকৃত জয় বলিয়া গ্রহণ না করে, তজ্জন্যই এধর্ম্ম সম্বন্ধীয় অনুশাসন লিপি উৎকীর্ণ হইল। ধর্ম্মের জয়ই ইহকালেও পরকালে সদগতি আনয়ন করে, তাহারা যেন কেবল ধর্ম্ম হইতেই আনন্দ লাভ করে, কারণ তাহাই ইহকালে এবং পরকালে মূল্যবান।*

সত্য সংকল্প অশোক উত্তরাধিকারিগণকে বিজয়ের পথে কেবল বিনাশ দেখিতে উপদেশ দিয়াছিলেন। এজন্য ইহা স্বতঃসিদ্ধ যে, তিনি নিজেও আর দেশজয় জন্য তরবারি কোষোমুক্ত করেন নাই। বস্তুতঃ কলিঙ্গ বিজয়ের পর তিনি দেশ জয়ে বিরত হইয়াছিলেন।

* ত্রয়োদশ গিরিলিপি।

মৌর্য্য সাম্রাজ্যের বিস্তৃতি রুদ্ধগতি হইয়া পড়িয়াছিল, পার্শ্ববর্ত্তী রাজ্য সমূহ নিরাপদ ছিল। কিন্তু দেশ জয়ের বিরতি সত্বেও যে সাম্রাজ্য অশোককর্ত্তৃক শাসিত হইত তাহা সুবিশাল ছিল। তাহার সুব্যবস্থার জন্য কঠোর সাধনা আবশ্যক ছিল।

চন্দ্রগুপ্ত নন্দবংশের ধ্বংস সাধন করিয়া সমগ্র মগধের অধিকার লাভ করেন। তারপর গ্রীক অধিপতি সেলিউকাস নিকেটরের সহিত সন্ধি সূত্রে পঞ্জাবের পশ্চিমদিগ্বর্ত্তী ভারতীয় অংশ পর্য্যন্ত তাঁহার হস্তগত হয়, তৎকালে ভারতবর্ষের পশ্চিম সীমা হিন্দুকুশ পর্ব্বতের সংলগ্ন ছিল, ফলতঃ চন্দ্রগুপ্ত গ্রীকসন্ধি অনুসারে আধুনিক কাবুল, কান্দাহার, গজনী, হিরাট প্রভৃতি স্থানের অধিকারী হইয়াছিলেন। চন্দ্রগুপ্তের মৃত্যুরপর বিন্দুসার এবং বিন্দুসারের মৃত্যুর পর অশোক এই বিশাল ভূখণ্ড উত্তরাধিকারক্রমে প্রাপ্ত হন। মালব ও গুজরাট বিন্দুসারের অধিকারভুক্ত ছিল। শক অধিপতি রুদ্রদামের শিলালিপি পাঠ করিলে অনুমিত হয় যে, কাঠিবার প্রভৃতি অশোকের শাসনভুক্ত ছিল। অশোক রাজত্বের নবমবর্ষে সুবৃহৎ কলিঙ্গ দেশ বিজিত হইয়া মৌর্য্য সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। বস্তুতঃ অশোকের শাসনাধিকার ভারতবর্ষের অধিকাংশ স্থানে প্রতিষ্ঠিত ছিল।

মহারাজ অশোক এই সুবিশাল সাম্রাজ্যের শাসন কার্য্য নির্ব্বাহ জন্য পাঁচটি প্রাদেশিক শাসনকেন্দ্র প্রতিষ্ঠা করেন। আমরা এই পাঁচটি কেন্দ্রের নামোল্লেখ করিতেছি। (১) তক্ষশিলা, (২) উজ্জয়িনী, (৩) সুবর্ণগিরি, (৪) তোষালি, (৫) মগধ। তক্ষশিলা, উজ্জয়িনী এবং মগধ আমাদের পরিচিত; সুবর্ণগিরি মৌর্য্য সাম্রাজ্যের দক্ষিণাংশের রাজধানী ছিল; নববিজিত কলিঙ্গের শাসনকর্ত্তা তোষালিতে বাস করিতেন। প্রত্যেক শাসন কেন্দ্রে একজন রাজ প্রতিনিধি অবস্থিতি করিতেন। "অশোকের শিলা লিপি পাঠে অবগত হওয়া যায় যে, রাজ কর্ম্মচারীদিগের মধ্যে রাজপ্রতিনিধির পর রাজুকপদ সর্ব্বশ্রেষ্ঠ। রাজুকগণ রাজস্ব ও রাজ্য শাসন সম্বন্ধে প্রভূত ক্ষমতা পরিচালনা করিতেন। অপরাধী প্রজাকে শাস্তি প্রদান এবং উপযুক্ত ব্যক্তিগণকে সম্মান প্রদর্শন বিষয়ে তাঁহাদের সম্পূর্ণ স্বাধীনতা ছিল। প্রজার সুখ দুঃখের কারণ নির্দ্ধারণ করিয়া সর্ব্বতোভাবে তাহাদের কল্যাণ সাধনে রাজুকগণ সর্ব্বদা নিযুক্ত থাকিতেন। তাঁহারা অশোক প্রবর্ত্তিত ধর্ম্মবিধি প্রজামণ্ডলীকে জ্ঞাপন করিতেন, নানাবিধ সৎকার্য্যে উৎসাহ প্রদান করিতেন এবং সাধুদিগকে যথোপযুক্ত সম্মান প্রদর্শন করিতে নিয়ত আগ্রহান্বিত থাকিতেন। নরপতি অশোক তাঁহার চতুর্থ স্তম্ভলিপিতে উৎকীর্ণ করিয়াছেন যে, "যেমন সুনিপুণ ধাত্রীর প্রতি সন্তানের ভার অর্পণ করিয়া মানবগণ নিশ্চিন্ত ভাবে কালযাপন করে, আমিও তেমনি প্রকৃতি বর্গের সুখ সমৃদ্ধির জন্য রাজুকদিগকে নিয়োজিত করিয়া নিশ্চিন্ত আছি। স্বাধীন ভাবে, নির্ব্বিঘ্নে এবং শান্তমনে তাঁহারা যাহাতে স্বীয় স্বীয় কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিতে পারেন, তন্নিমিত্ত রাজ্য শাসন বিষয়ে তাহাদিগকে সম্পূর্ণ স্বাধীনতা প্রদান করিয়াছি।"

বস্তুতঃ রাজুকগণ রাজ্য শাসন সম্বন্ধে যখন যেরূপ আদেশ প্রদান করিতেন, একমাত্র সম্রাট ভিন্ন অপর কেহই তাহা প্রতিরোধ করিতে সমর্থ হইতেন না। রাজুকগণের পর প্রাদেশিকের পদ। প্রাদেশিকগণ রাজুকদিগের আজ্ঞাপালন পূর্ব্বক রাজকার্য্যে তাঁহাদের সহায়তা করিতেন। রাজুক ও প্রাদেশিকের সাধারণ নাম মহামাত্র। রাজুক, প্রাদেশিক, যুক্ত এবং অযুক্তগণ মিলিত হইয়া রাজকার্য্য পরিচালনা করিতেন। সকল প্রকার রাজকার্য্যই লেখক শ্রেণীরদ্বারা নির্ব্বাহিত হইত। অশোকের সময় রাজ্যের আভ্যন্তরীণ শাসন প্রণালী যে সম্পূর্ণ সুনিয়ন্ত্রিত ছিল, তাহা এই শাসন বিভাগ দ্বারা সম্পূর্ণ প্রতিপন্ন হইতেছে। রাজুক, প্রাদেশিক, যুক্ত এবং অযুক্তগণ প্রত্যেক পাঁচ বৎসর অন্তর রাজকার্য্য এবং প্রজার অবস্থা পরিদর্শন পূর্ব্বক প্রজামণ্ডলীকে সমবেত করিয়া আবশ্যক মত অশোকের রাজনিতি এবং ধর্ম্মবিধি সম্বন্ধে উপদেশ প্রদান করিতেন।

অযুক্ত দিগের কার্য্য অনেকটা শাসন কার্য্যের মতই ছিল। ইঁহারা সাম্রাজ্যের সর্ব্বত্র শান্তি রক্ষা কার্য্যে নিযুক্ত থাকিতেন। মহামাত্রগণের উপর এক একটি প্রদেশের শাসন ভার অর্পিত ছিল। ইহারা দোষী ও নির্দ্দোষের বিচার করিয়া রাজবিধানানুযায়ী দণ্ড প্রদান করিতেন। ইংরাজ ঐতিহাসিকগণ রাজুক গণকে কমিশনার, প্রাদেশিকদিগকে ডিষ্ট্রীক্ট অফিসার নামে অভিহিত করিয়াছেন।" *

রাজস্ব কর্ম্মচারিগণ রাজস্ব সংগ্রহ করিতেন। ভূমির রাজস্বই মৌর্য্য সাম্রাজ্যের আয়ের প্রধান উপায় ছিল। সমস্ত কৃষিভূমি রাজসম্পত্তি রূপে গণ্য ছিল। উৎপন্ন শস্যের এক চতুর্থাংশ রাজকর রূপে গৃহীত হইত। কোন কোন স্থলে এতদ্ব্যতীত অতিরিক্ত করও আদায় করিবার নিয়ম ছিল। প্রকৃতি পুঞ্জের যাতায়াতে সুবিধার জন্য রাজব্যয়ে পথ সমূহ নির্ম্মিত হইত এবং রাজকর্ম্মচারিগণ তাহার তত্ত্বাবধান করিতেন। রাজপথে দূরত্ব জ্ঞাপক স্তম্ভ সকল প্রতিষ্ঠিত ছিল। অশোকের আদেশে রাজ কর্ম্মচারিগণ বৃক্ষ রোপণ করিয়া পথ সমূহ ছায়াশীতল করিয়া ছিলেন। পথিকদের ব্যবহারার্থ পথপার্শ্বে স্থানে স্থানে কূপ খনিত হইয়াছিল। মহারাজ অশোক কৃষিকার্য্যের উন্নতির জন্য নানা উপায় অবলম্বন করিয়াছিলেন। রুদ্রদামের শিলালিপি পাঠ করিলে আমরা জানিতে পারি যে, সুরাটের শাসন কর্ত্তা কৃষি কার্য্যের জন্য গির্ণার হ্রদের জল ব্যবহারের সৌকর্য্যার্থ কৃত্রিম খাল খননও সেতু নির্ম্মাণ করেন। রাজধানী পাটলি পুত্র হইতে সহস্র মাইল দূরবর্ত্তী স্থানের ও কৃষিকার্য্যের উন্নতি সাধন জন্য মহারাজ অশোক কীদৃশ অবহিত ছিলেন, তাহার সাক্ষ্য রূপে এই শিলালিপি বিদ্যমান রহিয়াছে।

সুবিশাল মৌর্য্য সাম্রাজ্যের রাজধানী পাটলিপুত্র জনপূর্ণ, বহ্বায়তন এবং বিচিত্র হর্ম্ম্যরাজিশোভিত ছিল। হিউএনৎ সঙ্গের মতে অশোকের রাজধানী দানবকর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল। তাদৃশনগরীর বাণিজ্য স্রোত শতমুখে প্রবাহিত হইত। এই বাণিজ্য সুনিয়ন্ত্রিত করিবার জন্য বিবিধ বিধান প্রবর্ত্তিত হইয়াছিল। এজন্য কর্ম্মচারিগণ ছয় শ্রেণীতে বিভক্ত হইয়াছিলেন প্রথম শ্রেণীর কর্ম্মচারিগণ শিল্পি ও শিল্পকার্য্যের তত্ত্বাবধান করিতেন। দ্বিতীয় শ্রেণীর কর্ম্মচারিগণ বিদেশীয়দের তত্ত্বাবধান করিতেন, তাঁহারা রোগের সময় চিকিৎসা এবং মৃত্যু অন্তে সৎকারের ব্যবস্থা করিতেন। বিদেশীয়দের পরিত্যক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণের ভারও তাঁহাদের হস্তে ন্যস্ত ছিল। তাঁহারা বিদেশীয়দের স্বদেশ গমন কালে তাদের সঙ্গে উপযুক্ত সংখ্যক রক্ষী দিতেন। তৃতীয় শ্রেণীর কর্ম্মচারিগণ জন্ম মৃত্যুর তালিকা রাখিতেন, নিয়মিত রাজস্ব সংগ্রহ জন্য এইরূপ তালিকার প্রয়োজন ছিল। চতুর্থ শ্রেণীর কর্ম্মচারীর উপর ব্যবসায় বাণিজ্য সম্বন্ধীয় রক্ষণাবেক্ষণ এবং করসংগ্রহের ভার ন্যস্তছিল। পঞ্চম শ্রেণীর কর্ম্মচারিগণ শিল্পজাত দ্রব্যের বিক্রয় সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহ করিতেন, ষষ্ঠশ্রেণীর কর্ম্মচারীদের হস্তে সর্ব্বপ্রকার বিক্রীত দ্রব্যের কর আদায় করিবার ভার ন্যস্ত ছিল।

অশোকের রাজত্ব কালে মৌর্য্য সাম্রাজ্যের শাসন ব্যবস্থা কিপ্রকার ছিল, আমরা তাহার রেখাপাতমাত্র করিলাম, মহারাজ স্বয়ং অনলস ভাবে সমস্ত কার্য্যের পর্য্যবেক্ষণ করিতেন। উৎপীড়িত প্রজাকুলের পক্ষে রাজদ্বার অবারিত ছিল, তাহারা আপনাদের ইচ্ছামত সর্ব্বক্ষণ রাজসমীপে উপস্থিত হইয়া আপনাদের অভিযোগ নিবেদন করিতে পারিত। বস্তুতঃ তিনি প্রজাপালন জন্য সর্ব্ব প্রকার শ্রম সহ্য করিতেন। প্রজাবর্গ তাঁহার অপত্য তুল্য ছিল; প্রজাপালন জন্য তাঁহার অপরিসীম আগ্রহ ছিল। আমরা এই মত সমর্থনার্থ তাঁহার ধৌলাগিরিলিপির কিয়দংশের বঙ্গানুবাদ প্রদান করিতেছি। "তোষলির শাসন ভারপ্রাপ্ত কর্ম্মচারীদিগকে নিম্নলিখিত উপদেশ দেওয়া যাইতেছে। আমি আমার মত যথার্থই কার্য্যে পরিণত এবং উপযুক্ত উপায়ে তাহা সম্পাদিত হইবার অভিলাষ করি, এবং আমার বিবেচনায় এই উদ্দেশ্য সম্পাদনের

* অশোক (শ্রীযুক্ত চারুচন্দ্র বসু) হইতে উদ্ধৃত। কিঞ্চিৎ পরিবর্ত্তিত।

প্রধান উপায় আমার এই উপদেশ সমূহ। কারণ সাধু পুরুষদের প্রীতিলাভ করিবার জন্য তোমরা লক্ষ লক্ষ নর নারীর উপর কর্ত্তৃত্ব ভার প্রাপ্ত হইয়াছ। সমস্ত মনুষ্য আমার সন্তান, যেমন আমি ইচ্ছা করি যে, আমার সমস্ত সন্তান ইহকালে এবং পরকালে সমস্ত সুখ ও উন্নতি উপভোগ করিবে, সেই ভাবে সমস্ত লোকের সুখ ও উন্নতির জন্য ও আমার ইচ্ছা। তোমরা যতদূর সম্ভব সুফল লাভ করিতে অসমর্থ রহিয়াছ। অনেক লোক কেবল আংশিক ভাবে আমার উপদেশ পালন করে। সমগ্র উপদেশ পালন করিতে অবহিত নয়। এইরূপ লোকের প্রতি দৃষ্টি রাখিবে, যেন নৈতিক নিয়ম প্রতিপালিত হয়। অনেক লোক কারাগারে প্রেরিত অথবা যন্ত্রণা প্রাপ্ত হইয়াছে। অপ্রয়োজনীয় কারাবাস অথবা যন্ত্রণা প্রদান নিবারণ জন্য প্রস্তুত থাকিবে। ঈর্ষ্যা, অধ্যবসায়ের অভাব, কঠোরতা, অসহিষ্ণুতা, নিপুণতার অভাব, আলস্য এবং অসংযম সাফল্য লাভের অন্তরায়।"

অশোক এই লিপিতে লিখিয়াছেন যে, সমস্ত লোক তাঁহার অপত্য তুল্য। ইহা তাহার সুগভীর বিশ্ব মানব প্রীতির পরিচায়ক। এই মানব প্রীতিধর্ম্মভাব সঞ্জাত। অশোকের ধর্ম্মভাব বিস্ময়কর। আমরা যতই তদ্বিষয়ে আলোচনা করি, ততই আমাদের মস্তক তাঁহার উদ্দেশ্যে ভক্তি ও শ্রদ্ধায় অবনত হইয়া পড়ে, অশোকের ধর্ম্ম ভাব প্রথমেই পূর্ণ মাত্রায় প্রস্ফুট হয় নাই। ক্রমাভিব্যক্তির নিয়মানুসারে পর্য্যায় মত পূর্ণতা লাভ করে এই ক্রমাভিব্যক্তির বিবরণ শান্তি রসাস্পদ এবং সর্ব্বথা আলোচনার যোগ্য। আমরা সংক্ষেপে সে বিবরণ উপহার দিতেছি। এতদর্থে প্রথম ক্ষুদ্রগিরি লিপির এবং অষ্টম গিরিলিপির আংশিক অনুবাদ প্রদত্ত হইতেছে। মহিমান্বিত রাজা অনুজ্ঞা করিতেছেন, আমি সার্দ্ধ দুই বৎসর অপেক্ষাও অধিককাল উপাসক শিষ্য মাত্র ছিলাম, নিজে সবিশেষ পরিশ্রম করি নাই। ছয় বৎসর অথবা ততোধিক কাল অবধি আমি সঙ্ঘে যোগ দান করিয়াছি এবং নিজে কঠোর শ্রম করিতেছি। এবং এই সময় মধ্যে যাহারা সমগ্র ভারতবর্ষে যথার্থ মনুষ্যরূপে পরিগণিত ছিল, তাহারা আপন আপন দেবতাসহ মিথ্যা বলিয়া প্রমাণীকৃত হইয়াছে। (১) (অতঃপর) মহিমান্বিত রাজা প্রিয়দর্শী সত্য জ্ঞান পথে (সম্যক দৃষ্টি, সম্যক সংকল্প, সম্যক বাক্, সম্যক সদ্ব্যবহার, সম্যক উপজীবিকা আহরণ, সম্যক ব্যায়াম, সম্যক স্মৃতি এবং সম্যক সমাধি দ্বারা অর্হৎত্ব লাভ উদ্দেশ্যে) যাত্রা করিয়াছেন। (২)

যে ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক দ্বিতীয় ইন্দ্রতুল্য সম্রাট্ অশোক অর্হৎত্ব লাভ উদ্দেশ্যে সমস্ত ঐহিক সুখ তুচ্ছ করিয়াছিলেন, যে ধর্ম্মের জন্য তিনবার সমগ্র জম্বুদ্বীপ উৎসর্গ করিয়াছিলেন এবং তিন বারই স্বীয় রত্ন ও ধন ভাণ্ডার প্রদান করিয়া সে বন্ধন মুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন, সে ধর্ম্মের প্রকৃতি আলোচনা করিতে স্বভাবতঃই আমাদের আগ্রহ জন্মে। ধর্ম্মপ্রাণ অশোকের ধর্ম্মমত কিরূপ ছিল, তাহা জানিবার জন্য আমাদের স্বভাবতঃই কৌতুহল উপস্থিত হইয়া থাকে। তাঁহার অনুশাসন লিপি সকল আলোচনা করিলে আমরা তাঁহার ধর্ম্মমত অবগত হইতে পারি। অশোকের ধর্ম্মমত কিরূপ ছিল, তাহা আমরা সংক্ষেপে প্রদর্শন করিতেছি। তৎকালে ভারতবর্ষে তিন শ্রেণীর বৌদ্ধ ধর্ম্মার্থী পরিদৃষ্ট হইত। (১) অর্হৎত্ব অভিলাষী (২) পরিব্রাজক এবং (৩) উপাসক। এই তিন শ্রেণীর ধর্ম্মমত মূলতঃ একরূপ হইলেও অনেক বিষয়ে প্রভেদ ছিল। অশোকের অনুশাসন লিপি হইতে আমরা যে ধর্ম্মমত অবগত হইয়া থাকি, তাহা উপাসক অর্থাৎ সর্ব্ব সাধারণের জন্য প্রচারিত হইয়াছিল, আমরা এখন অশোকের কতিপয় লিপির মর্ম্মানুবাদে প্রবৃত্ত হইলাম।

---

(১) প্রথম ক্ষুদ্র গিরিলিপি।

(২) অষ্টম গিরিলিপি। সম্যক সংকল্প, সংকল্প ঠিক রাখা। সম্যক বাক্,—সত্য, সরল, প্রিয় বাক্য বলা। সম্যক সদ্ব্যবহার,—সদাচরণ। সম্যক জীবিকা আহরণ, সর্ব্বভূতে অহিংসাপূর্ণ সাধু জীবিকা অবলম্বন। সম্যক ব্যায়াম,—আত্ম সংযম প্রভৃতি উপায়ে আত্মোৎকর্ষ সাধন। সম্যক স্মৃতি, ধারণা ঠিক রাখা। সম্যক সমাধি, জীবনের সুগভীর তত্ত্ব সমূহের ধ্যান, মনন, নিদিধ্যাসন।

He had set out for the Sambodhi, that is to say, he had set out, along the Aryan Eightfold Path, towards the attainment of the state of mind called Arhatship Buddhist India Page 283.

প্রথম গিরিলিপি,—(১) কোন জীবের বলিদান হইবে না। (২) জাতীয় ভোজের উৎসব হইবে না।

তৃতীয় গিরিলিপি,—(৩) পিতা মাতার অনুগত থাকা কর্ত্তব্য। (৪) বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন, ব্রাহ্মণ এবং সন্ন্যাসীগণের সঙ্গে উদার ব্যবহার করা কর্ত্তব্য। (৫) কোন প্রাণীকে আঘাত করিবে না। (৬) মিতব্যয়ী হইবে এবং কলহ হইতে দূরে থাকিবে।

সপ্তম গিরিলিপি,—দীন দরিদ্রের পক্ষেও (৭) আত্মজয় (৮) আন্তরিক পবিত্রতা (৯) কৃতজ্ঞতা (১০) বিশ্বস্ততা সকল সময়েই সম্ভবপর এবং কর্ত্তব্য।

নবম ও একাদশ গিরিলিপি,—(১১) মানবমণ্ডলী সৌভাগ্য লাভোদ্দেশ্যে পীড়া, বিবাহ এবং সন্তানের জন্য অথবা দূরদেশে যাত্রাকালে ব্রত ও উৎসবাদি ক্রিয়া করে। ইহা কুরীতি, ইহা নিষ্ফল। ধর্ম্মপালনই প্রকৃত সৌভাগ্য ব্রত ও উৎসব। এই ব্রত-উৎসব কুরীতি নহে, পরন্তু সুফলপূর্ণ। ক্রীতদাস ও ভৃত্যের সঙ্গে সদ্ব্যবহার, আচার্য্যদিগকে সম্মান প্রদর্শন ও প্রাণীর সহিত সংযত ব্যবহার ব্রাহ্মণ এবং সন্ন্যাসীদিগকে দান, সমস্তই এই ব্রত উৎসবের অন্তর্গত। ধর্ম্মানুসারে এই সকল এবং এই সকলের ন্যায় অন্যান্যই প্রকৃত উৎসব এবং ব্রত। এ জন্য যে কেহ, পিতা, ভ্রাতা, অথবা প্রভু এই সকল বিষয়ে দৃষ্টি করিবেন এবং বলিবেন, ইহাই কর্ত্তব্য; চির সুফল লাভ জন্য এই উৎসব এবং ব্রত সম্পন্ন করা কর্ত্তব্য। দান কর্ত্তব্য। কিন্তু কোন দান, কোন সাহায্যই অন্যকে ধর্ম্মদান এবং অন্যের ধর্ম্মলাভের সহায়তা করার তুল্য নহে।

দ্বাদশ গিরিলিপি,—(১২) উদারতা। প্রত্যেক ব্যক্তিকেই সম্মান করিতে হইবে, অন্য সম্প্রদায়ের গৃহী এবং গৃহত্যাগী সন্ন্যাসী, সকলকেই সম্মান প্রদর্শন করা কর্ত্তব্য। এক সম্প্রদায় স্বসম্প্রদায়ের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন জন্য অন্য সম্প্রদায়ের নিন্দাবাদ করিবে না। আলাপে সংযম প্রার্থনীয়। প্রত্যেক মানুষই স্বসম্প্রদায়ের সারাংশ গ্রহণ পূর্ব্বক উৎকর্ষ লাভ করুক।

দ্বিতীয় স্তম্ভলিপি, (১৩) ধর্ম্ম অবশ্য পালনীয়, কিন্তু ধর্ম্ম কি? মোহের অভাব, পরোপকার, দয়া, উদারতা, সততা এবং পবিত্রতাই ধর্ম্ম।

তৃতীয় স্তম্ভলিপি,—(১৪) মানুষ কেবল নিজের সৎকর্ম্ম দেখিতে পায়। মানুষ বলে, আমি এই সৎকার্য্য করিয়াছি। মানুষ তাহার অসৎকর্ম্ম সম্বন্ধে অন্ধ হয়।

মানুষ কখনও বলে না, আমি এই অসৎ কর্ম্ম করিয়াছি। এইরূপ আত্মপরীক্ষা দুর্লভ। মনুষ্য সর্ব্বদা সতর্ক থাকিবে এবং বলিবে, এইরূপ কার্য্য অর্থাৎ ক্রোধ, অহঙ্কার নির্দ্দয়তা এবং পাশবাচার পাপজনক। আমি অসূয়ার বশবর্ত্তী হইয়া কখনও লোকনিন্দা করিব না। ইহা ইহকালে শুভকর, পরকালেও নিশ্চয় শুভকর হইবে।

এই সকল অনুশাসন-লিপিতে ঈশ্বর, আত্মা, বুদ্ধ, বৌদ্ধধর্ম্ম প্রভৃতির কোন প্রসঙ্গ লিপিবদ্ধ হয় নাই। কোন নূতন তত্ত্ব সমাবিষ্ট হয় নাই। কোন যুক্তিতর্কের অবতারণা করা হয় নাই। কেবল বৌদ্ধধর্ম্মানুমোদিত সরল নীতিতত্ত্ব সরলভাবে প্রচারিত হইয়াছে এবং তাহা পালন করিতে ভূয়োভূয়ঃ উপদেশ প্রদত্ত হইয়াছে। এই ধর্ম্ম মনুষ্যের হৃদয়ের কন্দর হইতে স্বাভাবিক শোভায় বিনিঃসৃত হইয়া দিগন্ত প্রমোদিত করিয়া থাকে। মহাপ্রাণ অশোক এই সার্ব্বজনীন ধর্ম্ম বিশ্বমানবের সম্মুখে প্রতিষ্ঠিত করিয়া তাহাকে মহত্ত্ব ও মাধুরী এবং প্রীতি ও নীতির ভিন্ন ভিন্ন পটলে অভ্যস্ত করিবার জন্য আমরণ মহা সাধনায় নিরত ছিলেন। এই মহা সাধনাই প্রধানতঃ তাঁহাকে চিরদিনের জন্য কীর্ত্তিমন্দিরে প্রতিষ্ঠিত করিয়াছে। তাঁহার অমরলোকে প্রস্থানের পর প্রায় সার্দ্ধবিংশতাধিক দ্বিসহস্র বৎসর অতিবাহিত হইয়াছে, আজও তাঁহার পবিত্র নাম স্মরণে কোটি কোটি মানব-হৃদয়-বিমল আনন্দ রসে সিক্ত হইয়া থাকে।

আমরা অশোকের সে মহাসাধনার বর্ণনায় প্রবৃত্ত হইলাম। মহারাজ অশোকের রাজত্বকালে বৌদ্ধধর্ম্মের বয়ঃক্রম ন্যূনাধিক আড়াইশত বৎসর হইয়াছিল। তৎকালে ভারতবর্ষ এবং ভারতবর্ষের বহির্ভাগে বৌদ্ধ ধর্ম্মাবলম্বীর সংখ্যা কত ছিল তাহা নির্ণয় করিবার উপায় নাই। কিন্তু বৌদ্ধধর্ম্মাবলম্বীরা নানাদলে

বিভক্ত হইয়া পড়িয়াছিল। তাহাদের মধ্যে যথেষ্ট মত-ভেদ ও বিরোধ উপস্থিত হইয়াছিল। বস্তুতঃ তাহারা ঐ সময়ে ১৮টী স্বতন্ত্র দলে বিভক্ত ছিল। মহারাজ অশোক বৌদ্ধধর্ম্ম প্রচারে প্রবৃত্ত হইয়া দেখিতে পাইলেন যে, আপন সঙ্কল্প সিদ্ধির জন্য বিভিন্ন বৌদ্ধমত ও দলের মধ্যে ঐক্য স্থাপন করা আবশ্যক। এই কারণ তিনি পাটলিপুত্র নগরে বৌদ্ধ আচার্য্যগণের এক সভা আহ্বান করেন। "অশোকের সভায় বৌদ্ধশাস্ত্র পুনর্ব্বার সমালোচিত ও স্থিরীকৃত হয়। ঐ শাস্ত্র তিন প্রকার, বিনয়পিটক, সূত্রপিটক ও অভিধর্ম্ম পিটক। (১) এই তিনের সমবেত নাম ত্রিপিটক। ইহাতে বৌদ্ধ সম্প্রদায়ের মত ও বিশ্বাস, অনুষ্ঠান প্রণালী, প্রায়শ্চিত্ত বিধান-নীতি, উপাখ্যান, দর্শন শাস্ত্র প্রভৃতি নিবেশিত আছে।" (২)

মহারাজ অশোক ধর্ম্ম প্রচারে ব্রতী হইয়া যে সকল উপায় অবলম্বন করেন, তন্মধ্যে ধর্ম্ম সভার আহ্বান অন্যতম ছিল। তাঁহার অবলম্বিত অন্যান্য উপায়ের সবিস্তার পরিচয় দিবার পূর্ব্বে আমরা সপ্তম স্তম্ভলিপির আংশিক বঙ্গানুবাদ প্রদান করিতেছি। মহিমান্বিত রাজা প্রিয়দর্শী এইরূপ বলিতেছেন,—পুরাকালে যে সকল রাজা রাজত্ব করিয়াছিলেন, তাঁহারা ইচ্ছা করেন যে, লোকসকল ধর্ম্মের বিকাশ সাধন করিবে। কিন্তু তাহারা আশানুরূপভাবে ধর্ম্মের বিকাশ সাধন করে নাই। আমার মনে এই চিন্তা উপস্থিত হয় যে, প্রাচীন রাজন্যগণ লোকসকল কর্ত্তৃক ধর্ম্ম বিকাশের কামনা করিয়াছিলেন, কিন্তু ধর্ম্ম এই আশানুরূপ বিকাশ প্রাপ্ত হয় নাই। কি উপায় অবলম্বন করিলে মানবজাতি আজ্ঞাপালন করিতে প্রবৃত্ত হইবে? কি উপায়ে তাহারা আশানুরূপ ধর্ম্মের বিকাশ সাধন করিতে পারে? কি উপায়ে আমি ধর্ম্মের বিকাশ সাধনোদ্দেশ্যে অন্ততঃ তাহাদের কতকাংশ উন্নীত করিতে পারি? এই কারণে আমি ধর্ম্মোপদেশ প্রচার করিতে এবং ধর্ম্ম শিক্ষার বিধান করিতে সংকল্প করিয়াছি। তাহা হইলেই তাহারা এই সকল শুনিয়া সৎপথাবলম্বী হইবে এবং আপনাদিগকে উন্নীত করিবে। এই উদ্দেশ্যে আমি ধর্ম্মোপদেশ প্রচার করিতেছি এবং ধর্ম্ম শিক্ষা দান করিতেছি। তজ্জন্য আমি অনেক কর্ম্মচারী নিযুক্ত করিয়াছি। তাহারা ধর্ম্মোপদেশ ও ধর্ম্মশিক্ষা দান করিবে। সহস্র সহস্র লোকের তত্ত্বাবধান জন্য রাজুগণ নিযুক্ত হইয়াছে। তাহারা ধর্ম্মোপদেশ দান জন্য আদেশ প্রাপ্ত হইয়াছে। এই উদ্দেশ্যের অধিকতর সাধন জন্য আমি ধর্ম্মস্তম্ভ সকল প্রতিষ্ঠিত করিয়াছি। আমি ধর্ম্ম মহামাত্রগণকে নিযুক্ত করিয়াছি এবং ধর্ম্মোপদেশ প্রদান করিয়াছি। আমি মানুষ এবং পশুকে ছায়াদান জন্য পথপার্শ্বে বটবৃক্ষ সকল রোপণ করাইয়াছি। আমি আম্রকানন সকল প্রস্তুত করাইয়াছি। প্রত্যেক অর্দ্ধক্রোশ ব্যবধানে কূপ সকল খনিত হইয়াছে, বিশ্রাম-গৃহ সকল নির্ম্মিত হইয়াছে। লোকের হিত-সাধন জন্য পূর্ব্ববর্ত্তী রাজন্যগণও এইরূপ কার্য্য করিয়াছেন। কিন্তু আমি মনুষ্যকে ধর্ম্মাধীন করিবার উদ্দেশ্যেই এইরূপ করিয়াছি। * * মহামাত্র এবং অন্যান্য রাজপুরুষ রাজার এবং রাণীদের অর্থ বিতরণার্থ নিযুক্ত রহিয়াছে। * * আমি যে কিছু সৎকার্য্য করি, লোকেরা তাহার অনুকরণ করে এবং তজ্জন্য পিতা মাতার আজ্ঞা পালন, গুরুর আজ্ঞা পালন, বৃদ্ধদের প্রতি সম্মান, ব্রাহ্মণ, সন্ন্যাসী, দরিদ্র এবং হতভাগ্যদের সহিত, এমন কি, ক্রীতদাস ও ভৃত্যের সহিত

---

(১) বিনয়পিটক অংশে বৌদ্ধসঙ্ঘ সম্বন্ধীয় নিয়মাবলী লিপিবদ্ধ রহিয়াছে। বুদ্ধদেবের উপদেশাবলী লইয়া সুত্ত, পিটক অংশ রচিত। বৌদ্ধ দর্শনের নাম অভিধর্ম্ম পিটক।

(২) শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর প্রণীত 'বৌদ্ধধর্ম্ম'। অশোকের ধর্ম্মসভার উল্লেখ অশোক-অবদান অথবা অন্য কোন ভারতীয় গ্রন্থে নাই। চৈনিক পরিব্রাজকগণও ইহার কোন প্রসঙ্গ লিপিবদ্ধ করেন নাই। অশোকের অনুশাসন-লিপিতেও এতৎসম্বন্ধীয় প্রমাণ নাই। কেবল সিংহল দেশীয় মহাবংশ এবং অন্যান্য গ্রন্থে অশোকের ধর্ম্ম সভার বিবরণ দেখিতে পাওয়া যায়। এজন্য অনেক ইউরোপীয় পণ্ডিত ইহার বিবরণ কল্পনা-প্রসূত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু ওল্ডেনবার্গ প্রমুখ পণ্ডিতগণ সিংহলদেশীয় বিবরণে আস্থা স্থাপন করিয়া অশোকের ধর্ম্মসভা ঐতিহাসিক ঘটনারূপে নির্দ্দেশ করিয়াছেন।

সদ্ব্যবহার সম্বন্ধে তাহাদের উন্নতি হইয়াছে এবং হইবে। * * * দুই উপায়ে লোকের ধর্ম্মবিকাশের সহায়তা করা হইয়াছে। যথা, ধর্ম্মসঙ্গত বিধান এবং ধ্যানের প্রবর্ত্তন। ইহার মধ্যে ধর্ম্মসঙ্গত বিধানের প্রবর্ত্তন সামান্য ফলকর। ধ্যান অতি শ্রেয়ঃ। * * *

আমরা অশোকের এই লিপিপাঠ করিয়া জানিতে পারি যে, তিনি মানবমণ্ডলীতে ধর্ম্ম প্রচার জন্য অষ্টবিধ উপায় অবলম্বন করিয়াছিলেন। যথা (১) ধর্ম্মোপদেশ দান, (২) অনুশাসন লিপি প্রচার, (৩) মানুষ ও পশুর সুখসাধন, (৪) ধর্ম্ম মহামাত্রার নিয়োগ, (৫) দাতব্য বিভাগের প্রতিষ্ঠা, (৬) ধর্ম্মসঙ্গত বিধানের প্রবর্ত্তন। (৭) ধ্যানের প্রবর্ত্তন, (৮) রাজচরিত্রের দৃষ্টান্ত প্রদর্শন।

এখন আমরা এই সকল বিষয় সম্বন্ধে বিস্তৃত আলোচনা করিতেছি। ধর্ম্মপ্রাণ মহারাজ অশোক ধর্ম্মোপদেশ প্রদান জন্য বহুসংখ্যক প্রচারক নিযুক্ত করিয়াছিলেন, এই সকল প্রচারকের যত্নে ও উদ্যোগে ভারতবর্ষে ও ভারতবর্ষের বহির্ভাগে বৌদ্ধধর্ম্মের মহিমা বিঘোষিত হইয়াছিল এবং অসংখ্য নরনারী সে ধর্ম্মের শরণাপন্ন হইয়া শান্তিলাভ করিয়াছিল, এতৎসম্বন্ধে আমরা অশোকের ত্রয়োদশ অনুশাসন লিপি হইতে জানিতে পারি, যে সিরিয়া, মিশর, ফিলাডেলফাস্, মাকিডন এবং এপিরাশ নামক পঞ্চ গ্রীক রাজ্যের অধিপতিগণ তাঁহার সহিত মিত্রতাসূত্রে আবদ্ধ ছিলেন। অশোক তাঁহাদের সম্মতি ক্রমে তাঁহাদের রাজ্যে বৌদ্ধধর্ম্ম প্রচার জন্য প্রচারক প্রেরণ করিয়াছিলেন, ঐ সকল দেশ ব্যতীত আরও নানাস্থানে মহারাজ অশোক বৌদ্ধধর্ম্মের প্রচারক প্রেরণ করিয়াছিলেন।

মহাবংশে ঐ সকল স্থানের একটী তালিকা দেখিতে পাওয়া যায়। আমরা এখানে সে তালিকাটী উদ্ধৃত করিতেছি।

	দেশের নাম।	প্রচারকের নাম।
১।	কাশ্মীর ও গান্ধার।	মজঝন্তিক।
২।	মহিষামণ্ডল। (গোদাবরী নদীর দক্ষিণ অংশ)	মহাদেব।
৩।	বনবাসী (কর্ণাট-মহীশূর)	রক্ষিত।
৪।	অপরান্ত (সিন্ধুনদের পশ্চিম-দিগস্থ ভারতের বহির্ভূত ব্যাক্‌ট্রিয়া, পারস্য প্রভৃতি দেশ সকল)	যোগ, ধর্ম্ম ও রক্ষিত।
৫।	মহারাষ্ট্র।	মহাধর্ম্ম রক্ষিত।
৬।	যোগলোক (গ্রীস)	মহারক্ষিত।
৭।	হিমবন্ত (মধ্যহিমালয় অর্থাৎ তিব্বত প্রভৃতি)	ঝিম, দুরভিসার এবং মূসকদেব।
৮।	সুবর্ণভূমি (সম্ভবতঃ মলয় উপদ্বীপ, সিঙ্গাপুর, রেঙ্গুন প্রভৃতি স্থান)	সেন এবং উত্তর।
৯।	লঙ্কা।	মহেন্দ্র প্রভৃতি।

খৃষ্টীয় সপ্তম শতাব্দীতে চৈনিক পরিব্রাজক হিউএন্থ্‌সঙ্গ ভারতবর্ষের সুদূর দক্ষিণে চোল ও পাণ্ড্য নামক রাজ্যদ্বয়ে অশোক নির্ম্মিত স্তূপ দেখিয়াছিলেন। অশোকের অনুশাসন লিপিতেও এই দুই স্বাধীনরাজ্যে প্রচারক প্রেরণের উল্লেখ দেখিতে পাওয়া যায়। খৃষ্টীয় সপ্তম শতাব্দীতে কাবেরী নদীর দক্ষিণে মানকূট নামক রাজ্য বিদ্যমান ছিল। এই রাজ্য সম্বন্ধে চৈনিক পরিব্রাজক লিখিয়া গিয়াছেন যে, রাজধানীর অদূর পূর্ব্বদিকে একটি অর্দ্ধভগ্ন সঙ্ঘারাম বিদ্যমান ছিল। এই সঙ্ঘারাম অশোক রাজার ভ্রাতা মহেন্দ্র কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল। এই সঙ্ঘারামের পূর্ব্বদিকে একটি স্তূপ বিদ্যমান ছিল। মহারাজ অশোক ইহার নির্ম্মাতা ছিলেন। ফলতঃ ভারতবর্ষের সুদূর দক্ষিণ প্রদেশ অশোকের শাসনাধীন না হইলেও তথায় অশোকের সাধনায় বৌদ্ধ ধর্ম্মের বিজয় নিশান উড্ডীন হইয়াছিল। সিংহলদেশীয় গ্রন্থে এইরূপ লিখিত হইয়াছে যে, তদ্দেশীয় রাজার অনুরোধে মহারাজ অশোক স্বীয়-পুত্র মহেন্দ্র এবং কন্যা সঙ্ঘমিত্রাকে তথায় ধর্ম্মপ্রচারার্থ প্রেরণ করেন এবং তাঁহাদের অক্লান্ত প্রচারের ফলে সিংহলের অধিবাসীরা বৌদ্ধধর্ম্মের আশ্রয় গ্রহণ করে। হিউএন্থ্‌সঙ্গ মহেন্দ্রকে অশোকের কনিষ্ঠ ভ্রাতারূপে উল্লেখ করিয়াছেন। ফাহিয়ানও এইরূপই লিখিয়াছেন। হিউএন্থ্‌সঙ্গ প্রদত্ত বিবরণানুসারে মহেন্দ্র নিষ্ঠুর-স্বভাব, যথেচ্ছাচারী ও অপরিমিতব্যয়ী ছিলেন। প্রকৃতিপুঞ্জ তদীয় উৎপীড়ন ও

অত্যাচারে অত্যন্ত অসন্তুষ্ট হয়। এজন্য মন্ত্রী এবং পুরাতন কর্ম্মচারীবৃন্দ তাঁহার বিরুদ্ধে রাজসকাশে অভিযোগ উপস্থাপিত করিয়াছিলেন। তাঁহারা মহারাজ অশোককে বলিয়াছিলেন,—অপক্ষপাতে শাসনকার্য্য নির্ব্বাহিত হইলে প্রজাকুল সন্তুষ্ট থাকে; যদি প্রজাকুল সম্মতি প্রকাশ করে, তবে শাসনকর্ত্তা শান্তিলাভ করেন। আমরা পুরুষানুক্রমে এই রাজনিয়ম দেখিয়া আসিতেছি। আমরা প্রার্থনা করি যে, মহারাজ এই চিরন্তন নিয়ম রক্ষা করিবেন, এবং কেহ তাহার অন্যথাচরণ করিতে প্রবৃত্ত হইলে, তাহাকে সমুচিত দণ্ড দিবেন। মহারাজ অশোক এই অভিযোগ শ্রবণ করিয়া দণ্ডবিধানের উদ্দেশ্যে মহেন্দ্রকে স্বসমীপে আনয়ন করেন। মহেন্দ্র এক সপ্তাহ সময় প্রার্থনা করেন। মহারাজ তাঁহার প্রার্থনা পূর্ণ করেন। সপ্তাহ মধ্যে মহেন্দ্রের অদ্ভুত পরিবর্ত্তন ঘটে। তিনি অনুশোচনা বলে অর্হৎত্ব লাভ করেন। অশোক তাঁহার তাদৃশ পরিবর্ত্তন দর্শনে প্রীতিলাভ করিয়া তাঁহাকে মার্জ্জনা করেন, এবং তাঁহার বাসের জন্য পর্ব্বতগুহায় গৃহ নির্ম্মাণ করিয়া দেন। ফাহিয়ান মহেন্দ্রকে প্রথমাবধি শান্তশিষ্ট এবং নির্জ্জন-প্রিয় গৃধ্রকূটবাসীরূপে চিত্রিত করিয়াছেন। তাঁহার মতে অশোক রাজা ভ্রাতা মহেন্দ্রকে রাজধানীতে আহ্বান করিয়া নির্জ্জন বাসের জন্য দানবদের সাহায্যে পর্ব্বত নির্ম্মাণ করিয়াছেন। মহেন্দ্র ধর্ম্মবলে অর্হৎত্ব লাভ করেন এবং যোগবলে শূন্যে ভ্রমণ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া সিংহলদেশে উপনীত হন। আমরা সিংহলে বৌদ্ধধর্ম্মের প্রতিষ্ঠা এবং মহেন্দ্র সম্বন্ধে যাহা লিখিলাম, তাহাতে সামঞ্জস্য নাই। এই সমস্ত পরস্পর-বিরোধী বিবরণের সামঞ্জস্য বিধান করিলে আমরা এই ঐতিহাসিক তথ্যে উপনীত হই যে, মহেন্দ্র নামক অশোকের একজন পরমাত্মীয় প্রথমে ভারতের দক্ষিণাঞ্চলে, তারপর সিংহলে ধর্ম্ম প্রচার করেন।

অশোকের আদেশে প্রচারকগণ ভারতে এবং ভারত ছাড়িয়া নানা দেশবিদেশে তাঁহার মতানুগত বৌদ্ধ ধর্ম্মের মহিমা কীর্ত্তন করিতে প্রবৃত্ত হয়। এতদ্ব্যতীত আর একটি অভিনব উপায় অবলম্বন করিয়া মহারাজ অশোক স্বীয় প্রকৃতিপুঞ্জের মধ্যে ধর্ম্মমত বিজ্ঞাপিত করিয়াছিলেন। সে সময় মুদ্রাঙ্কণ প্রথা ছিল না। পুস্তক কিম্বা গেজেটদ্বারা এখনকার রাজপুরুষেরা যেমন নিয়মাদি প্রকাশ করেন, তখন সেরূপ ছিল না। অথচ বৌদ্ধধর্ম্মের মত এবং মহারাজের অনুজ্ঞা অবগত করান আবশ্যক বলিয়া বোধ হইয়াছিল। অশোক একটি আশ্চর্য্য প্রণালী অবলম্বন করিয়া এই উদ্দেশ্য সাধন করিয়াছিলেন। তিনি নানাস্থানে শিলাস্তম্ভ এবং প্রস্তরফলক প্রতিষ্ঠা করিয়াছিলেন। তাঁহার যে সকল আজ্ঞা ও নিয়ম সময়ে সময়ে প্রকাশিত হইত, তাহা সুন্দর পরিষ্কার অক্ষরে এই সমুদয় স্তম্ভে ও ফলকে খোদিত করা হইত। * মহারাজের ঈদৃশ আদেশগুলি তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে;—(১) অশোক অনেক আদেশ পর্ব্বতগাত্রে খোদিত করিয়াছিলেন। (২) অশোকের অনেকগুলি আদেশ শিলাস্তম্ভে উৎকীর্ণ রহিয়াছে। (৩) এতদ্ব্যতীত পর্ব্বতগুহার অভ্যন্তরে আদেশ উৎকীর্ণ দেখা গিয়াছে। †

মহারাজ অশোক স্বধর্ম্মের প্রচার উদ্দেশ্যে মানুষ ও পশুর সুখবিধানকল্পে যে সকল অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা তদীয় দ্বিতীয় গিরিলিপিতে বর্ণিত হইয়াছে। আমরা এখানে ঐ গিরিলিপির অনুবাদ প্রদান করিলাম।—"দেবপ্রিয় প্রিয়দর্শী রাজার রাজ্যের প্রত্যেক

---

* ৺ কৃষ্ণবিহারী সেন।

† অনুশাসন লিপির তালিকা।

	সংখ্যা।	সময়।	অভিষেক বর্ষ।
ক্ষুদ্র গিরিলিপি	৩	২৫৭ খৃঃ পূঃ	ত্রয়োদশ।
ভাবরী লিপি	১	ঐ	ঐ
গিরিলিপি	১৪	২৫৭—২৫৮ "	ত্রয়োদশ ও চতুর্দ্দশ।
স্তম্ভলিপি	৭	২৪৩—২৪২ "	সপ্তবিংশতি ও অষ্টবিংশতি।
ক্ষুদ্র স্তম্ভলিপি	৪	২৪১—২৩২ "	ঊনবিংশৎ ও অষ্টত্রিংশৎ।
স্মারক লিপি	২	২৪৯ "	একবিংশতি।
গুহালিপি	১	২৫৭—২৫০ "	ত্রয়োদশ, বিংশতি।
কলিঙ্গলিপি	১	২৫৫—২৫৬ "	
প্রাদেশিকলিপি	১	২৫৬—২৫৫	
মোট সংখ্যা—	৩৪		

চারু বাবুর অশোক হইতে উদ্ধৃত।

স্থানে এবং সেইরূপে পার্শ্ববর্ত্তী রাজ্যসমূহে, চোল, পাণ্ড্য, সতিয় পুত্র এবং কেবল পুত্রে, সিংহলে, গ্রীকরাজ এণ্টিও-কাসের রাজ্যে ও এণ্টিওকাসের সামন্ত রাজগণের শাসিত প্রদেশে, সর্ব্বত্র মহিমান্বিত রাজা প্রিয়দর্শীর পক্ষ হইতে দুই প্রকার চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছে,—মানুষের চিকিৎসা ও পশুর চিকিৎসা। যে স্থানে রোগনাশক উদ্ভিজ, মানুষের প্রয়োজনীয় ঔষধ এবং পশুর প্রয়োজনীয় ঔষধ অপ্রাপ্য সেখানেই তৎসমুদয় নীত ও রোপিত হইয়াছে। এইরূপে যে সমস্ত স্থানে ফলমূলের অভাব পরিদৃষ্ট হইয়াছে, সে সমস্ত স্থানেই তৎসমুদয় নীত এবং রোপিত হইয়াছে। পথের পার্শ্বে মানুষ ও পশুর ব্যবহার জন্য বৃক্ষ রোপিত হইয়াছে, কূপ খণিত হইয়াছে।

প্রজাদিগকে ধর্ম্মের পথে রাখিবার জন্য অশোক ধর্ম্মমহামাত্রা নাম দিয়া বহুসংখ্যক ধর্ম্মোপদেষ্টা নিযুক্ত করেন। এতৎসম্বন্ধে বিস্তারিত বিবরণ প্রদান জন্য আমরা পঞ্চম গিরিলিপির অনুবাদ করিতেছি।—মহিমান্বিত রাজা প্রিয়দর্শী বলিতেছেন,—সৎকার্য্য কঠিন, সৎকর্ম্মকর্ত্তা কঠিন কার্য্য সম্পাদন করেন। আমার দ্বারা অনেক সৎকর্ম্ম সম্পাদিত হইয়াছে। যদি আমার পুত্র ও পৌত্রগণ এবং তাহাদের পরবর্ত্তী কল্পান্ত পর্য্যন্ত আমার উত্তরাধিকারিগণ আমার অবলম্বিত পথে গমন করে, তবে তাহারা সৎকর্ম্ম করিবে। যে কেহ এই অনুশাসন অবহেলা করিবে, সে অপকার্য্য করিবে; কারণ পাপকার্য্য সহজেই সম্পন্ন হইয়া থাকে। সুদীর্ঘ অতীতকাল অবধি ধর্ম্মমহামাত্রা নামে ধর্ম্মোপদেষ্টা নিযুক্ত হন নাই। আমার রাজত্বের চতুর্দ্দশ বৎসরে ধর্ম্মমহামাত্রা নামক কর্ম্মচারী নিযুক্ত করিয়াছি। ধর্ম্মের প্রতিষ্ঠা ও ধর্ম্মের উন্নতি সাধন এবং অনুরক্ত প্রজাদের সুখ ও মঙ্গলবিধানকল্পে তাঁহারা সকল সম্প্রদায়ের জন্য নিযুক্ত হইয়াছেন। এই সকল ধর্ম্মোপদেষ্টা আমার সীমান্তবাসী যবন, কাম্বোজ, গান্ধার, রাষ্ট্রিক, পেতেনিক প্রভৃতি জাতির সুখ ও মঙ্গল বিধানার্থ অভিনিবিষ্ট আছেন। তাঁহারা সৈন্যের, ব্রাহ্মণের, ধনী ও দরিদ্রের এবং বৃদ্ধের সুখ ও মঙ্গল বিধান জন্য এবং বিশ্বস্ত প্রজাবর্গের পথ হইতে বিঘ্নবাধার দূরীকরণ জন্য এবং প্রজাবর্গকে অন্যায় অনধিকার হইতে মুক্ত রাখার জন্য নিযুক্ত আছেন। তাঁহারা অন্যায় অবরোধ অথবা শাস্তি নিবারণ জন্য এবং অন্যায় অনধিকার দূরীকরণ ও মুক্তিদান জন্য নিযুক্ত আছেন। এই সকল কার্য্য করিবার সময় কোন ব্যক্তি বৃহৎ পরিবারের পালনকর্ত্তা কিনা; কোন ব্যক্তি বিপদকর্ত্তৃক অভিভূত হইয়াছিল কিনা, অথবা কোন ব্যক্তি বৃদ্ধ হইয়াছে কিনা, তাহা বিবেচিত হইয়া থাকে। পাটলিপুত্রে এবং অন্যান্য প্রাদেশিক নগরে তাঁহারা আমার ভ্রাতাভগিনীদের এবং অন্যান্য আত্মীয়স্বজনদের পরিবারের তত্ত্বাবধান করিয়া থাকেন। আমার রাজ্যের সর্ব্বত্র এই ধর্ম্মমহামাত্রগণ ধর্ম্মার্থী অথবা দানশীল অনুরক্ত প্রজাদের পরিদর্শন করেন। এই ধর্ম্মলিপি প্রচারের উদ্দেশ্য এই যে, ইহা দীর্ঘস্থায়ী হইবে এবং প্রজাবর্গ এতদনুসারে কার্য্য করিতে সমর্থ হইবে। *

মহারাজ অশোক মুখ্যতঃ ধর্ম্মপ্রচারের সহায়তা, গৌণভাবে প্রজার অভাবমোচনকল্পে দাতব্যবিভাগের সৃষ্টি করিয়াছিলেন। ধর্ম্মমহামাত্রা এবং অন্যান্য বিশিষ্ট রাজপুরুষ রাজদান বিতরণ করিতেন। মহিষীদের প্রদত্ত দান বিতরণের ভারও এই সকল কর্ম্মচারীর হস্তেই ন্যস্ত ছিল। রাজধানীর এবং প্রাদেশিক রাজপরিবারের পক্ষে দানের নানা সুযোগ এই সকল কর্ম্মচারীই প্রদর্শন করিতেন। অশোকের দ্বিবিধ রাণীর গর্ভজাত কুমারদের দান বিতরণ জন্য এই সকল কর্ম্মচারী নিয়োগ প্রাপ্ত হইয়াছিলেন। সৎকর্ম্ম এবং ধর্ম্মের উদ্দেশ্যেই তাদৃশ দান-ক্রিয়া ব্যবস্থিত হইয়াছিল। মহারাজ অশোক বিশ্বাস করিতেন যে, পরদুঃখকাতরতা, উদারতা, সত্যবাদিতা এবং পবিত্রতার বিকাশ সাধিত হইলেই মানুষ ধর্ম্মপালনে এবং সৎকর্ম্মে উৎসাহী হয়।

---

* ধর্ম্মমহামাত্রার নিয়োগের সমীচীনতা সম্বন্ধে কোন কোন ইউরোপীয় পণ্ডিত সন্দেহ প্রকাশ করিয়াছেন। ভিনসেণ্ট এ স্মিথ সাহেব লিখিয়াছেন।—

'In practice their system must have led to much espionage and tyranny.'

মহারাজ অশোক প্রকৃতিপুঞ্জকে পরদুঃখকাতর, উদার, সত্যবাদী এবং পবিত্র করিবার জন্য নানাবিধ বৌদ্ধধর্ম্মসম্মত বিধান প্রবর্ত্তিত করিয়াছিলেন। আমরা এখানে একটি বিধানের উল্লেখ করিতেছি।—মহারাজ অশোক রাজকীয় মৃগয়ার প্রথা রহিত করেন, এতৎসম্বন্ধে অষ্টম গিরিলিপিতে যে তথ্য উৎকীর্ণ আছে, আমরা তাহার মর্ম্ম প্রদান করিতেছি।—পুরাকালে রাজন্যগণ আমোদার্থ ভ্রমণে বহির্গত হইতেন, তৎকালে মৃগয়া প্রভৃতি আমোদের অনুষ্ঠান হইত। অশোক তাদৃশ ভ্রমণ অকিঞ্চিৎকর বিবেচনা করেন এবং তৎপরিবর্ত্তে দেশ ও প্রজামণ্ডলীর পরিদর্শন, সাধুপুরুষদের সঙ্গে সাক্ষাৎকার এবং ধর্ম্মের আলোচনা এবং প্রচার জন্য পর্য্যটন করিতেন। অশোক স্বীয় রাজত্বের একবিংশবর্ষে একবার এইরূপ পর্য্যটনে বহির্গত হইয়াছিলেন। প্রসিদ্ধ মহাস্থবির উপগুপ্ত তাঁহার সহচর ছিলেন বলিয়া কথিত হইয়াছে। তিনি এই সময় প্রসিদ্ধ বৌদ্ধতীর্থসকল—কপিলবস্তু, বুদ্ধগয়া, সারনাথ, কুশীনগর এবং শ্রাবস্তী দর্শন করেন। উক্ত অনুশাসনলিপিতে অশোকের যে পশু প্রীতির পরিচয় পাওয়া যায়, তাহা ক্রমশঃ এতদুর বর্দ্ধিত হইয়াছিল যে, তিনি সর্ব্বশ্রেণীর প্রজার জন্য পশুহত্যা সম্বন্ধীয় বিধির প্রচার করেন। অনেক পশুর হত্যা সম্পূর্ণরূপে নিষিদ্ধ হইয়াছিল। মাংসাহার নিষিদ্ধ না হইলেও যে সকল পশুপক্ষীর মাংস মনুষ্যের ভক্ষ্য, তাহার হত্যা সম্বন্ধে নানাপ্রকার বাধা প্রবর্ত্তিত হইয়াছিল। বৎসরের মধ্যে ৫৬ দিন সর্ব্বপ্রকার পশুর হত্যা একেবারে নিষিদ্ধ হয়। যতদিন অশোক জীবিত ছিলেন, ততদিন রাজপুরুষবর্গ প্রজামণ্ডলী কর্ত্তৃক এই সকল বিধানের প্রতিপালন জন্য তীক্ষ্ণ দৃষ্টি রাখিতেন।

প্রজামণ্ডলীকে ধর্ম্মশীল করিবার জন্য মহারাজ অশোক এইরূপ নানা বিধানের প্রবর্ত্তন করিয়াছিলেন। কিন্তু রাজবিধান অপেক্ষা অন্তরনিহিত সৎপ্রবৃত্তির বিকাশসাধনই তাহাদিগকে ধর্ম্মশীল করিবার প্রকৃষ্ট উপায় বলিয়া তাঁহার বিশ্বাস ছিল। এজন্য তিনি ধর্ম্মোপদেশ দান দ্বারা তাহাদিগকে আত্মচিন্তাশীল করিতে সর্ব্বদা অবহিত থাকিতেন।

মহারাজ অশোক প্রজামণ্ডলীর অন্তরনিহিত সৎ-প্রবৃত্তির বিকাশ সাধন জন্য আর একটি উপায় অবলম্বন করিয়াছিলেন; ইহা তাহাদের সম্মুখে স্বীয় মহজ্জীবনের দৃষ্টান্ত প্রদর্শন। অশোকের মহজ্জীবনের আলোচনা আমাদের পরম মঙ্গলজনক। কলিঙ্গ সমরোপলক্ষে অসংখ্য নির্দ্দোষ নরনারীর রক্তপাত ও অন্যবিধ দুর্দ্দশা দর্শনে তাঁহার প্রবল অনুতাপ উপস্থিত হয়। এই অনুতাপ তিনি যে ভাষায় ব্যক্ত করিয়াছেন, তাহা তদীয় হৃদয়ের গভীরতা এবং সরলতার সাক্ষীরূপে বিদ্যমান রহিয়াছে। তদবধি তিনি দেশজয়ের সংকল্প পরিত্যাগ করেন এবং পরদুঃখকাতরতা, উদারতা, সত্যবাদিতা, পবিত্রতা এবং সাধুতাবলে মানবজাতির হৃদয় জয় করিতে ব্রতী হন। তিনি বৌদ্ধধর্ম্মের শরণাপন্ন হইয়াছিলেন। কিন্তু এই ধর্ম্মের সমস্ত বাহ্যক্রিয়াকলাপ পরিত্যাগ করিয়া সেই সমস্ত প্রক্রিয়ায় আমরণ একাগ্র চিত্তে নিরত ছিলেন, যাহাতে গুরুজনে ভক্তি, দাস-দাসীর প্রতি প্রীতি, জীবে দয়া, ব্রাহ্মণ ও সাধু সন্ন্যাসী-কুলে শ্রদ্ধা এবং সকল সম্প্রদায়ের জন্য সমদর্শিতা বৃদ্ধি প্রাপ্ত হয়। অশোক দানশীল ছিলেন, কিন্তু তাঁহার মতে ধর্ম্মদানই সর্ব্বোত্তম ছিল, এবং এই ধর্ম্মদান তাঁহার জীবনের সর্ব্বপ্রধান লক্ষ্য ছিল। অশোকের লিপিসকল তাঁহাকে একাধারে সংসারানাসক্ত সাধু-পুরুষ এবং ন্যায়দর্শী সম্রাটরূপে চিত্রিত করিয়াছে। মৌর্য্য সাম্রাজ্যকে ধর্ম্মরাজ্যে পরিণত করিবার জন্য তাঁহার কিরূপ প্রবল আগ্রহ ও নিষ্ঠা ছিল, ঐ সকল লিপি তাহার সাক্ষ্য প্রদান করিতেছে।

অশোকের এই প্রবল আগ্রহ ও নিষ্ঠায় যে ফল হইয়াছিল, তাহা আমরা তাঁহার নিজের ভাষায় প্রদর্শন করিতেছি।—

দেবগণের প্রিয় (রাজা) আগ্রহসহকারে সর্ব্বজীবের মঙ্গল, জীবন রক্ষার জন্য যত্ন, শান্তি এবং দয়ার প্রার্থনা করিতেছেন। দেবগণের প্রিয়পাত্র এই সমস্তকেই ধর্ম্মের বিজয় (নিশান) রূপে গণ্য করিয়া থাকেন। সাম্রাজ্যের অভ্যন্তরে এবং সাম্রাজ্যের অপরান্তে বহুশত যোজন ব্যাপিয়া ধর্ম্মের এই বিজয়—নিশান বিস্তীর্ণ

করিয়াই তিনি আনন্দ অনুভব করেন। তাঁহার (প্রতিবেশী রাজন্যকুল) মধ্যে যবনরাজ এণ্টিওকাস এবং তাহার পর অপর চারিজন রাজা টলেমী, এণ্টিগোণাস, মাগ এবং আলেকজাণ্ডারের রাজ্যে, দক্ষিণে চোল ও পাণ্ড্য এবং গ্রীক, কম্বোজ, লঙ্কা, ভোজ, পেতেনিক অন্ধ্র, পুলিন্দ, নাব, পণ্ডা, সকল স্থানেই তাঁহারা দেবগণের প্রিয়পাত্রের উপদেশ মান্য করিতেছেন। যেখানেই দেবগণের প্রিয়পাত্রের দূত প্রেরিত হইয়াছে, সে স্থানের লোকেরাই দেবগণের প্রিয়পাত্রের অনুজ্ঞায় প্রচারিত ধর্ম্মোপদেশ শ্রবণ করিয়াছে, তারপর সেই ধর্ম্ম এবং ধর্ম্মের উপদেশ পালন করিতেছে এবং করিবে। চারিদিকেই এই বিজয়-নিশান প্রোথিত হইয়াছে।

মহারাজ অশোকের প্রবল ধর্ম্মোৎসাহে ধর্ম্মের প্রতিষ্ঠা ব্যতীত আর একটি ফল লাভ হইয়াছিল, তাহা স্থাপত্যের উন্নতি। এরূপ কথিত হইয়াছে যে, অশোক সমগ্র ভারতবর্ষে চৌরাশী হাজার স্তূপ নির্ম্মাণ করিয়াছিলেন এবং তাঁহার পাটলিপুত্রের রাজপ্রাসাদ দানবগণ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল। এই বিবরণ অতি রঞ্জিত এবং কল্পনাপ্রসূত বলিয়া বিবেচিত হইবে, তাহাতে সন্দেহ নাই। কিন্তু এই বিবরণ পাঠে আমরা অশোকের স্থাপত্যের ব্যাপকতা এবং তাঁহার রাজপুরীর বিশালতা অনুভব করিতে পারি। তাঁহার শোভা ও সম্পদের আধার সুবিশাল রাজপুরী কালের কুক্ষিগত হইয়াছে, তাঁহার স্তূপসকলও কালের প্রভাবে অন্তর্হিত হইয়াছে। কিন্তু অদ্যাপি যাহা অবশিষ্ট আছে, তাহা দেখিয়াও দর্শকমাত্রেই বিস্ময়ে অভিভূত হইয়া থাকেন। ধর্ম্মপ্রাণ মহারাজ অশোকের আদেশে বৌদ্ধ তীর্থ সমূহের শোভাবর্দ্ধন জন্য অসংখ্য সৌষ্ঠবশালী স্তূপ, মঠ, বিহার, সঙ্ঘারাম এবং প্রশস্তি স্তম্ভ নির্ম্মিত হইয়াছিল। বৌদ্ধশাস্ত্রের অন্তর্গত জাতক কথায় খৃষ্টপূর্ব্ব পঞ্চম এবং ষষ্ঠ শতাব্দীর ভারত চিত্র অঙ্কিত হইয়াছে। এই সকল জাতক কথার প্রমাণে আমরা জানিতে পারি যে, অশোক যুগের পূর্ব্বে গৃহাদি নির্ম্মাণকালে কাষ্ঠ ব্যবহৃত হইত। এই কাষ্ঠনির্ম্মিত গৃহাদি নানাবিধ কারুকার্য্য খচিত ছিল। অশোক যুগে স্থাপত্যের উপাদান জন্য কাষ্ঠের পরিবর্ত্তে প্রস্তর ব্যবহৃত হইতে আরম্ভ হয়। এই পরিবর্ত্তন প্রধানতঃ মহারাজ অশোক কর্ত্তৃক সাধিত হইয়াছিল। চৈনিক পরিব্রাজক হিউএন্‌থসঙ্গ লিখিয়াছেন যে, অশোক রাজা পাটলিপুত্রের কাষ্ঠনির্ম্মিত প্রাচীর পরিবর্ত্তন করিয়া প্রস্তর দ্বারা প্রাচীর নির্ম্মাণ করেন। এই পরিবর্ত্তনের ফলে গৃহাদির কারুকার্য্য অধিকতর উৎকর্ষ লাভ করে। বারহুতের ইষ্টক নির্ম্মিত স্তূপ, বুদ্ধগয়া এবং বেশনগরের রেলিং ও প্রশস্তি-স্তম্ভ সকল অশোক যুগের অসাধারণ শিল্পনৈপুণ্যের চিহ্নরূপে বিদ্যমান রহিয়াছে।

মহারাজ অশোকের স্থাপত্য-কীর্ত্তি,—মন্দির, স্তূপ, স্তম্ভ, ধ্বংসমুখে পতিত হইয়াছে, যাহা কিছু অদ্যাপি অবশিষ্ট আছে, তাহাও কালপ্রভাবে ধ্বংসপ্রাপ্ত হইবে। কিন্তু তাঁহার নাম তাঁহার ধর্ম্মকীর্ত্তি অবিনশ্বর, কাল বিজয়ী। অশোক সমগ্র পৃথিবীর ইতিহাসের একাংশ উজ্জ্বল করিয়া রাখিয়াছেন। তিনি পৃথিবীর কোটি কোটি সংসারক্লিষ্ট নরনারীর হৃদয়ে ধর্ম্মভাব সঞ্চারিত করিয়া তাহাদিগকে স্নিগ্ধ করিয়াছিলেন, তাঁহার এই কীর্ত্তিকথা স্মৃতিপথে উদিত হইলে আমাদের হৃদয় উচ্ছ্বসিত হইয়া উঠে, আমরা পুলকাবিষ্ট হইয়া তাঁহার নামোচ্চারণ পূর্ব্বক জয়ধ্বনি করি।

শ্রীরামপ্রাণ গুপ্ত।

উদ্বোধন।

(বসুমা "সাহিত্য-সমাজের" প্রথম অধিবেশনে পঠিত।)

স্বস্তি স্বাগত মনীষী সঙ্ঘ!
স্বাগত স্বস্তি সভাধিপতি!
স্বাগত সাধক ভকত বৃন্দ!
তোমাদেরে মোরা জানাই নতি।
কাব্য কোবিদ সুধার চকোর
ভাবুক রসিক ভকতবর্গ,
ভক্তি-সাগরে পুষ্প ডুবায়ে
রচিল যাঁহারা পূজার অর্ঘ্য—
বঙ্গবাণীর কণ্ঠ উজলি
শোভিছে যাঁদের পুষ্প-হার,
আজি এ শান্ত পুণ্য প্রভাতে
তাঁদের চরণে নমস্কার।

শঙ্কিত চিত্তে মন্দিরে আজি
এসেছি নবীন পূজারিবর্গ,
বন্দন তরে মন্থন করি
এনেছি ভক্তি-পুষ্প-অর্ঘ্য।
নিঃস্ব যদিও বিশ্বে আমরা,
তুচ্ছ যদিও এ দীনদান;
তুচ্ছ নহেত প্রাণের ভক্তি,
তুচ্ছ নহেত প্রাণের টান।
হৃদয়ের যত পঙ্ক কালিমা
অতল সাগরে হউক লয়,
শুদ্ধচিত্তে এ শুভ প্রভাতে
মহাভারতীর গাহরে জয়।

কণ্ঠে মোদের ধ্বনিয়া উঠুক
পুণ্যপূক্ত বেদের তান,
বীণায় মোদের উঠুক বাজিয়া
অতীত গৌরব-গরিমা গান।

আমরা তরুণ ভাবে সুতরুণ
কল্পজ্যোতিতে বক্ষ ভরি,
বঙ্গবাণীর পূজা মন্দিরে
চলেছি আশার পন্থা ধরি।
পুণ্য আলোকে চিত্ত জাগুক,
বিষাদ বেদনা হউক ম্লান;
সাধনা মোদের সার্থক হউক,
সার্থক হউক মোদের ধ্যান।

এসহে ভাবুক! এসহে প্রবীণ!
এস ওগো এস সগৌরবে!
এসহে সাধক বাণী উপাসক!
প্রীতি-রাখীডোর পরগো সবে।
চন্দ্র সবিতা গ্রহতারা মাঝে
আলোক যাঁহার নিত্য ভায়,
জ্যোছনার ধারা উছলি পড়িছে
যাঁহার চরণ-কমল ছায়।
বন্দনা যাঁর ঝঙ্কারি উঠে
কুঞ্জে ভ্রমর গুঞ্জনে,
সার্থক হউক এ মধু মিলন
তাঁহারি করুণা সিঞ্চনে।

শ্রীশ্রীপতিপ্রসন্ন ঘোষ

গীতার সহজ তপস্যা বা আত্মোৎকর্ষের সহজ সাধন প্রণালী।

তপস্যার কথা শুনিলেই হিন্দুর কঠোর ও জটিল সাধন প্রণালীর কথা আমাদিগের মনে আসে। কিন্তু এস্থলে আমরা সেই প্রণালীর কথা বলিব না, মহর্ষি ব্যাসদেব গীতাতে আত্মোৎকর্ষের যে স্বাভাবিক সরল প্রণালী আমাদের সাধারণ জীবনের জন্য বিবৃত করিয়াছেন তাহার কথাই এখানে আমরা বলিব।

আমাদের জীবন ব্যাপারে আমরা মনঃবাক্য ও কর্ম্মেরই বিশেষ সমবায় দেখিতে পাই। মনের দ্বারা আমরা যাহা চিন্তা করি, তাহাই বাক্য দ্বারা ব্যক্ত করি এবং কর্ম্মের দ্বারা কার্য্যে পরিণত করি বা নিষ্পাদিত করি। সাধারণ ভাবে ইহাই আমাদের জীবন প্রণালী। আমাদের জীবনের এই ত্রিধাত্মকতা বেদেই বিশ্লেষিত দেখিতে পাওয়া যায়। বেদে এতৎ সম্বন্ধে লিখিত হইয়াছে:—

"যন্মনসাধ্যায়তি, তদ্‌বাদাবদতি, তৎকর্ম্মণা করোতি॥"

"যাহা মনের দ্বারা চিন্তা করা হয়, তাহাই বাক্যের দ্বারা বলা হয় এবং কর্ম্মের দ্বারা করা হয়।"

এই প্রকারে জীবনের যে অঙ্গত্রয় আমরা প্রাপ্ত হইতেছি ইহাদের সম্যক্ পরিণতিতেই যে আমাদের জীবনের সম্যক্ উৎকর্ষ সংসাধিত হইবে তাহা আমরা বুঝিতে পারি?

পূর্ব্বোক্ত অঙ্গত্রিতয়ের পরস্পর ঘনিষ্ঠ সম্বন্ধ হইতে হইতে ইহাদের সম্যক্ পরিণতির জন্য তিনটির অনুশীলন একসঙ্গে হওয়াই একান্ত আবশ্যক। এই অনুশীলনের ফলে যখন একটী অন্যটীর বিরোধি না হইয়া তিনটিই পরস্পরের সহিত মিলযুক্ত হইবে তখনই প্রকৃত উন্নতি আরম্ভ হইয়াছে বুঝিতে পারা যাইবে।

আমাদের আত্মোৎকর্ষের জন্য এই তিনটীর সম্যক্ অনুশীলনের গুরুত্ব মহর্ষি ব্যাস এরূপই উপলব্ধি করিয়াছিলেন যে তিনি এই অনুশীলনকে গীতায়তপঃ নামে অভিহিত করিতে নিজেকে কিছুমাত্র কুণ্ঠিত বোধ করেন নাই। আমরা গীতার সেই গাম্ভীর্য্যপূর্ণ তপঃ সাধনের বর্ণনা নিম্নে উদ্ধৃত করিতেছি।

"দেবদ্বিজ গুরুপ্রাজ্ঞ পূজনং শৌচমার্জ্জবম্।
ব্রহ্মচর্য্য মহিংসা চ শারীরং উপ উচ্যতে॥ ৪॥
অনুদ্বেগ করং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চযৎ।
স্বাধ্যায়াভ্যসনং চৈব বাঙ্‌ময়ং তপ উচ্যতে॥ ৫॥
মনঃ প্রসাদঃ সৌমত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাব সংশুদ্ধিরিত্যেতৎতপোমানস মুচ্যতে॥ ৬॥"

"দেব, দ্বিজ, গুরু ও প্রাজ্ঞ ব্যক্তির পূজা, শুচিতা, ঋজুতা, ব্রহ্মচর্য্য ও অহিংসা শারীরিক তপ বলিয়া উক্ত হয়।"

"অনুদ্বেগ-জনক সত্য, প্রিয় ও হিতকর বাক্য এবং বেদাভ্যাস বাঙ্ময় তপ।"

"চিত্তশুদ্ধি, শান্তভাব, মৌন, আত্মনিগ্রহ ও ভাবশুদ্ধি মানসিক তপ।"

কর্ম্ম শরীরের দ্বারাই সম্পাদিত হয় তাহাতেই বেদের কর্ম্মের স্থলে গীতায় আমরা "শরীরের" উল্লেখ প্রাপ্ত হই।

আমাদিগের শরীর, মন, বাক্যের দ্বারা জীবনের কার্য্য নির্ব্বাহিত হয় বলিয়াই কোন কার্য্য সুনির্ব্বাহিত হওয়ার কথা বলিতে হইলে "কায়মনোবাক্যে" কার্য্যটী কৃত হইয়াছে এরূপ বলা হইয়া থাকে। শরীর, বাক্য ও মনের এই যথোচিতরূপ যোগ কার্য্যে থাকিলেই তবে ইহাকে "কায়মনোবাক্যে" কৃত বলা যাইতে পারে। শরীর, মন ও বাক্যের এই যথোচিতরূপ যোগের জন্য আবার ইহাদের যথোচিতরূপ পরিণতিরও আবশ্যক। ইহাদের যথোচিত পরিণতি যে অনুশীলনের দ্বারা হয় তাহাই গীতায় "তপ" বলিয়া আখ্যাত হইয়াছে। এই তপঃ-সাধনে তপস্যার কঠোর নিষ্ঠা ও প্রণালীর আবশ্যক হয় না; জীবনের স্বাভাবিক অভ্যাসের দ্বারাই ইহার সাধনা হয়। এই অভ্যাসের মূলে এইটীই প্রধান লক্ষ্য রাখিতে হয় যে শরীর, বাক্য ও মনের মধ্যে যেন এক মিল থাকে কোনটীতে যেন কোন ব্যতিক্রম লক্ষিত না হয়।

সুতরাং শরীর, বাক্য ও মনের মধ্যে সমন্বয়েই যে সাধনের প্রকৃত রহস্য নিহিত রহিয়াছে তাহাই বুঝিতে পারা যাইতেছে।

এই সমন্বয় ভাবটীই আমাদের জীবনের সর্ব্ব প্রকার সিদ্ধির প্রকৃষ্ট উপায়স্বরূপে পরিগণিত হইয়া থাকে। ধর্ম্মের সাধন সম্বন্ধে তাহাতেই শাস্ত্রে উক্ত হইয়াছে:—

"কর্ম্মনামনসাবাচা যত্নাদ্ধর্ম্মান্‌সমাচরেৎ।" বৃহন্নারদীয়পুরাণ ২২শ অধ্যায়।

"মানবগণ যত্নপূর্ব্বক কায়মনোবাক্যে ধর্ম্মাচরণ করিবে।" বঙ্গবাসীর অনুবাদ।

নীতিশাস্ত্রেও মন, বাক্য ও কর্ম্মের সম্পূর্ণ ঐক্যই নৈতিক উন্নতির প্রকৃষ্ট মানদণ্ড বলিয়া স্পষ্টাক্ষরে নির্দ্দেশিত হইয়াছে। যথাঃ—

"মনস্যন্যৎ বচস্যন্যৎ কার্য্যমন্যৎ দুরাত্মনাম্।
মনস্যেকং বচস্যেকং কার্য্যমেকং মহাত্মনাম॥"

"দুরাত্মাদিগের মনে একরূপ বাক্যে অন্যরূপ এবং কার্য্যে অন্যরূপ। মহাত্মাদিগের মনে, বাক্যে ও কার্য্যে সমস্তেই একরূপ অর্থাৎ মনে যেরূপ বাক্যেও সেইরূপ কার্য্যেও তদ্রূপ।"

এস্থলে দুরাত্মাদিগের মন, বাক্য ও কার্য্যের মধ্যে অনৈক্য এবং মহাত্মাদিগের মন, বাক্য ও কার্য্যের মধ্যে ঐক্যের কথা হইতে মন, বাক্য ও কার্য্যের মধ্যে ঐক্য দ্বারাই যে আত্মার পরমোৎকর্ষ সাধিত হয় পক্ষান্তরে ইহাদিগের মধ্যে অনৈক্য দ্বারাই যে আত্মার অপকর্ষ সাধিত হয় তাহা আমরা স্পষ্টই বুঝিতে পারি।

সন্ন্যাসীর এক নাম "ত্রিদণ্ডী" পাওয়া যায়। এই ত্রিদণ্ডী নামের ব্যুৎপত্তি শাস্ত্রে এইরূপে করা হইয়াছেঃ—

"বাগ্‌দণ্ড কর্ম্মদণ্ডশ্চ মনোদণ্ডশ্চ তে ত্রয়ঃ।
যস্যৈতে নিয়তাদণ্ডাঃ সত্রিদণ্ডী ব্যবস্থিতঃ॥"

বায়ু পুরাণ ১৭শ অধ্যায়।

"বাগ্‌দণ্ড, কর্ম্মদণ্ড ও মনোদণ্ড, এই ত্রিবিধদণ্ড যাঁহার দ্বারা নিয়মিত হয় তিনিই ত্রিদণ্ডী।" ইহার তাৎপর্য্য আমরা এই বুঝিতে পারি যে যিনি বাক্য, কর্ম্ম ও মন এই তিনের উপর দণ্ড প্রয়োগদ্বারা শাসন পরিচালন করিতে পারেন তিনিই "ত্রিদণ্ডী।" ত্রিদণ্ডীর অন্য এক অর্থ "যজ্ঞোপবীত"ও আছে। "যজ্ঞোপবীতের" তিনটী সূত্র, একত্র সংগ্রথিত হওয়াতেই 'ত্রিদণ্ডী' নাম হইয়াছে ইহাই ইহার সাধারণ ব্যুৎপত্তি বলিয়া মনে করা যাইতে পারে। কিন্তু আমাদের নিকট বাক্য, মন ও শরীর এই তিনের উপর দণ্ড পরিচালনের রূপকরূপে, ত্রিসূত্রের গ্রন্থি হইতে "ত্রিদণ্ডী" নাম হইয়াছে ইহাই যথার্থ ব্যুৎপত্তি বলিয়া বোধ হয়। ত্রিদণ্ডী রূপ যজ্ঞোপবীত ধারণ দ্বারা মন বাক্য ও শরীরের উপর সম্পূর্ণ শাসন রূপ ব্রত দ্বিজগণ গ্রহণ করিতেন ইহাই ত্রিদণ্ডী ধারণের প্রকৃত মর্ম্ম বলিয়া আমাদের প্রতীয়মান হয়। সুতরাং ত্রিদণ্ডী ধারণেই যে আমরা আত্মোৎকর্ষের প্রথম দীক্ষাপ্রাপ্ত হইতাম তাহাই বুঝিতে পারা যাইতেছে।

সীতা চরিত্রের আলোচনা করিলে ত্রিদণ্ডের শিক্ষাকেই ইহার প্রকৃত মেরুদণ্ড বলিয়া বুঝিতে পারা যায়। তাহাতেই সীতা এই ত্রিদণ্ডের শিক্ষাদ্বারাই নিজ চরিত্রের বিশুদ্ধি প্রখ্যাপিত করিতেছেন আমরা রামায়ণে দেখিতে পাইঃ—

"যথাহং রাঘবাদন্যং মনসাপি ন চিন্তয়ে।
তথা মে মাধবী দেবী বিবরং দাতুমর্হতি॥
মনসা কর্ম্মনা বাচা যথা রামং সমর্চ্চয়ে।
তথা মে মাধবী দেবী বিবরং দাতুমর্হতি॥"

উত্তরাকাণ্ড।

"আমি রাম ভিন্ন অন্য কাহাকেও কখন মনেও স্থান দেই নাই। এই সত্য বলে ভগবতী বসুন্ধরা আমাকে তাঁহার গর্ভে বিবর দান করুন। আমি কায়মনোবাক্যে সতত কেবল রামেরই অর্চ্চনা করিয়াছি; সেই সত্য বলেই ভগবতী বসুন্ধরা আমাকে তাঁহার গর্ভে স্থান দান করুন।"

স্বয়ং মহর্ষি বাল্মীকি ও সীতার চরিত্র-শুদ্ধি সম্বন্ধে সাক্ষ্যদান করিতে যাইয়া আপনার ত্রিদণ্ড শিক্ষার উপরই নির্ভর করিয়াছেন যথাঃ—

"মনসাকর্ম্মণাবাচা ভূতপূর্ব্বং ন কিল্বিষম্।
তস্যাহং ফলমশ্নামি অপাপা মৈথিলী যদি॥"

উত্তরাকাণ্ড।

"জানকী যদি নিষ্পাপা হন; তাহা হইলে আমি কায়মনোবাক্যে যে পাপকর্ম্ম করি নাই তাহার ফল পাইব।"

সীতা ও বাল্মীকি চরিত্রের উপরিউক্ত বর্ণনা হইতে আমরা এই সত্যটীও উপলব্ধি করিতে সমর্থ হই যে কর্ম্মের দ্বারা না করিলেও মনও বাক্যদ্বারাও আমরা কোন বিষয়ে পাপ করিতে পারি। সুতরাং কোন বিষয়ে চিন্তা, বাক্য ও কার্য্যের দ্বারা কোন দোষ স্পর্শ না করিলে তবেই তাহা সম্পূর্ণ নির্দ্দোষভাবে কৃত বলিয়া বিবেচনা করা যাইবে। এই প্রকারেই মন, বাক্য ও

কর্ম্মের মধ্যে সম্পূর্ণ ঐক্য স্থাপিত হয়। এই সম্পূর্ণ ঐক্য দ্বারাই চরিত্রের পূর্ণোৎকর্ষ সংসাধিত হয়। কারণ মন, বাক্য ও কর্ম্মের দ্বারা আচরণই 'চরিত্র' যেহেতু চরিত্র আচরণের অর্থই প্রকাশ করে। এই চরিত্রের উৎকর্ষ সাধন যে 'তপস্যা' বলিয়া বিবেচিত হইবে তাহা কিছুই বিচিত্র নহে। এই তপস্যার সফলতা ও বিফলতার উপরই আমাদের জীবনের শুভাশুভ গতি সম্পূর্ণ নির্ভর করে। তাহাতেই সাধারণ কথায়ও বলা হইয়া থাকে "লোকের পূর্ব্বজন্মের যেরূপ তপস্যা এই জন্মেও সেইরূপ ফলই পাইয়া থাকে।" সুতরাং শরীর, বাক্য ও মনের সম্যক্ সাধনেই যে আমাদের প্রথম তপস্যা এবং ইহাদের মধ্যে ঐক্য সংস্থাপনেই যে আমাদের পূর্ণ আত্মোৎকর্ষ রূপ সিদ্ধি তাহা প্রতিপন্ন হইতেছে।

শ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী।

রাক্ষস।

(মুদ্রারাক্ষসের)।

রাক্ষস, রাক্ষস তুমি তাই বলি নহ বিভীষণ
ব্যবহারে বিপরীত তেজে দর্পে বীরেন্দ্র রাবণ
বিভীষণে কর ঘৃণা ভীষ্ম দ্রোণ আদর্শ তোমার
প্রভুভক্ত মন্ত্রিরাজ পূর্ণ রজোগুণের আধার।
তব বক্ষ ছায়াতলে বক্ষরক্তে প্রাণপুষ্টি দিয়া,
নন্দ রাজগণে তুমি পুত্র স্নেহে রাখিলে পালিয়া,
একে একে সবি গেল রাজপুরী হলো অন্ধকার
মূষিক পেচকগণে পূর্ণ হলো রাজ কোষাগার,
মেলিল অশ্বত্থবটে ডালপালা নন্দ হর্ম্ম্যপরে।
রাজলক্ষ্মী কেঁদে গেল গৃহ হতে উলূকের স্বরে,
তবু দেব, সেই গৃহে বক্ষে ধরি প্রভুদত্ত অসি,
নন্দরাজ চিতাভস্মে আগুলিয়া ছিলে তুমি বসি,
তখনো ভরসা তব চিতাভস্মে জাগিবে জীবন
ঢালিতে লাগিলে তাই তব অশ্রু জাহ্নবী পাবন।
প্রভুর মুদ্রাঙ্ক তুমি রক্ষা করি কৃপণের মত
ক্ষুধাতৃষ্ণা নিদ্রাহীন দিবানিশা ছিলে অবিরত।
প্রাণত্যাগে রাজী তুমি মানত্যাগে বড়ই কাতর,
শত প্রলোভনে স্থির অচঞ্চল তোমার অন্তর।
লভিয়াছ পরাজয় তবু তুমি জয়োন্নত শির,
হেরেও জিতেছ তুমি দিগ্বিজয়ী সর্ব্বজয়ী বীর।
জয়ী সে যে ম্লান হয়ে তোমা পানে চাহে কৃতাঞ্জলি,
নিরস্ত্র দাড়ালে তুমি অগ্নি সম ভারত উজলি
চাণক্যের প্রতিদ্বন্দ্বী, দ্রোণ সম রাজনীতি রণে
মহানীতি শাস্ত্র তুমি জাগায়েছ কৌটিল্যের মনে
চাণক্যেরো গুরু তুমি, হে তপস্বী শুক্রাচার্য্য সম
হে প্রভু বৎসল মন্ত্রী ও চরণে নমো নমো নমঃ।

শ্রীকালিদাস রায় বি, এ।

আবার ভাষার কথা।

গত ভাদ্র আশ্বিনের "ঢাকা রিভিউ" পত্রিকায় শ্রীযুক্ত নরেশচন্দ্র সেন গুপ্ত এম্, এ, ডি, এল্ মহাশয়ের "ভাষার আকার ও বিকার" শীর্ষক একটী প্রবন্ধ বাহির হইয়াছে। নরেশ বাবুর ন্যায় কৃতবিদ্য ব্যক্তিরা যখন "সাধুভাষা বনাম চল্‌তি ভাষা" আলোচনায় যোগদান করিতেছেন, তখন আমরা আশা করি এই আন্দোলনের শীঘ্র একটা চূড়ান্ত মীমাংসা হইয়া যাইবে। এই প্রসঙ্গে অন্য কোন কোন লেখক যে সকল অবান্তর কথা তুলিয়াছিলেন নরেশ বাবু তাহার অনেকগুলি ছাটিয়া ফেলিয়া মূল বিচার্য্য বিষয়টী অনেকটা পরিষ্কার করিয়া তুলিয়াছেন। এখন তিনি যেভাবে বিষয়টীকে আমাদের সমক্ষে উপস্থিত করিতেছেন, তাহাতে বিরোধের কথা অতি কমই আছে। আষাঢ়ের "ভারতী"র লেখক বলিয়াছিলেন, বর্ত্তমান সাহিত্য-রথী যেদিকে রথ চালাইবেন, বাঙ্গালার ছোট বড় সকল সাহিত্যিককেই সেই

পথে চলিতে হইবে। এই কথাটা এতদূর স্পর্দ্ধামূলক ও যুক্তিহীন যে ইহার প্রতিবাদ করিবার জন্ম আমি "ঢাকার রথযাত্রা" প্রবন্ধ লিখিতে বাধ্য হইয়াছিলাম। এখন দেখিতেছি আমি সেই প্রবন্ধ লিখিয়া ভাল করিয়াছিলাম, তাহা না লিখিলে এই প্রসঙ্গে নরেশ বাবুর এই লেখা আমরা পাইতাম না। নরেশ বাবু স্পষ্টই বলিতেছেন,

"কিন্তু কলিকাতার চলিত কথায় আমাদের লিখিতেই হইবে এমন কথা কে কবে বলিয়াছে—যদি কেহ বলিয়া থাকে—এ বিবাদে সঙ্গত হউক অসঙ্গত হউক কি কথা যে না বলা হইয়াছে তাহার ঠিকানা নাই—যদি কেহ বলিয়া থাকে সেও সমান ভুল করিয়াছে। যে কেহ ভাষার একটা বাঁধা নমুনা ধরিয়া বলিতে যায় যে এমনটি না হইলে তোমার ভাষায় স্থান নাই সেই ভ্রান্ত। আমরা লিখিব বাঙ্গলা ভাষা, তা' এক একজনের লিখনভঙ্গী এক এক রকম হইবে বই কি?"

ঠিক কথা। এ কথায় কাহারও কোন আপত্তি হইতে পারে না। যে লেখকের নিজের কোন একটা লিখনভঙ্গী (style) নাই, যিনি পরের লিখনভঙ্গী অনুকরণ করিয়া লেখেন তাঁহাকে শ্রেষ্ঠ লেখক বলা যাইতে পারে না। আমাদের বঙ্গ সাহিত্যের সুপ্রসিদ্ধ লেখকদিগের প্রত্যেকেরই এক একটা লিখনভঙ্গী আছে—বঙ্কিমচন্দ্র, রমেশচন্দ্র, অক্ষয়চন্দ্র, চন্দ্রনাথ, কালীপ্রসন্ন হরপ্রসাদ ইঁহারা সকলেই বঙ্কিমের যুগের লেখক হইলেও ইঁহাদের প্রত্যেকের এক একটা পৃথক্ লিখনভঙ্গী আছে। পদ্য লেখকদিগের মধ্যেও সেইরূপ। সুতরাং যিনি বর্ত্তমান সাহিত্যরথীর রচনারীতির অনুকরণ করিয়া ছোট বড় আর সকল লেখককে লিখিতে বলেন তাঁহার মত কিছুতেই বিচারসহ নহে।

তবে এস্থলে আমরা লিখনভঙ্গীর (style) সহিত লিখিত ভাষার যেন গোল না করি। উল্লিখিত দেশবিশ্রুত সাহিত্যিকগণের প্রত্যেকের পৃথক পৃথক লিখনভঙ্গী থাকিলেও তাঁহারা যে ভাষায় লিখিয়াছেন, তাহা প্রাদেশিক শব্দ বহুল কথিত ভাষা নহে, তাহা সাধুভাষা। তবে কাহারও সেই সাধুভাষার মধ্যে সংস্কৃত শব্দের ব্যবহার বেশী, কথোপকথনে প্রচলিত শব্দ কম; আবার কাহারও লেখায় সংস্কৃত শব্দ কম, কথোপকথনে প্রচলিত শব্দ বেশী। নরেশ বাবুও লিখিয়াছেন—

"একই সময় সেকস্পীয়ার ও Ben Jonson কবিতা লিখিয়াছেন, Bacon দর্শন ও ব্যবহার আলোচনা করিয়াছেন। তাঁহাদের সকলের ভাষা কি এক? এক সেকস্পীয়ারের ভিতরই ভিন্ন ভিন্ন স্থানে ভাষার ভঙ্গী ভিন্ন। Burkeএর বক্তৃতা ও প্রবন্ধ খুব ওজস্বী, Bright এর বক্তৃতার জোরও কম নহে; কিন্তু Burkeকে যদি Brightএর ভঙ্গীতে লিখিতে বাধ্য করা হইত কিম্বা Brightকে Burkeএর ভাষায় কথা কহিতে হইত তবে কি বিসদৃশ ব্যাপার দাঁড়াইত? এ প্রভেদ যে কেবল ভাষার একটা ভঙ্গীতে তাহা নয়। প্রায়ই শব্দ চয়নের প্রভেদ হইতে এই প্রভেদ জন্মায়।

... ... Dickens চলতিভাষা বা Slangএর ব্যবহার করিয়া কথায় যে রকম জোর দিয়াছেন তাঁহাদের যদি কেবল পুঁথির ভাষা ব্যবহার করিতে হইত তাহা হইলে সে জোর সে ভাষায় থাকিতে পারিত না। Samuel Wellerকে যদি Dickens কেতাবী ভাষায় কথা বলাইতেন তবে Pickwick Papersএর অর্দ্ধেক সৌন্দর্য্য মাটি হইত।

এস্থলে একটা কথা ভাল বুঝিলাম না। Burke, Bright, Dickensএর style (লিখন ভঙ্গী) ভিন্ন হইলেও মোটের উপর তাঁহাদের ভাষা কি ইংরেজী সাধুভাষা (King's English) নহে? Dickens তাঁহার পাত্র বিশেষের মুখ দিয়া প্রাদেশিক Slang বাহির করিয়া ভালই করিয়াছেন, কিন্তু Dickensএর ভাষা আর Sam Wellerএর ভাষা এক নহে। আমাদের কালীপ্রসন্ন, বঙ্কিমচন্দ্র, অক্ষয়চন্দ্রের ভাষার মধ্যে পরস্পর যতটা পার্থক্য, Burke, Bright, Dickensএর ভাষার মধ্যে পরস্পর পার্থক্য তাহার অধিক নহে। Dickensএর ন্যায় আমাদের দীনবন্ধুও তাঁহার নাটকের পাত্র পাত্রীগণের মুখ দিয়া প্রাদেশিক Slang বাহির করিয়াছেন; কিন্তু তাহা দীনবন্ধুর নিজের ভাষা নহে। দীনবন্ধুর নিজের ভাষা তাঁহার সমসাময়িক

খ্যাতনামা লেখকদিগের ভাষার ন্যায় সাধুভাষা সে বিষয়ে সন্দেহ নাই।

তবে এখন কথা হইতেছে যদি কোন প্রতিভাশালী লেখক কোন প্রাদেশিক ভাষার মধ্যদিয়া তাঁহার প্রতিভার বিকাশ দেখাইতে ইচ্ছা করেন, তবে তাহাতে দোষ কি? কোনই দোষ নাই। আমিও নরেশ বাবুর কথায় সায় দিয়া বলি—

"এ পর্য্যন্ত কোনও প্রতিভাবান্ লেখক পরের বাঁধা ভাষারভঙ্গী গ্রহণ করিয়া লিখিয়াছেন বলিয়া শোনা যায় না; সুতরাং আমরা মজলিস করিয়া বাগ্‌বিতণ্ডা করিয়া যদি বা একটা ভাষারস্বরূপ বাঁধিয়া ঠিক করিয়া দিতে পারি, তার গণ্ডীর ভিতর আমরা প্রতিভাকে আটকাইয়া রাখিতে পারিব এরূপ আশা করা স্পর্দ্ধার কথা।" আমিও বলি প্রতিভাকে ভাষার গণ্ডীর মধ্যে আটকাইয়া রাখাও যাহা বেগবতী পদ্মা নদীকেও বাঁধ দিয়া বাঁধিয়া রাখা তাহা। তবে খরস্রোতা পদ্মাকেও যেমন কখনং সাড়াসেতুর ন্যায় জাঙ্গালের তলে আবদ্ধ থাকিতে হয়, সেই জন্য প্রতিভার অবতার সাহিত্যরথীকে কতকটা প্রচলিত ভাষার বন্ধন মানিয়া চলিতে হয়। নচেৎ তাঁহার লেখা দুই চারিজন সমজদারের গণ্ডীর ভিতরেই আবদ্ধ থাকিবে, তাহা সাধারণ পাঠকের নিকট আদরণীয় হইবে না।

নরেশ বাবু "মজলিস করিয়া বাগবিতণ্ডা করিয়া" ভাষার গণ্ডী বাঁধিয়া দিয়া তাহার মধ্যে প্রতিভাকে আটক রাখার কথা বলিয়াছেন, আমরা কিন্তু দেখিতেছি তাহার ঠিক উল্‌টা। প্রতিভাকে গণ্ডীর মধ্যে আটকাইয়া রাখে কাহার সাধ্য? প্রতিভাই বরং ভাষার একটা গণ্ডী বাঁধিয়া দিয়া বলিতেছেন "আমি মহাজন যে পথে যাইব তোমাদের সেই একমাত্র পথ।" তাহা না হইলে মিঃ প্রমথ চৌধুরী কলিকাতার চল্‌তি ভাষা বঙ্গের সর্ব্বত্র চালাইবার জন্য এরূপ কোমর বাঁধিয়া লাগিয়াছেন কেন? তিনি কিম্বা তাঁহার কথানুযায়ী দুই একজন সেই পথে চলিতেছেন, চলুন। তাঁহাদের প্রতিভা সেই ভাবেই বিকাশ প্রাপ্ত হউক। সাধারণ লেখক সেই গণ্ডীর মধ্যে ধরা দিবে কেন?

"এ পর্য্যন্ত কোনও প্রতিভাবান্ লেখক পরের বাঁধা ভাষার ভঙ্গী গ্রহণ করিয়া লিখিয়াছেন বলিয়া শুনা যায় না"—আমার মনে হয় নরেশ বাবু এখানে "ভাষার ভঙ্গী"র সহিত "লিখনভঙ্গী"র (style) গোল করিয়াছেন। এখানে তিনি style of writing মনে করিয়া ভাষার ভঙ্গী লিখিয়াছেন। নচেৎ প্রত্যেক প্রতিভাবান্ লেখকই তাঁহার লেখার জন্য একটা নূতন ভাষার আবিষ্কার করিয়াছেন, অথবা দেশজ, প্রাকৃত বা গ্রীক-লাটিন বা সংস্কৃত বহুল এক একটা নূতন ধরণের ভাষা ব্যবহার করিয়াছেন এরূপ দেখা যায় না। style of writing বা বা লিখনভঙ্গী বাদ দিলে Burke, Bright, Gladstone Byron, Shelley, Wordsworth—Carlyle, Emerson, Macaulay—ইঁহাদের সকলের ভাষা প্রায় এক প্রকার। অর্থাৎ ইঁহারা প্রত্যেকেই ইংরেজী সাধুভাষায় গ্রন্থাদি লিখিয়াছেন। কবিবর Burns অবশ্য তাঁহার প্রাদেশিক ভাষায়ই কাব্য লিখিয়া অমর হইয়াছেন। কিন্তু তাঁহার ভাষায় এ পর্য্যন্ত আর কেহ কাব্য লেখেন নাই। মহাকবি Tennysonএর ভাষা প্রাদেশিক শব্দ বহুল হইলেও তাহা সাধুভাষার ধারা অতিক্রম করে নাই। সুতরাং প্রতিভাবান্ লেখকমাত্রেই এক একটা নূতন ভাষার যে আবিষ্কার করিবেন এরূপ কোন কথা নাই।

নরেশ বাবু আমাদের রবীন্দ্রনাথ সম্বন্ধে বলেন "রবীন্দ্র বাবুও তাঁহার বর্ত্তমান পন্থা যাঁহারা অনুসরণ করিতেছেন তাঁহারা ভাষার এই স্থায়ী উপকার করিতেছেন যে তাঁহারা কথিত ভাষার সম্পদ ও শক্তিতে সাহিত্যকে সমৃদ্ধ ও ওজস্বী করিয়া তুলিতেছেন"... ... ... "রবীন্দ্রনাথ ইহাই দেখাইয়াছেন যে কথিত ভাষারদ্বারা আমাদের ভাষা সমৃদ্ধ হইতে পারে এবং আমাদের ইহাকে সেই সম্পদ দিতে হইবে। তিনি এ কথা কোনওদিন বলেন নাই যে, সে সম্পদ কেবল কলিকাতার কথায়ই আছে, আমরা পারি না পারি কলিকাতার কথা আমাদের লিখিতেই হইবে।"

রবীন্দ্রনাথ নিজে কোন কথা কোনদিন বলেন নাই সত্য, কিন্তু তাঁহার শিষ্য ও শিষ্যানুশিষ্যগণ এই ভাবেই

ত "সাধুভাষা বনাম চল্‌তি ভাষার" আন্দোলন আরম্ভ করিয়াছেন। তাঁহাদের লিখা যে নিতান্ত অসঙ্গত আশা করি তাহা নরেশ বাবুর কথায়ই তাঁহারা বুঝিতে পারিবেন। নানা প্রকারে বঙ্গভাষাও সাহিত্যের সম্পদ বৃদ্ধি করিবার জন্ম রবীন্দ্রনাথের নিকট বাঙ্গালীমাত্রেই ঋণী, একথা কে অস্বীকার করিতে পারে? কিন্তু "গেলাম" স্থলে "গেলুম" এবং "করলাম" বা "করিলাম" স্থলে "করলুম" লিখিলে যে ভাষার সম্পদ বেশী বাড়ে এরূপ আমাদের মনে হয় না। বরং ইহা দ্বারা নরেশ বাবু কথিত ভাষার যে একটা standardএর কথা বলিয়াছেন তাহার অতিক্রম করা হয়। বলা বাহুল্য এই standardই কালক্রমে সাধুভাষা আখ্যা প্রাপ্ত হয়। নরেশ বাবু "ফিরছিনে" কথার সৌন্দর্য্য দেখিয়া খুব মুগ্ধ। তিনি বলেন—

"এখানে "ফিরছিনে" কথাটার ভিতর এমন একটা ঝোঁক আসিয়া পড়ে যার সম্পূর্ণ অর্থ "ফিরিতেছি না", "ফিরিব না" "কদাপি ফিরিব না", "কিছুতেই ফিরিব না" প্রভৃতি কোন কথায় প্রকাশ করা হয় না।" একথা সত্য। কিন্তু যাহারা কলিকাতাবাসী, কলিকাতার toneএ কথা কয়, তাদের মুখে ইহা যেরূপ সুন্দরভাবে উচ্চারিত হয়, তাহাদের লেখারও ইহা সেইরূপ সুশোভন হয়। যাহারা মুখে "ফিরমু না বলে, তাহারা "ফিরছিনে" লিখিতে বসিলে তাহা তাঁহাদের মুখে উচ্চারিত হইবে না, অধিকন্তু তাঁহারা সেই সঙ্গে আর পাঁচটা idiomএর ভুল করিবে সন্দেহ নাই। সেইরূপ "আমি না করছি" ময়মনসিংহ জেলায় প্রচলিত এই নিষেধ বাচক কথাটী বেশ জোরের কথা, অল্প কথায় ভাবটী খুব জোরের সহিত প্রকাশ করে। "আমি মানা করিয়াছি", "আমি নিষেধ করিয়াছি" ইত্যাকার কথাতে তেমন জোর নাই। কিন্তু একজন কলিকাতাবাসী লেখক "আমি না করছি"—মুখে উচ্চারণ করিতে পারিবেন না, কারণ তিনি "করছি" শব্দ কখনও ব্যবহার করেন না, তাহার পরিবর্ত্তে "করিয়াছি" বা "করেছি ব্যবহার করেন। আবার "না" শব্দের উপর জোর দিয়া উচ্চারণ করিবেন না। "আমি না করছি" বাক্যটী খুব সুন্দর হইলেও তাঁহার পক্ষে ইহা কথায় কিম্বা লেখায় ব্যবহার করা সম্ভবপর নহে। সুতরাং প্রাদেশিক শব্দ সুন্দর হইলেও তাহার লিখিত ভাষায় বানান সর্ব্বত্র সুবিধাজনক নহে। প্রতিভাশালী লেখকগণ তাহা চালাইলেও কালক্রমে অব্যবহারে তাহা লুপ্ত হইয়া যায়। রামপ্রসাদের গানে, কিম্বা দীনবন্ধুর নাটকে যে সকল প্রাদেশিক শব্দ ব্যবহৃত, তাহা কখনও সমগ্র বঙ্গদেশে চলে নাই। তাহা তাঁহাদের গান বা নাটকের মধ্যেই আটক রহিয়াছে। "কথিত ভাষাকে সাহিত্যের ভিতর টানিয়া আনিয়া ভাষার শক্তি ও সৌষ্ঠব বাড়ান যায় কি না"—তাহা রবীন্দ্রনাথের রচনায় experiment করা হইতেছে হউক। সেই experiment সফল হইবে কি না তাহা ভবিষ্যতের কথা। নরেশ বাবু লিখিয়াছেন—"এমন একটা কথা উঠিয়াছে যে রবীন্দ্র বাবু যদি কলিকাতার ভাষা চালাইতে যান, তবে আমরা কেন না ঢাকার ভাষা চালাইব? রাজসাহীর লোক কেন না রাজসাহীর ভাষা চালাইবেন? যদি বলি কোনও বাধা নাই, যদি আমাদের সে শক্তি থাকে, যাহাতে ঢাকার ভাষাকে ভাষার প্রাণের সঙ্গে মিলাইয়া দিতে পারি। রবি বাবু ইহা করিয়াছেন, তাঁহার দেশের ভাষা লইয়া আমরা পারিব কি?"

আমরাও সেই কথাবলি। "প্রতিভাবান লেখক রবিবাবু কলিকাতার slang ভাষা চালাইতে চান বলিয়া আমরা সাধারণ লেখক ও যে কলিকাতা, ঢাকার বা অন্য কোন দেশের slang ব্যবহার করিব তাহার মানে কি? আমরা অবশ্য চির প্রচলিত সাধু ভাষাই ব্যবহার করিব। "বাঙ্গলা ভাষার এমন একটা প্রাণ আছে তারসঙ্গে সমীকরণ না হইলে কোনও কথা বা কোনও কথার ভঙ্গী সাহিত্যে চলিবে না। সুতরাং যাহা কিছু লিখিলেই যে তাহা সাহিত্যে চলিয়া যাইবে এমন নহে।" বাঙ্গলাভাষার এই প্রাণটা কি নরেশ বাবু খুলিয়া বলেন নাই। আমাদের মতে ভাষার প্রাণ ভাবের প্রাণ হইতে অভিন্ন। ভাবের প্রাণ থাকিলে, তাহা যেরূপ ভাষায় প্রকাশ কর না কেন তাহা সাহিত্য হইবে। এইরূপে কলিকাতার কথিত

ভাষায় যেরূপ সাহিত্য রচনা হইতেছে, ঢাকার কথিত ভাষায় ও সেইরূপ সাহিত্য রচিত হইতে পারে, রাজসাহীর ভাষায়, চট্টগ্রামের ভাষায়ও সাহিত্য রচিত হইতে পারে। বন্ধুবর শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন চট্টগ্রামের ভাষায় রচিত অনেক প্রাচীন পুঁথি আবিষ্কার করিয়াছেন। সে গুলিও বঙ্গসাহিত্য সন্দেহ নাই। মুসলমানী বাঙ্গলার কথা অনেকেই জানেন—'নোয়াখালী, কুমিল্লা চট্টগ্রামের মুসলমানী ভাষায় তাহা রচিত। নোয়াখালিতে বহুল প্রচারিত "চৌধুরীর লড়াই" নামক একখানা প্রাচীন পুঁথি আছে, তাহা এই মুসলমানী ভাষায় রচিত। এ সকল ভাষার ও এক একটা প্রাণ আছে, অথচ আধুনিক প্রচলিত বাঙ্গলা সাহিত্যের ভাষার সহিত তাহা কতদূর বিভিন্ন। সুতরাং ভাষার প্রাণ ধরিয়া বিচার করিতে গেলে, বাঙ্গলা ভাষার সংখ্যা অসংখ্য হইবে।

এখন কথা এই, প্রাদেশিক ভাষায় ইতিপূর্ব্বে অনেক গ্রন্থ রচিত হইয়াছিল, কিন্তু সাধুভাষার প্রচলনের পর হইতে এখন সমগ্র বঙ্গদেশে সেই সাধু ভাষায় গ্রন্থাদি রচিত হইয়া বঙ্গসাহিত্যের শ্রীবৃদ্ধি সাধিত হইতেছে। এখন আবার আমরা সেই প্রাদেশিক ভাষাসমূহে গ্রন্থাদি রচনা আরম্ভ করিব, না সাধুভাষাই চলিতে থাকিবে? দুই একজন প্রতিভাশালী লেখকের কথা ছাড়িয়া দিতে হইবে। রবীন্দ্রনাথ ঠাকুর কলিকাতার ভাষায় গ্রন্থ রচনা না করিয়া নোয়াখালীর চট্টগ্রামের ভাষায় গ্রন্থ রচনা করিলে ও তাহা লোকে কষ্ট স্বীকার করিয়া পড়িবে। কিন্তু সাধারণ বঙ্গভাষার লেখকগণ কি তাঁহাদের নিজ ২ জেলার প্রচলিত "মাতৃভাষায়" গ্রন্থ রচনা করিবেন, না সমস্তবঙ্গে প্রচলিত সাধুভাষায় লিখিবেন? এই প্রশ্নের মাত্র একই উত্তর আছে। তাহার পুনরাবৃত্তি নিষ্প্রয়োজন। পরিশেষে নরেশ বাবু আরও একটা ভাল কথা বলিয়াছেন। "কথিত ভাষায় লিখিতে গেলেই যে তা'র ভিতর প্রাদেশিকতা আসিয়া পড়িবেই একথা আমি স্বীকার করি না। কথিত ভাষায় আমাদের যতই কেন তফাৎ থাকেনা, মোটের উপর সে ভাষায়ও বেশীর ভাগ সকলদেশেই এক, তফাৎটা কেবল উচ্চারণের। কতক কথা অবশ্য ভিন্ন সুবন্ত ও তিঙন্ত প্রয়োগ বা কৃতত্তদ্ধিতের চেহারা হয় তো খুবই ভিন্ন কিন্তু এত ভিন্ন নয় যাতে তাকে এক ধাঁচে, এ..টা standard dialect এ দাঁড় করান না যায়। "করলুম" ও "গেলুম" এর চেয়ে "করলাম" ও "গেলাম" এক standrd ভাষায় চলতি বেশী।"

যাঁহারা সাধুভাষার পক্ষপাতী তাঁহারাও ত এই প্রাদেশিকতা বর্জ্জন করিতে চান। নরেশ বাবু যে standard dialectএর কথা বলেন, তাহাই কালক্রমে সাধুভাষা নামে পরিচিত হয়। যদি কলিকাতার প্রাদেশিকতা বাদ দেওয়া হয়, তবে রবীন্দ্রনাথের লেখা কিম্বা মিঃ পি চৌধুরীর লেখায় কাহারও কোন আপত্তির কারণ থাকিতে পারে না। "করলুম" "গেলুম" ছাড়াও এমন অনেক প্রাদেশিক শব্দ আছে যাহা কথিতভাষায় চলিলেও লিখিত ভাষায় চালাইলে গোল হইবে। সাধুভাষায় "পুত্র কন্যার" স্থলে "ছেলে মেয়ে" লিখিত ভাষায় বেশ চলিতে পারে। কিন্তু কলিকাতার অঞ্চলের "ছেলে পুলে" লিখা ঢাকার "পোলাপান" লিখিত ভাষায় চালাইতে গেলেই বিভ্রাট হইবে। হাজার প্রতিভাশালী লেখক হইলেও "পোলাপান" বঙ্গভাষার মধ্যে চালাইয়া নিষ্কৃতি পাইবেন না। "তোমার মেয়ে ছেলে কয়টী" একথার উত্তরে একজন পূর্ব্ব বঙ্গবাসী তাঁহার পুত্র ও কন্যাদিগের সমষ্টি বলিয়া পশ্চিম বঙ্গবাসীর নিকট সহজেই হাস্যাস্পদ হইবেন, কারণ "মেয়েছেলে" অর্থ কেবল কন্যা বুঝায় একথা তিনি কিরূপে বুঝিবেন? এইরূপ দেশভেদে অনেক কথিত ভাষার idiom আছে যাহা লিখিত ভাষায় চালান কঠিন। এই সব প্রাদেশিকতা বর্জ্জন করিয়া কথোপকথনের ভাষা লিখিত ভাষায় চালাইলে কাহারও কোন অল্প হইতে পারে না।

উক্ত আলোচনাদ্বারা এই কয়টী কথা বেশ সুস্পষ্ট হইতেছে যে—(১) যাঁহারা সাহিত্য সম্রাটের দোহাই দিয়া কলিকাতার slang লিখিত ভাষায় চালাইতে ইচ্ছা করেন, তাঁহারা ভ্রান্ত।

(২) কোন প্রতিভাশালী লেখক হয় ত নিজের প্রতিভাবলে কোন অঞ্চলের slang লিখিত ভাষায় চালাইয়া কৃতকার্য্য হইতে পারেন, কিন্তু অন্যে তাহা করিতে গেলে নিশ্চয়ই ভাষাবিভ্রাট হইবে।

(৩) কোন প্রতিভাশালী লেখক অন্য নির্দ্দিষ্ট গণ্ডীর মধ্যে আবদ্ধ থাকিতে পারেন না সত্য, কিন্তু তাই বলিয়া তাঁহাকে যে একটা নূতন ভাষার আবিষ্কার করিতেই হইবে এমন কোন মাথার দিব্য নাই। তিনিও অনেক পরিমাণে প্রচলিত ভাষায় লিখিতে বাধ্য হন, তাঁহার style স্বতন্ত্র।

(৪) সাধারণ লেখকগণ প্রচলিত ভাষায়ই লিখিবেন, "নূতন কিছু করার" লোভ তাঁহাদিগকে পরিত্যাগ করিতে হইবে।

(৫) কথোপকথনের ভাষা লিখিত ভাষায় চালাইতে কোন বাধা নাই। কিন্তু তাহা প্রাদেশিকতা বর্জ্জিত হইবে।

শ্রীযতীন্দ্রমোহন সিংহ।

পুরীধাম।

ভারতের পুণ্যক্ষেত্র হে পবিত্র পুরী,
দারুরূপে ভগবান
হয়েছেন অধিষ্ঠান
যুগ যুগান্তর হ'তে তব বক্ষোপরি।

অজেয় যে পারাবার, নাই যার সীমা,
ঊর্দ্মিভুজ প্রসারিয়া
শ্বেত ফেন পুষ্প দিয়া
পূজিছে তোমারে সদা ভুলিয়া গরিমা।

তোমার প্রত্যেক স্থান, প্রতি বালুকণা,
ভক্তের চরণস্পর্শে
হইয়াছে বর্ষে বর্ষে
কি পবিত্র মহাতীর্থ নাহিক তুলনা।

চৈতন্য শঙ্কর আদি যত মহাজন
তোমার পবিত্র ক্রোড়ে
শুয়েছেন চিরতরে,
স্বর্গদ্বার ধরায় যে অমর ভবন।

সীমা হ'তে সীমান্তের কত নর নারী
নিরখিতে জগবন্ধু
তেয়াগিয়া ভাই বন্ধু
এসেছে তোমার দ্বারে প্রাণ তুচ্ছ করি।

মহতের সঙ্গলাভে হ'য়েছ মহান,
উদার তোমার রীতি,
দূর করি ভেদ নীতি
ব্রাহ্মণ চণ্ডাল তব সকলি সমান।

অতীতের শিল্পকলা, কত ইতিহাস
হিন্দুর গৌরব যাহা
তোমাতে রয়েছে তাহা
দিতে সাক্ষ্য সময়ের করি উপহাস।

ওহে চির পুরাতন, হে চির নবীন,
অনন্ত জলধি-তীরে
অনন্তকালের তরে
ভারত গৌরব হ'য়ে থাক নিশিদিন।

শ্রীদাক্ষায়নী দেবী।

বঙ্কিম প্রসঙ্গ

(১)

বঙ্কিম বাবুর মৃত্যুর পর একটী জনরব উঠিয়াছিল যে তিনি স্বীয় জীবন চরিত লিখিয়া গিয়াছেন, কিন্তু তাহা একটা নির্দ্দিষ্ট সময় গত না হইলে প্রকাশিত, হইবে না। সুতরাং নিশ্চিন্ত ছিলাম। তাহার পর দেখিলাম তাঁহার সুযোগ্য ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত শচীশচন্দ্র চট্টোপাধ্যায় তাঁহার জীবনী লিখিয়াছেন। ভাবিলাম ঘরের ছেলে ঘরের অনেক কথাই অবগত; সুতরাং তাঁহার অনুগ্রহে সাহিত্য সম্রাট বঙ্কিম বাবুকে সাধারণে ভাল করিয়া জানিবে ও চিনিবে। কিন্তু কৈ, পুস্তক মধ্যে সেই সাহিত্যিক ও ঔপন্যাসিক বঙ্কিম চন্দ্রকে ত ভাল করিয়া দেখিতে পাইলাম না। দেখিলাম ডেপুটী বঙ্কিমচন্দ্রকে। তাঁহার দম্ভপূর্ণ রোষ কষায়িত নয়নভঙ্গি মাত্র দৃষ্টিগোচর হইল, কিন্তু তাঁহার সরলতা স্নেহ মমতা বা কারুণ্যের ছায়াও দেখিলাম না। জলদ জাল মণ্ডিত বিশাল বদন ভাব দেখিলাম বটে, কিন্তু সেই চন্দ্রকরোজ্জ্বল বর্ণভাতি সমন্বিত সহাস্য বদনখানি ত দৃষ্টিপথে আসিল না। এমনটা কেন হইল?

সত্য বটে বঙ্কিম বাবুর উদ্দীপ্ত যৌবন কালের কথা শচীশ বাবুর জানা অসম্ভব, কেননা কোথায় থাকিতেন তিনি আর কোথায় থাকিতেন বঙ্কিম বাবু; সুতরাং অনেক বিষয়ে তাঁহাকে বঙ্কিম বাবুর বন্ধু বান্ধব বা জনশ্রুতির উপর নির্ভর করিতে হইয়াছে। তাহার উপর শোনা কথার উপর আবার তিনি স্থানে স্থানে অযথা বর্ণ বৈচিত্র্য সম্পাদনে আসল খাস্তা করিয়া ফেলিয়াছেন। এখনও তাঁহার পূজনীয় খুল্লতাত বাবু পূর্ণচন্দ্র বন্দোপাধ্যায় জীবিত। এখনও কাঁঠাল পাড়ায় প্রধান পণ্ডিত পূজনীয় রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও চুঁচুড়া কদমতলার সাহিত্যাচার্য্য অক্ষয়চন্দ্র সরকার বর্ত্তমান। চেষ্টা করিলে তাঁহাদের নিকট তিনি বঙ্কিম বাবুর অনেক কথা জানিতে পারিতেন, কিন্তু সে চেষ্টা কেন হয় নাই তাহা বুঝিলাম না। হয়ত কোন বিশেষ অন্তরায় আছে। আর না থাকিলে তাঁহার খুল্লতাত পূর্ণ বাবুর লিখিত সুখ-পাঠ্য বঙ্কিম প্রসঙ্গ গুলি তাঁহার পুস্তক মধ্যে স্থান পায় নাই কেন?

পুস্তক খানিকে গ্রন্থকার প্রতিমা বলিয়া উল্লেখ করিয়াছেন, ভক্তের উপযুক্ত কথা বটে, আর তিনি সেই প্রতিমাকে ভাল করিয়া সাজাইতে পারেন নাই বলিয়া দুঃখও করিয়াছেন, আশা করি পরবর্ত্তী সংস্করণে সে অভাব দুর করিয়া সাধারণের কৃতজ্ঞতা ভাজন হইবেন। তাঁহার প্রতিষ্ঠিত প্রতিমা একদিন বঙ্কিম বাবুর রাশি রাশি ভক্তবৃন্দ কর্ত্তৃক পূজিত হইবে; এটা স্মরণ রাখিবার বস্তু। আর এক কথা শচীশ বাবু বঙ্কিম জীবনীতে এমন অনেক কথা লিখিয়াছেন, যাহা না লিখিলেই ভাল হইত। আমরা তাহার দুই একটী উদাহরণ পরে দিব।

পুরুষ ও প্রকৃতি লইয়া এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি। আবার ক্ষুদ্র হইতে ক্ষুদ্রতম পদার্থেও সেই মহাশক্তি দ্বয়ের সত্বা অনুভূত হয়। তাই বুঝি ভবানিপতি হর গৌরী মূর্ত্তি পরিগ্রহ করিয়া সংসারীকে সেই দুই মহাশক্তির অস্তিত্ব হৃদয়ঙ্গম করাইয়াছেন। আমরা শচীশ বাবুর গ্রন্থে জটাজূট সম্বলিত ফণিমালা বিশোভিত ডম্বুর নিনাদ মুখরিত বঙ্কিম বাবুর ধূর্জ্জটি মূর্ত্তি যেমন দেখিতে পাই, বরাভয় প্রদায়িনী করুণাময়ী জগন্মাতা গৌরীর কারুণ্য পূর্ণ ছবি তেমন দেখিতে পাই না। সত্য বটে বঙ্কিম বাবুর সে ভাব সাধারণ চক্ষুর অন্তরালেই অনেক সময় থাকিত, কিন্তু তাহার অস্তিত্ব ছিল না, একথা কেমন করিয়া বলিব। সাধারণে তাঁহার দম্ভদীপ্ত মুখচ্ছবিই প্রধানতঃ দেখিতেন বটে, কিন্তু তাঁহার বন্ধু বান্ধব তাঁহার উদারতা পূর্ণ সরস হৃদয়ের করুণাধারায় সিক্ত হইতেন।

বঙ্কিম বাবু আমার পিতৃবন্ধু। তিনি যখন বহরমপুরের ডেপুটী, আমার পিতা তখন তথায় সবজজ। বঙ্কিম বাবুকে অনেকদিন আমাদের বাসায় দেখিয়াছি, আমিও সময় সময় তাঁহার বাসায় গিয়াছি, তখন আমার বয়স ৯। ১০ বৎসর মাত্র। কিন্তু তাহা হইলেও সে

সময়ের কিছু কিছু স্মরণ হয়। বঙ্কিম বাবু তখন একটু কোপন প্রকৃতির লোক ছিলেন, তাঁহার উপর মুখ ভাব এত গম্ভীর ছিল যে আমরাও সময়ে সময়ে তাঁহার নিকটে যাইতে শঙ্কিত হইতাম। তাঁহার রাগ যেমন দপ করিয়া জ্বলিয়া উঠিত, আবার তেমনি শীঘ্র নিবিয়া যাইত। তিনি যেদিন রাগান্বিত হইতেন সেদিন চেয়ার টেবিল, বাক্স, তোরঙ্গ হাঁড়ি কুঁড়ি যাহা সম্মুখে পাইতেন তাহাই ভাঙ্গিয়া চুরমার করিতেন। আবার কিছুক্ষণ পরে যেন আর সে মানুষ নন্। যে সকল ক্ষতি করিয়াছেন হাস্য মুখে তাহাই দেখিতেন এবং তাহাদের সংস্কার বা স্থান পূরণ করিবার চেষ্টায় থাকিতেন। আমি দুই চারিবার তাঁহার এবম্বিধ রাগ দেখিয়াছি। তখন আমি অবশ্য তাঁহার কোন পুস্তক পাঠ করি নাই, কিন্তু তাঁহার "নদীর জল অবিরল সাগরেতে যায়" প্রভৃতি দু চারিটী কবিতার আবৃত্তি করিতে পারিতাম।

বঙ্কিম বাবু তৎকালে লোকের সহিত বড় একটা মিশিতেন না, সম্ভবতঃ মিশিবার ইচ্ছাও ছিল না। রেভারেণ্ড লালবিহারীদের সহিত তিনি নাকি একদিন প্রায় চারি ঘণ্টা কাল নলহাটী ষ্টেশনের বিশ্রামাগারে বসিয়াছিলেন; কিন্তু একটী কথাও কহেন নাই। লালবিহারী দে দুই একটী প্রশ্ন করিয়াছিলেন, কিন্তু শুনিয়াছি যে এমন ভাবে উত্তর পাইয়াছিলেন, যে তিনি আর বেশী কথা কহিতে সাহস করেন নাই।

সাহিত্যাচার্য্য শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার রচিত "পিতা পুত্রে" বঙ্কিম বাবুর তাঁহার প্রতি তাচ্ছিল্য ভাবের একটী সুন্দর চিত্র অঙ্কিত করিয়াছেন। আমরা নিম্নে তাহা উদ্ধৃত করিলাম, ইহাতেই সাধারণে বঙ্কিম বাবুর স্বভাব সম্বন্ধে অনেক টা আভাস পাইবেন।

৬০।৬১ সালে পিতা যখন জাহানাবাদে মুনসেফ, বঙ্কিম বাবুর মেজ দাদা সঞ্জীবচন্দ্র, তখন জাহানাবাদে সব্‌রেজেষ্ট্রার হইয়া গেলেন। সেই অবধি তাঁহাদের দুইজনে বন্ধুত্ব হয়। বঙ্কিম বাবু বহরমপুরে যাইতেছেন বলিয়া সঞ্জীব বাবু পিতাকে পত্র লেখেন, আমাদের বাসায় উঠিবেন বলিয়া জানাইয়া রাখেন এবং কাছারির নিকট বঙ্কিম বাবুর জন্য একটী বাটী ভাড়া করিবার জন্য অনুরোধ করেন। আমি অন্ততঃ পাঁচটা বাড়ী দেখিয়া শুনিয়া, একটী বাড়ী ঠিক করিয়া ঝাড়াইয়া ঝুড়াইয়া রাখিলাম। জল তুলাইয়া রাখিলাম, একটা ঠিকা চাকরও রাখিয়া দিলাম। পূর্ব্বেই বলিয়াছি, বঙ্কিম বাবুর কপাল কুণ্ডলা পড়িয়া আমি কাব্যে গুণ-পনায় মুগ্ধ হইয়াছিলাম, সুতরাং কেবল আতিথ্যের খাতিরে নহে, প্রকৃত ভক্তিভরে আনন্দ সহকারে এই সকল কার্য্য করিয়াছিলাম। যথাকালে বঙ্কিম বাবু আসিলেন আহারাদি করিলেন, শুনিলেন যে, আমি গৃহবাসী গঙ্গাচরণ বাবুর পুত্র, বি, এল, পাশ্ করিয়া বহরমপুরে ওকালতি করিতে আসিয়াছি। আহারের পর বিশ্রাম করিলেন বিশ্রামের পর বৈকালে আমরা পিতা পুত্রে গাড়ী করিয়া তাঁহাকে তাঁহার বাড়ী দেখাইতে লইয়া গেলাম। বাড়ী দেখিলেন, পছন্দ করিলেন, ঠিকা চাকর তিনখানা কেদারা বাহির করিয়া দিল, আমরা তিনজনে ক্ষণেক বসিয়া রহিলাম, বাসায় সকলে ফিরিয়া আসিলাম, বঙ্কিম বাবু সে রাত্রি আমাদের বাসাতেই যাপন করিলেন। পিতার সহিত কথাবার্ত্তা চলিল। পরদিন প্রাতে তাঁহার জিনিস পত্র চাকর ব্রাহ্মণ লইয়া, গাড়ী করিয়া তিনি নিজ বাসায় গেলেন, আমি গাড়ী করিয়াছিলাম, গাড়ীতে তুলিয়া দিলাম; হায়রে। হায়! তখনকার কথা মনে পড়িলে, এখনও বুক ফাটে। এপর্য্যন্ত বঙ্কিম বাবু আমার সহিত একটি কথাও কহিলেন না; অধীনের প্রতি কপাল-কুণ্ডলাকারের করুণা কটাক্ষ হইল না। বাবা সব বুঝেন, সব জানেন, সব দেখিতে ছিলেন, আমি ফিরিয়া উপরে গেলে, বলিলেন "বঙ্কিম গেল হে?" আমি বলিলাম "হাঁ।" "তোমার সহিত দুদিনে একটিও কথা হয় নাই?" আমি বলিলাম "কথা কি, আমি যে, একটা জীব, এই বাসায় থাকি, সে খবর হয়ত, তাঁহাতে এখনও পৌঁছে নাই।" পিতা বলিলেন "তাই বটে।" বলিয়া উচ্চ হাস্য করিতে লাগিলেন। তাঁহার হাসির ফোয়ারায় আমার মনের ময়লা ধুইয়া গেল; পিতৃগৌরবে আমি গৌরবান্বিত আমিও হাসিতে লাগিলাম।

কাছারীর ফেরতা পিতা পুত্র দুইজনে বঙ্কিম বাবুর সুবিধা, অসুবিধা কতদুর হইতেছে দেখিবার জন্য, বঙ্কিম বাবুর বাসায় তাঁহাকে দেখিতে গেলাম। বঙ্কিম বাবু "আসুন" বলিয়া পিতাকে সম্বর্দ্ধনা করিলেন। এবার মনে হইল, পিতাকে আসুনের সম্বোধনে, ব্রাকেটের মধ্যে আমিও যেন আছি। আমার নিযুক্ত সেই চাকর, সেইরূপ তিনখানি কেদারা বাহির করিয়া দিল, বঙ্কিম বাবুর আদেশ মত পিতাকে তামাক দিল আমরা. তিন জনে বসিয়া রহিলাম। পিতার সহিত বঙ্কিম বাবুর কথোপকথন হইতে লাগিল। আমি জনান্তিকে দুই এক কথার টোপ ফেলিতে লাগিলাম। বঙ্কিম বাবু কিন্তু টোপ ধরিলেন না। তবে আমি এবার বুক বাঁধিয়া গিয়াছি, বঙ্কিম বাবুর এই ভাব গায়ে কিন্তু মাখিলাম না; তবে মনে মনে এমন ভাবটা হইয়া থাকিবে যে,—

"কাদামাখা সার হ'ল মোর, মাছধরা হল না।" এইরূপে দিন যায়। বঙ্কিম বাবু নিজেই বলিয়াছেন, দিন কাহারও জন্য বসিয়া থাকে না। আমারও দিন আটকাইয়ারহিল না। যতদিন পিতা বহরমপুরে ছিলেন, ততদিন বঙ্কিম বাবু মাঝে মাঝে এক একবার আসিতেন, পিতার সহিত গল্পগুজোব করিয়া চলিয়া যাইতেন। তাহার পর পিতৃদেব চলিয়া গেলেন, আমি একা বাসায় রহিলাম। বঙ্কিম বাবু আর আসেন না। আমিও অবশ্য যাই না।

কিসের একটা ৪|৫ দিনের ছুটি হইল। বঙ্কিম বাবুও বাড়ী আসিবেন, আমিও বাড়ী আসিব। নলহাটিতে আসিয়া দুইজনে দেখাসাক্ষাৎ। সাত সাত ঘণ্টাকাল, নলহাটিতে বিশ্রাম বা কষ্টভোগ করিতে হইবে, তাহার পর হয়ত ইষ্ট ইণ্ডিয়ান গাড়ী আসিবে, নয়ত দুই ঘণ্টা বিলম্বেও আসিতে পারে। সেকেণ্ড ক্লাসের বিশ্রাম ঘরে বসিয়া বঙ্কিম বাবু ও আমি। দিন যায় ত ক্ষণ যায় না। বহুদিন গিয়াছে, কিন্তু এবার বঙ্কিম বাবু ক্ষণ কাটাইতে পারিলেন না। শুভক্ষণে, অতি শুভক্ষণে, বঙ্কিম বাবু কথা কহিতে লাগিলেন। এ কথা সে কথা, ও কথা, কোথা হইতে কিরূপ করিয়া পড়িল— রহস্তকায় রেনল্ডের কথা। তখন দুই জনে অসি ধারে মুণ্ডপাত করিয়া, বসিয়া বসিয়া তৃপ্তি পূর্ব্বক, দুইজনে সেই মুড়ি চিবাইতে লাগিলাম। চর্ব্বণের সেই রসগ্রহে, দুই জনের ভিতরে সহৃদয়তা জন্মিল, দিন দিন, সেই হৃদয়তা ক্রমে ক্রমে অবিচ্ছেদে বিশেষ বন্ধুতায় পরিণত হইয়াছিল। তিনি বড়, আমি ছোট; তিনি বয়সে বড়, বিদ্যায় বড়, কৃতিত্বে বড়, কিন্তু ছোট বড় বলিয়া বন্ধুত্বে কোন ব্যাঘাত হয় নাই। বঙ্কিম বাবুর "বন্ধুবৎসলতার" পরিচয় চন্দ্রনাথ দাদা যথেষ্ট দিয়াছেন। আমি আর চন্দনে সুগন্ধি প্রক্ষেপ করিব কেন?" পাঠক ইহা হইতেই হয়ত বঙ্কিম বাবুকে অনেকটা চিনিয়াছেন।

এই সময়ে বহরমপুরে গ্রাণ্টহলের সৃষ্টি। আমার পূজনীয় পিতা ঠাকুর মহাশয় ইহার প্রধান উদ্যোগী ছিলেন এবং তাঁহারই যত্ন ও অধ্যবসায়ে অনেক টাকা চাঁদা সংগৃহীত হইয়াছিল। এই গ্রাণ্টহলে প্রায় প্রতি রবিবারে বক্তৃতা বা প্রবন্ধাদি পঠিত হইত। অধিকাংশ প্রবন্ধই বঙ্কিমবাবু ও লালবিহারী দে কর্তৃক রচিত। প্রবন্ধ পাঠকালে বঙ্কিমবাবুর কণ্ঠস্বরের উত্থান পতন জনিত বৈচিত্র্য অনুভূত হইত। কৌতুকপ্রিয় দে সাহেব তাহাই লইয়া রঙ্গ করিতেন এবং নানাছলে তাঁহার পঠিত প্রবন্ধের অপ্রিয় সমালোচনা করিতেন। বঙ্কিমবাবু তাহাতে হাড়ে হাড়ে চটিয়া যাইতেন। এই সকল সামান্য ঘটনা উপলক্ষে তাঁহাদের উভয়ের মধ্যে বিশেষ সদ্ভাব ছিল না, বরং একটু মনোমালিন্যের সৃষ্টি হইয়াছিল বলিলেই সঙ্গত হয়।

যে সময় বঙ্গভূমে ঈশ্বরগুপ্ত, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, মধুসূদন, হেমচন্দ্র, ভূদেব, দীনবন্ধু প্রভৃতি মনস্বীগণ জন্ম গ্রহণ করেন, সত্যই সে অতি সুখের সময়। সৌভাগ্যক্রমে এক ঈশ্বরচন্দ্র গুপ্ত ব্যতীত সকলকেই আমি দেখিয়াছি এবং তাঁহাদের সহিত অল্পবিস্তর মিশিয়াছি। আমার পিতা যখন বর্দ্ধমানে তখন ইঁহারা সকলেই মধ্যে মধ্যে আমাদের বাসায় আসিতেন। সকলের সহিতই তাঁহার সখ্যতা ছিল।

যে সময়ে বঙ্কিমবাবুর জন্ম সে সময়ে বঙ্গে ম্যালেরিয়ার আবির্ভাব হয় নাই। তখন দেশে রেলপথ ছিল না, টেলিগ্রাফের তার ছিল না, এত গাড়ী ঘোড়া ছিল না,

সম্ভ্রান্ত লোকে পাল্‌কী চড়িতেন, সাধারণের পদব্রজে বা নৌকা ও গোশকটে যাতায়াত চলিত। বিশেষ অবস্থাপন্ন লোকভিন্ন শাল জমিয়ার পরিতেন না। গৃহস্থ সন্তান মোজা পরিতে লজ্জিত হইতেন, সহর ঘেঁসা ছেলে ভিন্ন শাল গায়ে দিত না, শীতকালে ফরাসী ছিটের রেজাই গায়ে দিয়া তৃপ্ত হইত। তখনও সহরে বাস করিবার স্পৃহা লোকের মনে জাগে নাই। তখন পল্লিগ্রাম ছাড়িয়া লোকে কলিকাতায় ছুটিত না। কলিকাতা বাসও সুখকর ছিল না। ঈশ্বর গুপ্ত নিজেই বলিয়াছেন,

রেতে মশা দিনে মাছি,
এই সুখে কল্‌কাতায় আছি।

তখন কলিকাতার অবস্থা যাহাই হউক কাঁঠালপাড়া স্বাস্থ্যকর স্থান ছিল। খাদ্য সামগ্রীর প্রাচুর্য্য ছিল। দশম বর্ষীয় শিশুর তখন অম্লোদ্গার হইত না। খাদ্য সামগ্রী সুলভ ছিল লোকে প্রাণ পূরিয়া আহার করিত। তখন ইংরাজ বাঙ্গালিতে সদ্ভাব ছিল। অধিক কি কোন কেরাণীর অসুখ হইলে জজ মাজিষ্ট্রেট তাঁহার বাসায় তাঁহাকে দেখিতে যাইতেন, চিকিৎসা ও পথ্যের সুব্যবস্থা করিতেন। কিন্তু আজি আর সে দেশ সে দিন নাই।

তাহার পর রুচী। বঙ্গে বহুকাল হইতে আদি রসের অভাব ছিল না, বৈষ্ণব কবিগণ তাহাতে ঘৃতা-হুতি দিয়াছিলেন কিন্তু চূড়ান্ত করিয়াছিলেন দাশু রায়, রাম বসু আর হরু ঠাকুর। এই আদিরসের দিনে যখন "বউও" এবং "শাশুড়ে" বলিয়া রসিকতা করিবার প্রথা প্রচলিত ছিল। যখন কবিতায় রসিকতা চলিত, সেই আদিরস ঘটিত কাব্য প্রাণ দিলে বঙ্কিম জন্ম গ্রহণ করেন, সুতরাং তাহার সংক্রমতা হইতে তিনিও অব্যাহতি পান নাই। দীনবন্ধু খোলা প্রাণে তাহা অস্বীকার করেন নাই, কিন্তু চাপা মুখে বঙ্কিম বাবু ও তাহা চাপিয়া রাখিতে পারেন নাই। তাঁহার বাল্য রচনা তাহার শ্রেষ্ঠ প্রমাণ। বঙ্কিম বাবুর জন্ম কালিন সামাজিক অবস্থা ভাল ছিলনা, শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে অহিন্দু ভাব বেশী মাত্রায় দেখা যাইত। কিন্তু বলিতে কি তিনিও পূর্ণ মাত্রায় সেই সমাজের শিক্ষিত সম্প্র-দায়ের দশ জনের এক জন ছিলেন। অহিন্দু ভাব তাঁহার প্রাণে প্রাণে জাগরিত ছিল, কিন্তু তিনি যে নাস্তিক ছিলেন এ কথা স্বীকার করিতে পারিনা। তিনি সত্যবাদী ছিলেন কিন্তু জিতেন্দ্রিয় হইতে পারেন নাই, সুতরাং যিশু খৃষ্টের সকল আদেশ পালন করিতে না পারিলেও সত্যবাদী মানবের যে মুক্তি নিশ্চয় এই ধ্রুব ধারণা ছিল। ইংরাজি ১৮৮০ সালের কথা জানি তখনও বঙ্কিম বাবুর প্রাণে হিন্দু ভাব জাগরিত হয় নাই। কিন্তু শেষ জীবনে তাঁহাকে এজন্য অনুতাপ করিতে হইয়াছে।

বাল্য জীবন হইতে বঙ্কিম বাবুর ধর্ম্ম জ্ঞানের অভাবের বিশেষ কারণ কি তাহা বুঝা যায় না। তিনি হিন্দু সন্তান, তাঁহার পিতৃদেব একজন নিষ্ঠাবান ব্রাহ্মণ ছিলেন, তাঁহার জননীর কথা উল্লেখ বাহুল্য। তাঁহার গৃহে হিন্দু দেবতা প্রতিষ্ঠিত ছিলেন, প্রত্যহ সন্ধ্যার সময় ধূপ ধুনার সৌরভাপ্লুত দেব মন্দির কাঁসর ঘণ্টার নিনাদে মুখরিত হইত। সে হেন হিন্দু গৃহে জন্ম গ্রহণ করিয়া বঙ্কিম চন্দ্রকে শেষ জীবনে অহিন্দু আচার ব্যবহারের জন্য অনুতাপ করিতে হয় কেন? ইহা কি পূর্ব্ব জন্ম কৃত প্রবৃ-ত্তির নিবৃত্তির কারণ নহে। আর এই জন্য তিনি পরিতাপ করিয়া বলিয়াছিলেন "আমি ব্রাহ্মণ এ ধারণা যদি পূর্ব্বে থাকিত তাহা হইলে এক জীবনেই অনেক উন্নতির আশা থাকিত। কিন্তু বিধাতার বুঝি সে ইচ্ছা নহে।"

সত্যই তাই, অহিন্দু ভাবের প্রধান উৎপত্তি কলিকাতা হিন্দু কলেজের ছাত্রদিগের মধ্যে। নাম করিব না কিন্তু ভূদেব বাবুর সমসাময়িক অনেক ছাত্র বাহাদুরি দেখাইতে প্রকাশ্য ভাবে গোমাংস আহার করিতেন, বোতল পোরা মদ ঢক্ ঢক্ করিয়া গলায় ঢালিতেন। এই অত্যাচার প্রভাবে তৎকালিন্ কত মহামতী যে অকালে কালের কবলে আত্ম সমর্পণ করিয়াছিলেন তাহার ইয়ত্বা নাই, কিন্তু বঙ্কিম তাঁহাদের পরবর্ত্তী সম্প্রদায়। তাঁহার অভ্যুদয় সময়ে সে প্রবল স্রোত আর তত বেগশালী নহে। তাহার উপর তাঁহার প্রাথমিক শিক্ষা মেদিনীপুর ও হুগলিতে, তথাপি একটা

কেন হইল? বঙ্কিম বাবু কখন আপনাকে কাহারও নিকট ছোট বলিয়া মনে করিতেন না। কিরূপে, কি যশে, কি কর্ত্তব্য পালনে, কি সাহিত্য পরিচর্য্যায়, কি রাজকীয় কার্য্যে তিনি আপনাকে স্বয়ং শীর্ষ স্থান দিয়াছিলেন কিন্তু অত্যাংশেও যে তিনি বড় এ ভাব ছিলনা। কেহ তাঁহার অনাচার জনিত কোন কার্য্যের কথা উত্থাপন করিলে তিনি ভ্রুকুটী কুটিল নেত্রে বলিতেন "I hate hypocrisy."

সত্যই তিনি বাহিরে একটা ভিতরে একটা করিতেন না। আজ কাল কার রাম পাখী প্রিয় বাবুরা গোপনে সে সমস্ত উদরস্থ করিলেও বাহিরে হিন্দু। কিন্তু তিনি এভাবের পক্ষপাতি ছিলেন না। তিনি নিজে যাহা ভাল বুঝিতেন তাহাই করিতেন পরে কি বলিবে তাহা কখন ভাবিতেন না। মুখের উপর স্পষ্ট উত্তর দিতে তিনি কখন কুণ্ঠা বোধ করিতেন না।

বঙ্কিম বাবু যখন কাঁঠাল পাড়ায় বঙ্গদর্শন সম্পাদন করেন তখন পথিপার্শ্বস্থ বৈঠকখানার পার্শ্বে তাঁহার একটী পায়খানা ছিল। পায়খানা যাইবার সময় ভৃত্য গুড় গুড়ীতে তামাকু সাজিয়া সটকাটী পায়খানা মধ্যে তাঁহাকে দিয়া আসিত। পথের কত লোক আড় নয়নে ডেপুটী ও ঔপন্যাসিক বঙ্কিমের এই বাবুয়ানা বঙ্কিম-নেত্রে দেখিতে দেখিতে চলিয়া যাইত। কিন্তু তাঁহার প্রতিবেশী ভট্টপল্লীর ভট্টাচার্য্যেরা তাহা কিরূপ ভাবে গ্রহণ করিতেন তাহা তিনি কখন ভাবিতেন না।

আমি দীনবন্ধু বাবু ও বঙ্কিম বাবুকে একত্রে বর্দ্ধমানের বাসায় দেখিয়াছি। দীনবন্ধু বাবুর হৃদয়ের উদ্দাম উচ্ছ্বাস কেহ ভুলিতে পারেন না। বাটীর ঝী চাকর পর্য্যন্ত তাঁহার আগমনে আনন্দিত হইত। পাচক ব্রাহ্মণ উৎফুল্ল প্রাণে তাঁহার আহার্য্য প্রস্তুত করিত। এমনি তাঁহার হৃদয় ভরা আনন্দ ছিল। একদিন রবিবার মধ্যাহ্নে দিনবন্ধু বাবু "কমলে কামিনীর" পাণ্ডুলিপি পাঠ করিতেছেন। শ্রোতা পিতৃদেব, তাঁহার সহপাঠি সবজজ গঙ্গাচরণ সরকার ও বঙ্কিম বাবু। বঙ্কিম বাবুর রসিকতার টিকা টিপ্পনি চলিতেছে, কিন্তু থাই পাইতেছেন না, গঙ্গাচরণ ও দীনবন্ধুর রস তরঙ্গে ভাসিয়া যাইতেছেন। সেই ঘন ঘন হাস্য সেই আনন্দ ভরা হৃদয়, সেই সারল্য সেই রসামোদ আর দেখিতে পাই না।

বিদ্যাসাগর মহাশয় বর্দ্ধমানে আসিলে আমার পিতৃবন্ধু স্বর্গীয় প্যারিচাঁদ মিত্রের বাটীতেই থাকিতেন। তবে প্রায় আমাদের বাসায় বেড়াইতে আসিতেন। তিনি আসিলে আমরা যেন নিতান্ত পরমত্মীয় সমাগম হইয়াছে বোধে ছুটীয়া তাঁহার নিকটে যাইতাম, আর সানন্দ চিত্তে তাঁহার কথাবার্ত্তা শুনিতাম। তেমন সরল প্রকৃতি সদাশয় লোক আর জন্মিবে কি? আমি একদিন প্রাতে প্যারিচাঁদ মিত্র মহাশয়ের বাটীতে গিয়াছি। বিদ্যাসাগর মহাশয় তখন দন্তধাবন করিতে ছিলেন। আমাকে দেখিয়া বলিলেন "তোর জেঠাই মার কাছ থেকে বিস্কুট আন্‌ত?" মিত্র মহাশয়ের লক্ষ্মী স্বরূপিণী গৃহিণীকে আমি "জেঠাই মা" বলিতাম। বলিবা মাত্র জেঠাই মা এক থাল মুড়ি দিলেন। আমিও সেই দেশী বিস্কুট হাতে করিয়া উপস্থিত হইলে, বিদ্যাসাগর মহাশয় থালাটী হাতে করিয়া চর্ব্বণ আরম্ভ করিয়া দিয়া বলিলেন "এ বিস্কুট খাস্‌ তো?" হায়, সময়ে সময়ে তাঁর কত কথাই মনে পড়ে।

তিনি বর্দ্ধমানে আসিলে পিতৃদেব সময়ে সময়ে তাঁহাকে ভোজ দিতে অনুরোধ করিতেন। শরীর সুস্থ থাকিলে অনুরোধ প্রায়ই রক্ষিত হইত। এ ভোজ তাঁহার স্বহস্তে রন্ধন করিয়া আহার করান মাত্র; একদিন ভোজ আমাদের বাসায়। ভোক্তা বাবু দুর্গাদাস মল্লিক, বঙ্কিম বাবু, সঞ্জীব বাবু এবং আরও দুই একজন লোক। সাগরের একটা কড়া বাঁধ ছিল। সে বাঁধনীর ভিতর না আসিতে পারিলে তিনি খাওয়াইতেন না। সেটী এই যে, তিনি যাহা স্বয়ং পাক করিতে পারিবেন তাহার অতিরিক্ত কোন দ্রব্য ভোক্তারা আহার করিতে পাইবেন না। সুতরাং মেন্থ (menu) অতি সামান্যই হইত। কথিত দিনের মেন্থ ভাত, পাঁঠার ঝোল এবং আম আদা দিয়া পাঁঠার মেটের অম্ল। আহারের সময় গগন ভেদী বাহবা পড়িতেছে। আর দেব হৃদয় বিদ্যাসাগর মহাশয় স্বহস্তে উপবীত গলায়

জড়াইয়া সহাস্যে পরিবেশন করিতেছেন। বঙ্কিম বাবু বলিলেন "এমন সুস্বাদু অম্লত কখন খাই নাই।" সঞ্জীব বাবু সহাস্যে বলিলেন" হবে না কেন, রান্নাটা কার জানত, বিদ্যাসাগরের।" বিদ্যাসাগর মহাশয় তেমনি হাসির সহিত উত্তর দিয়া বলিলেন "না হে না, বঙ্কিমের সূর্য্য মুখী আমার মত মূর্খ দেখেনি।" বঙ্কিম বাবু কোন উত্তর দিলেন না। কিন্তু একটা হাসির তুফান উঠিয়াছিল।

বিষবৃক্ষের একাদশ পরিচ্ছেদে সূর্য্যমুখীর যে পত্র আছে; বিদ্যাসাগর মহাশয় তাহাই উল্লেখে রহস্য করিয়াছিলেন হাসির তরঙ্গে সে কথার পরিসমাপ্তি হইলেও বঙ্কিমবাবু যেরূপ সরলভাবে তাহা লিখিয়াছিলেন অনেকে সে ভাব পরিগ্রহ করিতে পারেন নাই। সূর্য্যমুখী সরলপ্রাণে কমলমণিকে প্রাণের আশার আভাস দিয়া পত্র লিখিয়াছিলেন; কেননা কুন্দনন্দিনী তাহার পৃথিবীর সার সম্বল স্বামী রত্নকে কাড়িয়া লইতেছে। দোষ কাহার? বৈধব্যের না বিধবা প্রথার না স্বভাবের? এমন চিত্ত বিকৃতির ব্যাপারে সধবা বিধবার বাধা বিপত্তি আছে কি? আত্মচিত্ত দমন ক্ষমতা অভাবে মানব পশুভাবাপন্ন হইয়া পড়ে। বিষবৃক্ষের নগেন্দ্র তাই, দেবেন্দ্র তাই, হীরা তাই। শেষ আবার তাহারই অভাবে সতীলক্ষ্মী সূর্য্যমুখী, যিনি নগেন্দ্রের পায়ে কাঁটা ফুটিলে বুক পাতিয়া দিতে সম্মতা, তিনিও গৃহত্যাগিনী, তবে আর দোষ কাহার দিব? সূর্য্যমুখী লিখিলেন "আর একটা হাসির কথা—ঈশ্বর বিদ্যাসাগর নামে কে নাকি বড় পণ্ডিত আছেন, তিনি তাঁহার একখানি বিধবা বিবাহের বহি বাহির করিয়াছেন। যে বিধবা বিবাহের ব্যবস্থা দেয়. সে যদি পণ্ডিত, তবে মূর্খ কে?"

কথাটা সূর্য্যমুখীর। সূর্য্যমুখী, চঞ্চল, উচ্ছৃঙ্খল-প্রকৃতি সম্পন্ন স্বামীর সুরূপা, যৌবনশালিনী কুন্দনন্দিনীর প্রতি অনুরাগ দর্শনে ভীতা, ত্রস্তা, চকিতা, সুতরাং প্রকৃত পক্ষে তাঁহার কথা ধর্ত্তব্য নহে, কিন্তু তখনকার অনেকে তাহা ধরিয়াছিলেন এবং সেই সঙ্গে ভাবিয়াছিলেন যে এই অংশটুকু সূর্য্যমুখীর পত্রে না থাকিলে পত্রখানির কোন প্রকার সৌন্দর্য্য হানি বা রসভঙ্গ হইত না। তাহার পর বঙ্গদর্শনে যখন "বিধবা বিবাহ" ও "বহুবিবাহ" পুস্তকের অযাচিত সমালোচনা ও সেই সঙ্গে ভক্তিভাজন শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকারের "তুলনার সমালোচন" শীর্ষক প্রবন্ধ বাহির হইল, তখন সত্য সত্যই ধোকা আরও বাড়িয়া গেল।

কবি নবীনচন্দ্র পলাশীর যুদ্ধে একটী কিম্বদন্তীর অবতাড়না করিয়া ইংরাজ জাতির উৎপত্তির এইরূপ পরিচয় দিয়াছিলেন—

"বানর ঔরসে জন্ম রাক্ষসী উদরে,
এইরূপ কিম্বদন্তী।"

কিন্তু এই কিম্বদন্তী কি হাসিয়া উড়াইয়া দেওয়া হইয়াছিল; না নবীন বাবুকে তাহার ফল হাড়ে হাড়ে ভোগ করিতে হইয়াছিল?

অপরিচিত লোকের কাছে বঙ্কিমবাবু স্থির গম্ভীর ভাবে থাকিতেন। রঙ্গ রস বা রসিকতা আদৌ করিতেন না কিন্তু বন্ধু বান্ধবের কাছে সে গম্ভীর ভাব দেখা যাইত না। বর্দ্ধমানে আমার স্বর্গীয়া মাতা ঠাকুরাণীর সাবিত্রী ব্রত উপলক্ষে প্রতিবৎসর অনেক লোক নিমন্ত্রিত হইতেন। হাকিম, উকিল মোক্তার, আমলা ও স্থানীয় ভদ্রলোক প্রভৃতি কেহ বাদ যাইতেন না। সেই উপলক্ষে তাঁহার স্বদেশস্থ বিখ্যাত বাগানের অতিউৎকৃষ্ট আম্র প্রচুর পরিমাণে খাওয়ান হইত। এই উৎসবে বঙ্কিম বাবুরা তিন ভ্রাতা যোগদান করিয়াছিলেন। সে দিন ব্রত উপলক্ষে আহার, সুতরাং বঙ্কিমবাবু কতিপয় পরিচিত ব্রাহ্মণের সহিত আহারে বসিয়াছেন। পিতা এদিক ওদিক করিয়া তত্বাবধান করিতেছেন। আহারান্তে দক্ষিণা দিবার সময় বঙ্কিম বাবু দুই হাত বাহির করিয়াছেন, পিতা বলিলেন "দুই হাতে দক্ষিণা নেবে নাকি?"

বঙ্কিম। না নিলে চলিবে না ভাই, গাড়ী ভাড়া একটা টাকা দিতে হইবে। তিন ভাইয়ের রোজগার দেখিতেছি ৸৹ আনা, বাকী।৹ আনা কি পকেট থেকে দিব?

দক্ষিণা।৹ আনা হিসাবে বিতরিত হইতেছিল। সত্য সত্যই তাঁহার দুই হাতে দক্ষিণা দেওয়া হইল

তিনিও সানন্দে পকেটে পূরিলেন। এ সরলতা এ আমোদ আজকাল কয় জন করিতে পারেন?

এই উপলক্ষে আর একটী রহস্য পূর্ণ ঘটনা ঘটিয়াছিল শ্রীযুক্ত গঙ্গাচরণ সরকার ও তাঁহার কৃতিপুত্র অক্ষয়চন্দ্র আহারে উপবিষ্ট। ভুলক্রমে অক্ষয় দাদা গঙ্গাচরণ বাবুর পার্শ্বে দক্ষিণমুখে খাইতে বসিয়াছিলেন। গঙ্গাচরণবাবু উত্তরমুখে উপবিষ্ট একটী ভদ্রলোককে তাঁহার স্থানে বসাইয়া আপনি সেই খানে বসিলেন। তাঁহাদের সঙ্গে বসিয়াছিলেন বাবু দ্বারিকানাথ মিত্র মুন্সেফ্ (পরে ইনি ডিষ্ট্রীক্ট জজ হইয়াছিলেন) তিনি বলিলেন "ও দিকে বসিলেন যে?" গঙ্গাচরণবাবু সহাস্যে বলিলেন "দেখিতেছ না পুত্র দক্ষিণ মুখে বসিয়াছে, সুতরাং আমার উত্তর মুখে না বসিলে দোষ খণ্ডন হয় কৈ?"

হো হো শব্দে হাসির তরঙ্গ উঠিল। শেষে অক্ষয় দাদা উঠিয়া উত্তর মুখে বসিলেন। এ রহস্যপ্রিয়তা অধুনা বড়ই বিরল হইয়া উঠিয়াছে, পিতা পুত্রে তখন যে ভাবে বিশুদ্ধ রসামোদ হইত, এখন আর তাহা দেখা যায় না। (ক্রমশঃ)

শ্রীতারকনাথ বিশ্বাস।

অজ্ঞাত-পদকর্ত্তৃগণ।

আমরা প্রাচীন পদাবলি পুথির তালাস করিতে করিতে পাবনা জেলার ডেমরা গ্রাম নিবাসী শ্রীযুক্ত মাধবী লাল গোস্বামী মহাশয়ের নিকট নিমানন্দ দাসের সঙ্কলিত "পদ-রস-সার" নামে এক খানা সুবৃহৎ পদাবলি-সংগ্রহ প্রাপ্ত হইয়া উত্তর বঙ্গ সাহিত্য-সম্মিলনের সপ্তম অধিবেশনে ঐ পুথি সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করি। "নিমানন্দ দাসের পদ-রস-সার" শীর্ষক ঐ প্রবন্ধ ১৩২১ সালের সাহিত্য পরিষৎ-পত্রিকার ১ম সংখ্যায় প্রকাশিত হইয়াছে। ঐ পুথিতে অভিরাম প্রভৃতি কুড়িজন অজ্ঞাত পূর্ব্ব পদ-কর্ত্তার প্রায় দুইশত অজ্ঞাত পদ ও উহাতে বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস প্রভৃতি সুপ্রসিদ্ধ পদকর্ত্তাদিগের অনেক গুলি নূতন পদ পাওয়া গিয়াছে। পরিষৎ পত্রিকার উক্ত প্রবন্ধে আমরা পদ-রস-সার পুথির সংগৃহীত পদাবলির কয়েকটী বিশেষত্বের সম্বন্ধে সংক্ষেপে কিঞ্চিৎ আলোচনা ও উক্ত কুড়ি জন অজ্ঞাত পদ কর্ত্তার নাম ও তাঁহাদিগের পদাবলির সংখ্যা নির্দ্দেশ করা ব্যতীত অন্য কোন বিষয়ের আলোচনা করিতে না পারিয়া শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া পত্রিকার স্তম্ভে উক্ত পদকর্ত্তাদিগের সম্বন্ধে ধারাবাহিকরূপে আলোচনা করিতে আরম্ভ করি, কিন্তু মাত্র কয়েক জনে পদ-কর্ত্তার সম্বন্ধে কিছু কিছু আলোচনা করার পরেই শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া পত্রিকা উঠিয়া যাওয়ায় ঐ আলোচনা সমাপ্ত করা যায় নাই। তৎপরে আমরা পদরত্নাকর প্রভৃতি আরও কয়েক খানা প্রাচীন হস্ত লিখিত পদাবলি পুথি অনুসন্ধান করিয়া আরও ছয় জন অজ্ঞাত পদকর্ত্তার রচিত কয়েকটি পদ প্রাপ্ত হওয়ায় এবং এইরূপ বিষয়ের আলোচনা কোন প্রসিদ্ধ মাসিক পত্রিকায় প্রকাশিত হওয়া বাঞ্ছনীয় বোধ করায় বর্ত্তমান প্রবন্ধের অবতারণা করিতেছি। বলা বাহুল্য যে, এই পদ-কর্ত্তাদিগের অধিকাংশের সম্বন্ধেই কোন, বিশ্বাসযোগ্য ঐতিহাসিক বিবরণ জানা যায় নাই। অনেকের মাত্র দুই একটি পদ পাওয়া গিয়াছে। সুতরাং কেবল উহা দেখিয়া তাঁহাদিগের কবিত্বের সম্বন্ধে কোন সিদ্ধান্ত করাও সমীচীন হইবেনা; তথাপি পদাবলি-সাহিত্যের সম্যক্ আলোচনা করিতে হইলে ইহাঁদিগের পদাবলির আলোচনা অপরিহার্য্য এবং প্রাচীন সাহিত্যের জীবন-সংগ্রামে জয়ী ইহাঁদিগের সেই অল্পসংখ্যক পদাবলি ও প্রাচীন সাহিত্যানুরাগীর নিকট যথেষ্ট কৌতুহল-জনক ও সমাদৃত হইবে মনে করিয়া আমরা এই পদ কর্ত্তাদিগের পদাবলি বহুল-রূপে উদ্ধৃত করিয়াই আমাদিগের প্রবন্ধের বিষয় সঙ্কীর্ণতা বিদূরিত করিতে ইচ্ছুক হইয়াছি। আমরা একটি একটি করিয়া এই পদকর্ত্তাদিগের পদাবলির আলোচনা করিব; সুতরাং তৎপূর্ব্বে ইহাদিগের নাম ও পদাবলির একটি তালিকা দেওয়া আবশ্যক। বলা বাহুল্য যে, শ্রীযুক্ত দীনেশ বাবুর "বঙ্গভাষা ও সাহিত্য" গ্রন্থে ইহাঁদিগের কোন উল্লেখ নাই।

অজ্ঞাত পদ-কর্ত্তৃগণের নাম।

		পদ-সংখ্যা।
(১)	অভিরাম	১
(২)	কমলাকান্ত	১১
(৩)	কাশীদাস	১
(৪)	কিশোর	২
(৫)	কুবের আনন্দ	১
(৬)	কৃষ্ণানন্দ	৬
(৭)	জয়চন্দ্র	৩
(৮)	জানকীবল্লভ	৩
(৯)	তরণীরমণ	৬
(১০)	দয়াল	১
(১১)	দীনবন্ধু	৪
(১২)	ধনঞ্জয়	৩
(১৩)	নিত্যানন্দ	১৪৬
(১৪)	নীলাম্বর	১
(১৫)	বদন ...	১
(১৬)	বল্লভীকান্ত	২
(১৭)	বীরবাহু	১
(১৮)	ভাগবতানন্দ	১
(১৯)	মন্মথ ...	৪
(২০)	রাঘব ...	১
(২১)	রাজচন্দ্র	১
(২২)	রাসানন্দ	৭
(২৩)	সর্ব্বানন্দ	১৭
(২৪)	স্বরূপচরণ	১
(২৫)	হরিবংশ	১

আমরা এখন যথাক্রমে এই পদ-কর্ত্তৃগণ ও তাঁহাদিগের পদাবলীর সম্বন্ধে আলোচনা করিব।

(১)

অভিরাম।

অভিরামের ভণিতা-যুক্ত মাত্র একটি পদ আমরা 'পদ-রস-সার' পুথিতে পাইয়াছি। বৈষ্ণব সাহিত্যে একাধিক অভিরামের উল্লেখ পাওয়া যায়। সুতরাং একটি মাত্র পদ দেখিয়া তাহা কোন্ অভিরামের রচিত স্থির করা অসম্ভব। পদামৃত-সমুদ্র, পদ-কল্প-তরু প্রভৃতি মুদ্রিত পদাবলি গ্রন্থ-সমূহে অভিরামের ভণিতাযুক্ত কোন পদ পাওয়া যায় নাই। 'পদ-রস-সার' পুথিতে অভিরামের এই পদটি সংগৃহীত না হইলে—অভিরাম নামে যে একজন পদ-কর্ত্তা ছিলেন—এই তত্ত্বটি সম্পূর্ণ অজ্ঞাত থাকিত। পদ-কল্প-তরুর বিরাট্ সংগ্রহে অভিরামের কোন পদ উদ্ধৃত না হওয়ায়—এই পদ-কর্ত্তা অভিরাম বৈষ্ণবদাসের পরবর্ত্তী বলিয়াই অনুমান হয়। অভিরামের সে একমাত্র পদটি নিম্নে উদ্ধৃত হইল, যথা—

বালা ধানশী।

শুন শুন সুন্দরি না ভাবিহ আন।
বহুত মিনতি করি পাঠাইল কান॥
বৈঠই তরুতলে করিছে ভাবনা।
অন্তর জর জর বিরহ বেদনা॥
ক্ষণে ক্ষণে উঠত কম্প শরীর।
অথির-নয়নে কভু হোয়ত থীর॥
অতয়ে কহলু হাম করহ পয়াণ।
ক্ষণেক না জানিতে হোয়ত আন॥
শুনইতে ঐছন কহতহি রাই।
উচিত না মানিয়ে হাম তাহা যাই॥
তুরিতে আনহ না জানে মরু আশ।
মিলল শ্যাম-পাশে অভিরাম দাস॥

বিশেষত্ব-হীন এরূপ একটি মাত্র পদ দেখিয়া উহার রচয়িতার সম্বন্ধে কিছু বলা যায় না—তবে একটু প্রণিধান করিলেই বুঝা যাইবে যে এই পদ-কর্ত্তা অভিরাম তথা-কথিত ব্রজ-বুলি রচনায় তেমন দক্ষতা দেখাইতে পারেন নাই। অভিরাম যে একটি মাত্র পদই রচনা করিয়া গিয়াছেন—কোন মতেই এরূপ অনুমান হয় না; সুতরাং তাঁহার অজ্ঞাত ও বিলুপ্ত-প্রায় অন্যান্য পদাবলীর যাহাতে নষ্টোদ্ধার হইতে পারে সেজন্য প্রাচীন-সাহিত্য অনুরাগী ব্যক্তিদিগের মনোযোগ প্রার্থনীয়। প্রতিবৎসর বিভিন্ন স্থানে নানা সাহিত্য সম্মিলন ও বৈষ্ণব-সম্মিলন হওয়া সত্ত্বেও এই সকল বিলুপ্ত-প্রায় পদাবলি সংগ্রহের জন্য যে এখন পর্য্যন্ত রীতিমত কোন সমবেত চেষ্টা প্রযুক্ত হয় নাই, তাহা অভিজ্ঞ ব্যক্তিগণকে বিশেষ

করিয়া বলিতে হইবে না। গৌড়ীয় বৈষ্ণব-সম্মিলনের প্রধান সহায় মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের সহিত আমাদিগের এ সম্বন্ধে গতবর্ষে কলিকাতায় আলাপ হইয়াছিল। তিনি বিশেষ চেষ্টা করিয়াও গৌড়ীয় বৈষ্ণব সম্মিলনে সমাগত বৈষ্ণব-ধর্ম্মানুরাগী ব্যক্তিগণের সাহায্যে অজ্ঞাত পূর্ব্ব পুথি ও পদাবলি সংগ্রহ করিতে পারেন নাই বলিয়া দুঃখ প্রকাশ ও প্রবন্ধ-লেখকের সহিত সময়ান্তরে আলোচনা করার জন্য আগ্রহ প্রকাশ করিয়াছিলেন কিন্তু নানা কারণে তাহা আজ পর্য্যন্ত ঘটিয়া উঠে নাই। আমাদিগের বিবেচনায় এ সম্বন্ধে কেবল অনুরোধ উপরোধে ফল হইবে না; সম্মিলনের নিমন্ত্রণ-লিপির মধ্যেই অপ্রকাশিত প্রাচীন পুথি সম্মিলন-ক্ষেত্রে প্রদর্শিত করার জন্য বিশেষ অনুরোধ করা, মূল্যবান্ প্রাচীন পুথির প্রদর্শনকারী দিগকে কেবল পুথি প্রদর্শনের নিমিত্তই উপযুক্ত রূপে পুরস্কৃত করা এবং সম্মিলনের কার্য্য বিবরণে প্রদর্শিত পুথি ইত্যাদির নাম ঠিকানা ও সংক্ষিপ্ত বিবরণ প্রকাশিত করা আবশ্যক। সম্মিলন উপলক্ষে প্রতি বর্ষে যে সহস্র সহস্র টাকা ব্যয়িত হয়—তাহার অত্যল্প অংশ ব্যয় করিলেই এই মহৎ কার্য্যটি সুসম্পন্ন হইতে পারে। ভরসাকরি অতঃপর সম্মিলনের কর্ত্তৃপক্ষ এই ভাবে অপ্রকাশিত প্রাচীন পুথির বিবরণ সংগ্রহকে সাহিত্যিক ও বৈষ্ণব সম্মিলন-সমূহের অন্যতম প্রধান কার্য্য-রূপে স্বীকার করিয়া বাঙ্গালা সাহিত্যের একটি স্থায়ী উপকারের সূত্রপাত করিবেন।

(ক্রমশঃ)

শ্রীসতীশচন্দ্র রায়।

ছোট কথা।

পৃথিবীতে বড়র দিকে সকলেই উন্মুখ হইয়া চাহিয়া রহে, ছোটকে কেহ গ্রাহ্য করে না। তাহা না করুক, কিন্তু ছোট যে—ক্ষুদ্র যে—সেও বিশ্বের ন্যায় বৃহৎ হয় —সমুদ্রের ন্যায় অপার হয়—রৌদ্রকরোজ্জ্বল মরুর ন্যায় দুস্তর হয়। তখন সে আর ছোট বলিয়া মরিয়া থাকেনা —আপনার দাবীকে অগ্রগণ্য করিয়া তাহা মানাইয়া লয়—তাহাকে স্বীকার করিতে বাধ্য করে।

মধ্যবিত্ত ভদ্র যুবক আজ অনেক দিন পর একবার বাঙ্গালী জাতিটাকে পৃথিবীর দ্বারা স্বীকার করাইয়া লইবে বলিয়া যুদ্ধ-যাত্রা করিয়াছে। পাল ও সেন-নরপালদিগের যুগে যে ঘটনা নিত্য ঘটিয়াছে, যাহার সহিত ভাবিবার বুঝিবার দেখিবার কোন-কিছুরই সম্বন্ধ ছিলনা। যাহা পৃথিবীর অন্যান্য দেশেও যেমন,—এদেশেও তেমনি, মাতৃস্তনের দুগ্ধে লালিত হইয়া দেশের মাটী ও জলে পরিপুষ্ট হইত—আজ তাহারই সহিত অনেক কথা ভাবিবার আসিয়া জুটিয়াছে। সেকালে যাহা ছোট কথা—অতি সাধারণ কথা—অতি পুরাতন কথা ছিল, আজ তাহা তেমনি বড়—তেমনি "অসাধারণ"—তেমনি নানা বিষয়ে জটিল হইয়া উঠিয়াছে! সেকালে নীরবে যাহা ঘটিয়াছে—একালে নানাকারণে তাহা কল-কোলাহলের সৃষ্টি করিয়াছে।

সম্প্রতি বিজ্ঞাপিত হইয়াছে যে বাঙ্গালী সৈন্য-সংখ্যা পূর্ণ হইয়াছে। বাঙ্গালী যুবক স্বদেশের ও স্বজাতির মুখ উজ্জ্বল করিয়াছে, শুনিলে কোন্ বাঙ্গালীর চিত্ত হর্ষে গর্ব্বে স্ফীত হইবে না? এখনো সে দিন আসে নাই—আসিতে এখনো বহু বিলম্ব আছে। যে রাজভক্তি ও দেশব্রত বাঙ্গালী যুবকদিগকে বহুবিপদ-সঙ্কুল কর্ত্তব্যের পথে আহ্বান করিয়া লইয়াছে, সেই রাজভক্তি ও দেশ-ব্রত যেদিন তাহাদিগকে রাজবৈরী—ধর্ম্মবৈরী-মথনকারী বিজয়ী বীরের তিলক শোভায় শোভান্বিত করিয়া আমাদিগের শূন্য বক্ষে ফিরাইয়া দিবে—যে দিন আবার ভাই বলিয়া তাহাদিগের কণ্ঠ-লগ্ন হইতে পারিব, সেই দিন এই গৌরব গাথার দিন আসিবে।

আজ আর ইহা কাহারো অবিদিত নাই, যে মরণপথ-যাত্রী সন্তানকে শেষ আশীর্ব্বাদ করিবার নিমিত্ত বঙ্গ-জননী অবরোধ প্রথাকে দূরে ঠেলিয়া প্রাণের আবেগে রেলষ্টেসনে উপস্থিত হইয়াছিলেন। এই অনুষ্ঠান বাঙ্গালীকে কলঙ্ক-লিপ্ত করিয়াছে, কি বাঙ্গালীর

জাতীয় ইতিহাসের একটী গৌরবমণ্ডিত সূচনাকে উজ্জ্বল করিয়াছে—ভাইদের কৃপাণ ও কামানের মুখে প্রেরণ করিয়া এখন এ বিষয়ে ভাবিবার সময় আসিয়াছে। অনেক কথার মত অনেকের নিকট ইহা একটী অতি নগণ্য ক্ষুদ্র কথা বলিয়া মনে হইতে পারে। কিন্তু এই সুপ্ত জাতির নবজাগরণের দিনে—জাগরণের এই মাহেন্দ্র মুহূর্ত্ত, বঙ্গজননীর এই অনুষ্ঠান বিশ্ববীজের ন্যায় ক্ষুদ্র হইলেও যুগধর্ম্মে বিশ্বের ন্যায় বিরাট। বঙ্গদেশে দৈনিক সাপ্তাহিক ও মাসিক পত্র পত্রিকার সংখ্যা অল্প নহে। "বসুমতী" একখানি সুপরিচিত সাপ্তাহিক পত্রিকা। গত ২৪শে ভাদ্র তারিখে বাঙ্গালী সৈন্যের যুদ্ধযাত্রা উপলক্ষে বসুমতীর সম্পাদক মহাশয় বাঙ্গালা সংবাদপত্র সম্পাদকের কতকগুলি লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন। সেগুলি সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিমত প্রকাশ না করিয়া, আমি নিম্নে সেই সম্পাদকীয় মন্তব্য উদ্ধৃত করিতেছি :—

"বাঙ্গালার যুবকগণ, আমরা আজ তোমাদিগকে অভিনন্দিত করিতেছি। আমরা—বাঙ্গালা সংবাদপত্রের সম্পাদক; যাহারা মুষ্টিমেয় ইংরাজী শিক্ষিত সম্প্রদায়ের নিন্দা প্রশংসা গ্রাহ্য করে না; কিন্তু দেশের যাহারা মেদ-মজ্জা, সেই দেশের লোককে নূতন আশার ও ভাবের কথা শুনায়; আমরা—যাহাদের রচনা রাজ-পুরুষদিগের সন্দেহশাণিত দৃষ্টি অতিক্রম করে না, কিন্তু যাহারা প্রতিদিন রাজাকে প্রজার অভিযোগের কথা জানাইয়া দেয়; আর প্রতিদিন অর্দ্ধলক্ষ দেশবাসীকে রাজার আদেশ ও উপদেশ—উদ্দেশ্য ও অভিপ্রায় বুঝাইয়া দেয়; আমরা—যাহাদের রাজভক্তিতে অকারণ সন্দেহ ব্যক্ত করিয়া অ্যাংলো-ইণ্ডিয়া যাহাদের মনে ব্যথা দেয়, কিন্তু যাহারা রাজাপ্রজার সদ্ভাব-সংস্থাপনের দায়িত্ব গ্রহণ করিয়া বিধি-বিধান-কঙ্কর কণ্টকিত পথে কেবল কর্ত্তব্যের ধ্রুবতারা লক্ষ্য করিয়া অগ্রসর হয়; আমরা—যাহারা সর্ব্বত্র সমাদৃত হিন, কিন্তু যাহারা দেশের লোককে আপনার করিয়া তাহাদের স্বার্থ—আপনাদের স্বার্থ—, তাহাদের সুখ আপনাদের সুখ—তাহাদের বেদনা,—সেকালে অতি সাধারণভাবে আপনা হইতেই যাহা ঘটিত—একালে তাহার জন্য আলোকমালায় উজ্জ্বল ঐকতান বাদ্যে মুখর, বহুনাগরিকের উৎসাহে প্রদীপ্ত শোভাযাত্রার প্রয়োজন হইয়াছে।*—এমন হয়। নূতন পরিবেশ ব্যক্তিবিশেষকে যেমন নূতন নূতন কর্ম্মে প্রবুদ্ধ করে—জাতিকেও তেমনি নূতন পন্থা নূতন চিন্তা নূতন কার্য্যের ভিতর দিয়া টানিয়া লইয়া যায়। যাহা স্বভাবের রীতি তাহাতে দোষের কিছু নাই। গত ভাদ্রমাসে যেদিন কলিকাতা টাউন হলে যোদ্ধবঙ্গযুবক-দিগকে আশীর্ব্বাদ ও উপদেশ দান করিয়া বঙ্গেশ্বর আপামর সাধারণের পরম কৃতজ্ঞতা ভাজন হইয়াছিলেন, সেই দিন বাঙ্গালীর জাতীয় ইতিহাসের এক স্মরণীয় দিন। যোদ্ধযুবকদিগের সেদিন কলেজ স্কোয়ারে সমবেত হইতে বিলম্ব হইয়াছিল দেখিয়া,কোন সংবাদপত্র ইঙ্গিত করিতে ছাড়েন নাই। কহিয়াছিলেন—"It was a great demonstration, but would have been more generally successful had it been better *stage managed*" †

১২ সেপ্টেম্বর প্রথম যোদ্ধদল কলিকাতা হইতে যাত্রা করে। তাহারা সংখ্যায় দশ জন ছিল। সপ্তাহ মধ্যেই দ্বিতীয় দল গঠিত হইয়া ৩২ জন নওসেরা যাত্রা করিয়াছিল।‡ তখন সম্প্রদায় বিশেষ হইতে যে ভাবে সৈন্যদলে লোক আসিতেছিল তাহা দেখিয়া একজন ইংরাজ পরিতাপ করিয়া কহিয়াছিলেন—"recruits were coming in at the rate of only *two-thirds of a man per diem*."* সম্প্রদায়ের যুবক দিগকে উৎসাহিত করিবার জন্য কলিকাতার বিশপ মহাশয় বলিয়াছিলেন—"কলিকাতা হইতে ২৪০ জনের যাইবার কথাছিল, কিন্তু শুনিতেছি আজিও সে সংখ্যা পূর্ণ হয় নাই। ... ... যদি কেহ একবার কলিকাতার ক্রীড়া

* After the dinner they were garlanded &......The whole party consisting of nearly five hundred people then formed a torchlight procession from......to the station accompanied with band.—The Bengalee. 28. 10. 16.

† The Statesman—7th Sept. 16.

§ The Bengalee—21st Sept. 16.

* The Statesman—Sept. 6. 1916.

ক্ষেত্রগুলির দিকে চাহে, যদি কেহ ফুটবল ম্যাচের স্থানে যায়, অথবা একবার দেখে যে বিভিন্ন আফিস হইতে কত কর্ম্মচারী গৃহাগমন করিতেছে—তাহা হইলে সে কখনই এরূপ বলিতে পারেনা, যে আজ এই কলিকাতা নগরীতে এই সম্প্রদায়ের মধ্যে শক্তিশালী যুবকের অভাব হইয়াছে।" ‡

আমি যে সম্প্রদায়ের কথা কহিতেছি, তাহাদিগের নানারূপ সুবিধা থাকিতেও যখন এইরূপ উৎসাহ বাণীর প্রয়োজন হইয়াছিল, তখন বাঙ্গালী যুবকের গৌরবে গৌরবান্বিত হইয়া শোভাযাত্রার আয়োজনে দোষ আপনাদের বেদনা মনে করিতে না পারিলে, আপনার নির্দ্দিষ্ট কার্য্য সুসম্পন্ন করিয়া শান্তিলাভ করিতে পারে না। সেই আমরা—যদি দেশের লোকের পক্ষ হইয়া —প্রতিনিধি হইবার যোগ্যতা অর্জ্জন করিয়া থাকি, তবে দেশের লোকের হইয়া তোমাদিগকে অভিনন্দিত করিতেছি।"

বাঙ্গালা সংবাদপত্রের সম্পাদকদিগের যদি এই সকলই লক্ষণ হয়। তবে দেখা যাউক কিরূপে তাহারা "দেশের লোককে নূতন আশার ভাবের কথা" শুনাইতেছেন। "বাঙ্গালী" গত ২১।১০।১৬ তারিখে লিখিয়াছেন,—"বে-পর্দ্দা দৃশ্য,—যশোহরের রায় বাহাদুর যদুনাথ মজুমদার মহাশয় দেখিতেছি, নানা কীর্ত্তিতে স্বনামধন্য হইবার জন্য বড়ই ব্যাকুল হইয়া পড়িয়াছিলেন। পাঠকের স্মরণ থাকিতে পারে, ইনি যশোহরের সাহিত্য-সম্মিলনের প্রকাশ্য সভায় শত সহস্র পুরুষের মধ্যস্থলে নিজের প্রাচীনা মাতাকে উপস্থিত করাইয়াছিলেন—এবার আবার চূড়ান্ত করিয়াছেন। ৺পূজার পূর্ব্বে বেঙ্গল ডবল কোম্পানীর দ্বিতীয় দলের শ্রেণীভুক্ত হইয়া ইঁহার পুত্র—কলিকাতা হাইকোর্টের উকীল শ্রীযুক্ত অধিক্রম মজুমদার এম, এ, বি, এল, নওশেরা যাত্রার জন্য দলের অন্যান্য সিপাহীর সহিত যখন হাওড়া ষ্টেসনে প্লাটফরমে সমবেত হইয়াছিল,—সেই সময় রায় যদুনাথের স্ত্রী হাওড়ার প্রকাশ্য ষ্টেসন-প্লাটফরমে শত শত দর্শকের সম্মুখে মুখ খুলিয়া উপস্থিত হইয়া নিজের পুত্র এবং অপরাপর সিপাহীগণকে ধানদূর্ব্বাদিয়া আশীর্ব্বাদ করিয়াছিলেন। কেবল ইনিই একা নহেন, অটলবিহারী মুখোপাধ্যায় নামক এক সিপাহীর জননীও এইরূপে মুখ খুলিয়া প্লাটফরমে উপস্থিত হইয়া অন্যান্য সিপাহীগণকে ও নিজের সিপাহী পুত্রকে ধান দূর্ব্বা দিয়া আশীর্ব্বাদ করিয়াছিলেন। সেই "শ্রীমতী কাদম্বিনী গাঙ্গুলীও" হাওড়া ষ্টেসনে সিপাহী পুত্রকে আশীর্ব্বাদ করিতে গিয়াছিলেন। এই সিপাহীদল লাহোর ষ্টেসনে উপস্থিত হইলে তথায় সরলা দেবী চৌধুরাণী সমাগত হইয়া তাহাদিগকে উপদেশ দানের জন্য বক্তৃতা করিয়াছিলেন। কাদম্বিনী বা সরলার পক্ষে সবই খাটে! কিন্তু রায় বাহাদুরের স্ত্রী, আর ব্রাহ্মণ-জননী হিন্দুর পরম পবিত্র অন্তঃপুর প্রথা পদদলিত করিয়া প্রকাশ্যভাবে হাওড়া ষ্টেসনের মত ষ্টেসনের প্লাটফরমে দাঁড়াইয়া আশীর্ব্বাদের কার্য্য করিলেন কোন্ সমাজনীতি অনুসারে? ইহাতে কাদম্বিনী গাঙ্গুলী এবং সরলাদেবী চৌধুরাণীতে আর এই মজুমদার পত্নী ও ব্রাহ্মণ জননীতে পার্থক্য রহিল কোথায়? পর্দ্দানশীন হিন্দু বঙ্গনারীকে এই কার্য্য করিতে দেওয়া তাঁহাদের অভিভাবকদের ভদ্রলোকোচিত কার্য্য হয় নাই।"

এইরূপ ভক্তি "নূতন ভাবের" কথা বটে—কিন্তু নূতন আশার কথা নহে। সমাজের সকল দিক হইতেই আমরা বঙ্গনারীকে সর্ব্বদা বর্জ্জন করিয়া থাকি। এই বর্জ্জন বিধি যে সকল অবস্থাতেই সমর্থন যোগ্য তাহা স্বীকার করিতে পারি না। কোনও শিক্ষিত বাঙ্গালী যদি এখনো ইহা না বুঝিয়া থাকেন, যে শুধু আমরাই আর উঠিয়া দাঁড়াইতে পারিব না—নারীশক্তিকে তুচ্ছ করিয়া শুধু আমরাই আর এযুগে বিশ্বসমাজে উপযুক্ত স্থান পাইবনা—তাহা হইলে বলিতে হইবে যে তাঁহার

‡ Calcutta was asked to contribute 240 men and I understand the number has not yet been completed...... That there is really no lack of young manhood in the community here in Calcutta to-day, any one can see if he first walks round the playing fields, and watches the football matches or the clerks coming from the offices.

For the same reason, researches that Dr. Bose conducted on nervous impulse are of immense importance to humanity. Professor Wilhelm Pfeffer of the University of Leipzig, the Nestor of European plant physiologists, had decided some years ago that mimosa was nerveless. He chloroformed mimosa stalks without arresting the impulse in the plant. Had there been nerves, he argued, all transmission of excitation would have ceased. Pfeffer's dictum in these matters is almost final. Dr. Gottlieb Haberlandt, a distinguished professor of botany, in the University of Berlin and director of the Berlin Botanical Gardens, a scientist of commanding position, came to the same conclusion. He scalded mimosa stems, but still they transmitted excitation. Haberlandt attributed the propagation of stimulus to water pressure in the little stalk tubes. Squeeze one end of a rubber tube filled with water and the pressure will be transmitted to the other end in a wave. Thus Haberlandt explained the strange action of mimosa's leaves. If this rubber-tube theory is correct, a plant ought to transmit stimulus whether it is warm or cold, sick or healthy. A mechanical explanation cannot consider physiological action.

To ascertain whether or not plants have nerves, Dr. Bose deliberately coddled and pampered a mimosa. He kept it under glass, so that shocks from the outside could not reach it. Tie your arm to your side, and it will soon lose its strength from lack of exercise. The biceps will become weak and flabby. Such was the condition of the coddled mimosa. It looked sleek and flourishing. If Pfeffer and Haberlandt were right and the rubber tube theory held good, the plant's leaves would respond although they had no exercise.

Dr. Bose carried the plant to his recording apparatus—gave it a pen with which to express itself. The plant was paralyzed. It could not write. There it was, bloated and effete, stupidly silent. It had nerves, but they were numb from sheer laxness. Clearly, the rubbertube theory was wrong. Pfeffer's

choloroform, applied only to the outer stem, had not reached the nerves. Haberlandt's experiment in scalding was misleading, for the same reason.

Next Dr. Bose stimulated the plant. The effect was the same as exercise to an arm that has not been used. He rained blows upon the plant. Each shock was a question: "Do you feel that? And that? And that? Very slowly the plant recovered its lost activity, and at last it wrote down its response in a feeble but intelligible script. To avoid the possibility of error, Dr. Bose tried the effect of temperature. He warmed the plant, and found that it transmitted a shock more quickly than when it was cold. He chilled it, and it became so numb that it could write nothing. He dropped potassium-cyanide upon it,—one of the deadliest poisons,—and abolished all nervous impulse in as short a time as five minutes.

Pfeffer and Haberlandt are wrong. Plants have nerves. And they vary in their nervousness, too. The unexpected slamming of a door, the mere scratch of a pencil on a slate, is enough to set the nerves of many a man tingling, while another will placidly read a newspaper amid the din of a boiler factory. Similar extremes, as well as all the intermediate degrees of nervousness, are found in vegetation. There are placid plants that cannot be easily excited; there are others that literally start at the slightest disturbance.

Since a plant has nerves, it must take an appreciable time for it to respond to a shock. In a human being a nervous impulse travels at the rate of one hundred and ten feet a second. In lower animals it travels as slowly as two inches a second. How long does it take an impulse to speed along a plant nerve? Another inquiry was begun. Dr. Bose found that when a mimosa was in the best condition an excitation was transmitted with a velocity of thirty millimeters (1. 18 feet) a second. Fatigue depressed the rate of transmission; warmth increased it. What is more, he discovered that the impulse is transmitted in both directions along the nerve, and not always at the same rate.

If he had made no other discovery, Dr. Bose would have earned an enduring reputation in the annals of science. We know very little about paralysis in the human body, and practically nothing about its cause. The nervous system of the higher animals is so complicated, so intricate, that it is hard to understand its derangement. The human nerve dies when isolated. It is killed by the shock of removal, and responds for the moment abnormally and therefore deceptively. But, if we study the simplest kind of a nerve,—and the simplest is that of a plant,—we may hope to understand what occurs when a hand or a foot can not be made to move. To find out that plants have nerves, to induce paralysis in such nerves and then to cure them—such experiments will lead to discoveries that

may ultimately enable physicians to treat more rationally than they do the various forms of paralysis now regarded as incurable.

It is just as hard to study the heart in action as it is to study nervous impulses in the human body. The heart beats "spontaneously," as it is expressed. As long as life is to last, so long does it beat. In all nature there is nothing more magical, nothing more mysterious, than this steady beat, beat, beat of the human heart. No machine has ever been built that is so certain, so trustworthy, so generally unfailing. For decades it pumps blood through the system. It may waver, but it may never stop entirely if there is to be life. Something much simpler in structure must be found, something much more easily watched than this marvellous complex of tissue, if we would fully understand the theory of its action.

The Telegraph-Plant and its Automatic Pulsations

The phenomenon of automatic pulsation is not unknown in the world of vegetation. There is the telegraph-plant for example—common enough in East India. Its leaflets move up and down rhythmically, like a throbbing heart. Biologists were unable to understand the significance of these plant pulsations because there were no suitable recording instruments at hand. Each leaflet is small, and the pull that it exerts is so feeble that it cannot move an ordinarily light stylus against a recording surface. Here Dr. Bose's exceptional mechânical ingenuity came to his aid. He built a wonderful recorder, with lever and writing point so delicate that the slightest pull would move them. Connected by a cocoon thread with this instrument, the telegraph-plant makes some amazing revelations. Its pulsating tissue exhibits all the characteristics of an animal heart's rhythmic tissue.

In order to show that there is a perfect analogy between beating animal and beating plant tissues, Dr. Bose subjects his plants to all the tests that biologists apply to animals, and a few more that he himself conceives. A heart is slowed down by ether, the biologists say? "I, too, must experiment with ether," decides the Doctor. He places his plant in a chamber, and blows in some ether vapor mixed with air. The plant records its exaltation. It has been affected just as if it were human. Stronger ether vapor is admitred. The leaflets slow down just as does a heart under the influence of anæsthetic. Will the leaflets stop altogether if too much ether vapor is poured into the chamber? The heart will, we know. The Doctor tests the plant. For a minute or two the leaflets waver uncertainly; then they stop—the plant is quite still. Fresh air is blown into the chamber, and the effect is magical. Very slowly the leaflet begins to move, and once more the record is traced on the glass plate, weakly and uncertainly at first, but gathering strength as the

plant drinks in each new whiff of atmospheric oxygen.

Chloroform has an even more pronounced effect than ether. If a slight excess is administered, the leaflets stop altogether. The leaflet may even be killed. Sometimes it takes as long as half an hour to revive a telegraph-plant that has been thoroughly chloroformed.

Think, for a moment, of the significance of the experiments. We have been taught to believe that automatically pulsating tissues draw their energy from within, and to call this energy "vital force." If a beating leaf can be arrested and started again simply by controlling *external* forces, it is evidently absurd to explain its apparent automatic action by means of an *internal* vital force. Dr. Bose offers a new and more plausible theory, one that accounts for all spontaneous movements by the action of external forces only. A plant is the plaything of light, electricity, wind, and rain—of all nature's forces. Like the currents, drugs, and gases employed in Dr. Bose's experiments, these natural forces act as stimuli. We must imagine the little molecules of which plants are constructed, not only storing up all this energy as if it were water received by a vessel, but as receiving much more than they can store. Like water, the excess energy bubbles over, as it were, and produces the pulsations that have seemed so inexplicable. Thus is "vital force" stricken from the vocabulary of biology.

The phenomeuon of growth is another example of automatic activity. To study it in detail has never been possible, because the changes that occur are so slow that sometimes whole days must elapse before they can be noted.

Measuring How Much a Plant Grows a Minute

Even the proverbial snail travels two thousand times more quickly than the average plants grow. Yet, with a most marvellous instrument—the "cresco graph," he calls it—Dr. Bose succeeds in measuring the growth that takes place during a few beats of a pendulum. Growth is magnified a thousand, ten thousand, even a million times for some demonstrations. Although it would take an average plant two hundred years to cover a mile, yet by means of the crescograph the growth of a minute appears as a swift forward rush.

What is the tale of Aladdin and his wonderful lamp compared with the true story told by the crescograph? In less than a quarter of an hour the action of fertilizers, foods, electrical currents, and various stimulants can be determined. Think what that means! Instead of waiting a whole season, perhaps years, to discover whether or not it is wise to mix this or that fertilizer with the soil, one can now find out in a few minutes! An experiment in farming can be conducted as rapidly as a laboratory experiment in chemistry.

When growth stops, a decay sets in, which ultimately terminates in death.

But when does a plant die? Death, in an animal, is easily detected. The passage of life is marked by an unmistakable spasm, followed by a stillness that cannot be broken. But a plant seems to yield up its life so gradually that it is impossible to say at any particular moment, "Now it is dead." So far as mere appearance goes, stems and leaves that have been dead for hours, perhaps days, are deceptively alive. Dr. Bose is the first man that ever saw the death-throe of a plant, the first man who ever succeeded in fixing the precise moment when the spark of life that animates a blossom has been quenched.

The experiments on death are the most fascinating, the most dramatic perhaps, that Dr. Bose performs. He attaches a leaf to the registering lever of his instrument, this time an oscillating recorder, in which the smoked-glass plate is swung by clock-work toward and from the writing point. He places the plant in an inner vessel of water, which is in turn received by an outer vessel of water; the principle is the same as the double boiler in which housewives cook breakfast cereals. There must be no mechanical disturbances, nothing to shock the plant.

He heats the outer vessel very, very carefully—so carefully that the plant suspects nothing of its impending fate and is not in the least alarmed. The plate of the recorder oscillates rhythmically to and from the recording lever attached to the leaf. A dot is made whenever the smoked-glass plate touches the lever, aud that happens automatically as the temperature rises by single degrees. The Doctor has only to count the dots in order to ascertain the temperature.

The Death-Spasm of Plants.

As the temperature goes up, the leaf—mimosa is again the plant experimented with—rises and stands erect. It pulls on the recording lever; the dotted line on the plate assumes a downward direction, and upward movement of the leaf being translated into a downward movement of the writing point. The water in the inner vessel is becoming hotter and hotter. Thirty degrees, forty degrees, fifty-five degrees Centigrade, the temperature is tapped off on the plate. Down and down travels the dotted line on the oscillating plate. Then something remarkable happens. Abruptly the line shoots up. It is the death-spasm—the the last response of which the plant is capable. Sixty-degrees Centigrade (one hundred and forty degrees Fahrenheit), the record reads.

The Doctor tries to resuscitate the plant. He must be sure that what he has witnessed was indeed the quiver of death. He applies all the tests that his ingenuity can devise. He puts the plant in cold water and again couples the leaf with the instrument. There is no response—nothing but a record of

the water's temperature. He heats the water just as carefully as he did before. This time there is no down-wardly travelling line, not a sign of that sudden. upward movement which spells extinction. The plant is absolutely dead. That sharp inversion of the dotted line was indeed the death spasm translated into writing.

All Plants Die at the Same Temperature

It always occurs at sixty degrees Centigrade—this death-spasm. Dr. Bose has experimented with dozens of different species. They twitch and die at the same temperature—all of them. Now we understand what the curious movements of leaves and flowers mean when they are scorched or scalded. It is not simply the mechanical curling and twisting that heat produces in all things. It is a genuine death-throe.

The sudden paling of the passion-flower may now be interpreted as the end of life, and the quick opening and closing of a French marigold in hot water as the writhing of death. A new meaning is imparted to the variegated hues of flowers growing on the same stem ; for the stripes that crawl up on the petals of old blossoms, the coloured spots that grow larger and larger on leaves and flowers, and that are so highly prized by breeders of plants, prove to be dead areas when tested. What we have admired in many a curiously tinted petal is but a cadaverous beauty. All the wonderful, mysterious purple and red glow of autumn is but the hectic flush of death.

But Dr. Bose has not stopped here. Your vitality and mine is a variable factor. In youth, we are more resistant. As we age we succumb to killing forces more easily. When we are weary to utter exhausion, death comes more quickly than if we are fresh. Our resisting powers are broken down. Is it thus with a plant ?

It is astonishing to find how close, even here, is the resemblance between plant and animal. A young, tender spring gives up its life like a baby. A mature specimen fights hard. Tire out a strong, healthy bean plant,—Dr. Bose does it by electric shocks,—and its death-spasm occurs, not at the usual sixty degrees Centigrade, but at thirty-seven degrees. What is more, the lowering of the death-point is determined by the extent of the fatigue. Poison the plant with copper sulphate, so that its vitality is lowered, and the last quiver comes at forty-two degrees, a drop of eighteen degrees below the normal.

But One Kind of Matter in the Universe.

All this work on the effect of gases, poisons, drugs, and currents on plants was inspired, be it remembered, by the belief that life is everywhere, and that there is but one kind of matter in the universe, whether it be a complex man

or a simple iron one. In these boundless regions, beginning with the inorganic, proceeding to organic life and its sentient manifestations, this Indian scientist had been seeking an underlying unity amid chaotic and bewildering diversity.

He subjected all matter to qestioning shocks, and discovered that there is no difference in the reply. Patiently he added fact to fact in his explorations in the realms of living and non-living, and was amazed to find dividing frontiers vanishing. At last he reached a new conception, which includes in one magnificent sweep the dust beneath our feet, the protoplasmic ooze floatiug on a stagnant pool, and man himself. We can understand what passed through his mind when he stood before the Royal Institution and said :

"It was when I came upon the mute witness of these self-made records. and perceived in them one phase of a pervading unity that bears within it all things : the mote that quivers in ripples of light, the teeming life upon our earth, and the radiant suns that shine above us—it was then that I understood for the first time a little of that message proclaimed by my ancestors on the banks of the Ganges thirty centuries ago,

"They who see but one in all the changing manifestations of this universe, unto them belongs Eternal Truth—. unto none else, unto none else."

McCLURE'S MAGAZINE.

THE GUNS.

Great wonders are upon the deep,
But greater yet there be than those;
For I have seen where landward now
The hell of line of battle goes.

And I have seen the angry guns
Take stand upon their iron feet,
Their mighty mouths agape for blood
A-roaring for their daily meat.

These be the lion Lords of war
These be the hungry ones that gloat
When foemen thickly come, and belch
The thunder from their smoking throat,

And lick their lips with flame, and reap
Raw reddening flesh, and call agen
A fiercer harsher call for more
Long shuddering swathes of new-mown men

And their grim keepers cry them on
To make their savage children shout,
And, hearkening, greatly joy to hear
This voice of power speaking out.

And then the darkness comes, and they
Growl into silence, one by one,
To take a brief repose, and sleep
After their royal meal is done.

D. G. D.

ক্রমিক সং
শ্রেণী সং
কলিকাতা।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-গ্রন্থাগার
ক্রমিক সং
শ্রেণী সং
কলিকাতা।

ঢাকারিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড। } ঢাকা—অগ্রহায়ণ ও পৌষ, ১৩২৩। { ৮ম, ৯ম সংখ্যা।

কাব্যে মিত্রকবি হরিশ্চন্দ্র। *

তোমারি চরণ করিয়ে স্মরণ
চলেছি তোমার পথে।
তোমারি ভাবেতে দেখিব তোমারে
ধরি এই মনোরথে।

—হেমচন্দ্র।

প্রবন্ধের মুখবন্ধে আমি বাঙ্গালার সাহিত্য-সাগর বঙ্কিমচন্দ্রেরও একটী কথা উদ্ধৃত করিব। তিনি লিখিয়াছেন—

"কবির কবিত্ব বুঝিয়া লাভ আছে, সন্দেহ নাই; কিন্তু কবিত্ব অপেক্ষা কবিকে বুঝিতে পারিলে আরও গুরুতর লাভ। * * * কবিতা কবির কীর্ত্তি, তাহাত আমাদের হাতেই আছে; তাহা পড়িলেই বুঝিব। কিন্তু যিনি এই কীর্ত্তি রাখিয়া গিয়াছেন, তিনি কি গুণে, কি প্রকারে এই কীর্ত্তি রাখিয়া গেলেন, তাহাই বুঝিতে হইবে।"

* ইতঃপূর্ব্বে 'প্রতিভা'-পত্রে মিত্রকবির সাহিত্যিক জীবনী প্রকাশিত হইয়াছে। (অগ্রহায়ণ সংখ্যা ১০২২)। এক কথায়, মিত্র-কবি ঢাকার সংবাদ-পত্র, সাহিত্যের স্রষ্টা ও তৎকালপ্রসিদ্ধ পূর্ব্ববঙ্গের শ্রেষ্ঠ কবি। প্রায় অর্দ্ধশতাব্দী পূর্ব্বে ইনি বিধবা বঙ্গাঙ্গনা কাব্য, কীচক বধ কাব্য, নির্ব্বাসিতা সীতা, কবিরহস্য, কবিকলাপ প্রভৃতি কাব্যগ্রন্থ এবং জানকী নাটক, প্রহ্লাদ নাটক, কৌতুকশতক প্রভৃতি প্রায় অর্দ্ধশত গ্রন্থ প্রণয়ন এবং ৪১ খানা গ্রন্থ প্রকাশ এবং "ঢাকাদর্পণ", "অবকাশরঞ্জিকা", "মিত্রপ্রকাশ" প্রভৃতি সংবাদ-পত্র সম্পাদন করিয়া, পূর্ব্ববঙ্গের সাহিত্যক্ষেত্রে নবযুগ আনিয়াছেন। অধুনা ইঁহার অধিকাংশ গ্রন্থই বিলুপ্ত প্রায়। সুতরাং বর্ত্তমান প্রবন্ধে তাঁহার কাব্যগ্রন্থের অনেক স্থলই আমরা একটু বিস্তৃতভাবে উদ্ধৃত করিয়াছি।

এস্থলে, একটী কথা বলাও সঙ্গত। বর্ত্তমান প্রবন্ধে, ইঁহার কাব্য-সৌন্দর্য্যের বিশেষ কোন আলোচনা করা হয় নাই। প্রসঙ্গতঃ মিত্রকবির কাব্য-সম্পর্কে আমরা যাহা বলিয়াছি, কাব্যামোদী পাঠক তাহাতেই কবির কাব্যের একটু সামান্য পরিচয় পাইবেন। স্বতন্ত্র প্রবন্ধে আমরা ইঁহার কাব্য-সম্পর্কে আলোচনা করিব। বর্ত্তমান ক্ষেত্রে, তাঁহার কাব্য-রচনায়, তিনি যে আত্ম-পরিচয় প্রদান বা আত্ম-প্রকাশ করিয়াছেন, তাহাই প্রদর্শন করিতে চেষ্টা করিব। বলা বাহুল্য, এক হিসাবে এই প্রবন্ধটী উল্লিখিত পরবর্ত্তী প্রবন্ধটীরই পূর্ব্বাভাষ মাত্র।

বর্ত্তমান প্রবন্ধে আমরা কবির উদ্দিষ্ট পথে চলিয়াই কবিকে বুঝিতে চেষ্টা করিয়াছি। অধিকন্তু, কবির কাব্যই যে কবিজীবনের প্রকৃত ইতিহাস, তাহাও বুঝাইবার প্রয়াসী হইয়াছি।

মিত্রকবি হরিশ্চন্দ্র প্রায় অর্দ্ধ শতাব্দীকাল পূর্ব্বে প্রায় অর্দ্ধশত গ্রন্থ রচনা করিয়া বাঙ্গালা সাহিত্যের সেবা করিয়া গিয়াছেন। ইহার অধিকাংশ গ্রন্থই কাব্য; এই কাব্য-প্রতিভাতেই হরিশ্চন্দ্র অক্ষয় যশঃ অর্জ্জন করিয়াছেন এবং বাঙ্গালার কাব্য-সাহিত্য-ভাণ্ডারে কএকটী অমূল্য সম্পদ দান করিয়া গিয়াছেন। আমরা বর্ত্তমান প্রবন্ধে তাঁহার কাব্য-রচনায় তাঁহার প্রকৃত স্বরূপ খুঁজিয়া বাহির করিতে চেষ্টা করিব।

কবির অন্তর্জীবন কাব্যে প্রতিফলিত হয়—কবির কাব্যই কবির সুখ-দুঃখের ইতিহাস।

কবির কথায় কবিকে বুঝিতে হইলে, সর্ব্বাগ্রেই আমাদিগকে কবির জীবনী-কথা বুঝিতে হয়। ইতঃপূর্ব্বে, পত্রান্তরে কবির কাব্যজীবনের বিকাশের ধারা প্রদর্শন করিয়াছি *। কবি আমরণ দরিদ্র ছিলেন; দরিদ্রের ঘরে জন্ম গ্রহণ করিয়া, দারিদ্র্যের সঙ্গে আমরণ সংগ্রাম করিতে করিতেই কবির কাব্য-প্রতিভা—মনুষ্যত্ব ফুটিয়া উঠিয়াছে। কবি কাব্যে তাহা স্বহস্তেই চিত্রিত করিয়া রাখিয়া গিয়াছেন। দ্বিতীয়তঃ, মিত্রকবি কবি ও কবিতার একটা মানসচিত্র অঙ্কিত করিয়াছেন। মিত্রকবির কাব্য-জীবনে তাহাদের একটা অনতিক্রম্য প্রভাব রহিয়াছে। তৃতীয়তঃ, কাব্যে তাঁহার গার্হস্থ্য জীবনের ছায়াপাত রহিয়াছে। বর্ত্তমান প্রবন্ধে ক্রমে ক্রমে আমরা তাহাই প্রদর্শন করিব।

প্রথমতঃ আমরা মিত্রকবির দারিদ্র্যের কথাই তুলিব। কবি লিখিয়াছেন—

অরে দরিদ্রতা মোরে ফেলায়ে যাতনা ঘোরে
চূর্ণ কর তাতে দুঃখ নাই একটুকরে।
দেখে মোরে দীনহীন, আত্মীয় যে ভাবে ভিন
হরিশের অই দুঃখে ফেটে যায় বুক রে।

আত্মীয়-সমাজের গণ্ডী ছাড়াইয়া, আমরা দীনদরিদ্র কবিকে এক্ষণ কাব্য-সমাজে লইয়া যাইতেছি। দরিদ্র কবি অর্থাভাবে স্বরচিত কাব্যের অঙ্গসৌষ্ঠব-বিধানে অসমর্থ; অথচ, কবি ইহাতে হৃদয়ের অন্তস্থলে একটা তীব্র বেদনা অনুভব করিতেছেন—তাঁহার হৃদয়ে একটা দুর্ব্বিষহ দারুণ ক্ষোভ উথলিয়া উঠিতেছে। রামায়ণ মহাকাব্যের উপসংহার-ভাগে মিত্রকবির হৃদয়ের অবস্থা এইরূপ। কবি বলিতেছেন—

ওহে প্রিয় রামায়ণ, অতি যাতনার ধন,
খণ্ড এক সমাপন আজি তব হইল। * *
তোমায় হে সাজাইতে, যত সাধ ছিল চিতে
নিদারুণ দৈন্য দোষে, পূর্ণ নাহি হইল।

দরিদ্র কবিকে আমরা এবার সংসারের রঙ্গমঞ্চে তুলিয়া দিতেছি। গুণরাশিনাশী দারিদ্র্য কি ভাবে তাঁহার মনুষ্যত্বের বিকাশ করিতেছে, নিন্দা. দ্বেষ, তোষামোদের রাজত্বে কবি কি ভাবে আত্মরক্ষা করিতেছেন, কবির কাব্যে আমরা তাহারই সন্ধান পাইতেছি। 'অন্নচিন্তা চমৎকারা' কথাটি পাঠক-সমাজের অপরিচিত নহে। মিত্রকবি অন্নচিন্তার প্রসঙ্গে বলিয়াছেন—

মহাকবি কালিদাস, তাঁহার কবিত্ব নাশ
অন্ন-চিন্তা করেছিল আছে যে প্রবাদ রে।
হরিশ বলিছে ঠিক, কে কহিছে তা অলিক,
ঘরে অন্ন না থাকিলে বড়ই প্রমাদ রে।

অথচ, 'প্রমাদ' জানিয়া শুনিয়াও কবি দীনতাকে স্পর্দ্ধা-সহকারে বলিতেছেন-

রে দীনতা সর্ব্বনাশি, আমার সর্ব্বস্ব নাশি,
যত দুঃখ দিবি দেনা সব আমি সহিব।
যদিও প্রহার তোর, যাতনা দিতেছে ঘোর,
দিক্ তাতে তিলমাত্র, ব্যথিত না হইব।
বৃক্ষমূলে হো'ক বাস, পরি শতগ্রন্থী বাস,
করা তুই উপবাস, তাও আমি করিব;

* "প্রতিভা"-পত্রিকার বিগত অগ্রহায়ণ সংখ্যায় "মিত্রকবি হরিশ্চন্দ্র" প্রবন্ধে প্রধানতঃ মিত্রকবির কাব্য-জীবনী আলোচিত হইয়াছে। মিত্রকবি ৪১ খানা গ্রন্থ রচনা ও প্রকাশ করিয়াছেন; তন্মধ্যে ২৫ খানাই কাব্য। এক্ষণ উহার অনেক গ্রন্থই লুপ্ত বা লুপ্তপ্রায় হইয়াছে। ইহা আমাদের দুর্ভাগ্যই মানিতে হইবে।

যা তোর মনেতে লয়, কর সেই সমুদয়,
কিছুতেই আমি তোর দোষ নাহি ধরিব (১)

এস্থলে দরিদ্র কবি দীনতাকে উপহাস করিয়াছেন। এ উপহাসে তাঁহার চরিত্রের দৃঢ়তা ও কষ্ট-সহিষ্ণুতা প্রকাশ পাইতেছে। কবি আরও বলিয়াছেন—

কিন্তু ওরে ও দীনতা নীচ কয় উচ্চ কথা,
দরিদ্র দেখিয়া তাই মনে ব্যথা পাইরে।
তা নৈলে রে তোর তরে হরিশ প্রাণেতে মরে,
যদি, তাতে তার দুঃখ, একটুকু নাইরে।

মিত্র-কবিও 'অন্নচিন্তা চমৎকারা'-সম্পর্কে একটী কবিতা লিখিয়াছেন; নিম্নে তাহার কতকাংশ উদ্ধৃত হইল :—

প্রভাত হইল রাত, লিখিবারে একপাত
পদ্য, মদ্যপায়ীমত ভাবভরে বসিলাম।
কল্পনা-কুহকে পড়ি, কত ভাবে ভাব ধরি,
জুটায়ে পুটায়ে মেনে কতটুকু লিখিলাম।
কিছুকাল পরে তার আগমন হ'ল মার,
কহিল জননী "বাছা কি কররে বসিয়া।
ঘরে নাই চাল খড়ী, বল্ কি দিয়া কি করি?
বউটী রয়েছে কোণে চুপ মেরে বসিয়া।
নাতিটী করিছে খেলা, খানিক হইলে বেলা,
খেতে দে 'ঠাকুমা' বলে আসিবে যে ধাইয়া।
ঘরে মুড়ী চিড়া নাই, কি দিব না ভেবে পাই,
যাও বাছা দাও সব কিনে কেটে' আনিয়।
শুনিয়া মায়ের বোল ভাবেতে বাধিল গোল
উড়ে গেল বুদ্ধিশুদ্ধি অন্নচিন্তা ঘেরিল।
কি করি কোথায় যাই, কোথা গেলে অর্থ পাই,
এই ভাবনার জালে কবিত্বও বেড়িল।

পিতৃ-বিয়োগের পর চতুর্থ বা পঞ্চম দিবসে, "কীচক বধ কাব্যের" পাণ্ডুলিপি লিখিবার সময়ে, কবির মাতা ঠাকুরাণী 'তেল লুন লকড়ির' গুরুতর প্রশ্ন তুলিয়াছিলেন; তখন 'কাপি' লেখা বন্ধ করিয়া, কবি সাময়িক মানসিক উত্তেজনায় এই কবিতাটী রচনা করেন। মিত্রকবি বিবাহ করেন নাই তাই কবিই পাদটীকায় লিখিয়াছেন—ইহার ৮ম,৯ম ও ১০ম পংক্তি "আরোপিত"। কেমন সত্যানুরাগ!

দরিদ্রের সামাজিক জীবনে দীনতার প্রভাব লক্ষ্য করিয়া কবি বলিতেছেন—

রে দীনতা দূর দূর! তোর মত কে নিঠুর?
গুণ-গর্ব্ব সর্ব্ব খর্ব্ব করিলি রে করিলি।
হতমূর্খ ধনী যত, তারাইবা কহে কত,
দীন দেখে মান মোর হরিলি রে হরিলি।
আছিল আমার মন, সদা ন্যায়-পরায়ণ,
তুই তাতে ব্যতিক্রম ঘটালি রে ঘটালি।
আগে বন্ধু ছিল যারা, দীন* দেখে আর তারা,
না ঘনায়,—সে বন্ধুতা চটালি রে চটালি!

দরিদ্র কবির দীনতায় সমাজ চিরকালই উপেক্ষা প্রদর্শন করিয়াছে। বস্তুতঃ এস্থলে, 'গুণ হইয়া দোষ হইল বিদ্যার বিদ্যায়'। কবির 'দীনতা দারিদ্র্য দোষে' দোষাস্পদ হইয়াছে। এ সমাজ-রহস্য কবির অন্তর্দৃষ্টি অতিক্রম করিতে পারে নাই; পরন্তু ইহাতেই সমাজের উপেক্ষায় বা বাধায় তাঁহার মনুষ্যত্ব সম্যক্ ফুটিয়া উঠিয়াছে—সঙ্গে সঙ্গে ছত্রে ছত্রে কবির অন্তর্দাহ কাব্যে স্ফুরিত হইয়াছে।

যে 'লোকালয়ে' অর্থই পরমার্থ, সেই লোকালয়ে
"যদিবা জন্মিতে হয়, তবে যেন নাহি রয়,
দরিদ্রতা দেহ মাঝে করি অধিকার রে,
যদিও দরিদ্র হই, কৃতাঞ্জলিপুটে কই
যেন নাহি থাকে দারাপুত্র-পরিবার রে।

(১) মিত্রকবির গার্হস্থ্য-জীবনের ইহাই নিখুঁত চিত্র। অর্দ্ধ-শতাব্দী পূর্ব্বে, পাঠকের সংখ্যা অত্যল্প ছিল; সুতরাং গ্রন্থ-রচনায় হৃদয়ের আকুলতা যত ছিল, তাহার একাংশও অর্থাগম হইত না। সুতরাং গ্রন্থ-রচনা ব্যবসায় ছিল না—লেখকের একটা অলজ্জনীয় ব্রত ছিল।

* এস্থলে, মিত্রকবি 'দীন' শব্দের দ্ব্যর্থ-প্রয়োগ করিয়াছেন। মিত্রকবির অন্তরঙ্গ বন্ধুর নাম ৺দীন বন্ধু সেন। তাঁহার সঙ্গে বন্ধুতা স্থাপনের ফলে, মিত্রকবির পূর্ব্বতন অনেক বন্ধু অসন্তুষ্ট হন। এস্থলে দীন শব্দে কবি কৌশলক্রমে আত্মজীবনের এই কাহিনীও ব্যক্ত করিয়াছেন।

দারাপুত্র-পরিবার, পালনে না রলে ভার
আপনি দরিদ্র হলে একটুকু ভাবিনে।
হরিশ কহিছে ধাতানা শুনত খাও মাথা,
নিজের লাগিয়া তোরে খোসামুদী করিনে।

মিত্রকবি চিরজীবন অবিবাহিত ছিলেন; অথচ পরিবার-পালনের দুর্ব্বহ 'ভার' তিনি গ্রহণ করিয়াছিলেন।* সাংসারিক জীবনে পরিবার প্রতিপালনে দরিদ্র কবি যে অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছেন, কাব্যের ছত্রে ছত্রে তাহার আভাষ রহিয়াছে।

দুঃখ-কষ্টের কঠোর পরীক্ষায় কবি বিচলিত নহেন; বরং মনুষ্যত্বের বিনিময়ে দরিদ্র কবি কাহারও তোষামুদী করিতে শিখেন নাই। "পোড়া পেটের" জ্বালায় 'নর-উপাসনা' চলে চলুক; কিন্তু কবির কথায়—

"আমরাই নারিলাম তোষামুদী করিতে।
দিনান্তে যোটেনা ভাত, ভেবে মরি দিন রাত,
কত কষ্ট পাইতেছি পোড়া পেট ভরিতে।"

তাই—

"হরিশের এই পণ, যদি যায় এ জীবন
তবু কভু তোষামুদী করিব না কাহারে।
প্রাণ চিরস্থায়ী নহে, যায় যায় রহে রহে
প্রাণ গেলে ছারপ্রাণ রাখিতে কে চায়রে।"

দরিদ্র কবির এমনই দৃঢ় 'পণ'!

পেটের জ্বালায় চিরবিব্রত দরিদ্র কবিও মনের বলে তোষামুদী করিতে শিখেন নাই। এ দৃঢ়তাতেই তাঁহার কবি-প্রতিষ্ঠা। অন্যত্রও দরিদ্র কবি ভারতীকে সম্বোধন করিয়া বলিতেছেন—

"হে ভারতি! দয়াময়ী শতদুঃখে দুঃখী হই,
তথাপি 'মা' তোমা বই কমলারে কব না।
তোমারি মা! চিরদাস, বৃথা করি ধন আশ
পেচক-বাহিনী মার দাসত্ব লব না।
কৃতঘ্ন পামর ছেলে দু'দিন যাতনা পেলে
যায় যথা মাকে ফেলে, সে রকম যাব না।
বৈমাত্রের সহোদর হোক সবে কোটীশ্বর,
থাকুক পরম সুখে, ভাগী হ'তে চাব না।
মাতৃধন যা আমার হেন ধন কার আর?
দস্যুদের আক্রমণ, কভু তাহা খাটে না।
থাকিতে এমন ধন অবোধ অবিজ্ঞগণ,
দরিদ্র আমারে কহে তাই প্রাণে সহে না।
কিন্তু যবে বিজ্ঞচয়, তোমারি কিঙ্কর কয়,
তখন সে দুঃখ আর, কিছুমাত্র রহে না।
বৃক্ষমূলে হোক বাস, পরি শতগ্রন্থি-বাস,
করি নিত্য উপবাস, তাহে ভয় পাই না।
সমাজে হইয়া দীন, দুঃখে সুখে কাটি দিন
তবু "কমলার পুত্র" এ উপাধি চাই না।"

কাব্যজীবনের এ দৃঢ়তা মিত্রকবির কর্ম্মজীবনেও পরিস্ফুট। কবি দরিদ্র, তথাপি বাণীর বরপুত্র কবিকে দরিদ্র বলিলে তাঁহার "প্রাণে সহেনা"। তিনি প্রকৃত 'ধনীরও' একটা সংজ্ঞা দিয়াছেন। পক্ষান্তরে,

"ধনী বলি যশ গাইব তোমার
যদি কর ধনের উচিত ব্যবহার"।

হৃদয়ের এ দৃঢ়তা লইয়া মিত্রকবি 'দরিদ্রের আক্ষেপ' সঙ্গীতে আত্মপ্রকাশ করিয়াছেন। বিধাতার উদ্দেশ্যেই এই আক্ষেপ-সঙ্গীত রচিত। তিনি লিখিয়াছেন—

"ওরে রে মূরখ বিধি! তোমার যতেক বিধি,
সব ভাল মানি আমি একটাও দুষিনা।
চাঁদে মৃগ-রেখা দিলা, পদ্মে নীর ভাসাইলা,
তাতেও তোমার দোষ কণামাত্র ঘুষিনা।
মূর্খে কৈলা ধনবান, নীচে দিলা উচ্চমান
যাহা ইচ্ছা কর; ইথে তোমা প্রতি রুষিনা।
কিন্তু বিজ্ঞ-মানিগণে তুচ্ছধন উপার্জ্জনে,
অজ্ঞ-অনুগত কৈলে, এই ক্ষোভ বড়রে।
হরিশ কহিছে সার, কিবা দোষ বিধাতার
করমের দোষ তব, কারে দোষী কররে।"

* অনেক স্থলে দারিদ্র্য "blessing in disguise"। বস্তুতঃ জীবন-সংগ্রামে দারিদ্র্য না থাকিলে, কোনদিনই কর্ম্মশক্তির লোকোত্তর বিকাশ ঘটে না। ফলে. জগতে দরিদ্রই সাধারণতঃ আত্ম-প্রকাশ করিয়া সমাজের উচ্চ স্থান অধিকার করিয়াছে; কিন্তু 'দারিদ্র্য' আমরণ অধিকার বা প্রভাব বিস্তার করিলে. কর্ম্মশক্তির বিনাশ ঘটে; তাই কবি দরিদ্রের ঘরে জন্মিলেও, দারিদ্র্য লইয়া ঘর করিতে নারাজ।

মিত্রকবি কর্ম্মফলে বিশ্বাসী; তাঁহার মানসিক দৃঢ়তার ইহাই কারণ। তাই, শত দুঃখেও তিনি উদাসীন দৃঢ়-প্রতিজ্ঞ। ফলে নিন্দুকের বিদ্রূপে বা তোষামুদের সুরে কবি বড় একটা কর্ণপাত করেন না।

"কবি কহিতেছে ভাই নিন্দুকে আশঙ্কা নাই।" অথবা

"যারা তোষামুদে তোষে তোমায় নিয়ত।

*   *   *   *

তারাই তোমার দেখি দয়ার ভাজন।"

চিত্তের দৃঢ়তা না থাকিলে নিন্দায় বা তোষামোদে কবির চিত্তবিকার জন্মিত। তাহা হইলে, কবি একথা মুখ ফুটিয়া বলিতে পারিতেন না।

মিত্রকবি দরিদ্রের ঘরে জন্মিয়াছিলেন বলিয়াই শৈশবে উচ্চশিক্ষা লাভ করিতে পারেন নাই। তিনি স্বভাব-কবি ছিলেন; তাই প্রকৃতির পাঠশালায় আশৈশব তিনি স্বতঃই কবি-হৃদয়ের উপযোগী শিক্ষালাভ করিয়াছেন। "মিত্রকবি হরিশ্চন্দ্র" প্রবন্ধে তাহা যথা-সম্ভব প্রদর্শিত হইয়াছে। এস্থলে তাঁহার পরবর্ত্তী কাব্য-জীবনের কথা আলোচনা করিব।

মিত্রকবি লিখিয়াছেন—

দেখিতেছি কতজন, দিয়ে ক'টী শব্দগণ,
অমূল্য কবিত্ব ধন কিনিবারে ধায়!
কবিত্ব কি গাছে ফলে? না, বেচে বণিকদলে?
যার ভাগ্য ফলে, সেই দৈববলে পায়!"

সংসারের মাপকাঠিতে অশিক্ষিত বা অর্দ্ধশিক্ষিত কবি সত্য সত্যই দৈববলে 'দুর্লভ কবিত্ব-শক্তি' লাভ করিয়াছেন। আত্মানুভূতিতে কবি যাহা বলিয়াছেন, স্বভাব-কবির পক্ষে তাহা অক্ষরে অক্ষরে সত্য। কষ্টকল্পনার কবিকে কবির সিংহাসনে বসিতে হইলে, বিদ্যাবুদ্ধির বড়াই করিতে হয়—তাহার কবিতায় প্রাণশক্তির প্রতিষ্ঠা করিতে হয়—সেই কবিতা কখনও মর্ম্মে মর্ম্মে প্রতিধ্বনিত হয় না, শুধু হৃদয়কে একটুকু স্পর্শ করিয়াই দূরে সরিয়া পড়ে। স্বভাব-কবির কবিতায় একটা উন্মাদ সুর বাজে; সেই সুর 'কাণের ভিতর দিয়া সহজেই মরমে পশে।' কষ্টকল্পনার কবি কএকটী শব্দমূল্যে কবিত্ব লাভের আকাঙ্ক্ষা করে। বস্তুতঃ—

"স্বভাবে সুকবি যারা,   বাগ্দেবীর পুত্র তারা,
বর্ষি কাব্যামৃত ধারা ভুবন ভাসায়।
কবিতা-পঙ্কজ-রবি,   কে আছে স্বভাব-কবি
চিত্রিবে প্রকৃতিচ্ছবি বর্ণ-বর্ত্তিকায়?"

তাই কবি প্রার্থনা করিতেছেন—

"হরিশ জুড়িয়া কর   কহে, বিভো, কৃপা কর,
বিতর স্বভাব-কবি, এই ভিক্ষা পায়।
ছিন্ন-পদ-হস্ত-নাসা   অঙ্গহীনা বঙ্গভাষা,
ঘুচাও দুর্দ্দশা তার স্বগুণে কৃপায়!"

বস্তুতঃ, স্বভাব-কবি না হইলে, কাব্য-প্রতিষ্ঠা হয় কই? এক্ষণ পাঠক কবির বাণীমূর্ত্তি প্রত্যক্ষ করুন।—

"নিন্দি-নিশানাথ-নিভা   কবিতা দেবীর কিবা
লালিত্য লাবণ্য নিরমল!
সুকোমল শব্দাঙ্গিনী   ত্রিবিধ স্বরনাদিনী (১)
বিমোহিনী অবনী-মণ্ডল।
শোক দুঃখ বিমর্দ্দিনী   সারসুখ-প্রদায়িনী
কবি-মনঃ-কল্পনা সম্ভূতা।
করুণাদি (২) রসাত্মিকা   জনগণ-প্রমোদিকা
শ্লেষ (৩) আদি দশগুণ যুতা,
অরসিক-বিগঞ্জিনী   বিরসতা বিভঞ্জিনী
ভাবপ্রাণা ভাবুক-ভাবিনী,
অলঙ্কার অলঙ্কৃতা   সাধুজন সমাদৃতা
রসিক রসনা বিলাসিনী,
পরিধান ছন্দবাস,   যতি যমকানুপ্রাস
মাঝে তার কাজ চমৎকার!
এই ভূষা এই বাসে   প্রবেশি হৃদয়াকাশে
বিনাশে অজ্ঞতা-অন্ধকার।
প্রকৃতির সহচরী   প্রকৃতিকে সঙ্গ করি
ধরাধামে করয়ে ভ্রমণ,

---

(১) হ্রস্ব, দীর্ঘ, প্লুত।

(২) করুণ, বীভৎস, হাস্য, রৌদ্র, ভয়ানক, অদ্ভুত, শান্তি, আদিরস।

(৩) শ্লেষ, ওজঃ, কান্তি, সুকুমারতা, প্রসাদ, মাধুর্য্য, অর্থব্যাপ্তি, সমাধি, উদারতা, সমতা।

ভকত-বৎসলা দেবী ইহার চরণ সেবি
অমর হইল কত জন।
জ্ঞান-নেত্র আছে যার, সে এরূপ কবিতার
করিবারে পারে বিলোকন,
সে নয়নহীন যারা হেরিতে না পায় তারা,
দিবাকরে পেচক যেমন।"*

প্রকৃতির শিশু কবির মানস-চিত্রে কবিতা-দেবী কেমন মূর্ত্তিমতী হইয়া উঠিয়াছেন।

এই কবিতা দেবীকে মিত্রকবির 'কাব্যসরোবরে'ও আমরা দেখিতেছি।—

"আয় মন, চল যাই কাব্য-সরোবরে,
সন্তাপ-সরোজ যাহে সদা শোভা করে।
নবরস-মধুপূর্ণ সে সরোজদল,
তাহা হ'তে মিষ্ট নহে পদ্ম-পরিমল।
কত না উপজে সুখ তাহার আঘ্রাণে,
ভাবুক-ভ্রমর মত্ত সেই মধু-পানে।
কল্পনায় বাঁধা সেই সরসীর তীর,
লালিত্য স্বরূপ তাহে নিরমল নীর।
নানাচ্ছন্দ হংসগণ সানন্দ অন্তরে,
দলে দলে সুকৌশলে বিচরণ করে।
যতি-যমকানুপ্রাস জলচরগণ,
সুখে ক্রীড়া করে, তাহা হেরি ভুলে মন।
অলঙ্কার-সারসেরা করিছে ঝঙ্কার,
শ্রবণে শ্রবণে হয় সুখের সঞ্চার।
এই সরসীর করি বারিবিন্দু পান,
স্নিগ্ধ হয় তাপিতের সন্তাপিত প্রাণ।
একবার পরশিলে এ বাপীর জল
নির্ব্বাপিত হয় নানা ভাবনা-অনল।
এমন সুখের সৃষ্টি করিছেন যাঁরা,
অহো, কিবা অলৌকিক শক্তিমান তাঁরা।"

তাই, এ মূর্ত্তিপূজায় চিরধ্যানমগ্ন কবি সকল দুঃখজ্বালা ভুলিয়া যান। মিত্রকবির মানসিক দৃঢ়চিত্ততার মূলেও ইহার শক্তি নিষ্ক্রিয় নহে।

কবি এই কবিতা-দেবীর পদে কাব্য-পুষ্পাঞ্জলি দিতে দিতে নমস্কার জানাইতেছেন। তাঁহার ভাষায়,

"প্রফুল্লিতা সরসিজোপরি সমাসীনা,
মগনা পাষাণ-দ্রবকারী-গীতরসে,
সোহাগিনী-পুত্রীসমা অঙ্কস্থিতা বীণা
অমিয়া বরষে—কত অমিয়া বরষে!
গায়িছেন রাগ-রাগিণীর অধীশ্বরী,
একতান মনে তুলি তান সুমধুর,
হেন কালে এক কবি নতি করি
আহ্বানিল দেবীরে উড়িতে মনঃপুর।
ভকত-বৎসলা মাতা, ভকতে যেমন
স্মরিল, অমনি কণ্ঠে আটকিল তান,
চঞ্চলা হইল দেবী; স্থগিল বাদন;
স্থিরচক্ষে বাগীশ্বরী ইতস্ততঃ চান।
ঈদৃশী যে চিন্তাপরা, অভীষ্ট-বরদা,
নমি, লোটাইয়া শির তাঁর পদতলে,
রাখুন নির্ব্বিঘ্নে তিনি সজ্জনে সর্ব্বদা,
কবিকুলে অমর করুন কৃপাবলে।"

মিত্রকবি আশৈশব কবিতা-দেবীর সেবা করিয়াছেন। তিনি লিখিয়াছেন—

"কোথায় কবিত্ব? শৈশব-বান্ধব!
কল্পনার বীণা দাওহে করে;
গাওতো তুলিয়ে সুমধুর রব
মম স্বরসহ সমান স্বরে।"

শৈশব-বান্ধব কবিতাকে মিত্রকবি নানা-ভাবে, নানা দৃষ্টিতে দেখিয়াও তৃপ্ত হইতে পারেন নাই।

আমরা কবিতা-দেবীকে দেবীমূর্ত্তিতে ও কাব্য-সরোবরে দেখিয়াছি। পরে তাঁহাকেই আবার দেখিলাম 'সরসিজোপরি সমাসীনা পাষাণদ্রবকারী গীতরসে মগ্না'। এক্ষণ কবিতা-দেবীকে শত্রুব্যূহে দেখিব। তার্কিক, সমালোচক প্রভৃতির উৎপাতে ক্ষিপ্তহৃদয়া কবিতা-দেবীকে

* এই 'কবিতাটীই'—"কবিতা-কুসুমাবলী"—পত্রের প্রথম সংখ্যায় প্রথমতঃ প্রকাশিত হয়। ইহাই মিত্রকবির সর্ব্বপ্রথম মুদ্রিত কবিতা। 'প্রতিভায়' এই কবিতাটীর কথাই উল্লিখিত হইয়াছে।

রক্ষায় কবির সঙ্গে সঙ্গে আমরাও ভগবানের করুণা ভিক্ষা করিতেছি। কবির কথায়—

"হে কবিতা-কুরঙ্গিণি! বঙ্গারণ্য-বিহারিণি!
বিষম বিপদ আজি ঘটিল যে ঘটিল।
সম্মুখে কেশরী প্রায়, তার্কিকেরা গরজায়,
অই দেখ বোধ হয়! তোমা যেন গ্রাসিল।
চেয়ে দেখ পাছুপানে বধিতে তোমায় প্রাণে
বৈয়াকরণিক-ব্যাধ সসন্ধানে রয়েছে!
বামেতে শার্দ্দূল-ন্যায় আলঙ্কারিকেরা চায়,
স্থির নেত্রে খায় খায় হেন বোধ হতেছে।
দোষগ্রাহি-সম্প্রদায় শিকারী কুকুর প্রায়
দক্ষিণে ডাকিছে।—তুমি এত শত্রু মাঝারে!
বিভু তোমা এই বার, নির্ব্বিঘ্নে করুন পার,
ভগ্ন অঙ্গ কেহ যেন নাহি করে তোমারে।"

কবির মর্ম্ম-কাতরতা পাঠকের চিত্ত স্পর্শ করে; পরন্তু মিত্র-কবির যুগে—প্রায় অর্দ্ধশতাব্দী পূর্ব্বে—কাব্য-রচনায় কবিকে কত দিক রক্ষা করিয়া চলিতে হইত মিত্র-কবি এস্থলে তাহার একটা চিত্র প্রদান করিয়াছেন। এক্ষণ, কবি-সমাজ একরূপ নিরঙ্কুশ!

কবি কবিতার দোষ-গুণ এবং কবিকুলের সমাদর করিতে গিয়া কি ভাবে আত্ম-প্রকাশ করিয়াছেন, তাহাও বিবেচ্য। মিত্রকবির মতে—

"লালিত্যে ভারতচন্দ্র রায় গুণাকরে,
অনুপ্রাস আড়ম্বরে প্রভাকর-করে,
ওজঃগুণ-গরিমায় শ্রীকবিকঙ্কণে,
উপমায়, কল্পনায় শ্রীমধুসূদনে,
জিনে, হেন কবিদর্পী আছে যত জন,
মস্তকেতে ধরি আমি তাদের চরণ।"

মিত্রকবি তৎকালপ্রসিদ্ধ কয়েকজন কবির কবি-প্রতিভার বিশ্লেষণ বা কাব্য-সৌন্দর্য্যের অনুধ্যান করিয়া প্রায় অর্দ্ধশতাব্দী পূর্ব্বে যে সিদ্ধান্তে উপস্থিত হইয়াছিলেন, ছয়টী পংক্তিতে অপূর্ব্ব কাব্য-কৌশলে তাহারই ইঙ্গিত করিয়াছেন।

কবি বা কাব্যোপাসক-সম্প্রদায় সম্পর্কে—মিত্রকবির সময়ে দেশের দশে কি মনে করিত, মিত্র কবির কাব্যে তাহার পরিচয় পাইতেছি। অবশ্য সকলেই * এ বিষয়ে বা এক বিষয়ে একমতাবলম্বী ছিলেন, আমরা তাহা কখনও মনে করিতে পারি না। কাব্যেও "ভিন্নরুচির্হি লোকঃ"। তবে, কবির কাব্যে এক সম্প্রদায়ের মত সাধারণতঃ পরিব্যক্ত হয়। দশের চিন্তার ফলে কবি অনুপ্রাণিত হন; তাই, তাঁহার কাব্যে যাহা থাকে, লোক-সমষ্টি সমাজে যখন যে ভাবের প্রাবল্য ঘটে, কবির কাব্যে তাহাই পরিস্ফুট হয়।

মিত্রকবির আক্ষেপের ভাষায়—

"সে দিন কোথায়—হায়, সে দিন কোথায়!
ছিল এই দেশ যবে খ্যাত কবিতায়।
কোথা কবি কীর্ত্তিবাস, কোথা কাশীরাম দাস,
স্থাপিলা অক্ষয় কীর্ত্তি যাঁরা বসুধায়;
কোথা শ্রীকবি-কঙ্কণ, কোথা সে কবিরঞ্জন,
মোহিত করিত মন যাঁরা রচনায়।
বাঙ্গালার কবীশ্বর, ভারত সদ্‌গুণাকর,
কবি রায়গুণাকর সবে বলে যাঁয়;
কি দুর্ভাগ্য মরি মরি নিদয় হৃদয় হরি—
অকালে তাঁহারে হরি প্রমাদ ঘটায়।"
"সুকবি ঈশ্বর গুপ্ত তিনিও হলেন গুপ্ত
কালগৃহে, প্রায় লুপ্ত কবি বাঙ্গালায়,
কবিত্ব প্রকাশে যাঁয়, পোড়াকাল গ্রাসে তাঁয়,
এ দুঃখ কহিব কায় হায় হায় হায়।
মধুর সুস্বরবান পিকগুরু করি গান
তুষি শ্রোতাদের প্রাণ হইলা বিদায়,

* কবিগুরু মাইকেল মধুসূদন দত্ত মহাশয় কোন মোকদ্দমা উপলক্ষে ঢাকায় আসিয়াছিলেন; সেই সময় ঢাকা-সম্পর্কে তিনি একটী চতুর্দ্দশপদী কবিতা রচনা করেন। মিত্রকবি সেই কবিতার প্রত্যুত্তরে তদ্দণ্ডেই মুখে মুখে একটী কবিতা রচনা করিয়া সকলের বিস্ময়োৎপাদন করেন। এই ব্যাপারে কবিশ্রেষ্ঠ মধুসূদনও তাঁহাকে প্রকৃত স্বভাব-কবিরূপে—সহজ রচনায় তাঁহাকে আপনার অপেক্ষাও শ্রেষ্ঠ কবি বলিতে কুণ্ঠিত হন নাই। এই ঘটনার সাক্ষ্যপ্রদান করিতে এখনও ঢাকায় অনেকে জীবিত রহিয়াছেন। মাইকেলের জীবন-চরিত-গ্রন্থে মাইকেলের ঢাকা আগমন বা এই ঘটনার কোন উল্লেখই নাই।

তাঁদের ধ্বংসপ্রত্যাশী কঠোর কর্কশভাষী
বায়স পেঁচক আসি গাইয়া বেড়ায়,
আধুনিক কবিগণে, আহরিয়া প্রাণপণে
অলঙ্কার সযতনে, সাজান গাথায়।
পরিশ্রমমাত্র সার;—মণিময় অলঙ্কার,
কতক্ষণ প্রশংসার, কুরূপার গায়?
স্বভাবে পিকের স্বর জনগণ মনোহর,
অভ্যাসে কি সে সুস্বর লাভ করা যায়?
নাহি বেশ, নাহি ভূষা, স্বভাব-সুন্দরী উষা,
হেরে তারে কে না ভাবে মুগ্ধ হ'য়ে যায়?

* * * *

ভুবন প্রমোদকর ঋতুকুল অধীশ্বর
মধু, সহ-সহচর, অকালে লুকায়!
আর সেই সুধাকরে, তেমন না সুধা ক্ষরে,
তেমন না পিকবরে সুধাস্বরে গায়!
আর সে উদ্যান মাঝে, সাজিয়া কুসুম সাজে,
বনদেবী না বিরাজে মধু-মমতায়।
আইল প্রাবৃট্‌কাল নাদিছে মণ্ডূকপাল,
গগনে নীরদজাল শুধু গরজায়।
লুপ্ত দেখি মহাকরে, গুপ্ত দেখি সুধাকরে
খদ্যোতেরা মানভরে প্রতিভা দেখায়।
ঝিঁঝি হইল বিমুখ, কোথা আর নাহি দুঃখ;
হায় পরিতাপে বুক বিদরিয়া যায়।"

এ মর্ম্মদাহী অক্ষেপ-স্তোত্রে মিত্রকবি বরেণ্য কবি-কুলের চরণে কেমন শ্রদ্ধা-ভক্তির পুষ্পাঞ্জলি উপহার দিয়াছেন! ইহাতে অতীত-বর্ত্তমানের কবি-সমাজেরও কেমন একটী চিত্র ফুটিয়া উঠিয়াছে, পাঠক তাহা লক্ষ্য করিবেন।

কবির কথায়, কাব্য-কৌশলের সার্থকতা কি এবং কবির সৃষ্ট জগতে ও প্রকৃতির সৃষ্ট জগতে বিস্ময়-বৈচিত্র্য কোথায়, এক্ষণ তাহাই বুঝাইতে চেষ্টা করিব। ইহাতেই আমরা কাব্য-রচনায় কবির লক্ষ্যপথের সন্ধান পাইব। মিত্রকবি লিখিয়াছেন—

"নিজে কবি প্রাণ ত্যাজি কালের কৌশলে,
উপদেশ শিক্ষা দেন কাব্যের কৌশলে।'

কবির তিরোধানেও সমাজ-শিক্ষায় কবির উপদেশ নিষ্ফল নহে। কবি জীবিত না থাকিলেও—

"কিন্তু তাহাদের কাব্য যবে করি পাঠ,
তখনি হৃদয়ে বসে আনন্দের হাট;
সম্মুখে দাঁড়ায় যেন সেই কবিগণ,
নানা ছলে উপদেশ করিয়া প্রদান
করেন হৃদয়ে কত সুখের বিধান।"

প্রকৃতির সৃষ্ট জগত ও কবির সৃষ্ট জগত স্বতন্ত্র; কবির কথায়—

"ধাতার সৃজন হ'তে কবির সৃজন,
কার না হৃদয়ে করে বিস্ময়োৎপাদন?"

এই সৃষ্টি-বৈচিত্র্যের কারণ—কাব্য-কৌশল। এ জন্যই কবি কবিকে যে ভাবে বুঝেন, সাধারণে কবিকে সেইভাবে বুঝিতে পারে না।

কবির কাব্য-জীবনের ইতিহাস দু' এক কথায় শেষ হইল—ইহাতে কাহারও তৃপ্তি জন্মিবে না, জানি; তথাপি সাধারণ পাঠকের হস্তে আমরা মিত্রকবির আত্ম-কথায় তাঁহার কবি-জীবনের একটী পূর্ব্বাপর-সংলগ্ন ইতিহাস সঙ্কলন করিয়া দিলাম। আমরা প্রবন্ধান্তরে ইঁহার কাব্য-সৌন্দর্য্য বুঝিতে চাহিব। ইতঃপূর্ব্বেও আমরা কএক স্থলে দেখাইয়াছি, কবি কাব্যে আত্ম-জীবনের দু একটী ঘটনার ইঙ্গিত করিয়াছেন। আমরা এস্থলে একটু বিশদভাবেই তাহার আলোচনা করিব।

কবি ১৮৬৯ খৃঃ অব্দে রামায়ণ মহাকাব্য রচনা করেন; ইহার তিন বৎসর পূর্ব্বেই তাঁহার স্বাস্থ্য ভঙ্গ হয়। এই সময় কবি প্রধানতঃ—

(১) রামায়ণ মহাকাব্য (আদিকাণ্ড) ও

(২) নির্ব্বাসিতা-সীতা রচনা করেন। দুইখানা গ্রন্থই তাঁহার কাব্য-প্রতিভার জাজ্জ্বল্যমান নিদর্শন। জীবনের শেষ দিনে করুণ রসের উৎস নির্ব্বাসিতা সীতা রচনা করিয়া বাঙ্গালার এক অমূল্য সম্পদ বাড়াইয়া গিয়াছেন। 'মিত্রকবি হরিশ্চন্দ্র' প্রবন্ধে আমরা দেখাইয়াছি, রোগের যন্ত্রণায় শয্যাশায়ী হইয়াও, প্রাণের আবেগে জীবন তুচ্ছ করিয়াও, তিনি বাগ্দেবীর সেবা করিয়াছেন। এস্থলে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

উভয় কাব্যেই কবি তাঁহার তাৎকালীন জীবন-যাত্রা-প্রণালীর স্পষ্ট ইঙ্গিত করিয়াছেন। রামায়ণের উপ-সংহারভাগে মিত্রকবি লিখিয়াছেন—

"বিশেষ বিবিধ রোগ, উদ্যমে করিয়া যোগ
আশালতা অভাগার অঙ্কুরেই দহিল।
দিনেক দু'দিন নয় প্রায় হয় বর্ষত্রয়
করিয়াছি শয্যাসার নানামত ব্যাধিতে।
দারুণ উদরাময় কিছুতে না দূর হয়
উপসর্গ কত তায় নাহি পারি কহিতে।
কখন উপজি' কাশ হৃদয়েতে বাঁধে বাস
ফেলিতে পারিনা শ্বাস মরি প্রাণে গুমরি',
পা দু'খানি করি স্ফীত, কভু শোথ উপস্থিত
কভু অর্শ-রক্ত ক্ষরে কিবা দিবা শর্ব্বরী।
যেরূপ রোগের কোপ কোন দিন নাম লোপ
হ'ত যাইতাম চলি কৃতান্তের গারদে।
কালীর করুণা বলে আজিও অবনীতলে
বেঁচে আছি—মরি নাই, তাঁরি কৃপা-ঔষধে।
যা হো'ক হে রামায়ণ সয়ে নানা বিড়ম্বন,
খণ্ড এক সমাপন করিলাম যতনে।
রোগার চিন্তার ফলে কি জানি কি ফল ফলে
পণ্ডিত-মণ্ডলে বলে না জানি কি শ্রবণে।
শুনহে স্বরূপ কই যদি প্রাণে বেঁচে রই
যদি রোগমুক্ত হই পরমেশ কৃপাতে—
যদি বিজ্ঞ আঢ্যগণ করি তোমা আলোচন
করেন সাহায্যদান নিজগুণ দয়াতে,
তবেইত অনুরাগে তোমার অন্যান্য ভাগে
রামলীলা সমুদয় যথাক্রমে গাঁথিব।
নতুবা পরিচয়-পাত্র তুমিই রহিলে মাত্র
আমি দুঃখে ক্ষোভে লাজে লেখনীকে ত্যাজিব।"

ইহাই কবির ও কবিহৃদয়ের তাৎকালীন চিত্র। শাক্তধর্ম্মী মিত্রকবি তখন ঢাকার সুপ্রসিদ্ধ ৺কালী কবিরাজ মহাশয়ের চিকিৎসাধীনে ছিলেন। তাই কাল-ভয়বারিণী কালীর কৃপা-ঔষধে বা কালী কবিরাজ মহাশয়ের বিনামূল্যে প্রদত্ত কৃপা-ঔষধে তিনি রোগগ্রস্ত দেহটীকে কোন প্রকারে রক্ষা করিয়া আসিয়াছেন। আমাদের দুর্ভাগ্য, পরিণামে ইহাই তাঁহার কালব্যাধি হইল—তিনি মৃত্যুর পূর্ব্বে রামায়ণের আদিকাণ্ডই মাত্র প্রকাশ করিতে পারিয়াছিলেন; তখন "অযোধ্যাকাণ্ড" মুদ্রিত হইতেছিল মাত্র।

এই সময়ে—প্রায় পাঁচ বৎসর রোগযন্ত্রণাভোগের পর সেই 'নির্ব্বাসিতা সীতা'র বিলাপ সঙ্গীত—

"সম্পূর্ণ সঙ্গীত গাইয়ে আজি,
বিদূরিতে নিজ হৃদয়-সন্তাপ—
বড় সাধ করি বসিল সাজি!
* * *
নির্ব্বাসিতা সীতা বিলাপ-সঙ্গীত
মনোসাধে আজ হরিশ গায়।
শুনি শ্রোতা সবে হ'য়ে একচিত
দোষো, রোষো, তোষো যা ইচ্ছা যায় *

এই সঙ্গীতস্রাবী কবিতায় বা গীতিকবিতায় কবি আপনার হৃদয়ের একটী আলেখ্য প্রদান করিতেছেন। চিকিৎসকের উপদেশ তুচ্ছ করিয়া, শয্যাশায়ী থাকিয়াও মিত্রকবি 'নির্ব্বাসিতা সীতা' রচনা করিয়াছেন। এই সময় তাঁহার দৃষ্টিশক্তি ক্ষুণ্ণ হইয়াছিল—রোগের প্রকোপে তাঁহার হস্তপদ প্রায় অসার হইয়া পড়িয়াছিল। এসময় মানসিক ব্যায়াম তাঁহার পক্ষে নিষিদ্ধ ছিল। তথাপি, কাব্য-সৌন্দর্য্যের সাড়ায় বা স্পন্দনে কবির সকল অন্তরায়ই ঘুচিয়া গেল মিত্রকবি মুখে মুখে বিলাপ-সঙ্গীত গাইলেন; আর, তাঁহারই একজন ভক্ত-শিষ্য (২) 'কালী কলমে' তাহা লিখিয়া লইলেন। এই ভাবেই তিনদিনে 'নির্ব্বাসিতা সীতার' প্রাণ-প্রতিষ্ঠা হইল—কবি রোগে দুঃখে জর্জ্জরিত হইয়াও, 'মনোসাধে' 'নির্ব্বাসিতা সীতার বিলাপ-সঙ্গীত' গাইয়া 'নিজ হৃদয়ের সন্তাপ' দূর করিলেন!

* একজন আধুনিক কবিও এই সুরের অনুকরণে কার্য্যারম্ভে বলিয়াছেন—

বিচারি বাখানি, দোষো, রোষো, তোষো
যাঁহার যেমন রুচি।
—কবি মহেন্দ্রকুমার সোমের 'কৃষক বালা' ১ পৃষ্ঠ।

(২) ইঁহার নাম—শ্রীযুক্ত রাধারমণ ঘোষ মহাশয়; ইনি পরম বৈষ্ণব; ইতিপূর্ব্বে ত্রিপুরার মহারাজার প্রাইভেট সেক্রেটারী ছিলেন।

'নির্ব্বাসিতা সীতা'র শেষ দুই পংক্তি কবির লেখক-শিষ্য শ্রীযুক্ত রাধারমণ ঘোষ মহাশয় সংযোগ করিয়া দিয়াছেন—

"কল্পনার বীণা হইল স্থগিত,
সীতা শোকে তার ছিঁড়িল তার।"

এই সময়ে, কবির চক্ষু অশ্রুভারাক্রান্ত হইল—মর্ম্মদাহের অনুভূতিতে বাক্‌রোধ ঘটিল। তখন 'নির্ব্বাসিতা-সীতা-বিলাপ সঙ্গীত'

"গাইতে 'হরিশ' পারেনা আর।"

আমাদের দুর্ভাগ্য, কবির শিষ্য কবির অবস্থা দেখিয়া সাময়িক উত্তেজনায় যাহা বলিয়াছেন—তাহাই যেন শেষে দৈববাণী হইল। সত্য সত্যই সীতাশোকে তাঁর তার ছিঁড়িয়া গেল—কিছুকাল পরে কবি অমর ধামে প্রস্থান করিলেন। 'নির্ব্বাসিতা সীতা'ই কবির শেষ রচনা।

কবির কাব্যজীবনে সাময়িক প্রভাব বা তাঁহার কাব্য-প্রতিভা-প্রদর্শন বর্ত্তমান প্রবন্ধের লক্ষ্যস্থল নহে। পূর্ব্বেই বলিয়াছি আমরা প্রবন্ধান্তরে তাহা প্রদর্শন করিব।

বর্ত্তমান প্রবন্ধে আমরা ইচ্ছা করিয়াই, উদ্ধৃত অংশ কোন্ স্থান হইতে গৃহীত হইয়াছে, তাহার কোন উল্লেখ করি নাই। কবির কাব্যালোচনায় ইহার কোন আবশ্যকতা আছে বলিয়া আমরা মনে করি না। কবিকে কবির কথায় বুঝিতে গিয়া, আমরা কোন কোন স্থল প্রয়োজনানুরূপ উদ্ধৃত করিয়াছি। ইহাতে তাঁহার কাব্য-প্রতিভা-প্রদর্শনের প্রকৃত সুযোগ লাভ ঘটে নাই। পূর্ব্ববঙ্গের গৌরব, 'কোকিলকণ্ঠ' কবি হরিশ্চন্দ্র মিত্রকে তাঁহারই কবিতায় যতটুক ধরিতে পারিয়াছি, অকৃতী, অযোগ্য আমি আমার ক্ষীণ লেখনীতে তাহারই ছায়াপাত করিতে চেষ্টা করিয়াছি মাত্র। প্রকৃত কাব্য-রসজ্ঞ ব্যক্তি মূল কাব্যেই তাঁহার কবিতার রসাস্বাদন করিবেন। তাঁহাদিগকে 'সাত নকলে আসল খাস্ত' লইয়াই তৃপ্ত রহিতে বলি না।

বর্ত্তমান প্রবন্ধে মিত্রকবি স্বদেশ, সমাজ, মাতৃভাষা, স্বগৃহ প্রভৃতি সম্পর্কে যাহা বলিয়াছেন, তাহারও বিস্তৃত আলোচনার স্থল নাই। আমরা নিম্নে প্রসঙ্গক্রমে কএকটী মাত্র ছত্র উদ্ধৃত করিলাম। ইহারা বাঙ্গালা ভাষার কণ্ঠে চিরদিনই দ্যুতিমান মুক্তাহারের ন্যায় শোভা বিধান করিবে।—

গৃহ—"স্বর্গ স্বর্গ করে লোক সার তার নাম,
ফলতঃ প্রকৃত স্বর্গ আপনার ধাম।"

অন্যত্র—"তোমার হৃদয় হ'তে-মৃত্তিকা লইয়া
সুখে মুখে পুরিয়াছি অমৃত ভাবিয়া।"

মাতৃভাষা—

"মাতৃসমা মাতৃভাষা পূরালে তোমার আশা
তুমি তার সেবা কর সুখে।"

অন্যত্র—"বৃদ্ধি কর মাতৃভাষা পূরাও তাহার আশা।"

স্বদেশ—"ইন্দ্রের অমরাবতী ভোগেতে না হয় মতি,
স্বর্গভোগ উপসর্গ সার।
শিবের কৈলাস ধাম, শিবপূর্ণ বটে নাম,
শিবধাম স্বদেশ তোমার।
সুধাকরে কত সুধা দূর করে তৃষ্ণা ক্ষুধা
স্বদেশের শুভ সমাচার।

* * *

কতরূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি
বিদেশের ঠাকুর ফেলিয়া।"

অন্যত্র—"এদেশের তরঙ্গিণী জল
পান কৈনু পিপাসায়; এদেশের সমুদায়
মহীরুহ ক্ষুধায় দিয়াছে স্বাদুফল।
যে কিছু সাহস-বল আছে কলেবরে,
এদেশের শস্যচয় সে সব বিতরে।"

অন্যত্র—স্বদেশে যদিও করি কুটীরেতে বাস
কুটীরত নয় তাহা ইন্দ্রের আবাস।"

সমাজ-সেবা—

"যাহাতে কুপ্রথা হয় উন্মূলিত
যাতে ধর্ম্মস্রোত হয় প্রবাহিত,
দেশময় যত্ন করে যথোচিত,
এসকল কাযে স্বার্থ করে পরিহার
ধরায় মানব জন্ম সফল তাহার।"

কুপ্রথা—

"তোমরা মনুষ্য-জাতি জ্বালিয়া জ্ঞানের বাতি
অন্তরের তমোরাশি করেছ অন্তর;
তবু কুপ্রথার অধীনতা-পাশ
ছেদিবার কেন না পাও প্রয়াস?" *

শ্রীগিরিজাকান্ত ঘোষ।

* বিদ্যাসাগর মহাশয়ের 'কুপ্রথা' সম্বন্ধে মন্তব্যও এস্থলে আলোচ্য।

রঙ্গপুরের আত্ম-নিবেদন।

(রঙ্গপুর সাহিত্য-সম্মিলনে সমবেত সাহিত্যিকগণের প্রতি)

কামরূপ রাজ্যে আমি সুপ্রাচীন সভ্যতার ধাম,
জীবনের নানারঙ্গে এবে মোর রঙ্গপুর নাম।
যবে প্রাগ্‌জ্যোতিষের জ্যোতিদীপ্ত ছিল প্রাচ্যদেশ,
ছিল মোর শৌর্য্যবীর্য্য শক্তি দর্প ঐশ্বর্য্য অশেষ,
সচীবত্ব সৈনাপত্যে রাজসৌখ্য করিয়াছি ভোগ,
সন্তোষক্ষেত্রের মহামহোৎসবে দিয়াছিনু যোগ,—
সে সব স্বপন সম যেন সব পুরাজন্ম কথা,
যৌবনের সেইদিন স্মরিতেও আজি জাগে ব্যথা।
শিশু বঙ্গভূমি যবে মত্ত ছিল শৈশব-ক্রীড়ায়,
জন্মিয়াছে সমতট সবেমাত্র সাগর-শয্যায়,
ভারত-বাণিজ্য-লক্ষ্মী তাম্রলিপ্তে সিংহাসনাসীনা,
তক্ষশীলা নালন্দায় বাজিতেছে বাগ্‌দেবীর বীণা,
তথাগত-তথ্য গীত অঙ্গ বঙ্গ কলিঙ্গ মগধে—
সংঘারামে সংঘারামে চৈত্যে চৈত্যে বিহারে সংসদে,
নিরীশ্বর বৌদ্ধধর্ম্ম আর্য্যাবর্ত্তে বাঁধে বাহুপাশে,
নির্গ্রন্থেরা ধীরে ধীরে ভারতের সর্ব্ব গ্রন্থ গ্রাসে,—
বুদ্ধের চরণে আমি শস্ত্ররাজি করিয়া স্থাপন
সনাতন হিন্দুশাস্ত্রে শীর্ষে আমি করিনু বহন।
পূর্ব্বদিক্‌পাল হয়ে আর্য্যধর্ম্মে বৌদ্ধ রাজনীতি
রক্ষিলাম উভয়েরে দুর করি সর্ব্ব শত্রুভীতি।
আশ্রমের যজ্ঞবহ্নি, মন্দিরের আরতি-প্রদীপে
নির্ব্বাপিত হইবারে দেইনিক বেদীর সমীপে;
দেবালয়ে দেবালয়ে পূর্ণ ছিল এ শ্যাম প্রান্তর,
লক্ষ লক্ষ ব্রাহ্মণের শ্রুতিপাঠে পবিত্র মুখর;
দানে ধ্যানে তপে জপে শিল্প-কৃষি-বাণিজ্য-বিস্তারে,
ইহ পরত্রের মিল অপরূপ ব্রহ্মপুত্র পারে!—
স্বপ্ন সম লাগে আজ যৌবনের সেই পুরা কথা,
নয়নে ঝরায় আজ করতোয়া স্মরণের ব্যথা।
সে দিনো মা ভবানীর পাদপীঠে লভিয়া আসন
দুই হস্তে বিলালাম বিপ্রগণে ভূমি রত্ন ধন।
অমৃতের সাধনায় যাইলেন ভূলোকের রমা,
তপস্বিনী সত্যবতী, মোরি কন্যা মৈত্রেয়ীর সমা,—
মোরি কন্যা তেজস্বিনী বীরাঙ্গনা দেবী চৌধুরাণী,
তার কথা উপন্যাস নহে শুধু, ধ্রুব সত্যবাণী।
আরো বহু পূর্ব্বকথা হয়ত সে হবেনা বিশ্বাস,
এখন সম্বল মম বক্ষভরা সুদীর্ঘ নিঃশ্বাস।
পূর্ব্বের জীবন মম আজি হের আছন্ন জরায়,
মম রাজবেশ আজি ছিন্ন ভিন্ন মলিন ধূলায়;
লৌহিত্যের তীরে আজ পর্ণগৃহ নিরমাণ করি'
অজ্ঞাত জীবন যাপি এ বার্দ্ধক্যে বৈশ্যবৃত্তি ধরি'।
সন্তানে যোগান অন্ন কমলা মা আজো চুপে চুপে,
করুণা-আশীষধারা বহে আজো ত্রিস্রোতার রূপে।
এবে পুঁজি পয়স্বিনী গাভীগুলি আর পর্ণশালা,
সুশ্যাম কেদার খণ্ড মীননেত্রা তটিনীর মালা।

কি সৌভাগ্য আমি, মোর এ অজ্ঞাত বিজন কুটীরে
সোনার কমল গুলি এলে ভাসি প্রেমবন্যা-নীরে।
বঙ্গের ভরসা-ভূমি, সুধী বুধ জ্ঞানী গুণিগণ
করিলে এ অভাগার দীনগৃহে আতিথ্য গ্রহণ।
ভগ্ন গৃহে ছিদ্রপথে নবারুণ-রশ্মিরেখা সম
এস এস প্রিয়গণ বক্ষে এস চক্ষে এস মম!
এস এস বাণী-পাদ-পদ্ম-মধু-মত্ত অলিকুল!
মূর্ত্তিমান সামমন্ত্র সম এস ভাস্বর মঞ্জুল!
কোথা রাখি? অর্ঘ্য কই? কি কহিব ভাবি রুদ্ধ শ্বাসে,
আনন্দের বাষ্প ভারে কণ্ঠ মোর শুব্ধ হয়ে আসে।
জীর্ণ জনে কর ক্ষমা কৃতাঞ্জলি করি নিবেদন,
পাবন পরশে কর সব ক্রটী মালিন্য মোচন।
জ্ঞান-তীর্থ-যাত্রিগণ! যদি দিলে দেখা দয়া করে
প্রাচীন এ হৃদিবটতরুতলে বসো ছায়া-ক্রোড়ে।
হৃদয়-পঞ্জর-তন্ত্রী তোমাদের শ্রীকর-পরশে,
আজিকে উঠিছে বাজি' ক্ষীণস্মৃত সঙ্গীত-হরষে।
পাষাণ শিহরি' উঠে তোমাদের চরণ-ধূলায়,
তোমরা জাগায়ে তোল গুহাহিতে আলোকমালায়;
মূকেরে মুখর কর, ভেঙ্গে দাও মৌনীজন-ব্রত,
লুপ্ত লভে পুনর্জ্জন্ম, সুষুপ্তেরে করিছ জাগ্রত;

অভিশপ্ত লভে মুক্তি, নির্ব্বাসিত লভিছে স্বদেশ,
করুণায় মরুভূমি ধরে মণি মরকত বেশ।
দয়া করি আসিয়াছ যদি এই অজ্ঞাত আবাসে,
সভ্যতা-লক্ষ্মীর পাদ-পদ্ম-গন্ধ যথা নাহি আসে।
অতীতের প্রেতছায়া সম যেন জাগিছে স্বপনে
ক্ষীণ পরিচয় এর বর্ত্তমান জগতের সনে।
প্রতি ধূলিকণা মাঝে এ কুটীরে কত পুরা কথা
গুপ্ত আছে তার মাঝে গুমরিছে অতীতের ব্যথা।
গৌরবের লুপ্তস্তরে প্রতি তরু করি' রস পান,
রস-সাহিত্যের কথা কহিবারে উদ্বেলিত প্রাণ।
প্রতি শিলা-বক্ষ মাঝে বন্দী রহি' লৌহের কারায়
কাহিনী মাগিছে মুক্তি বঙ্গব্যাপী আনন্দ-মেলায়।
প্রত্যেক বল্মীক মাঝে বিরাজিছে কবিত্ব-বৈভব,
ভগ্ন দেউলের মাঝে সুপ্ত কত অতীত গৌরব।
উর্ণনাভ জালে ঢাকা সুপ্ত আছে কত বীণা বেণু।
ত্রিস্রোতা-সিকতে গুপ্ত সাহিত্যের কত স্বর্ণরেণু !
কত শত বৎসরের অকথিত স্বপ্ন সম বাণী,
সাধ যায় একে একে মর্ম্ম হতে টেনে টেনে আনি।

সঞ্জীবনস্পর্শ আনি' জড়িমায় জাগাও জীবন,
মুখর করিয়া তোল শিলাতরু ক্ষেত্র পথবন।
অতীতের গুরুভার বক্ষ হতে দাও লঘু করি',
নব জাগরণ-তীর্থে যোগ দেই রশ্মি-পথ ধরি'।
বাণীপদতলে রাখি' গৌরবের মোর পুরাতন,
জীর্ণ বাস ত্যজি' আমি চাহি বন্ধু, নূতন জীবন।
হেরিতেছি আনন্দের শুকতারা ব্রহ্মপুত্র-তীরে
ভোরের পাখীরা গাহ জয় জয় আমার কুটীরে।

শ্রীকালিদাস রায়, বি-এ

সাংখ্যদর্শনে ক্রমবিকাশ-বাদ।*

পাশ্চাত্যদিগের দ্বারাই ক্রমবিকাশ মত প্রথম বৈজ্ঞানিক প্রণালীতে প্রতিষ্ঠিত হইয়াছে—তৎপূর্ব্বে আর কেহই বৈজ্ঞানিকভাবে ইহার সম্বন্ধে চিন্তা করিতে পারেন নাই, ইহাই সকলের বদ্ধমূল ধারণা। কিন্তু ভারতীয় সাংখ্যদর্শনের মধ্যে যে সম্পূর্ণ বিজ্ঞানসম্মত একটী ক্রমবিকাশ-বাদ পাশ্চাত্য ক্রমবিকাশবাদোৎপত্তির বহু পূর্ব্বেই গঠন প্রাপ্ত হইয়াছিল তাহা একটু নিবিষ্টভাবে সাংখ্যদর্শনের আলোচনা করিলেই আমরা উপলব্ধি করিতে পারিব।

সাংখ্যদর্শন জগতের প্রকৃত বিজ্ঞান নির্ণয় করিবার জন্য সমস্ত জাগতিক ব্যাপারের আমূল বিশ্লেষণে প্রবৃত্ত হইয়াছিল। ইহারই ফলে তিনটী গুণকেই মাত্র সমস্ত জগৎরচনার মূলসূত্ররূপে সাংখ্যদর্শন আবিষ্কার করিয়াছিল। এই তিনগুণ সত্ত্ব, রজঃ ও তমঃ নামে অভিহিত হইয়াছে। জগতের সমস্ত পদার্থে সাংখ্যদর্শন ন্যূনাধিক মাত্রায় এই গুণত্রয়েরই সংমিশ্রণ দেখিতে পাইয়াছিল। ইহা হইতে জগৎকে ত্রিগুণাত্মক দেখিতে পাইয়াই জগতের মূলগঠনকে সাংখ্যদর্শন ত্রিগুণময়ী প্রকৃতি বলিয়া নির্দ্দেশ করিয়াছে। এই "প্রকৃতি" শব্দটী বিশেষরূপেই অন্বর্থক। জগতের প্রকৃত রূপের দ্যোতক বলিয়াই ইহার নাম "প্রকৃতি" হইয়াছে। আমাদের বাহ্যাভ্যন্তর উভয় প্রকারের স্বভাব বুঝাইতে যে "প্রকৃতি" শব্দের প্রয়োগ হয় তাহাতেও আমরা পূর্ব্বোক্তার্থেরই প্রয়োগ দেখিতে পাই।

সৃষ্টির অশেষ বৈচিত্র্যের মধ্যে সাংখ্যদর্শন সূক্ষ্ম পর্য্যবেক্ষণ দ্বারা তিনটী মূলভাব অবলম্বন রূপে বর্ত্তমান দেখিতে পাইয়াছিল। একটী জড়তার ভাব, একটী ক্রিয়ার ভাব ও একটী চৈতন্যের ভাব। জড়তাভাবের নাম সাংখ্যদর্শন দিয়াছে 'তমোগুণ', ক্রিয়াভাবের নাম দিয়াছে 'রজোগুণ' ও চৈতন্যভাবের নাম দিয়াছে 'সত্ত্বগুণ'। সমগ্র বিশ্বপ্রকৃতির এতদপেক্ষা গুরুতম বিশ্লেষণ

* যশোহর সাহিত্য-সম্মিলনে পরিগৃহীত।

পৃথিবীর আর কোন দর্শন বিজ্ঞানে হইয়াছে কিনা বলিতে পারি না। যে পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞানে সমস্ত পৃথিবী আলোকিত হইয়াছে, তাহাতেও আমরা উল্লিখিত সাংখ্যদর্শন বিশ্লেষণটী উদ্ভাসিত দেখিতে পাই না। পরন্তু তাহার আভাসমাত্রই প্রাপ্ত হই। পাশ্চাত্য প্রাকৃতিক বিজ্ঞানের জড় ও শক্তি (matter and force) সাংখ্য বিশ্লেষণের একদেশ মাত্র প্রদর্শন করে। 'জড়' সাংখ্যদর্শনের তমেরই আভাস প্রদান করে এবং 'শক্তি' সাংখ্যদর্শনের রজোগুণের আভাস প্রদান করে। এই উভয় 'জড়' ও 'শক্তির' সহিত পাশ্চাত্য মনোবিজ্ঞানের মনস্তত্বের যোগ করিলে তবেই আমরা সাংখ্যদর্শনের সত্ত্বগুণের আভাস পাইতে পারি। পাশ্চাত্য-দর্শন, পাশ্চাত্যবিজ্ঞানের "শক্তিরূপ" শেষ সিদ্ধান্তকে অসম্পূর্ণ বিবেচনা করিয়া তাহাতে চৈতন্যের যোগ সাধন করতঃ যে ইহার পূর্ণতাবিধানের প্রয়াস পাইয়াছে তাহাতেই সাংখ্যদর্শন সিদ্ধান্তের সারবত্তা বিশেষভাবে প্রতীয়মান হয়।

সত্ব, রজঃ, তমঃ—এই তিনগুণের মাত্রাভেদ ও কার্য্যভেদদ্বারাই সৃষ্টি ও সমস্ত সৃষ্টিবৈচিত্র্য সাধিত হইতেছে। সুতরাং সমস্ত বিশ্ববিকাশের মূল রহস্য যে এই গুণত্রয়েই নিহিত থাকিবে তাহা সহজেই অনুমান করা যাইতে পারে।

তমোগুণটীই সর্ব্বনিকৃষ্ট গুণ। তমোগুণের দ্বারা কেবল জড়ভাব প্রকাশিত হয় তাহা নহে, কিন্তু অন্ধকারের ভাবও প্রকাশিত হয়। তাহাতেই তমঃ শব্দ তমোগুণ ও অন্ধকার উভয়েরই বাচক হইয়াছে। তমঃ শব্দের এই অন্ধকার অর্থ হইতেই প্রথম বিকাশ যে তমোগুণ হইতেই আরব্ধ হয় তাহা আমরা অনুমান করিতে পারি। বস্তুতঃ আমাদের সৃষ্টি প্রক্রিয়ার বর্ণনাতে আমরা অন্ধকারকেই সৃষ্টির আদিতে বিরাজিত বলিয়া জ্ঞাত হই। এখানে আমরা বেদ ও মনুসংহিতা হইতে দুইটী বর্ণনা উদ্ধৃত করিতেছি :—

"তমআসীৎ তমসা গূঢ়মগ্রেঽপ্রকেতং সলিলং সর্ব্বমাইদম্।
তুচ্ছেনাভ্বপিহিতং যদাসীত্তপসস্তন্মহিনা জায়তৈকম্॥" ৩

ঋগ্বেদ ১০ম মণ্ডল, ১২৯ সূক্ত।

"সর্ব্বপ্রথমে অন্ধকারের দ্বারা অন্ধকার আবৃত ছিল। সমস্তই চিহ্নবর্জ্জিত ও চতুর্দ্দিকে জলময় ছিল। অবিদ্যমান বস্তুদ্বারা সেই সর্ব্বব্যাপী আচ্ছন্ন ছিলেন। তপস্যার প্রভাবে সেই এক বস্তু জন্মিলেন।"—রমেশ বাবুর অনুবাদ।

"আসীদিদং তমোভূতমপ্রজ্ঞাতমলক্ষণম্।
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং প্রসুপ্তমিব সর্ব্বতঃ॥" ৫

মনুসংহিতা, ১ম অধ্যায়।

"এই বিশ্বব্রহ্মাণ্ড অন্ধকারব্যাপ্ত (তমোময়) ছিল, ইহার কোন চিহ্ন না থাকায় ইহা প্রত্যক্ষ অনুমান বা জ্ঞানের বিষয় ছিল না। সর্ব্বত্রই যেন নিদ্রিত ভাব ছিল।"

উদ্ধৃত বৈদিক বর্ণনায় আমরা অন্ধকার হইতে তপস্যার প্রভাবে এক প্রাণবস্তুর উৎপত্তির যে বিবরণ পাইতেছি তাহাতেই সমস্ত বিকাশতত্ব সন্নিবিষ্ট হইয়াছে বলিয়া আমরা মনে করি। তমের পর যে তপের উল্লেখ আমরা প্রাপ্ত হইয়াছি তাঁহা আমাদের নিকট তাপ বা তেজ বলিয়াই মনে হয়। তাপ বা তেজ হইতেই প্রথম ক্রিয়ার উৎপত্তি হয়। সুতরাং তাপকে আমরা রজোগুণাত্মক বলিয়াই বুঝিতে পারি। এই তাপ বা তেজের বিশেষ পরিণামই প্রাণ বা চৈতন্য। এই প্রাণ বা চৈতন্যই সত্বগুণাকর।

বিশ্বসৃষ্টির জন্য প্রথম যে তেজোরাশি পিণ্ডীভূত হইয়াছিল তাহাই 'ব্রহ্মাণ্ড' নামে অভিহিত হইয়া থাকে। এই পিণ্ডীভূত তেজোরাশির পরিণামরূপেই পরম চৈতন্যময় পুরুষের আবির্ভাব হয়। জ্যোতির্ম্ময় পিণ্ডীভূত অণ্ডাকার তেজোরাশির মধ্য হইতে এই পুরুষের উৎপত্তি হয় বলিয়াই ইনি "হিরণ্যগর্ভ" আখ্যা প্রাপ্ত হইয়াছেন। মনুসংহিতায় এই বিকাশতত্ব অতি সুন্দররূপে পরিব্যক্ত হইয়াছে :—

তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশু সমপ্রভম্।
তস্মিন্ যজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥" ৯

১ম অধ্যায়।

"সেই (পিণ্ডীভূত তেজ) সূর্য্যসদৃশ প্রভাযুক্ত সুবর্ণবর্ণ একটী পিণ্ড হইল। তাহাতে সকল সৃষ্টির জনক

স্বয়ং ব্রহ্মা জন্মগ্রহণ করিলেন।" এই ব্রহ্মাই সৃষ্টিকর্ত্তা, ইনিই বিধাতা বা ধাতা নামে আখ্যাত।

বেদের নিম্নোদ্ধৃত সৃষ্টিবর্ণনায়ও আমরা মনু-উক্ত বিকাশ-প্রক্রিয়ারই প্রথম কল্পনা দেখিতে পাইঃ—

"ঋতং চ সত্যং চাভীদ্ধাৎ তপসোঽধ্যজায়ত।
ততোরাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঅর্ণবঃ॥ ১
সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরো অজায়ত।
অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতোবশী॥ ২
সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ।
দিবঞ্চ পৃথিবীং চান্তরিক্ষমথোস্বঃ॥" ৩

ঋগ্বেদ, ১০ম মণ্ডল, ১৯০ সূক্ত।

"১। প্রজ্বলিত তপস্যা হইতে ঋত অর্থাৎ যজ্ঞ এবং সত্য জন্মগ্রহণ করিল। পরে রাত্রি জন্মিল। পরে জলপূর্ণ সমুদ্র।

২। জলপূর্ণ সমুদ্র হইতে সংবৎসর জন্মিলেন। তিনি দিন রাত্রি সৃষ্টি করিতেছেন, তাবৎ লোক দেখিতেছে।

৩। সৃষ্টিকর্ত্তা যথাসময়ে সূর্য্য ও চন্দ্রকে সৃষ্টি করিলেন এবং স্বর্গ ও পৃথিবী ও আকাশ সৃষ্টি করিলেন।" —রমেশ বাবুর অনুবাদ।

এখানে 'তপঃ' 'তপস্যা' বলিয়া অনুদিত হইলেও ইহা তাপ ব্যতীত আর কিছুই নহে। তাপ বা রজোগুণের কার্য্য আরম্ভ হইলেই সৃষ্টি প্রসূত হইতে আরম্ভ করিল। যে প্রকারে রজোগুণের কার্য্য নিয়মিত হইতে থাকিল—তাহাই ঋত * বা বিশ্বনিয়ম হইল এবং যে উপাদানযোগে এই কার্য্য প্রবর্ত্তিত হইল তাহাই সত্য বা বিশ্বের নিত্যোপাদান হইল। প্রথম তমোগুণের বাহুল্য হইতে অন্ধকারেরই মাত্র প্রাদুর্ভাব দেখা যাইতে লাগিল। তাহাই 'রাত্রি' বলিয়া বর্ণিত হইয়াছে। এই অন্ধকার হইতে জলীয় সূক্ষ্মবাষ্প আবির্ভূত হইল—ইহাই "সমুদ্র অর্ণবঃ" বলিয়া উক্ত হইয়াছে। ইহার পরে চন্দ্র সূর্য্যের সৃষ্টি হইলে সংবৎসরাত্মক কালবিভাগ উৎপন্ন হইল। কিন্তু এই সূর্য্য চন্দ্রের সৃষ্টি কেবল রজোগুণের কার্য্যের দ্বারা হইল না। তাপ বা রজোগুণের বিপরিণামরূপ চৈতন্যরূপ 'ধাতা' বা বিধাতা পুরুষ উৎপন্ন হইয়া তৎকর্ত্তৃকই সূর্য্য চন্দ্রের সৃষ্টি হইল এবং তৎসঙ্গে সঙ্গে দিবারাত্রি কালবিভাগ হইল। আকাশ, পৃথিবী এবং অন্তরীক্ষও এই পুরুষ কর্ত্তৃকই সৃষ্ট হইল। বেদের 'ধাতা' যে মনুর ব্রহ্মার সহিত অভিন্ন তৎসম্বন্ধে কোন সন্দেহই নাই।

উপরে যে বিকাশ-প্রক্রিয়ার সংক্ষিপ্ত মর্ম্ম আমরা প্রদান করিলাম, তাহাতে আমরা প্রথম কেবল জড় বা অচেতনের বিকাশেরই উল্লেখ প্রাপ্ত হই—চেতনের বিকাশের উল্লেখ প্রাপ্ত হই না। সাংখ্য দর্শনের মতে প্রকৃতি হইতে প্রথম যে মহত্তত্ত্বের প্রকাশ হয় তাহাও প্রথম জড়বিকাশ বলিয়াই বোধ হয়। কারণ মহত্তত্ত্বের পরবর্ত্তী 'অহঙ্কার', 'বুদ্ধি', 'মন' প্রভৃতি তত্ত্বই চৈতন্যানুপ্রাণিত তত্ত্ব। এই সমস্ত তত্ত্বেই পুরুষের বিশেষ যোগ বলিয়া এই গুলিকে চেতনসৃষ্টি বলা যায়—আর মহত্তত্ত্বের সহিত পুরুষ বা চেতনতত্ত্বের বিশেষ যোগ না থাকায় ইহাকে পাঞ্চভৌতিক সৃষ্টি বলা যায়। পাঞ্চভৌতিক সৃষ্টি যে বিজ্ঞানে চৈতন্য সৃষ্টির পূর্ব্বে দেখিতে পাওয়া যায় সাংখ্য দর্শনের মহত্তত্ত্বের প্রথম বিকাশে আমরা তাহাই প্রতিপাদিত দেখিতে পাই।

বেদ ও মনুসংহিতা উভয়ের বর্ণনায়ই জলের প্রথম উৎপত্তির বিবরণ প্রদত্ত হইয়াছে। বেদে আমরা জলের পর পৃথিবীরও উল্লেখ প্রাপ্ত হই। এই প্রকারে জলস্থলরূপ স্থাবরেরই যে প্রথম সৃষ্টি হয় তাহা আমরা জানিতে পারিতেছি। স্থাবর সৃষ্টি বিশেষরূপে তমোবহুল, কেবল উদ্ভিদেই আমরা প্রথম চেতনাসঞ্চারের লক্ষণ দেখিতে পাই। মনুসংহিতায় উদ্ভিদের এই বিশেষত্ব অতি স্পষ্টরূপেই নির্দ্দেশিত হইয়াছেঃ—

"তমসা বহুরূপেন বেষ্টিতাঃ কর্ম্মহেতুনা।
অন্তঃ সংজ্ঞা ভবন্ত্যেতে সুখদুঃখসমন্বিতাঃ॥" ৪৯

১ম অধ্যায়।

"ইহারা বহুলরূপে তমোগুণের দ্বারা বাহিরের কার্য্য, কিন্তু কার্য্যের দ্বারা অন্তঃচৈতন্য বলিয়া প্রতীয়মান হইয়া থাকে। ইহারা সুখদুঃখযুক্ত বলিয়াও প্রতীয়মান হয়।"

* ঋতের যেমন যজ্ঞার্থ আছে তেমনই নিয়ম অর্থও আছে।

উদ্ভিদসকল তমোগুণের দ্বারা সমাক্রান্ত বলিয়া ইহাদের মধ্যে রজোগুণের কার্য্য প্রকাশ পাইতে পারে না। জীবসৃষ্টির মধ্যেই প্রথম রজোগুণের কার্য্য বিশেষরূপে প্রকাশ পাইয়া থাকে। জীবসৃষ্টির মধ্যেও একটী বিকাশক্রম দেখিতে পাওয়া যায়। পুরাণের দশাবতার কল্পনা সেই-ক্রমেরই রূপক মাত্র। মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ প্রভৃতি অবতারের পর বামনাবতার। বামন অবতারই প্রকৃত মনুষ্য অবতার—তৎপূর্ব্ববর্ত্তী অবতার সকলই জন্তু অবতার। ইহা হইতে আমরা বুঝিতে পারি যে ইতর জীবের বিকাশই পূর্ব্বে হইয়াছে—মনুষ্যের বিকাশ অনেক পরে হইয়াছে। ইতর জীবে যেমন রজোগুণের বিশেষ প্রকাশ দেখিতে পাওয়া যায় মনুষ্যেও তেমনই সত্ত্বগুণের বিশেষ প্রকাশ দেখিতে পাওয়া যায়। ইহার দ্বারাই মনুষ্য জীবের মধ্যে শ্রেষ্ঠ পদ প্রাপ্ত হইয়াছে।

মনুষ্যে সত্ত্বগুণের বিশেষ সঞ্চার হইলেও তিন গুণেরই প্রভাব তাহার উপর প্রখ্যাপিত হইয়া থাকে এবং ইহাদের ন্যূনাধিক্য দ্বারাই মনুষ্যবিকাশের তারতম্য সঙ্ঘটিত হয়। এতৎসম্বন্ধে গীতাতে অতি বিশদ বর্ণনাই পাওয়া যায়:—

"সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
নিবধ্নাতি মহাবাহো দেহে দেহিনমব্যয়ম্॥ ৫
তত্রসত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।
সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ॥ ৬
রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।
তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্ম্মসঙ্গেন দেহিনম্॥ ৭
তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্।
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত॥ ৮

—১৪শ অধ্যায়।

"হে মহাবাহো! সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন প্রকৃতি সম্ভূত গুণ আত্মাকে আবদ্ধ করে।" ৫

"হে অপাপ! সেই গুণত্রয়ের মধ্যে নির্ম্মল হেতু প্রকাশক এবং শান্ত, সত্ত্বগুণ আত্মাকে সুখে আসক্তি দ্বারা এবং জ্ঞানে আসক্তি দ্বারা বদ্ধ করে।" ৬

"হে কৌন্তেয়! রজোগুণকে অনুরাগাত্মক এবং অভিলাষ ও আসক্তি হইতে উৎপন্ন জানিও। তাহা দেহীকে কর্ম্মসকলে আসক্তি দ্বারা আবদ্ধ করে।" ৭

"হে ভারত! তমোগুণ অজ্ঞানসম্ভূত; এ জন্য সকল প্রাণীর মোহজনক জানিও। ইহা অনবধানতা, অনুদ্যম ও চিত্তের অবসন্নতাদ্বারা দেহীদিগকে আবদ্ধ করে।" ৮

বিভিন্নগুণের প্রাধান্যদ্বারা কিরূপ বিশেষ লক্ষণ প্রকটিত হয় তাহাও পরিষ্কারভাবে গীতায় বর্ণিত হইয়াছে!—

"সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত॥ ১১
লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্ম্মণামশমঃ স্পৃহা।
রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্ষভ॥ ১২
অপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চ প্রমাদোমোহ এবচ।
তমস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন॥" ১৩

—১৪শ অধ্যায়।

"যখন এই দেহে সর্ব্বেন্দ্রিয়ে জ্ঞানময় প্রকাশ হয়, তখন সত্ত্বগুণকে বিশেষ বৃদ্ধি প্রাপ্ত জানিবে।" ১১

"হে ভারতর্ষভ! লোভ, প্রবৃত্তি (সর্ব্বদা সকাম কর্ম্মকরণেচ্ছা), কর্ম্ম সকলের আরম্ভ (উদ্যম), অশম (অশান্তি), এবং স্পৃহা (বিষয়তৃষ্ণা) এই সকল চিহ্ন রজোগুণ বর্দ্ধিত হইলেই জন্মে।" ১২

"হে কুরুনন্দন! বিবেকহীনতা, উদ্যমরাহিত্য, ভ্রান্তি, মোহ, এই সকল চিহ্ন তমোগুণ বৃদ্ধি প্রাপ্ত হইলে উৎপন্ন হয়।" ১৩

এই সমস্ত গুণত্রয়ের অনুশীলনদ্বারা জীবনের কিরূপ উৎকর্ষ বা অপকর্ষ সাধিত হয় গীতায় তাহারও পরিষ্কার বর্ণনা দেখিতে পাওয়া যায়:—

"যদাসত্ত্বে প্রবৃদ্ধেতু প্রলয়ং যাতি দেহভৃৎ।
তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতিপদ্যতে॥ ১৪
রজসি প্রলয়ংগত্বা কর্ম্মসঙ্গিষু জায়তে।
তথা প্রলীনতমসি মূঢ়যোনিষু জায়তে॥" ১৫

—১১শ অধ্যায়।

"যদি সত্ত্বগুণ বিশেষরূপে বর্দ্ধিত হইলে জীব মৃত্যুপ্রাপ্ত হয়, তখন সে ব্রহ্মবিদ্‌গণের প্রকাশময় লোক সকল প্রাপ্ত হয় (অর্থাৎ তাহার উত্তম গতি হয়)।"

"রজোগুণে বিবৃদ্ধি সময়ে মৃত্যুপ্রাপ্ত হইয়া কর্ম্মাসক্ত মনুষ্যলোকে জন্মে এবং তমোগুণ বৃদ্ধি প্রাপ্ত হইলে মৃতব্যক্তি পশ্বাদি মূঢ়যোনিতে জন্মে।"—আর্য্যমিশন অনুবাদ।

গুণানুশীলনের দ্বারা কেবল যে পরলোকেই আমাদের বিভিন্ন পরিণতি হইয়া থাকে তাহা নহে, ইহলোকেও যে বিভিন্ন পরিণতি হয় গীতার বর্ণনা হইতেই তাহা জানিতে পারা যায়ঃ—

ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যেতিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্য গুণবৃত্তিস্থা অধোগচ্ছন্তি তামসাঃ॥" ১৮

১৪শ অধ্যায়।

"সত্ত্বপ্রধান ব্যক্তিগণ উর্দ্ধে গমন করে, রজোগুণ-প্রধান ব্যক্তিগণ মধ্যে থাকে, আর নিকৃষ্ট গুণাবলম্বী তমোগুণ-প্রধান ব্যক্তিরা অধঃপথে গমন করে

এখানে আমরা যেন তিন গুণানুসারে ক্রমবিকাশের তিন প্রধান গুণেরই নির্দ্দেশ প্রাপ্ত হইতেছি। তমোগুণান্বিত জীব বিকাশের নিম্নস্তরে অবস্থিত হয়; রজোগুণান্বিত জীব মধ্যস্তরে অবস্থিত হয় এবং সত্ত্বগুণান্বিত জীব সর্ব্বোচ্চস্তরে আরোহণ করে। ইহাই উন্নতির শেষ স্তর।

ইন্দ্রিয়ের মধ্যদিয়াই আমাদের চৈতন্যের পরিস্ফুরণ হয়, মন সমস্ত ইন্দ্রিয়ের মধ্যে শ্রেষ্ঠ। মন অপেক্ষা বুদ্ধি বা জ্ঞান প্রকৃষ্ট। বুদ্ধির অপেক্ষা আবার বিশুদ্ধ চৈতন্যস্বরূপ আত্মা প্রকৃষ্ট। এইপ্রকার ইন্দ্রিয়াদির উৎকর্ষ আমাদের বিকাশের পরিমাপক হইতে পারে। গীতার নিম্নোদ্ধৃত শ্লোক এই বিকাশ-প্রক্রিয়ারই আভাস প্রদানকরেঃ—

"ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরাবুদ্ধির্যোবুদ্ধেঃ পরতস্তুসঃ॥" ৪২

—৩য় অধ্যায়।

"ইন্দ্রিয়গণকে (দেহাদি অপেক্ষা) শ্রেষ্ঠ বলা যায়; ইন্দ্রিয়গণ অপেক্ষা মন শ্রেষ্ঠ, মন অপেক্ষা বুদ্ধি শ্রেষ্ঠা; বুদ্ধি অপেক্ষা যিনি পর (শ্রেষ্ঠ) তিনি সেই (আত্মা)।" —আর্য্যমিশন অনুবাদ।

মনুসংহিতায় এই বিকাশপ্রক্রিয়ার দৃষ্টান্ত অতি পরিস্কাররূপেই প্রদর্শিত হইয়াছেঃ—

"ভূতানাং প্রাণিনঃ শ্রেষ্ঠাঃ প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ।
বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ নরেষু ব্রাহ্মণাঃ স্মৃতাঃ॥" ৯৫

—১ম অধ্যায়।

"স্থাবর জঙ্গমাদির মধ্যে কীটাদি প্রাণী শ্রেষ্ঠ, তাদৃশদিগের মধ্যে বুদ্ধিজীবী পশ্বাদি শ্রেষ্ঠ, বুদ্ধিজীবী জীবের মধ্যে প্রকৃষ্ট জ্ঞানসম্পন্ন মনুষ্যই শ্রেষ্ঠ হয় ও মনুষ্যদিগের মধ্যে মোক্ষ অধিকারী ব্রাহ্মণেরাই শ্রেষ্ঠ হয়েন।"—৺ভরত শিরোমণির অনুবাদ।

চৈতন্যের ক্রমোৎকর্ষ দ্বারা শারীরিক, মানসিক, নৈতিক ও আধ্যাত্মিক বিকাশ সাধিত হইয়া কিরূপে সত্ত্বগুণ ব্রহ্মসারূপ্যে পর্য্যন্ত পরিণত হইতে পারে তাহাই আমরা উদ্ধৃত বিবরণ হইতে উপলব্ধি করিতে পারিয়াছি।

সম্প্রতি মাত্র পাশ্চাত্য ক্রমবিকাশ-বিজ্ঞানের উৎপত্তি হইয়াছে কিন্তু তাহাতেও শারীরিক ও মানসিক বিকাশই মাত্র ব্যাখ্যাত হইয়াছে নৈতিক ও আধ্যাত্মিক বিকাশ সম্পূর্ণরূপে ব্যাখ্যাত হয় নাই। পরন্তু সাংখ্যদর্শন স্মরণাতীতকালে উৎপন্ন হইলেও কেবলমাত্র গুণত্রয়ের কল্পনা দ্বারাই শারীরিক, মানসিক, নৈতিক, আধ্যাত্মিক প্রভৃতি সমস্ত বিকাশেরই সম্পূর্ণ ব্যাখ্যাই প্রদান করিয়াছে। পাশ্চাত্য ক্রমবিকাশ-বিজ্ঞান সাংখ্যমত গ্রহণ করিয়া ইহার পূর্ণতা যত সহজে সাধন করিতে পারে তত বোধহয় অন্য আর কিছুতেই পারিবে না।

শ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী।

একবিন্দু।

অলখ-অসীম হে মহামহিম!
তোমারে কি যায় ধরা?

আমি
মেকীর কাঙাল—অনাথ আতুর,
ফকিরী করিয়া হয়েছি ফতুর,
তুমি প্রীতি—নহ প্রতিমা ধাতুর,
তোমারে কি যায় গড়া?

তবু,
শত বিশেষণে তোমারে সাজাই,
নূপুর পড়ায়ে নিকুঞ্জে নাচাই,
ঘটা করে কত ঘণ্টা বাজাই—
বিজয়-গরবে ভরা!

তুমি ব্যোমকেশ—সোম-দিগম্বর,
কে দিল এ বেশ?—বাঘের অম্বর?
সাধ্য কি আমার ওহে বিশ্বম্ভর
তোমারে ওজন করা?

পূর্ণানন্দে তবু পর্ণে পটে আঁকি,
শম্ভু বলে কভু কম্বুনাদে ডাকি,
রুদ্ররূপী শিবে বন্দী করে রাখি
মাটির মন্দির মঠে!

তুমি যে অন্ধের অমিয় ইন্দু,
বসুধার বুকে সুধার সিন্ধু,
আমি চাহি প্রভু শুধু এক বিন্দু—
কত বা ধরিবে ঘটে?

শ্রীকুলচন্দ্র দে।

অজ্ঞাত-পদকর্ত্তৃগণ।

(২)

কমলাকান্ত দাস।

কমলাকান্ত তাঁহার সঙ্কলিত 'পদরত্নাকর' নামক পদ-সংগ্রহ গ্রন্থের * অবসানে নিজের পরিচয়-স্থলে লিখিয়াছেন—

"মুঞি মূর্খ মতিহীন পতিত দুর্গত দীন
দুরিতে পূরিত কলেবর।
বিষয়-বিষের দাহে তনু মন স্থির নহে
ভব-রসে ভাবিত অন্তর॥
প্রভু মোর কৃপাসিন্ধু পতিতের প্রাণ-বন্ধু
কারে দিলা গরুড়ের ভার।
পদরত্নাকর নাম সংগ্রহ সুখের ধাম
মূর্খ-মুখে করিলা প্রচার॥
নিজ পরিচয় দিতে লজ্জা ভয় হয় চিতে
অন্তরে উপজে অতি ঘৃণা।
তথাপি তেজিয়া লাজ নৃত্য করি সভা মাঝ
প্রকাশিতে প্রভুর করুণা॥
রাঢ়দেশে অনুপাম সৎপল্লী সিউর গ্রাম
সাধু সন্ত মহান্তের স্থিতি।
পূর্ব্ব পক্ষ যোজনান্তে কণ্টক নগর প্রান্তে
পতিতপাবনী ভাগীরথী॥
তথি জাতি শ্রীকরণ সাধুসেবা-পরায়ণ
পিতা ব্রজকিশোর আখ্যান।
কনিষ্ঠ রুক্মিণীকান্ত সদ্‌গুণ-আধার শান্ত
বৈষ্ণবের দাস অভিমান॥
চৈতন্য প্রভুর গণ ছোট বড় যত জন
সভার চরণ ধরি শিরে।
কলির কবল হৈতে রক্ষা করি রাখ ভিতে
কৃপা করি কমল কাতরে॥
যুগ-যুগ্ম যুগল সমুদ্র শশি শাকে।
শুক্রবার সপ্তবিংশ দিবস বৈশাখে॥

* বঙ্গীয় সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারের ৯৫০ সংখ্যক পুথি।

সহস্র অধিক সংখ্যা দুই শত সন।
তথি পরি ত্রয়োদশ অধিক গণন ॥
বর্দ্ধমানে নির্জ্জনে বসিয়া নিরন্তর।
প্রাণপণে পূর্ণ কৈল পদরত্নাকর ॥
বহু পরিশ্রমে এই পদরত্নচয়।
মধুকর-বৃন্তে মুঞি করিল সঞ্চয় ॥"

ইহা দ্বারা জানা যাইতেছে যে করণ-জাতীয় ব্রজকিশোর দাসের পুত্র কমলাকান্ত ১৭২৮ শাকে অর্থাৎ ১২১৩ সালে বর্দ্ধমানে বসিয়া পদরত্নাকর পুঁথিখানা সংগ্রহ করেন। বঙ্গীয় সাহিত্য-পরিষদের গ্রন্থাগারে পদরত্নাকরের যে হস্তলিপি পুঁথি সংগৃহীত হইয়াছে, উহাতে লেখকের নাম নাই কিন্তু গ্রন্থ-সমাপ্তির পরে নিম্নলিখিত বিবরণ লিখিত আছে। যথা—

"মহারাজ অধিরাজ অবনির ইন্দ্র।
বর্দ্ধমান ভূমির ভূপতি তেজচন্দ্র ॥
কন্দর্প জিনিয়া রূপ গুণের সাগর।
বুদ্ধে বৃহস্পতি কৃপাপূর্ণ কলেবর ॥
তার কর্ম্মকারকগণের অবতংশ।
কায়স্থ কুলেতে রাধানাথ বসুবংশ ॥
সর্ব্ব বৈষ্ণবের প্রিয় সর্ব্বগুণাকর।
কৃষ্ণ-ভক্তি-সুধা-সরিৎ-পতির মকর ॥
স্মরণ ভজনে সদা আনন্দ হৃদয়।
সাধুসেবা লাগি মাত্র বিষয় আশ্রয় ॥
তাঁর অনুরোধে অনবধি পরিশ্রমে।
লিখিল পুস্তকরাজ পরম যতনে ॥
লিপি দোষ মতিভ্রম ইথে যেবা হয়।
শুদ্ধ করি লবে তাহা সব মহাশয় ॥
নবদ্বার পুরীর দ্বারের বাম ভাগে।
পক্ষ বসিয়াছে সমুদ্রের যাম্য দিগে ॥
সমুদ্রের পূর্ব্ব তীরে চন্দ্রের উদয়।
শক সংখ্যা সঙ্কেতে কহিল সুনিশ্চয় ॥
বারশত চৌদ্দসন মার্গশীর্ষ মাসে।
বারে বৃহস্পতি ষষ্ঠ বিংশতি দিবসে ॥
বর্দ্ধমানে বিরলে বসিয়া নিরন্তর।
সম্পূর্ণ করিল গ্রন্থ পদরত্নাকর ॥

লিপিকারকের স্বতন্ত্র নাম উল্লেখ না করায় ও গ্রন্থ-সঙ্কলনের মাত্র এক বৎসর পরে সেই বর্দ্ধমান সহরে বসিয়া আলোচ্য হস্তলিপি পুঁথিখানা সম্পূর্ণ করিয়া গ্রন্থের পুষ্পিকা-স্থলে উদ্ধৃত বিবরণ লিপি বদ্ধ করায় আলোচ্য পুঁথিখানার লেখক যে স্বয়ং কমলাকান্ত এবং তিনি বর্দ্ধমান রাজের অন্যতম প্রধান কর্ম্মকারক রাধানাথ বসুর নিকট প্রাপ্ত উপকারের কিঞ্চিৎ প্রত্যুপকার স্বরূপ তাঁহারই অনুরোধে এই প্রতিলিপি পুঁথি প্রস্তুত করিয়া দিয়াছিলেন এরূপ অনুমান সঙ্গত বলিয়া বিবেচনা হয়। আমরা কমলাকান্ত বা তাঁহার প্রধান সহায় রাধানাথ বসুর জীবন-বৃত্তান্ত সম্বন্ধে আর কিছুই জানিতে পারি নাই। কমলাকান্ত কেবল পদ-সংগ্রহ-কার নহেন; তিনি পদরত্নাকর গ্রন্থে স্বরচিত যে কয়েকটি সুললিত পদ উদ্ধৃত করিয়াছেন, তাহা পাঠ করিলে তিনি যে একজন কৃতী পদ-কর্ত্তা ছিলেন সে বিষয়ে কোন সন্দেহ থাকে না। নিজের কৃত সংগ্রহে অন্যান্য পদকর্ত্তার পদ অধিক পরিমাণে উদ্ধৃত না করিয়া পদামৃত-সমুদ্র-কার রাধামোহন ঠাকুরের ন্যায় স্ব-রচিত পদে নিজের সংগ্রহ-গ্রন্থ পূর্ণ করা বোধ হয় সুরুচি কিংবা শিষ্টাচারের অনুমোদিত নহে। সুতরাং কমলাকান্ত তাঁহার এই বৃহৎ পদ-সংগ্রহে স্ব-রচিত মাত্র ১১টি পদ উদ্ধৃত করিয়া যে বিলক্ষণ সুরুচি ও শিষ্টাচারের পরিচয় দিয়াছেন তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে।

কমলাকান্ত নিজে পদকর্ত্তা হইলেও, আমরা পদ-রত্নাকর গ্রন্থে তাঁহার মাত্র কয়েকটি পদ প্রাপ্ত হইয়াছি; সুতরাং আমাদিগের নিকট পদ-কর্ত্তা অপেক্ষা পদ-সংগ্রহ-কার বলিয়াই যে তাঁহার অধিক সমাদর হইবে তাহা বলা বাহুল্য। বস্তুতঃ প্রাচীন ও নবীন যতগুলি পদ-সংগ্রহ পাওয়া গিয়াছে—তাহার মধ্যে নানা কারণেই কমলাকান্তের পদরত্নাকর যে একখানা উচ্চদরের সংগ্রহ-গ্রন্থ তাহা স্বীকার না করিয়া পারা যায় না। আমরা নিম্নে পদরত্নাকর পুথির কতকগুলি বিশেষত্বের সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিয়া কমলাকান্তের স্ব-রচিত পদগুলি উদ্ধৃত করিয়া কমলাকান্তের কবিত্বের পরিচয় দিব।

অভিজ্ঞ পাঠকবর্গ অবগত আছেন যে, বৈষ্ণব-পদাবলীর আধুনিক সম্পাদকগণ এক একজন পদ-কর্ত্তার পদাবলী যেরূপ স্বতন্ত্র-ভাবে সংগ্রহ-গ্রন্থে সন্নিবেশিত করিয়াছেন—প্রাচীন সংগ্রহ-কারগণ সেরূপ করেন নাই। কোন একজন পদ-কর্ত্তার পদাবলী এক স্থানে সন্নিবেশিত হইলে—উহার দ্বারা সেই পদ-কর্ত্তার ভাষা, কবিত্ব ইত্যাদির সম্বন্ধে আলোচনা করার যথেষ্ট সুবিধা হয় সন্দেহ নাই, কিন্তু অনেক সময়েই সেই পদগুলি কীর্ত্তন-গানের পালার অনুযায়ী সজ্জিত না হওয়ায় পদামৃতসমুদ্র, পদকল্পতরু প্রভৃতি প্রাচীন সংগ্রহ-গ্রন্থের বিভিন্ন পদ-কর্ত্তার পদাবলির একত্র সন্নিবেশ দ্বারা রচিত পালাগুলির ন্যায় উহা পাঠক ও শ্রোতৃগণের কৌতূহল উদ্দীপন ও রক্ষা করিতে সমর্থ হয় না। কথকতার ন্যায় কীর্ত্তন-গানেও রস ও ভাবের সূক্ষ্ম-ক্রমানুযায়ী বিশ্লেষণই সমধিক উপযোগী ও প্রীতিকর হইয়া থাকে সুতরাং প্রধানতঃ কীর্ত্তনের পালা-রচনার উদ্দেশ্যে পদাবলী সাজাইতে যাইয়া রাধামোহন ঠাকুর, বৈষ্ণব দাস, কমলাকান্ত প্রভৃতি পদাবলি-সংগ্রহকারগণ যে নানাবর্ণের পুষ্পে বিচিত্র মাল্য গ্রন্থনের ন্যায় নানা পদ-কর্ত্তার নানারকম পদাবলি একত্র সজ্জিত করিয়া গিয়াছেন—ইহাতে বিস্মিত হওয়ার কোন কারণ নাই। প্রাচীন পদ-সংগ্রহের এই গূঢ় ও মুখ্য উদ্দেশ্যটির কথা মনে রাখিলে, পদামৃত-সমুদ্র, পদকল্পতরু, পদরত্নাকর প্রভৃতি সংগ্রহ-গ্রন্থগুলির একটি অন্যটির পরে সঙ্কলিত হইলেও, পরবর্ত্তী সকল সংগ্রহকারই যে কেবল নূতন পদদ্বারা নিজের সংগ্রহ পূর্ণ না করিয়া বেশীর ভাগে পূর্ব্বতন সংগ্রহের উদ্ধৃত পুরাতন পদদ্বারাই কি জন্য গ্রন্থ-কলেবর পূর্ণ করিয়াছেন—এই আপাত-দুর্ব্বোধ্য বিষয়টিরও সদুত্তর পাওয়া যাইবে। কেন না, একটু প্রণিধান করিলেই বুঝা যাইবে যে, রস ও ভাবের হিসাবে উৎকৃষ্ট কীর্ত্তনের পালা রচনা করিতে ইচ্ছা করিলে—উহাতে পূর্ব্বতন শ্রেষ্ঠ পদ-কর্ত্তাদিগের প্রসিদ্ধ ও উৎকৃষ্ট পদাবলী সন্নিবেশিত না করিয়া কেবল নূতন ও অপ্রসিদ্ধ পদাবলীর দ্বারা পালা পূর্ণ করিলে উহা কোনরূপেই তাদৃশ প্রীতিকর হইতে পারে না। সুতরাং পালা-রচনার মুখ্য উদ্দেশ্যটি রক্ষা করিতে হইলে সংগ্রহ যত আধুনিক হউক না কেন উহাতে পুনরুক্তি অর্থাৎ পূর্ব্বতন শ্রেষ্ঠ ও প্রসিদ্ধ পদাবলীর পুনরুদ্ধার অনিবার্য্য। কিন্তু তাই বলিয়া পদরত্নাকর প্রভৃতি পরবর্ত্তী সংগ্রহ-গুলির যে কোন বিশেষত্ব নাই ইহা বলা যায় না। পদরত্নাকর পুথিখানা আকারে বৈষ্ণব দাসের বিরাট সংগ্রহ পদকল্পতরুর অর্দ্ধেকের কম হইলেও ইহাতে সাকুল্যে ১৩৫৮টি পদের মধ্যে পদকল্পতরুর অতিরিক্ত প্রায় ৫০০ শত পদ সন্নিবেশিত হইয়াছে। এই অতিরিক্ত পদগুলির মধ্যে বিদ্যাপতির রচিত বহুসংখ্যক পদ দৃষ্ট হয়। কীর্ত্তনানন্দ নামক পদ-সংগ্রহ গ্রন্থ হইতে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় তাঁহার "বিদ্যাপতির পদাবলী" গ্রন্থে অজ্ঞাত-পূর্ব্ব যে সকল পদ উদ্ধৃত করিয়াছেন—আমরা পদরত্নাকর ও পদ-রস-সার গ্রন্থেও বিদ্যাপতির ঐ সকল পদের অধি-কাংশ প্রাপ্ত হইয়াছি—নগেন্দ্র বাবুর সংস্করণে নাই এবং ইতিপূর্ব্বে প্রকাশিত হয় নাই বিদ্যাপতির এরূপ অনেকগুলি পদ ও পদরত্নাকরে পাইয়াছি। পাঠকবর্গের কৌতূহল নিবৃত্তির জন্য আমরা বিদ্যাপতির সেই অজ্ঞাত-পূর্ব্ব পদাবলি হইতে কয়েকটি পদ নিম্নে উদ্ধৃত করিলাম—

ধানশ্রী।

সুন্দরি মাধব তুহে অনুরাগি।
তুহুঁ ধনি ঐছন ভেলি কথি লাগি॥
যা ধরি তো সঞে ভেলি সন্তাপি।
তা ধরি সব দুখ ভেল উদাসি॥
তোহারি কাহিনি বিনু না সুনয়ে আন।
তুয়া গুণে বান্ধল প্রেম পরাণ॥
খনে খনে রাই বলি ছাড়য়ে নিশাস।
মুন্দল নয়ন না করে পরকাশ॥
চৌদিগে উছলি উছলি পড়ু লোর।
অন্তর বেদন কো কহু ওর॥
লাখ কলাবতি আছে ইহ ধাম।
সপনে না কাহুক না করয়ে নাম॥

এ তুয়া এ তুয়া করি তেজয়ে পরাণ।
বড়কা প্রেম বড় এক জান॥
বিদ্যাপতি ভণ প্রেম অগেয়ান।
তনু সঞে পরবশ করত পরাণ॥

তিরোথা ধানশ্রী।

কাহে এত কহ হরি তুয়া হাম এক।
এত দিনে সে সব ভেল পরতেক॥
লোরে খসল যত অঞ্জন মোর।
সে সব অধরে লাগি রহু তোর॥
তোহারি অধরে সে দশন খত দেল।
হামারি হৃদয়ে শাল বহি গেল॥
অতয়ে সে তুহুঁ হাম একই পরাণ।
বিদ্যাপতি কহ ইথে নাহি আন॥

'নখ-পদ হৃদয়ে তোহারি' ইত্যাদি গোবিন্দ দাসে সুপ্রসিদ্ধ খণ্ডিতার পদটি বোধ হয় বিদ্যাপতির এই পদের ছায়া অবলম্বনেই রচিত হইয়াছে। কিন্তু গোবিন্দ দাসের উক্ত পদের 'অধরহি কাজর তোর। বদন মলিন ভেল মোর॥' বাক্য অপেক্ষা বিদ্যাপতির 'লোরে খসল যত অঞ্জন মোর' ইত্যাদি বাক্যের বিদ্রূপাত্মক আক্ষেপ যে কত বেশী তীব্র ও করুণ তাহা সহৃদয় পাঠকবর্গকে বেশী করিয়া বলিতে হইবে না।

সুহই।

নিকুঞ্জ মন্দিরে গুঞ্জরে ভ্রমর
কোকিল পঞ্চম গাব।
দখিন পবন বিরহ-বেদন
নিঠুর কান্ত না আব॥
সজনি রচহ হেন উপায়।
মধু-মাসে যব মাধব আওব
বিরহ-বেদন জায়॥ ধ্রু॥
অনঙ্গ যে ছিল অঙ্গ ভই গেল
ধনু শর করি হাথ।
নাহ নিরদয় ভাজি পলাওল
চটুল হামারি মাথ॥
সে কুলে বিরহ ভসম করল
তিসর লোচন-আগি।
পুন হরি-কুলে জনম লভিল
হামারি বধক লাগি॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতি
আকুল না কর চীত।
রাজা শিব সিংহ রূপ নারায়ণ
লছিমা দেবি সহিত॥

মল্লার।

সজনি ছোড়লু জীবন-আশা।
দারুণ বরিখা জিউ ভেল অন্তর
নাহ রহল দূর দেশা॥ ধ্রু॥
বাদর ঝর ঝর নাহি দিন অবসর
গর গর গরজই রাতি।
অনিল অথীর থীর নহে অন্তর
দমকত দামিনি-পাঁতি॥
ঘন ঘন ডাহুকি ডহ ডহ ডাকই
চাতক পিউ পিউ বোল।
নাচত মত্ত শিখণ্ডক মণ্ডল
নিশি দিশি দাদুরি রোল॥
কোন কলাবতি কঠিন হৃদয় অতি
পিয়া বিনে রাখব প্রাণ।
বিদ্যাপতি কহ ধনি উতপত মহ
তুরিতহিঁ মীলব কান॥

কীর্ত্তনানন্দের হস্তলিখিত পুথি আমরা পাই নাই; লালগোলার পরম বিদ্যোৎসাহী বদান্যবর রাজা বাহাদুরের ব্যয়ে মুরশিদাবাদ-হিতৈষী যন্ত্র হইতে বহুদিন পূর্ব্বে কীর্ত্তনানন্দের যে মুদ্রিত সংস্করণ প্রকাশিত হইয়াছে তাহা মুদ্রাকর-দোষে এতই অশুদ্ধিপূর্ণ যে তাহার উপর নির্ভর করিয়া কিছুই বলা যায় না। নগেন্দ্র বাবু যে হস্তলিখিত কীর্ত্তনানন্দ অবলম্বনে পাঠোদ্ধার করিয়াছেন তাহা কতদূর শুদ্ধ ছিল বলিতে পারি না; কিন্তু প্রায়শই দেখা যায়—একখানা হস্ত-লিপি পুথির উপর নির্ভর করিয়া প্রাচীন গ্রন্থের পাঠোদ্ধার করিতে গেলে অনেক ভুল থাকিয়া যায়।

নগেন্দ্র বাবু কেবল একখানা কীর্ত্তনানন্দ পুথির উপর নির্ভর করিয়া বিদ্যাপতির অনেকগুলি পদের যে পাঠোদ্ধার করিয়াছেন আমরা পদরত্নাকর ও পদরসসারের সাহায্যে উহাতে অনেক ভ্রমপ্রমাদ ধরিতে পারিয়াছি; এস্থলে সেই সকলের উল্লেখ ও বিচার প্রাসঙ্গিক হইবে না। আমরা প্রবন্ধান্তরে ঐ সকল পদাবলীর সম্বন্ধে সবিস্তারে আলোচনা করিব। এস্থলে কেবল ইহাই বক্তব্য যে, পদরত্নাকর পুথির সাহায্য না পাইলে আমরা বিদ্যাপতির ঐ সকল পদাবলির প্রকৃত পাঠ নির্ণয় করিতে সমর্থ হইতাম না। এ স্থলে ইহাও বলা আবশ্যক যে, বহু চেষ্টা সত্ত্বেও এযাবৎ একাধিক কীর্ত্তনানন্দ, পদরত্নাকর কিংবা পদরসসার পুথি আবিষ্কৃত হয় নাই। সুতরাং ঐ পুথিগুলির কোন এক খানা বিনষ্ট হইলে তৎসঙ্গে উহার নিজস্ব অজ্ঞাত-পূর্ব্ব পদ গুলিরও যে বিলোপ সাধিত হইত তাহা বলা বাহুল্য। এ ভাবে প্রাচীন পদ-কর্ত্তাদিগের কত অমূল্য পদাবলি যে বিস্মৃতির অন্ধতমসে বিলীন হইয়া গিয়াছে, বা যাইতে উদ্যত হইয়াছে, কে বলিবে? সুতরাং কার্য্যের গুরুত্বের হিসাবে প্রাচীন পুথির সংরক্ষণ ও প্রচারই এখন সর্ব্বাপেক্ষা প্রধান কার্য্য হইয়া পড়িয়াছে—এ কথা বলিতে কোনই বাধা নাই। কিন্তু নিতান্ত দুঃখের বিষয় এই যে, সাধ্য ও সুবিধা সত্ত্বেও যে ভাবে এজন্য চেষ্টা করা উচিত—আমাদিগের দেশের সাহিত্য-পরিষদ্ ও সম্মিলনগুলি আজিও সেভাবে কার্য্যে অগ্রসর হইতেছেন না। এই প্রাচীন পুথির সংরক্ষণ ও প্রচার কার্য্যে আমরা সম্পূর্ণভাবে ব্রতী না হইলে আমাদিগের দ্বারা যে প্রাচীন সাহিত্য, সমাজ-তত্ত্ব কিংবা ইতিহাস কোন বিষয়েরই প্রকৃত আলোচনা সম্ভবপর হইবে না—ইহাও কি বিশেষ করিয়া বলিতে হইবে?

বাঙ্গালার অন্যতম শ্রেষ্ঠ সাহিত্য-রথী রায় সাহেব শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয় তাঁহার সুপ্রসিদ্ধ "বঙ্গ-ভাষা ও সাহিত্য" নামক বাঙ্গালা ভাষার উৎকৃষ্ট ইতিহাস গ্রন্থ প্রকাশ করিয়া বাঙ্গালা সাহিত্যের যে যুগ-প্রবর্ত্তন করিতে সমর্থ হইয়াছেন, অজ্ঞাত-পূর্ব্ব নানা প্রাচীন পুথির আবিষ্কারে তাঁহার অনন্যসাধারণ উদ্যম ও চেষ্টাই উহার মূল কারণ বটে।

সম্প্রতি শ্রদ্ধাস্পদ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম, এ, সি, আই, ই মহোদয় তাঁহার "হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ-গান ও দোহা" নামক গ্রন্থের প্রকাশ করিয়া বাঙ্গালা সাহিত্যে যে যুগান্তর আনয়ন করিয়াছেন—উহার মূল কারণ তৎকর্ত্তৃক নেপাল ও তিব্বত হইতে সুপ্রাচীন বাঙ্গালা পুথির আবিষ্কার ব্যতীত আর কিছুই নহে।

পদরত্নাকর গ্রন্থে গোবিন্দদাস, জ্ঞানদাস, ঘনশ্যাম প্রভৃতি প্রসিদ্ধ পূর্ব্বতন পদ-কর্ত্তাদিগেরও অনেক অপ্রকাশিত পদ আছে। তদ্ভিন্ন চারিজন অজ্ঞাত পদ-কর্ত্তার পদও আছে। কমলাকান্ত প্রমুখ এই চারিজন অজ্ঞাত পদ-কর্ত্তার নাম ও পদসমষ্টি যথা—

পদ-কর্ত্তার নাম।	পদ-সমষ্টি।
কমলাকান্ত	১১
জানকীবল্লভ	৩
ধনঞ্জয়	৩
সর্ব্বানন্দ	১১

জানকীবল্লভ প্রভৃতি অন্যান্য পদকর্ত্তাদিগের রচিত পদাবলি যথাস্থানে উদ্ধৃত ও আলোচিত হইবে; এস্থলে আমরা কমলাকান্তের রচিত কয়েকটি পদ উদ্ধৃত করিয়া তাঁহার রচনার কিঞ্চিৎ পরিচয় দিব। প্রথমে একটি পূর্ব্বরাগের পদ—শ্রীকৃষ্ণের বংশীধ্বনি শ্রবণে শ্রীরাধার উক্তি দেখুন—

তুড়ী।

কদম্ব-কাননে উঠিছে সঘনে
এ কি ধ্বনি অনুপাম।
শ্রুতি-পথ দিয়া অন্তরে পশিয়া
চঞ্চল করিল প্রাণ॥
সই এ তোরে কহিনু সার।
হেন সুমধুর ধ্বনি রসপূর
ভুবনে না শুনি আর॥ ধ্রু॥
না জানি সজনি হেন ধ্বনি শুনি
কেন কাঁপে মোর গা।
বসন খসিল কেশ আউলাইল
চলিতে না চলে পা॥

নয়নের বারি নিবারিতে নারি
বয়ানে না সরে কথা।
না জানি কেমন করিছে জীবন
মরমে হইল ব্যথা॥
সঙ্গের সঙ্গিনী যতেক রমণী
সভাই শুন্যাছ ধ্বনি।
একা কেনে মোর দহে কলেবর
যেমন দংশিল ফণী॥
হেন লয় চিতে আমারে মোহিতে
কোন সুনাগর-রাজ।
এ ধ্বনি মিশালে মন্ত্র পড়ে ছলে
নাশিতে ধৈরজ লাজ॥
এতেক শুনিয়া আশ্বাস করিয়া
বিশাখা সুন্দরী কহে।
মোহন মুরলি বাজয়ে সুন্দরি
অন্য কোন শব্দ নহে॥
শুনি বেণু-নাদ এত পরমাদ
হৃদয়ে ভাবিছ কেনে।
স্থির কর মন নহ উচাটন
কমল কাতরে ভণে॥

পূর্ব্বরাগের আর একটি ব্রজ-বুলি পদ যথা—

সুহই।

মলয়জ-লেপন মন্দ সমীরণ
কোকিল-অলিকুল-গানে।
উপনিত অতনু- বিকার লুকাওত
কত কত সে সব ভানে॥
হরি হরি বিষম-কুসুম-শর-জালা।
নব অনুরাগ ভার-ভরে সুন্দরি
দিনে দিনে দুবরি ভেলা॥ ধ্রু॥
কারণ বিণু ঘন অম্বু-কণা-গণ
লোচনে বহে অনিবার।
নিভৃত নিকেতনে সব সখিগণ সনে
করতহি পিরিতি বিথার
ঘন ঘন বাহির ঘন অভ্যন্তর
কহত ভয়মময় ভাষ।
করতলে সঘন বদন অবলম্বন
ঘন ঘন দীঘ নিশাস॥
সুখময় শয়ন নয়নে নাহি হেরই
ধরণি-শয়নে ঘন সাধ।
কমল কহত ধনি নব অনুরাগিণি
অতয়ে সে এত অবসাদ॥

অভিসার বর্ণনা যথা,—

ধানশ্রী।

চাচর চিকুর কবরি পর শোহন
কুসুমাবলি অনুপাম।
কালিন্দি-নীর তরঙ্গে বিরাজিত
জনু ঘন ফেনক দাম॥
মধুর বিহারিণি বালা।
মন্থর গমনে বিলোলিত উর পর
মঞ্জুল মণিময় মালা॥ ধ্রু॥
রঙ্গিণি সঙ্গিনি- কর-অবলম্বিনি
উজ্জ্বল অনুপম বেশ।
স্পন্দই বাম নয়ন জনু মনমথে
করত নটন-উপদেশ॥
লজ্জা-ভয়-যুত লোচন-অঞ্চলে
চঞ্চল চাহনি থোর।
কুবলয়-চয় উপ- হার দেই জনু
ভেটলি নন্দ-কিশোর॥
প্রথম সমাগমে দুহুঁ দোহাঁ দরশনে
ভাবে ভূষিত ভেল অঙ্গ।
কমল কহত দুঁহু অন্তরে উথলল
মনসিজ-সিন্ধু-তরঙ্গ॥

পুনশ্চ,—

ধানশ্রী।

সখী-করে ধরি চলল সুন্দরী
নিকুঞ্জ-মন্দির মাঝে।
গমন মন্থর হেরি করিবর
চলিতে না পারে লাজে॥

অনঙ্গ-মোহিনী বালা।
অঙ্গের ছটায় সঙ্গিনী-ঘটায়
নিকুঞ্জ করিল আলা॥ ধ্রু॥
হসিত-বদনে নয়নের কোণে
নাগরের পানে চাঞা।
নীল নলিনী দিয়া যেন ধনী
নিকুঞ্জে ভেটিল গিয়া॥
রাই-প্রতিবিম্ব পাঞা শ্যাম-অঙ্গ
হইল হরিত-আভা।
সব সখীগণ চকিত-নয়ন
দেখিয়া দোঁহার শোভা॥
অনিমিখি হরি রাধার মাধুরী
নয়নে করিয়া পান।
ভুখিল চকোর যেন সুধাকর
পাইয়া পূরল কাম॥
* * *
দুঁহু রূপ হেরি সকল সুন্দরী
সুখের সায়রে ভাসে।
সে শোভা দেখিয়া কমলের হিয়া
ডুবল আনন্দ-রসে॥

শ্রীরাধার অঙ্গের সুপীত আভা সুনীল শ্যাম-অঙ্গে পতিত হইয়া, পীত ও নীলবর্ণের মিশ্রণে হরিৎ অর্থাৎ সবুজবর্ণের উৎপাদন করিতেছে—এই সুন্দর ভাবটি আমরা সংস্কৃত কিংবা পদাবলি-সাহিত্যে অন্য কোথায়ও দেখিয়াছি বলিয়া স্মরণ হয় না; হিন্দি-সাহিত্যের শ্রেষ্ঠ কবি বিহারীলালের সুপ্রসিদ্ধ 'সত-সঈ' গ্রন্থের প্রথম দোহাটিতে এই ভাবের বর্ণনা আছে, যথা—

"মোর ভব-বাধা হরো
রাধা-নাগরি সোই।
জা তনকী ঝাঈ পরে
শ্যাম হরিত-দ্যুতি হোই॥"

অর্থাৎ—

সংসার-যাতনা মম করুন শমিত
শ্রীরাধিকা রমণী-রতন।
দেহ-কান্তি সনে যাঁর হইয়া মিলিত
শ্যাম হ'ল হরিত-বরণ॥

বিহারীলাল কমলাকান্তের পূর্ব্ববর্ত্তী কবি। তাঁহার 'সত-সঈ' কাব্য হিন্দী দোহকাব্যের শীর্ষ-স্থানীয়; সুতরাং তাহা ব্রজ-বুলি পদ-রচনায় সুপটু কমলাকান্তের নিকট সুপরিচিত ছিল বলিয়াই অনুমান হয়। কাজেই আমরা ইহা কমলাকান্তের মৌলিক রচনা বলিয়া স্বীকার করিতে কুণ্ঠিত হইলেও কমলাকান্তের উদ্ধৃত পদগুলির পদলালিত্য ও বর্ণনার পারিপাট্যের প্রশংসা না করিয়া পারিতেছি না। তিনি মাত্রাশুদ্ধ নির্দ্দোষ ব্রজ-বুলি পদ-রচনায় বাসুঘোষ, বলরাম দাস, নরোত্তম প্রভৃতি অনেক প্রসিদ্ধ পদ-কর্ত্তা অপেক্ষা অধিক দক্ষতা প্রদর্শন করিয়াছেন—ইহা বলিলে অত্যুক্তি হইবে না। তবে ইহা বলা বাহুল্য যে উল্লিখিত পদকর্ত্তাদিগের সহিত তুলনা করিলে কমলাকান্তকে কবিত্ব-বিষয়ে কোনরূপেই তাঁহাদিগের সমকক্ষ বলা যাইতে পারে না। কমলাকান্তের রচনায় পদ-লালিত্য ও বাহ্য চিত্রের বর্ণন-কুশলতা ব্যতীত রস ও ভাবের প্রগাঢ়তা কিংবা, উচ্চ অঙ্গের কল্পনা-শক্তির বিশেষ কোন পরিচয় পাওয়া যায় না,—সুতরাং আমাদিগের নিকট তিনি পদ-কর্ত্তা অপেক্ষা পদসংগ্রহকার বলিয়াই যে অধিক সমাদৃত হইবেন তাহা বলা বাহুল্য।

আমরা কমলাকান্তের আর একটি অভিনব মাত্রা-ছন্দের পদ উদ্ধৃত করিয়াই নিরস্ত হইব।

গুর্জ্জরী রাগ।

শ্যাম গুণ- ধাম বিনে
যাম যুগ ভেল।
কাম-শর- দাম অব
ভেল মুঝে শেল॥
ভ্রমর-কুল- নাদে অব-
সাদ মঝু প্রাণ।
কুঞ্জ মন- রঞ্জ ভয়-
পুঞ্জ সম ভান॥
কোকিল-কল- ভাষে অব
ত্রাস ভেল চীত।

সঙ্গ-সুখ- লাগি মম
অঙ্গ ভেল ভীত ॥
গন্ধ সহ গন্ধবহ
মন্দগতি ভেল।
ইহ সুখদ বিপিন ক্রম-
দাম সুখ দেল ॥
বিকচ ফুল- বিন্দ চিত
গন্ধ হরি নেল।
সরল-হৃদি কমল অব
তরল-গতি ভেল ॥

কমলাকান্তের এই পদটী সনাতন গীতার ঃ—

"কুর্ব্বতি কিল কোকিল কুল-
মুজ্জ্বল কলনাদং।
জৈমিনিরিতি জৈমিনিরিতি
জল্পতি সবিষাদং ॥"

ইত্যাদি পদ ও শশিশেখরের—

"অতি শীতল মলয়ানিল
মন্দ মন্দ-বহনা।
হরি বৈমুখ হামারি অঙ্গ
মদনানলে দহনা ॥"

ইত্যাদি পদের অনুকরণে রচিত হইলেও তিনি সুকৌশলে অযুগ্ম চরণে ১২ মাত্রার স্থলে ১০ মাত্রার ও যুগ্মচরণে ১০ মাত্রার স্থলে ৮ মাত্রার ব্যবহার করিয়া ছন্দের বিলক্ষণ অভিনবত্বা সাধন করিয়াছেন।

(ক্রমশঃ)

শ্রীসতীশচন্দ্র রায়।

পল্লী-বন্দনা।

(১)

ভকতি-নম্র, পুলক-কম্প্র, অযুত চিত্ত মাঝে,
অমিয়সিক্ত, পুণ্য-পৃক্ত, চরণ যাঁহার রাজে;
হৃদি-যন্ত্রণা-শোকে সান্ত্বনা, কণ্ঠে অভয়-বাণী,—
আমার পল্লীরাণী, সে যে গো আমার হৃদয়রাণী।

(২)

দীপ্ত তপন বরিষে কিরণ যাঁহার চরণ তলে,—
স্নেহ-নির্ঝর ঝরে ঝর্ ঝর্ আলোবর্ষণ ছলে;
জ্যোছনার ধারা পুলক-বিভোরা যাঁহার চরণ চুমি—
আমার পল্লীরাণী, সে যে গো আমার জনমভূমি।

(৩)

বিহগ-মুখর মুকুল-আকুল বকুল-কুঞ্জমাঝে,
অযুত পাপিয়া কোকিলকণ্ঠে বন্দনা যাঁর বাজে;
মর্ম্ম মাঝারে ঝঙ্কারি উঠে যাঁহার কীর্ত্তি-বাণী,—
আমার পল্লীরাণী, সে যে গো আমার হৃদয়রাণী।

(৪)

চঞ্চলা যাঁর অঞ্চলে বাঁধা স্নেহের নিবিড়-বন্ধনে,
শান্ত শরতে আসে দশভূজা যাঁহার রসাল নন্দনে;
বাণী বীণাপাণি উজলি রয়েছে যাঁহার হৃদয়খানি,—
আমার পল্লীরাণী, সে যে গো আমার হৃদয়রাণী।

(৫)

অন্তিমে যবে করিব শয়ন, বিসরি ত্রাস লাজ মান,
তোমার পুণ্য-শুভ্র-উজল চরণে আমায় দিওগো স্থান
হৃদি-যন্ত্রণা-শোকে সান্ত্বনা, কণ্ঠে অভয়-বাণী,
আমার পল্লীরাণী—সে যে গো আমার হৃদয়রাণী।

শ্রীশ্রীপতিপ্রসন্ন ঘোষ।

বিহারে প্রবাসী বাঙ্গালী ও বাঙ্গালীর তিনদিনের প্রবাস।

বিহার-প্রবাসী বাঙ্গালীদের ঐকান্তিক চেষ্টা ও উদ্যমে এবার বড়দিনের ছুটিতে বাঁকিপুরে বঙ্গীয় সাহিত্য-সম্মিলনের দশম বার্ষিক অধিবেশন হইয়া গেল। এই উপলক্ষে নানাস্থান হইতে বঙ্গভারতীর ভক্তবৃন্দ বাঁকিপুরে উপস্থিত হইয়া তিন দিন মার চরণে ভক্তি-অর্ঘ্য দান করিয়া কৃতার্থ ও ধন্য হইয়াছিলেন। আমি সাহিত্যের খবর রাখি না কাজেই সাহিত্যিক বলিয়া পরিচয় দিতে স্পর্দ্ধা করি না। তবু কি জানি কেন, বড়দিনের বন্ধ আসিয়া উপস্থিত হইতেই হঠাৎ কেমন একটা খেয়াল চাপিল বাঁকিপুর সাহিত্য-সম্মিলন উপলক্ষে তিন দিনের প্রবাসী হইব। ইহার প্রস্তাবক সমর্থক ও অনুমোদক সকলই আমি কাজেই ইচ্ছাটা ভোটে টিকিয়া গেল। তখন কাহারও কোট, কাহারও সার্ট, কাহারও কম্বল, আর পথের সম্বল কয়েকটি রজতখণ্ড ও একখানা ডেলিগেটের সনদ-পত্র লইয়া শুক্রবার বেলা ১টায় শ্রীদুর্গা বলিয়া একখানা তৃতীয় শ্রেণীর কামরায় উঠিয়া পড়িলাম। সম্মিলন-যাত্রীদের বর্ণনায় যেমন পড়িয়া থাকি—ভাবিয়াছিলাম হয়ত পথিমধ্যে দু'এক জন সাহিত্যিক পাণ্ডার দেখা সাক্ষাৎ ঘটিলেও বা ঘটিতে পারে, নানারূপ হাস্য পরিহাস ও কবিদের মস্তক চর্ব্বণ করিতে করিতে বেশ আরাম অনুভব করা যাইবে। কিন্তু Man proposeth God disposeth—কার্য্যক্ষেত্রে দেখিলাম সব ফক্কিকার—কবি কল্পনা; কোন সাহিত্যিক চুনোপুঁটির টু শব্দটি নাই! অগত্যা unfriended alone and melancholy হইয়াই যাত্রা করিতে হইল। তবে এক সাথী ছিল সে আমার সাধের কাপড়চোপড় বিস্কুটের বাক্স সম্বলিত পুঁটুলি।

নারায়ণগঞ্জ হইতে এক ভদ্রলোক পাতক্ষীর ও কমলা-লেবু লইয়া মাতৃদর্শনে কাশী যাইতেছিলেন। জাহাজে তাঁহার সহিত পরিচয় হইল। কিন্তু ঐ পর্য্যন্ত! তাঁহার সঙ্গে বন্ধুত্ব স্থাপনের কোন লক্ষণই দেখিতে পাইলাম না। যেহেতু তাঁহার ঐ পাতক্ষীরের হাঁড়ির উপর আমার লোলুপ-দৃষ্টি সত্ত্বেও যখন একবার উহার মুখের ঢাকনি অপসৃত হইল না তখনই বেশ বুঝিতে পারিলাম লোকটা নিতান্ত অসামাজিক! শাস্ত্রোক্ত ষড়বিধ প্রীতি-লক্ষণের গোড়ারটীরই একেবারে অভাব। তারপর যখন পরদিন বাণ্ডেলে গাড়ীতে উঠিতে মহা ফাঁপরে পড়িয়া 'সদা মন হারাই হারাই' ও বিঘোর বিহারযাত্রার ত্রিবর্গ ফল হাতে হাতে লাভ করিবার আশা করিতে-ছিলাম—তখন দেখি বাস্তবিকই উক্ত ভদ্রলোকটীকে হারাইয়া ফেলিয়াছি। বন্ধু হইলে কি তিনি এরূপ করিতে পারিতেন? তবে আশ্চর্য্য নয় যে তিনিও আমার মত বিপদে পড়িয়া ত্রাহি মধুসূদন করিতেছিলেন। কারণ সে দিন সকলেরই এক অবস্থা। তাহা পরে বলিতেছি।

শনিবার ভোরে নৈহাটি পৌঁছিলাম। নয়টার সময় গঙ্গায় স্নান করিয়া আহারাদি সমাপন করিয়া মনে করিলাম একবার বঙ্কিমবাবুর বাড়ীটা দেখিয়া আসি। ষ্টেশনের অনতিদূরেই রেলরাস্তার পার্শেই কাঁঠালপাড়ায় বঙ্কিমবাবুর প্রকাণ্ড বাড়ী। বঙ্কিমবাবুর পুণ্য স্মৃতি বক্ষে লইয়া কাঁঠালপাড়াও সাহিত্যিক তীর্থস্থান হইয়াছে। কিন্তু যাহা দেখিলাম তাহাতে বড়ই দুঃখ উপস্থিত হইল। যেরূপ অবস্থা তাহাতে বাড়ীটা যে অচিরেই কালের ধ্বংসলীলার মহিমা ঘোষণা করিবে—তাহাতে আর সন্দেহ নাই। হয়ত কয়েক বৎসর পরে প্রত্ন-তাত্ত্বিক ঐতিহাসিকগণ ইহারই মন্দির-গাত্র হইতে শিলালিপির পাঠোদ্ধার করিতে প্রয়াস পাইবেন! অথচ বঙ্কিমবাবুর ভ্রাতা, ভ্রাতুষ্পুত্র, উত্তরাধিকারীগণ ইচ্ছা করিলেই ইহাকে ধ্বংসের মুখ হইতে রক্ষা করিতে পারেন। পূর্ব্বে এই বাটীর সংলগ্ন প্রকাণ্ড চত্বর ছিল, এখন ক্রমে উহা রেলওয়ের কুক্ষিগত হইয়াছে। মন্দিরে রাধামাধব প্রতিষ্ঠিত আছেন বলিয়া ভদ্রাসনটী এখনও দাঁড়াইয়া আছে। তাহারও পশ্চাৎভাগের দ্বিতল ছাতের উপর আগাছা ও বটগাছ মাথা তুলিয়া দাঁড়াইয়াছে ও স্থানটীকে জঙ্গলাকীর্ণ করিয়া তুলিয়াছে। বাড়ীতে প্রবেশ করিতেই রাস্তার পাশে একটি জীর্ণ ও অব্যবহার্য্য শিবমন্দির—মন্দিরে

পুরোহিতও নাই কাজেই দেবতাও নাই। তাহার নিকটই প্রকাণ্ড অধুনা জীর্ণ ইষ্টক স্তম্ভের উপর খড়ের ঘর। খড়ের ঘর বলিলাম—কিন্তু তাহাতে খড় নাই। বাঁকুড়া-দুর্ভিক্ষ-প্রপীড়িত নরনারীগণের ন্যায় শুধু চাল ক'খানি বিরাট বক্ষপঞ্জর বাহির করিয়া কোনক্রমে দণ্ডায়মান। পূর্ব্বে এই ঘর রাসের সময় যাত্রা, গান, নৃত্যবাদ্য ইত্যাদিতে সর্ব্বদা মুখরিত থাকিত। এখন পেচক, চামচিকা ও বাঘেরও অযোগ্য। বাড়ীতে ঢুকিতে পথে বঙ্কিম বাবুর বিধবা ভগ্নীর সঙ্গে দেখা। আলাপ করিয়া জানিলাম যে এই প্রকাণ্ড প্রাসাদ-তুল্য বাটীর এক পাশে তাঁহারা আছেন; অধিকাংশ কোঠাই খালি পড়িয়া আছে। পূর্ণ বাবু (বঙ্কিম বাবুর ভাই) ও সতীশ বাবু (ভ্রাতুষ্পুত্র)-তাঁহারাও অংশীদার। কিন্তু তাঁহারা কলিকাতাই বাড়ী করিয়াছেন। শুধু পূজার সময় দিনকয়েকের জন্য এখানে আসেন। তবে রাধামাধবের ভোগারতি রীতিমত চলিতেছে। চণ্ডীমণ্ডপ, হল-ঘর যাহা এককালে নানা সুরসিক সাহিত্যামোদীগণের হাস্যপরিহাসে ধ্বনিত ও উজ্জ্বল দীপাবলিতে আলোকিত থাকিত—আজ সেসব শূন্য, সে আলোক নির্ব্বাপিত; বঙ্কিম বাবুর আনন্দমঠেরই বর্ণিত দুর্ভিক্ষকালীন সুবৃহৎ হর্ম্ম্যাবলীর ন্যায় সন্ধ্যার প্রাক্কালে আগন্তুকের চক্ষে ভীতিপ্রদ। আমাদের সাহিত্যিকগণ প্রাচীন সাহিত্যিকদিকের বাস্তভিটা রক্ষার্থ অশেষ যত্ন করিয়া থাকেন। কিন্তু কত বর্ত্তমান বাস্তভিট, যাহা এখন চেষ্টা করিলে অনায়াসে রক্ষা করা যাইতে পারে, যে অযত্নে ধসিয়া পড়িতেছে তাহার খোঁজ রাখেন না।

চারিটার সময় নৈহাটি ত্যাগ করিয়া বাণ্ডেলে সন্ধ্যার সময় লক্ষ্ণৌ এক্স্প্রেসে চড়িয়া বসিলাম। গাড়ীতে উঠিতে যে কি বেগ পাইতে হইয়াছিল তাহা আর বলিবার নয়। কোন গাড়ীতেই পর্দে প্রমাণ যায়গা নাই—এ যেন দ্বিতীয় অন্ধকূপ হত্যার অভিনয়। দ্বিতীয় শ্রেণীর যাত্রীরাও দাঁড়াইয়া স্থান পাইতেছেন না—"অন্তে পরে কা কথা"। দৌড়িতে দৌড়িতে হয়রান হইয়া পড়িলাম, এদিকে গাড়ীও ৩। ৪ মিনিটের বেশী অপেক্ষা করিবে না। এই সময় আমার কাশী-যাত্রীটী কোথায় লোকারণ্যে অদৃশ্য হইয়া গেলেন। যাহা হউক একজন টিকিট কালেক্টর অনুগ্রহ পূর্ব্বক অনেক শাসাইয়া অনেক বিনয়বচনে যাত্রীদের মানাইয়া এক গাড়ীতে চারি অঙ্গুলী পরিমিত স্থান করিয়া দিলেন। আমি কৃতজ্ঞতা জানাইলাম। গাড়ীও ছাড়িয়া দিল। 'বস্‌তে পেলেই শু'তে পায়'—আমিও এই নিয়মের ব্যত্যয় করিলাম না। আর, চার অঙ্গুলী পরিমিত স্থানে কি বসা যায়? তারপর আবার পুঁটুলিটি কোলের উপর। কতকক্ষণ বসিয়া থাকিয়া উপরে ঝুলন্ত খাটে যাত্রীদের মোটরি ইত্যাদি সরাইয়া কম্বলমুড়ি দিয়া তোফা লম্বা হইয়া শুইয়া পড়িলাম। গাড়ীর যাত্রীদের ভিতর অনেকেই কুলী। একজন বাঁকিপুর-যাত্রী. ধনী, কিছু ইংরাজী-জানা বিহারীও ছিল। এক বৃদ্ধা দূর বাংলা মুল্লুক হইতে পুত্রের 'পিল্টি' (প্লেগ) হইয়াছে টেলিগ্রাম পাইয়া ব্যস্তসমস্ত হইয়া ছুটিয়াছে। হায় মাতৃস্নেহ!—হয়ত তাহার নয়নমণি একমাত্র পুত্র চিরবিশ্রাম লাভ করিয়াছে। আর এক বেঞ্চে দেখিলাম এক সুন্দরী পশ্চিমা যুবতী, বৃদ্ধা শাশুরীকে তুলিয়া খাওয়াইয়া, তাহার গাত্রাবরণ গরম কাপড়খানি তাহাকে দিয়া ও তাহাকে বেঞ্চে শোয়াইয়া নিজে আর এক বেঞ্চে উপবিষ্ট স্বামীর পদতলে বসিয়া দারুণ শীতে কাঁপিতেছে। দেখিলাম হাজার গরীব হউক, ওদেরও মনুষ্যত্ব, স্নেহমমতা, ভক্তি আছে। শেষরাত্রি চারিটায় আমরা বাঁকিপুর পৌঁছিলাম। পথের সৌন্দর্য্য অন্ধকারে কিছুই উপভোগ করিতে পারিলাম না।

ষ্টেসনে ডেলিগেটদিগকে অভ্যর্থনা করিবার জন্য স্বেচ্ছাসেবকগণ সহ যোগেন্দ্র বাবু উপস্থিত ছিলেন। সেই রাত্রেই পূর্ব্বে পাঞ্জাব মেলে সার আশুতোষ প্রমুখ নেতৃবর্গ আসিয়া উপস্থিত হন। সমাদ্দার মহাশয় পাটনা ষ্টেসনে অগ্রসর হইয়া তাঁহাদের অভ্যর্থনা করেন। কেহ কেহ পরদিন সকালে আসিয়া উপস্থিত হইলেন। প্রতিনিধিবর্গের সংখ্যা সার্দ্ধ ত্রিশতের উপর হইয়াছিল। স্বেচ্ছাসেবকগণ পশ্চিমের এই দারুণ শীতে কাঁপিতে ২ সহাস্যবদনে সকলকে সাদরে অভ্যর্থনা করিয়াছেন।

কাহারও কোনও অসুবিধা বা ত্রুটী হয় নাই। বাস্তবিক এই স্বেচ্ছাসেবকদের উদ্যম, ক্ষিপ্রকারিতা, সুশৃঙ্খলা, কর্ম্মতৎপরতা ও বিনয়-নম্র ব্যবহার সকলকে মুগ্ধ করিয়াছিল। অথচ ইহাদের অধিকাংশই ১০|১২ বৎসরের স্কুলের বালক মাত্র। ইহারা শুধু বাঁকিপুরে নয় অন্যত্রও অন্যান্য স্বেচ্ছাসেবকদের আদর্শস্থল থাকিবে।

প্রতিনিধিবর্গের জন্য স্থানীয় Anglo-Sanskrit স্কুল ও ভূতপূর্ব্ব বিহার-প্রবাসী দেশবিখ্যাত উকীল স্বর্গীয় গুরুপ্রসাদ সেন মহাশয়ের বাটীতে স্থান নির্দ্দিষ্ট হয়। তবে সাহিত্যিক মহারথীগণের অনেকেই মথুরানাথ সিংহ, পূর্ণেন্দু বাবু ও সমাদ্দার মহাশয়ের বাড়ীতে 'ছাউনি' করেন।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার প্রমুখ কয়েকজন প্রাচ্যভাষাবিৎ ও ঐতিহাসিক জয়-সোয়ালের গৃহে অতিথি হইয়াছিলেন। শুনা যায় তাঁহারা নাকি বিশেষ অনুরোধ সত্ত্বেও পূর্ণেন্দু বাবুর আতিথ্য গ্রহণ করেন নাই। তবে ইংরাজীতে একটা কথা আছে—Birds of feather flock together, তাঁহারাও সেই প্রবাদ বাক্যের মানরক্ষার্থ ওরূপ করেন নাই ত?

১১ই পৌষ, রবিবার, আহারান্তে বেলা বারটায় স্থানীয় পার্শী রিপণ রঙ্গমঞ্চে সভার অধিবেশন হয়। প্রবেশ-পথের উভয় পার্শ্বে কদলী বৃক্ষ ও মূলে পূর্ণকুম্ভ, হলটীও পত্রপুষ্পে সুশোভিত হয়। সভাস্থল লোকে পূর্ণ হইয়াছিল। এক পার্শ্বে চিকের অন্তরালে মহিলা-দিগেরও বসিবার স্থান হইয়াছিল। মাননীয় সার আশু-তোষ মুখোপাধ্যায়, সুকবি চিত্তরঞ্জন দাস, ঐতিহাসিক বিজয়চন্দ্র মজুমদার, বৈজ্ঞানিক শশধর রায় ও পরিষদের সম্পাদক রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহোদয়গণের পৌরোহিত্যে ও বাগ্মীবর বিপিনচন্দ্র পাল পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, সুরেশচন্দ্র সমাজপতি, মনোরঞ্জন গুহ ঠাকুরতা, দার্শনিক হীরেন্দ্রনাথ দত্ত, পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন নলিনীরঞ্জন পণ্ডিত, ডাক্তার আব্দুল গফুর, আচার্য্য সতীশচন্দ্র বিদ্যাভূষণ, বিশ্বকোষ-সম্পাদক নগেন্দ্রনাথ বসু, সুকবি দেবকুমার রায় চৌধুরী, বসন্তকুমার চট্টোপাধ্যায়, কুমুদরঞ্জন মল্লিক, জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায়, ঐতিহাসিক নিখিলনাথ রায়, রাখালদাস বন্দ্যোপাধ্যায়, রমেশচন্দ্র মজুমদার, কেদারনাথ মজুমদার, পরিব্রাজক রামলাল সরকার, মুসলমান কবি মোজম্মেল হক্, গল্প-লেখক জলধর সেন ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, অধ্যাপক পঞ্চানন নিয়োগী ও পদ্মনাথ ভট্টাচার্য্য, কাশীর চিন্তামণি মুখোপাধ্যায়, মানভূমের নরেশচন্দ্র সিংহ, 'আর্য্যাবর্ত্তের' হেমেন্দ্রপ্রসাদ ঘোষ ও পরিষদের প্রাণস্বরূপ মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী প্রমুখ বহু হিন্দু ও মুসলমান সাহিত্যিক ভক্তবৃন্দের সমাগমে ও সাহচর্য্যে বঙ্গবাণীর পূজার মন্দির অপূর্ব্ব শ্রী ধারণ করিয়াছিল।

বিহার-প্রবাসী সুকবি মন্মথনাথ দে রচিত আহ্বান-সঙ্গীতে সভার উদ্বোধন হয়। সে সঙ্গীতের—

"যেখানে তোমরা ফেলিছ চরণ—
পাটলিপুত্র পূত পুরাতন,—
স্মৃতির শ্মশান, তিমির মগন,
আজি সে ভস্মাগার।"—

প্রভৃতি ছত্রে পাটলিপুত্রের পুরাতন লুপ্ত গৌরবের একটা বেদনাপূর্ণ স্মৃতি স্বতঃই আকুলিত হইয়া উঠিতেছিল।

তারপর গতবর্ষের সভাপতি মহোমহাপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয়ের বক্তৃতা। ইহা মোটেই তাঁহার উপযোগী হয় নাই! বক্তৃতান্তে অনুপস্থিত ব্যক্তিগণের সম্মিলনের প্রতি সহানুভূতিপূর্ণ চিঠি ও টেলিগ্রামাদি পাঠ করা হয়, তৎপর অভ্যর্থনা সমিতির সভাপতি পূর্ণেন্দু বাবুর অভিভাষণ। সংক্ষিপ্ত হইলেও উহার—"চন্দ্রগুপ্তের এই রাজনৈতিক ভূমি, অশোকের বিশ্বব্যাপী প্রেমময় ভূমি, গুপ্ত ও পাল রাজাদিগের শিল্প ও সাহিত্যসেবিত ধর্ম্মভূমি, অর্থশাস্ত্রের জন্মভূমি, দাতব্য ও পশু-চিকিৎসালয়ের আদিভূমি, প্রাচীন ভারতের মধ্যাহ্ন ভূমি—এই ঐতিহ্যচুম্বিত পূত ভূমিতে 'তৃণানি' বিস্তীর্ণ করিয়া আপনাদের অভ্যর্থনা করিতেছি"—ইত্যাদি কথায় যেমন অনাড়ম্বর বিনয় ও সরলতা সূচিত হইয়াছে তেমনি তাঁহার "বীণা রঞ্জিত পুস্তক হস্তা ভগবতী ভারতীর বীণা সপ্তস্বরা, মাতার ভক্তগণ কেহ কোন সুর কেহ কোন স্বর লইয়া উন্মত্ত। সকল স্বরের ঐকতানিক মিলনই সাহিত্য"—

ইত্যাদি বাক্যে তেমনি তাঁহার প্রগাঢ় জ্ঞান, গভীরতা ও সাম্যবাদ ফুটিয়া উঠিয়াছে। ইহা ছাড়া কয়েকটী অত্যাবশ্যক প্রস্তাবেরও অবতারণা ছিল। আর ছিল পাটালিপুত্রের গৌরবময় অতীত ভগ্নস্তূপের দীর্ঘশ্বাস, মগধের একটা 'বিশ্ববিকম্পনের' ধারাবাহিক সংক্ষিপ্ত ইতিহাস। বাস্তবিক পূর্ণেন্দু বাবুর অভিভাষণের মত সরল সংক্ষিপ্ত অথচ এরূপ জ্ঞানগর্ভ সাহিত্যিক ও ঐতিহাসিক তথ্যের সমাবেশে এরূপ সুন্দর অভিভাষণ আমরা কমই দেখিয়াছি।

মাইকেলের ভ্রাতুষ্পুত্রী শ্রীমতী মানকুমারী রচিত 'সরস্বতীবন্দনা' নামক কবিতা মাখনলাল দত্ত কর্তৃক পঠিত হইলে মথুরানাথ সিংহ মহাশয়ের উদ্দীপনাপূর্ণ প্রস্তাবে ও মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী ও রামলাল সিংহ উভয়ের সমর্থনে বিপুল হর্ষোত্থিত করতালির মধ্যে সার আশুতোষ সভাপতির আসন গ্রহণ করেন, তখন সমাদ্দার মহাশয় তাঁহার গলে মাল্য ও বক্ষে প্রতিনিধির চিহ্ন কৃত্রিম মুকুট পরাইয়া দেন।

কি ভাষা-গৌরবে, কি ভাবগাম্ভীর্য্যে, কি উদ্দীপনায়, কি সার্ব্বজনীন উদারতায় উক্ত অভিভাষণ যে সকলেরই হৃদয়গ্রাহী ও মনোহারিণী হইয়াছিল তাহা সঘন করতালি ও সাধুবাদে প্রকাশ পাইতেছিল। তৎপর উপসংহারে যখন সভাপতি বাঙ্গলার অমর কবি হেমচন্দ্রের অমৃত নিস্যন্দিনী লেখনী প্রসূত কবিতার কয়টী ছত্র উদ্ধৃত করিয়া বজ্রগম্ভীর স্বরে পড়িলেন—

"যাও সিন্ধুনীরে, ভূধর-শিখরে,
গগনের গ্রহ তন্ন তন্ন করে,
বায়ু উল্কাপাত বজ্রশিখা ধরে,
স্বকার্য্য সাধনে প্রবৃত্ত হও"—

তখন বিপুল জনসঙ্ঘ উন্মত্তবৎ উঠিয়া দাঁড়াইয়া সমস্বরে 'বন্দেমাতরম্' ধ্বনি করিয়া উঠিল। সে দৃশ্য বাস্তবিক দেখিবার বিষয়, বর্ণনীয় নয়। সার আশুতোষও সকলের কণ্ঠে কণ্ঠ মিলাইয়া মাতৃনাম উচ্চারণ করিলেন।

যাঁহারা সার আশুতোষের অভিভাষণে কোন একটা জটিল সাহিত্যিক তত্ত্বের অবতারণা বা মীমাংসা দেখিতে পাইবেন বলিয়া আশা করিয়াছিলেন তাঁহারা অবশ্যই নিরাশ হইয়া থাকিবেন। সার আশুতোষ কোন একটা বিশেষ তত্ত্বের আড়ম্বর করেন নাই। তাঁহার বক্তৃতার সারমর্ম্ম এই,—'আমাদের মাতৃভাষা বাঙ্গালা—ইহাতেই আমাদের সাহিত্য। এই বঙ্গসাহিত্যই আমাদের প্রাণ। ইহাই আমাদের জাতীয়ত্বের নিদর্শন ও জাতীয় জীবনকে অমর করিয়া রাখিবে। ইহাকে অনন্তকালের সম্মুখে অনন্তকালের জন্য বাঁচিয়া থাকিতে হইবে। কাজেই বাধাবিঘ্ন সমস্ত ধৈর্য্য সহকারে অতিক্রম করিয়া যাইতে হইবে, ভীত হইলে চলিবে না। অধিক উন্নতি শীঘ্র ও দ্রুতগতি হইতেছে না বলিয়া অধীর অথবা হতাশ হইলে চলিবে না। এই বঙ্গীয় ভাষা জাতীয় জীবন গঠনের উপযোগী করিতে হইলে যাহাতে ইহা সমস্ত জাতীয় জীবনের ক্ষুধা ও আকাঙ্ক্ষা পরিতৃপ্ত করিতে পারে সেই সমস্ত জিনিস ইহার ভিতর প্রবেশ করাইতে হইবে। কেবল তাই নয়, আজ ইংরেজী ভাষা পৃথিবীতে যেরূপ আদৃত—যেরূপ পৃথিবীর বিভিন্ন জাতির ক্ষুধার নিবৃত্তি করিতেছে—যাহাতে এই হীন নগণ্য (এখন আর নয়) বঙ্গভাষাও সেই ভাষা হইতে পারে সেই বিষয়ে লক্ষ্য রাখিয়া সমস্ত বাদবিসম্বাদ দলাদলি বিস্মৃত হইয়া কাজ করিতে হইবে। ইহাতে বহুকালব্যাপী পরিশ্রম, অধ্যবসায়, একাগ্র ধ্যান ও সাধনা চাই—যিনি বঙ্গভাষার উন্নতি সাধন করিতে চান তাঁহাকে আপ্রাণ একাগ্রচিত্ত যোগীর ন্যায় সমস্ত শ্রম সমস্ত কর্ম্ম স্বেচ্ছায় ও সাহ্লাদে বরণ করিয়া লইতে হইবে। তবেই বঙ্গভাষার—তথা বাঙ্গালা সাহিত্যের মঙ্গল, উন্নতি ও প্রসার।'

শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় সম্মিলনে উপস্থিত হইতে না পারিয়া সহানুভূতিসূচক যে দীর্ঘ পত্র দেন তাহাতে দুইটী প্রস্তাব করিয়া পাঠান—(১)রমেশ-ভবনের জন্য অর্থ সংগ্রহ, (২) ব্যোমকেশ মুস্তফীর দুঃস্থ পরিবারের জন্য সাহায্য সংগ্রহ। পত্র পাঠকালে সমাজপতি মহাশয় প্রস্তাবাংশ বাদ দিয়া পড়িয়াছিলেন। এখন সর্ব্ব-সম্মতিক্রমে এই দুইটী প্রস্তাবই গৃহীত হইল।

এতক্ষণ কোন গোলমাল হয় নাই। তারপর হঠাৎ একটা দমকা হাওয়া বহিয়া গেল। শশধর বাবু প্রস্তাব করিলেন যে পরিষদের মত 'বঙ্গীয় সাহিত্য-সম্মিলন'

আইনানুসারে অবিলম্বে রেজেষ্ট্রী হউক (কারণ বর্ত্তমানে ইহার কোন 'আইন-সঙ্গত স্থায়ীত্ব' নাই) ও কয়েকজন নির্দ্দিষ্ট মনোনীত ব্যক্তিবর্গের উপর ইহার সম্পূর্ণ পরিচালনভার অর্পিত হউক। শশধর বাবু প্রস্তাব করিতে যাইয়া গলদ্ঘর্ম্ম হইয়া উঠিলেন—কেবল বারম্বার রেজেষ্ট্রী হউক বলিতে লাগিলেন 'অথচ আইন-সঙ্গত স্থায়ীত্ব'টা কি তাহা আইনজ্ঞ হইয়াও শত চেষ্টায়ও বুঝাইতে পারিলেন না। তখন হীরেন বাবু কথাটা পরিষ্কার করিয়া বুঝাইয়া দিলেন, বিপিন বাবুও একটু বলিলেন—পাঁচকড়ি বাবুও চুপ করিয়া থাকেন নাই, কিছু বিরুদ্ধেই বলিলেন। ফলে মহাগোলযোগ উঠিল। বিজয় বাবু ও মহারাজ মনীন্দ্রচন্দ্র প্রস্তাব স্থগিত থাকুক বলিয়া আপত্তি করিলেন। কিন্তু তাঁহাদের আপত্তি টিকিল না। তখন আশু বাবু দাঁড়াইয়া সমগ্র প্রস্তাবটী বুঝাইয়া দুই ভাগে বিভক্ত করিয়া উপস্থিত করিলেন।—প্রথম, সম্মিলন আইনানুসারে রেজেষ্ট্রী করা হউক ইহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইলে দ্বিতীয় প্রস্তাব উপস্থাপিত হইল, পরিচালক সমিতির সদস্য সংখ্যা সম্বন্ধে। এখানে বেশ একটু মজা হইয়াছিল ; একজন প্রস্তাব করিলেন—দশ জন সদস্য করা হউক কারণ 'দশে মিলে করি কাজ—হারি জিতি নাহি লাজ'। তিনি বসিবামাত্র আর একজন বলিয়া উঠিলেন—তাহা হইলে ভগবান ভূত হবেন কারণ প্রবাদ আছে 'দশচক্রে ভগবান ভূত'। তিনি প্রস্তাব করিলেন—'তিন জন হইলেই ভাল হয়।'

সার আশুতোষ দাঁড়াইয়া মধ্যপথ অবলম্বন পূর্ব্বক বলিলেন—দশজনে গাজন নষ্ট হইতে পারে আশ্চর্য্য নয়। আবার তিনজন বড় কম হয়। পাঁচ জন হইলে ভাল হয়। ইহাতে আর প্রতিবাদ হয় নাই। তখন শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় প্রস্তাব করিলেন—সার আশুতোষ পাঁচ জনের একজন হউন ও তিনিই অপর চারিজন বাছিয়া লউন। সকলের মতে তখন সার আশুতোষ দাঁড়াইয়া চিত্তরঞ্জন বাবুর ব্যারিষ্টারী চালের উল্লেখ করিয়া নিজে একজন সদস্য হইবেন স্বীকৃত হইলেন ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত ও রামেন্দ্র বাবুর নাম করিলেন—করতালি দ্বারা উভয়ই মনোনীত হইলেন। মুসলমান সমাজেরও একজন প্রতিনিধি থাকা দরকার কাজেই ডাঃ গফুর মনোনীত হইলেন। তৎপর সভাপতি একটু রসিকতা করিয়া বলিলেন—"পূর্ব্ববঙ্গের সহিত পশ্চিম বঙ্গের একটা বিরোধ চলিয়া আসিতেছে এরূপ কেহ কেহ বলেন—তা মোটেই শোভন নয়। কাজেই একত্র মিলিয়া মিশিয়া কাজ করিতে পারে এমন 'একজন খাঁটি বাঙ্গাল' চাই এবং আমি চিত্তরঞ্জন বাবুকে প্রস্তাব করি।" অধিকাংশের সম্মতিতে সমস্ত প্রস্তাব গৃহীত হইল। শ্রোতৃবর্গ একঘণ্টাব্যাপী বিপুল আন্দোলন হইতে হাঁফ ছাড়িয়া বাঁচিল।

কবি জ্ঞানাঞ্জনের 'বন্দনা' শীর্ষক কবিতা ও ললিত বাবুর 'ভারতীবন্দনা' গীত হইল। চৈতন্য-হিন্দী-সভা প্রতিনিধিবর্গকে উদ্যান-সম্মিলনে আপ্যায়িত করিবেন বলিয়া নিমন্ত্রণ করিয়াছিলেন। সে নিমন্ত্রণে যাইবার পূর্ব্বে সভা ভঙ্গ করিবার সময় সার আশুতোষ বলিলেন তিনি সেই রাত্রেই কলিকাতায় চলিয়া যাইবেন, চিত্ত বাবু তাঁহার আসনে উপবিষ্ট হইবেন। প্রাচ্যবিদ্যামহার্ণব সার আশুতোষকে ধন্যবাদ দিলে সেদিনকার মত সভা ভঙ্গ করা হয়।

চৈতন্য-হিন্দী-সভার উদ্যান-সম্মিলনের পর রাত্রি ৭টা হইতে ১০ টা পর্য্যন্ত বিষয়-নির্দ্ধারণ-সমিতির অধিবেশন। অনেকেই ইহাতে উপস্থিত ছিলেন না। অন্যান্য ক্ষেত্রে যেরূপ গোলমাল হয় এখানে সেরূপ কিছুই দেখিলামনা। যদু বাবু প্রস্তাব করেন যে 'অন্যান্য বার প্রত্যেক শাখা-সভাপতির অভিভাষণ একই সময়ে পৃথক্ পৃথক্ স্থানে পঠিত হয়; এবার তাহা না হইয়া চারিটী শাখাসভার সভাপতির অভিভাষণই একস্থানে পর পর পঠিত হউক, তৎপর সভা চারি শাখায় বিভক্ত হউক।' 'বলা বাহুল্য পূর্ব্ব ব্যবস্থাতে অনেকেই অসন্তুষ্ট ছিলেন—কাজেই যদু বাবুর প্রস্তাবে আর বিশেষ আপত্তি হইল না। ইহা ছাড়া দু' একটী অতি সামান্য নূতন প্রস্তাব গৃহীত হয়। দু'একটী পুরাতন প্রস্তাব একটু Enlarged ও revised ও হয়।

পরদিন সকালে বেলা ৮ টার সময় সভা আরম্ভ ও পূর্ব্বদিনের কার্য্যনির্ব্বাহক সমিতির ব্যবস্থামত শ্রীযুক্ত

চিত্তরঞ্জন দাশ তৎপর বিজয় বাবু ও যতীন্দ্র বাবু পর পর তাঁহাদের অভিভাষণ পাঠ করেন। চিত্তরঞ্জন বাবুর অভিভাষণ ভাব ও ভাষাগৌরবে সুন্দর হইয়াছিল। তিনি শুধু বৈষ্ণব কবিদের ভাব, রস, রাগ সম্বন্ধে আলোচনা করিয়াছিলেন। বিজয় বাবু দৃষ্টিহারা, কাজেই তাঁহাকে বক্তৃতা করিতে হইয়াছিল। তিনি অতি সংক্ষেপে অথচ প্রাঞ্জল কবিত্বপূর্ণ ভাষায় যে দু'একটী কথা বলিয়াছেন তাহা প্রত্যেক ঐতিহাসিকেরই স্মরণ রাখা উচিত। যতীন্দ্র বাবুর অভিভাষণ অতি দীর্ঘ হইয়াছিল, কাজেই শ্রোতৃবর্গ যে বিশেষ ধৈর্য্যসহকারে শুনিয়াছিল এমত বলা যায় না। বেলা অতিরিক্ত হওয়ায়, শশধর বাবুর বক্তৃতা সকালে পঠিত না হইয়া বিকালে হয়। তারপর সভা চারিটি শাখায় বিভক্ত হইয়া যায় ও মামুলী ধরণের গোলমাল উপস্থিত হয়। প্রতিনিধিবর্গ কেহ এখানে পাঁচ মিনিট ওখানে পাঁচ মিনিট করিয়া শাখায় শাখায় পরিভ্রমণ করিতে লাগিলেন। বড়ই দুঃখের বিষয় যে প্রতি বৎসর সম্মিলনের অধিবেশন হইতেছে, প্রতিবৎসরই এরূপ গোলমাল হইতেছে অথচ ইহার একটা প্রতিকার হইতেছেনা। আমার মনে হয় কার্য্যনির্ব্বাহক সমিতি ইচ্ছা করিলেই ইহার একটা কিনারা করিতে পারেন। সভাতে যেরূপ দেখা যায় কোন লেখকই তাঁহার বক্তৃতা বা প্রবন্ধ শেষ করিবার সময় পান না। কোনটা বা আংশিক পঠিত কোনটা বা অর্দ্ধপঠিত অবস্থায়ই শেষ করিতে হয়। অনেকগুলি অপঠিত অবস্থায়ই গৃহীত হয়। এইরূপে শ্রোতাদের যে কি লাভ হয় তাহা জানি না। সভায় কি কি প্রবন্ধ পাঠ হইল—কে কোন বিষয়ে কি বলিলেন—তাহা বোধ হয় কেহই বলিতে পারেন না। এমত অবস্থায় সম্মিলনের কি উদ্দেশ্য সাধিত হয় বুঝা যায় না। এই স্থলে যদি সম্মিলনের কার্য্যনির্ব্বাহক সমিতি নিয়ম করেন যে প্রবন্ধাদি অন্ততঃ একমাস পূর্ব্বে তাহাদের হস্তগত হওয়া আবশ্যক ও সেই সমস্ত প্রবন্ধাদি হইতে সম্মিলনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ পঠিত হইতে পারে শুধু এমন গোটাকয়েক ভাল ভাল প্রবন্ধ বাছাই করিয়া একই স্থানে পরপর পঠিত হইবে—তাহা হইলে বোধ হয় ইহার একটা মীমাংসা হইতে পারে—সম্মিলনেরও সার্থকতা হয়। অন্যান্য মনোনীত প্রবন্ধ, যেরূপ অধিকাংশই হইয়া থাকে, সেরূপ পঠিত বলিয়া গৃহীত হইতে পারে। অনেকে বলেন বাঙ্গালা ভাষা আজও সকল বিষয়ে এমন ক্ষমতাসম্পন্ন হয় নাই যাহাতে এরূপ কড়াকড়ি করা যাইতে পারে। এরূপ নিয়ম হইলে নব্য লেখকগণের উদ্যম অনেকটা দমিয়া যাইতে পারে কিন্তু এখন তাহাদের উৎসাহ দেওয়া দরকার। আমার মনে হয় অন্ততঃ যেরূপ অধৈর্য্য ও 'অবজ্ঞার সহিত অধিকাংশ প্রবন্ধ পঠিত ও শ্রুত হয় ও যেরূপ গোলমাল উপস্থিত হয়—তাহাতে কি নব্য কি পুরাতন কেহই বোধ করি বৃথা দাঁড়াইয়া দাঁড়াইয়া কতক্ষণ গলাবাজি করিতে ইচ্ছা করিবেন না। এমনও দেখা গিয়াছে কোন লেখক তাঁহার প্রবন্ধ পাঠ করিয়া যাইতেছেন ও অথচ শ্রোতার মধ্যে সভাপতি মহাশয় ও কতিপয় চেয়ার টেবিল ব্যতীত আর কেহই উপস্থিত নাই। আমার বিশ্বাস হয় না এরূপ উচ্চসম্মান কোন নব্য লেখক পাইতে অভিলাষী কি না। মাঝ থেকে এই হয় যে সম্মিলন পুরাতন লেখকদের (যাঁহাদের লেখার মূল্য আছে) কৃপা-কটাক্ষ হইতে একেবারে বঞ্চিত হয়। যদি লেখকদিগকে উৎসাহ দিতেই হয় তবে পরিষদ অথবা সম্মিলন নিজব্যয়ে অথবা অল্প মূল্যে সমস্ত পঠিত ও অপঠিত মনোনীত প্রবন্ধ 'সম্মিলন সংখ্যা' নাম দিয়া একত্র ছাপিতে পারেন, তাহাতে একদিকে যেমন উৎসাহ দেওয়া হইবে তেমনি সম্মিলনের প্রবন্ধাবলীর বেশ একটা ধারাবাহিক ইতিহাস রচিত হইবে। আলোচনারও অনেক সুবিধা হইবে। এতগুলি কথা বলিলাম কারণ সভাপতি ও শাখা-সভাপতিগণের অভিভাষণ ছাড়া প্রবন্ধগৌরবে বাঁকিপুর সম্মিলন তাদৃশ সফলতা লাভ করিতে পারে নাই। ইহা বাস্তবিকই দুঃখের কথা।

সন্ধ্যার সময় প্রতিনিধিবর্গ পূর্ণেন্দু বাবুর বাটীতে উদ্যান-সম্মিলনে একত্রিত হন। তথায় উপচারের ত্রুটী হয় নাই, কীর্ত্তন আবৃত্তি ও গানবাজনারও বেশ আয়োজন হইয়াছিল। শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় রচিত কয়েকটী কীর্ত্তন বড় মধুর লাগিয়াছিল।

রাত্রে উক্ত রিপণ রঙ্গমঞ্চে চন্দ্রগুপ্ত অভিনীত হয়। চন্দ্রগুপ্তের লুপ্ত নগরী পাটলিপুত্রের ভগ্নস্তূপের উপর চন্দ্রগুপ্তের অভিনয় বড়ই সুশোভন, সময়োপযোগী ও স্থানোপযোগী হইয়াছিল। রাত্র ১২ টার পর অভিনয় শেষ হয়। তাহার পর খাওয়া, স্বেচ্ছাসেবকগণের এই রাত্রিতে 'বাঘের বিক্রম সম' বাঁকিপুরের হাঁমানীতে যৎপরোনাস্তি কষ্ট পাইতে হইয়াছিল।

তৃতীয় দিন প্রাতে ৮টায় আবার চারি শাখার অধিবেশন হয় ও ১০টায় সভার সাধারণ কার্য্য শেষ হয়। তৎপর যাদবেশ্বর তর্করত্ন দর্শন সম্বন্ধে ১০ মিনিট বক্তৃতা করেন। ইহার পরে ক্ষমা প্রার্থনা ও ধন্যবাদের পালা। পূর্ণেন্দু বাবু বিনয়ের আধার, তিনি পূর্ব্বেই এক একজন করিয়া সকলের নিকট জোড়করে ক্ষমাপ্রার্থনা ও ত্রুটী স্বীকার করিয়া আসিয়াছিলেন। এখন আবার আর একপ্রস্থ apology চাহিলেন। তৎপর রামলাল সিংহ—পাটনার (পাঁচকড়ি বাবুর মতে) লর্ড কিচেনার (Kitchen—er)—কবিত্বপূর্ণ ও স্বাভাবিক ওজস্বী ভাষায় ২নং ক্ষমা প্রার্থনা বা apology করিলেন। ৩নং apology করিলেন বাগ্মী মথুরানাথ সিংহ। তৎপর পাঁচকড়ি বাবু ও সমাজপতি মহাশয় ও মনোরঞ্জন গুহ ঠাকুরতা ঠিক নম্বরওয়ারি করিয়া তাহার পাল্টা জবাব দিলেন। পাঁচকড়ি বাবুর বক্তৃতা বেশ সরস হইয়াছিল। তৎপর মন্মথনাথ দে পাঁচকড়ি বাবুর Duke of Monmouth রচিত 'বিদায় সঙ্গীত' গীত হইয়া সভা ভঙ্গ হয়। সে সময় সকলেরই প্রাণ একটু নরম হইয়া আসিয়াছিল। তারপর Anglo-Sanskrit স্কুলের সম্মুখে সকলের ফটো গ্রহণ করা হয়। সেখানে পাঁচকড়ি বাবু ও বিজয় বাবুর ভিতর বেশ একটু wit combat হইয়াছিল।

এবার আহার সম্বন্ধে একটু বলিব, নহিলে অকৃতজ্ঞতা হইবে। সকলেই জানেন এইরূপ ব্যাপারে আহারের কিরূপ ঘটা হয়। মোট কথা বাঁকীপুর প্রবাসীগণ চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় কোন কিছুরই অভাব রাখেন নাই। কেবল এই মাত্র বলিলেই যথেষ্ট হইবে যে আমরা বোধ হয় আরও কয়েকদিন গলাবাজি করিয়া বক্তৃতা শুনিয়া অক্লেশে কাটাইয়া দিতে পারিতাম কিন্তু আহারের চোটে নিশ্চয়ই পৃষ্ঠপ্রদর্শন করিতে হইত। তাই আমার এক কবি-বন্ধু রহস্য করিয়া বলিয়াছিলেন ইহার নামটা সাহিত্য-সম্মিলন না হইয়া ভোজন-সম্মিলন হইলেই মানাইত ভাল। ভোরে উঠিয়াই চা, মিঠাই, দুপুরে বিরাট ভোজন, তার ভিতর পাটনাই 'দশরথ' (বুঝ লোক যে জান সন্ধান) হইতে আরম্ভ করিয়া পোলাও মাংস; আর পাপর ভাজা হইতে আরম্ভ করিয়া মিষ্টান্ন রাবড়ি পর্য্যন্ত—কপি, ডাল, আলু ত সবই পাটনাই এককথায় আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত কিছুই বাদ পড়ে নাই। তার পর বিকালে আবার চা-মিঠাই এর পুনঃপৌনিক, তার উপর উদ্যান-সম্মিলন—পুনরায় বিরাট ভোজন। বাস্তবিক বাঙ্গালীর উদর যে কতদূর স্থিতিস্থাপক তা এই ভোজন ব্যাপার হইতে বেশ লক্ষ্য করা যায়। কিন্তু হাজার হউক—বিধাতার যেমন অবিচার—নাক, চোক, কাণ, হাত, পা, সবই দুইটী করিয়া কিন্তু মুখ ও পেটের বেলায় সবে একটী বই দুইটী দেন নাই। আমার মনে হয় এই একটী 'দগ্ধোদরস্যার্থেই' যখন এত বিপত্তি ও প্রয়াস, এত মারামারি রক্তারক্তি, তখন দুইটা করিয়া পেট থাকিলে কি আর রক্ষা ছিল? বোধ হয় বিধাতা পুরুষও মানুষের ভবিষ্যৎ চিন্তা করিয়া এতটুকু কৃপণতা করিয়াছেন।

বাঁকিপুরের সাহিত্যিকবৃন্দ যেমন একদিকে সম্মিলন করিয়াছিলেন তৎসঙ্গে তেমনি একটী সুন্দর প্রদর্শনীরও বন্দোবস্ত করিয়াছিলেন। শনিবার দিন প্রদর্শনী-গৃহের দ্বার উদ্ঘাটিত হয়। ইহাতে অনেক তথ্যপূর্ণ জ্ঞাতব্য ও দ্রষ্টব্য জিনিস ছিল। তন্মধ্যে কলিকাতার বসন্ত বাবু প্রদত্ত কতকগুলি প্রাচীন বৈদিক যজ্ঞীয় কাষ্ঠনির্ম্মিত জিনিসপত্রাদি ও বহু প্রাচীন চিত্র উল্লেখ যোগ্য। চিত্র গুলির কোনটী ৭০০। ৮০০ বৎসরের প্রাচীন। (১) একখানি হাতির দাঁতের উপর চিত্রিত হরপার্ব্বতীর মূর্ত্তি—পার্ব্বতীর অঙ্কে গণেশ। (২) একখানি রাধাকৃষ্ণের লীলা বিষয়ক—ইহার পরিকল্পনা বড়ই সুন্দর। রাধাকৃষ্ণ যমুনার তীরে দাঁড়াইয়া, উপরে কদম্ব শাখে ময়ুর ময়ূরী নৃত্য করিতেছে। চিত্রখানি বাদশাহী আমলের, তাহাতে মোগল আর্ট স্পষ্ট দেদীপ্যমান। এই চিত্রখানি শ্রদ্ধেয়

বিপিন বাবু বার বার দেখিয়াও তৃপ্ত হইতে ছিলেন না। এ ছাড়া আরও অসংখ্য প্রাচীন চিত্র, শিখগুরু তেগ সিংহের তরবারি (৫ । ৬ সেরের কম হইবে না) ও অন্যান্য অস্ত্রশস্ত্র, লৌহবর্ম্ম, তান্ত্রিক পূজার নরমুণ্ড, হাজার বৎসরের প্রাচীন সংস্কৃত হস্তলিখিত পুথি, ভগবৎ গীতার হস্তলিখিত পারসী অনুবাদ, পুরাতন মুদ্রা ও রাগ রাগিণীর (মোগল আমলের) চিত্র প্রভৃতি বহু দর্শন যোগ্য জিনিস ছিল। অধ্যাপক যদুবাবু যথাসম্ভব প্রত্যেকটীর পরিচয় দিয়া দিলেন।

সম্মিলনের কথা বলিলাম, প্রদর্শনীর কথা বলিলাম, আহারের কথাও বলিয়াছি, এবার 'বিহার' সম্বন্ধেও একটু বলিতে হয়।

পাটনা, বাঁকিপুর, দানাপুর—এই তিনটী প্রধান নগর লইয়া বিহারের রাজধানী। তিনটী সহরই পাশাপাশি ও গঙ্গার দক্ষিণ তীরে অবস্থিত। তবে দানাপুর একটু দূরে। পূর্ব্ব দিকে পাটনা, মধ্যে বাঁকিপুর (মুরাদপুর, বাঁকিপুর, মিঠাপুর) বর্ত্তমান শাসন-কেন্দ্র। পশ্চিমে দানাপুর—সেনানিবাস। বাঁকিপুরে সমস্ত সরকারী আদালত, আফিস, স্কুল, কলেজ, হাসপাতাল, গীর্জ্জা, ব্যাঙ্ক প্রভৃতি আছে। তা ছাড়া লাট সাহেবের বাড়ী, সেক্রেটারিয়েট্, হাইকোর্ট প্রভৃতি লইয়া পশ্চিমে এক নূতন সহর গড়িয়া উঠিতেছে।

পাটনা সিটি অতি প্রাচীন মুসলমান সময়ে সহর ছিল, এখন প্রধান বাণিজ্যের কেন্দ্র। সেখানে বড় বড় মহাজনের আড়ত ও ব্যাঙ্কারগণ আছেন। কিন্তু দিন দিন যেমন বাঁকীপুর বড় হইতেছে পাটনার আয়তন ও (local value) 'কদর' কমিতেছে।

পাটনার প্রাচীন হিন্দু নাম পাটলিপুত্র। প্রাচীন গ্রন্থাদি হইতে জানা যায় শিশুনাগবংশীয় রাজা অজাতশত্রু বৃজ্জিজাতির আক্রমণ রোধ করিবার জন্য গঙ্গাশোণে এক দুর্গ নির্ম্মাণ করেন (৪৯০ খৃঃ অব্দ)। সেই দুর্গের আশ্রয়ে প্রাচীরের বাহিরে দোকানদার প্রভৃতি অন্যসব লোকে ঘর বাড়ী করায় ইহা ক্রমে বর্দ্ধিত হইয়া পাটলি গ্রামে ও তাহা হইতে পাটলিপুত্র সহরে পরিণত হয়। ৪৪০ খ্রীঃ অব্দে মগধের রাজা উদয় রাজধানী রাজগৃহ ছাড়িয়া পাটলিগ্রামে বাস করিতে থাকেন। তাহার একশতাব্দী পরে দেখিতে পাই রাজগৃহ ভস্মস্তূপে পরিণত ও রাজধানী পাটলীপুত্রে স্থায়ী ভাবে স্থানান্তরিত হইয়াছে। অবশ্য শোণ এখন অনেক দূরে সরিয়া গিয়াছে। এই পাটলিপুত্রই চাণক্য-সহায় মহারাজ চন্দ্রগুপ্তের লীলা-নিকেতন। এখানেই গ্রীক দূত মেগেস্থিনিস্ তাঁহার দরবারে উপস্থিত থাকিতেন।

পাটলিপুত্রের অপর নাম কুসুমপুর বা পুষ্পপুর। অধ্যাপক যদুনাথ সরকার অনুমান করেন সম্ভবতঃ 'কুসুমপুর' দুর্গ প্রাচীরের উপকণ্ঠ মাত্র। প্রত্যেক হিন্দু রাজাদের রাজধানীর বাহিরে প্রমোদ কানন বা ফুলবাগান থাকিত। কুসুমপুর এইরূপ উপকণ্ঠের শ্রেণীবাচক নাম। ক্রমে সহর বাড়িয়া উপকণ্ঠটিকে গ্রাস করায় কুসুমপুর স্বীয় অস্তিত্ব হারাইয়া পাটলিপুত্রের একটি পাড়ায় পরিণত হইল। আবার কেহ কেহ বলেন পাটলিপুষ্প (Bignonia Snaveoleus) হইতে এই পাটলিপুত্র নাম গৃহীত হইয়াছে এবং সেই সূত্রে পুষ্পপুরের অথবা কুসুমপুরের সহিত ইহার সাদৃশ্য কল্পনা করেন। যদুবাবু বলেন দাক্ষিণাত্যেও দেখা যায় "প্রত্যেক দুর্গের আশ্রয়ে কিন্তু বাহিরে একটি করিয়া গ্রাম আছে তাহাকে পেঠ, পেট্টা বা বাড়ী বলে। 'পাটলী' নামও ঐরূপে উদ্ভব হইয়াছে।"

প্রাচীন পাটলিপুত্র নগর যে চিরকাল একস্থানে ছিল তাহা নয়। নদীর পরিবর্ত্তনে ও অন্যান্য কারণে অথবা রাজার ইচ্ছামত বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে সরিয়া গিয়াছে। দিল্লীতেও এইরূপ হইত। মহারাজ চন্দ্রগুপ্ত (মৌর্য্যসম্রাট্) হইতে গুপ্তবংশ ধ্বংশ পর্য্যন্ত আট শতাব্দীর অধিককাল পাটলিপুত্র মগধের ও মধ্যে পাঁচ শত বৎসর সমগ্র উত্তর ভারতের রাজধানী ছিল। মৌর্য্যযুগে পাটনা নগরী গৌরব ও বিভবের উচ্চশিখরে পৌঁছায়। মেগেস্থিনীস্ বলেন—'এই রাজধানী নয় মাইল লম্বা দেড় মাইল চওড়া প্রকাণ্ড উচ্চ শালকাঠের বেড় দিয়া ঘেরা। এই বেড়াতে ৬৪টা ফটক এবং ৫৭০ উচ্চ রক্ষীমঞ্চ (bastion) ছিল। বাহিরে ৩০ হাত গভীর ও ৪০০ হাত প্রশস্ত পরিখা সর্ব্বদা শোণ নদের জলে পূর্ণ।

রাজপ্রাসাদ কাঠের, কিন্তু পারস্যের রাজধানীর হর্ম্ম্য অপেক্ষাও অধিকতর সুন্দর!' (ম্যাক্‌ক্রীণ্ডল্‌ ৬৬—৬৮)

এই সহরেই সুঙ্গবংশীয় মহারাজ পুষ্যমিত্র দিক্‌বিজয় করিয়া অশ্বমেধ যজ্ঞ সম্পন্ন করেন। শকদিগের উপর্য্যু-পরি আক্রমণে যখন (খ্রীষ্টীয় প্রথম তিন শতাব্দী) উত্তর ও পশ্চিম ভারত বিপর্য্যস্ত হইতে থাকে তখন সেই সঙ্গে পাটনার অস্তিত্বও লুপ্তপ্রায় হয়। ৪র্থ শতাব্দীতে চন্দ্রগুপ্ত মগধের জমিদার গুপ্তবংশের প্রতিষ্ঠা করেন। তাঁহার পুত্র ভারতের নেপোলিয়ান সমুদ্রগুপ্তের সময় পাটলিপুত্র আবার উত্তর ভারতের রাজধানীরূপে সগৌরবে মস্তক উত্তোলন করে। সমুদ্রগুপ্তের পুত্র দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে চৈনীক পরিব্রাজক ফা-হিয়েন ভারতে আগমন করেন। তদীয় ভ্রমণবৃত্তান্তে পাটনার সমৃদ্ধি ও গৌরবের উল্লেখ দেখিতে পাই।—"রাজ-প্রাসাদের অংশগুলি মহারাজ অশোকের আজ্ঞায় দানবেরা নির্ম্মাণ করে। এমন দেওয়াল দরজা ও প্রস্তর খুদিয়া ছবি বাহির করা মানুষের কাজ নহে।" (Beal I, IV).

তারপর গুপ্ত-সাম্রাজ্য খণ্ড খণ্ড হইয়া গেল এবং সেই সঙ্গে পাটলীপুত্রের গৌরব-সূর্য্যও অস্তমিত হইল। ৫ম ও ৬ষ্ঠ শতাব্দী পাটলিপুত্রের ইতিহাসের 'অন্ধকার যুগ'। এই সময় হুন আক্রমণ হয়। পাটলিপুত্রেও বোধ হয় তাহার প্রভাব বিস্তৃত হয়। ৭ম শতাব্দীর প্রারম্ভে গৌড়া-ধিপ শশাঙ্কের বিজয়-পতাকা উড্ডীন হয়। এই শশাঙ্ক কে ছিলেন—সে বিষয়ে ঐতিহাসিকগণ আজিও একমত হইতে পারেন নাই শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বলেন ইনি হয়ত গুপ্ত রাজাদের কোন সামন্ত ছিলেন, পরে গুপ্তদের ক্ষমতার হ্রাস হইলে ক্রমে গৌড়াধিপ উপাধি গ্রহণ পূর্ব্বক সমস্ত বাংলার অধীশ্বর হন। এই শশাঙ্ক বৌদ্ধদ্বেষী (রাজনৈতিক কারণে) হইয়া উঠিয়াছিলেন। তিনি বুদ্ধগয়ার বোধিদ্রুম উন্মূলিত করিয়া পোড়াইয়া ফেলেন। পাটলিপুত্রের বুদ্ধের পদচিহ্নাঙ্কিত প্রস্তরাদি ভগ্ন করেন, বৌদ্ধবিহার-সমূহের বিনাশ করিয়া হিমালয়ের পাদ-দেশ পর্য্যন্ত আপনার বিক্রম বিস্তার করেন। বোধ হয় পাটলিপুত্র তাঁহার শাসনেই ছিল। কিন্তু শশাঙ্কের ক্ষমতা অধিক দিন স্থায়ী হইল না। হর্ষবর্দ্ধনের উদয়ে শশাঙ্ক অস্তমিত হইলেন। সেই সময় চীন পরিব্রাজক ইউয়ান্‌ চোয়াং (৬১০ খৃঃ) লিখিয়া গিয়াছেন—'পাটলিপুত্র শ্মশান—জন-শূন্য, চারিদিকে বনজঙ্গল ও শত শত মন্দির সঙ্ঘারাম ও স্তূপের ভগ্নাবশেষ।' (Beal II, 82-86)

পাঁচ শতাব্দীর পর মুসলমানগণের সময়ে পাটনা আবার লোকের দৃষ্টি আকর্ষণ করিল। শেরসাহ (১৫৪১) পাঁচ লাখ টাকা ব্যয়ে তথায় একটী ইটের দুর্গ নির্ম্মাণ করিলেন। মোগল যুগে আবার বিহার প্রদেশের রাজধানী বিহার হইতে পাটনায় উঠিয়া আসিল। নবাবী আমলে পাটনা দেওয়াল দিয়া ঘেরা হয়। মোগল ও নবাবী আমলের অনেক চিহ্ন বিদ্যমান আছে।

১৯১২ খ্রীঃঅব্দে বিহার বাঙ্গালা হইতে বিচ্ছিন্ন হইয়া বাঁকিপুর রাজধানী বলিয়া স্থির হয়। বাঁকিপুরেও দর্শনীয় স্থান অনেক আছে।—

সহরের বাহিরে ষ্টেশনের ৩ মাইল পূর্ব্বে 'কুমরাহাড়' নামে একটি গ্রাম আছে (কুমার গুপ্তের নামানুসারে 'কুমরাহাড়' নাম হইয়াছে এইরূপ কেহ বলেন)। এখানে দুইটী মাটী ও ইটের ঢিপি আছে। ১৮৯১ খ্রীঃ হইতে ১৯১৬ খ্রীঃঅব্দ পর্য্যন্ত "প্রত্নতত্ত্বের ঢেঁকিতে ও ব্যাকরণের মুষলে" এই কুমরাহাড়ে অনেক অপূর্ব্ব জিনিস বাহির হইয়াছে। ১৮৯৪ খ্রীঃঅব্দে গবর্ণমেণ্ট খনন আরম্ভ করেন, তাহাতে ঐ দুইটী ঢিপি বৌদ্ধস্তূপ বলিয়া প্রমাণিত হয়। ১৮৯৫—৯৬ সালে ওয়াডেল সাহেবের পরিদর্শনে পুনরায় খনন আরম্ভ হয়, তাহাতে কুমারহাড়ে, বুলন্দীবাগে ও দুইটী গ্রামে খোদাই করিয়া অনেক মূর্ত্তি, পাথর, শালের কড়িকাঠ, ছবিকাটা ও ইষ্টকময় ভিত্তি বাহির হয়। বুলন্দিবাগে একটী সুন্দর গ্রীক ও পারসীক ধরণের স্তম্ভশীর্ষ পাওয়া যায়। ওয়াডেল সাহেব বলেন এখানেই অশোকের প্রাসাদ ছিল। ১৮৯৭—৯৯ সালে কোনও নূতন আবিষ্কারই হয় নাই। ১৯১২ খ্রীঃ অব্দে রতন তাতার ব্যয়ে কুমরাহাড়ে আবার খনন কার্য্য আরম্ভ হয়। অনেক গভীর মাটীর নীচে সমান সমান দূরে প্রস্তর স্তম্ভের ভগ্ন খণ্ড পাওয়া যায়। একটি ১৪ ফিট লম্বা গোল স্তম্ভ পাওয়া

গিয়াছে। ইহাতে প্রমাণিত হয় যে এখানে বাড়ী ছিল। একজায়গায় ৭ ফুট ভিত্তির স্তর, তৎপর ১ ফুট ভস্মের স্তর ও তন্নিয়ে পুনরায় ৮ ফুট আন্দাজ ইষ্টক ভিত্তির স্তর দেখা যায়। ডাক্তার স্পুণার বলেন যে ইহাই মৌর্য্য সম্রাট চন্দ্রগুপ্তের প্রাসাদ ছিল ও পারসিক কারিগরের দ্বারা পার্সিপোলিন রাজপ্রাসাদের (দারায়ুসের) হুবহু অনুকরণে তৈয়ারি। তাঁহার পূর্ব্বে বিশ্বাস ছিল (ঐতিহাসিক রাখালরাজ রায় মহাশয়ের মুখে যেরূপ শুনিলাম) যে উপরের স্তর মুসলমান আমলের। পরে তাঁহার এ মত বদলাইয়া যায় ও ক্রমে গুপ্ত হইতে শেষে উপরের ও নীচের উভয় ইষ্টক স্তরই মৌর্য্য যুগের বলিয়া বিশ্বাস হয়। তাহার মতে যে স্তম্ভগুলির উপর উক্ত প্রাসাদ প্রতিষ্ঠিত ছিল সে স্তম্ভগুলি প্রাকৃতিক কারণে বা অন্য কোন কারণে মাটিতে বসিয়া গিয়াছে। এইরূপ প্রত্যেক সারিতে ১০টী করিয়া ৮ সারি স্তম্ভচিহ্ন আবিষ্কৃত হইয়াছে। এই স্তম্ভগুলি ১৫ ফিট অন্তরে অন্তরে অবস্থিত। তিনি আরও বলেন যে এই প্রাসাদ দ্বিতল ছিল, উভয় তলের মধ্যে কাষ্ঠের ছাদ ছিল। সেই কাষ্ঠ ছাদই অগ্নিযোগে অথবা কালক্রমে ভস্মস্তরে পরিণত হইয়াছে। স্পুণার সাহেব এখানেই নিরস্ত হন নাই। তিনি মহাভারতোক্ত ময়দানব নির্ম্মিত যুধিষ্ঠিরের সভাগৃহের সহিত এই মৌর্য্য চন্দ্রগুপ্তের সভাগৃহের সাদৃশ্য কল্পনা করিয়া বলেন—"মৌর্য্য প্রাসাদ পার্সিপোলিসের অনুকরণে ও মহাভারতের যুধিষ্ঠিরের সভা চন্দ্রগুপ্তের সভা দৃষ্টে বর্ণিত।" তিনি আরও বলেন যে চন্দ্রগুপ্ত, তৎমন্ত্রী চাণক্য, উভয়েই পারসিক এমনকি ভগবান বুদ্ধদেব পর্য্যন্ত এবং মহাভারতোক্ত 'ময়দানব' অর্থাৎ অসুর ময় পারসিক দিগের দেবতা 'অহুর মজদ্' এর ভারতীয় সংস্করণ। যাহা হউক সে সমস্ত বারান্তরে বিস্তারিত আলোচনা করিবার ইচ্ছা রহিল। তবে একটা কথা বলিয়া রাখি মেগেস্থেনিস্ যে চন্দ্রগুপ্তের দারুময় প্রাচীরের উল্লেখ করিয়া গিয়াছেন, কুমরাহাড়ে নয়—বুলন্দীবাগে তাহার চিহ্ন পাওয়া গিয়াছে। এতদ্ভিন্ন কুমরাহাড় ও বুলন্দীবাগে অসংখ্য মাটীর পুতুল ও মূর্ত্তি, প্রাচীন মুদ্রা, ছোরা, স্বর্ণঅলঙ্কার, চর্ম্ম, তীর ও একটা চারফুট প্রশস্ত রথচক্র, হাতির হাড়, ১৪। ১৫ ইঞ্চি দীর্ঘ ১০ ইঞ্চি প্রস্ত ও ৩½ ইঞ্চি পুরু প্রকাণ্ড ইষ্টক, বহু প্রকাণ্ড প্রকাণ্ড কাঠ প্রভৃতি পাওয়া গিয়াছে।

শ্রীযুক্ত নিখিলনাথ রায়, কেদারনাথ মজুমদার মোজম্মেল হকের সঙ্গে আমরা রাখাল বাবুকে লইয়া ও অনেকক্ষণ ঘুরিয়া ফিরিয়া ঐতিহাসিক চিহ্নসমূহ পর্য্যবেক্ষণ করিলাম। তবে অধিকাংশ স্থলই জলে পূর্ণ। পোদিত জিনিসপত্রাদি স্পুনার সাহেবের বাড়ীতে আছে। পাটনায় যাদুঘর প্রস্তুত হইলে এ সমস্ত সেখানে রক্ষিত হইবে।

বাঁকিপুরের দ্বিতীয় দ্রষ্টব্য জিনিস খুদাবক্স পুস্তকালয়—ইহাতে অনেক হস্তলিখিত প্রাচীন পার্সী ও আরবি পুথি রক্ষিত আছে—এতদ্ভিন্ন অনেক দুষ্প্রাপ্য ইংরাজী গ্রন্থ ও মূল্যবান প্রাচীন মুঘল যুগের চিত্রাদি রক্ষিত আছে। এরূপ মুসলমান গ্রন্থের মূল্যবান্ সংগ্রহ ভারতের আর কোথায়ও নাই। প্রত্নতত্ত্ব হিসাবে এই পুস্তকাবলীর মূল্য খুব বেশী। তিনখানি চিত্র দেখাইয়া অধ্যাপক যদু বাবু বলিলেন—'এগুলি হইতে মুঘল যুগে ভারতে চিত্রবিদ্যার ক্রমবিকাশের ইতিহাস অতি স্পষ্ট বুঝিতে পারা যায়।' ১ম চিত্রখানি (১৬৪০ খৃঃ) আলীমর্দ্দান খাঁ শাহজাহানের সঙ্গে প্রথম দেখা করিবার দিন যে 'শাহনামা মহাকাব্য' তাঁহাকে উপহার দেন সেখানি। ইহাতে চীনা বুখারার আর্ট প্রতিফলিত। ২য় খানি 'তারিখ-ই-খানদান তাইমুরিয়া' নামক গ্রন্থের ছবিতে দেখা যায় চীনা ও ভারতীয় আর্টের কিরূপ খাপছাড়া মিশ্রণ হইয়াছে। এইসব চিত্রকরদের অধিকাংশই হিন্দু।

তৃতীয় গ্রন্থ, শাহজাহানের সময় রচিত 'পাদিশাহনামা'। ইহাতে ভারতীয় সূক্ষ্ম অলঙ্কারের ছটা, রঙ্গের বৈচিত্র্য, খুঁটিনাটির প্রতি দৃষ্টি, অবয়বের কোমলতা চরম সীমায় পৌঁছিয়াছে।

'মুরাকা'তে অবনতির দৃষ্টান্ত পাওয়া যায়। তারপর ১৮শ শতাব্দীর শেষভাগে লক্ষ্ণৌর জঘন্য চিত্রকলার উৎপত্তি, ইয়োরোপের প্রভাব দেদীপ্যমান। এসব

ছাড়া পারস্য, আরব, তুর্কী ও মধ্য এসিয়ায় অঙ্কিত বহু মূল্যবান্ ছবি, সুন্দর ফারসী হস্তাক্ষরের নমুনা ও বাদশাহদের স্বাক্ষর প্রভৃতি এখানে রক্ষিত আছে।

মহাত্মা খুদাবক্স অর্দ্ধলক্ষ মুদ্রা ব্যয়ে এই দ্বিতল পুস্তকালয় নির্ম্মাণ করিয়া নানা তথ্যপূর্ণ দুষ্প্রাপ্য গ্রন্থাদি ও চিত্রে সুশোভিত করিয়া ইহা সর্ব্বসাধারণকে দান করিয়া গিয়াছেন।

স্থানীয় বারিষ্টার মান্নুক সাহেবের বাড়ীতে অনেক ভারতীয় প্রাচীন চিত্র ও মুদ্রা-সংগ্রহ আছে। দুঃখের বিষয় আমরা তথায় যাইবার সময় করিয়া উঠিতে পারিলাম না।

তৃতীয় দ্রষ্টব্য, বাঁকিপুর ময়দানের উত্তর পশ্চিমে গোলঘর। যাঁহারা ইহা স্বচক্ষে দেখেন নাই তাঁহারা ইহার ধারণা করিতে পারিবেন না। ১৭৮৪—৮৬ খ্রীঃ অব্দে ইঞ্জিনিয়ার গার্ষ্টিন্ (Garstine) ওয়ারেন হেষ্টিংসের আদেশে এই বিরাট গুম্বজ প্রস্তুত করেন। পাথরে খোদা আছে—"মন্ত্রী পরিবেষ্টিত গবর্ণর জেনারেল এই সব প্রদেশে দুর্ভিক্ষ নিবারণ করিবার অভিপ্রায়ে যে উপায় উদ্ভাবন করেন তাহার অঙ্গস্বরূপ এই শস্যাগার কাপ্তেন গার্ষ্টিন্ কর্ত্তৃক ২০এ জুলাই ১৭৮৬খ্রীঃ সম্পূর্ণ করা হইল। প্রথমবার শস্যে পূর্ণ করিবার তারিখ—"

চিরকালের জন্য দুর্ভিক্ষ নিবারিত হইবে অথচ এ পর্য্যন্ত ইহার মধ্যে এককণা শস্যও সঞ্চিত হয় নাই—ঐ তারিখের স্থান আজও খালি রহিয়াছে। এই জন্য সাহেবেরা ইহাকে গার্ষ্টিনের 'নির্ব্বুদ্ধিতার ফল' বলিয়া ঠাট্টা করিয়া থাকেন। চূড়ায় উঠিবার জন্য ১৪০টী সিঁড়ি বাহিরে গা বাহিয়া চলিয়াছে। সেখান হইতে পাটনা সমেত সমস্ত সহরটীকে সুন্দর মানচিত্রের মত দেখায়।

নূতন সহরে লর্ড হার্ডিঞ্জের প্রতিমূর্ত্তি আছে, এতদ্ভিন্ন আরও দর্শনযোগ্য স্থান ছিল তাহা দেখিবার অবসর হয় নাই।

বাঁকিপুর বেহারের রাজধানী—কাজেই বিহারীদেরই প্রাধান্য। বাঙ্গালী মুষ্টিমেয়। ইহার উপর বিহারী-বাঙ্গালী-বিদ্বেষ বড়ই প্রবল। আমার সঙ্গে একজন বেহারীর আলাপ হইয়াছিল। সে বলিল—'আমরা feeling খারাপ হইতে পারে এজন্য আমাদের Ripon Parsee থিয়েটার তোমাদের জন্য ছাড়িয়া দিয়াছি।' চৈতন্য সভার উদ্যান-সম্মিলন ও বোধ হয় সেই জন্য। যাহা হউক feelingটা খুবই খারাপ সে বিষয়ে সন্দেহ নাই। বিহারীরা অধিকাংশই গরীব। সহরের অধিকাংশ ঘরই খোলার এমন কি 'হাইকোর্ট ভী খাপরা পোষ'। রাস্তাঘাট বড় অপরিষ্কার, ধূলিময়। বড় রাস্তা একটী, নদীর ধারের দৃশ্য বেশ সুন্দর। দেখিলাম তথায় দ্বারভাঙ্গা মহারাজের এক বিপুল প্রাসাদ নির্ম্মিত হইতেছে। সহরে জলের কল নাই। নদী ও কুয়ার জলেই সমস্ত কার্য্য নির্ব্বাহ হয়। যাতায়াতের জন্য একার চলনই বেশী দুই ঘোড়ার গাড়ীও আছে। তবে আমরা বেহারে থাকিয়াও বিঘোরে পড়ি নাই কাজেই একাতেও চড়িতে হয় নাই।

এই সমস্ত দেখিতে দেখিতে সুখের বিহার-প্রবাস কাটিয়া গেল। প্রতিনিধিবর্গের অনেকেই মঙ্গলবার রাত্রেই চলিয়া যান। আমরাও আর অধিক উৎপীড়ন করিতে চাহিলাম না। তারপর বুধবারের উষায় যখন বৃক্ষশাখার পাখীরা প্রভাতী গাহিয়া উঠিল ও ধীরে ধীরে উষার অরুণচ্ছটায় পূর্ব্বদিক উদ্ভাসিত হইয়া উঠিল তখন কম্বল-মুড়ি দিয়া দু'দিনের বন্ধু-বান্ধবদের হইতে বিদায় গ্রহণ পূর্ব্বক তিন দিনের সুখ-স্মৃতি লইয়া গয়া ট্রেণে উঠিয়া পড়িলাম। ট্রেণে বন্ধুবর জিজ্ঞাসা করিলেন—'বাঁকিপুরে কি দেখিলে?' ট্রেণে উঠিলে একটি সাহিত্যিকবন্ধু জিজ্ঞাসা করিলেন—'বাঁকিপুরে কি দেখিলেন?' আমি আর কি বলিব? বলিলাম—'দেখিলাম বাঙ্গালীর হৃদ্যতা, সৌজন্য, আতিথেয়তা, প্রাণভরা সরসতা ও স্নিগ্ধতা, আর দেখিলাম বাঙ্গালী বিহারী হয় নাই। বাহিরে—বৃহত্তর বঙ্গে বাঙ্গালীর বাঙ্গালীত্ব বিকৃত হয় নাই, সম্পূর্ণ বজায় আছে।' দেখিতে দেখিতে বাঁকিপুর দৃষ্টিপথের অতীত হইয়া গেল।

শ্রীনরেন্দ্রচন্দ্র সরকার।

বঙ্কিম-প্রসঙ্গ।

(২)

যখন শ্রীযুক্ত সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্গদর্শনের সম্পাদক ছিলেন সেই সময় একদিন বঙ্কিম বাবু আমায় জিজ্ঞাসা করিলেন "বঙ্গদর্শন চলিতেছে কেমন?" আমি উত্তর দিলাম "টায় টোয়।"

তিনি। কেন বল্ দেখি?

আমি। কমলাকান্তের অভাবটা পাঠকের বড় লাগিয়াছে।

তিনি "বটে" বলিয়া একমনে তামাকু খাইতে লাগিলেন। তখন তাঁহার চিত্ত অবিচলিত, স্থির, গম্ভীর। তাহারই কিছুক্ষণ পরে তিনি পার্শ্বস্থ কক্ষে ঢুকিয়া কি একটা বস্তু পান করিয়া আসিলেন। উপস্থিত ছিলাম আমি ও কাঁঠালপাড়ার পণ্ডিত রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

তিনি আমাদিগকে বিদায় দিয়া লিখিতে বসিলেন। দুই এক দিন পরে সাক্ষাৎ হইলে "কমলাকান্তের জবানবন্দী"র পাণ্ডুলিপি আমায় পড়িতে দিলেন। এটা ঐশী শক্তি ভিন্ন আর কি বলিব? তাহার পরই উহা বঙ্গদর্শনে প্রকাশিত হয়। এই সময় হইতে তিনি ব্রাণ্ডী হুইস্কী সাকি ত্যাগ করিয়াছিলেন।

আর একদিন তৎকালীন বঙ্গদর্শনের কথা উত্থাপন হইলে তিনি বলিয়াছিলেন "এবারকার বঙ্গবাসী পড়েছ?"

আমি। আজ্ঞা হাঁ।

তিনি। বঙ্গদর্শনের সমালোচনাটা পড়েছ কি?

আমি। পড়েছি।

তিনি হাসিয়া বলিলেন "ওর সবটাই ভুল। যে গুলিকে দাদার লেখা ভাবিয়া ভাল নয় বলিয়াছে সেগুলি আমার লেখা, আর যেগুলি আমার লেখা মনে করিয়া ভাল বলিয়াছে সেগুলি দাদার লেখা।"

যখন "প্রচারে" শ্রদ্ধাস্পদ রমেশচন্দ্র দত্ত মহাশয় *"সংসার" (উপন্যাস) লিখিতেন, আমি তখন "নবজীবনে"* "মহামায়া" (উপন্যাস) লিখি। বঙ্কিম বাবু একদিন হাসিতে হাসিতে আমাকে বলিয়াছিলেন "এবার তোমায় ষাঁড়ের সঙ্গে লড়াই।"

আমি কুণ্ঠিত ভাবে উত্তর দিয়াছিলাম "ভেড়া কি ষাঁড়ের প্রতিদ্বন্দ্বী হইবার যোগ্য?" তিনি যেন একটু প্রসন্ন হইয়াছিলেন, কিন্তু কোন উত্তর দেন নাই।

আর একদিনের কথা, আমি নবজীবন কার্য্যালয়ে গিয়াছি দেখি যে বঙ্কিম বাবু, অক্ষয় বাবু, আরও দুটী তিনটী ভদ্রলোক বসিয়া আছেন। তাঁহাদের মধ্যে এক জন শ্রীযুক্ত করুণাময় বন্দ্যোপাধ্যায়। তিনি তখন শিয়ালদহের মুন্সেফ ছিলেন। সাহিত্য সম্বন্ধে গল্প চলিতেছে। আমি পার্শ্বে বসিয়া আছি। তখন আমার বয়স একুশ বাইশ বৎসর মাত্র। আমার দুর্ম্মতি, আমি তাঁহাদিগকে গল্পোন্মত্ত দেখিয়া দরজার পার্শ্বস্থ একটী আলমারির অন্তরালে তামাকু খাইতে গিয়াছি। কিন্তু বঙ্কিম বাবুর তীব্র দৃষ্টি এড়াইতে পারি নাই। তিনি গর্হিত কার্য্য কখনও সহ্য করিতে পারিতেন না, তাই আমাকে দারুণ লজ্জা দিয়া অম্লান বদনে বলিয়া ফেলিলেন "তারক, হুঁকার ভড়্‌ভড়ানিটে বড় কাণে বাজিতেছে।"

বঙ্কিম বাবুর সমালোচনাকে আমি বড় ভয় করিতাম। যখন প্রথম প্রথম উপন্যাস লিখি তখন সমালোচনার জন্য কোন কোন সংবাদপত্রে পুস্তক দিতাম, কিন্তু বঙ্গদর্শনকে দিই নাই। আমার প্রথম উপন্যাস "গিরিজা", যাহা তদানীন্তন ছোটলাট আমার পিতৃবন্ধু সার এসলি ইডেন সাহেবকে উৎসর্গীকৃত হইয়াছিল, তাহার প্রশংসাবাদপূর্ণ সমালোচনা কলিকাতা গেজেটে প্রকাশ হইলে বঙ্কিম বাবু পুস্তকখানি দেখিতে চাহেন এবং হাসিতে হাসিতে বলেন "সরকারি গেজেটে 'গিরিজা' 'successful imitation of Bankim Chandra' বলিয়াছে, এটা গালি না প্রশংসা?"

আমি বলিলাম "আপনার successful imitation আমার পক্ষে বড়ই গৌরবের কথা।" ইহার কিছুদিন পরে "ক্ষুদ্র উপন্যাস" শীর্ষক একটী সুদীর্ঘ সমালোচনা বঙ্গদর্শনে প্রকাশিত হয়। সম্ভবতঃ স্নেহপরবশ হইয়া আমায় মিষ্ট মুখে বিদায় দিয়াছিলেন। তিনি যাহার উপর ঝাল ঝাড়িতেন তাহার হাড়ে হাড়ে রী রী করিত।

একবার হুগলীতে থিয়েটার, তখন বঙ্কিম বাবু তথায়

কর্ম্ম করেন। কলিকাতার ন্যাশন্যাল থিয়েটার কোম্পানি অভিনয় করিতে গিয়াছিলেন। অভিনয়ের পূর্ব্বে আমার পরিচিত কয়েকজন অভিনেতা আমার নিকট চুঁচুড়ায় থিয়েটার করিবার প্রস্তাব করায়, আমি তাঁহাদের উদ্দেশ্য সাধনের জন্য সাধ্যমত চেষ্টা করিয়াছিলাম। অভিনয়ের দিন দেখিলাম চুঁচুড়ার জমিদার বাবু রমেশচন্দ্র মণ্ডল ও চন্দননগরের বাবু কান্তিচন্দ্র ঘোষ তাঁহাদের পৃষ্ঠপোষক হইয়া ষ্টেজ বাঁধাইতেছেন। ভাবিলাম ভালই হইয়াছে, আমি কতকটা অব্যাহতি পাইলাম। কিন্তু তাঁহারা আমার ইচ্ছাসত্বেও প্লাটফরম না বাঁধাইয়া গোল বাঁধাইলেন। মঞ্চ না থাকায় ও তজ্জন্য দর্শকদিগের দেখিবার অসুবিধা হওয়ায় কান্তি বাবু প্রথম বেঞ্চে উপবিষ্ট কতকগুলি দর্শককে স্থানান্তরিত করিয়া আপনার পরিচিত কয়েকটি ভদ্রলোককে সেইস্থানে বসাইবার চেষ্টা করেন। এই লইয়া তুমুল কাণ্ড ঘটে। ভীষণ মারপিট আরম্ভ হয়। বসিবার বেঞ্চ মানুষের মাথার উপর পড়িতে থাকে। হাতের ছড়ি লোকের পৃষ্ঠদেশে স্থান পায়। বঙ্কিম বাবু, রাখাল বাবু, (তাঁহার জামাতা), তাঁহার ভ্রাতুষ্পুত্র বিপিন বাবু, (অধুনা সবজজ), ডেপুটী বাবু শ্যামধর রায়, বাবু অক্ষয়চন্দ্র সরকার, স্বয়ং জেলার ম্যাজিষ্ট্রেট এবং জজ প্রভৃতি অন্যান্য সাহেব সস্ত্রীক উপস্থিত ছিলেন। কিন্তু সকলেই বিব্রত, সাহেবেরা আপন মেম লইয়া ব্যস্ত; বঙ্কিম বাবু ব্যস্ত জামাতা রাখাল বাবুকে লইয়া। তাঁহাকে কোন নিরাপদ স্থানে রাখিবার জন্য আমায় অনুরোধ করায় আমি তাঁহাকে গ্রীনরুমে রাখিয়া আসি। এই উপলক্ষে কয়েকজন সম্ভ্রান্ত লোক বিশেষরূপে প্রহৃত হইয়াছিলেন। কাহারও পিঠে ছড়ি ভাঙ্গিল, কাহারও কপাল দিয়া রক্ত ছুটিল, কাহারও বা গলবিলম্বী সোণার চেন যে কোথায় উড়িয়া গেল তাহার স্থিরতা হইল না। তখন রণ-বিজয়ীগণ আবার স্ব স্ব স্থান অধিকার করিলে পুনর্ব্বার অভিনয় আরম্ভ হইল। অভিনয় সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল, স্বনাম খ্যাত ৺গিরিশচন্দ্র ঘোষ মহাশয় রাম ও মেঘনাদের অংশ অভিনয় করেন। অক্ষয় দাদা হয়ত মনে করিয়াছিলেন যে আমি চেষ্টা করিলে এতটা ঘটিত না। কিন্তু সেটা তাঁহার ভ্রম। চেষ্টা করিলে সম্ভবতঃ ছড়িগুলি সাদরে আমারই পৃষ্ঠে আশ্রয় লাভ করিত। যাহাই হউক আমি অব্যাহতি পাইলাম না। তাহার পরদিন "সাধারণী" সংবাদ পত্রে "ঘরের শত্রু বরযাত্রী" নামে একটী সুন্দর রঙ্গরসপূর্ণ প্রবন্ধ প্রকাশিত হইল। বুঝিলাম অক্ষয় দাদা ঝালটা আমারই ঘাড়ে ঝাড়িয়াছেন!

বঙ্কিম বাবু রাখাল বাবুকে যেমন ভালবাসিতেন, তাঁহার পুত্রগণকেও তেমনি স্নেহ করিতেন। একদিন তাঁহার কোন দৌহিত্র শ্বশুরালয়ে যাইবেন। দ্বারে গাড়ী দাঁড়াইয়া। তিনি স্বয়ং যাইয়া তাঁহাকে গাড়ীতে তুলিয়া দিতেছেন। যুবকের মুখে রৌদ্রের আভা পড়িল দেখিয়া তাঁহার হস্তস্থিত ছাতাটী তাহার মাথার উপর ধরিলেন। তিনি তাঁহাদের মাতামহ না থাকিয়া যেন প্রিয় বন্ধু ছিলেন। সেই বন্ধুহারা হইয়া তাঁহারা না জানি কি মর্ম্মস্পর্শী শোক পাইয়াছেন।

যখন তাঁহার দ্বিতীয়া কন্যা আত্মহত্যা করেন তখন তাঁহাকে বড়ই বিচলিত দেখিয়াছিলাম। তিনি কয়েকদিন কাহারও সহিত ভাল করিয়া কথা কহেন নাই। তাহার পর হইতেই নাকি তাঁহার দেহে বহুমূত্রের সূত্রপাত হয়।

বঙ্কিম বাবু দানশীল ছিলেন, ভিক্ষার্থী কখনও তাঁহার নিকট বিমুখ হইত না। বর্দ্ধমানে একবার ভীষণ দুর্ভিক্ষ হইয়াছিল। ইংরাজি ১৮৭৩ বা ৭৪ সাল বলিয়া মনে হয়। এই সময়ে তিনি তথায় বেড়াইতে গিয়া তাহাদের দুঃখে ব্যথিত হইয়া ২০০৲ টাকা দান করিয়াছিলেন। ১৮৭৬ সালে ডাক্তার মহেন্দ্রনাথ সরকারের বিজ্ঞান সভায় ৫০০৲ টাকা চাঁদা দিয়াছিলেন। এরূপ অনেক দান তিনি করিয়া গিয়াছেন। বর্দ্ধমানের দুর্ভিক্ষের সময় একটী পঞ্চম বর্ষীয়া বালিকাকে সঞ্জীব বাবুর বাটীর সম্মুখস্থ তিন্তিড়ি বৃক্ষতলে ফেলিয়া তাহার পিতা নিরুদ্দিষ্ট হয়। পিতাঠাকুর মহাশয় কাছারি হইতে আসিবার সময় রোদনশীলা বালিকাকে দেখিতে পাইয়া সঞ্জীব বাবুর বাসায় লইয়া যান, তখন বঙ্কিম বাবুও তথায় ছিলেন। বালিকার পিতার সন্ধান না হওয়ায় পিতৃদেব তাহাকে আপন বাসায় আনিয়া কন্যার

তার প্রতিপালন করেন এবং স্বদেশে একটী বাগ্দী প্রজার সহিত তাহার বিবাহ দেন। বালিকার নাম ছিল "নন্দরাণী"। সে আজিও বাঁচিয়া আছে। বঙ্কিম বাবু কিন্তু কখনও সে বালিকাকে ভুলেন নাই, যখনই বর্দ্ধমানে আসিতেন তখনই তাহাকে দেখিতেন, তাহার সহিত রঙ্গরস করিতেন। সে কলের গাড়ীর ছড়া কাটিত তিনি তাহাই হাস্যবদনে শুনিতেন। পরে কলিকাতায় অবস্থানকালেও তাহার সংবাদ লইতে ভুলিতেন না।

বঙ্কিম বাবুর পিতা স্বর্গীয় যাদবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়কে আমি ২।৪ বার মাত্র দেখিয়াছি। প্রথম দর্শন পিতার শ্রাদ্ধ উপলক্ষে নিমন্ত্রণ করিতে যাইয়া। বঙ্কিম বাবু আমাকে তাঁহার নিকট লইয়া যান। দূর হইতে দেখিলাম ঠাকুর দালানের মধ্যস্থলে তেজঃপুঞ্জ একটী সজীব দেবতা মূর্ত্তি বসিয়া আছেন। শুভ্র কেশ, দীপ্তিমান চক্ষু, কান্তিময় দেহ। তিনি আমাকে দুঃখ করিয়া বলিলেন "দিগম্বরের শ্রাদ্ধ সংবাদ আমায় না দিলেই ভাল হইত।" ইডেন সাহেব ছোটলাট হইবার পর দিগম্বর বলিয়াছিল, 'এইবার আমার রাজত্ব আসিল, এখন হইতে ক্রমান্বয়ে যত ছোটলাট আসিবে সকলেই আমার বিশিষ্ট বন্ধু। এতদিন আমি মন খুলিয়া লোকের উপকার করিতে পারি নাই। এইবার করিব।' সুতরাং দিগম্বরের অকাল-মৃত্যুতে অনেকের আশা ভরসা নষ্ট হইল।"

বঙ্কিম বাবু স্পষ্ট বলিলেন "শ্রাদ্ধে আমরা কেহ যাইব না, একি তোমার ঠাকুরমার শ্রাদ্ধ যে বলিতে আসিয়াছ?"

পিতার মৃত্যুতে অনেক গণ্যমান্য ইংরাজ ও বাঙ্গালীর নিকট হইতে শোকসূচক পত্র পাইয়াছিলাম। তদানীন্তন ছোটলাট সার এসলি ইডেনও তদ্রূপ একখানি (condolence letter) পত্র দিয়া অনুগৃহীত করিয়াছিলেন। বর্দ্ধমানের স্বর্গীয় মহারাজ আফ্তাপ চাঁদ মহাতপ বাহাদুরের রাজ্য প্রাপ্তি (installation) উপলক্ষে তিনি বর্দ্ধমানে যাইয়া আমার পিতার কয়েকটী বন্ধুকে বলেন "দিগম্বরের ছেলেরা আমার সহিত দেখা করেনা কেন?" বঙ্কিম বাবুর কনিষ্ঠ সহোদর পূজ্যপাদ পূর্ণ বাবু তখন হুগলীর স্পেশাল সবরেজিষ্ট্রার। তিনি ইহা শুনিয়া বলেন "তোমরা কেমন লোক হে, যাঁহার সহিত উপাসনা করিয়া সাক্ষাৎ হয় না, তিনি তোমাদের দেখিতে উৎসুক অথচ দেখা কর না।" ইহার পর আমি বেল্‌ভেডিয়ারে তাঁহার সহিত সাক্ষাৎ করি। তিনি বিশেষ স্নেহ ও যত্ন সহকারে আমাদের পারিবারিক প্রসঙ্গ উত্থাপন করিয়া অবশেষে আমাকে চাকরী করিতে বলেন এবং তাঁহার সেক্রেটারি অনারেবল হোরেস কক্‌রেন সাহেবকে পত্র দেন আমাকে সবডেপুটীর চাকরী দিতে। সে বোধ হয় ১৮৭৯ সালের কথা। তখন আমি তরুণবয়স্ক যুবক, এণ্ট্রান্স ক্লাশে পড়ি। চাকরীর বাজারের বিশেষ খবর রাখি না। তাই কক্‌রেন সাহেবের কাছে চাকরী করিতে অস্বীকার করি। তিনিও আমার পিতৃবন্ধু ছিলেন। এই গর্হিত কার্য্যের জন্য আমি বঙ্কিম বাবু, সঞ্জীব বাবু, পূর্ণবাবু ও অপরাপর পিতৃ-সুহৃদ কর্ত্তৃক যথেষ্ট তিরস্কৃত হইয়াছিলাম। তখন ভাবিতাম চাকরী না করিলে কি চলেনা? লাট সাহেব ক্রমে শুনিলেন যে আমি চাকরী না করিয়া পুনরায় পাঠারম্ভ করিয়াছি। তখন তিনি হুগলী কলেজের তদানীন্তন প্রিন্সিপাল গ্রিফিথ্স সাহেবকে আমার উপর দৃষ্টি রাখিবার জন্য পত্র লেখেন। সেই পত্র পাইয়া তিনি ক্লাশে আসিয়া আমার অনুসন্ধান করেন। আমি সেদিন কলেজে যাই নাই। আমার সহপাঠী ও প্রিয় সুহৃদ বাবু প্যারীমোহন হালদার (অধুনা কলিকাতা মিউনিসিপালিটীর এসেসরের হেড্ ক্লার্ক) আমাকে সন্ধ্যার সময় এই সংবাদ দেন। তদানীন্তন দেব-প্রকৃতি সাহেবদিগের বন্ধুবাৎসল্যের ইহা একটী প্রকৃষ্ট পরিচয়।

যখন চাকরী করিবার আবশ্যকতা বুঝিলাম তখন চাকরীর বাজার বেশ গরম। বঙ্কিম বাবুকে বলিলাম "আমার একটী চাকরী করিয়া দিন।" তিনি বলিলেন "আমি সাহেবদের সুপারিশ করিতে বড় নারাজ। তুমি নিজে চেষ্টা কর। যদি অকৃতকার্য্য হও বলিও আমার বন্ধু রমেশচন্দ্র দত্তকে পত্র দিব তিনি সব্‌রেজিষ্ট্রী চাকরী করিয়া দিবেন। সম্প্রতি আমার ভ্রাতুষ্পুত্র শচীশের জন্য

অনুরোধ করিয়াছি, তাহার চাকরী হইয়া না গেলে বলিতে পারিতেছি না।" কিন্তু বলিয়া দিলেন যে "বর্ত্তমান ছোট লাট সার ষ্টুয়ার্ট বেলির সহিত তোমার পিতার বিশেষ বন্ধুত্ব ছিল তাঁহার কাছে যাও; সুবিধা হইতে পারে।" আমি একখানি পরিচয়-সূচক পত্র (Letter of introduction) চাহিলে বলেন "আমার সহিত তাঁহার বিশেষ আলাপ পরিচয় নাই।"

যাহাই হউক আমি বেলি সহেবের সহিত সাক্ষাৎ করি এবং সাক্ষাৎ কালে আমার "গ্রন্থাবলী" প্রথম ভাগ তাঁহাকে উপহার দিই। তিনি সহাস্যবদনে পুস্তকখানি গ্রহণ করিয়া বলিয়াছিলেন "I hope you will become second Bankim Chandra in time." বঙ্কিম বাবুর তাঁহার সহিত বিশেষ আলাপ না থাকিলেও তিনি বঙ্কিম বাবুকে যে বিশেষ রূপে জানিতেন, তাহা বুঝিয়া ছিলাম। তখন লায়ান সাহেব, অধুনা Hon'ble P. C. Lyon, তাঁহার Private Secretary ছিলেন। বেলি সাহেব তাঁহার সহিত আমার পরিচয় করিয়া দেন এবং বলেন যে আমার পিতা তাঁহার বিশেষ বন্ধু ছিলেন। বাঙ্গলার ছোট লাটের এতাদৃশ সহৃদয়তা তখনও বর্ত্তমান ছিল। তাঁহার কৃপায় এবং বঙ্কিম বাবু উপদেশে আমি অচিরে চাকরী পাইয়াছিলাম।

লোকের প্রকৃতি নানাবিধ। কেহ পরের জন্য সাহেবদের কৃপাপ্রার্থী, কেহবা নিজের আত্মীয়স্বজনের জন্য। এ বিষয়ে নিষ্কাম ভাব ত দেখিতে পাই না। শচীশ বাবু লিখিয়াছেন (২৪৮ পৃষ্ঠা) "বঙ্কিম বাবু নিজের জন্য কখনও রাজদ্বারে ভিক্ষার্থী হয়েন নাই। আত্মীয় স্বজনের জন্য তিনবার ভিক্ষা চাহিতে হইয়াছিল। একবার জ্যেষ্ঠ জামাতার জন্য, দ্বিতীয়বার ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত বিপিনচন্দ্রের জন্য, তৃতীয়বার এই ক্ষুদ্র লেখকের জন্য।

বঙ্কিম বাবু তেজস্বী অথচ কার্য্যকুশল রাজপুরুষ ছিলেন। তাঁহার নিজের জন্য কাহারও কৃপা ভিক্ষার আবশ্যক ছিল না। শাসন ও বিচার কার্য্যে যে সকল গুণের আবশ্যক তাহাতে তাঁহার অভাব ছিল না। সুতরাং তাঁহাকে পরমুখাপেক্ষী হইয়া স্বীয় উন্নতির পথ পরিষ্কার করিতে হয় নাই।"

ইহাই যথেষ্ট। তাই মনে হয় প্রথমোক্ত অংশটুকু জীবনীতে না থাকিলেই ভাল হইত। শচীশ বাবু দেখাইতে চেষ্টা করিয়াছেন যে তিনি কৃপা ভিক্ষা করিতেন না, তবে যেখানে না করিলে চলে না, সেখানে দায়ে পড়িয়া করিতেন। ইহাতে তাঁহার গৌরব রক্ষা হয় নাই। যিনি পরের জন্য অপরের কৃপাভিক্ষার্থী তিনিই বরং গৌরবার্হ।

বঙ্কিম বাবু অত্যন্ত পিতৃভক্ত ছিলেন। বঙ্কিম বাবু যখন ৫।৬ শত টাকা বেতন পান তখনও তাঁহার খরচপত্র কুলাইত না। অধিক কি কিছু দেনাও ছিল। এ কথা তাঁহাকে নিজমুখে আমার পিতার নিকট বলিতে শুনিয়াছি। ঋণ কন্যার বিবাহ ও পিতৃঋণ পরিশোধ জন্যই হইয়াছিল।

যাদব বাবু ২২৫৲ টাকা পেন্সন পাইতেন বটে কিন্তু তাহাতেও তাঁহার কুলাইত না। তিনি কনিষ্ঠ পুত্রের প্রতি সমধিক স্নেহশালী ছিলেন। তাঁহার এবং সঞ্জীব বাবুর আয় তখন কম ছিল বলিয়া তাঁহাদিগকে সাধ্যাতিরিক্ত সাহায্য করিতেন। এই সকল কারণেই নাকি তাঁহার ঋণের সৃষ্টি।

যাদব বাবু পুত্রদিগের মধ্যে বিশেষ সদ্ভাব দেখিয়া তাঁহাদিগকে স্বাবলম্বন শিক্ষা দিবার জন্য পৃথক করিয়া দেন। তাঁহার বিশ্বাস ছিল একান্নবর্ত্তী পরিবার মধ্যে চারি ভাই থাকিলে ভবিষ্যতে এ স্নেহ মমতা ও সৌহার্দ্দটুকু থাকিবে না। এই বন্ধুত্ব বহুকাল যাবৎ ভ্রাতায় ভ্রাতায় অটুট ছিল। চারি ভ্রাতায় যখন একত্র বসিতেন তখন চারিটী গুড়গুড়ী পড়িত। একত্র তাস খেলিতেন, গান গাহিতেন এবং নানাবিধ রসামোদ চলিত। কিন্তু শেষে সেরূপ থাকে নাই। জ্যেষ্ঠ ও মধ্যম সহোদরের সহিত বঙ্কিম বাবুর মনোমালিন্য ঘটিয়াছিল এবং তাহার পরিণামে সঞ্জীব বাবুকে শেষ জীবনে একটু কষ্টও পাইতে হইয়াছিল।

সঞ্জীব বাবু কিছু অপরিমিত ব্যয়ী ছিলেন। তিনি চাকরী ছাড়িয়া দিলে বঙ্কিম বাবু তাঁহাকে মাসিক ১০০৲ টাকা দিতেন, কিন্তু ইহাতে সঞ্জীব বাবুর কি হইবে? শেষে তাহাও দেন নাই ৫০৲ টাকা হিসাবে

দিতেন। না দিবার কারণও ছিল, কিন্তু আমি সে সকল গুহ্য কথা অপ্রকাশ রাখিলাম।

পণ্ডিত রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট শুনিয়াছি যে যাদব বাবুকে গঙ্গাযাত্রা করা হইলে বঙ্কিম বাবু ও পূর্ণ বাবু অন্যান্য আত্মীয়গণসহ সর্ব্বদা তাঁহার নিকট উপস্থিত ছিলেন। একদিন বঙ্কিম বাবু পার্শ্বের ঘরে উপবিষ্ট এমন সময় পিতার দীর্ঘ নিঃশ্বাস তাঁহার কর্ণমূলে প্রবেশ করিল, তিনি ছুটিয়া গিয়া বলিলেন "অমন করিয়া নিঃশ্বাস ফেলিলেন কেন?" তিনি বলিলেন "আর কিছু নয় বঙ্কিম, মনের একটা কষ্ট আছে কিন্তু তোমায় বলিতে আর সাহস হয় না।"

বঙ্কিম। কেন বাবা?

যাদব। তুমি কয়েকবার আমার ঋণ শোধ করিয়াছ, কিন্তু কতবার আর বলিব?

বঙ্কিম বাবু অমনি বলিলেন, "সে সব ভাবিবেন না। দেনা আছে আমিও আছি; আপনি এ সময়ের যে চিন্তা তাহাই করুন।"

সেই মৃতপ্রায় মহাপুরুষের মন প্রফুল্ল হইল। তখন তাঁহার দেনা নাকি প্রায় ৪০০০৲ চার হাজার টাকা। বঙ্কিম বাবু সে সমস্তই পরিশোধ করিয়াছিলেন। এতটা পিতৃভক্তি অধুনা বিরল!

বঙ্কিম-জীবনীতে উল্লিখিত সন্ন্যাসী সম্বন্ধে আরও অনেক কথা আছে কিন্তু তাহা সাধারণের নিকট প্রকাশযোগ্য নহে। যাদব বাবুর চারি সন্তানের মধ্যে কাহার বংশ সমুজ্জলভাবে দীর্ঘস্থায়ী হইবে তাহাও নাকি তিনি বলিয়া গিয়াছিলেন।

সমাজ ও স্বদেশের জন্য বঙ্কিম বাবু বড়ই ভাবিতেন, কিন্তু সেই বিশাল হৃদয়ের নিভৃত কক্ষে কখন কোন ভাবের উদয় হইত তাহা অপরের বোধযোগ্য ছিল না। তাঁহার বুকের ভিতর আগ্নেয় গিরির প্রবল উচ্ছ্বাস চাপা ছিল। তিনি দেশকাল বুঝিতেন, হৃদয় দমন করিবার ক্ষমতা রাখিতেন, তাই তাঁহার অনেক ভাব সাধারণের অজ্ঞাত। "বন্দে মাতরম্" সেই চাপা প্রাণের চাপা রচনা। তিনি জানিতেন একদিন কোটী কোটী ভারত-সন্তান "বন্দে মাতরম্" মহাসঙ্গীত উচ্চকণ্ঠে গাহিবে, তাহার ধ্বনি হিমাদ্রি-শিখরে প্রতিধ্বনিত হইবে, তাহা সাগর-বক্ষে নাচিতে নাচিতে দেশ দেশান্তরে ছুটিবে।

বঙ্কিম বাবু যে উদ্দীপনা-প্রভাবে "আনন্দ মঠ" রচনা করিয়াছিলেন সে ভাবে উহার পরিসমাপ্তি করিতে পারেন নাই। তাঁহার দুই একটী বিশিষ্ট বন্ধুর পরামর্শ মতে ইহার শেষ দুইটী পরিচ্ছেদ তুলিয়া নূতন দুইটী পরিচ্ছেদ সন্নিবিষ্ট হয়। বঙ্কিম বাবু শুধু ঔপন্যাসিক ছিলেন না, তিনি সমাজ ও স্বদেশের নেতা ছিলেন, কিন্তু সে নেতৃত্ব পূর্ণ মাত্রায় করিবার তাঁহার ক্ষমতা ছিল না, সকল কথা প্রাণ খুলিয়া বলিবার তাঁহার অধিকার ছিল না। তথাপি বলিতে হইবে যে তাঁহার উপন্যাস দেশে যে একপ্রাণতা সমুপস্থিত করিয়াছে, যে স্বদেশপ্রিয়তা জাগাইয়া দিয়াছে, তাহা অনেক বাগ্মীর নর্ত্তন কুর্দ্দনে হয় নাই।

শচীশ বাবু "বন্দেমাতরম্" গীত-রচনা সম্বন্ধে বলিয়াছেন যে বঙ্গদর্শনের কার্য্যাধ্যক্ষ শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেন যে কাপির অভাবে কাজ বন্ধ আছে আর অমনি "বন্দেমাতরম্" গানটী বঙ্কিম বাবু লিখিয়া দেন। কিন্তু আমি অন্যরূপ শুনিয়াছি। আনন্দমঠ রচনার পূর্ব্বেই "বন্দেমাতরম্" সঙ্গীতটী রচিত হয়। গানটী পড়িয়া পণ্ডিত মহাশয়ের সেটী ছাপিবার বলবতী ইচ্ছা হওয়ায় তিনি ঐ কথা বঙ্কিম বাবুকে বলিয়াছিলেন কিন্তু তিনি তাহার উত্তরে বলেন "এ গান ছাপিবার ও বুঝিবার সময় এখনও হয় নাই, এ গানের গৌরব এখন হইবে না। যদি বাঁচিয়া থাক আর ত্রিশ বৎসর পরে এ গানের কি আদর হয় তাহা বুঝিবে।"

সত্য সত্যই তাঁহার ভবিষ্যৎ-বাণী সফল হইয়াছে।

বঙ্কিম বাবুর "মৃণালিনী" সম্বন্ধে একবার কোনও একটী ভদ্রলোক বলিয়াছিলেন "'কণ্টকে গড়িল বিধি মৃণাল অধমে।'—এটা আপনি কেমন করিয়া লিখিলেন? মৃণালে কণ্টক নাই। পদ্মের ডাঁটাকে মৃণাল বলে না, "নাল" বলে। মৃণাল মৃত্তিকায় থাকে, সেটা সাদা গোড়া। তাহা হস্তীতে সাদরে আহার করে।"

বঙ্কিম বাবু ক্ষণেক নিস্তব্ধ থাকিয়া মৃদু হাস্য সহকারে বলিয়াছিলেন "মৃণালে কাঁটা থাক আর নাই থাক, আর তাহা কর্দ্দমে থাকুক বা হস্তীতে আহার করুক, আমি মৃণালই বলিব। গানের সৌন্দর্য্য নষ্ট করিতে পারিব না। লোকেও বুঝে আমি কোন অর্থে ঐ শব্দ ব্যবহার করিয়াছি।"

তিনি বলিলেন, "তবে আপনার মত লোকেও কি ভুল লিখিছেন ?"

বঙ্কিম বাবু সহাস্যে উত্তর দিলেন, "দোষ কি? দাশুরায় গাহিয়াছিলেন—

ষড়রিপু হলো কোদণ্ড স্বরূপ,
পুণ্য ক্ষেত্র মাঝে কাটিলাম কূপ ;

তাহাতে তাঁহার কি আসিয়া গিয়াছে ?"

(ক্রমশঃ)

শ্রীতারকনাথ বিশ্বাস।

অন্ধ বিশ্বাস।

নকল কি এক আলোক হাতে এসে
ভুলিয়ে নিয়ে চল্‌লে সে কোন্ দেশে,
ধ্রুবকে মোর হারিয়ে দিলে নাথ !
চাতুরীর এই আদর দিয়ে মানা
জীবনে আর ছিল নাক জানা,
অনিত্যকে তাই বাড়িয়ে দিলেম হাত।
কামুষের অই আলোকপানে চেয়ে,
মোহের ঘোরে এলো চক্ষু ছেয়ে—
মিথ্যাচারের উঠ্‌লো নেচে জয়।
আলেয়ার সে আলো যতই সরে
পথহারা অন্ধ দিগন্তরে
শঙ্কা হানেমরণ-অভিনয়।

তার চেয়ে আজ আঁধার এসে ঘন
শুভ যাত্রার করুক আয়োজন ;
গভীর নেশায় দাওগো টুটে ঘোর।
তফাতের আজ সকল শূন্য ফাঁকা
কালোর বুকে রইবে আঁচল-ঢাকা,
নিতল তলে মিশিয়ে যাবে ক্লেশ।

ধরার শান্তি সুদূর হতে আজ টেনে
বুকের কাছে দিওনাক'এনে,
আদর দিয়ে করোনাক পর।
চরণ আমার যতই ভয়ে চলে,
সে যেন গো পথহারার বলে—
যে পথে সেই অচিন্ তোমার ঘর।

শ্রীঅদ্বৈতচরণ সরকার

VOL. 6. No. 10.

JANUARY 1917.

THE Dacca Review

CONDUCTED BY

BIDHUBHUSAN GOSWAMI, M.A.,

AND

SATYENDRANATH BHADRA M.A.

Annual Subscription, (inclusive of postage) . . . Rs. 5-6-0

Single Copy 0-8-0

EVERY BODY PRAISES WHAT IS HIS OWN

But impartial verdict comes from the public and the Press

USE

ORIENTAL SOAPS.

FOR

They are the best for economy and complexion

THE ORIENTAL SOAP FACTORY,

GOABAGAN, CALCUTTA.

Tel: "Kowstove," Calcutta.

(TRIED OVER 30 YEARS.)

Composition-Aswagandha-Coco. Munoomica, Damian. Phosphorus, &c.

REGINUS—Universally praised by your physicians as a Brain Food and Tonic.

REGINUS is now prescribed to cure completely Bodily fatigue, Brain Exhaustion, Weakness of every sort, &c., &c.

ASTHMA:—With dry cough, hard breathing periodical fits, palpitation spitting out sticky phlegm Keeping up sleepless nights for fear of Suffocation, &c. Cured radically by our specific remedy. Bottle Rs. 5.

DIABETES and PILES are cured very shortly with our proved Cures. Bottle Rs. 3 each.

Complete list of preparations sent free.

THE RANAGHAT CHEMICAL WORKS.
RANAGHAT. BENGAL.

Printed by P. B. CHAKRAVARTI, at the Sreenath Press, 25, Nayabazar Road, Dacca
ahd
Published by HARI RAM DHAR B.A. Patuatoli, Dacca

It is requested that all articles intended for publication may be sent to Professor S. N. Bhadra, Nyabazar, Dacca.

All business communications and all complaints regarding non-delivery of the Magazine should be addressed to—

The Manager, "DACCA REVIEW,"
5, Nayabazar Road, Dacca.

N.B.—I take this opportunity of expressing our sincere gratitude to the numerous gentlemen of light and leading who have encouraged us in this venture, either by the assurance of their warm and sympathetic support or by offering to contribute to this Magazine. Among other we may mention the names of :—

The Hon'ble Mr. P. C. Lyon, C.S.I.
The Hon'ble Sir Harcourt Butler, K. C. I. E.
The Hon'ble Sir Archdale Earle K. C. I. E.
The Hon'ble Nawab Syed Sir Shamshul Huda, K. C. I. E., M.A., B.L.
The Hon'ble Sir Asutosh Mookerjee, Sastra Vachaspati Kt., C.S.I., M.A., D.L.

The Hon'ble Mr. H. LeMesurier, C.S.I., C.I.E., I.C.S.
Mr. R. Nathan, B.A., C.S.I., C.I.E., I.C.S.
Mr. H. Sharp, C.S.I., C.I.E., M. A.
Mr. N. D. Beatson Bell, C.S.I., C.I.E., I.C.S.
Mr. J. Donald, I. C. S.
Mr. W. W. Hornell, M.A.
Mr. W. J. Reid, C.I.E., I.C.S.
J. G. Cumming, C. S. I.
F. C. French Esq., I.C.S.
W. A. Seaton Esq., I. C. S.
R. B. Hughes-Buller, Esq., C.I.E., I.C.S.
Major W. M. Kennedy, I.A.
Ven'ble Archdeacon W. K. Firminger, M.A.
Sir John Marshall, K.C.I.E., M.A., LITT. D., F.S.A.
The Hon'ble Mr. K. C. De, C.I.E., B.A., I.C.S.
" Mr. L. Birley C. I. E., I. C. S.
H. M. Cowan, Esq. I. C. S.
J. N. Gupa Esq., M.A. I.C.S.
W. L. Scott, Esq., I.C.S.
G. S. Dutt Esq., I.C.S.
Rev. Harold Bridges, B. D.
Dr. J. C. Bose, C.S.I., C.I.E.
W. A. J. Archbold, Esq., M.A., L.L.B.
H. E. Stapleton Esq., M.A., B.Sc.
Dr. P. K. Roy, D.Sc.
Dr. P. C. Ray, C.I.E. M.A., D.Sc. (London)
B. L. Choudhri, Esq., M.A., B.Sc. (Lond.)
P. N. Datta, Esq., Geol. Dept., G. of I.
Mahamahopadhyaya Pundit Hara Prasad Sastri, C.I.E.
Principal Evan E. Biss, M.A.
" Rai Kumudini KantaBannerji Bahadur, M.A
" Rai Lalit Mohan Chatterji Bahadur, M. A.
" J. R. Barrow, B. A.
Professor R. B. Ramsbotham M. A., (Oxon).
" J. C. Kydd, M. A.
" W. Douglas, M. A., B. Phil., B. D.
" T. T. Williams M. A., B. Sc.
" Egerton Smith, M. A.
" G. H. Langley, M. A.
" Rai B. N. Das Bahadur, M. A. B.Sc.
Debendra Prasad Ghose.
" Panchanon Nyogi, M.A.
Hon'ble Maharaja Bahadur of Dinagepore, K.C.I.E.
The " Maharaja Bahadur of Cassimbazar, K.C.I.E.
The " Maharaja Bahadur of Shushung.
The " Maharaja Bahadur of Nashipur.
The Hon. Raja Bahadur of Mymensing.
Prof. J. N. Das Gupta, M.A., (Oxon).

Mr. Justice Digambar Chatterjee.
Sir Gooroodas Banerjee, KT., M.A., D.L.
The Hon'ble Dr. Devaprasad Sarvadhicari M. A. L. L. D. C. I. E.
Mr J. H. Kerr, C.I.E., I. C. S.
Mr. Justice B. B. Newbould, I.C.S.
Col. P. R. Gurdon, C.S.I., I.A.
Nawab Syed Nawab Ali Chowdhuri.
Rai P. Mookerjee Bahadur, M.A.
Babu Ananda Chandra Roy.
J. T. Rankin Esq. I.C.S.
B. C. Allen Esq., B.A., I.C.S.
S. G. Hart, Esq., B.A., I.C.S.
F. D. Ascoli, Esq., M.A., I.C.S.
J. McSwiney, Esq., M.A., I.C.S.
F. P. Dixon, Esq., I.C.S.
N. E. Parry, Esq., I.C.S.
W. R. Gourlay, Esq., C.I.E., I.C.S.
T. O. D. Dunn Esq., M.A.
E. N. Blandy Esq., I.C.S.
D. S. Fraser Esqr, I.C.S.
Rai Jamini Mohon Mitra Bahadur.
Raja Monmotho Nath Rai Chaudhury of Santosh.
Babu Deba Kumar Rai Chaudhuri of Barisal.
Rai Bahadur Rajendra Chandra Sastri, M.A.
" Sarat Chandra Das, C. I. E.
" Charu Chandra Choudhuri, Sherpur.
" Sures Chandra Singh.
Khan Bahadur Syed Aulad Hossein.
Mahamahopadhaya Dr. Satis Chandra Vidyabhushan.
" Pramatha Nath Tarkabhushan.
Kumar Sures Chandra Sinha.
Babu Chandra Sekhar Kar, Deputy Magistrate.
Jatindra Mohan Sinha, Deputy Magistrate.
Pramotha Nath Rai Chaydhuri of Santosh.
Hirendra Nath Dutt, M. A., B.L.
Radha Kamal Mukerji, M.A.
Rakhal Das Banerjee, Calcutta Museum.
Hemendra Prosad Ghose.
Akshoy Kumar Moitra
Jaladhar Sen.
Jagadananda Roy.
Binoy Kumar Sircar.
Gouranga Nath Banerjee.
Ram Pran Gupta.
Dr. D. B. Spooner.
Kunwar Sain Esq., M.A., Bar-at-Law. Principal, Lahore Law College.

CONTENTS.

Old friends and new faces	... ...	i
The Paribrajaka of Pre-Buddhist India ...	Prof. Sukumar Dutt, M. A. ...	262
The Need of Agricultural Education in the schools	S. K. Mitra (University of California)	277
An Introduction to the Study of Archaeology	Monmohan Ganguly, B. E. ...	286
The Christmas	Moulvi Bahar-Uddin Ahmad ...	294

সূচী।

বিষয়	লেখকগণের নাম	পৃষ্ঠা
। বসন্ত-ভারতী (কবিতা)	শ্রীযুক্ত কালিদাস রায় বি, এ, ...	২৫৩
২। মগধের রাজবংশ	শ্রীযুক্ত রামপ্রাণ গুপ্ত	২৫৩
৩। প্রাচীন ভারতের নাট্যশাস্ত্র ও অভিনয়-কৌশল	শ্রীযুক্ত রাজেন্দ্রলাল আচার্য্য, বি, এ, ...	২৬০
৪। বন্দনা (কবিতা)	শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত	২৭১
৫। পরেশনাথ পাহাড়	শ্রীযুক্ত রবীন্দ্রনাথ সেন	২৭২
৬। অশোক (কবিতা)	শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোম	২৭৫
৭। চীনা ও জাপানি সমাজদ্বয়ের আব্‌হাওয়া ...	শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম, এ, ...	২৭৫
৮। সাঁঝে (কবিতা)	শ্রীযুক্ত কুলচন্দ্র দে	২৭৭
৯। বাঁশীরাজ	শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ বি, এ, ...	২৭৭
১০। আকাঙ্ক্ষা (কবিতা)	শ্রীযুক্ত পরিমলকুমার ঘোষ এম্, এ, ...	২৮০
১১। হরিশ্চন্দ্রের কীচকবধ কাব্য	শ্রীযুক্ত গিরিজাকান্ত ঘোষ	২৮০
১২। মাসিক সাহিত্য সমালোচনা	শ্রীযুক্ত সমালোচক	২৮৪
১৩। গ্রন্থ-পরিচয়	শ্রীযুক্ত উমেশচন্দ্র ভট্টাচার্য্য এম্, এ, ...	২৮৭

OLD FRIENDS AND NEW FACES.

Official life in India is one long series of leavetakings and we are constantly reminded of what Byron said to Hobhouse ' Hobhouse, you should never have come; or you should never go.' Five years is the allotted span of life for an Indian Governor, and now the time has come for us to bid their Excellencies Lord and Lady Carmichael on behalf of all in Dacca a respectful farewell. It seems but yesterday that we welcomed His Excellency at the Ghat on the occasion of his first visit and listened to the speech, so characteristically humourous and kindly, which he then made to us. The pageant is now over and the Proconsul must leave us for ever. We wish him to know that his obvious fondness for and interest in our ancient city have made us one and all sincerely grateful. He leaves none but friends in Dacca.

It would be idle to suggest that our Governor has been able to do all that he hoped or expected to do when he first came to Bengal. All Governors no doubt have their disappointments. They find the world slower and possibly more stupid than they had thought it would be ; and in a new province there are many claims and many very obstinate people. But in this case there was also the pressure of circumstances far beyond any human calculation. The War at once extinguished all hope of large schemes and extended undertakings. Dacca University became the fabric of a dream and much else followed it. We talk of this, that, and the other as likely to come, but we all know that nothing new requiring large expenditure can possibly be inaugurated in our day, or indeed in our generation.

It is largely due to the tact aud persuasiveness of our popular governor that we have not felt this more; he has certainly reconciled us to our lot with extraordinary skill. The cards are tumbling about us but we go on playing like the good children Lord Carmichael persuades us that we are. If we dream our dreams are pleasant ones, and Dacca is a city of seeming

where the imaginative faculties have a better chance than in places further on the pathway to reality.

We cannot help adding that the personality of H. E. Lady Carmichael has made a profound impression upon all in this part of India. Her personal charm and her obviously deep and sincere interest in all that affected the daily life of the people gained her the admiration and gratitude of those who came even remotely under her influence. We may be allowed to apply to her the well-known lines of Spenser which have a feminine touch though they were written of Sidney :—

A sweet attractive kinde of grace,
A full assurance given by lookes,
Continuall comfort in a face,
The lineaments of Gospell bookes ;

When we turn in our journalistic way to the rising sun we feel full of hope. His Excellency Lord Ronaldshay has given valuable pledges of the interest that he takes in Dacca and no doubt he will pass a very considerable part of each year in our midst. We have been assured on very high authority that Dacca is a convenient place to do one's thinking in, and our new Governor will find lots to think about in Bengal ; at least most people do. But no doubt he will not always remain plunged in thought, the new Bengali legions will be thundering past for one thing, and so we may hope for some development in our body politic. There is a good deal that could be done in Dacca without seriously involving the straitened exchequer. Indeed Lord Ronaldshay may like to use Dacca as a kind of Municipal Laboratory in which useful experiments in town planning, drainage, local government and the like may be carried on. He will be able to watch the results on the spot and to draw his own conclusions as to our perfectibility, or the reverse.

But while we are deeply interested in the all-important question of what the new Governor intends to do for Dacca we must not lose sight of larger considerations. We are sure that he will receive from Bengal as a whole a hearty welcome and coming as he does at so critical a time he may be assured of what is termed the best construction. He may be certain of

one thing, that every one realises the heavy task he has undertaken. Journalists are fond of giving people advice, not always perhaps the best advice, but the best that they know. And so we venture with all respect to add our suggestion. Bengalis are above all things a humourous and light hearted people and they need not always be taken too seriously: many people too when they are angry are so with themselves quite as much as with any one else. But His Excellency will know all this quite as well as do. If hereditary instinct, political training, and an amiable and interesting personality can give Bengal what she requires, the future is indeed a bright one.

The Earl of Ronaldshay.

THE DACCA REVIEW.

VOL. VI. JANUARY, 1917. No. 10.

THE PARIBRAJAKA OF PRE-BUDDHIST INDIA.

Was the Fourth Asrama of Non-Aryan Origin?

—:o:—

THE PARIBRAJAKA.

Even in India of to-day the Paribrajaka is by no means an unknown figure. The history of this type of the religious wanderer who, in the picturesque Pali phrase, 'goes forth from the household into the houseless state' (*Agarasma anagariyam pabbajati*) dates back from unknown antiquity and is interesting from more than one point of view. For it was among this primitive community of houseless wanderers—these "dreamers and babblers of strange gospels," to quote the words of Kipling, that the germs of the two great religious systems, Buddhism and Jainism, were laid.

It would be difficult to generalise on the character of the truly miscellaneous community of *Paribrajakas* of Pre-Buddhistic India and the special attribute of this community which is emphasised again and again in Pali literature is their homelessness, their going forth from the household into the houseless state. Paribrajaka was probably their generic name, for the name denotes just their differentiating quality, but side by side with this general appellative, we find several other names, e. g. *Bhikku*, *Sannyasi* and *Sramana*. The exact connotation of these names is hardly indicated by their respective etymologies for so far as we can trace them the terms are used promiscuously and interchangeably. The names probably indicated some distinctions, but whether of rank, or of class or of external observances remains extremely uncertain. There is one distinction however that stands out very markedly and it is the distinguished position that is given to one class of *Paribrajakas*

who are called *Sramanas.* In the Kassapa-Sihanada-Sutta of Digha Nikaya, for instance, after each paragraph setting out the higher ideal of religious life it is said, "From that time, O Kassapa, is it the *Bhikkhu* is called a Sramana, is called a Brahmana." Evidently the position of the *Bhikkhu* was lower in the scale, and about the position of the *Sramana* we shall have occasion to speak at greater length later on.

But such distinctions as there might originally have been in the connotations of these various names tend afterwards to disappear; those who called themselves *Bhkkhus* are also called *Sakyaputta Sramanas.* The Hindu law-books, while treating of the fourth *Asrama* viz, that of the *Paribrajaka,* refer as an authority to a certain work, not extant, called *Sramanaka sutra.* The *Asrama* which is denominated as that of the *Bhikhhus* in Gautama is called that of the *Paribrajaka* in Vasista, Manu and later writers, the connotation of the one probably being felt to be the same as the connotation of the other. The name *Bhikhhu* or *Paribrajaka* again which we find in Gautama or Manu is often substituted for *Sannyasi* in the Upanishads. But what ever the names may be in the various citations and whatever the distinctions in detail, the common attribute attached to the condition of the Paribrajaka Sramana, Sannyasi or Bhikkhu is homelessness for the sake of religious life.*

It is worthy of note that this condition of life is never distinctly referred to in the Vedas unless it be in the mention of the Munis in the Rig Vedas. But the character the Rig Vedic *Munis* is wrapped in obscurity. They wander about, but whether this wandering is natural or supernatural is doubtful. Then again they have children. On the otherhand some of them wear soiled saffron cloths, keep long hair (but the *paribrajaka* is a *Munda*). It is difficult indeed to rely on such obscure hints. We donot know what exactly was the nature and motive of the wanderings of the *Munis* though a cognate condition is found in Munis, but the earliest mention of it occurs in the Upanishads. The condition of the Brahmachari as described in the Vedas is essentially different from this and specially in two respects; theBrahmachari is a student receiving instruction in Vedic lore while the religious wanderer, as clearly described in Pali literature is a teacher, philosopher, disputant; the Brahmachari again may wander from place to place, may indeed roam as far as the land of *Madras,* but it is always in search of a teacher or in order to learn sacrifice; the very idea of a Brahmacari is correlated to that of a Upadyaya or Acharya and this is a condition entirely different from the religious homelessness of the

* This class of religious men was not in early times strictly differentiated from another class who practised austerities in the forest. The difference comes in with the wandering habit of the former.

Paribrajaka. It is to be observed that the *Asrama* theory, which was invented at a much later stage, keeps these two conditions of life clearly and distinctly apart. A general view of the economy of primitive Aryan life and society as reflected in the *Vedas* will convince us that no place can be found therein for the Paribrajaka state of life. In fact neither of the terms I have referred to above which indicate this state is to be found in the Vedas. The conclusion is irresistible that the Aryans who originally settled in northern India did not bring with them the germs of this institution which also is not to be found among other primitive Indo-European communities. Dr. Rhys Davids is of opinion that the Paribrajaka is peculiar to India, and the probability amounts to a certainty that the conditions, motives, theories and practices that called the Paribrajaka into being were developed on the Indian soil and the problem is—how were they developed?

মহারাজ অশোকের পরবর্ত্তীকালে মৌর্য্য সাম্রাজ্যের অবস্থা এইরূপ দাঁড়াইয়াছিল,—রাজা দুর্ব্বল, অধিকাংশ প্রজা মৌর্য্য সাম্রাজ্যের ইষ্টানিষ্ট সম্বন্ধে উদাসীন, মহাশক্তিশালী ব্রাহ্মণকুল মৌর্য্য রাজবংশের বিদ্বেষী। ইহার ফলে আত্মপরায়ণ রাজপুরুষগণের সুযোগ উপস্থিত হয়; শাসন-যন্ত্র শিথিল হইয়া পড়িতে থাকে এবং দূরবর্ত্তী অংশসমূহ স্বাতন্ত্র্য অবলম্বন করিতে আরম্ভ করে। এই ভাবে ভূপ্রথিত মৌর্য্য সাম্রাজ্যের অধঃপতন সাধিত হইতে থাকে। এরূপ সময়ে বৈদেশিক গ্রীক রাজা মেনান্দর দেশ জয় করিতে করিতে মৌর্য্য সাম্রাজ্য-ভুক্ত অযোধ্যা প্রদেশে উপনীত হন। মগধের অধিপতি বৃহদ্রথের সেনাপতি পুষ্পমিত্র তাঁহার গতিরোধ করেন; গ্রীক-অধিপতি পরাক্রমশালী শত্রুসৈন্যের ব্যূহভেদ করিতে অসমর্থ হইয়া ভগ্নচিত্তে প্রস্থান করিতে বাধ্য হন। পুষ্পমিত্র বিজয়শ্রীশোভিত হইয়া লোকপ্রিয় হন এবং সে লোকপ্রীতির সুযোগে স্বীয় প্রভু বৃহদ্রথের হত্যা-সাধন পূর্ব্বক মগধের রাজসিংহাসন অধিকার করেন।

যে সকল কারণের সমবায়ে মৌর্য্য সাম্রাজ্যের ধ্বংস সাধিত হইয়াছিল, তাহা সংক্ষেপে প্রদর্শিত হইল। ইহার ধ্বংসের নিমিত্ত শেষ আঘাত সেনাপতি পুষ্পমিত্র কর্ত্তৃক প্রদত্ত হইয়াছিল। তিনি ব্রাহ্মণ জাতির অনুগত ছিলেন। এজন্য কোন কোন ইতিহাস-বেত্তা নির্দ্দেশ করিয়াছেন যে, ব্রাহ্মণকুলের প্রতিকূলাচরণই মৌর্য্য সাম্রাজ্যের ধ্বংসের কারণ ছিল।

ব্রাহ্মণ্য শক্তির পুনরভ্যুদয়।

মৌর্য্য-আধিপত্যের বিলোপ সম্বন্ধীয় কারণ যাহাই হউক, মগধে নূতন রাজবংশের শাসনকালে ব্রাহ্মণ্য শক্তির পুনরভ্যুদয় সাধিত হইয়াছিল।

---

* এই প্রসঙ্গে একজন প্রবীণ ইংরেজ যে মন্তব্য করিয়াছেন, তাহা এখানে উদ্ধৃত হইল।—

"All governments have been obliged to recognize an infinite variety among the governed of social customs and of religious beliefs, too firmly grounded to admit of interference. Thus the idea of religious toleration which was of slow growth in Europe was accepted in India generously from the earliest times. All religious communities were alike under the protection of the sovereign; and inscriptions plainly show that, when the goverment changed hands the privilege granted to religious communities were ratified by the new sovereign as a matter of course. In a special edict devoted to the subject of religious toleration Asoke definitely says that his own practice was to reverence all sects. In this edict he deprecates the habit of exalting one's own views at the expense of others, and admits that different people have different ideas as to what constitutes 'duty' (dharma). Such has been the attitude of enlightened rulers of India in all ages".—Ancient India. E. J. Rapson.

শুঙ্গবংশ।

ব্রাহ্মণ জাতির অনুগত পুষ্পমিত্র (কোন কোন মতে পুষ্পমিত্র নিজেই ব্রাহ্মণ ছিলেন) একসঙ্গে রাজ্যলালসা চরিতার্থ এবং ব্রাহ্মণ জাতির প্রাধান্ত সম্পূর্ণ করিবার অভিপ্রায়ে রাজক্ষমতা লাভ করিতে উদ্যোগী হন। পুষ্পমিত্র গ্রীকযুদ্ধে জয়লাভ করিয়া প্রত্যাগত হইলে মগধাধিপতি দুর্ব্বল-চিত্ত বৃহদ্রথ তাঁহার অভ্যর্থনার জন্ত বিপুল আয়োজন করেন। পাটলিপুত্রের বহির্ভাগে বিজয়ী সৈন্তের রণক্রীড়া প্রদর্শিত হয়। এই উৎসবকালে একটি শর রাজার ললাটদেশ আঘাত করে এবং তাহাতেই তিনি গতাসু হন। অতঃপর পুষ্পমিত্র রাজপুরী অধিকার পূর্ব্বক স্বীয় পুত্র অগ্নিমিত্রকে মগধের শাসনাধীন বিদিশার রাজপদে অভিষিক্ত করিয়া তথায় প্রেরণ করেন; নিজে সেনাপতি উপাধি লইয়াই মগধের শাসন-কার্য্য পর্য্যালোচনা করিতে থাকেন।

বৃহদ্রথের হত্যা।

পুষ্পমিত্র।

পুষ্পমিত্র রাজ্যাধিকারী হইয়া বৌদ্ধদিগকে উৎপীড়ন করিতে প্রবৃত্ত হন। তাঁহার উৎপীড়নে অনেক সঙ্ঘারাম দগ্ধীভূত এবং বহুসংখ্যক সৌগতের জীবনান্ত হইয়াছিল। এই সকল উৎপীড়নের বিবরণ তারানাথের গ্রন্থে এবং দিব্যাবধানে বর্ণিত হইয়াছে। প্রসিদ্ধনামা ভিন্সেন্ট স্মিথ্ লিখিয়াছেন, বৌদ্ধগ্রন্থকারদের বিবরণ অতিরঞ্জিত হইলেও পুষ্পমিত্র যে বৌদ্ধদিগকে উৎপীড়ন করিয়া আপন হস্ত কলঙ্কিত করিয়াছিলেন, ইহা একেবারে ভিত্তিহীন নহে। যাহা হউক, এই উৎপীড়নের বিবরণ অমূলক বলিয়া পরিত্যাগ করিলেও ব্রাহ্মণ্যের প্রভাব বৃদ্ধির জন্ত তাঁহার ঐকান্তিক যত্নের অন্তবিধ প্রমাণ বিদ্যমান রহিয়াছে।

পুষ্পমিত্রের বৌদ্ধ পীড়ন।

কলিঙ্গ রাজ্যের অধিপতি খারবেল মগধ রাজ্য আক্রমণ করেন। খারবেলের অনুশাসন-লিপি তাঁহার নিজের জয় ঘোষণা করিতেছে। কিন্তু তাঁহার আক্রমণের ফলে মগধের পূর্ব্বসীমান্ত মাত্র অধিকৃত হইয়াছিল। এই অধিকারও অল্পকাল মধ্যেই পুষ্পমিত্রের বাহুবলে বিলুপ্ত হইয়া যায়।

কলিঙ্গ রাজ খারবেল।

কলিঙ্গাধিপতি খারবেলের দমনের পরে বিদর্ভ রাজ্যের সঙ্গে যুদ্ধ উপস্থিত হয়। এই যুদ্ধে পুষ্পমিত্রের পুত্র অগ্নিমিত্র প্রেরিত হন। প্রবল যুদ্ধের পর অগ্নিমিত্র জয়শ্রী লাভ করেন। পরাজিত বিদর্ভাধিপতি আপন রাজ্যের অর্দ্ধাংশ পরিত্যাগ করিয়া সন্ধি স্থাপন করিতে বাধ্য হন।

বিদর্ভ জয়।

পুষ্পমিত্র তাদৃশ বিজয়-গৌরবে উৎফুল্ল হইয়া আপনাকে উত্তর ভারতের চক্রবর্ত্তী নরপতিরূপে ঘোষণা করিতে সংকল্প করেন এবং তদর্থে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিতে উদ্যোগী হন।

অতঃপর পুষ্পমিত্র স্বীয় পৌত্র বসুমিত্রের সৈনাপত্যে যজ্ঞাশ্ব প্রেরণ করেন, যজ্ঞাশ্ব প্রত্যাগত হইলে মহামহোপাধ্যায় পতঞ্জলিকে পৌরোহিত্যে বরণ করিয়া মহাসমারোহে যজ্ঞ সম্পাদন করেন।

ব্রাহ্মণ জাতির বিনষ্ট প্রাধান্যের পুনরুদ্ধার সাধন এবং উত্তর ভারতের চক্রবর্ত্তী রাজপদ লাভ অন্তে মহারাজ পুষ্পমিত্রের জীবনের ব্রত উদ্‌যাপিত হয়; তিনি সুদীর্ঘ ছত্রিশ বৎসর কাল সগৌরবে রাজত্ব করিয়া পরলোক গমন করেন। অতঃপর তদীয় পুত্র বিদিশার অধিপতি অগ্নিমিত্র মগধের সিংহাসনে অধিষ্ঠিত হন। তাঁহার রাজত্ব অল্পকাল স্থায়ী হইয়াছিল। অগ্নিমিত্রের পরবর্ত্তী কালে প্রথমতঃ ভ্রাতা বসুজ্যেষ্ঠ এবং তারপর পুত্র বসুমিত্র রাজ্যাধিকার লাভ করেন। বসুজ্যেষ্ঠের রাজত্ব ৭ বৎসর ব্যাপী ছিল। বসুমিত্রের রাজত্বের পর শুঙ্গ বংশের গৌরব অন্তর্হিত হয়। বসুমিত্রের পুত্র অন্ধ্রক দুইবৎসর, তৎপুত্র পুলিন্দক ৩ বৎসর, তৎপুত্র ঘোষবসু ৩ বৎসর, তৎপুত্র বজ্রমিত্র বা সুমিত্র ৯ বৎসর রাজত্ব করেন। বজ্রমিত্র সর্ব্বক্ষণ নাট্যামোদে আসক্ত থাকিতেন; তৎকালে সর্ব্বত্র অরাজকতা পরিব্যাপ্ত হইয়াছিল। হর্ষচরিতের বিবরণে বিশ্বাস করিলে এই অরাজকতার সুযোগে মিত্রদেব নামক একজন দুরাকাঙ্ক্ষ

পুষ্পমিত্রের উত্তরাধিকারীগণ।

মৃণাল হইতে পদ্মোত্তোলনের মত অনায়াসে পাত্রমিত্র-পরিবেষ্টিত বজ্রমিত্রের মস্তক স্কন্ধচ্যুত করিয়াছিল। বজ্রমিত্র কালগ্রাসে পতিত হইলে ভাগবত রাজ্যাধিকারী হন। অতঃপর দেবভূতি রাজসিংহাসনে আরোহণ করেন। তিনি ঘোর ব্যসনাসক্ত ছিলেন। একদা রাজা ইন্দ্রিয়লালসাহত হইয়া দিগ্বিদিক জ্ঞানশূন্য হইয়াছিলেন, এরূপ সময়ে একজন ক্রীতদাসী-কন্যা অমাত্য বাসুদেবের প্ররোচনায় রাণীর ছদ্মবেশ ধারণ করিয়া তাঁহার হত্যাসাধন করে।

ব্রাহ্মণগণ রাজ-সহায়তা প্রাপ্ত হইয়া প্রবলোৎসাহে আর্য্যশাস্ত্রের অনুশীলন ও প্রচার করিতে প্রবৃত্ত হন। এই সময় তাঁহারা আর্য্যধর্ম্মে নূতন ভাব প্রতিষ্ঠা করিয়া তাহাতে অভিনব শক্তির সঞ্চার করেন, সে শক্তি এখনও অক্ষুণ্ণ রহিয়াছে। এই সময় অনেক শাস্ত্র সঙ্কলিত অথবা পুনঃলিখিত হয়, অগাধ ধীসম্পন্ন পতঞ্জলি পাণিনীর মহাভাষ্য প্রণয়ন করেন, মনুসংহিতা সঙ্কলিত হয়। দর্শনশাস্ত্রের অনেক ভাষ্য প্রণীত হয়। নাট্যশাস্ত্র নূতন আকারে লিখিত হয়, রামায়ণ এবং মহাভারত পুনঃসঙ্কলিত হইয়া বর্ত্তমান আকার লাভ করে। আর্য্যশাস্ত্রের অনুশীলন এবং প্রচার জন্য রাজকোষের অর্থ অজস্রধারে বর্ষিত হইত। অগ্নিমিত্রের মহিষী বিদ্যাচার্য্য ব্রাহ্মণগণকে প্রতি মাসে আটশত স্বর্ণমুদ্রা প্রদান করিতেন। রাজকোষের কিরূপ বিপুল অর্থ ব্রাহ্মণ জাতির জন্য প্রদত্ত হইত, তাহা অগ্নিমিত্রের মহিষীর এই দানের পরিমাণ হইতেই অনুমিত হইতে পারে।

আর্য্যবিদ্যা এবং শাস্ত্রের উন্নতি।

মহারাজ পুষ্পমিত্রের কৃতকার্য্যে অশোক-প্রবর্ত্তিত দুইটি বিধানের সম্পূর্ণ বিপর্য্যয় সাধিত এবং ব্রাহ্মণের পূর্ণাঙ্গ প্রাধান্য প্রতিষ্ঠিত হইয়াছিল। প্রথম, মনুসংহিতানুমোদিত দণ্ডবিধির প্রবর্ত্তন এবং দ্বিতীয় অশ্বমেধ যজ্ঞের সম্পাদন।

ব্রাহ্মণের প্রাধান্য স্থাপন, অশ্বমেধ যজ্ঞ।

অশোক জাতিনির্ব্বিশেষে দণ্ড এবং ব্যবস্থার সমতা প্রবর্ত্তিত করেন, কিন্তু মনুসংহিতার দণ্ড ও ব্যবস্থায় ইহার বিপরীত নিয়ম বিধিবদ্ধ আছে; তাদৃশ বিধি প্রচলিত হওয়াতে ব্রাহ্মণ জাতি ভূদেবরূপে সম্মানিত হন, তাঁহাদের দণ্ডবিধান পঙ্গু হইয়া পড়ে। ব্রাহ্মণ জাতির পক্ষে ধনসম্পত্তি সহ নির্ব্বাসনই সর্ব্বোচ্চ দণ্ড ছিল।

অশোক পশুহত্যা নিবারণ করিয়াছিলেন, ইহাতে যজ্ঞক্রিয়ার বিঘ্ন হওয়াতে ব্রাহ্মণদের ধর্ম্মচর্য্যা সঙ্কুচিত হইয়াছিল। পুষ্পমিত্র অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করিয়া পশুহত্যার পুনঃপ্রচলন পূর্ব্বক ব্রাহ্মণ জাতির ধর্ম্মচর্য্যার সমস্ত কণ্টক দূরীভূত করেন।

পুষ্পমিত্রের অশ্বমেধ যজ্ঞানুষ্ঠানের অন্যবিধ উদ্দেশ্যও ছিল। তিনি আপন বিজয়শ্রী উজ্জ্বল এবং রাজগৌরব চরিতার্থ করিবার জন্যও অশ্বমেধ যজ্ঞানুষ্ঠানে প্রণোদিত হইয়াছিলেন। তাঁহার জয়শ্রী এবং রাজগৌরব নানা যুদ্ধে বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। পুষ্পমিত্র রাজ্যাধিকারের অব্যবহিত পূর্ব্বে গ্রীক অধিপতি মেলান্দরকে প্রবল যুদ্ধে পরাভূত করিয়া বীরেন্দ্র সমাজের বরেণ্য হন, তারপর আর দুইটি যুদ্ধে তাঁহার যশোরাশি বৃদ্ধিলাভ করে।

গ্রীক অধিপতি মেলান্দরের পরাজয়।

কাণ্ববংশ।

বাসুদেব রাজহত্যার পর মগধের রাজসিংহাসন অধিকার করেন। কিন্তু তৎপূর্ব্বেই তিনি রাজকার্য্যে সর্ব্বেসর্ব্বা ছিলেন, দেবভূতি তাঁহার হস্তে ক্রীড়ক মাত্র ছিলেন। বাসুদেবের প্রতিষ্ঠিত রাজবংশ কাণ্ববংশ নামে পরিচিত হয়। কাণ্বগণ ব্রাহ্মণ ছিলেন, ইঁহারা ৩।৪ পুরুষ রাজত্ব করেন। তারপর অন্ধ্র বংশীয়েরা কাণ্ববংশের ধ্বংস করিয়া মগধ দেশের অধিকারী হন।

শেষ নরপতি বাসুদেবের হত্যা।

মহারাজ অশোকের পরবর্ত্তী কালের অধিকাংশ নরপতির রাজত্ব দীর্ঘকাল স্থায়ী হইতে পারে নাই; পুনঃ পুনঃ রাজবংশের পরিবর্ত্তন ঘটিয়াছিল, প্রত্যেক পরিবর্ত্তনের মূলেই সেনাপতি অথবা মন্ত্রী কর্ত্তৃক রাজহত্যা সাধিত হইয়াছিল। তাদৃশ অবস্থা

মগধ-রাজশক্তির অধঃপতন।

ইহাই সপ্রমাণ করে যে, অশোকের সময় যে রাজগৌরবে মগধের মুখশ্রী উজ্জল হইয়াছিল, তাহা পরবর্ত্তীকালে মলিন হইয়া পড়ে; দুর্ব্বলতা এবং জড়তা উপস্থিত হইয়া মগধের রাজশক্তিকে পতনোন্মুখ করে। যে রাজশক্তির অধিকারী হইয়া মৌর্য্য চন্দ্রগুপ্ত এবং অশোকবর্দ্ধন সমগ্র ভারতে আপনাদের অভিপ্রায়ানুযায়ী ব্যবস্থা প্রবর্ত্তন করিতে সমর্থ হন, তাহা ক্রমশঃ ধ্বংসের শেষ সীমায় উপনীত হইয়াছিল, মগধের রাজলক্ষ্মী অভিনব বিজেতৃ বীরবংশের আশ্রয় লাভ করিয়া পূর্ব্বশক্তি লাভ জন্ম চঞ্চল হইয়া উঠিয়াছিলেন। এরূপ সময়ে অন্ধ্রবংশের আবির্ভাব হইলে রাজলক্ষ্মী বাহু প্রসারণ করিয়া তাহার অভ্যর্থনা করেন।*

শ্রীরামপ্রাণ গুপ্ত।

* 1. Journals of the Asiatic Society of Bengal, 1910. 2. Asoka (Vincent A. Smith). 3. History of India (Sastri). 4. Ancient India (R. C. Dutt). 5. Buddhist India (Rhys Davids). 6. Ancient India (Vincent A. Smith) 7. Ancient India (Rapson). 8. অশোক (শ্রীচারুচন্দ্র বসু)। 9. Antiquities of India (L. D. Barnett).

প্রাচীন ভারতের নাট্যশাস্ত্র ও অভিনয়-কৌশল।

কি প্রাচ্যে কি প্রতীচ্যে এমন একদিন ছিল যখন নাট্যলীলা অতি ঘৃণার চক্ষে দৃষ্ট হইত। শুনিতে পাওয়া যায় রোমে নটগণ সর্ব্বদাই লাঞ্ছিত হইতেন। স্থবির চীনে নটের তো কথাই ছিল না, তাহার বংশধরগণও তিন পুরুষ পর্য্যন্ত কোন বিদ্যামন্দিরে প্রবেশাধিকার পাইত না। ইউরোপে তখন ইহাই ধারণা ছিল যে নাট্যলীলা সয়তানের রঙ্গ। ইউরোপ তখন মনে করিত যে পৃথিবীতে আসিয়া মানুষ হাসিবে কেন—আনন্দ উপভোগ করিবে কেন? মনুষ্যকে ভুলাইবার জন্ম হাসি তো সয়তানের কৌশল মাত্র। কিন্তু ভারতবর্ষে কোন দিনই এরূপ ভাব প্রতিষ্ঠা লাভ করে নাই।*

এখন পৃথিবীর সুধীসমাজ ইহাই সিদ্ধান্ত করিয়াছেন যে সুমার্জ্জিত রঙ্গালয় সভ্যতার অন্যতম অঙ্গ—নাটক প্রহসনাদি যুগবিশেষের ধ্যানধারণার কর্ম্ম ও চিন্তার প্রতিচ্ছবি। কোন কোন পণ্ডিত এই মানদণ্ডে তুলিয়াই বৃদ্ধ ভারতের প্রাচীন সভ্যতার পরিমাপ করিয়া কহিয়াছেন—It is only to nations considerably advanced in refinement that the drama is a favourite entertainment. †

জ্ঞানালোকোদ্ভাসিত যাত্রাপথে যে জাতি যত অধিক অগ্রসর হয় ততই তাহার রুচি পরিমার্জ্জিত হইবার অবকাশ পায়। তাহারই হৃদয়ে শিল্পসৌন্দর্য্যবোধ, ললিতকলার প্রতি অনুরাগ নবোদ্ভিন্ন স্থলকমলবৎ প্রস্ফুটিত হয়। সেই জাতিই তখন বাণীর পূজায় আপন শক্তিসম্পদ সাধনা অকাতরে নিয়োগ করিয়া ধন্য হয়। এই মহাপূজার যজ্ঞবেদীর উপর অজন্তা বা ইলোরা, তপনায়তন বা দেবীমন্দির, তাজমহল বা মসুলিয়ম, শোভায় সম্পদে চিত্রে তক্ষণে, চূড়ায় গম্বুজে মিনারে চক্রে সজ্জিত হইয়া যুগধর্ম্মের প্রাণস্পন্দনের অলোকসামান্য সাক্ষীরূপে জগতের সম্মুখে উন্নতশীর্ষে দণ্ডায়মান থাকে। পৃথিবীর নরনারী তখন মস্তকে বহিয়া অর্ঘ্য আনিয়া ভক্তের ন্যায় তাহাদেরই চরণতলে নিবেদন করিয়া ধন্য হয়। এ পূজা সৌন্দর্য্যের পূজা—ইহা বিশ্বদেবতার চরণারবিন্দে বিমুগ্ধ মানবের আত্মনিবেদন।

প্রকৃতির কুঞ্জকানন হইতে মানুষ যেমন প্রস্ফুটিত স্থলকমল চয়ন করিয়া পাষাণের কঠিন বক্ষে স্থাপন করিয়া কৃতার্থ হয়, আকাশের তারার হার তুলিয়া চিত্রপটে গ্রথিত করিয়া তুলিকা সার্থক করে,—অপার জলধির তরঙ্গোচ্ছ্বাসকে বর্ণে ভাবে গাম্ভীর্য্যে লিখিয়া সাধন-মন্দিরের প্রাচীর-গাত্রে স্থাপন করিয়া অসীমকে

* Robertson's India.—Appendix, p. 235.

† The Hindu Actors were never apparently classed with vagabonds or menials and were never reduced to contemplate a badge of servitude as a mark of distinction.—The Hindu Theatre; H. H. Wilson.

বুঝিতে জানিতে চিনিতে চেষ্টা করে—তেমনি রঙ্গালয়েও সে আপনারই মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া আত্মপরিচয় লাভ করে। রঙ্গপীঠ তাই আত্মজিজ্ঞাসার অন্যতম পাদপীঠ। আত্মপরিচয় লাভের যোগ্য মন্দির আর এমন নাই। ইহাকে কেহ আর অস্বীকার করিতে পারে না—ইহার সম্মুখে উপস্থিত হইয়া কেহ আর বলিতে পারে না যে আমি আমাকে তো দেখিলাম না।

ভারতের কাব্যনিকুঞ্জে কোকিল পাপিয়ার কলতান যখন ক্রমে ক্রমে মৃদু হইতেছিল, ভারত-রঙ্গগৃহে যখন রবাব, মুরজবীণা একে একে স্তব্ধ হইতেছিল—প্রতীচ্য রঙ্গলীলার তখন উষা মাত্র। পণ্ডিত H. H. Wilson তাই বলিয়াছেন—The nations of Europe possessed no dramatic literature before the 14th or 15th century, at which period the Hindu drama had passed into its decline. * তবুও Weber সাহেবের মতের অনুবর্ত্তী হইয়া আমরা সর্ব্বদাই বলিয়া থাকি আমাদের রঙ্গমঞ্চ ধারের জিনিষ—আমাদের নহে।

যে দেশের বাণী বীণাবাদিনীরূপে পরিকীর্ত্তিতা, যে দেশের নৃত্যকলা নটনারায়ণের লাস্যলীলা হইতে জন্মলাভ করিয়াছে সে দেশের রঙ্গসজ্জার জন্য শুধু পরের হাটের পসরার উপর নির্ভর করিলে, কেবল যে লজ্জাকেই বিসর্জ্জন দিতে হয়, তাহা নহে! পিতৃপিতামহের অধুনা উপেক্ষিত রত্নাধার সন্ধান না করিয়াই তনুরক্ষার নিমিত্ত ভিক্ষাপাত্র করে পরের অনুগ্রহ-দৃষ্টি লাভের জন্য দীননেত্রে দ্বারদেশে দণ্ডায়মান থাকিলে বংশগৌরবকে একান্ত ক্ষুণ্ণ ও লাঞ্ছিত করা হয়।

আর্য্য মনীষিগণ ধর্ম্ম দিয়া জীবনযাত্রাকে বাঁধিয়াছিলেন, কর্ম্ম দিয়া তাহাকে নিয়ন্ত্রিত করিয়াছিলেন। কি গৃহে, কি সমাজে—কি তপস্যায়, কি প্রিয়-পরিচর্য্যায়—আর্য্য ভারতে কোন স্থানেই কোন কার্য্যেই উচ্ছৃঙ্খল হইবার উপায় ছিল না। কোন্ স্রোতঃ কোন্ খাতে বহিবে, তাহা শুধু তত্ত্বদর্শীর মানসচক্ষু দর্শন করিয়াছিল। সমাজের সকলের সে সৌভাগ্য ছিলনা—কোন দিনই থাকে না। তাই প্রতি কার্য্যের জন্যই বিধিনিয়মের আবশ্যকতা অনুভূত হইয়াছিল। নিরঙ্কুশ কবি পর্য্যন্ত সেই বিধির বিধানে আবদ্ধ হইয়াছিলেন। ইহাতে রচনাশ্রী খর্ব্বতা লাভ করে নাই বরং উজ্জ্বলকান্তি ধারণ করিয়াছিল—সার্থকতা লাভ করিয়া সমাজের শক্তি ও কল্যাণ বর্দ্ধিত করিয়াছিল। নাট্যকলা ভাবতরঙ্গের নৃত্যলীলা। ভাগীরথী-তরঙ্গে একটী মাত্র ঐরাবত ভাসিয়া গিয়াছিল—ভাবতরঙ্গে সহস্র ঐরাবত ভাসিতে পারে। সেই ভাবের উপর যাহার প্রতিষ্ঠা, সেই ভাবই যাহার প্রাণ, সেই নাট্যকলাকে শোভনা ও সফলা করিবার নিমিত্ত নটদিগকেও সংযত করিবার আবশ্যকতা অনুভূত হইয়া ভারতে নাট্যশাস্ত্রের এরূপ প্রচার হইয়াছিল যে উহা 'পঞ্চমবেদ' আখ্যা লাভ করিয়াছিল।

সঙ্গীত দামোদরে লিখিত আছে—

ইহানুশ্রূয়তে ব্রহ্মা শক্রেণাভ্যর্থিতঃ পুরা।
চকারাকৃষ্য বেদেভ্যো নাট্যবেদন্তু পঞ্চমম্॥

নাট্যের ইতিহাস আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে প্রথমে ভারতবর্ষে সুরসংযোগে কথোপকথনের প্রথা প্রচলিত ছিল। ঋগ্বেদের চতুর্দ্দশটী সূক্ত এই ভাবে বিরচিত বা "এইরূপ উত্তর প্রত্যুত্তরের আকারে গ্রথিত।" [প্রথম মণ্ডলের ১৬৫ম, ১৭০ম, ১৭৯ম; তৃতীয় মণ্ডলের ৩৩শ, চতুর্থ মণ্ডলের ১৮শ, সপ্তম মণ্ডলের ৩৩ শ, অষ্টম মণ্ডলের ১০০ম এবং দশম মণ্ডলের ১০ম, ২৮শ, ৫১শ, ৫৩শ, ৮৬শ, ৯৫শ ও ১০৮ম সূক্ত।] প্রথম মণ্ডলের ১৬৫ ম সূক্ত পাঠ করিলে দেখা যায় ইন্দ্র, অগস্ত্য ও মরুদ্গণের কথোপকথন হইতেছে। ম্যাক্সমূলার অনুমান করিয়াছেন যে ভারতের দৃশ্যকাব্যের ইতিহাস বীজরূপে এই সূক্তেই নিহিত রহিয়াছে।

পাণিনির সূত্রে কয়েকজন নটের পরিচয় আছে। তিনি লিখিয়াছেন—"পারাশর্য্য শিলালিভ্যাং ভিক্ষুনটসূত্রয়োঃ। কর্ম্মন্দ কৃশাশ্বাদিভিঃ॥" (৪.৩।১১০-১১১)। শিলালির উল্লেখ শতপথ ব্রাহ্মণে ও অনুপদসূত্রে দেখিতে পাওয়া যায়। কাত্যায়নের বার্ত্তিকে শিলালি হইতে

* Theatre of Hindus, Vol. I.

সমুৎপন্ন শৈলাল শব্দ দেখিতে পাওয়া যায়। বাজসনের সংহিতায় দেখিতে পাওয়া যায়—

নৃত্যায় সুতং গীতায়শৈলুষং ধর্ম্মায় সভাচরং"।

শৈলুষ শব্দে নটকেই সূচিত করে। মনুসংহিতায় দশম অধ্যায়ের দ্বাদশ শ্লোকে নটজাতিরই স্বতন্ত্র উল্লেখ দৃষ্ট হইয়া থাকে। ইহা কাহারো অবিদিত নাই যে রামায়ণে ও মহাভারতে নাটকের উল্লেখ আছে। হরিবংশেও নাটকের কথা দেখিতে পাওয়া যায়। "হরিবংশে রোমক মুদ্রা ডিনারিয়াসের অপভ্রংশ দিনার শব্দের উল্লেখ পাওয়া যায় বলিয়া য়ুরোপীয় পণ্ডিতগণ অনুমান করেন, খৃষ্টাব্দের প্রথম কিংবা দ্বিতীয় শতাব্দীর কোন সময়ে উহা মূল মহাভারতের সহিত সংযোজিত হয়।" * পতঞ্জলীর মহাভাষ্যে নাট্য প্রয়োগের সুস্পষ্ট উল্লেখ পাওয়া যায়। গোল্ডষ্টুকার ও ভাণ্ডারকর বলেন, "বাহ্লিক প্রদেশের যবনরাজ মিনান্ডার এবং মৌর্য্যরাজ্যের উচ্ছেদকারী ও বৌদ্ধগণের উৎপীড়নকারী পুষ্পমিত্র, পতঞ্জলীর সমসাময়িক। এই যবন বাহ্লিক-রাজ্য খৃঃ পূঃ প্রায় সার্দ্ধ দুই শত বৎসর হইতে খৃঃ পূঃ ন্যূনাধিক সাতান্ন বৎসর পর্য্যন্ত বিদ্যমান ছিল। অতএব পতঞ্জলী ঐ কালের কোন সময়ে আবির্ভূত হইয়াছিলেন বলা যাইতে পারে। তাঁহার গ্রন্থে যখন নাট্য প্রয়োগের পুনঃ পুনঃ উল্লেখ আছে, তখন সম্ভবতঃ তাঁহার পূর্ব্বেও উহা প্রসিদ্ধ ছিল।" † শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় অনুমান করেন "রামায়ণ ও মহাভারতের অনেক স্থলে যদিও রঙ্গভূমি, রঙ্গস্ত্রী, নাট্যাগার, নাট্যালয় প্রভৃতি শব্দের উল্লেখ পাওয়া যায়, কিন্তু সে সমস্ত নৃত্যসম্বন্ধেই প্রযুক্ত হইত……কেননা, রামায়ণ ও মহাভারতে সূত্রধার, বিদূষক প্রভৃতি নাটকীয় পারিভাষিক নামের কোন উল্লেখ পাওয়া যায় না—কেবল পাওয়া যায় এক হরিবংশে।" ‡

এই মত বিচারসহ কিনা তাহা বিবেচনার বিষয়। রামায়ণের অযোধ্যাকাণ্ডে একোনসপ্ততিতম সর্গে একসঙ্গে গীত, বাদ্য, নৃত্য ও নাট্যের উল্লেখ দেখিতে পাওয়া যায়। রামানুজ ভরতের শান্তি বিধানের জন্য কেহবা—

বাদয়ন্তি তদাশান্তিং লাসয়ন্ত্যপিচাপরে।
নাটকান্যপরে স্মাহুর্হাস্যানি বিবিধানিচ॥

অধ্যাপক ওয়েবার অনায়াসে বলিয়াছিলেন রামায়ণের কাহিনী গ্রীকদিগের নিকট হইতে গৃহীত। তিনি সীতাহরণ ও রামরাবণের যুদ্ধ হেলেন সুন্দরীর অভিসার ও ট্রোজন যুদ্ধের ছায়া বলিতে সঙ্কোচ করেন নাই, সীতালাভের জন্য শ্রীরামচন্দ্রের ধনুর্ভঙ্গ ইউলিসিসের শৌর্য্যবর্ণনা হইতে গৃহীত বলিতেও দ্বিধা বোধ করেন নাই। অধুনা শিক্ষিত সমাজে এই অভিমত বোধ হয় আর প্রচলিত নাই। থাকিলে তাঁহাদিগের জন্য অর্দ্ধশতাব্দী পূর্ব্বে একজন ফরাসীর লিখিত The Bible in India নামক গ্রন্থ হইতে কয়েক পংক্তি উদ্ধৃত করিতেছি—

"The Olympus of the Greeks is but a reproduction of the Hindu Olympus. The legend of Jason and the Golden Fleece is still in every mouth on the soil of India; and the Iliad of Homer is nothing but an echo, an enfeebled souvenir of the Ramayan, a Hindoo poem in which Rama goes at the head of his allies to recover his wife, Sita, who had been carried off by the king of Ceylon." *

রামায়ণে দুইবার "যবন" শব্দ পাওয়া যায়। যবন অর্থে সেকালে গ্রীকদিগকে বুঝাইত। অধ্যাপক জ্যাকবি (Jacobi) নির্দ্দেশ করিয়াছেন যে রামায়ণের এই অংশ প্রক্ষিপ্ত। এই বিষয়ের আলোচনায় অধ্যাপক ম্যাকডোনেল তাঁহার 'সংস্কৃত সাহিত্যের ইতিহাস' নামক গ্রন্থের একস্থানে কহিয়াছেন—An examination of the poem shows that the Javans (Greeks)

* প্রবন্ধ-মঞ্জরী—শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।
† ঐ
‡ ঐ

* The Bible in India.—M. Louis Jacolliot, p. 32.
—Panini Office Edition, 1916.

are only mentioned twice, once in Book I and once in a canto of Book IV, which Professor Jacobi shows to be an interpolation. The only conclusion to be drawn from this is that the additions to the original poem was made sometime after 300 B. C."*

অধ্যাপক ল্যাসেন 'এসিয়াটিক রিসার্চ' পত্রে লিখিয়াছিলেন যে গৌতম বুদ্ধের প্রাদুর্ভাবের সময় নাট্যাভিনয় সাধারণ ঘটনার মধ্যে পরিগণিত ছিল। শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় তাঁহার "প্রবন্ধমঞ্জরী"তে লিখিয়াছেন—

"ব্রাহ্মণ্য ধর্ম্মগ্রন্থে সার্ব্ববর্ণিক লোকশিক্ষার কোন ব্যবস্থা ছিলনা, বরং ব্রাহ্মণেরা লোকশিক্ষার বিরোধী ছিলেন। বৌদ্ধ ধর্ম্ম আবির্ভূত হইয়া সেই অভাব কতকটা দূর করিয়াছিল; নানাপ্রকার লোকচিত্তহারী আখ্যানাদি বিবৃত করিয়া বৌদ্ধেরা বর্ণনিরপেক্ষভাবে সাধারণ লোকের মধ্যে নীতিধর্ম্ম প্রচার করিতেন; পরে সময়ে সময়ে যখন হিন্দুরাজার আধিপত্য হয় সেই সময়ে সুযোগ বুঝিয়া ব্রাহ্মণেরাও বৌদ্ধদিগের প্রভাব প্রতিরোধ করিবার নিমিত্ত বৌদ্ধদিগেরই পন্থা অনুসরণ করিয়া হিন্দুধর্ম্মানুগত লোকশিক্ষার নানা প্রকার ব্যবস্থা করেন। সেই সময়েই বিবিধ পৌরাণিক আখ্যান মূল-মহাভারতে রামায়ণের মধ্যে সংযোজিত হয় এবং দেবদেবী, রাজর্ষি, ব্রহ্মর্ষি প্রভৃতির পবিত্র চরিত্র অবলম্বন করিয়া সেই সময়েই নাট্য-প্রয়োগের আরম্ভ হয়।" এই স্থানে শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের "প্রবন্ধ-মঞ্জরী" হইতে কিয়দংশ উদ্ধৃত করিব। তিনি লিখিয়াছেন :—

"সার্ব্ববর্ণিক লোকশিক্ষার উদ্দেশ্যেই যে ভারতে নাট্যবিদ্যার প্রথম সৃষ্টি হয়, তাহা ভরত-নাট্যশাস্ত্রের প্রথম অধ্যায়ে স্পষ্টরূপে বিবৃত হইয়াছে। নাট্যশাস্ত্রে আছে :—কোন সময়ে অনধ্যায়কালে আত্রেয়প্রমুখ মুনিগণ নাট্য-কোবিদ ভরত মুনিকে নাট্যবেদ-সম্বন্ধে প্রশ্ন করায় তিনি বলিলেন,—'সত্যযুগ অতীত হইলে ত্রেতাযুগের আবির্ভাবে ব্রহ্মাণ্ড যখন গ্রাম্যধর্ম্ম-প্রবৃত্ত কামলোভের বশীভূত হইল, ত্রিলোক যখন ঈর্ষা-ক্রোধ-বিমূঢ় ও সুখদুঃখে বিচলিত হইল, দেব-দানব-গন্ধর্ব্ব-যক্ষ-রক্ষাদির দ্বারা যখন লোকপাল-প্রতিষ্ঠিত জম্বুদ্বীপ সমাক্রান্ত হইল, তখন ইন্দ্র-প্রমুখ দেবগণ পিতামহ ব্রহ্মাকে বলিলেন, আমরা এমন একটি ক্রীড়নীয়ক পাইতে ইচ্ছা করি যাহা দৃশ্য ও শ্রাব্য উভয়ই হইবে। ব্রহ্মা তথাস্তু বলিয়া যোগস্থ হইলেন এবং যাহাতে শূদ্রজাতিরও শ্রাব্য হয় এই অভিপ্রায়ে এই নূতন পঞ্চম বেদের সৃষ্টি করিলেন।' বৌদ্ধদিগের প্রভাব প্রতিরোধ করিবার জন্যই ব্রাহ্মণেরা শূদ্রদের শিক্ষার কোন ব্যবস্থা করেন নাই, অতএব স্পষ্টই দেখা যাইতেছে, বৌদ্ধদিগের প্রভাব প্রতিরোধ করিবার জন্যই ব্রাহ্মণেরা বর্ণ-নিরপেক্ষ লোকশিক্ষার উপায়স্বরূপ নাটক ও নাট্য-প্রয়োগের সৃষ্টি করেন। নাট্য-প্রয়োগ লোকশিক্ষার কিরূপ উপযোগী এবং তাহার দ্বারা কি কি বিষয়ে শিক্ষালাভ হইতে পারে, তাহাও নাট্যশাস্ত্রে এইরূপ বিবৃত হইয়াছে :—'এই নাট্যে কোথাও দ্বন্দ্ব, কোথাও ক্রীড়া, কোথাও হাস্য ও কোথাও বা যুদ্ধ বর্ণিত হইয়াছে। ধর্ম্মপ্রবৃত্তের ধর্ম্ম, কামীর কাম, দুর্বিনীতের নিগ্রহ, ধনাভিমানীর উৎসাহ, অবোধের বিরোধ, পণ্ডিতের পাণ্ডিত্য, রাজার বিলাস ও দুঃখার্ত্তের স্থৈর্য্য, নানাবস্থার নানা ভাব এই নাট্যে গ্রথিত হইয়াছে। ইহা লোক-চরিত্রের অনুসরণ। উত্তম, মধ্যম ও অধম এই ত্রিবিধ লোকেরই কার্য্য ইহাতে কীর্ত্তিত হইয়াছে। ইহা হিতোপদেশপূর্ণ। ইহা দুঃখার্ত্তের ধৈর্য্যসম্পাদক ও শোকার্ত্তের সুখজনক। বলিতে কি, ইহা সকলেরই চিত্তবিনোদন করিবে। এই নাট্যে যাহা না দৃষ্ট হইবে এমন বিদ্যা নাই, এমন কলা নাই, এমন যোগ নাই; এমন কার্য্যই নাই।"

য়ুরোপের প্রধান নাট্য-সমালোচক শ্লেগেল একস্থলে যাহা বলিয়াছেন তাহা এই সকল কথারই প্রতিধ্বনি নহে কি? তিনি বলিয়াছেন—'নাট্যালয়ে অনেক কলাবিদ্যা সমবেত হইয়া ইন্দ্রজালের ন্যায় ফলোৎপাদন করে;

* A History of Sanskrit Literature.
—Arthur A. Macdonell.

উচ্চতম ও গভীরতম কবিত্ব, সম্পূর্ণ সমাপ্ত কার্য্যের দ্বারা ব্যাখ্যাত হয়। বাস্তুবিদ্যা নানা প্রকার সমুজ্জ্বল ভূষণে উহাকে ভূষিত করে, চিত্রবিদ্যা দূর-নৈকট্যের বিভ্রম উৎপাদন করে, চিত্ততন্ত্রীতে সুর বাঁধিয়া চিত্তের আবেগ আন্দোলন বর্দ্ধিত করে। সকল বিদ্যাই উহাতে কিছু-না-কিছু আনুকূল্য করিয়া থাকে। কোন জাতির মধ্যে শত শত বর্ষ হইতে যাহা-কিছু সামাজিক উন্নতি, কলাসম্বন্ধীয় যাহা-কিছু বিদ্যাসম্পদ বহু পরিশ্রমে সঞ্চিত হইয়াছে, তৎসমস্তই দুই চারিঘণ্টার মধ্যে নাট্যালয়ে প্রদর্শিত হয়। তাই, কি বালক, কি বৃদ্ধ, কি স্ত্রী, কি পুরুষ, কি উচ্চ, কি নীচ—সকল ব্যক্তির পক্ষেই নাট্য-প্রয়োগ চিত্তাকর্ষক এবং ইহাই সুশিক্ষিত সুসভ্য জাতি-মাত্রেরই চিত্ত-বিনোদনের প্রধান উপায়। নাট্যালয়েই কি রাজা, কি সেনাপতি, অতীত ঘটনাসকল তাঁহাদের নিজ কার্য্যের ন্যায় প্রত্যক্ষবৎ দর্শন করেন এবং সেই সকল কার্য্যের অন্তরতম সূত্রস্থান ও উদ্দেশ্য তাঁহাদের নিকট উদ্‌ঘাটিত হয়। এমন কি, তত্ত্ব জানিয়াও এই নাট্য-প্রয়োগে মানব প্রকৃতি-সম্বন্ধে গভীরতম চিন্তার বিষয় প্রাপ্ত হন।' শ্লেগেলের উক্তি এবং আমাদের নাট্যশাস্ত্রের উক্তি পাঠ করিলে কি ইহাই মনে হয় না যে একটী যেন অপরটীর প্রতিধ্বনি? তবুও য়ুরোপীয় পণ্ডিতদিগের মধ্যে অনেকে অনুমান করেন যে "এই সর্ব্বাঙ্গসুন্দর পূর্ণ-গঠিত নাট্য-সাহিত্য" কোন "স্বাভাবিক নিয়মে ভারত-ভূমিতে" উৎপন্ন হয় নাই।

যে যুগে রঙ্গালয় ভারতের চিত্তবিনোদনের অন্যতম প্রধান অবলম্বন ছিল, সে যুগে নাটকাদির সংখ্যা যে অনেক অধিক ছিল ইহা এখন নিঃসংশয়ে প্রমাণিত হইয়াছে। Sir Wiliams Jones তাই কহিয়াছেন—"The tragedies, comedies, farces and musical pieces of the Indian theatre, would fill as many volumes as that of any nation in ancient or modern Europe."

সেকাল এমন ছিল যখন দেশের বিশেষ বিশেষ ঘটনাকে চিরস্মরণীয় করিবার জন্য রাজকবিগণ নাটক রচনা করিয়া জনসাধারণের চিত্তবিনোদন করিতেন। বরেন্দ্র মণ্ডলের বিপুল পরাক্রান্ত নরপতি মহীপাল দেবের বিজয়োৎসব উপলক্ষে চণ্ডকৌশিক নাটক রচিত হইয়াছিল, মাতৃগুপ্তের রাজসভায় অভিনীত হইবার জন্য হয়গ্রীব-বধ নাটক বিরচিত, নটদিগের অনুরোধে উত্তর-চরিতের রচনা। সুবিখ্যাত পর্য্যটক ইৎ-সিংএর অভিনন্দন ভারতের বহু রঙ্গালয়ে পরম সমাদরে সংঘটিত হইয়াছিল, বিজয়োন্মত্ত জয়াপীড় বরেন্দ্রের রঙ্গমঞ্চে নাট্যাভিনয় দর্শন করিয়া পুলকিত হইয়াছিলেন। ভারতবর্ষের ইতিহাসে এরূপ দৃষ্টান্তের অভাব নাই।

নাট্যকলা যে যুগে ভারতে এতাদৃশ সমাদর লাভ করিয়াছিল সে যুগে নাটক রচনা ও নাট্যাভিনয়ের বিধিনিয়ম গঠন করিবার আবশ্যকতা যে অনুভূত হইবে তাহাতে আর বিচিত্র কি? এইরূপ নিয়ম-নিগড় রচনা না করিলে নট ও নাটকের উচ্ছৃঙ্খল পথে ধাবিত হইয়া সমাজের অকল্যাণকর হইবার সম্ভাবনা ছিল। তাই আমরা ভরতের নাট্যশাস্ত্র, সঙ্গীত-দামোদর, দশরূপক, সরস্বতী-কণ্ঠাভরণ, শিলালীর নাট্যসূত্র প্রভৃতির নাম শুনিতে পাই। এই সকল গ্রন্থের মধ্যেত ভরতের নাট্যশাস্ত্রই প্রধান আসন লাভ করিয়াছে।

শুনিতে পাওয়া যায় দেবতাদিগের রঙ্গালয়ে ভরত নাট্যশিক্ষক ছিলেন। সৌষ্টবসম্পন্ন অভিনয়ের জন্য তিনি সূত্র রচনা করিয়াছিলেন। অধুনা প্রমাণের যুগ। এ যুগে প্রমাণহীন উক্তি কাহিনীরূপে অনাদৃত। সুতরাং এ কাহিনী কাহাকেও বিশ্বাস করিতে বলি না।

অধ্যাপক Arthur A. Macdonell তাঁহার "সংস্কৃত সাহিত্যের ইতিহাস" নামক গ্রন্থের পরিশিষ্টে বলিয়াছেন, ভরতের নাট্যশাস্ত্রই নাট্যশাস্ত্র সম্বন্ধে সর্ব্বপ্রাচীন গ্রন্থ বটে কিন্তু উহা ষষ্ঠ শতাব্দীতে বিরচিত। [The oldest and most important word on poetics is the Natya Castra of Bharat, which probably goes back to the sixth century A.D.] সুপণ্ডিত স্বর্গীয় রামদাস সেন মহাশয় তাঁহার "ঐতিহাসিক প্রবন্ধে" সিদ্ধান্ত করিয়াছেন যে ভরত মুনি মহর্ষি বাল্মীকির সমকাল-জন্মা। বিশেষজ্ঞগণ এ বিষয়ের

মীমাংসা করিতে পারিবেন। তবে একথা নিঃসংশয়ে বলিতে পারা যায় যে ভরতের যুগে দেশে নাটকাদির বহুল প্রচলন না থাকিলে রঙ্গালয়গুলিকে সুনিয়ন্ত্রিত করিবার জন্য, সৌষ্টবসম্পন্ন অভিনয়-কৌশল শিক্ষা দিবার জন্য একখানি বিরাট গ্রন্থ রচনার আবশ্যকতা অনুভূত হইত না।

এ দেশে এক শ্রেণীর লোক আছেন যাঁহারা মনে করেন, যাহাই ভারতবর্ষের—যাহাই সেই কাননবিহারী ফলমূলাহারী জটাবল্কলধারী ঋষিদিগের রচিত—তাহা আর এই সুসভ্য যুগে চলিতে পারে না; তাহা একান্ত জীর্ণ, নিতান্তই অসমীচীন এবং কার্য্যকারণসম্বন্ধ-শূন্য যুক্তিহীন ভিত্তিহীন কতকগুলি অত্যুক্তি মাত্র। আমরা আর এক শ্রেণীর এরূপ আছি যাহারা মনে করি ঋষি-সূত্রে কোন তত্ত্ব নিহিত থাকা অসম্ভব নহে—কিন্তু য়ুরোপীয় পণ্ডিতে যদি সে তত্ত্ব গ্রহণ বা অনুমোদন না করিয়া থাকেন তবে আমরা উহা মানিয়া লইতে প্রস্তুত নহি। বহুশত বৎসর পূর্ব্বেই প্রাচ্যে ও প্রতীচ্যে সম্মিলন ঘটিয়াছিল। বাণিজ্যের পথে বিজয়ী সৈন্যের রণদুন্দুভির পশ্চাতে পশ্চাতে সে মিলন-ধারা প্রবাহিত হইয়া উত্তর ভারতকে পরিপ্লাবিত করিয়াছিল। পশ্চিম ভারতে দুই শতাব্দী ধরিয়া গ্রীক রাজদণ্ড পরিচালিত হইয়াছিল, বহুদিন পর্য্যন্ত পাটলীপুত্রের রাজসভায় গ্রীক রাজদূতগণ অবস্থান করিয়াছিলেন। বাণিজ্যের একটী ধারা পুণ্যশ্লোকা নর্ম্মদার মুখ হইতে বাহির হইয়া আলেকজেন্দ্রিয়ার সহিত বর্ত্তমান ব্রোচনগরের সম্বন্ধ সংস্থাপন করিয়াছিল বটে, সেই বাণিজ্যের জন্যই রোমের সহিত উজ্জয়িনীরও সম্মিলন ঘটিয়াছিল। ইহাও সত্য যে গ্রীক রমণীগণ ভারতবর্ষের রাজান্তঃপুরে মহিলাদিগের পরিচর্য্যায় নিযুক্ত হইত। এসকলই সত্য। এইসকল প্রমাণের উপর নির্ভর করিয়া অধ্যাপক Weber বলিয়াছেন যে পঞ্চনদে এবং গুর্জ্জরে গ্রীক রাজন্যদিগের সভায় নিশ্চয়ই গ্রীক নাটকের অভিনয় হইত, ভারতবর্ষীয়গণ তাহারই অনুকরণ করিয়াছে। তিনি আরও কহিলেন, "যবনিকা" শব্দ হইতেই সূচিত হইতেছে যে উহার অর্থ "Greek Partition", সুতরাং ভারতের নাট্যকলা নিশ্চয়ই গ্রীক নাট্যকলার অনুকরণ। তবে তিনি ইহা স্বীকার করিয়াছেন যে গ্রীসের ও ভারতের কাব্যনাটকাদিতে অন্তর্নিহিত কোনো সৌসাদৃশ্য দেখিতে পাওয়া যায় না। *

অধ্যাপক Weber যখন একথা বলিয়াছেন তখন উহা আমাদের না মানিয়া উপায় কি! অধ্যাপক Weber এর সঙ্গে সঙ্গে যখন অধ্যাপক Windirch কহিলেন যে তিনি চেষ্টা করিলে মৃচ্ছকটিক নাটক হইতে এমন প্রমাণ উদ্ধৃত করিতে পারেন যে ভারতের নাট্যকলা গ্রীসের অনুকরণ মাত্র, তখন তো উহা স্বীকার করিতেই হইবে। এই অনুকরণের বোঝাটাকে শিরোধার্য্য করিবার পূর্ব্বে একথা কি একবার ভাবিয়া দেখা উচিত নহে যে অধুনা প্রাপ্ত সর্ব্বপ্রাচীন হিন্দুনাট্যের রচনাকাল হইতে গ্রীকনাট্যের রচনাকাল অন্ততঃ সুদীর্ঘ চারিশতাব্দী ব্যবধান? [The earliest Sanskrit plays extant are, moreover, separated from the Greek periods by at least four hundred years. —Sanskrit Literature : Macdonell, p. 416.]—ইহাও কি চিন্তার বিষয় নহে যে গ্রীক রঙ্গালয়ের শৈশবে কোন যবনিকার ব্যবস্থা ছিল কিনা তাহা এখনো নিশ্চিত রূপে জানা যায় নাই? [The name of the curtain, yavanika, may, indeed, be a reminiscence of Greek plays actually seen in India ; but it is uncertain whether the Greek theatre had a curtain at all ; in any case, it did not form the background of the stage.—Sanskrit Li-

* The existence of such conditions has induced Professor Weber to believe that the representatives of Greek plays, which must have taken place at the courts of Greek princes in Bactria, in the Panjab, and in Gujarat, suggested the drama to the Indians as a subject for imitation. Their theory is supported by the fact that the curtain of the Indian stage is called Javanika or the "Greek partition." Weber at the same time admits that there is no internal connection between the Indian and the Greek drama.
—Sanskrit Literature ; Macdonell, p. 415.

terature : Macdonell, p. 416.]. আমরা একান্ত অনুসন্ধান-স্বাতন্ত্র ও পরমুখাপেক্ষী না হইলে এরূপ বলিব কেন ?

অধ্যাপক Macdonell বলিয়াছেন যে ভারতের নাটক সম্পূর্ণরূপেই ভারতের নিজস্ব। [The Indian drama has had a thoroughly national development, and even its origin, though obscure, easily admits of an indigenous explanation.—Sanskrit Literature : Macdonell, p. 416.].—তিনি যে সকল যুক্তি অবলম্বনে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা আমাদের আজ আলোচ্য নহে। পণ্ডিত Wilson বলিয়াছেন—The attribution of dramatic performances to Bharat is no doubt founded upon his having been one of the earliest writers by whom the art was reduced to a system. His sutras or aphorisms are constantly cited by commentators on different plays and suggest the doctrines which are taught by later authors.

উইলসন সাহেব বহু আয়াস স্বীকার করিয়া কতকগুলি সংস্কৃত নাটক সংগ্রহ করিয়াছিলেন। সেজন্য তাঁহাকে কাশী কাঞ্চি ভ্রমণ করিতে হইয়াছিল। তিনি একখানিও সম্পূর্ণ নাট্যশাস্ত্র দেখিতে পান নাই বলিয়া সন্দেহ করিয়াছেন—হয়ত বা ভরত নামে কোন সূত্রকারই ছিলেন না। তাঁহার নাম দিয়া সময়ে সময়ে নানা পণ্ডিত নানাসূত্র রচনা করিয়া থাকিবেন। উইলসনের এ উক্তি সমর্থিত হয় না। যে গ্রন্থ একদিন সমগ্র ভারতের রঙ্গালয়গুলিকে একনিয়মে আবদ্ধ করিয়াছিল, লজ্জার সহিত বলিতে হয় যে সে গ্রন্থের অংশবিশেষ, এ দেশের অনেক সৌভাগ্যের ন্যায় আপন জন্মক্ষেত্র হইতে নির্ব্বাসিত হইয়া প্যারিস্ নগরীর কোন রঙ্গমঞ্চের আচার্য্যের নিকট আশ্রয় লাভ করিয়াছিল। বোম্বাইয়ের সুধীসমাজের চেষ্টায় La Musique Hindoo নামক গ্রন্থ হইতে উদ্ধরিত হইয়া ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছে।

ভরত মুনির যুগ নির্ণয় করিবার কালে শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় লিখিয়াছেন—

"ভরত মুনির নাট্য-সূত্র অবলম্বন করিয়া যে নাট্য-শাস্ত্রগ্রন্থ কোন এক সময়ে প্রণীত হয়, তাহাই অধুনা ভরত-প্রণীত নাট্যশাস্ত্র নামে খ্যাত। ভরতের নাট্য-সূত্র বলিয়া আর কোন পৃথক গ্রন্থ ছিল কিনা, তাহার কোন সন্ধান পাওয়া যায় না। ... ... প্রথমে দেখা যাউক এই গ্রন্থখানি কোন্ সময়ে রচিত। ইহার একস্থলে উক্ত হইয়াছে—

উৎসার্য্যানি ত্বনিষ্টানি পাষণ্ডাশ্রমিনস্তথা।
কাষায় বসনাশ্চৈব বিকলাশ্চৈব নরাঃ॥

অর্থাৎ "অনিষ্টসমূহ এবং কাষায় বসন, পাষণ্ডাশ্রমী ও বিকল মনুষ্যদিগকে নাট্যমণ্ডপ হইতে বহিষ্কৃত করিবে।" এখানে কাষায় বসন, পাষণ্ডাশ্রমী বলিয়া বৌদ্ধ ভিক্ষুদিগকেই বুঝান হইয়াছে।

আর একস্থলে আছে—

যাবত্তং পূরয়েদ্দেশং ধ্বনি-র্নাট্য সমাশ্রয়ঃ।
ন স্বাস্তি হি রক্ষাংসি তং দেশং ন বিনায়কাঃ॥

অর্থাৎ, "যাবত কোন দেশ নাট্য-সমাশ্রিত ধ্বনির দ্বারা পূরিত হইবে, তাবৎ সে দেশে রাক্ষসেরাও থাকিবেনা, বিনায়কেরা অর্থাৎ বৌদ্ধেরাও থাকিবেনা।"—এইসকল হইতে সূচিত হয় যে এই নাট্যশাস্ত্র বৌদ্ধযুগে বিরচিত। মৃচ্ছকটিক নাটক খৃষ্টাব্দ প্রথম শতাব্দীর শেষভাগে অথবা দ্বিতীয় শতাব্দীতে রচিত বলিয়া পণ্ডিতগণ নির্দ্ধারণ করিয়াছেন। H. H. Wilson মৃচ্ছকটিক নাটকের মুখবন্ধে লিখিয়াছেন—

"The Mrichhakatic is as yet the only work where the Bauddhas appear undisguised. Now we know from the Christian writers of the second century, that in their days the worship of 'Butta' or 'Buddha' was very prevalent in India. We have every reason to believe, that shortly after that time the religion began to decline, more in consequence of the rise and growth of the Jains, probably, than

any persecution of the Bauddhas ; and as it is clear that the drama was written in the days of their prosperity, it follows that we cannot fairly assign it a later date than the first centuries of the Christian Era.

From the considerations thus stated, we cannot but regard the Mrichhakati as a work of considerable antiquity, and from internal evidence may very safely attribute it to the period when 'Sudrak', the sovereign, reigned, whether that be reduced to the end of the second century after Christ, or whether we admit the traditional chronology, and place him about a century before our era."

ঐ মুখবন্ধের অন্যত্র তিনি লিখিয়াছেন—

"The most unquestionable proof, however, of high antiquity, is the accuracy with which Bauddha observances are adverted to, and the flourishing condition in which the members of that sect are represented to exist. There is not only absolute toleration, but a kind of public recognition ; the ascetic who renders such essential service to the heroine being recommended or nominated by authority, chief of all the 'Vihars' or Bauddha establishments of Ujayin."

দশম অঙ্কের তৃতীয় দৃশ্যে ইহার উল্লেখ আছে। আসন্ন মৃত্যুর কবল হইতে উদ্ধার লাভ করিয়া প্রিয়ামুখ-দর্শনে পুলকিত চারুদত্তকে সর্ব্বিলক জিজ্ঞাসা করিল —What shall we do for this good mendicant ?

চারুদত্ত কহিলেন—Speak, Sramanak your wishes.

সংসারত্যাগী শ্রমণক. উত্তর করিলেন—

To follow still the path I have selected,
For all I see is full of care and change.

চারুদত্ত বলিলেন—Since such is his resolve, let him be made chief of the monasteries of Bauddhas. *

শ্রমণক সম্বাহক তদবধি উজ্জয়িনীর বিহারগুলির কুলপতিরূপে প্রতিষ্ঠিত হইলেন। এই সকল অবস্থা হইতে ইহাই অনুমান করিতে পারা যায় যে, যে সময় মৃচ্ছকটিক নাটক রচিত হইয়াছিল, সেই সময় হিন্দু ও বৌদ্ধদিগের মধ্যে বিশেষ কোন বিবাদ বিসম্বাদ ছিল না। জনসাধারণ হিন্দুধর্ম্মের অনুগমন করিয়াও বৌদ্ধ রীতিনীতিকে শ্রদ্ধার চক্ষেই দর্শন করিত। শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর অনুমান করেন যে ভরতের নাট্য-শাস্ত্র মৃচ্ছকটিকের কিছু পূর্ব্বে রচিত হইয়াছিল।

দর্দ্দুর নামক এক প্রকার বাদ্যযন্ত্র ছিল। নাট্যশাস্ত্রে তাহার উল্লেখ বিশেষরূপে দেখা যায়। "এই দর্দ্দুর বাদ্য-যন্ত্রের উল্লেখ আর কোথাও বড় একটা পাওয়া যায় না, এমন কি হরিবংশেও পাওয়া যায় না।" † মৃচ্ছ-কটিকে দর্দ্দুরের উল্লেখ আছে।

নাট্যশাস্ত্রের আহার্য্যাভিনয় অধ্যায়ে দেখা যায়—

উত্তর পশ্চিম দিক্‌বাসী শক, পহ্লব ও বাহ্লিকাশ্রিত যবনদিগের অভিনয়কালে অভিনেতাকে গৌরবর্ণ হইতে হইবে।—

শকাশ্চ যবনাশ্চৈব পহ্লবা বাহ্লিকাশ্রয়া।
প্রায়েন গৌরাঃ কর্ত্তব্যা উত্তরাং পশ্চিমাং দিশাম্॥

গ্রীকদিগের এই বাহ্লিক রাজ্য খৃঃ পূঃ সার্দ্ধ দুইশত বৎসর হইতে খৃঃ পূঃ সাতায় বৎসর পর্য্যন্ত বিদ্যমান ছিল বলিয়া ঐতিহাসিকেরা নির্দ্ধারণ করেন। সুতরাং শক ও যবনের উল্লেখ দেখিয়া ইহাই অনুমান হয় যে ভরতের নাট্যশাস্ত্র খৃঃ পূঃ দুই শতাব্দীরও পূর্ব্বে লিখিত হইয়াছিল। তখন মৃচ্ছকটিক নাটকের জন্মসূচনাও হয় নাই। য়ুরোপের বিশেষতঃ ইংলণ্ডের নাট্যকলার জন্ম ইহার কতকাল পরে ঘটিয়াছে! সুতরাং মহারাণী এলিজাবেথের যুগের পূর্ব্বে ইংলণ্ডে কোন প্রতিষ্ঠিত

* The Toy Cart.—H. H. Wilson.

† প্রবন্ধমঞ্জরী—শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

নাট্যশালা ছিল না বলিয়া যে মধ্যযুগে ভারতবর্ষেও তাহা ছিল না এরূপ অনুমান আদৌ বিচার-সঙ্গত নহে। ভরতের নাট্যশাস্ত্রেই নাট্যশালা নির্ম্মাণ করিবার নিয়মাবলী বিস্তারিত লিখিত রহিয়াছে।

কিন্তু H. H. Wilson বলিয়াছেন—

"The Hindus never had any building appropriated to public entertainments; they could not, therefore, have had any complicated system of scenery or properties......there is no reference to any separate edifice for such purposes, open to the public, either gratuitously or at a charge, and such an institution would be foreign to the state of society in the East, which in many respects certainly was not advanced beyond that of the middle ages in Europe, when minstrels and mimes were universally strollers, and performed in the halls of baronial castles, or in booths at fairs. In England, *even*, (এই স্থলে এই "even" শব্দটীর প্রতি বিশেষ লক্ষ্য রাখা প্রয়োজন) there appears to have been no resident company of players, or permanent theatre, earlier than the reign of Elizabeth."

নাট্যশাস্ত্র হইতেই ইতিপূর্ব্বে আমি দেখাইয়াছি—

উৎসার্য্যানি ত্বনিষ্টানি পাষণ্ডাশ্রমিনস্তথা।
কাষায় বসনাশ্চৈব বিকলাশ্চৈব নরাঃ॥

"অনিষ্টসমূহ এবং কাষায়বসন পাষণ্ডাশ্রমী ও বিকল মনুষ্যদিগকে নাট্যমণ্ডপ হইতে বহিষ্কৃত করিবে।"

নাট্যাভিনয় সেকালে শুধু রাজার সঙ্গীতশালাতেই ঘটিত, সে স্থানে যাহার তাহার প্রবেশ করিবার সম্ভাবনা ছিল না, সুতরাং অনিষ্টসমূহ ও বিকলাঙ্গ প্রভৃতির তো আদৌ ছিল না। তাহা হইলে এরূপ নির্দ্দেশের কোন কারণ বুঝিতে পারা যায় না। আমরা ক্রমশঃ দেখিতে পাইব যে এই গ্রন্থে অভিনয়-কৌশল সম্বন্ধে যেরূপ বিস্তৃত ও সূক্ষ্ম আলোচনা আছে তাহা হইতে ইহাই মনে হয় যে দেশে নাট্যের বহু প্রচলন না থাকিলে এরূপ আলোচনার অবকাশ ঘটে না। সুতরাং H. H. Wilsonএর নিম্নলিখিত উক্তি যুক্তিযুক্ত বলিয়া মনে হয় না—

"We should never forget, in speaking of the Hindu Drama, that its exhibition...was not an ordinary occurrence, or an amusement of the people, but that it was part of an occasional celebration of some solemn or religious festival."

নাট্যশাস্ত্র বুঝিতে হইলে, নাটক কাহাকে বলে তাহাই বুঝা প্রয়োজন। দার্শনিক শ্লেগেল বলিয়াছেন—আনন্দ উপভোগ করিবার যতগুলি উপায় আছে, অভিনয় দর্শনই তাহাদের মধ্যে শ্রেষ্ঠ। আমরা নিজেরা জীবনে যাহা করিতে পারি না, রঙ্গালয়ে তাহাই ঘটিতেছে দেখিয়া বিমুগ্ধ হই। রঙ্গপীঠে আমরা সাধুকে দেখি, তস্করকে দেখি, হিংসা, দ্বেষ, রোষ, প্রেমপ্রীতি, ভক্তি, সমস্তই রঙ্গালয়ে জীবন্ত মূর্ত্তি লইয়া উপস্থিত হয়। তাই অভিনয় দর্শন করিয়া আমরা নরজীবনের সার্থকতা অনুভব করিতে পারি। নরচরিত্রে যাহা কিছু দেখিবার আছে, রঙ্গালয় সে সমস্তই আমাদিগকে সুস্পষ্টরূপে দেখাইয়া দেয়।

Schlegel এর বহুশতবৎসর পূর্ব্বেই হিন্দু নাট্যশাস্ত্রকার বলিয়াছেন—

ন তৎ শ্রুতং ন তৎ শিল্পং ন সা বিদ্যা ন সা কলা।
ন স যোগঃ ন তৎ কর্ম্ম যন্নাট্যেস্মিন ন দৃশ্যতে॥

—এমন শ্রুতি নাই, এমন শিল্প নাই, এমন বিদ্যা নাই, এমন কলা নাই, এমন যোগ নাই, এমন কর্ম্ম নাই, যাহা নাট্যে দেখিতে পাওয়া যায় না। রঙ্গালয় তাই শুধু রঙ্গের নিলয় নহে, বিদ্যার আলয়—শিক্ষার মন্দির। লোকশিক্ষার পুণ্যব্রত সেকালে যাঁহারা গ্রহণ করিয়াছিলেন, তাঁহারা সেই যজ্ঞভূমিকে সুমার্জ্জিত ও সুসংস্কৃত করিতে বিন্দুমাত্র চেষ্টার ত্রুটী করেন নাই। কাব্যই সেই বিরাট যজ্ঞের বেদ, কবি তাহার ঋক্-প্রণেতা, নাট্যাচার্য্য পুরোহিত এবং কুশীলবগণ তন্ত্রধারক। শিক্ষার সে

বীজমন্ত্রকে প্রাণ দিয়া, মূর্ত্তি দিয়া, তাহাকে সুবেশ-সজ্জিত করিয়া প্রিয়পরিজনের ন্যায় রঙ্গপীঠে উপস্থিত না করিয়া সকলে মন্ত্রধারণ করিতে সক্ষম হয় না—কারণ সমাজ বিবুধমণ্ডলীর সভা নহে, পণ্ডিতের সভা নহে, যোগীর কাননাশ্রম নহে। নাট্য তাই সংস্কৃত সাহিত্যে "চতুর্ব্বর্গদ" বলিয়া কথিত হইয়াছে।

মনুষ্যের জীবন-যাত্রার সহিত যাহার এত নিকট সম্বন্ধ তাহার পাদপীঠ শ্লথ-বিন্যস্ত হইলে সে মন্দির কতক্ষণ দাঁড়াইতে পারে? তাই হিন্দু নাট্যশাস্ত্রের প্রধান ও প্রথম নির্দ্দেশ—"হিতোপদেশজননং"। সংস্কৃত নাটক যে বিয়োগান্ত দেখিতে পাই না ইহা তাহার অন্যতম কারণ। অনেকেই হয়ত "বলিদান" নামক নাটকের অভিনয় দেখিয়া থাকিবেন। নায়ক করুণাময় কন্যাগুলির বিবাহ দিয়া সর্ব্বস্বান্ত হইয়াছেন—শেষে জামাতার দুর্ব্ব্যবহার তাঁহাকে এমন আঘাত করিয়াছে যে তিনি উদ্বন্ধনে প্রাণত্যাগ করিতে বাধ্য হইয়াছেন। আত্মসংযমের অভাবে যে মহাপাপ অনুষ্ঠিত হয় তাহার চিত্র প্রদর্শন করিলে পাছে যদি একজনও সেই পথকে শুদ্ধ বিবেচনায় গ্রহণ করে, তাই হিন্দু নাট্যশাস্ত্র বিয়োগান্ত নাটকের অনুমোদন করে নাই। Rev. I. E. Smith এর কথা এই স্থানে মনে পড়িতেছে। তিনি বলিয়াছেন—

The task of an actor is a peculiarly hard one, he bears not only his own faults but the very fault of his judges.

ইংরাজ নট বলিয়াছেন—প্রকৃতির বিরাট গ্রন্থ পাঠ করিয়া শিক্ষা লাভ করিতে না পারিলে সুদক্ষ অভিনেতা হইবার উপায় নাই। এমন কি সংসারে কদাচিৎ যাহা ঘটে নটকে তাহাও দেখিয়া অভিজ্ঞ হইতে হইবে। [The actor ought to seize all occasions of observing nature, even in those effects which are unfrequent in their occurrence; and he should never lose sight of the main end and grand design of his art, by shocking the spectator with too coarse or too servile an imitation.]

এ কথা যে আমরা আজ য়ুরোপীর নাট্যশালা হইতে শিখিতেছি তাহা নহে। ভরত মুনি বাল্মীকির যুগে বলিয়া গিয়াছেন—'লোকবৃত্তানুকরণং নাট্যমেতৎ ভবিষ্যতি'—লোকস্বভাবের অনুকরণই সৌষ্ঠবসম্পন্ন বিশুদ্ধ অভিনয় বলিয়াই নটগুরু ভরত অভিনেতাকে অবাধ স্বাধীনতা প্রদান করেন নাই। তিনি কহিয়াছেন—

"তথা লজ্জাকরং তু যৎ, এবংবিধং ভবেৎ যৎ যৎ তত্তৎ রঙ্গে ন কারয়েৎ। কেন? না—

পিতৃ পুত্র স্নুষা শ্বশ্রু দৃশ্যং যস্মাত্তু নাটকম্।
তস্মাদেতানি সর্ব্বাণি বর্জ্জনীয়ানি যত্নতঃ॥

তিনি বহুকাল পূর্ব্বেই বুঝিয়াছিলেন যে হিতোপদেশ জননের জন্য যে নাট্যমন্দির গঠিত হইবে, সে মন্দিরের রত্নবেদীর উপর অধিষ্ঠিত হইয়া যাঁহারা মন্ত্র পাঠ করিবেন তাঁহারা পিতাপুত্র, ভ্রাতভগ্নী, পতিপত্নীর শিরেই শান্তিবারি বর্ষণ করিবেন। তাই লোকস্বভাবের অনুকরণ হইলেও অভিনয় ব্যাপার নাট্যধর্ম্মী—লোকধর্ম্ম নহে। নাট্যমন্দিরের রত্নবেদী হইতে যে মন্ত্রের ধ্বনি উঠিয়া সমাজের হৃদয়ে আঘাত করিবে সে মন্ত্রের প্রাণ যদি নীতি ও রুচির হোমবারি-স্পর্শে পবিত্র না হয় তাহা হইলে উহা সমাজকে ধ্বংসের পথেই লইয়া যাইবে। আমরা আমাদের সনাতন আদর্শ ত্যাগ করিয়া সবলে পরের আদর্শকেই আপন করিবার চেষ্টা করিতেছি তাই বঙ্গরঙ্গমঞ্চের সংস্কারের আবশ্যকতা অনুভূত হইয়া মধ্যে মধ্যে আন্দোলন ও আলোচনা দেখা যাইতেছে। যে ভূখণ্ডের Turkey Trot নামক নৃত্য-লীলাকে আইন করিয়া বন্ধ করিতে হইয়াছে—নতুবা সমাজের শীলতা রক্ষা ঘটে না—তাহার নিকট হইতে নৃত্য শিক্ষা করা কি বিড়ম্বনা নহে?

হিন্দু নাট্যশাস্ত্রের বন্ধন যে কেবল নটদিগকেই বাঁধিয়া রাখিয়াছিল তাহা নহে, কবিকেও নিরঙ্কুশ হইতে দেয় নাই। নাট্যাচার্য্যের আসন কবিরও উপরে প্রতিষ্ঠিত হইয়াছিল। কাব্য হীনাঙ্গ হইলে নাট্যাচার্য্য তাহাকে পূর্ণাঙ্গ করিতেন। কারণ, অঙ্গহীন মানব যেমন

কার্য্যক্ষম নহে, অঙ্গহীন কাব্যও তেমনি শোভান্বিত হইতে পারে না।

অঙ্গহীনো নরো যদ্বৎ নৈবারম্ভক্ষমোভবেৎ।
অঙ্গহীনং যদা কাব্যং ন প্রয়োগক্ষমং ভবেৎ॥
কাব্যং যদপি হীনার্থং সম্যগঙ্গৈঃ সমন্বিতম্।
দীপ্তত্বাত্ প্রয়োগস্য শোভামেতি ন সংশয়ঃ॥

সুতরাং ইংলণ্ডের John Lawrence Toole প্রবর্ত্তিত দর্শক-মনোমোহন অভিনয় সেকালে করিবার পথ রুদ্ধ ছিল। সেই রুদ্ধ তোরণ মুক্ত হইয়া এখন কলিকাতার রঙ্গমঞ্চ এবং তাহাদের অনুকরণে পল্লীগ্রামের রঙ্গালয়গুলিও উৎকট অভিনয়লভ্য বিকট করতালির রবে নিত্য মুখরিত হইতেছে।

বঙ্কিমচন্দ্র বলিয়াছেন—"কাব্যের উদ্দেশ্য নীতিজ্ঞান নহে, কিন্তু নীতিজ্ঞানের যে উদ্দেশ্য, কাব্যেরও সেই উদ্দেশ্য।" সেই কাব্যের গূঢ় মর্ম্ম উদ্ঘাটিত করিয়া দেখাইতে পারিলেই অভিনয় সফল হয়।

অভিনয় ব্যাপারকে ভরতমুনি ৪ শ্রেণীতে বিভক্ত করিয়াছেন:—(১) বাচিক অভিনয় অর্থাৎ আবৃত্তি, (২) আঙ্গিক অভিনয় অর্থাৎ বাক্যের সহিত অঙ্গসঞ্চালন, (৩) আহার্য্য অভিনয় অর্থাৎ দৃশ্যপট, পরিচ্ছদ ইত্যাদি, এবং (৪) সাত্ত্বিক অভিনয় অর্থাৎ আবৃত্তিতে প্রাণপ্রতিষ্ঠা বা Emotion.

Aristotle এর Rhetoric একখানি বিশ্ববিখ্যাত প্রাচীন গ্রন্থ। সেই গ্রন্থের তৃতীয় খণ্ড আবৃত্তি-বিজ্ঞান। স্বর-ভঙ্গীকেই আবৃত্তির কৌশল বলিয়া নির্দ্দেশ করিয়া Aristotle বলিয়াছেন—"It (art of delivery) is the art of knowing how to use the voice for the expression of each feeling, of knowing when it should be loud, low or moderate, of managing its pitch—shrill, deep or middle—and of adopting the cadence to the theme." বৃদ্ধ Aristotle এর বহুপূর্ব্বে ভরতমুনি নির্দ্দেশ করিয়াছেন—'অলঙ্কার বিরামাভ্যাং সাধ্যতে হর্ষ নিশ্চয়ঃ'। তাঁহার স্বরাধ্যায় এই বিষয়ের অতি সূক্ষ্মানুসূক্ষ্ম আলোচনায় পরিপূর্ণ। ভরত কল্পনা করিয়াছেন অভিনয় কালে বক্ষ হইতে, কণ্ঠ হইতে এবং শির হইতে স্বর উদ্ভূত হয়। Yule কলেজের অধ্যাপক Day এতকাল পর এই তত্ত্ব আবিষ্কার করিয়া কহিয়াছেন—

There are 3 varieties of quality of voice which affect the character of vocal expression —they are the orotund, the guttural and the aspirate ... ... This quality (orotund) appears to be imparted to the voice by reverberating it against the walls of the throat when expanded to its utmost degree. The guttural quality is imparted to the voice by contracting the passage of the throat above the larynx. ... .. The aspirated voice is simply the emission of vocalised with unvocalised breath.

কণ্ঠস্বরের সাহায্যেই আমরা রঙ্গপীঠে দেবীকে স্থাপিত করি, পিশাচীকে আনি, রোষকে প্রজ্বলিত করি, গর্ব্বকে ফুটাইয়া তুলি, অশ্রুর বন্যায় চারিদিক ভাসাইয়া দিই—এই কণ্ঠের পরিবর্ত্তন করিয়াই আবার মূর্ত্তিমতী প্রেমের চরণে পুষ্পাঞ্জলি দিয়া গাহি—

জনম অবধি হম রূপ নেহারনু
নয়ন না তিরপিত ভেল।

হর্ষ একটী চিত্তবৃত্তি। তাই বলিয়াই কি হর্ষমাত্রেরই একইরূপ মূর্ত্তি? যোগীর ভগচ্চরণ দর্শনে হর্ষ, ভোগীর বিলাস-সামগ্রী দর্শনে হর্ষ, সেনাপতির বিজয়লাভে হর্ষ, বিনাবাধায় পরস্বাপহরণে কৃতকার্য্য হইয়া তস্করের হর্ষ,—জননীর প্রিয়পুত্র দর্শনে, বিরহিনীর প্রিয়সম্মিলনে—এসকলই হর্ষ, কিন্তু অবস্থাভেদে পাত্রভেদে কত বিভিন্ন—অভিব্যক্তি-কৌশলও তাই একরূপ নহে।

(ক্রমশঃ)

শ্রীরাজেন্দ্রলাল আচার্য্য বি, এ।

বন্দনা।

(বাঁকীপুরে অনুষ্ঠিত "বঙ্গীয় সাহিত্য-সম্মিলনে" পঠিত।)

১

এস পূজার্হ সজ্জনগণ! প্রাণভরা লয়ে পূজার অর্ঘ্য,
চির-সাধনার বাঞ্ছিত-ধন পূজিতে মায়ের চরণ-স্বর্গ!
কে এনেছ তুলি অতসী করবী কৃষ্ণচূড়ার মোহন গুচ্ছ,
দীন শিশিরের সুকুমার দান যার কাছে শত মুকুতা তুচ্ছ!
সপ্তস্বরীর সাতখানি তার কে করিবে আজ পুলকে স্পর্শ,
মধুর সুরবে কে বাজাবে বেণু জাগায়ে চৌদিকে আকুল হর্ষ!
ফুৎকারে পূরি পূত প্রাণ-বায়ু কে বাজাবে শাঁখ গভীর মন্দ্রে,
মঙ্গল-গীতি উঠিবে জাগিয়া পরশি গগন-তপন-চন্দ্রে।
এস সবে এস দূরে ফেলে আজ সকল কুণ্ঠা সকল শঙ্কা,
মার পদতলে নাহি ছোট-বড় বাজে হেথা শুধু মিলন-ডঙ্কা।

২

সন্ধান হেথা পাইলা বুদ্ধ সাম্য-নীতির নির্ব্বাণ-মন্ত্র,
কঠোর তপের সিদ্ধি অমল পালিতে তারিতে জগতী-যন্ত্র!
ভিক্ষু নৃপতি অশোকের সেই "ত্রিরত্নে" গড়া শাসন-ছত্র,
রাজিত হেথায় প্রচারি বিশ্বে চির-কল্যাণ অভয়-পত্র!
যুগে যুগে কত ভক্ত-সাধক রচিলা হেথায় সাধন-তীর্থ,
চরণ-ধূলির পুণ্য-সুরভি আকাশে এখনো উছাসে নিত্য!
বঙ্গ-বাণীর পূজা-মন্দির রচিত আজিকে সে মহা ক্ষেত্রে,
ভক্তি-গৌরবে শিহরে চিত্ত পুলক-অশ্রু উথলে নেত্রে!
এস উদ্গাতা! এস প্রস্তোতা! এস প্রতিহারকারীবৃন্দ!
মুক্ত-প্রাণের স্পন্দন-পূত অঞ্জলি রচি ভুবনানিন্দ্য!

৩

মাতৃ-পূজার হোতৃ-প্রধান! বন্দি তোমারে ভারত-নম্য!
নাহি জানি কোন্ বোধন-মন্ত্রে বিলাইবে আজ চেতনা রম্য!
সুধার উৎস উঠিবে উথলি ঘোষিবে মধুর মিলন-তূর্য্য,
জননীর মোর রাতুল চরণে মুরছিবে কোটি গৌরব-সূর্য্য!
কল্যাণ-করে প্রাণের প্রদীপ জ্বাল আজি মার দেউল-কক্ষে,
আশা-উজ্জ্বল শান্তি-কিরণ ভাতিয়া উঠুক সকল বক্ষে!
নিঃশেষে করি আপনারে দান তটিনী কেমনে বরিছে সিন্ধু,
বিলায় সুরভি কেমনে সে ধূপ দাহিয়া আপন মরম-বিন্দু!

সে মহা ত্যাগের নিগূঢ় মন্ত্র, মহতী সাধনা বিজয়-পূর্ণ,
আজি জনে জনে শিখাও সৌম্য! সব অভিমান করিয়া চূর্ণ!

৪

জননী আমার! জননী আমার! ডাকি বার বার না হই তৃপ্ত!
একি মায়া-ডোরে বাঁধিনি মা মোরে বুকভরা একি আবেগ দৃপ্ত!
মায়ের শ্রীমুখে হেরি হাসি তোর শৈশবে কখন ভুলিনু বিশ্ব!
বন্দি করিলি মন্দির-দ্বারে সংসার-পথে করিয়া নিঃস্ব!
দীর্ঘ বরষ অপেখি জিয়েছে উঠেছে আকুলি তৃষিত চিত্ত,
কবে মাগো তোর চরণসরোজে সারা হৃদি দিব করিয়া রিক্ত!
সার্থক আজ সকল বাঞ্ছা—সফল জীবন, ভুবন-ধাত্রি!
সুগত-তীর্থে পূজিতে মা তোঁরে মিলেছে হাজার ভকত-যাত্রী!
সবার পরাণে উঠুক্ বিভাসি মাগো, তোর ওই বরদা-মূর্ত্তি,
অযুত ছন্দে একটী সুরের বন্দনা-গীতি হউক্ স্ফূর্ত্তি!

শ্রীজীবেন্দ্রকুমার দত্ত।

পরেশনাথ পাহাড়।

গিরিডি হইতে মধুবন ১৯ মাইল, তারপরই পরেশ-নাথ পাহাড়ের চড়াই সুরু। মধুবনে কয়েকটী সুন্দর যাত্রী-নিবাস আছে। বছর বছর বোম্বাই, মালব, রাজপুতনার লাখ লাখ যাত্রী সেখানে সমাগত হয়। পরেশনাথ সাড়ে চার হাজার ফিট উঁচু, ঠিক কার্সিয়াঙের সমান। জৈন তীর্থঙ্কর পরেশনাথের সাধন-ভূমি এই পবিত্র পাহাড় এক সময় বাংলার একটী গৌরবের জিনিষ ছিল। বিহারের ইহাই সব চেয়ে বড় পাহাড়।

পূর্ব্বে সকলেই এই মধুবন হইয়া পরেশনাথে আসিত। আজকাল গ্র্যাণ্ডকর্ড লাইনের নিমিয়াঘাট ষ্টেসন হইতে পরেশনাথে যাওয়া সুবিধা। সেখান হইতে পাহাড় মাত্র ৩ মাইল, আর চড়াই ৬ মাইল।

গিরিডি হইতে মধুবন যাইতে হইলে গোযানই একমাত্র উপায়। পুসপুসও সময় সময় পাওয়া যায়। পূর্ব্বে উটের গাড়ী ছিল, এখন তাহাও নাই। মোটর যোগার করিতে পারিলে সব চেয়ে ভাল।

অনেকদিনের ইচ্ছা হাটিয়া পরেশনাথ যাওয়া চাই। গিরিডি হইতে হাজারীবাগ রোড পরেশনাথের পাশ দিয়াই গিয়াছে।

গিরিডি হহতে আকাশ-পটে আঁকা পরেশনাথ মন্দিরের চূড়া রোজই দেখি। কখনো কখনো মেঘে সমস্ত পাহাড় ঢাকিয়া রাখে, দুপুর রৌদ্রে ঝাপসা দেখায়, কিন্তু ভোরের অরুণরাগে আর সন্ধ্যার অস্তমিত কিরণে পরেশনাথের কি সৌন্দর্য্যই ফুটিয়া উঠে! আর মনে হয়;—

ভূধর দুরধিগম্য
দূর হতে অতি রম্য।

কিন্তু যাঁরা পাহাড়ে চড়ে দেখেছেন, তাঁ'রা জানেন পাহাড়ের উন্মুক্ত সৌন্দর্য্যে কত আনন্দ! পাখীর কল-নিনাদ আর বুকচেরা পাহাড়ের ঝরণার ঝরঝরানি

গানে কত আবেশ সঞ্চারিত হয়! রাজপুতনার নগ্ন পাহাড়গুলিতেও গাম্ভীর্য্যের অভাব নাই। বড় বড় পাথরের খণ্ড যেন কালের কটাক্ষ অগ্রাহ্য করে ধ্যান-স্তিমিতলোচন শিবের মত যোগাসীন।

একদিন ভোরবেলা তিনজনে পরেশনাথ উদ্দেশ্যে বাহির হইয়া পড়িলাম। ভোরের কনকনে বাতাস শীতের আগমনী জানাইতেছিল

ভাদুয়া পাহাড়ের কাছে আসিলে চারিদিক বেশ ফর্সা হইয়া আসিল। চারিদিকের কয়লার খাদের চিমনীর ধূয়া বাহির হইতেছে; আর চলন্ত ঘরের (Lift) ঘড়ঘড় শব্দ শোনা যাইতেছে। কিছুদূর গিয়া স্লেট নদীর পোল পার হইলাম। উপল-মুখরিত নদীর স্রোত তরতর বেগে চলিয়াছে। নদীর দৃশ্যটী বেশ সুন্দর। কিছু দূরে বিচ্ছিন্ন দুইটী পাহাড়ের মাঝ দিয়া আমাদের পথ,—কালিদাসের উপমায়, পাহাড় দুটী ঠিক যেন পার্ব্বতীর স্তনের মত দেখাইতেছে।

৮ মাইল আসিয়া আমরা বরাকর নদীতে পৌঁছিলাম। স্বচ্ছ জল কলকল বেগে চলিয়াছে। নদীর এপারে দু' এক ঘর দোকানপাট আছে।

আমরা নদী পার হইয়া স্নান করিয়া জলযোগ শেষ করিলাম

২ টার সময় চিরকীতে আসিয়া পৌঁছিলাম। চিরকীতে থানা ও পোষ্টআফিস আছে। দোকানপাট যে দু' একখানি ছিল, তাহা যাত্রীর সঙ্গে সঙ্গে মধুবন উঠিয়া গিয়াছে, কাজেই আমরা নিরাশ হইয়া মধুবনের দিকে রওনা হইলাম। মধুবন আর তিন মাইল। কিছুদূর গিয়াই হাজারীবাগ রোড হইতে পরেশনাথে যাওয়ার একটী স্বতন্ত্র রাস্তা পাইলাম।

প্রায় ৪ টার সময় আমরা মধুবনে আসিয়া পৌঁছিলাম। পাহাড়তলির দৃশ্যটী বড়ই মনোরম। প্রকাণ্ড সুরম্য যাত্রীনিবাস ও সংলগ্ন সমুচ্চ মন্দিরের চূড়াগুলি দেখিলে বিশাল রাজহর্ম্ম্য বলিয়া বোধ হয়। বিশাল তোরণ-পথে প্রবেশ করিয়া দুইদিকে সারি সারি যাত্রীর কোঠা, ভিতরে প্রকাণ্ড অঙ্গন। প্রথমটী পার হইয়া আমরা দ্বিতীয় ধর্ম্মশালায় আসিয়া পৌঁছিলাম। সেটী আরো বড়। অঙ্গনের ভিতর সুন্দর ফুলের বাগান—চারিদিকে যাত্রীনিবাসের কক্ষশ্রেণী। সামনের অঙ্গনের ভিতর সারি সারি সুন্দর অনেকগুলি মন্দির। ফুল-বাগানের পাশেই একটী সুন্দর কোঠায় আমরা আশ্রয় লইলাম। ভাণ্ডার-রক্ষক রামসিং গিরিডির লোক। কাজেই আমাদের আদর যত্নের কিছু ত্রুটী হইল না। তাহারি ঘরে আমাদের খাবার বন্দোবস্ত হইল।

মধুবনে তড়াইপন্থী ধর্ম্মশালা তিনটী আর বিশ্বপন্থী ধর্ম্মশালা একটী। জৈন সম্প্রদায়ের দুই ভাগ, শ্বেতাম্বরী ও দিগম্বরী। শ্বেতাম্বরী ভিক্ষু ও ভিক্ষুণীরা শ্বেতবস্ত্র পরিধান করে এবং দিগম্বরী সম্প্রদায়ের ভিক্ষু ভিক্ষুণীরা উলঙ্গ থাকে। কার্য্যতঃ অবশ্য তাহাদিগকে নেংটি পরিতে হয়।

আমরা তড়াইপন্থী শ্বেতাম্বর সম্প্রদায়ের ধর্ম্মশালায়ই স্থান লইয়াছিলাম।

পরদিন ভোরবেলা আমরা পাহাড় চড়াই সুরু করিলাম। শুনিলাম খুব ভোরেই গুজরাতী ও মালবী যাত্রীগণ সদলবলে পাহাড়ে গিয়াছে। পাহাড়ে উঠিবার সুন্দর রাস্তা—পথের দুইধারে নানারকম সুন্দর ফার্ণের গাছ। ইহারি কতগুলি টবে করিয়া কলিকাতার বাজারে বিক্রি হয়—তখন তাহার নাম হয় চাইনিজ ফার্ণ, সুসজ্জিত বিলাসী ধনীগৃহে তাহার কতই না আদর।

দুই পাহাড়ের মাঝখানে একটী অধিত্যকায় আসিলাম—একদিকে চায়ের বাগান, অন্যদিকে লম্বা সারি সারি গাছগুলি ছবির মত দেখাইতেছে। তাহার একদিকে কতগুলি বালক মহিষ চড়াইতেছিল—চারিদিকের উচ্চ পাহাড়ের ছায়ায় সেই স্থানটী শান্ত মনোরম তপোবনের পরিকল্পনার যোগ্য।

আরো কিছুদূর গিয়া সীতানালার পথে আসিলাম। সেখান হইতে ঝরণার ঝরঝরানী গান শোনা যাইতেছে।

তিন মাইল রাস্তায় যাত্রী বিশ্রামের একট আড্ডা—পাকা ঘর, পাশেই তর তর জলের ঝরণা। পাহাড় হইতে ফিরিবার সময় এখানে যাত্রীদের বৈকালীর বন্দোবস্ত থাকে। জৈন আতিথেয়তার চূড়ান্ত!

৬ মাইলের কিছু বাকি থাকিতে রাস্তায় একটী

সুবৃহৎ ডাকবাংলা আছে। সেখানে রজতমুদ্রা সহকৃত আতিথ্যের সুন্দর ব্যবস্থা আছে। খাওয়া দাওয়ার বন্দোবস্ত ঠিক করিতে হইলে পূর্ব্বেই হাজারীবাগ বিভাগের কমিসনারের নিকট খবর পাঠাইতে হয়। এখানের সমস্ত জিনিষপত্র নীচ হইতে আনিতে হয়। এমন কি সামান্য একঘটি জলের আবশ্যক হইলে ২ মাইল নীচের ঝরণা ছাড়া উপায় নাই।

এই ডাকবাংলা ছাড়াইয়া উচ্চবর্ণের হিন্দু ছাড়া আর কেহই উপরে উঠিতে পারে না। ডাকবাংলা ছাড়াইলে রাস্তার মোড়েই জৈন বা উচ্চ হিন্দুব্যতীত অন্যের আরোহণের নিষেধাজ্ঞা জ্ঞাপক একখানি মার্ব্বেল ফলক গ্রথিত আছে। আব্রহ্মকীটপতঙ্গে করুণা যে ধর্ম্মের মূলমন্ত্র, উচ্চনীচবর্ণের ভেদ-বিচার সেই ধর্ম্ম-বাদীদের মনে কিরূপে স্থান পাইল তাহা রহস্যজনক।

৬ মাইল উঠিয়া সুদৃশ্য বিশাল মন্দিরের ধাপে আসিয়া যখন পা দিলাম চারিদিকের উন্মুক্ত বিরাট দৃশ্যে মনে এক অভাবনীয় আনন্দের সঞ্চার হইল। মাথার উপর উন্মুক্ত অনন্ত বিশাল আকাশের চাঁদোয়া—চতুর্দ্দিকের যোজন যোজনব্যাপী বন গিরি নদী প্রান্তরের শোভায় মন যেন তন্ময় হইয়া গেল।

ভাবিলাম প্রকৃতির এই উন্মুক্ত বাতায়নে বসিয়া অনন্ত আকাশের স্পর্শ বুকে করিয়া যে যোগী তপস্যা করিয়াছিল, সমগ্র বিশ্বের করুণার ধারা যে তাহাকে প্লাবিত করিবে—তাহাতে সন্দেহ কি।

মন্দিরে প্রবেশ করিলাম—এই সুন্দর বিশাল মন্দির নির্ম্মাণেও মানুষের কত ভক্তি ও সহিষ্ণুতার দরকার। সমস্ত মালমসলা ও জিনিষপত্র ৬ মাইল চড়াইএ আনিয়া এই মন্দির নির্ম্মাণেও কম খরচ হয় নাই।

মন্দিরে তুষার-ধবল মর্ম্মর পাথরে যোগীবীর পরেশ নাথের পদচিহ্ন খোদিত। কিছুক্ষণ পরেই দলে দলে যাত্রী আসিতে লাগিল; তাহারা তিনবার মন্দির প্রদক্ষিণ করিয়া সুমিষ্ট ছন্দে স্তোত্র পাঠ করিল। অনেক জৈন মহিলা সুদূর বোম্বাই, মালব, রাজপুতনা হইতে তীর্থ করিতে এখানে আসিয়াছেন।

মন্দিরের চতুর্দ্দিকে ঘেরা বারেন্দা। স্বল্পপরিসর পাহাড়ের চূড়ায় কেবল মাত্র মন্দিরটার স্থান সঙ্কুলন হইয়াছে,—তা' ছাড়া আর একটুও জায়গা নাই—চারি দিকেই ঢালু পাহাড়ের গা;—পাশে পাশে গভীর শ্যামলশোভা পরিবেষ্টিত পাহাড়শ্রেণী—স্তর-বিন্যস্ত,—পাহাড়ের গায়ে গায়ে আঁকা বাঁকা পথগুলি বনের ফাঁকে ফাঁকে দীর্ঘ অজগরের মত দেখা যাইতেছে। বনের সুদীর্ঘ ছায়া সমস্ত পাহাড়টীকে ছায়াস্নিগ্ধ উপবনের মত সুরম্য করিয়া রাখিয়াছে। দূরে বরাকর ও দামোদরের স্বচ্ছ স্ফটিকধারা প্রান্তরের বুকে হীরার ছবির ঝিলিক হানিতেছিল। আহত সাপের মত নদীর গতি দু'শবার মোচড়াইয়া গিয়াছে। পাশেই গ্রাণ্ডকর্ড লাইন, কিছুদূরে বৃক্ষসারির ভিতর দিয়া গ্রাণ্ডট্রাঙ্ক রোড। পরেশনাথের চূড়াই সকলের চেয়ে উঁচু—তার নীচে পাহাড়ের শ্রেণীর চূড়ায় চূড়ায় জৈন তীর্থঙ্করদের আরো ছোট ছোট মন্দির আছে।

অন্য এক পাহাড়ের চূড়ায় জলমন্দির। সীতানালার পথ দিয়া যাত্রীরা প্রথম ঐ জলমন্দিরে আসে। সেখানে বিশ্রাম ও খাওয়া দাওয়া সারিয়া পাহাড়ের চূড়ায় চূড়ায় যে সব তীর্থঙ্করের মন্দির আছে তাহা পরিভ্রমণ করে, সর্ব্বশেষ এই পরেশনাথে আসে।

মেয়েদের এই শ্রম-সহিষ্ণুতা এবং এই দুর্গম চূড়ায় চূড়ায় পরিভ্রমণ দেখিলে তাহাদের ভক্তির প্রগাঢ়তা বেশ উপলব্ধি হয়।

এই উন্মুক্ত পাহাড়ে, প্রকৃতির এই সুরম্য প্রদেশে পরিভ্রমণ করিলে মন যে কত ভক্তি-বিনম্র হয় ও মনের সতেজ ভাব প্রস্ফুটিত হয় তাহা সহজেই বোঝা যায়।

এক এক দল যাত্রী পাহাড় অতিক্রম করিয়া যখন এই মন্দির-দ্বারে পৌঁছিয়া "জয় পরেশনাথজী কি জয়" শব্দে প্রাণের ভক্তি-উৎস-দ্বার উন্মুক্ত করিয়া দেয় ও ভক্তি-বিনম্র ভাবে মন্দির-দরজায় লুটাইয়া পড়ে তখন কি অনির্ব্বচনীয় ভাবই মনে উদয় হয়।

আমরা সেখানে কতক্ষণ কি অনির্ব্বচনীয় শান্তিই অনুভব করিলাম। অনন্ত বিরাট আকাশের পুলকস্পর্শ যেন আমাদের ঘিরিয়াছিল। চতুর্দ্দিকের বনগিরি-প্রান্তর যেন এই অত্যুচ্চ বেদীর মুখপানে কি শান্তির

কথাই শুনিতে তন্ময় হইয়া আছে। অনন্ত আকাশের আনন্দ-উচ্ছ্বাসের ভাব, অব্যক্ত সুরের করুণ উচ্ছ্বাসের ধারা বুঝি পরেশনাথ এই খানেই বুক ভরিয়া পাইয়াছিলেন।

অপরাহ্ণে ধীরে ধীরে একটী স্বপ্নময় স্মৃতি পশ্চাতে ফেলিয়া নীচে নামিতে লাগিলাম বার বার পিছনে ফিরিয়া সেই শান্তির স্বর্গের দিকে তাকাইতেছিলাম।

শ্রীরবীন্দ্রনাথ সেন।
গিরিডি।

অশোক।

ধন্যরে অশোক তোর জনম ভূতলে,
চিরমুগ্ধ কবি-আঁখি ও রাঙা বরণে!
ছিলি বাঁধা বুঝি কোন্ অপ্সরা-অঞ্চলে,
দেখাতে সৌন্দর্য্য তোর ছড়ান ভুবনে।
কোন্ দূর অতীতের কোন্ শুভক্ষণে,
হ'ল এ ধরায় তোর জনম-উৎসব,
কোন্ রম্যালোকে কোন্ রৌদ্রদীপ্ত বনে
ফুটাইলি স্বরগের এ শোভা-সম্পদ?
হেরি তোর রক্তাধর এ মর্ত্ত্যসুন্দরী
রঞ্জে অলক্তকরসে সুচারু অধর;
তোর ও রক্তিম রাগে ত্রিদিব-অপ্সরী
ফুটায় অরুণদীপ্তি কপোলে সুন্দর!
কি বরবরণ ওই! কি বরণ মরি,
বিকশে বসন্ত বিশ্বে চির-মনোহর!

শ্রীনগেন্দ্রনাথ সোম।

চীনা ও জাপানী সমাজদ্বয়ের আব্ হাওয়া।

জাপানে প্রথম সাতদিনের মধ্যেই যতগুলি জাপানী "আটপোরে" শব্দ দখল করিতে পারিয়াছিলাম চীনে আটমাস থাকিয়াও তাহার অষ্টমাংশ চীনা শব্দ আয়ত্ত হইল না! সত্য কথা, এখন পর্য্যন্ত একটিও চীনা শব্দ জানিনা। এমন কি জল বা ভাত ইত্যাদির প্রতিশব্দও দুরস্ত হয় নাই। বড়ই বিস্ময়জনক সন্দেহ নাই, কিন্তু বিস্মিত হইবার কারণও নাই।

মৃতপ্রায় জাতির আব্ হাওয়া হইতে দুনিয়ায় কোন প্রভাব ছড়াইয়া পড়ে না, পড়িতে পারে না। অবনত জাতিকে লোকে স্বভাবতঃই কুকুর বিড়ালের মত দেখিয়া থাকে, এই সকল জাতির নরনারী গোটা মানুষ নয়, আধখানা মানুষ। কাজেই ইহাদের হাসিকান্না কিরূপ, ইহাদের নাচগান কিরূপ, ইহাদের লেন দেন কিরূপ, ইহাদের সৌজন্য শিষ্টাচার কিরূপ, তাহা শীঘ্র শীঘ্র বিদেশীয়ের নজরে পড়ে না।

জাপানের প্রতি বিশেষ পক্ষপাতী ছিলাম, আর চীনাদিগকে প্রথম হইতেই কুনজরে দেখিয়া আসিতেছি, একথা বলিতে পারি না। বরং পক্ষপাত যদি থাকে তাহা চীনাদিগের দিকেই আছে। চীনা লোকজনকে যতটা আত্মীয় বিবেচনা করিতে পারি জাপানীদিগকে ততটা আত্মীয় বিবেচনা করিতে পারি নাই। তথাপি চীন আমাকে প্রভাবান্বিত করিতে পারিল না। কিন্তু আজ যদি চীনারা ইয়াঙ্কি যুক্তরাষ্ট্রের সমান একটা শক্তিশালী অগ্রগামী জাতি হইত তাহা হইলে চীনা হাঁচি, চীনা কাসি, চীনা বদমায়েসি হইতে আরম্ভ করিয়া চীনা শিল্প, চীনা আদবকায়দা, "চীনা খৃষ্টধর্ম্ম," "চীনা বৌদ্ধধর্ম্ম," চীনা শাসনপ্রণালী পর্য্যন্ত সবই দুনিয়ার অলিতে গলিতে প্রসিদ্ধ হইত। তখন তিনদিন মাত্র পিকিঙে বাস করিতে না করিতেই খাঁটি চীনা হইয়া পড়িতাম। বিলাতে পদার্পণ করিতে না করিতেই ভারত-সন্তানের গলায় আওয়াজ ইংরেজের অনুরূপ

হইয়া পড়ে না কি? ইয়াঙ্কিস্থানের নিউইয়র্ক বন্দরে জাহাজ লাগিবার পূর্ব্বেই নাকি সুরে আমরা কথা বলিতে অভ্যস্ত হই না কি? বিজিত জাতির আবহাওয়া এবং বিজেতা জাতির আবহাওয়া দুই ভিন্ন পদার্থ। এই প্রভেদ না বুঝিয়া মানবচরিত্র সমালোচনায় প্রবৃত্ত হইলে ভুল ধারণা থাকিয়া যাইবে।

বিগত নবেম্বর মাসে এক দিন দেখি বাঁধের উপরকার বড় বড় ব্যাঙ্ক, হোটেল ও আফিসগুলি সাজাইবার ধুম পড়িয়াছে। ভাবিলাম বোধহয় যুদ্ধে ইংরাজপক্ষীয়গণের একটা বড় রকম জয়লাভ হইয়া থাকিবে। তার পরদিন দেখিলাম শাংহাইয়ের জাপানীরা মহা-উল্লাসে চলাফেরা করিতেছে। সকলের বেশভূষা অতি জমকালো। কাগজে পত্রে দেখা গেল আজ নবীন সম্রাটের রাজ্যাভিষেক কিয়োটো নগরে অনুষ্ঠিত হইয়াছে। এই অভিষেক-যজ্ঞ দেখিয়া পাশ্চাত্যেরা কিছু থমকিয়া দাঁড়াইতেছেন। অনেকের ধারণা ছিল যে, জাপান আজকাল সকলবিষয়ে ইয়োরামেরিকার অনুকরণ করিতেছে—"করনেশন"-কাণ্ডও পাশ্চাত্য রীতিতেই অনুষ্ঠিত হইবে। অথচ অভিষেক-ভূমির প্রথম খুঁটিগাড়া হইতে আমীরওমরাওগণের চপ্‌ষ্টিকের সাহায্যে বিদায়-ভোজ পর্য্যন্ত প্রত্যেক কার্য্য খাঁটি প্রাচ্যরীতিতে সম্পন্ন করা হইল। জাপানী অভিষেকপ্রথাও অন্যান্য দেশীয় মুকুট-গ্রহণ হইতে স্বতন্ত্র। বস্তুতঃ জাপানী অভিষেককে করনেশন বা মুকুটধারণ উৎসব বলা উচিত নয়। সম্রাট্ কোন শুভদিনে তাঁহার পরলোকগত পিতৃপুরুষগণকে জানাইয়া দেন যে তিনি তাঁহাদের পন্থা অবলম্বন পূর্ব্বক রাষ্ট্রকর্ম্মে দীক্ষিত হইতেছেন। এইরূপ জানান বা পরলোকে সংবাদপ্রেরণের নাম জাপানী অভিষেক। বর্ত্তমান অভিষেকও মান্ধাতার আমলের এই নিয়মানুসারে পরিচালিত হইল।

জাপানী অভিষেক-যজ্ঞে প্রচুর পরিমাণে চাউল ব্যবহারের বিধি আছে। এই চাউল অতি পবিত্র—নাম "ধর্ম্ম-তণ্ডুল" দিতে পারি। যে-সে জমি হইতে যে-সে প্রণালীতে উৎপন্ন চাউলের দ্বারা ধর্ম্ম-তণ্ডুলের কার্য্য সম্পন্ন হয় না। শুনিলাম প্রথমতঃ জাপানের দুইটা জেলা এই চাউল উৎপন্ন করিবার জন্য মহাসমারোহের সহিত উৎসর্গীকৃত হইয়াছিল। সেই দুই ধর্ম্মজেলার মধ্যে স্থানে স্থানে খানিকটা জমিও যথারীতি উৎসর্গীকৃত করা হইয়াছিল। এই সকল ধর্ম্মক্ষেত্রের উপরে মন্দিরজাতীয় ধর্ম্মগৃহ (shrine) নির্ম্মিত হইয়াছিল। যে সকল কৃষক এই ধর্ম্মক্ষেত্র চষিবার জন্য নিযুক্ত হইয়াছিল তাহাদিগকে আমাদের চড়ক, গাজন, গম্ভীরা এবং অন্যান্য উৎসবের "সন্ন্যাস"-কারী "ভক্ত" বা "সন্ন্যাসীর" মত দীক্ষিত করা হইয়াছিল। ভূমিতে যে সার প্রদত্ত হইয়াছিল তাহাও যে-সে সার নয়। উহা একপ্রকার "নৈবেদ্যের" অঙ্গবিশেষ। তাহার পর ধান্যরোপণ—সেও এক বিরাট বৃক্ষ-প্রতিষ্ঠার অভিনয়। তাহাতে তেত্রিশ কোটি দেবতার নিমন্ত্রণ হইয়াছিল—তাঁহাদিগকে ষোড়শোপচারে চর্ব্ব্যচোষ্য দিবার ব্যবস্থা করা হইয়াছিল—সঙ্গে সঙ্গে প্রাচীন জাপানী নৃত্যগীতবাদ্যেরও যথোচিত আয়োজন ছিল। চাষীরা আবাদের সময়ে এবং ধান্য কর্ত্তনের সময়ে ধর্ম্মস্নান দ্বারা চিত্তকলেবর পবিত্র করিয়া শুদ্ধান্তঃকরণে ধর্ম্মভূমিতে পদার্পণ করিত। এমন কি, খন্তা, কোদাল, খুরপি, ধামা, বস্তা, চট, বাসনকোসন সবই পবিত্র উৎসবের নিয়মানুসারে যথাবিধি শোধন করিয়া লইতে ভুল হয় নাই। সুতরাং ধর্ম্মসংস্কার ও সমাজ-সংস্কারের জন্য বসিয়া না থাকিলেও "ফাষ্টক্লাশ পাওয়ার" হওয়া যায়।

শ্রীবিনয়কুমার সরকার।

সাঁঝে।

তুমি,

ভোরের বেলার খেলার সাথী—
ধূলির পরাগ মাখা,
দুপুর রোদে পুকুর-পারে
ঘন পাতার শাখা।
বিকাল বেলা ছিটাও পানি
প্রাণের পোড়া বাটে,
দেখা দিও সোনার সাঁঝে—
বস্‌বো যখন পাটে।

শ্রীকুলচন্দ্র দে

বাঁশীরাজ।

(ভ্রমণ-বৃত্তান্ত।)

এবার পূজার ছুটীতে বাঁশীতে বেড়াইতে গিয়াছিলাম। B. N. W. রেল্‌লাইনের বস্তিনামক ষ্টেশন হইতে ৩২ মাইল উত্তরপূর্ব্ব কোণে তারাই জঙ্গলের প্রায় কাছাকাছি তাপ্তী নদীর তীরে বাঁশী অবস্থিত। ইহা যুক্তপ্রদেশের একটী দেশীয় রাজ্য। রাজ্যটী আয়তনে আমাদের দেশের ভাওয়াল রাজ অপেক্ষা বড় হইবেনা, কিন্তু রাজার চালচলন ও ঠাট একটু স্বাধীনভাবাপন্ন, একটু বনিয়াদি রকমের।

প্রায় ১০ বিঘা জমি লইয়া রাজপ্রাসাদটী তৈরী এবং ইহার চারিদিক প্রস্তর নির্ম্মিত সুদৃঢ় উঁচু প্রাচীরে ঘেরা। প্রাসাদে প্রবেশের জন্য উত্তর দক্ষিণে দু'টী সিংহদ্বার আছে। প্রবেশ করিয়াই এক বৃহৎ চত্বর দেখা যাইবে। এই চত্বরের পশ্চিমে রাজপ্রাসাদ, আর তিনদিক ভরিয়া হাতীশালা, ঘোড়াশালা, বাঘভালুক ইত্যাদি জানোয়ারের আড্ডা ও চিড়িয়াখানা। চিড়িয়াখানায় কত রং বেরঙের দেশী বিলাতী পাখী, ও বাঁদর দেখিলাম। রাজার কুকুর পুষিবার খুব সখ। Greyhound, Fox Terrier, Bull-dog, ইত্যাদি নানাজাতীয় প্রায় ৫০টী কুকুর রাজা পোষেন। একটু তফাতে তাদের জন্য আলাহিদা ঘর ও খানসামার বন্দোবস্ত আছে। রাজপ্রাসাদটী দ্বিতল ও দ্বিমহল। সদর মহলের নীচে একদিকে রাজার ড্রয়িংরুম, নায়েবখানা, খাজাঞ্চিখানা, কাচারী ও দরবার-গৃহ, অন্যদিকে খানসামা, লোকলস্কর, আমলাগোমস্তা ও সিপাহী পিয়াদাদের থাকিবার ঘর। উপরে রাজার বসিবার ঘর, বিশ্রামাগার ও মন্ত্রণাগার। তা' ছাড়া বিশিষ্ট অতিথিদের জন্য গুটিকয়েক সুসজ্জিত শয়নাগারের বন্দোবস্ত আছে। সদরের পশ্চাতে অন্দর-মহল।

'বাঁশী-রাজেরা অযোধ্যার সূর্য্যবংশের সন্তান। কিন্তু ইঁহাদের একটা ধারাবাহিক ইতিহাস খৃঃ ত্রয়োদশ শতাব্দীর ওদিকে আর মিলে না। ঐসময় ইঁহাদের এক পূর্ব্ব-পুরুষ দিল্লীর মোগল বাদশাহের রোষে পড়িয়া কারাগারে নিক্ষিপ্ত হইয়াছিলেন। কিন্তু অর্থদ্বারা বিশিষ্ট ক্ষমতাশালী ওমরাহগণকে বশীভূত করিয়া মুক্তি লাভ করেন এবং তারপর মোগলরাজের বিরুদ্ধে একটা বড় রকমের বিদ্রোহ দমন করিয়া বিস্তর জাইগীর ইনাম প্রাপ্ত হন। ইনিই পরে গোরখপুরের দিকে সসৈন্যে অগ্রসর হইয়া স্থানীয় ভূস্বামীগণকে পরাভূত করিয়া রাজ্য স্থাপন করেন এবং তারপর আরো উত্তর-পূর্ব্বদিকে অগ্রসর হইয়া জেলাবস্তিতে আসিয়া 'গড়' করেন। ইঁহারই বংশধরগণ এখন বস্তি ও বাঁশীতে রাজত্ব করিতেছেন।* বস্তির রাজারা বাঁশীরাজারই জ্ঞাতি। বাঁশীর নামোৎপত্তি লইয়া দু'টী প্রবাদ প্রচলিত আছে। প্রথম প্রবাদ এই যে, বাঁশীরাজের এক পূর্ব্বপুরুষের নাম ছিল বাঁশীদেও (Bans Deo)। তিনি অতীব বীর্য্যশালী ও স্বনামধন্য রাজা ছিলেন। তাঁহারই নামে রাজ্য বাঁশী আখ্যা পাইয়াছে। দ্বিতীয় প্রবাদ এই যে বাঁশীতে বাঁশের আধিক্য হেতু বাঁশী নাম হইয়াছে। কোনকালে এই স্থানে বাঁশঝাড়ের প্রাচুর্য্য ছিল কি না বলিতে পারি না, কিন্তু এখন যাহা দেখিলাম তাহা প্রবাদ সমর্থন করিবার মত কিছুই নহে। কাজেই প্রথম প্রবাদই যুক্তিযুক্ত বলিয়া মনে হইল।

* নামটা ভুলিয়া গিয়াছি। Atkinson's Gazetteer দ্রষ্টব্য।

বর্ত্তমান বাঁশীরাজ রতন সেন সিংহ বাহাদুর অতি বদান্য ও উচ্চ অন্তঃকরণের লোক। স্বরাজ্যে শিক্ষা বিস্তারের জন্য তিনি যুক্তপ্রদেশের গভর্ণমেণ্টের হাতে দেড়লক্ষ টাকা দিয়াছেন। ঐ স্থানের প্রধান শিক্ষক ডাঃ জে, এম, কর বি-এ, পি এইচ্, ডির অতিথি হইয়াছিলাম। রাজা রতন সিংহের পিতামহ মহেন্দ্র সিংহ সিপাহী বিদ্রোহের সময় বিশ্বস্ততা ও বিশেষ কৃতিত্বের সহিত ইংরাজ সরকারকে সাহায্য করিয়া C. S. I. উপাধি লাভ করিয়াছিলেন। তিনিই সর্ব্বপ্রথমে ঐ রাজ্যে মধ্য ইংরেজি বিদ্যালয় স্থাপন করেন।

বর্ত্তমান বাঁশীরাজ পিতামহের সকল গুণের অধিকারী হইয়াছেন। তিনি একান্ত রাজভক্ত, স্বরাজ্যে শিক্ষা-বিস্তার প্রভৃতি নানাপ্রকার উন্নতিকামী, সরল প্রকৃতি, ধীর, সদ্বিবেচক, বুদ্ধিমান ও বিজ্ঞ। আবার তিনি শারীরিক সামর্থ্য ও বহু বীরোচিত গুণের অধিকারী। তাঁহার কার্য্যকলাপ দেখিয়া শুনিয়া ও তাঁহার সঙ্গে আলাপ করিয়া আমরা তৃপ্ত ও মুগ্ধ হইয়াছি। সকালে বিকালে ঘোড়ায় চড়া তাঁহার নিত্য নৈমিত্তিক ব্যায়াম। তিনি একজন অতি দক্ষ শিকারী ও ওস্তাদ পলো-খেলোয়াড়। তাঁহার মত দক্ষ শিকারী গোরখপুর অঞ্চলে দ্বিতীয় আছে কিনা সন্দেহ। পলো খেলার জন্য এক বিস্তীর্ণ মাঠ তিনি সযত্নে রক্ষা করিতেছেন।

রাজা আমাদিগকে অভ্যর্থনা করিয়া তাঁহার বসিবার ঘরে বসাইলেন। বসিবার ঘরটী বেশ সাজান গোছান, ছোটখাট ড্রয়িংরুম বলিলেও চলে। আমরা বসিলে রাজা খানসামাকে আতর পান আনিতে আদেশ করিলেন এবং তাহা আনিলে রাজা নিজ হাতে আমাদিগকে পান দিলেন এবং তাঁর প্রাইভেট সেক্রেটারী আমাদের জামার আস্তিনে ও কলারে আতর মাখিয়া দিলেন। বিশিষ্ট অতিথিকে রাজা এই প্রকার আতর পান দিয়া খাতির করিয়া থাকেন।

রাজার সঙ্গে কথাবার্ত্তা হিন্দীতেই হইল। সময়টী রাজার বিনয়বচনেই প্রায় কাটিয়া গেল। রাজা যে সকল কথা বলিয়া আমাদিগকে আপ্যায়িত করিতে চেষ্টা করিলেন, সংক্ষেপে তাহার সারমর্ম্ম এই :—কলিকাতার বাবু আপনারা, কলকাত্তা বহুত ভারি সহর হ্যায়। আমি একবার কলিকাতা গিয়াছিলাম, আপনারা ঐ ভারি সহরের লোক, আপনারা মেহেরবানি করিয়া এই গরিবখানায় আসিয়া আমাকে আমাকে ধন্য ও কৃতার্থ করিয়াছেন ইত্যাদি ইত্যাদি। অবশ্য আমরাও পূর্ব্ব-শিক্ষা মতে কথায় কথায় 'আপকী মেহেরবানি' কহিয়া যথাবিধি ভদ্রতা রক্ষা করিতে ত্রুটী করি নাই। কিন্তু কলিকাতা যে সমগ্র বাংলা দেশ নহে, এবং বাঙ্গালী হইলেই যে সে কলিকাতার বাবু নহে এই কথাটি রাজাকে বুঝাইয়া রাজার উৎসাহের লাঘব করি নাই। কিছুক্ষণ কথাবার্ত্তার পর আমরা আসন পরিত্যাগ করিয়া আদাব জানাইলাম, রাজাও অমনি হস্ত প্রসারণ করিয়া করকম্পন করিয়া আমাদিগকে বিদায় দিলেন। রাজা শিষ্টতায় ও ভদ্রতায় আমরা বড়ই মুগ্ধ হইয়াছি। ইংরাজিতে বিশেষ শিক্ষিত না হইলেও রাজা রতনসিং অতি দক্ষতার সহিত রাজ-কার্য্য পরিদর্শন ও পরিচালন করেন এবং ভদ্রোচিত অতি উচ্চাঙ্গের আদবকায়দার অধিকারী। নীচে নামিয়া রাজার প্রাইভেট সেক্রেটারীর সঙ্গে রাজার ড্রইংরুমটা ঘুরিয়া ফিরিয়া দেখিলাম। ড্রইংরুমটা বেশ বড় ও অতি সুরুচির সহিত সাজান। প্রশ্ন করিয়া জানিলাম যে এলাহাবাদ হইতে জনৈক পার্শী আসিয়া তাহা সাজাইয়া দিয়াছে। ড্রইংরুমের সম্মুখেই লম্বা প্রশস্ত বারান্দা, বারান্দার দেওয়ালের চারিদিকটা বাঘের মাথায়, বড় বড় শৃঙ্গযুক্ত হরিণের মাথায়, মহিষের মাথায় ও কতপ্রকার মৃত সামুদ্রিক জীবে ভরা। এ সকলই রাজার নিজ হাতে শিকার করা। দেখিয়া কেতাবে পড়া বিলাতের সেকেলে ব্যারণদের কথা মনে পড়িয়াছিল। লাট-বেলাট কিংবা গণ্যমান্য রাজা মহারাজা অতিথি হইলে ড্রইংরুমে নাচভোজের ধুম পড়িয়া যায়। ড্রইংরুমের তামাসা দেখিবার নিমিত্ত জেনানাদের জন্য উপরে পরদাঘেরা রেলিং দেওয়া গেলারি আছে।

বাঁশীতে এখনও বেশী বাঙ্গালীর শুভাগমন হয় নাই। মাত্র তিনটী বাঙ্গালী এরাজ্যে আছেন। ডাঃ কর,

আর একজন স্কুলের শিক্ষক ও রাজার বাড়ীর জনৈক এলাহাবাদ-প্রবাসী বাঙ্গালী ডাক্তার। ইঁহারা আমাদের খুব খাতির যত্ন করিলেন ও একদিন নিমন্ত্রণ করিয়া খাওয়াইলেন। প্রবাসে বাঙ্গালীর এই বন্ধুত্বটুকু অতি মধুর লাগিল। পূর্ব্বে বাঁশীতে আসিতে হইলে ষ্টেশন হইতে ৩২ মাইল 'শিক্রাম' বা ঘোড়ার গাড়ীতে আসিতে হইত। কিন্তু কিছুদিন হইল ডাঃ করের পরামর্শে কলিকাতা হইতে একটা মোটর কোম্পানী রাজার কাছে রাজ্যে মোটর চালাইবার অনুমতি পাইয়াছে। রাজা প্রজাদের চলাচলের সুবিধা হইবে ভাবিয়া কোম্পানী হইতে কোন শুল্ক দাবী করেন নাই। রাজার এই মহানুভবতা অনুকরণীয়।

বাঁশীরাজ্যের জমি বেশ উর্ব্বরা, এবং প্রজারা বেশ সুখে স্বাচ্ছন্দ্যে আছে। রাজার হাতি লইয়া আমরা একদিন আশেপাশের গ্রাম দেখিতে বাহির হইয়াছিলাম। হাতির উপর হ্যাটকোট পরা জীব দেখিয়া গ্রামবাসীরা বিস্ময়-বিমুগ্ধভাবে আমাদের পানে তাকাইয়া রহিল। গ্রামের জমিদার যিনি তিনি দূর হইতে রাজার হাতি দেখিয়াই খাটিয়া বিছাইয়া হাতি 'হেট' করিবার জন্য মাহুতকে অনুরোধ করিলেন এবং আমরা তাঁর অভ্যর্থনা না লইয়া যাইতে পারিবনা একথা যতদূর সম্ভব বিনয়-নম্রতার সহিত জানাইলেন। আমরা হাতি হইতে আর নামিলাম না, কারণ নামিলে ওঠা এক কঠিন ব্যাপার। জমিদার সাহেব নিজ হস্তে আমাদিগকে পান দিলেন আমরা আদাব করিয়া তাহা গ্রহণ করিলাম। এপ্রকার আদর অভ্যর্থনার অভিনয় প্রতি গ্রামেই হইয়াছিল।

বাঁশী সহরে ভাল Stationery দোকানের একান্ত অভাব। একজোড়া ভাল মোজা কিংবা একবাক্স ভাল সাবান হয় বস্তি কিংবা গোরক্ষপুর হইতে আনাইতে হয়। আমার খুব বিশ্বাস যে আমাদের দেশের কোন উৎসাহশীল যুবক যদি ঐ স্থানে গিয়া একটী ভাল মনোহারী দোকান খোলেন এবং স্কুলের পাঠ্যপুস্তক রাখেন তবে বিস্তর লাভ করিতে পারেন। বাঁশী ভাল চাউলের জন্য বিখ্যাত। তাপ্তী নদীর তীরে তীরে বিস্তর চূণো ও ফাগি মাটি দেখিলাম। এখানে অনায়াসে একটা চূণের কারখানা খোলা যায়। তাপ্তী নদীতে বারমাসই নৌকা চলে এবং বর্ষাকালে ছোট ছোট Steam Launch ও মোটর বোটও চলিতে পারে। তাপ্তী খরস্রোতা হইলেও ইহাতে নৌকার চলাচল অসম্ভব নহে। জলপথে গোরক্ষপুর পর্য্যন্ত মাল সহজেই পৌঁছাইতে পারা যায়। আমার এই ভ্রমণ-বৃত্তান্ত পড়িয়া যদি কোন খনিবিজ্ঞাবিৎ (Mineralogist) যাইয়া স্থানটী পরীক্ষা করেন তবে আমার এই লিখন-শ্রম সার্থক জ্ঞান করিব।

বাঁশীতে প্রকৃতির নগ্ন সৌন্দর্য্য অতি মনোহর। বাঁশীর দক্ষিণে, খরস্রোতা তাপ্তী আর উত্তরে তীরাই জঙ্গল, তাহার পশ্চাতে নেপাল পাহাড় এবং তাহার পশ্চাতে তুষার-ধবল হিমালয় যেন ইহার গা ঘেঁসিয়া মাথা তুলিয়া দাঁড়াইয়াছে। নেপাল পাহাড় বাঁশীর মাত্র ৩০ মাইল দূরে। নেপাল পাহাড়ের গাঢ় নীলিমা আর তাহার উপরই তুষার-শৃঙ্গ হিমালয়ের শুভ্রতা—পাশাপাশি নীল ও শাদায় মিশিয়া এক অপূর্ব্ব দৃশ্যের অভিনয়। একদিন অতি প্রত্যুষে উঠিয়া সূর্য্যোদয়ে হিমালয়ের দৃশ্য দেখিবার আশায় দাঁয়ড়াইয়াছি। পূর্ব্বাকাশে সূর্য্যোদয় হওয়া মাত্রই হিমালয়ের তুষার-শৃঙ্গগুলি লাল হইতে আরম্ভ করিল, মনে হইল যেন ওগুলি কে তুলি দিয়া রঙ্গাইয়া দিতেছে। দেখিতে দেখিতে অস্পষ্ট নেপাল পাহাড়-শ্রেণীর ও তারাই জঙ্গলের নীলিমা স্পষ্ট হইতে স্পষ্টতর হইতে লাগিল। মনে হইল যেন প্রকৃতি সহসা আপন অঞ্চল খানা টানিয়া লইয়া বিশ্বরাজের এই অপূর্ব্ব ছবিখানি আমাদের সম্মুখে ধরিলেন। সে দৃশ্যের স্মৃতি আর এ জনমে ভুলিবনা।

শ্রীনগেন্দ্রনাথ ঘোষ।

আকাঙ্ক্ষা।

ঊষায় মেলিয়া আঁখি তোমারি চরণতলে
করিয়াছি খেলা,
দিবসের অবসরে তোমারি আঁচল-ছায়
কেটে যায় বেলা ;—
সাঁঝের আঁধার যবে ঘনায়ে আসিবে ধীরে
ঘিরি চারিধার
আমার বিফল সাধ স্বপনে সফল করো,
জননী আমার!

শ্রীপরিমলকুমার ঘোষ

হরিশ্চন্দ্রের "কীচকবধ কাব্য"।

["গ্রন্থ প্রচারের উদ্দেশ্য" ও "বিজ্ঞাপন"।]

মহাকবি মধুসূদনের "তিলোত্তমাসম্ভব" কাব্য ১৮৬০ খৃঃ অব্দে বা ১২৬৬ সনে এবং "মেঘনাদ বধ" কাব্য ১৮৬১ খৃঃ অব্দে প্রকাশিত হয়। বাঙ্গালা-সাহিত্যে এই দুইখানি ("তিলোত্তমাসম্ভব" ও "মেঘনাদ বধ") কাব্যই অমিত্রাক্ষর ছন্দে রচিত সর্ব্বপ্রথম গ্রন্থ। ইহার প্রায় ৫।৬ বৎসর পরে, কবি হরিশ্চন্দ্র মিত্রের "কীচকবধ" কাব্য প্রকাশিত হয়। বর্ত্তমান প্রবন্ধে আমরা এই সকল কাব্যগ্রন্থের কাব্য-সৌন্দর্য্য প্রদর্শনে বা আলোচনায় প্রবৃত্ত হইব না। "কীচকবধের" প্রারম্ভে কবি "গ্রন্থ-প্রচারের উদ্দেশ্য" ও "বিজ্ঞাপন" প্রকাশ করিয়াছেন; এস্থলে তাহার সাহিত্যিক মূল্য কি, তাহা প্রদর্শনই বর্ত্তমান প্রবন্ধের লক্ষ্যস্থল।

আধুনিক সাহিত্যে যে উদ্দেশ্যে গ্রন্থের 'ভূমিকা' বা 'অবতরণিকা' লিখিত হয়, হরিশ্চন্দ্রের "বিজ্ঞাপন"ও সেই উদ্দেশ্যে লিখিত। এই বিজ্ঞাপনে কবির প্রধান আলোচ্য বিষয়—(১) আত্ম-নিবেদন ও (২) ছন্দ-বিচার বা অমিত্রাক্ষরছন্দে মিত্রাক্ষরতা বা প্রবর্ত্তন। প্রথমতঃ হরিশ্চন্দ্রের পিতৃবিয়োগের পর পঞ্চম দিবসেই হরিশ্চন্দ্রের "কীচকবধ" কাব্য প্রকাশিত হয়। এই সময়ে এক হাতে চোখের জল মুছিতে মুছিতে,আর এক হাতে, প্রেসে বসিয়াই, পিতৃশোকাতুর দরিদ্র কবি "কীচকবধ কাব্যের পাণ্ডুলিপি লিখিয়াছেন—প্রেসে বসিয়াই ইহার প্রুফ-সংশোধনও করিয়াছেন। কবি স্বহস্তে এ সময়ের যে চিত্র অঙ্কিত করিয়াছেন, তাহা বড়ই মর্ম্মস্পর্শী। ইহাতে পাঠক কবির গভীর সাহিত্যানুরাগ বা কাব্যসাধনার একটা উৎকট তন্ময়তা সহজেই লক্ষ্য করিতে পারিবেন। সমগ্র বঙ্গসাহিত্যে ইহার তুলনা মিলে না। একদিকে মর্ম্মচ্ছেদী পিতৃশোকের তীব্র প্রদাহ, অন্যদিকে দারিদ্র্যের নির্ম্মম কশাঘাত—তথাপি কবি বাণীসাধনায় ধ্যানমগ্ন! ইহাই কবির প্রকৃত পিতৃতর্পণ।

"কীচকবধ" কাব্যে কবির যে কাব্যপ্রাণতা রহিয়াছে, 'নির্ব্বাসিতা-সীতায়' তাহার পূর্ণ অভিব্যক্তি। শোথ-রোগে শয্যাশায়ী, চলচ্ছক্তিহীন, হরিশ্চন্দ্র তাঁহার একজন ভক্তশিষ্যকে দিয়া 'নির্ব্বাসিতা' সীতার পাণ্ডুলিপি লিখাইয়া লইয়াছিলেন'।(১)দ্বিতীয়তঃ, মধুসূদনের অমিত্রাক্ষর ছন্দে তখন "সাহিত্য-সংসারে বিলক্ষণ কোলাহল উপস্থিত হইয়াছিল(২)"। হরিশ্চন্দ্র মধুসূদনের নিন্দা বা প্রশংসা করিতে তখন লেখনী না ধরিয়া, অমিত্রাক্ষর ছন্দেই "কীচকবধ" কাব্য লিখিলেন। হরিশ্চন্দ্র ও মধুসূদনের ছন্দঃ অবশ্য সর্ব্বাংশে এক নহে। "বিজ্ঞাপনে" হরিশ্চন্দ্র তাহাই আলোচনা করিয়াছেন।

---

(১) ঢাকারিভিউ ও সম্মিলন, নবেম্বর ও ডিসেম্বর, ১৯১৭,২১৯পৃঃ।

(২) বাঙ্গালা পয়ার লিখিতে মোটেই তাঁহার (মধুসূদনের) কলম চলিত না, এজন্য তিনি বাঙ্গালা পদ্যের ছন্দঃ পরিবর্ত্তনে প্রয়াসী হইলেন। তিনি ১৮৮০ খৃঃ অব্দে "তিলোত্তমাসম্ভব" কাব্য প্রণয়ন করেন। তদানীন্তন কালের সকল শিক্ষিত লোকেই এই নূতন ছন্দে লিখিত কাব্যখানা উপহাসের চক্ষে দেখিতে লাগিলেন, চারিদিকে বিদ্রূপের তরঙ্গ উত্থিত হইল। ঈশ্বরগুপ্তের অনুবর্ত্তী লেখকেরা এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও অক্ষয়চন্দ্র দত্তের অনুসরণকারী সকলেই মধুসূদনের লেখার উপহাস করিতে লাগিলেন। যিনি মধুসূদনকে প্রীতির চক্ষে দেখিতেন, মধুসূদনের গুণাবলী ও কবিতাবলী দেখিয়া যাঁহার হৃদয়ে আনন্দ ধরিতনা এবং মধুসূদনের দুরবস্থা মোচনের জন্য যাঁহার 'হৃদয় সর্ব্বদা উন্মুক্ত' থাকিত, সেই

হরিশ্চন্দ্র চিরদিনই মধুসূদনের কাব্য-প্রতিভার পক্ষপাতী ছিলেন।* হরিশ্চন্দ্র মাইকেলী অমিত্রাক্ষর ছন্দের মিত্রাক্ষরতা বিধানে সচেষ্ট হইলেন। তিনি প্রথম ও তৃতীয় চরণে এবং দ্বিতীয় ও চতুর্থ চরণে মিত্রাক্ষর বা মিল রাখিয়া "কীচকবধ" কাব্যে নূতন অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেন। পূর্ব্বোক্ত "বিজ্ঞাপনে" এবিষয়ের সবিস্তৃত আলোচনা হইয়াছে।

এই ছন্দের গতি ও রচনার ধারা বুঝাইবার জন্য আমরা "কীচকবধ"-কাব্যের প্রথম সর্গের প্রথম দ্বাদশ পংক্তি এস্থলে উদ্ধৃত করিলাম।

"ম্লানা কৃষ্ণা পাণ্ডব পারীন্দ্র-প্রণয়িনী—
কোমলাঙ্গী, কীচকজম্বুক-পদাঘাতে,
করীপদ-বিদলিত যথা কোমলিনী
কমলিনী, ছিন্নবেশা লুণ্ঠিত ধুলাতে।
হায়রে! চন্দনলিপ্ত আছিল যে কায়
পাঞ্চালীর, রজোরাশি তাহা আবরিল,
মেঘমালা আবরয় যেমন ঊষায়,
কীচক বিরাট অগ্রে যবে আক্রমিল।
উলি কৃষ্ণা সরসীর নিরমল নীরে,
—অশ্রুনীরে আরো তাহা করিয়া বর্দ্ধিত—
বিদূরিলা অবগাহি সে রজোরাশিরে;
কিন্তু তাহে মনোগ্লানি নহে বিদূরিত।"

"গ্রন্থপ্রচারের উদ্দেশ্যে" হরিশ্চন্দ্র ইংরেজ-লেখক জন্‌সনের রাসেলাসের কথা উল্লেখ করিয়াছেন। "কীচকবধ" কাব্যের প্রায় নয় বৎসর পূর্ব্বে, ১৮৫৭ খৃঃ অব্দে বা ১২৬৬ বঙ্গাব্দে সংস্কৃত কলেজের পণ্ডিত তারাশঙ্কর তর্করত্নের রাসেলাস প্রকাশিত হইয়াছিল। ইহাতে, বাঙ্গালী পাঠক মাতৃভাষাতেই ইংরেজলেখক জন্‌সনের রাসেলাসের নাম জানিতে পারেন এবং এই অনুবাদ-গ্রন্থ পাঠের সুযোগ সর্ব্বপ্রথম লাভ করেন।*

হরিশ্চন্দ্রের "কীচকবধ" কাব্য ও জনসনের রাসেলাস—উভয় গ্রন্থই পিতৃবিয়োগের তরুণ মর্ম্মন্তুদ শোকের প্রথম উচ্ছ্বাসে লিখিত। "গ্রন্থ-প্রচারের উদ্দেশ্যে" হরিশ্চন্দ্রও এই ঘটনা-সামঞ্জস্যের কথা লিখিয়াছেন। 'বাঙ্গালা সাহিত্য-সংসারে' "কীচক বধ" কবির অসাধারণ পিতৃভক্তির কাব্যমন্দির—এই মন্দিরের কবি বীণাপাণির সেবায় আত্মনিয়োগ করিয়া অক্ষয় যশের অধিকারী হইয়াছেন।

এ স্থলে আরও একটী কথা উল্লেখযোগ্য। অমিত্রাক্ষর ছন্দে ঢাকা—পানকুণ্ড নিবাসী জগদ্বন্ধু ভদ্র তাঁহার অপূর্ব্ব ব্যঙ্গকাব্য 'ছুছুন্দরী বধ'ও "অমৃত বাজার" পত্রে প্রকাশ করেন।†

কাব্য-রচনায় জগদ্বন্ধু হরিশ্চন্দ্রের শিষ্য ছিলেন। সুতরাং মধুসূদনের অমিত্রাক্ষর ছন্দে, গুরুশিষ্যে দুইখানা অতুলনীয় কাব্য রচনা করেন—শিষ্য ব্যঙ্গকাব্য লিখিয়াছেন, গুরু মাইকেলী ছন্দের 'অভিনবত্ব' ঘটাইয়াছেন।

"কীচকবধ" ঢাকার অমিত্রাক্ষরে রচিত সর্ব্বপ্রথম কাব্য। তৎপর হরিশ্চন্দ্রের শিষ্য—ভারতচন্দ্র সরকার অমিত্রাক্ষর ছন্দে "মদনভস্ম" কাব্য প্রণয়ন করিয়াছেন।

বিদ্যাসাগরও তিলোত্তমার ছন্দের প্রশংসা করেন নাই। কিন্তু বাঙ্গালা পয়ার লিখিতে মধুসূদনের মোটেই কলম চলিতনা, এজন্য তিনি বাঙ্গালা ১৮৬০ খৃঃ অব্দে "তিলোত্তমাসম্ভব" কাব্য প্রণয়ন করেন। যতীন্দ্রমোহন ঠাকুর, রাজা রাজেন্দ্রলাল মিত্র ও রাজনারায়ণ বসু প্রভৃতি কয়েকজন গণ্যমান্য লোক এই অমিত্রাক্ষর ছন্দের প্রশংসা করিয়াছিলেন। ১৮৬১ খৃঃ অব্দে "মেঘনাদবধ" কাব্য প্রকাশিত হয়। এই কাব্য পড়িয়া "তিলোত্তমা"র সমালোচকগণ হতাশ হইয়া পড়িলেন।

* হরিশ্চন্দ্র একস্থলে লিখিয়াছেন"—

উপমায়, কল্পনায় শ্রীমধুসূদনে
জিনে, হেন কবিদর্পী আছে যত জন,
মস্তকেতে ধরি আমি তাদের চরণ।

* বাঙ্গালা রাসেলাসের ভূমিকায় তর্করত্ন মহাশয় লিখিয়াছেন—"যিনি অত অল্পসময়ে (এক সপ্তাহে) এমন উৎকৃষ্ট গ্রন্থ রচনা করিতে পারেন, ঈদৃশ ক্ষমতাপন্ন ব্যক্তির জীবনবৃত্তান্ত জানিতে অনেকেরই ঔৎসুক্য জন্মিতে পারে।" হরিশ্চন্দ্রের সম্পর্কেও একথা সর্ব্বতোভাবে প্রযুজ্য।

† এই সময়ে "অমৃতবাজার" বাঙ্গালা সাপ্তাহিক পত্র ছিল। ১৮৬৮ খৃঃ অব্দে "অমৃতবাজার" মাগুরা হইতে প্রকাশিত হয়।

"কীচক বধ" ও "মদনভস্ম" এক্ষণ দুষ্প্রাপ্য। ইহাদের পুনঃপ্রচার না ঘটিলে ঢাকার সাহিত্যের এই দুইটী অমূল্যরত্ন অচিরেই বিনষ্ট হইয়া যাইবে।

আমরা নিম্নে "কীচক বধের" "গ্রন্থপ্রচারের উদ্দেশ্য" ও "বিজ্ঞাপন" উদ্ধৃত করিলাম। আশা করি ইহা পাঠকবর্গের কৌতুহল-পরিতৃপ্তির সহায় হইবে।

গ্রন্থপ্রচারের উদ্দেশ্য।

কথিত আছে ইংলণ্ডের বিখ্যাত সামুয়েল জনসন পিতৃবিয়োগ হইলে তদীয় প্রেতকৃত্য-ব্যয় নির্ব্বাহ নিমিত্ত এক সপ্তাহ মধ্যে "রাসেলাস" নামক এক গদ্যময় কাব্য প্রণয়ন করিয়া মুদ্রাকর নিকট বিক্রয় করিয়াছিলেন। যে মূল্য প্রাপ্ত হইয়াছিলেন, তদ্দ্বারা 'তাহার' অভীষ্ট কিয়ৎ পরিমাণে সফল হইয়াছিল। যদিচ জনসনের রাসেলাসের ন্যায় এই কীচকবধ কাব্য-সাহিত্য সংসারে গণনীয় পদার্থ নয়—যদিচ জনসনের ন্যায় কীচকবধ-কাব্যকারের লিপিশক্তি নাই—যদিচ এই বঙ্গপ্রদেশে 'বাঙ্গালা' সাহিত্যের ক্রেতৃসংখ্যা সেই ইউরোপ খণ্ডের সাহিত্যপ্রিয় ক্রেতৃবর্গ হইতে অপেক্ষাকৃত অনেকাংশে ন্যূন, তথাপি জনসনের রাসেলাসের সহিত কীচক বধের একটী উদ্দেশ্যের সাম্য দেখা যাইতেছে। জনসন পিতৃ প্রেত-কৃত্যের ব্যয়ানুকূল্যার্থ রাসেলাস প্রণয়ন করিয়াছিলেন, কীচকবধ-কাব্যকারও সেই উদ্দেশ্যে এই কাব্যখানিকে প্রচারিত করিতেছে। আজি ৫ দিবস অতীত হইল এই কাব্যকারের পূজ্যপাদ পিতা ৺ অভয়াচরণ মিত্র মানবদেহ পরিহার করিয়া যোগ্যধামে যাত্রা করিয়াছেন। তাঁহার শ্রাদ্ধাদি ক্রিয়া পুরোবর্ত্তিনী, এ সময় যদি এই কাব্য বিক্রীত হইয়া কিঞ্চিৎ অর্থ সংগৃহীত হয়, বিশেষ উপকার সম্ভাবনা। যদি না হয়, তাহাতেও বিশেষ দুঃখ নাই। বাঙ্গালা সাহিত্য-সংসার মধ্যে কাব্যকারের পিতৃভক্তির চিহ্নস্বরূপ এই কীচক বধ কিছুকাল অবস্থিত থাকিলেও কাব্যকার আপনাকে সফল-চেষ্ট স্বীকারে কুণ্ঠিত হইবে না।

ঢাকা বাবুরবাজার, }
১২৭২। ১১ই পৌষ। } গ্রন্থকার।

বিজ্ঞাপন।

অনেক দিন পরে এই কীচক বধ কাব্য প্রচারিত হইল। ইহার প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সর্গের কিয়দংশ সাময়িক পত্রিকাবিশেষে প্রচারিত হইয়াছিল, এক্ষণে চারি সর্গে পরিসমাপ্ত হইল। প্রথমে সর্গে—কীচক প্রহারিতা দ্রৌপদীর বিলাপ, দ্বিতীয় সর্গে বৃকোদরের আশ্বাস ও কীচক বধোপায়াবধারণ, তৃতীয় সর্গে দ্রৌপদী কর্ত্তৃক কীচককে সঙ্কেত স্থলে আহ্বান এবং চতুর্থ সর্গে কীচকবধ ব্যাপার বর্ণিত হইয়াছে। মহাভারতান্তর্গত বিরাট পর্ব্বের বর্ণিত কীচক বধ আখ্যান অবলম্বন করিয়া এই কীচক বধ প্রণয়ন করা হইয়াছে।

এক্ষণে ছন্দোবিষয়ে বাঙ্গালা সাহিত্য-সংসারে বিলক্ষণ কোলাহল উপস্থিত হইয়াছে। কবিবর শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্তজ মহাশয়ের অমিত্রাক্ষর ছন্দ প্রচারের পর অবধি একদল পাঠক বাঙ্গালা মিত্রাক্ষর পদ্যের প্রতি বিলক্ষণ বীতশ্রদ্ধ হইয়াছেন। একদল পাঠকের মিত্রাক্ষরের প্রতি এত অনুরাগ যে অমিত্রাক্ষর ছন্দের পদ্যতা পর্য্যন্ত স্বীকার করিতে চাহেন না। কিন্তু কীচক বধ কাব্য যে ছন্দে গ্রথিত হইল ইহাকে মিত্রাক্ষর-বদ্ধ বা অমিত্রাক্ষর-বদ্ধ যাহা বলা হউক না কেন, দুয়ের ধর্ম্মই দেখান যাইতে পারে। এই ছন্দের প্রথম চরণের সহিত দ্বিতীয় চরণের মিত্রাক্ষরতা নাই, কেবল প্রথম চরণের সহিত তৃতীয় চরণের এবং দ্বিতীয় চরণের সহিত চতুর্থ চরণের মিত্রাক্ষরতা রক্ষা করা গিয়াছে। ইংরেজী ভাষায় এই ছন্দ প্রচুররূপ ব্যবহৃত ও সমাদৃত হইয়াছে। বঙ্গভাষায় ইহা কতদূর হৃদয়গ্রাহী হইবে, সহৃদয় কবিতা-রসজ্ঞ ব্যক্তিব্যূহের প্রতি তদ্বিচার ভার অর্পিত রহিল।

এই রচনা-প্রণালী এক প্রকার নূতন বলিলেও বোধ করি সত্যের অপলাপ হয় না। যদিও কেহ কেহ মধ্যে মধ্যে এই ছন্দে কোন কোন বিষয় লিখিয়া থাকুন, তথাপি ইহা সাহস সহকারে বলা যাইতে পারে, এই ছন্দের কোন কাব্যগ্রন্থ বাঙ্গালা সাহিত্য-সংসারে সুলভ নহে। যাহা হউক, এই কাব্যের ছন্দোবন্ধের অভিনবত্ব প্রদর্শাইয়া নূতন ছন্দাবিষ্কারের শ্লাঘা করা আমার

অভিপ্রেত নহে। যদি এই ছন্দর্দ্ময় কাব্যদ্বারা বাঙ্গালা ভাষার একটুও মূল সম্পত্তি বৃদ্ধি হয়, তাহা হইলেই যথেষ্ট হইল।

এক্ষণে এই কাব্যকারের রচনা সম্বন্ধে কিঞ্চিৎ বক্তব্য এই যে, স্থিরচিত্তে একদাও ইহার পদবিন্যাস করিয়া ভাবিতে পারি নাই। অন্যান্য স্থানবাসীরা আমার এতদ্বাক্যে গর্ব্ব বিবেচনা করিতে পারেন; কিন্তু বাস্তবিক স্বরূপ কথাই বলা যাইতেছে। এমন কি, একদিক হইতে "কম্পোজ" আরম্ভ হইয়াছে, আর এক দিক হইতে "কাপী" প্রস্তুত করিয়া দেওয়া গিয়াছে। যন্ত্রালয়ের কর্ম্মচারীগণ এবং উপস্থিত ব্যক্তিবর্গ ইহা স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছেন।* ফলতঃ দৈন্যই আমার চিত্তাস্থৈর্য্যের প্রধান কারণ। আমি একদা আপনার গৃহে উপবিষ্ট হইয়া রচনা কার্য্যে লিপ্ত ছিলাম, এমন সময় জননী সাংসারিক চিন্তা উপস্থিত করিয়া দিলেন, আমি কাব্যরচনা কার্য্য স্থগিত রাখিয়া নিম্নলিখিত কবিতাটী রচনা করিলাম—

প্রভাত হইল রাত লিখিবারে একপাত
পদ্য, মন্তপায়ীমত ভাবভরে বসিলাম।
কল্পনা কুহকে পড়ি, কতভাবে ভাব ধরি,
জুটায়ে পুটায়ে যেনে কতটুকু লিখিলাম।
কিছুকাল পরে তার আগমন হল মার
কহিল জননী "বাছা কি কররে বসিয়া।
ঘরে নাই চাল খড়ী বল কি দিয়া কি করি?
বউটী রয়েছে কোণে চুপ মেরে বসিয়া।
নাতিটী করেছে খেলা, খানিক হইলে বেলা,
খেতেদে ঠাকুমা বলে আসিবে যে ধাইয়া।*
ঘরে মুড়ী চিড়া নাই, কি দিব না ভেবে পাই,
যাও বাছা দাও সব কিনে কেটে আনিয়া।"
শুনিয়া মায়ের বোল ভাবেতে বাধিল গোল
উড়ে গেল বুদ্ধিশুদ্ধি অন্নচিন্তা ঘেরিল।
কি করি কোথায় যাই, কোথা গেলে অর্থ পাই,
এই ভাবনার জালে কবিত্বও বেড়িল।

* এই অংশ আরোপিত।

পাঠকবর্গ এই কবিতাটী পাঠ করিয়াই আমার রচনা সময়ের মানসিক উৎকণ্ঠা অবগত হইতে পারিবেন। ফলতঃ যে দারিদ্র্য-দোষ গুণরাশি নাশ করে, দুর্ভাগ্যক্রমে সে দোষটীও আমায় পরিত্যাগ করে নাই, না করুক আমি তজ্জন্য দুঃখিত নই।

এই দীনতা শমনার্থই আমাকে রচনাক্ষেত্রে নানারূপে বিচরণ করিতে হইতেছে। কোন দরিদ্র কবি আক্ষেপ করিয়া কহিয়াছিলেন,—

"অস্য দগ্ধোদরস্যার্থে কিং কিং নহি কৃতং ময়া।
বানরীমিব বাগ্দেবী নর্ত্তয়ামি গৃহে গৃহে॥"

প্রায় আমাকেও এইরূপ আক্ষেপ করিতে হইয়াছে। প্রভেদের মধ্যে এই, এই শ্লোককর্ত্তার যেরূপ কবিত্বের আভাষ পাওয়া যাইতেছে, আমার রচনাবলিতে তেমন কবিত্ব সৌরভ নাই।

পরিশেষে প্রার্থনীয় এই, সহৃদয় সমাজ স্ব স্ব ঔদার্য্য-গুণে এই কাব্যখানীর প্রতি একবার নেত্রপাত করুন।

ঢাকা বাবুরবাজার,
১২৭২ সন। ১০ই পৌষ। } শ্রীহরিশ্চন্দ্র মিত্র।

এস্থলে, মূল গ্রন্থ "কীচক বধ" কাব্যের কাব্য-সৌন্দর্য্যের কোন আলোচনা করা হয় নাই; কারণ, পূর্ব্বেই বলিয়াছি, বক্ষ্যমাণ প্রবন্ধে ইহার বিজ্ঞাপন-ভাগের সাহিত্যিক মূল্য প্রদর্শনই আমাদের উদ্দেশ্য। পরবর্ত্তি প্রবন্ধে, "কীচক বধ" কাব্যের আলোচনা করিবার ইচ্ছা রহিল।

শ্রীগিরিজাকান্ত ঘোষ।

* এ কথার সাক্ষ্য প্রদান করিতে পারেন ঢাকায় এমন লোকের অভাব এখনও হয় নাই। এবিষয়ে শ্রীযুক্ত হরিনাথ রায় মহাশয় আমাদের একজন প্রধান সাক্ষী। তিনি একান্ত গদগদ কণ্ঠে হরিশ্চন্দ্রের গাথা কীর্ত্তন করিয়া থাকেন।

মাসিক সাহিত্য সমালোচনা।

মানসী ও মর্ম্মবাণী, পৌষ।—মুখপত্র শ্রীযুক্ত বীরেশ্বর সেন অঙ্কিত প্রাচ্যকলানুযায়ী ত্রিবর্ণ চিত্র—সুন্দর। প্রথমেই মহারাজ জগদিন্দ্রনাথের "মিনতি" শীর্ষক একটি সুন্দর কবিতার সংস্কৃত অনুবাদ প্রকাশিত হইয়াছে। সুকবি মহারাজ স্বয়ং যে কাগজের কর্ণধার তাহাতে তাঁহার রচনার অনুবাদ প্রকাশের আবশ্যকতা আছে বলিয়া মনে হয় না। অনেকের নিকট ইহা অশোভন বলিয়াও মনে হইতে পারে। "সভ্যতার সংঘর্ষ" শীর্ষক সুলিখিত প্রবন্ধে অধ্যাপক শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত পাশ্চাত্য সভ্যতার সংস্পর্শে আসিয়া আমরা কি হারাইয়াছি ও কি লাভ করিয়াছি সংক্ষেপে তাহার একটা হিসাব নিকাশ করিয়াছেন। তাঁহার বক্তব্য মোটামুটিভাবে এই যে পাশ্চাত্য সভ্যতার প্রভাবে আসিয়া আমরা জাতীয় সভ্যতার প্রতি অনেকটা বীতশ্রদ্ধ হইয়া পড়িয়াছি, আমাদের ধর্ম্মবিশ্বাস, সমাজবন্ধন অত্যন্ত শিথিল হইয়াছে, ভোগসর্ব্বস্ব বহির্মুখী সভ্যতাকে বরণ করিয়া লইয়া আমরা দেশের দুঃখ দারিদ্র্য বাড়াইয়া তুলিয়াছি, আত্মসম্মানের কাল্পনিক গণ্ডী আঁকিয়া উচ্চে নীচে ব্যবধান ক্রমশঃ দুরতিক্রম্য করিয়া তুলিতেছি এবং আমাদের প্রাচীন সভ্যতার কেন্দ্রস্থল পল্লীগ্রামকে উপেক্ষায় পরিত্যাগ করিতে বসিয়াছি। লেখকের মতে আধুনিক বাংলা সাহিত্য ইংরেজী প্রভাবের আব্‌হাওয়ায় পরিপুষ্ট এবং ইহাই পাশ্চাত্য সভ্যতার দ্বারা আমরা যে কতকপরিমাণে উপকৃত হইয়াছি তাহার একটি প্রকৃষ্ট নিদর্শন। "পয়সার প্রতাপ"—ছোটগল্প, আখ্যান-বস্তু মর্ম্মস্পর্শী। "শ্মশান পারের সন্ন্যাসী"—কবিতা, বাগচী-কবির রচনা; কবির "কেয়াফুল" বা "মথুরার রাজার" মত সুমধুর কাকলী আর শুনিতে পাইনা কেন? "গীতায় শ্রীশ্রীকৃষ্ণতত্ত্ব" শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল মহাশয়ের "নারায়ণ" পত্রিকায় প্রকাশিত "ভগবদ্গীতায় কৃষ্ণজিজ্ঞাসা" নামক প্রবন্ধের প্রতিবাদ—ক্রমশঃ-প্রকাশ্য। প্রবন্ধ শেষ না হইলে লেখক বিপিন বাবুর "উক্তিগুলির অসারতা ও ভিত্তিহীনতা" প্রদর্শন করিতে পারিলেন কিনা তাহার বিচার করা সমীচীন হইবে না। "পল্লী-নদী"—কবিতা, কাঁচা হাতের রচনা। "আফ্রিকার পরিণয়প্রথা"—কৌতুহলপ্রদ; লেখক নিশ্চয়ই আফ্রিকায় ভ্রমণ করিয়া বিবরণ ও ছবিগুলি সংগ্রহ করেন নাই, সুতরাং এই সঙ্কলন-প্রবন্ধে ঋণস্বীকার না করিয়া অন্যায় করিয়াছেন। "চিরবাঞ্ছিত"—শ্রীযুক্তা অমিয়া দেবীর চলনসই কবিতা, ছন্দে ঝঙ্কার আছে। "স্পর্শমণি"—শ্রীযুক্তা ইন্দিরা দেবীর ধারাবাহিক উপন্যাস, এখনও চলিতেছে। "দুটি পাখী"—সুকবি শ্রীযুক্ত কালিদাস রায়ের সুন্দর ক্ষুদ্র কবিতা, এখানে উদ্ধৃত হইল:—

"প্রবাস হইতে বহুদিন পরে গৃহে আসিলাম ফিরে,
লাজে বধূ মোর ঘোমটা টানিয়া পলাইয়া গেল ধীরে;
দেখা হতে দেরী,—বাসনা বড়ই কণ্ঠ শুনিতে তার,
সহকার-শাখে 'বউ কথা কও' করে ওঠে ঝঙ্কার।

প্রবাসে ফিরিতে, প্রিয়ার নিকট বিদায় লইতে গিয়া,
কঠিন প্রয়াসে পারিনা রাখিতে আঁখিজল নিবারিয়া,
'চোখে কি পড়িল' বলি, ছল করি, আঙিনায় আসিলাম,
নিম্বের শাখে 'চোখ গেল' করে পরিহাস অবিরাম।"

"কুতব মিনার"—শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের ঐতিহাসিক প্রবন্ধ। লেখক কুতব মিনারের প্রতিষ্ঠাকাল ও নির্ম্মাণকর্ত্তা সম্বন্ধে যে আলোচনা করিয়াছেন তাহার অধিকাংশই অনুমান মাত্র। "পরলোকগত উপেন্দ্রচন্দ্র মিত্র"—শ্রীযুক্ত প্রবোধচন্দ্র ঘোষ কর্ত্তৃক লিখিত। এই উন্নত-চরিত্র, মহানুভব প্রবাসী বাঙ্গালীর জীবনী-প্রসঙ্গ উপহার দিয়া লেখক আমাদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। "বৈদেশিকী" অংশে শ্রীযুক্ত গৌরহরি সেন ইংরেজী মাসিক পত্র হইতে বুদ্ধ বিষয়ক দুইটি প্রবন্ধ সঙ্কলন করিয়াছেন। "কবি ভগিনী শ্রীমতী কামিনী রায়ের প্রতি"—কবিবর শ্রীযুক্ত দেবেন্দ্রনাথের সুমিষ্ট কবিতা, অপরূপ বিশেষত্বে মধুর। "যশোহরের ফৌজদার নুরউল্লা খাঁ"—কৌতুহলপূর্ণ চিত্তাকর্ষক ঐতিহাসিক

প্রবন্ধ, গবেষণার পরিচায়ক। নুরউল্লা খাঁ পিতৃশ্রাদ্ধ উপলক্ষে যে সংস্কৃত নিমন্ত্রণপত্র দ্বারা হিন্দু অধ্যাপকদিগকে আহ্বান করিয়াছিলেন তাহা উদ্ধৃত করিবার প্রলোভন সম্বরণ কহিতে পারিলাম না :—

"খোদা-পাদারবিন্দদ্বয়-ভজনপরঃ পশ্চিমাস্যঃ পিতা মে শ্রুত্বা আল্লাল্লেতি বাণীং-মুর্শিদনিকটে মর্ত্যদেহং জহৌ সঃ। খাসীমুর্গীরহিতা কুদুকচুভবিতা ঃমৎপিতুশ্চালশে খানা শ্রীশেখো নুরনাম্না গলধৃতবসনা শুদ্ধি সম্পাদনীয়া॥"

"তৃপ্তিলাভ"—শ্রীযুক্ত হেমচন্দ্র বক্সীর রোমান্টিক গল্প, মন্দ হয় নাই। "প্রবাসীর সুখ"—শ্রীযুক্ত মাণিক ভট্টাচার্য্যের সনেট্, আলেখ্যটি মধুর। "চা"—শ্রীযুক্ত অনন্তনারায়ণ সেনের আগামী-সংখ্যায়-সমাপ্য চা-র জীবন-কাহিনী। চা-পায়ীগণ অবহিতচিত্তে পাঠ করিবে। শ্রীযুক্ত অতুলপ্রসাদ সেনের গান দুইটির প্রথমটি ভাল হইয়াছে। প্রভাত বাবুর চিত্তাকর্ষক ধারাবাহিক উপন্যাস "জীবনের মূল্য" ও মহারাজ জগদিন্দ্রনাথের কবিত্বপূর্ণ "শ্রুতি-স্মৃতি" ক্রমশঃ প্রকাশিত হইতেছে। উপযুক্ত সম্পাদকযুগলের হস্তে "মানসী ও মর্ম্মবাণীর" উত্তরোত্তর উন্নতি দর্শন করিয়া আমরা তৃপ্ত হইয়াছি।

ভারতবর্ষ, মাঘ।—প্রচ্ছদপটের উপর প্রফুল্লকমলাসনা বীণাপাণি বাগ্‌বাদিনীর সুদৃশ্য চিত্র মাঘ-সংখ্যার "ভারতবর্ষের" বাহ্যাবয়ব চিত্তাকর্ষক করিয়াছে। ভিতরে মুখপত্রের ত্রিবর্ণ চিত্রে "জননী"র মুখমণ্ডলে স্নেহ অপেক্ষা ভ্রুকুটির ভাবই অধিকতর পরিস্ফুট। শ্রীযুক্ত হরিহর শাস্ত্রীর "বাণী-বন্দনা" প্রথম পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে। উহা সংস্কৃত না হইয়া বাংলা হইলে ভাল ছিল। "বেদে কালের বিভাগ"—অধ্যাপক শ্রীযুক্ত তারাপদ মুখোপাধ্যায়ের প্রচুর গবেষণাপূর্ণ 'কোটেশন'-বহুল প্রবন্ধ, বিশেষজ্ঞের নিকট সমাদৃত হইবে। "মহানিশা"—শ্রীযুক্তা অনুরূপা দেবীর উপন্যাস, 'পূর্ব্ব প্রকাশিতের পর' প্রকাশিত হইয়াছে ও হইবে। "শিল্প সংবাদ"—শ্রীযুক্ত অম্বিকাচরণ ঘোষের সময়োপযোগী তথ্যবহুল সুচিন্তিত প্রবন্ধ, পাঠ করিয়া আমরা আনন্দিত হইয়াছি। যাঁহারা দেশের শিল্পোন্নতির প্রয়াসী এই প্রবন্ধ পাঠ করিয়া তাঁহারা উপকৃত হইবেন। লেখক অনেক স্থলেই ব্রাকেটে ইংরাজী শব্দার্থ না দিয়া পারিতেন। বঙ্গের বর্ত্তমান যুগের অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের "শ্রীকান্তের ভ্রমণকাহিনী" এখনও শেষ হয় নাই। এই সংখ্যায় প্রথম পর্ব্ব সমাপ্ত হইল। "মাল্য-গ্রথন-কলা"—অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়ের প্রবন্ধ। পূর্ব্বকালে মাল্যগ্রথন কলা গীতবাদ্যাদি চৌষট্টি কলার একটি বলিয়া গণ্য হইত। বর্ত্তমানে উহা প্রায় লুপ্ত হইয়া গিয়াছে। আধুনিক জাপানে মেয়েদের মধ্যে পুষ্প-সজ্জা একটি আয়াসসাধ্য সুন্দর কলারূপে সমাদৃত হইয়া থাকে। "অষ্ট্রেলিয়া-ভ্রমণ"—শ্রীযুক্ত অনুকূলচন্দ্র মুখোপাধ্যায়ের একটি তথাকথিত ভ্রমণ-বৃত্তান্ত, টাইম্-টেবলের বিবরণের মত অত্যন্ত সংক্ষিপ্ত ও নীরস। "জমিদার"—শ্রীযুক্ত বনবিহারী মুখোপাধ্যায়ের রঙ্গ-চিত্র, আমরা উপভোগ করিয়াছি। নমুনাস্বরূপ কয়েক লাইন উদ্ধৃত হইল :—

'কোথা জল ? কোথা জল ?'—অভ্রভেদী শব্দ হাহাকার—
অকৃতজ্ঞ কৃষকের দুর্বিনীত দারুণ চীৎকার।

* * * *

অন্নকষ্ট ? মিথ্যা কথা। শস্যভারে নম্র বঙ্গভূমি,
বিরাজে শ্যামলক্ষেত্র দিক্ হতে দিগন্তর চুমি।—

* * * *

——শীর্ণকায় প্রজাগণ ? সে ভাই বরাত!
আমিও ত জন্মিয়াছি বঙ্গদেশে, খাই ডাল ভাত।
তবু দেখ ফুলি রোজ ; পাঞ্জাবী সে গেঞ্জি সম আঁটে,
পদভরে প্রতিদিন আন্‌কোড়া Pump shoe জোড়া
ফাটে।"

"কল্পতরু" অংশে মাইকেল এঞ্জেলোর চিত্রকলার পরিচয় প্রদত্ত হইয়াছে। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সোমের মধুময় "মধু-স্মৃতি" চলিতেছে। এই সংখ্যায় কবিবরের হাইকোর্ট্ প্রবেশের অনেক কৌতুহলোদ্দীপক ঘটনা লিপিবদ্ধ হইয়াছে। "আকালের মা"—শ্রীযুক্ত নারায়ণচন্দ্র ভট্টাচার্য্যের চলনসই ছোটগল্প। আখ্যানবস্তু পুরাতন হইলেও গল্প লিখিবার 'আর্ট' লেখকের

অনায়ত্ত নহে। "বঙ্কিম-প্রতিভা"—অধ্যাপক শ্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্য্যের প্রবন্ধ। বঙ্কিমচন্দ্রের খিচুড়ী চর্চ্চড়ি তো অনেক হইয়া গিয়াছে; ভট্টাচার্য্য মহাশয় আর নূতন কিছু বলিতে পারিলেন কি? "ভারতবর্ষের" কতক গুলি 'চ-বৈ-তু-হি'র আলোচনার আমাদের স্থানাভাব, প্রয়োজনও নাই। "গৃহদাহ"—শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের আর একখানি উপন্যাস, এই সংখ্যায় আরম্ভ হইল। আমরা আগ্রহের সহিত ইহার ক্রমপ্রকাশ প্রতীক্ষা করিব। সার আশুতোষের সুলিখিত শিক্ষাপ্রদ সুন্দর অভিভাষণ বঙ্গের প্রায় সমস্ত মাসিক-পত্রেই স্থান পাইয়াছে, সুতরাং "ভারতবর্ষ"ও বাদ যায় নাই। "লাবণ্য"—শ্রীযুক্ত বিপিনচন্দ্র পালের 'নিতান্ত-গল্প-নয়',—তবে কি? ধর্ম্মতত্ত্ব সোজাসুজি লিখিলেই ভাল হইত, "নারায়ণ"-মন্দিরের আবর্জ্জনার মধ্যে নির্ম্মাল্যের খোঁজ করিয়া লাভ কি? "বঙ্কিম-চর্চ্চরীর" সুপকার আমোদর শর্ম্মা হঠাৎ ছোটগল্প লিখিতে যাইয়া প্রথমেই তরুণী নাতিনীর গাল খাইয়াছেন। "ভারতবর্ষের" "সাহিত্য-প্রসঙ্গ" সম্বন্ধে দু'এক কথা বলিব। কিছুকাল যাবত "ভারতবর্ষের" "জলধর"-বর্ষণ-স্নিগ্ধ শ্যামল বক্ষে এই "সাহিত্য-প্রসঙ্গ" কণ্টকগুল্মের মত গজাইয়া উঠিয়াছে। মুরুব্বিয়ানার ধাঁচ দেখিয়া বোধ হয় সমালোচক বর অমরেন্দ্রনাথ বয়সে তরুণ। যদি তাহাই হয় তবে অন্যের লেখার আলোচনা কালে তাঁহার একটু শ্রদ্ধার ভাব মনে রাখা উচিত। অতিরিক্ত মুন্সীয়ানা অনেক সময় ধৃষ্টতার নামান্তর হইয়া পড়ে। পরের লেখার উপর মুরুব্বীয়ানা ফলানো খুব সোজা, এই জন্যই সমালোচকের এত ছড়াছড়ি! সমালোচকের কর্ত্তব্য মহৎ—কিন্তু গালাগালির 'উতোড়' দ্বারা তাহা সাধিত হয় না। প্রবীণোচিত সংযম সমালোচনার পক্ষে অপরিহার্য্য। আজকাল একশ্রেণীর লোক দেখা যায়, তাহারা কবিবর রবীন্দ্রনাথের প্রশংসা শুনিলেই আঁতকিয়া উঠে। "ভারতবর্ষের" "সাহিত্য-প্রসঙ্গ"-লেখকও বোধ হয় সেই শ্রেণীয়। জানিনা কেন, রবীন্দ্রনাথের কথা উঠিলেই এই সমালোচকের "চক্ষুস্থির" হয়। দুর্ভাগ্য কাহার?—রবীন্দ্রনাথের কি? বিগত পৌষ-সংখ্যায় "প্রবাসী"তে প্রকাশিত "কবি ও ঋষি" শীর্ষক প্রবন্ধ পাঠ করিয়া সমালোচক অমরেন্দ্রনাথ ধৈর্য্য হারাইলেন কেন বুঝিলামনা। এই সুবুদ্ধি সমালোচকের মতে রবীন্দ্র-প্রসঙ্গ 'চা' এবং 'ক্যাশবাক্সের' মতই সাধারণ এবং যে বিদেশী সমালোচক রবীন্দ্রনাথের প্রশংসা করে সে আনাড়ি! বড়কে গাল দিলেই যে বড় হওয়া যায় না ইহা আমাদের উদীয়মান সমালোচকগণ কবে বুঝিবে! নবপ্রকাশিত "পরিচারিকা" পত্রিকার সমালোচনা করিতে যাইয়া লেখক বঙ্গের অন্যতম শ্রেষ্ঠ নব্য-কবি শ্রীযুক্ত কালিদাস রায়কে লইয়া পড়িয়াছেন। যেভাবে সমালোচক মহাশয় কালিদাস বাবুর 'হেমন্তোৎসব' কবিতার বিশ্লেষণ করিয়াছেন তাহা পাঠ করিলে তাঁহার রসজ্ঞতার বালাই লইয়া মরিতে ইচ্ছা হয়। কবিতার বিশ্লেষণ মানে উহার dissection নহে; ফুলের সৌন্দর্য্য প্রদর্শন করিতে হইলে উহার দলগুলি ছিঁড়িয়া দেখাইতে হয় না। এই বিশ্লেষণ পাঠ করিলে বুঝা যায় যে নিতান্তই গালাগালি করিতে হইবে তাই এই অদ্ভুত প্রয়াস। সুতরাং ইহার বিস্তারিত আলোচনা অনাবশ্যক। পরিশেষে বক্তব্য এই যে প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত জলধর সেন মহাশয়ের সম্পাদকতায় "ভারতবর্ষে" যে বিশিষ্টতার প্রত্যাশা করিয়াছিলাম মাসিক সমালোচনায় এইরূপ অসংযমের প্রশ্রয় দিয়া তিনি তাহা বিনষ্ট করিতেছেন।

শ্রীসমালোচক

গ্রন্থ-পরিচয়।

খুকুর কথা।—স্বর্গীয় চারুবালা দেবী ও দিদিমা লিখিত। মূল্য এক টাকা। প্রাপ্তিস্থান—আশুতোষ লাইব্রেরী, পাটুয়াটুলী, ঢাকা।

প্রথম শিশুর আগমনে মায়ের মনে যে অপরিসীম আনন্দের খরস্রোত প্রবাহিত হয়, এই পুস্তক তাহার একটী ক্ষুদ্র বৃত্তান্ত। মায়ের সীমাহীন সুখ খুকুর জীবনী লেখায় ব্যক্ত হইয়াছে। কিন্তু মা খুকুর কথা দুই বৎসর দশ মাসের বেশী আর লিখিতে পারেন নাই। দারুণ কাল তাঁহাকে এ পৃথিবীতে থাকিতে দেয় নাই। তারপর দিদিমা খুকুর জীবনী আরও কিছুদূর অগ্রসর করিয়াছেন।

একটী শোকসন্তপ্ত পরিবারের আনন্দের দুলাল 'খুকুমণির' এই ক্ষুদ্র জীবনীটী অত্যন্ত চিত্তাকর্ষক হইয়াছে। তা' ছাড়া ইহাতে শিক্ষনীয় বিষয়ও অনেক রহিয়াছে।

ইউরোপে বিশেষতঃ জার্ম্মেনীতে শিশুর মনস্তত্বের দিকে পণ্ডিতদের দৃষ্টি আকৃষ্ট। মানুষ যে একটী ক্ষুদ্র মন লইয়া সংসারে আসে তাহাতে কি কি উপাদান থাকে এবং কিরূপে ক্রমে তাহার পরিণতি হয়, পণ্ডিতদের তাহা একটী আলোচ্য বিষয়। এই জন্য শিশু কত বয়সে বস্তুর অবয়ব, বর্ণ বা দূরত্বের ধারণা করিতে পারে, কত বয়সে ভাষায় আত্মপ্রকাশ করিতে চেষ্টা করে, ইত্যাদি প্রশ্ন আলোচিত হয়। কিন্তু এ সকলের উত্তর শিশুর দৈনন্দিন জীবন হইতে সংগ্রহ করা ভিন্ন উপায় নাই। এই উদ্দেশ্যে অনেকে শিশুর জন্ম-মুহূর্ত্ত হইতে বয়োবৃদ্ধি পর্য্যন্ত তাহার দিনের পর দিনের ক্রিয়াকলাপ লিপিবদ্ধ করিয়াছেন। বাংলার পরিবারে একজন মা এইরূপ গ্রন্থরচনায় প্রবৃত্ত হইয়াছিলেন ইহার চেয়ে আনন্দের কথা আর কি হইতে পারে? কত বয়সে, কি অবস্থায়, শিশু কি ভাবে কি করিল, মা তাহা সমস্ত লিখিয়াছেন। অথচ ইহাতে বিজ্ঞানের কার্কশ্য কিছুই নাই। সর্ব্বত্রই মায়ের অপরিসীম আহ্লাদ আমাদিগকে আহ্লাদিত করিয়া দেয়।

আমরা এই পরলোকগতা জননীর তৃপ্তিকামনা করি এবং যাঁহারা তাঁহার 'খুকুর' কথা প্রকাশ করিয়াছেন, তাঁহাদিগকে ধন্যবাদ দিতেছি।

শ্রীউমেশচন্দ্র ভট্টাচার্য্য এম্, এ।

কর্ম্মখালি।

বাঙ্গালী পল্টন।

পেন্সন ও অন্যান্য পুরস্কার আছে, উন্নতি যথেষ্ট। মাসিক বেতন মায় খোরাক পোষাক প্রায় ২৭৲ টাকা, তন্মধ্যে নগদ ১১৲ দেওয়া হয়। ন্যূনপক্ষে যাঁহাদের উচ্চতা ৫ ফিট ৪ ইঞ্চি, বয়স ১৬—২৫ বৎসর তাঁহারা সত্বর স্থানীয় সবডিভিস্যানাল অফিসার, রেজিষ্ট্রার, অথবা নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন। উত্তমরূপে কার্য্য করিতে পারিলে ১৭৲ বেতনে নায়েক বা লান্স নায়েক, ২০৲ বেতনে হাবিলদার, ৬০৲ টাকা বেতনে জমাদার এবং ১৩৭৲ টাকা বেতনে সুবেদার পর্য্যন্ত হইতে পারিবেন। এতদ্ব্যতীত স্বদেশ-রক্ষার্থে আর এক নূতন সৈন্যদল গঠিত হইয়াছে। যাঁহারা এই শ্রেণীভুক্ত হইবেন তাঁহাদিগকে ভারতবর্ষেই থাকিতে হইবে। বেতনাদি একই প্রকার।

ঠিকানা—ডাঃ এস্, কে, মল্লিক, ৪৬ নং বিডন ষ্ট্রীট, কলিকাতা।

Register No. C. 740.

VOL. 6. No. 11 & 12.

FEB. & MARCH, 1917.

THE Dacca Review

CONDUCTED BY

BIDHUBHUSAN GOSWAMI, M A.,

AND

SATYENDRANATH BHADRA M.A.

Annual Subscription, (inclusive of postage) . . Rs. 5-6-0

Single Copy 0-8-0

EVERY BODY PRAISES WHAT IS HIS OWN

But impartial verdict comes from the public and the Press

USE

ORIENTAL SOAPS.

FOR

They are the best for economy and complexion

THE ORIENTAL SOAP FACTORY,

GOABAGAN, CALCUTTA.

Tel: "Kowstove," Calcutta.

REGINUS

To sufferers from bodily fatigue, nervous prostration, loss of memory, energy and manly spirit, constipation, loss of appetite sleeplessness, and other troubles, Reginus acts like magic. Bot. Re. 1 each.

DIABETES—the troublesome symptoms are quickly relieved. Excessive urination with discharges of Saccharine matter, high specific gravity, and all other troubles, are successfully combated. Bot Rs. 3 each.

ASTHMA—with dry cough, hard breathing, with sticky phlegm, tightness of chest, heavy perspiration, sleepless night, periodical fits, etc. Cured completely with our specific remedy. Bot. Rs. 5 each.

Ranaghat Chemical Works,
Ranaghat, Bengal.

Printed by P. B. CHAKRAVARTI, at the Sreenath Press, 25, Nayabazar Road, Dacca
and
Published by HARI RAM DHAR B.A. Patuatoli, Dacca

It is requested that all articles intended for publication may be sent to Professor S. N. Bhadra, Nyabazar, Dacca.

All business communications and all complaints regarding non-delivery of the Magazine should be addressed to—

The Manager, "DACCA REVIEW,"
5, Nayabazar Road, Dacca.

N.B.—I take this opportunity of expressing our sincere gratitude to the numerous gentlemen of light and leading who have encouraged us in this venture, either by the assurance of their warm and sympathetic support or by offering to contribute to this Magazine. Among other we may mention the names of :—

The Hon'ble Mr. P. C. Lyon, C.S.I.
The Hon'ble Sir Harcourt Butler, K. C. I. E.
The Hon'ble Sir Archdale Earle K. C. I. E.
The Hon'ble Nawab Syed Sir Shamshul Huda, K. C. I. E., M.A., B.L.
The Hon'ble Sir Asutosh Mookerjee, Sastra Vachaspati Kt., C.S.I., M.A., D.L.

The Hon'ble Mr. H. LeMesurier, C.S.I., C.I.E., I.C.S.
Mr. R. Nathan, B.A., C.S.I., C.I.E., I.C.S.
Mr. H. Sharp, C.S.I., C.I.E., M.A.
Mr. N. D. Beatson Bell, C.S.I., C.I.E., I.C.S.
Mr. J. Donald, I. C. S.
Mr. W. W. Hornell, M.A.
Mr. W. J. Reid, C.I.E., I.C.S.
J. G. Cumming, C. S. I.
F. C. French Esq., I.C.S.
W. A. Seaton Esq., I. C. S.
R. B. Hughes-Buller, Esq., C.I.E., I.C.S.
Major W. M. Kennedy, I.A.
Ven'ble Archdeacon W. K. Firminger, M.A.
Sir John Marshall, K.C.I.E., M.A., LITT. D., F.S.A.
The Hon'ble Mr. K. C. De, C.I.E., B.A., I.C.S.
" Mr. L. Birley C. I. E., I. C. S.
H. M. Cowan, Esq. I. C. S.
J. N. Gupta Esq., M.A. I.C.S.
W. L. Scott, Esq., I.C.S.
G. S. Dutt Esq., I.C.S.
Rev. Harold Bridges, B. D.
Dr. J. C. Bose, C.S.I., C.I.E.
W. A. J. Archbold, Esq., M.A., L.L.B.
H. E. Stapleton Esq., M.A., B.Sc.
Dr. P. K. Roy, D.Sc.
Dr. P. C. Ray, C.I.E. M.A., D.Sc. (London)
B. L. Choudhri, Esq., M.A., B.Sc. (Lond.)
P. N. Datta, Esq., Geol. Dept., G. of I.
Mahamahopadhyaya Pundit Hara Prasad Sastri, C.I.E.
Principal Evan E. Biss, M.A.
" Rai Kumudini Kanta Bannerji Bahadur, M.A.
" Rai Lalit Mohan Chatterji Bahadur, M. A.
" J. R. Barrow, B. A.
Professor R. B. Ramsbotham M. A., (Oxon).
" J. C. Kydd, M. A.
" W. Douglas, M. A., B. Phil., B. D.
" T. T. Williams M. A., B. Sc.
" Egerton Smith, M. A.
" G. H. Langley, M. A.
" Rai B. N. Das Bahadur, M. A. B.Sc.
Debendra Prasad Ghose.
" Panchanon Nyogi, M.A.
Hon'ble Maharaja Bahadur of Dinagepore, K.C.I.E.
The " Maharaja Bahadur of Cassimbazar, K.C.I.E.
The " Maharaja Bahadur of Shushung.
The " Maharaja Bahadur of Nashipur.
The Hon. Raja Bahadur of Mymensing.
Prof. J. N. Das Gupta, M.A., (Oxon).

Mr. Justice Digambar Chatterjee.
Sir Gooroodas Banerjee, KT., M.A., D.L.
The Hon'ble Dr. Devaprasad Sarvadhicari M. A. L. L. D. C. I. E.
Mr J. H. Kerr, C.I.E., I. C. S.
Mr. Justice B. B. Newbould, I.C.S.
Col. P. R. Gurdon, C.S.I., I.A.
Nawab Syed Nawab Ali Chowdhuri.
Rai P. Mookerjee Bahadur, M.A.
Babu Ananda Chandra Roy.
J. T. Rankin Esq. I.C.S.
B. C. Allen Esq., B.A., I.C.S.
S. G. Hart, Esq., B.A., I.C.S.
F. D. Ascoli, Esq., M.A., I.C.S.
J. McSwiney, Esq., M.A., I.C.S.
F. P. Dixon, Esq., I.C.S.
N. E. Parry, Esq., I.C.S.
W. R. Gourlay, Esq., C.I.E., I.C.S.
T. O. D. Dunn Esq., M.A.
E. N. Blandy Esq., I.C.S.
D. S. Fraser Esqr, I.C.S.
Rai Jamini Mohon Mitra Bahadur.
Raja Monmotho Nath Rai Chaudhury of Santosh.
Babu Deba Kumar Rai Chaudhuri of Barisal.
Rai Bahadur Rajendra Chandra Sastri, M.A.
" Sarat Chandra Das, C. I. E.
" Charu Chandra Choudhuri, Sherpur.
" Sures Chandra Singh.
Khan Bahadur Syed Aulad Hossein.
Mahamahopadhaya Dr. Satis Chandra Vidyabhushan.
" Pramatha Nath Tarkabhushan.
Kumar Sures Chandra Sinha.
Babu Chandra Sekhar Kar, Deputy Magistrate.
" Jatindra Mohan Sinha, Deputy Magistrate.
" Pramotha Nath Rai Chaydhuri of Santosh.
" Hirendra Nath Dutt, M. A., B.L.
" Radha Kamal Mukerji, M.A.
Rakhal Das Banerjee, Calcutta Museum.
Hemendra Prosad Ghose.
Akshoy Kumar Moitra.
Jaladhar Sen.
Jagadananda Roy.
Binoy Kumar Sircar.
Gouranga Nath Banerjee.
Ram Pran Gupta.
Dr. D. B. Spooner.
Kunwar Sain Esq., M.A., Bar-at-Law.
Principal, Lahore Law College.

CONTENTS.

Lord Carmichael		
Law and Human Progress	Dr. Naresh Ch. Sen Gupta, M. A., D. L.	295
Jessore Antiquities	Abani Chandra Chatterjea (Dy. Magistrate)	305
The Pseudo-Callisthenes	Prof. J. N. Das Gupta, M. A. (Oxon)	307
An Introduction to the Study of Archæology	Monomohan Ganguly, B. E. ...	309
The Coming of Summer, England ...	D. G. D.	322
East Bengal Notes and Queries (Notes on Antiquarian remains on the Lakshya and the Brahmaputra) ...	Nalini Kanta Bhattasali, M. A., Curator, Dacca Museum	323
The Vilayatnamah—an unpublished manuscript containing impressions of a journey to England and back in 1795 A. D., with a Foreword by	Khan Bahadur Syed Aulad Hasan, M. R. A. S., ...	327

সূচী।

	বিষয়	লেখকগণের নাম	পৃষ্ঠা
১।	বঙ্গীয় গৃহশিল্প সমিতি ...	শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত ...	২৮৯
২।	লক্ষ্মী (কবিতা)	শ্রীযুক্ত কালিদাস রায় বি, এ ...	২৯৫
৩।	ঋগ্বেদে লিখন-প্রণালীর আভাষ	অধ্যাপক শ্রীযুক্ত তারাপদ মুখোপাধ্যায় এম্, এ	২৯৬
৪।	বসন্ত লক্ষ্মী (কবিতা) ...	শ্রীযুক্ত কালিদাস রায় বি, এ ...	৩০৪
৫।	জাপানের যৎকিঞ্চিৎ	শ্রীযুক্ত মুকুলচন্দ্র দে ...	৩০৪
৬।	বৃন্দাবন অন্ধকার (কবিতা) ...	শ্রীযুক্ত প্রিয়কান্ত সেন গুপ্ত ...	৩০৬
৭।	প্রাচীন ভারতের নাট্যশাস্ত্র ও অভিনয়-কৌশল	শ্রীযুক্ত রাজেন্দ্রলাল আচার্য্য বি, এ	৩০৬
৮।	বসন্ত (কবিতা) ...	শ্রীযুক্ত জগদীশচন্দ্র রায় গুপ্ত ...	৩১২
৯।	চীন ও ভারত সন্তান ...	অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্, এ	৩১৩
১০।	সখী (কবিতা)	শ্রীযুক্ত কুলচন্দ্র দে	৩১৫
১১।	কণ্ঠহার (গল্প)	শ্রীযুক্ত সুশীলকুমার দাশ গুপ্ত ...	৩১৬
১২।	বঙ্কিম প্রসঙ্গ	শ্রীযুক্ত তারকনাথ বিশ্বাস ...	৩২১
১৩।	বর্ষ-বিদায় ...	শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত	৩২৭
১৪।	মাসিক সাহিত্য সমালোচনা ...	শ্রীযুক্ত সমালোচক ...	৩০২

LORD CARMICHAEL.

The farewell notices which have recently appeared would seem to have done the late Governor of Bengal something less than justice. The fact that he was not only a Governor but a Governor-in-Council appears to have been largely overlooked; though *suavis in modo*, it is hinted that he was anything but *fortis in re*. Time alone will enable his stewardship to be viewed in the proper perspective, though memories are short. In the meantime it is conceivable that he will himself not quarrel greatly with the immediate verdict, short-sighted as it may be. But it is of his late Excellency as a man and not as an ex-Governor, that we would write to-day.

He came to Bengal in troublous times. The appointment was none of his seeking and involved heavy personal sacrifices which he was in no position to bear. Yet he cheerfully accepted office as a public and a patriotic duty and few know how great were the burdens he faced with an uncomplaining philosophy.

A quixotic philosophy was indeed one of the keynotes of his character. Simplicity was another, but a genuine human kindness was his most characteristic trait. He was genuinely interested in his fellow human beings and his accessibility to all was no mere affectation. He was probably no great reader. The world of men—and—women—were his books. In this respect he closely resembled His late Majesty the King-Emperor Edward VII with whom he had many characteristics in common.

What probably gave him the greatest pleasure in holding high office, was the extended opportunity it afforded him of doing still more of his fellow beings a good turn. No act was too small if it gave pleasure to another, no trouble was too great if he could help somebody; he was sufficiently repaid by the genuine pleasure that the doing of a kindly act afforded him. A rare gift, my masters; "so shines a good deed in a naughty world."

He was also transparently simple in his tastes. If high office afforded him pleasure in one direction, it is certain that it gave little in another. "I hate to be your excellencied," he wrote to a friend, "I am not at all excellent and I don't know why I should be called so."

His attitude to life was one of a genial and whimsical humour. He was the embodied antithesis of the Prussian junker. In a scale of psychology one would be safe in putting the Kaiser at one end—it is unnecessary to specify which—and Thomas, Baron Carmichael of Skirling at the other.

establish friendship with the Marhatta Sardars. From the side of the Colonel Bahadur I used to go to the durbar of the Peshwa and Pandit Pradhan and Sakharam Babu and Balaji Rao alias Nana Farnavis to communicate about the writing, of the treaty of peace, the copy of which is still with me and of which Captain Macpherson and I were the translators. In brief, my young days were spent happily in the service of the Company Bahadur and that now in old age I suffer a great deal is on account of my misfortune and evil days.

A short account of a journey to England in connection with the dispatch of a letter from Shah Alam Bahadur The Emperor to the King of England and of the return therefrom without having gained his object.

In 1180 A.H. corresponding to 1173 of the Bengali era. Nawab Shujanddowlla and Lord Clive, Sabetjung Bahadur settled the terms of peace between the former and the company Bahadur at Allahabad. Having settled the terms of peace took their leave from the camp of the Badshah. Lord Clive obtained the Sanad of the Dewani of the subas of Bengal, Behar and Orissa in the name of English Company and the Sanad of the Nizamat in the name of Najmdowlla the son of the late Nawab Jafarali Khan and took leave of the Emperor. His Majesty, the Emperor, the shadow of God on earth shed tears while parting from Lord Clive and said, "you have accomplished the works of the company to your satisfaction but have left me without the services of the English troops till my installation on the throne of Delhi and the settlement of the affairs of the Kingdom. Now you are going leaving me hemmed in by enemies on all the four sides and by people unfaithful to the salt."

Lord Clive and General Carnac Bahadur were much affected and grieved by these words and said that they could not give the services of the British soldiers without the order of the King of England and the permission of the Company Bahadur. They also begged to say that troops would be placed at his service as soon as they received the orders from England and that it was the best policy for him to live at Allahabad. General Smith Bahadur, the then commander of the British troops was ordered to attend to the service of the Emperor with one division (platoon) of soldiers and the camp of the whole army was pitched in the neighbouring place Jaunpur so that at the time of necessity they might come to the help of His Majesty—that His Majesty may feel secure Lord Clive and General Carnel Bahadur assured the Emperor that they were ever ready in his service whether present or absent. Then Nawab Manirdowlla and Raja Shetab Roy Bahadur were ordered to write the letter of the Emperor to the King of England according to the wish of His Majesty. The contents of the

letter comprised subjects regarding the help of the English army, the commander of the British troops, the organization of the empire of Hindustan, the granting of the dewani of the Suba of Bengal and the friendship for that monarch. The letter was to be accompanied, with presents worth a lac of rupees, as a token of sincere affection for that monarch. Nawab Manirdowalla and Raja Shetab Roy accompanied Lord Clive to Calcutta. Lord Clive, General Carnac Captain Swinton and George Vansittart went to the garden of Damdama and without the knowledge of the other members of the Council wrote the letter of the Emperor and adorned it with the imperial seal.

This auspicious kharita containing the royal letter was made over to Captain Swinton who was deputed as an ambassador from the Emperor of India to the king of England with a present of one lac of rupees so that he might return after the accomplishment of the object in view. When the Emperor required a munshi to accompany the said Captain I was selected and given four thousand rupees as expenses of of my Journey to England and back from the Imperial exchequer out of a consideration of my past services and allegiance to His Majesty. I, too, owing to my youth and the attraction of food and water of that country conceived the ambition of sojourning there.

I went on board the ship with the said Captain. When we had spent one week on the way the Captain took the Imperial letter and the other papers from me and said that since the Imperial presents had not been received the mere carrying of the letter alone (without the presents) would not be advisable. He also said that he expected presents next year and that the submission of the letter and presents would then be entrusted to me. Hearing I was confounded extremely and I knew for certain that this excuse was not without some motive and so much trouble of travelling would be of no avail. Had I known this beforehand I would not have started on such a business but when matters had advanced beyond control and the arrow had escaped from the bow there was no remedy. Helpless as I was, I resigned myself to destiny. Experiencing every possible trouble of journey I reached England after six months. In spite of my seeing wonderful things I had no pleasure or peace of mind. The said Captain strictly enjoined on me the desirability of keeping the matter secret. I had neither the power of expressing nor the power of maintaining my peace of mind. I whiled away my time in reading histories and other things in order to avoid the anguish of my mind. I had then no inclination whatsoever for learning the English language and the beautiful scenery of England afforded me very little scope for enjoyment. After my return to Bengal people

found fault with me by saying that inspite of my living in England I could not acquire a thorough knowledge of the English tongue. My explanation of this would be the revealing of a secret: what should I say and what explanation should I give except that I put the seal of taciturnity on my lips and admit my want of intelligence? I have no other remedy.

ঢাকা রিভিউ ও সম্মিলন

৬ষ্ঠ খণ্ড। } ঢাকা—ফাল্গুন ও চৈত্র, ১৩২৩। { ১১শ; ১২শ সংখ্যা।

বঙ্গীয় গৃহশিল্প-সমিতি।

সম্প্রতি আমাদের দেশের বিলুপ্ত-প্রায় শিল্পগুলিকে বাঁচাইয়া তুলিবার জন্য আন্দোলন আরম্ভ হইয়াছে। এ আন্দোলন নূতন নহে, কিন্তু পূর্ব্বে নানা ভাবে আন্দোলন চলিলেও অধিকাংশস্থলেই আমরা কৃতকার্য্য হই নাই, তাহার মূলে আমাদের দোষই অধিক পরিমাণে পরিলক্ষিত হয়। সে সব আলোচনার স্থান ইহা নহে, আর নিজেদের ক্রটী-বিচ্যুতির কথা পুনঃ পুনঃ উল্লেখ করিতে গেলে ক্ষতি ভিন্ন লাভ কিছুই নাই। শিল্প, বাণিজ্য প্রভৃতির উন্নতিকল্পে কোন কার্য্য করিতে গেলে দুই একবার ব্যর্থকাম হওয়া সম্পূর্ণ স্বাভাবিক; তাহাতে নিরাশ না হওয়াই ভাল। সাধারণের এখন একটা বিশ্বাস এই দাঁড়াইয়াছে যে আমাদের দেশের ব্যবসা বল, বাণিজ্য বল, যৌথকার্য্য বল গভর্মেণ্টের সে সকলের সহিত কোনও সংযোগ না থাকিলে তাহা কোন রূপেই টিকিয়া থাকিতে পারে না; এ বিশ্বাস দিন দিন নানা কারণে দৃঢ়ীভূত হইতেছে, বিস্তারিত কথা বলিতে গেলে অনেক কথাই বলিতে হয়।

সৌভাগ্যের বিষয় বঙ্গের গৃহজাত ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প-দ্রব্যাদির পুনরুত্থানের জন্য আমাদের সদয়-হৃদয়া লাট-পত্নী লেডি কারমাইকেল মহোদয়া ব্রতিনী হইয়াছেন। তদুদ্দেশে বিগত ১৫ই ডিসেম্বর, ১৯১৬, কলিকাতা ডেলহৌসি ইন্‌ষ্টিটিউটে একটা সভারও অধিবেশন হইয়া গিয়াছে। ঐ সভায় আমাদের দেশের গণ্যমান্য বহু ব্যক্তিই উপস্থিত ছিলেন। তাঁহারা সকলেই এই অনুষ্ঠানটিকে সঞ্জীবিত রাখিবার জন্য নিজ নিজ মন্তব্য প্রকাশ ও অর্থানুকূল্য করিয়াছেন। দেশের বিলুপ্ত-প্রায় শিল্পগুলিকে বাঁচাইয়া রাখিবার জন্য সকলেই যে একমতাবলম্বী হইয়াছিলেন সে কথা বলাই বাহুল্য।

বঙ্গদেশে ঢাকা, মুর্শিদাবাদ, মেদিনীপুর, হুগলী শান্তিপুর, বিক্রমপুর, টাঙ্গাইল, মাণিকগঞ্জ প্রভৃতি কয়েকটি স্থান শিল্পজাত দ্রব্যাদির জন্য বিখ্যাত। ঢাকা মুসলমানী আমলে বঙ্গদেশের সমৃদ্ধিশালী রাজধানী ছিল, কাজেই নানাদিক্ দিয়া নানাভাবে ঢাকা সহরের ও তৎপার্শ্ববর্ত্তী

পল্লীসমূহের বিবিধ শিল্পদ্রব্য পৃথিবীর সর্ব্বত্র ব্যাপ্তি লাভ করে। কোন দেশের কোন প্রাচীন শিল্পই একেবারে মরিয়া যায় না, যাইতে পারে না, তবে সে সব রাজানুগ্রহ ও দেশের জনসাধারণের সহানুভূতি ব্যতীত ভালরূপে বাঁচিয়া থাকিতেও পারে না। আমাদের সৌভাগ্যক্রমে বঙ্গীয় গৃহ শিল্পোন্নতি-সভার পক্ষ হইতে প্রখ্যাতনামা ডাক্তার শ্রীযুক্ত নীলরতন সরকার ও কো-ওপারেটিভ ব্যাঙ্কের রেজিষ্ট্রার রায় শ্রীযুক্ত যামিনী মোহন মিত্র বাহাদুর ঢাকা নগরীতে উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা বোধ হয় ঢাকার প্রায় সর্ব্বত্রই নানা শিল্পজাত দ্রব্যাদির অনুসন্ধান করিয়াছেন, তবু আমাদের জেলার প্রাচীন শিল্প ইত্যাদি সম্বন্ধে এখানে একটু আলোচনা করিতেছি। প্রথমতঃ ঢাকা সহরের কথা বলিতেছি। ঢাকার বস্ত্র-শিল্পের বিষয় সকলেই জানেন; ঢাকাতে যে কিরূপ নানা শ্রেণীর সুন্দর সুন্দর বস্ত্র ও মস্‌লিন প্রস্তুত হইত, এবং এখনও হয় তাহা জনসাধারণ সকলেরই বিশেষরূপে জানা আছে। কিন্তু বস্ত্র-শিল্পও আর পূর্ব্বের ন্যায় সমৃদ্ধিশালী নাই, তাহার মূল কারণ বস্ত্রবয়নকারিগণের অর্থাভাব,—মহাজন এবং বড় বড় খরিদ্দারগণের দাদনের টাকা পরিশোধ হইয়া তাহাদের লাভের কিছুই থাকে না, তাঁতীদের দুর্দ্দশা ঘোচেনা; কাজেই পেটের দায়ে যে যতটুকু পারে কাজ করে, শিল্পের উন্নতিকল্পে কাহারও তাদৃশ মনোযোগ নাই—কোনরূপে কাজ চলিলেই হইল, এইরূপ ভাব দেখিতে পাওয়া যায়। ইহার কারণ এই যে ক্রেতার অভাব। মস্‌লিন প্রভৃতি কয়জনে ক্রয় করে? এমতাবস্থায় তাহাদিগকে বাঁচাইতে হইলে মহাজনের হাত হইতে উদ্ধার করা ও সঙ্গে সঙ্গে ক্রেতা সংগ্রহ করিয়া দেওয়া কর্ত্তব্য।

ঢাকার অন্যতম প্রধান শিল্প—শঙ্খের কাজ। বঙ্গদেশের কেন পৃথিবীর আর কোথাও ঢাকার ন্যায় শঙ্খের কাজ হয় না। কিন্তু বর্ত্তমান সময়ে নানাকারণে শঙ্খের কার্য্যেরও অধঃপতন আরম্ভ হইয়াছে। আপাততঃ একটী কারণই মূল বলিয়া বিবেচিত হয়। ব্যক্তি-বিশেষকে শঙ্খের ব্যবসা একচেটিয়া করিতে দিয়া মাস্রাজ গভর্ণমেণ্ট এই গোলযোগ ঘটাইয়াছেন, তাহারি ফলে দীন দরিদ্র শঙ্খব্যবসায়িগণ দ্বিগুণ, চতুর্গুণ মূল্য দিয়া শঙ্খ ক্রয় করিয়া ব্যবসায়ের উন্নতি করিতে পারিতেছে না। নতুবা আজ কাল শাঁখারীগণের মধ্যে এমন অনেক সুদক্ষ শিল্পী আছেন, যাঁহারা দিন দিন নব নব উদ্ভাবনী শক্তির প্রভাবে, নূতন নূতন ফ্যাসনানুরূপ দ্রব্যাদি প্রস্তুত করিয়া জনসাধারণের বিশেষতঃ শিল্পানুরাগী কৃতবিদ্য সম্প্রদায়ের মনোরঞ্জন করিতে পারেন।

শঙ্খব্যবসায়ের অধঃপতনের অন্যতম কারণ—যন্ত্রপাতি। পৃথিবীর সর্ব্বত্র উন্নতির যে খরস্রোত প্রবহমান, কলকব্জার যেরূপ নিত্য নব প্রচলন তাহাতে যন্ত্রপাতির উন্নতি করিতে না পারিলে কোনরূপেই প্রতিযোগীতায় দীর্ঘদিন ইহারা টিকিয়া থাকিতে পারিবে না।

সার জগদীশচন্দ্র বসু মহাশয় বিগত বর্ষে "বিক্রমপুর সম্মিলনীর" অভিভাষণে বলিয়াছিলেন যে আমাদের মেয়েদের হাতের চুড়ি ত জাপান হইতে আসেই, শুনিতেছি তাহারা নাকি তামাক খাওয়ার কল্কে পর্য্যন্ত প্রস্তুত করিয়া পাঠাইবে। আমাদেরও তেমনি আশঙ্কা হয় যে যদি বর্ত্তমান যন্ত্রপাতির দিনে একঘেয়ে ভাবে শঙ্খ-দ্রব্যাদি প্রস্তুত হইতে থাকে, তাহা হইলে আমরা এই শিল্পটাকেও হারাইব। ইহা আশ্চর্য্য নহে যে কোনও জাপানী বা অন্য কোনও বৈদেশিক শিল্পী ইহা শিক্ষা করিয়া যন্ত্রপাতির সাহায্যে প্রস্তুত করিয়া পাঠাইলে অচিরাৎই আমাদের এ গৌরবময় শিল্পটিও লোপ পাইতে পারে। কাজেই শঙ্খ-শিল্পটিকে বাঁচাইয়া রাখিতে হইলে নিম্নলিখিত বিষয় কয়টীর প্রতি লক্ষ্য রাখা আবশ্যক।

(১) যাহাতে ভবিষ্যতে কেহ মাদ্রাজ গভর্ণমেণ্টের নিকট হইতে শঙ্খব্যবসায় একচেটিয়া করিতে না পারে।

(২) অভিনব যন্ত্রপাতি নির্ম্মাণদ্বারা এই ব্যবসায়টীকে অধিকতর বিস্তৃত এবং কার্য্যকরী করিয়া তোলা।

অল্প সুদে শঙ্খ-ব্যবসায়ীগণকে ঋণদান পদ্ধতিও ইহাদিগকে রক্ষা করিবার অন্যতম শ্রেষ্ঠ উপায়। শাঁখারীরা প্রায় সকলেই খুব বেশী সুদে ঋণ করিয়া ব্যবসা চালায়। এবিষয়ে বিশেষ লক্ষ্য রাখা কর্ত্তব্য।

বস্ত্রশিল্প এবং শঙ্খশিল্প ছাড়া ঢাকাতে শৃঙ্গের কার্য্যাদিও একটী প্রধান শিল্প। শৃঙ্গের চিরুণী, চুড়ি ইত্যাদিও এখানে কম প্রস্তুত হয়না। যশোহরের চিরুণীর প্রচলনের সঙ্গে সঙ্গে এখন আর এসকল দ্রব্যের তেমন আদর নাই। ঢাকা সহরে যে সকল শিল্পজাত দ্রব্যাদি আছে সে সকলের অনুসন্ধান তেমন কষ্ট-সাধ্য নহে, কিন্তু মফঃস্বলে যে কত প্রকার শিল্প লুপ্ত হইতেছে কে সে সকলের সন্ধান লয়? সেগুলির অনুসন্ধান এবং বাঁচাইয়া রাখিবার চেষ্টাই আমাদের প্রধান কর্ত্তব্য। মফঃস্বলের শিল্পগুলির কথা বলিবার পূর্ব্বে এখানে আরও দুই একটী বিষয়ের আলোচনা করিব। এক সময়ে ঢাকা জেলা রঞ্জন-শিল্পের জন্যও বিশেষ বিখ্যাত ছিল। এ জেলার অনেকস্থানে কুসুম-ফুলের চাষ এবং নীলের চাষ হইত, এখন এই উভয়বিধ চাষই বিলুপ্ত হইয়াছে। সে সময়ে লাল, নীল, বাসন্তী, হরিদ্রা, সবুজ ও কাল প্রভৃতি রং দ্বারা বস্ত্র প্রভৃতি রঞ্জিত হইত। যাহারা বস্ত্র রঞ্জনের ব্যবসা দ্বারা জীবিকা নির্ব্বাহ করিত তাহাদের নাম ছিল 'চিপিগার'। কাঠের উপর বিবিধ নক্সা খোদাই করিয়া সে সকল চিত্রদ্বারা ছাপ দিয়া বস্ত্রের সৌন্দর্য্য বৃদ্ধি করা হইত। "নামাবলী," কুফন ইত্যাদি এইরূপে প্রস্তুত হইয়া বিক্রীত হইত। আজকাল শেখরনগর, নবাবগঞ্জ, মাণিকগঞ্জ ও সাভার থানায় এখনও সামান্যপরিমাণে কুসুমফুলের চাষ হয়। ডাঃ টেইলার সাহেব তৎপ্রণীত "Topography of Dacca" নামক গ্রন্থে লিখিয়াছেন যে "চীনদেশীয় কুসুম-ফুলই পৃথিবীর মধ্যে সর্ব্বোৎকৃষ্ট, উহার পরেই ঢাকা-জেলায় উৎপন্ন কুসুমফুল বিখ্যাত। লণ্ডনের বাজারে এক সময়ে চীনা কুসুমফুলের পরেই ঢাকার কুসুমফুল অধিক মূল্যে বিক্রীত হইত। এখানে একটু বিবরণী দিলাম।

"১৭৮৭ খ্রীঃ অঃ এই জেলায় উৎপন্ন যাবতীয় কুসুম-ফুল ঢাকার বস্ত্র-রঞ্জন শিল্পে নিঃশেষিত হইয়াছিল। ১৮০০ খ্রীষ্টাব্দে ইহার চাষ এতদূর প্রসার লাভ করে যে স্বীয় জেলার বস্ত্ররঞ্জনকারীগণের অভাবমোচন করিয়াও প্রায় ২০০৲ দুইশত মণ কুসুমফুল ভারতের নানা স্থানে রপ্তানি হইয়াছিল। ১৮৪৪ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত প্রতি-বর্ষে ৫০০০৲ মণ কুসুম ফুল উৎপন্ন হইত।" *

"১৮১০ খ্রীঃ অঃ ২০০০৲ মণ উৎপন্ন হয়। ১৮২৪।২৫ খ্রীঃ অঃ কলিকাতায় ৮৪৪৮৲ মণ আমদানী হয়, ইহার মূল্য নির্দ্ধারিত হয় ২৯০৭৫৫।৬ টাকা। ইহার দুই-তৃতীয়াংশ ঢাকা জেলায় উৎপন্ন হয়। কুসুমফুল সাধারণতঃ ১৬৲ ষোল টাকা হইতে ২৫৲ টাকা মণ দরে বিক্রয় হইত। কুসুম ফুল হইতে অতি সুন্দর লাল ও পীত দ্বিবিধ রং প্রস্তুত হইত।" †

নীলের কুঠি—এখন দেশে নীলের চাষ নাই। পূর্ব্বে প্রতিবৎসর গড়ে প্রায় ২৫০০৲ মণ নীল উৎপন্ন হইত। এখন আর তাহা হয় না। এখন এ সকল বিষয়ের আলোচনা নিষ্প্রয়োজন। এখানে অপ্রাসঙ্গিক হইলেও উল্লেখ না করিয়া পারিতেছি না যে বর্ত্তমান সময়ে আমাদের দেশজাত রঞ্জন দ্রব্যের মধ্যে মঞ্জিষ্ঠা, সাপাং কাষ্ঠ ও লাক্ষা লাল রংয়ের জন্য, তেসুফুল নামক ফুল হরিদ্রা রংয়ের জন্য এবং খদির ও দানোয়ামা বাদামী রংয়ের জন্য ব্যবহৃত হয়।

সর্ব্বাগ্রে ঢাকা জেলার বিক্রমপুর পরগণার শিল্প-সম্ভার সম্পর্কে আলোচনা করা যাউক।

প্রথম কথা এই যে বঙ্গের অন্যান্য জেলার ন্যায় বিক্রমপুরেরও সর্ব্বশ্রেণীর শিল্পীগণ আর নিজ নিজ ব্যবসায়ে নিযুক্ত নহে। জীবিকানির্ব্বাহের অন্তরায়ই ইহার প্রধান কারণ। তবে কোন কোন জাতি এখনও নিজ নিজ ব্যবসায় পরিত্যাগ করে নাই, যেমন জোলা, মালাকর, যুগিগণ, কুম্ভকার প্রভৃতি জাতীয়েরা এখনও সাধ্যানুযায়ী নিজ নিজ ব্যবসায়েই লাগিয়া আছে। ইতিহাস পাঠে জানিতে পারি বিক্রমপুর এক সময় বস্ত্র-শিল্পের জন্য বিশেষ বিখ্যাত ছিল। পাশ্চাত্য ভ্রমণ-

বস্ত্রশিল্প।

কারীগণ এ স্থানের বস্ত্র, রেশম, সূতা, কার্পাস ইত্যাদির বিশেষ প্রশংসা করিয়া গিয়াছেন, অতীতের সেই গৌরবময় পুণ্যস্মৃতিতে হা হুতাশ করা ব্যতীত আমাদের আর কি

---

* See Taylor's Topography of Dacca. † "ঢাকার ইতিহাস।"

লাভ আছে? বর্ত্তমানে বিক্রমপুরের বহু গ্রামে জোলা এবং তাঁতীরা কাপড়, ছিট, লুঙ্গি, গামছা, থান, চাদর, জামদানী, চেক্‌সাড়ী, মলমল, লুই, ইত্যাদি প্রস্তুত করে। অধিকাংশ স্থলেই এ সকল কাপড় রঞ্জিত সূত্র দ্বারা প্রস্তুত হয়। ব্রাহ্মণগাঁও, সানিহাটী, খরিয়া শিমুলিয়া, রাণীগাঁও, কুমারভোগ, কাজিরপাগলা, সাত-ঘরিয়া, দক্ষিণপাইক্‌সা, নপাড়া, শ্রীনগর, ষোলঘর, হল্‌দিয়া, নাগেরহাট, কাজলপুর, রাণা, বিবন্দী, খোদাইবাড়ী, তন্তর প্রভৃতি স্থানের তন্তুবায়গণ এসকল বস্ত্রাদি প্রস্তুত করে। এখানে বিশেষ করিয়া একটী বিষয়ের উল্লেখ করিব, সে লুঙ্গির কথা। আজকাল হিন্দু, মুসলমান, অনেকেই বাড়ীতে লুঙ্গি ব্যবহার করিয়া থাকেন; লুঙ্গি সাধারণ ব্যহারের পক্ষে বিশেষ সুবিধা-জনক, উহা যেমনই টেঁকসই, তেমনি সুখপ্রদ, যাঁহারা ব্যবহার করেন তাহারা সকলেই একবাক্যে এই অভিমত প্রকাশ করিয়া থাকেন। এহেন লুঙ্গি বিক্রমপুরের তন্তুবায়গণ প্রচুর পরিমাণে প্রস্তুত করে; হাটে বাজারে বিক্রয়ও মন্দ হয় না। এ দিকে আমাদের লক্ষ্য রাখা উচিত। এ প্রসঙ্গে মাণিকগঞ্জ, টাঙ্গাইল, ধামরাই, ডেম্‌রা, জাফরগঞ্জ তেওতা ও সহদেবপুর অঞ্চলের তাঁতীগণের বিষয়ও উল্লেখ করিতেছি। বিক্রমপুরের হিন্দু যুগীগণ অপেক্ষা মুসলমান জোলারাই বেশী পরিমাণে নিজ ব্যবসায়ে লিপ্ত আছে।

কার্পাস-সূত্র।

আগে দেশের সর্ব্বত্রই চরকায় সূতা কাটিবার প্রথা ছিল। এখন উহা লুপ্ত হইয়াছে। আজকাল কেবলমাত্র ব্রাহ্মণ মহিলাগণ নাটাই দ্বারা পৈতার সূতা কাটিয়া থাকেন। বাড়ীতে যে দু'চারিটা কার্পাস গাছ জন্মে তাহা দ্বারাই পৈতা প্রস্তুতের কাজ চলে। এই সকল পৈতা এত সূক্ষ্ম হইত যে একটী এলাচের মধ্যে ভরিয়া রাখা যাইত। সূতার কথাটাই বিশেষ করিয়া চিন্তা করা কর্ত্তব্য। ম্যান্‌চেষ্টার হইতে সূতা না আসিলে আমাদের বোম্বাই অঞ্চলের কাপড়ের কল ও বঙ্গদেশের কটনমিল কিরূপে চলিবে? সূতা প্রস্তুতের কথা কেহই বলেন না? সেদিকে বক্তাদেরও বাগাড়ম্বর নাই। সময় থাকিতে সূতা প্রস্তুতির দিকে লক্ষ্য করুন। নতুবা আর কিছু দিন পরে যে দিগম্বরের বেশ পরিতে হইবে।

মৃৎশিল্প।

মাটির কাজের জন্য কুম্ভকারগণ বিশেষ বিখ্যাত। একদিকে যেমন ইহারা দেবদেবীর প্রতিমাগঠনে সুনিপুণ, তদ্রূপ নিত্য ব্যবহার্য্য নানা প্রকারের দ্রব্য, খেলনা ইত্যাদি প্রস্তুত করিতেও ইহারা দক্ষ। এ সকল খেলনা মেলা ইত্যাদিতে বিশেষরূপ বিক্রীত হয়।

ডাকের সাজ।

এজেলার এক শ্রেণীর শিল্পী আছে, তাহাদিগকে মালাকর কহে। ইহারা রাঙ, তুলা, শোলা, বাদ্‌লা, সল্‌মা, চুম্‌কী প্রভৃতির দ্বারা নানা প্রকার ঝাড়, ফুল, ফল, লতা, পাতা, পুতুল, বৃক্ষলতাদি প্রস্তুত করে। কাগজের উপর বিবিধ প্রকারের শিল্প-বিন্যাসেও ইহারা দক্ষ।

পিত্তল ও কাংস্য শিল্প।

বিক্রমপুরের লৌহজঙ্গ, ধানকুনিয়া, দিয়াগাঁও, ব্রাহ্মণগাঁও, সানিহাটি প্রভৃতি গ্রামে পিত্তল ও কাংস্য-নির্ম্মিত দ্রব্যাদি প্রচুর পরিমাণে প্রস্তুত হয়। ঐ সকল দ্রব্যাদি ভারতবর্ষের নানাস্থানে রপ্তানি হয়। ঐ সকল দ্রব্যাদির মধ্যে ডেগ, গামলা, ঘটি, বউথালা, কলসী, মালসা প্রভৃতি উল্লেখযোগ্য। পূর্ব্বে দুয়াল্লী গ্রামে ভরণের কার্য্য হইত, এখন তাহা বিলুপ্ত হইয়াছে।

লৌহশিল্প।

ঢাকা জেলার অনেক স্থানেই ভুঁইমালী এবং কর্ম্মকারগণ লৌহের কাজ করে। ইহারা দা, কুড়াল, খন্তা, কোদাল, কাস্তে, গজাল, পাতাম, ছিচ্‌কা ইত্যাদি প্রস্তুত করে। তাল-তলা, শ্রীনগর, দেউলভোগ, কুকুটিয়া প্রভৃতি গ্রামে এবং জেলার নানাস্থানে ইহাদের কারখানা আছে।

ট্রাঙ্ক প্রস্তুত,—ইহা ঢাকা সহরে এবং বিক্রমপুর, ময়মনসিংহ প্রভৃতি স্থানেও হয়। এগুলিকে ঠিক্ গৃহ-শিল্প বলা যায় না।

এখন আমাদের অঞ্চলের একটা প্রধান শিল্পের বা নিত্য প্রয়োজনীয় দ্রব্যের কথা বলিব। সে আমাদের কাগজের শিল্প। পূর্ব্বে ঢাকা নগরীতেও কাগজ প্রস্তুত হইত; ঢাকার 'কাগজীটোলা' এখনও সেই প্রাচীন

কথা মনে করাইয়া দেয়। উত্তর বিক্রমপুরস্থ আরিয়ল গ্রাম এক সময়ে কাগজ প্রস্তুতের জন্য বিশেষ বিখ্যাত ছিল।

কাগজের কথা।

সে সময়ে জমিদারি সেরেস্তার ও মহাজনি খাতা ইত্যাদি সমুদয়ই উক্ত কাগজীদের নির্ম্মিত কাগজে লিখিত হইত। কাগজীগণ গ্রামে গ্রামে ঘুরিয়া ছেঁড়া নেকড়া, কাঁথা, ছেঁড়া কাগজ ইত্যাদি সংগ্রহ করিয়া লইয়া যাইত। এক সময়ে আরিয়ল্ গ্রামে প্রায় ৮০০ আটশতের উপর কাগজী ছিল, তাহারা কাগজ নির্ম্মাণ করিয়াই জীবিকা-নির্ব্বাহ করিত। এখন আর সে দিন নাই। এখন কাগজীরা আর পূর্ব্বের মত কাগজ প্রস্তুত করে না, কারণ তাহাদের কাগজের আর পূর্ব্বের মত আদর নাই। কলের প্রতিযোগীতায় মসৃণ সুন্দর নানা শ্রেণীর কাগজ পাইতে সাধারণে আর সে কাগজ ব্যবহার করিবে কেন? স্বদেশীর হুজুগে কাগজীরা তাহাদের পরিত্যক্ত ব্যবসা ধরিয়াছিল, কিন্তু কোনও উৎসাহ না পাইয়া উহা একেবারে ছাড়িয়া দিয়াছে। পূর্ব্বে যে আরিয়ল গ্রামের কাগজীদের ঢেঁকীর শব্দে নৌকারোহী পথিকেরা রাত্রিতে বুঝিতে পারিত যে আরিয়ল গ্রামের সমীপবর্ত্তী হইয়াছে, আজ সে আরিয়ল গ্রামের কাগজীরা নিরুপায় হইয়া নানা ব্যবসায়াবলম্বনে জীবিকা-নির্ব্বাহ করিতেছে। এখনও যে অল্প কয়েকঘর কাগজী কাগজ প্রস্তুত করে, তাহাদের সেই কাগজ দ্বারা মুদী পশারির "পোন্টা" বাঁধে এবং বাজি নির্ম্মাতারা "মাতাব" প্রভৃতি বাজির মোড়কমাত্র প্রস্তুত করে।

আজকাল ইউরোপীয় যুদ্ধের দরুণ কাগজের একান্ত অভাব। এ সময়ে কাগজীদিগকে কি কোনরূপে উৎসাহিত করা যায় না? ইহাদের কাগজ নির্ম্মাণ সম্পর্কে যে অশিক্ষিত-পটুত্ব আছে, যদি এখন গভর্মেণ্ট কিংবা দেশের কোনও ধনবান ব্যক্তি এক্ষেত্রে অগ্রসর হইয়া অভিনব বৈজ্ঞানিক-প্রণালী অনুযায়ী ইহাদিগের দ্বারা কাগজ প্রস্তুত করাইতে আরম্ভ করেন তাহা হইলে আমাদের বিশ্বাস দেশের একটি লুপ্তপ্রায় শিল্প পুনর্জ্জীবিত হইতে পারে এবং তদ্বারা কাগজের এই দুর্মূল্যের দিনে দেশের কাগজের অভাবও আংশিক রূপে হ্রাস পায় এবং একটী শ্রমজীবি সম্প্রদায়ের জীবিকার্জ্জনের পথ নির্দ্দিষ্ট হয়। আমরা আজ সাতমাস যাবত "বিক্রমপুর" পত্রের মলাট আরিয়লের প্রস্তুতি কাগজদ্বারা ব্যবহার করিয়া আসিতেছি। ইহারা ফুলস্কেপ, ডিমাই অর্দ্ধ পেজী, ডবলক্রাউন হাফ্ সাইজ কাগজ প্রস্তুত করিতে পারে। মূল্য কাগজের গুণানুযায়ী ১৲ ১।০ ২৲ ২৸০ ৩৲ পর্য্যন্ত রিম বিক্রীত হয়। ইহারা রংয়ের মধ্যে হলুদ এবং কমলা রং ব্যতীত অন্য কোন রকমের রঙ্গের ব্যবহার জানে না।

এই কাগজীদের নির্ম্মিত কাগজ দ্বারা ঢাকার পুস্তক প্রকাশকগণ অনেকে বহির মলাট মুদ্রিত করিয়াছেন। ইহারা যে কয়টী কারণে পুনর্ব্বার কাগজ প্রস্তুত কার্য্যে বিশেষ রূপে ব্রতী হয় না তাহার কারণ এখানে উল্লেখ করা গেল।

(১) লড়াই থামিয়া গেলে যখন বাজারে বিদেশজাত কাগজ প্রচুর পরিমাণে আমদানী হইবে, তখন কেহই আর তাহাদের কাগজ ক্রয় করিতে উৎসুক হইবেনা।

(২) তাহারা চিরকাল একইভাবে কাগজ প্রস্তুত করিয়া আসিতেছে, কোনরূপ অভিনব প্রণালী জ্ঞাত নহে, কাজেই বর্ত্তমান যুগে কিরূপে সাধারণের মনোরঞ্জন করিবে? সর্ব্বোপরি মূল্যের কথাও বিশেষরূপে বিবেচ্য। নবীন শিক্ষাদীক্ষা না পাইলে সময়ের সঙ্গে ছুটিতে পারিবে কেন? আর সুলভমূল্যে কাগজ পাইতে অধিক মূল্য দিয়া কে কাগজ ক্রয় করিবে?

এতদ্ব্যতীত(১) ঝিনুকের বুতাম (২) ঝিনুকের ফুল, অলঙ্কার প্রভৃতির ব্যবসায়ও বেশ চলিতেছে।

নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মধ্যে কালি, পেন-হোল্ডার, নিব্ ইত্যাদি এবং সুগন্ধি দ্রব্য ও বিবিধ প্রকারের সুন্দর সুন্দর নিত্য ব্যবহার্য্য এজেলায় বিশেষ রূপে প্রস্তুত হয়। লৌহদ্রব্য প্রস্তুত আজ প্রায় ছয় সাত বৎসর যাবত ঢাকা নয়াবাজার ষ্ট্রীটে শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র বন্দ্যোপাধ্যায় নামক একজন জাপান-প্রত্যাগত যুবক বিবিধ প্রকারের করিতেছেন, তাহার প্রস্তুতি কাঁচি ক্ষুর, ইত্যাদি নানা দ্রব্য উল্লেখযোগ্য।

প্রত্যেক জেলায় বিশেষরূপ অনুসন্ধান করিলে নানাজাতীয় গৃহ-শিল্পের সন্ধান মিলে। আমাদের বিশ্বাস

এ সকল শিল্পগুলিকে সমধিক প্রচলিত ও জীবিত রাখিতে হইলে তিনটী বিষয়ের প্রতি লক্ষ্য করিলে ভাল হয়। প্রথমতঃ মূলধন, দ্বিতীয়তঃ কাঁচামাল, তৃতীয়তঃ বিক্রয়ের ব্যবস্থা। এই তিনটির ব্যবস্থা করিতে না পারিলে কোনরূপেই গৃহশিল্পগুলির আশা নাই। আর একটী কথাও বিবেচ্য, বর্ত্তমান সময়ে ভদ্র-সমাজের অবস্থাই সর্ব্বাপেক্ষা শোচনীয়। নানাপ্রকার সামাজিক দুর্দ্দৈবে, সর্ব্বোপরি একমাত্র চাকরী অবলম্বন থাকায় ইহাদের অবস্থা অতীব শোচনীয়, এমতস্থলে মধ্যবিত্ত বা ভদ্র-শ্রেণীর স্ত্রী ও পুরুষের সমভাবে অর্থাগমের ব্যবস্থা করা আবশ্যক। হুগলী জেলার চিকনের কাজ ভদ্রমহিলারাও করিয়া থাকেন, আমাদের ঢাকা সহরেও মুসলমান মহিলাগণ ও বহু ব্যবসায়ী হিন্দু পরিবারের রমণীগণ ঐরূপভাবে রুমালের কারুকার্য্য, চাদরের কন্থা, কসিদা কাপড় ইত্যাদি প্রস্তুত করিয়া থাকেন। এরূপ ব্যবস্থা বঙ্গের সর্ব্বত্র অনুসৃত হইতে পারিলে বিশেষ মঙ্গলজনক হইবে। একজন বেতনভুক্ লোক নিযুক্ত করিয়া ঢাকা জেলার গ্রামে গ্রামে পাঠাইয়া এ সকল শিল্প ইতিহাসের বিস্তৃত বিবরণ সংগ্রহ আবশ্যক। এবং তৎপর যথাবিহিত পন্থা অবলম্বন করা কর্ত্তব্য। আর বিশেষ করিয়া এ সকলের একটা প্রদর্শনী করা আবশ্যক। আমরা এবার "বিক্রমপুর সম্মিলনী" সভার অধিবেশনের সহিত একটী প্রদর্শনীর ব্যবস্থা করিতে চাহিয়া বিজ্ঞাপন প্রচার করায় বহু নূতন নূতন শ্রম-শিল্পের পরিচয় পাইয়াছিলাম, কিন্তু নানাকারণে শিল্প-প্রদর্শনী হয় নাই। আগামী বর্ষে ঐরূপ একটি শিল্প-প্রদর্শনী করা হইবে। ঢাকার সদাশয় ম্যাজিষ্ট্রেট মিঃ হার্ট সাহেবের সভাপতিত্বে ঢাকা নগরে বঙ্গীয় গৃহশিল্প-সমিতির একটী শাখা সভা স্থাপিত ও কার্য্যনির্ব্বাহক কমিটি গঠিত হইয়াছে। আশা করি এ সভা দ্বারা জেলার লুপ্তপ্রায় শিল্পগুলির পুনঃপ্রতিষ্ঠা হইবে। কিন্তু এখানে গভর্মেণ্টের শিল্প কমিশনের মন্তব্যও বিশেষরূপে বিবেচনা করা কর্ত্তব্য; আশা করি গভর্মেণ্টের নিম্নলিখিত মন্তব্য কয়টি বঙ্গীয়-গৃহ-শিল্প-সমিতির নেতৃবর্গ বিশেষরূপে বিবেচনা করিয়া দেখিবেন। "ভারতবাসী মহাজনেরা মূলধন ছাড়িতে চাহেন না, তাঁহাদের ভরসা খুব কম, দক্ষ মজুর পাওয়া দুরূহ, এবং এদেশের কাঁচামাল কোথায় কি পাওয়া যায়, তাহা সংগ্রহ করা সহজসাধ্য নহে। কাজেই এদেশের শিল্পোন্নতি করিতে হইলে নিম্নলিখিত বিষয় কয়টীর প্রতি লক্ষ্য রাখা উচিত। (ক) শিল্পের উন্নতিকল্পে মূলধন বিনিয়োগ (খ) গভর্মেণ্টের সর্ব্ববিধ উৎসাহ প্রদান, আর্থিক ও বিক্রয় ব্যবস্থা (গ) দেশবাসী জনসাধারণকে বিনাব্যয়ে শিল্পশিক্ষাদান (ঘ) শিল্প-বিশেষের পরিচালনা সম্বন্ধে প্রত্যক্ষ উপায় প্রদর্শন (ঙ) শিল্পিগণকে সাক্ষাৎ বা পরোক্ষভাবে আর্থিক সাহায্য দান।"

শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত।

।

আমার কুটীরে এনেছ লক্ষ্মী তোমার অমরা অলকা-ভূমি,
সকল দৈন্য সকল দুঃখ যবনিকা দিয়া ঢেকেছ তুমি ;
আহারে বিহারে শয়নে ভোজনে বুঝিতে পারি না আমি যে দীন,
সব মালিন্য ধুইয়া পুছিয়া করেছ পাবন কলুষহীন।
ধপ ধপ করে বসন ভূষণ, তক তক করে শয়নখানি,
বাসন পাত্রে ঝক ঝক শোভা দিয়াছে তোমার পুণ্য পাণি।
উঠানে সিঁদুরবিন্দু পড়িলে প্রতিকণা তার যাররে তোলা,
তুলসীতলাটী রম্য শোভন নাহি তথা যেন বিন্দু ধূলা।
গৃহ-প্রাচীরের জীর্ণতাগুলি ঢাকিয়াছ তুমি চিত্র দিয়া,
চির অমলিন কাচের মাঝারে রহে আলো গৃহ উজ্জ্বলিয়া।
ছিন্ন বসন কোঁচায়ে ধরেছ খুঁজে নাহি পাই ছিদ্রগুলি,
গৃহখানি যেন আঁকিয়া রেখেছ হাতে লয়ে সুধা-যতন-তুলি।

কেমনে শোভাও বহু ব্যঞ্জনে কুন্দ-শুভ্র অন্নথালা ?
গোপন কক্ষে এনেছ কি সুধা ? কোথা হতে সব মাধুরী ঢালা ?
রাজ-আয়োজন রুচেনা আমার তব শাকান্ন যেমন রুচে,
এ যে দেবতার ভোগের মতন, চির রোগীদেরো অরুচি ঘুচে।
যখন যা চাই হাতে হাতে পাই, ওগো জঙ্গমা কল্পলতা !
কল্পতরু-ছায়া-সুশীতল সমীরে জুড়ালো সকল ব্যথা।
এ আলয়ে জড় লভেছে জীবন, জীর্ণ লভেছে তরুণ শোভা,
তুচ্ছ লভেছে কনক আসন, কুৎসিত হলো নয়ন-লোভা।
যথা ফেল পদ ফুটাও কমল, লীলা তব এই পদ্মাসনা,
চরণ-নখরে বুঝি গো ঠিকরে পরশমণির জ্যোতির কণা !
রিক্তেরে তুমি করেছ ঋদ্ধ, তিক্তে মধুর করিয়া আনো,
শূন্যেরে চিরপূর্ণ কি করিতে কি এমন তুমি মন্ত্র জানো ?
দেশের শ্রেষ্ঠ ধনীর দুলাল আসিল সেদিন ভ্রমণ-ছলে,
হর্ম্ম্যের সাথে আমার এ দীন কুটীরে বদল করিতে বলে।

শ্রীকালিদাস রায়।

———

ঋগ্বেদে লিখন-প্রণালীর আভাষ।

১।

ইড়া, সরস্বতী ও ভারতী এই তিন বাক্‌দেবীর উল্লেখ ঋগ্বেদে দেখিতে পাই। ইঁহাদের বর্ণনা হইতে বুঝা যায় ইঁহারা তিনজনেই বাক্যের দেবতা। (১) সায়নাচার্য্য ইড়াকে পৃথিবীর, সরস্বতীকে অন্তরিক্ষের, এবং ভারতীকে দ্যুলোকের বাক্‌দেবীরূপে ব্যাখ্যা করেন। একস্থলে বর্ণিত হইয়াছে, দেবগণ বাক্‌দেবীকে জন্মাইলে, সকল প্রকার পশু তাঁহাকে বলিয়া থাকে। (২) পশুগণ নানা প্রকার শব্দ উচ্চারণ করে। গো, অশ্ব, কুকুর, বিড়াল, সিংহ, সর্প, কাক, প্রভৃতির শব্দের প্রতি লক্ষ্য করিলে আমরা দেখিতে পাই যে তাহারা প্রত্যেকে বর্ণমালার মধ্যে কোন না কোন বর্ণ কতক স্পষ্ট উচ্চারণ করে। এই প্রকারের উপলব্ধি হইতে পশুপক্ষী দ্বারা অক্ষর উৎপন্ন হইবার পথ সুগম হয়। তবে লিখন-প্রণালী উদ্ভাবিত হইবার পূর্ব্বে, মনুষ্যের এতদুর চিন্তাশীলতা আবশ্যক যে সে নিজের উচ্চারিত বাক্য বিশ্লেষণ পূর্ব্বক তাহার মূল শব্দগুলিতে উপনীত হইতে পারে। যেমন বলবান্ শব্দকে বিশ্লেষণ করিয়া ব, ল, ব, আ, ও ন এই কয়টী মূল শব্দ প্রাপ্ত হওয়া যায়।

মিশর ও ব্যাবিলনে চিত্র-লিখন আবিষ্কৃত হইয়াছিল। প্রথম চিত্রদ্বারা ভাব প্রকাশিত হইত। যেমন মধুমক্ষিকার চিত্র দ্বারা মধু বুঝাইত; চক্ষুর চিত্র দ্বারা চক্ষু ও দর্শন-ক্রিয়া দুইই বুঝাইত। কিন্তু যখন উচ্চারিত বাক্যের বিশ্লেষণ দ্বারা প্রত্যেক পদ এবং প্রত্যেক পদ বিশ্লেষণ করিয়া মূল বর্ণের জ্ঞান আবিষ্কৃত হইল তখন প্রত্যেক মূল বর্ণের একটী একটী চিত্র নির্দ্দিষ্ট হইয়াছিল। তখন কোন শব্দ বা পদ লিখিতে হইতে উহার মূল বর্ণ-সকলের চিত্রগুলির সমাবেশ করা হইত। মিশর-বাসীগণ 'র' বর্ণের চিহ্ন সিংহের, 'ফ' বর্ণের চিহ্ন সর্পের, 'ম' বর্ণের চিহ্ন পেচকের, এবং 'উ' বর্ণের চিহ্ন একপ্রকার পক্ষীর আকৃতি দ্বারা প্রকাশ করিতেন। এতদ্ভিন্ন পক্ষীর পালক, করপুট, পূর্ণচন্দ্র, অর্দ্ধচন্দ্র, প্রভৃতি চিত্র দ্বারা অপর বর্ণ নির্দ্দেশ করিয়াছেন। ইহা হইতে বুঝা যাইতেছে যে কেবল পশুদ্বারা উচ্চারিত শব্দের উপর নির্ভর করিয়া মিশরীয়দিগের বর্ণ-চিত্র নির্দ্দিষ্ট হয় নাই। বৈদিক ঋষির মতে পশুগণ বাক্‌দেবীকে বলিয়া থাকে। যদ্যপি তিনি আপন বাক্য বিশ্লেষণে সক্ষম হইতেন, তবে নিশ্চয়ই কাকের কণ্ঠে 'কা কা' শব্দ শুনিয়া মূল 'ক' বর্ণ যে কাক বলিতেছে তাহা বুঝিতে পারিতেন। সেইরূপ বিড়ালের কণ্ঠের 'মেও' 'মেও' ধ্বনিতে বিড়ালে 'ম' বর্ণের অবস্থিতি ধরিতে পারিতেন। এইরূপে ঐ সকল বর্ণের আকার দিতে গেলে ঐ সকল পশুর আকারই তাঁহার মনে হইত। মিশরবাসীগণ 'র' বর্ণের চিহ্ন সিংহের আকৃতি দ্বারা প্রকাশ করিতেন। ইংরেজীতে সিংহের গর্জ্জনকে 'রোর্' বলা হয়। বোধ-হয় মিশরীয়গণও সিংহের গর্জ্জনে 'র' বর্ণের অস্তিত্ব বোধ হয়। অতএব সিংহের গর্জ্জনে 'র' বর্ণ উচ্চারিত হয় বলিয়া মিশরীয়গণ 'র' বর্ণের চিহ্নকে সিংহের আকার প্রদান করিয়াছিলেন। সেইরূপ সর্পের গর্জ্জনে 'ফোঁস্' 'ফোঁস্' শব্দ উত্থিত হয় বলিয়া মিশরীয়গণ 'ফ' বর্ণের চিহ্নকে সর্পের আকার প্রদান করিয়াছিলেন। এইরূপে দেখা যাইতেছে যে মিশরীয়দিগের কতকগুলি বর্ণ, যে যে উচ্চারিত শব্দে ঐ সকল বর্ণ আছে, তাহাদের চিত্রই প্রাপ্ত হইয়াছিল। কিন্তু অপর চিত্রগুলি এই নিয়ম-সিদ্ধ নহে। অতএব, ইহা হইতে মনে হয় মিশরীয়দিগের চিত্রবর্ণমালা একই নিয়মের বশবর্ত্তী হইয়া উদ্ভূত হয় নাই।

দেখা যায়, ফিনিসীয়ান্‌দিগের বর্ণগুলি তাহাদের ভাষার কতকগুলি শব্দের প্রথম বর্ণ হইতে ঐ ঐ শব্দের অর্থবাচক দ্রব্যের চিত্র দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছিল। যেমন অজগর শব্দের প্রথমে 'অ' বর্ণ আছে বলিয়া অজগর সর্পের চিত্র দ্বারা 'অ' বর্ণের চিহ্ন নির্দ্দিষ্ট হইতে

---

(১) সরস্বতী সাধয়ন্তী ধিয়ং ন ইড়াদেবী ভারতী বিশ্বতূর্ত্তিঃ। ২।৩।৮।—আমাদের ধীসাধনকারিণী সরস্বতী, ইড়াদেবী, (ও) ভারতী সকল প্রকার বাক্যরূপিণী।

(২) দেবীং বাচ মজনয়ন্ত দেবা তাং বিশ্বরূপা পশবো বদন্তি। ৮।৮৯।১১।—দেবগণ বাক্‌দেবীকে উৎপাদন করিয়াছেন, সকল প্রকার পশু তাঁহাকে বলিয়া থাকে।

পারে। বোধ হয় মিশরীয় কতকগুলি বর্ণ এই নিয়মের অধীন। কিন্তু মিশরীয় ভাষা সম্বন্ধে অজ্ঞতা নিবন্ধন এ বিষয়ে দৃঢ়তা সহকারে বলা আমার পক্ষে অসম্ভব।

যদ্যপি মনুষ্য শব্দ বিশ্লেষণ দ্বারা মূল বর্ণগুলি আবিষ্কার করিয়াছে করিয়াছে বলিয়া মনে হয়, তবে শব্দের আধার পশুই বর্ণের প্রথম চিত্র হইয়াছিল ইহা যুক্তিযুক্ত হইয়া পড়ে। পরে ঐ সকল চিত্রের পরিবর্ত্তন দ্বারা, বর্ত্তমান দ্রুত লিখিবার উপযুক্ত চিহ্নসকল উদ্ভাবিত হইয়াছে।

২।

ঋগ্বেদে পূষা নামে এক দেবতা দেখিতে পাওয়া যায়। ইনি ইড়ার পতি; (১) ইঁহার হস্তে একটী আরা বা অষ্ট্রা নামক সূক্ষ্মাগ্র ধাতব দণ্ড বর্ত্তমান.; এই আরা ব্রহ্ম (অর্থাৎ স্তোত্র) প্রেরণ করেন, এবং ইঁহার বিছানা গোচর্ম্ম ও ইঁহা পশুসাধিনী। (২) সায়ন বলেন যে পূষা আরার দ্বারা গোসকলকে আঘাত করিয়া চালনা করেন সেই জন্য আরার বিছানা গরুর পৃষ্ঠদেশ। সায়ন আরো বলেন পূষার আরা পশুদিগকে জন্ম দেন। কিন্তু আমরা ঋগ্বেদের সকল স্থলে দেখিতে পাই ত্বষ্টা দেবই গর্ভে সকল পশুর আকার প্রদান করেন। (৩) অতএব আমাদের মতে পূষা আরা (১) দ্বারা চর্ম্মের উপর পশুর চিত্র অঙ্কিত করিতেন এবং ইহা দ্বারা লোকের মনে স্তোত্রও অঙ্কিত করিতেন। পূষা ইড়ানাম্নী বাক্‌দেবীর পতি বলিয়া, লিখন বিদ্যার দেবতা হইয়াছেন। সরস্বতীকেও চিত্রায়ু আখ্যা প্রদান করা হইয়াছে। (২) ইহা দ্বারা দেখা যাইতেছে যে চিত্র-লিখন সে কালে বর্ত্তমান ছিল। ঋগ্বেদের এক স্থলে ঋষি ইন্দ্রকে বলিতেছেন যে মহৎ চিত্র অর্ক পূজা কর। (৩) অর্ক সায়ন বহুস্থলে মন্ত্র অর্থ করিয়াছেন। ঋগ্বেদের এক স্থলে আছে যে অর্ক গায়ত্রী-ছন্দে রচিত হয়। (৪) অতএব অর্ক অর্থে মন্ত্র। চিত্র শব্দের 'বিচিত্র' অর্থ করিলে এ ঋকের অর্থ যুক্তিসঙ্গত হয় না। কিন্তু চিত্র অর্থে চিত্রিত করিলে অর্কের একটী বাহ্য আকার প্রদান করা হয় ও তাহাকে পূজা করা সম্ভবপর হয়।

ঋগ্বেদে পণিনামে এক জাতির উল্লেখ দেখিতে পাওয়া যায়। তাহাদের সহিত আর্য্যদিগের চিরশত্রুতা। পণিগণ ধনবান; তাহারা বাণিজ্য-প্রধান এবং কুসীদজীবি জাতি বলিয়াই বোধ হয়। (৫) সংস্কৃতের পণ,

(১) পূষা সুবন্ধুর্দিব আ পৃথিব্যা ইড়স্পতি র্মঘবা দস্মবর্চাঃ। ৬।৫৮।৪।—পূষা দ্যুলোক ও পৃথিবীর উৎকৃষ্ট বন্ধু, ইড়ার পতি, ধনবান, দর্শনীয় রূপবান্।

(২) যাং পূষন্ ব্রহ্ম চোদনীমারাং বিভর্ষ্যাঘৃণে। ৬।৫৩।৮।—হে জ্যোতিষ্মান্ পূষা। (তুমি) যে ব্রহ্মপ্রেরণকারিণী আরা ধারণ কর।

যা তে অষ্ট্রা গো ওপশাঘৃণে পশুসাধিনী। ৬।৫৩।৯।—হে জ্যোতিষ্মান্ পূষা। তোমার যে অষ্ট্রা—গোশয্যা (যায়) ও (যে) পশুসাধিনী।

(৩) ত্বষ্টা রূপাণি হি প্রভুঃ পশূন্বিশ্বান্ সমানজে। তেষাং নঃ স্ফাতিমাযজ। ১।১৮৮।৯।—

ত্বষ্টা রূপ সকলের প্রভু। সকল পশু ব্যক্ত করেন; আমাদিগের সেই সকলের বৃদ্ধিকারীকে পূজা কর।

(১) লাটিন ভাষার stilus শব্দের সহিত অষ্ট্রা শব্দের মিল দেখা যায়। Stilus অর্থে—An iron-pointed peg used for writing on wax tablets. Perhaps allied to L. S ti-mulus.—Skeat's Etymological Dictionary.

(২) পাবিরবী কন্যা চিত্রায়ু সরস্বতী বীরপত্নী ধিয়ং ধাৎ। ৬।৪৯।৭।—পবিত্রকারিণী, কমনীয়া, বীরপত্নী, চিত্রায়ু সরস্বতী ধীকে ধারণ করুন।

সায়ন "চিত্রায়ু" অর্থে বিচিত্রগমনা বা বিচিত্র অন্নবিশিষ্টা করিয়াছেন। কিন্তু ঋগ্বেদে বহু স্থলে 'আয়ু' অর্থে প্রাণ দেখিতে পাওয়া যায়। যেমন 'প্রাণীয় আয়ুঃ'। ১০।১৮।২।—অর্থে দীর্ঘতরং আয়ুর্জীবনং ইতি সায়ন।

(৩) মহাং। অর্কং। মঘবন্। চিত্রং। অর্চ। ১০।১১২।৯।—হে মঘবন্! চিত্র অর্ককে পূজা কর।

(৪) গায়ত্রেণ প্রতিমিমীতে অর্কং .... ।১।১৬৪।২৪।—গায়ত্র ছন্দ দ্বারা অর্ক রচিত হয়।

(৫) ন রেবতা পণিনা সখ্যং মিন্দ্রো সুন্বতা সুতপাঃ সংগৃণীতে। অভিষুত সোমপানকারী ইন্দ্র, সোমদ্বারা যে যজ্ঞ না করে এরূপ ধনবান পণির সহিত সখ্য উচ্চারণ করেন না। ইন্দ্রঃ। বিদ্বান্।

পণ্য প্রভৃতি শব্দ পণি শব্দ হইতে উদ্ভূত। পণিগণকে 'সম' আখ্যাও প্রদান করা হইয়াছে। (১) এক ঋষি বলিতেছেন যে, হে পূষা পণির মন ও দানার্থ মৃদু কর; তাহাদের হৃদয় আরা দ্বারা বিদ্ধ করিয়া আমাদিগের বশীভূত কর; তাহাদের হৃদয় লিখিয়া কিকিরা কর। (২) ঋষির প্রার্থনা হইতে দেখা যাইতেছে যে পণিগণ আর্য্য ঋষির প্রতি ভক্তিমান নহে। ঋষি পূষাদেবকে ইহাদের মন দান-মুখ করিতে প্রার্থনা করিতেছেন। অন্য কোন দেবতাকে এই কার্য্য সাধনে কোন ঋষি আহ্বান করিতেছেন ঋগ্বেদে দেখিতে পাওয়া যায় না। এই কার্য্য যেন পূষারই বিশেষত্ব। ইহাতে বোধ হয় পণিগণ পূষাকে সম্মান করিত। সেই জন্য তাহাদের সংহার প্রার্থনা না করিয়া, পূষাদেব যাহাতে তাহাদের মনের গতি ফিরাইয়া দেন এইরূপ প্রার্থনা করিতেছেন। আমাদের আরো মনে হয় ঋষি যে দেশে অবস্থান করিতেছেন তথায় পণিদিগের আধিপত্য বেশি। ঋষি বলিতেছেন যে পণির হৃদয়ে তুমি আরা দ্বারা লিখিয়া কিকিরা কর ও আমাদের বশীভূত কর। আরা সূক্ষ্মাগ্র না হইলে হৃদয়-ক্ষেত্রে আঁক কাটিতে পারিত না। এইরূপ আঁক কাটিয়া পণির মন মৃদু করা যায়। সায়ন বলেন যে আঁক কাটিয়া মনটা নরম হইলে তাহারা দান করে। কিন্তু কোন দ্রব্য নরম করিতে হইলে সাধারণতঃ পেষণ করিয়া বা সিদ্ধ করিয়া করিতে হয়। অতএব লিখিয়া কিকিরা করার অর্থ অন্য প্রকার বলিয়া বোধ হয়। বণিকগণের বাণিজ্য করিতে দেনা পাওনা থাকিবে। ইহা মনে করিয়া রাখা সম্ভবপর নহে। সেই জন্য স্মরণার্থে কোন দ্রব্যে দাগ কাটিয়া চিহ্ন রাখা প্রথম বণিকদিগেরই আবশ্যক হইয়াছিল। হিসাবে দেনা ও পাওনা এই দুই ভাগ আছে। যদি তাহাদের হিসাবে দেনা লেখা বা চিহ্ন করা থাকে তবে তাহারা দিবে এবং পাওনা লেখা থাকিলে নিশ্চয় আদায় করিবে। এরূপ করা বণিকদিগের স্বভাব হইয়া গিয়াছিল। সেই জন্য ঋষি পূষাদেবকে বলিতেছেন যে পণিদিগের মনে লিখিয়া দাগ কাটিয়া দাও যে তাহারা আমাদের নিকট ঋণী আছে। তাহা হইলে তাহারা নিশ্চয় দান করিবে।

কোন বৈদিক ঋষি সরস্বতীকে যখন রক্ষার জন্য আহ্বান করিয়াছিলেন, তিনি তাঁহাকে পূষার মত লিখিয়া দিতে বলিয়াছেন। যথা—

ত্বং দেবি সরস্বত্যবা বাজেষু বাজিনি। রদা পূষেব নঃ সনিম্॥ ৬।৬১।৬।—হে দেবি সরস্বতি! হে অন্নযুক্তে! তুমি সংগ্রামে আমাদিগকে রক্ষা কর; পূষার মত আমাদিগকে ভজনীয় ধন লিখিয়া দাও।

[রদ অর্থে সায়ন "বিলিখ প্রযচ্ছেতি যাবৎ" লিখিয়াছেন।]

পূষাদেবের আরো কি কি ক্ষমতা ছিল তাহা এক্ষণে বলা যাইতেছে। পূষাকে পথপতি বলা হইত; তিনি পথের বাধকদিগকে জয় করেন। (১) পূষা ছাগ-বাহন,

---

বেকনাটান্। অহঃদৃশঃ। উত। ক্রত্বা। পণীন্। অভি। ৮।৫৪।১০ :— ইন্দ্র সকল কুসীদজীবি, দিবসগণনাকারী পণিদিগকে কার্য্য দ্বারা অভিভব কর।

(১) তয়া সমস্ত হৃদয় আরিখ কিকিরা কৃণু। ৬।৫৩।৮।—সেই (আরা) দ্বারা সম্রের হৃদয়ে লিখিয়া কিকিরা কর।

['সম' অর্থ সায়ন মতে লুব্ধ জন।]

(২) পণেশ্চিৎ বিম্রদা মনঃ। ৬।৫৩।৩—পণির মনও (দানার্থ) মৃদু কর। পরিতৃদ্ধি পণীনাং আরয়া হৃদয়া কবে। অথেমস্মভ্যং রন্ধয়॥ ৬।৫৩।৫।—হে জ্ঞানী (পূষা)। পণিদিগের হৃদয়সকল আরা দ্বারা বিদ্ধ কর। তৎপরে ইহাদিগকে (আমাদিগের) বশীভূত কর।

বি পূষন্নারয়া তুদ পণে রিচ্ছ হৃদি প্রিয়ম্। অথেমস্মভ্যং রন্ধয়। ঐ। ৬।—হে পূষা। আরা দ্বারা বিঁধিয়া পণির হৃদয়ে (আমাদের অনুকূল) শুভ ইচ্ছা উৎপাদন কর। অনন্তর ইহাদিগকে আমাদিগের বশীভূত কর।

আরিখ কিকিরা কৃণু পণীনাং হৃদয়া কবে। অথেমস্মভ্যং রন্ধয়॥ হে জ্ঞানী (পূষা)। পণিদিগের হৃদয়ে লিখিয়া কিকিরা কর। অনন্তর ইহাদিগকে আমাদিগের বশীভূত কর।

(১) বয়মুত্বা পথস্পতে রথং ন বাজ সাতয়ে।
ধিয়ে পূষন্ন যুজ্মহি॥ ৬। ৫৩। ১।—
হে পথপতি পূষা। আমরা অন্নোপার্জ্জনকারী, জ্ঞানের জন্য তোমাকে রথসদৃশ যোজন করিতেছি।

সূর্য্যের দূত, মৃতের আত্মাকে স্বর্গে লইয়া যান। (১) পূষা গণকদিগের দেবতা ছিলেন। সেইজন্য একস্থলে ঋষি পূষার নিকট প্রার্থনা করিতেছেন যে তাঁহাকে নষ্ট পশু কোথায় যে বলিয়া দিতে পারেন পূষাদেব তাঁহার নিকট লইয়া যান। (২) এক্ষণে আমরা দেখাইতে চেষ্টা করিব যে গ্রীকদিগের মধ্যে Hermes নামক দেবতার সহিত পূষার অসাধারণ মিল আছে। (১) হার্মিসদেব পশুপালক, পণ ও পণস্ত্রীদিগের বন্ধু, দেবতাদিগের দূত, মৃতাত্মাকে হেডিস নামক প্রেতলোকে লইয়া যান। পথের দেবতা ও পথিকদিগের রক্ষকরূপে হার্মিসদেবকে আমরা দেখিতে পাই। হার্মিসদেব গণকদিগেরও দেবতা ছিলেন। পূষাদেবের সহিত প্রায় সকল বিষয়েই হার্মিসদেবের মিল দেখা যায়। গ্রীক পণ ও ভারতীয় পণি শব্দে অসাধারণ মিল রহিয়াছে। পূষাই বর্ণের (letter) আবিষ্কারকর্ত্তা এবং অসিরিসের দিব্যলেখক।

৩।

ঋগ্বেদে আমরা বাক্যের বিশ্লেষণ দেখিতে পাই কি না, সেই বিষয় এক্ষণে আমরা আলোচনা করিব।

বিপথো বাজসতয়ে চিনুহি বি মৃধো জহি।
সাধন্তামুগ্র নো ধিয়ঃ॥ ৬।৫৩।৪।—

হে উগ্র (পূষা)! অন্ন লাভের জন্য পথ সুগম কর। (তস্করাদি) বাধকদিগকে জয় কর। আমাদিগের জ্ঞান সফল কর।

(১) অজাশ্বঃ পশুপা বাজপস্ত্যো ধিয়ংজিন্বো ভুবনে বিশ্বে অর্পিতঃ।
অষ্ট্রাং পূষা শিথিরামুদ্বরীবৃজৎ সংচক্ষাণো ভুবনাদেব ঈয়তে॥ ৬।৫৮।২

—ছাগবাহন, পশুপালক, অন্নপূর্ণ গৃহযুক্ত, জ্ঞানীর প্রিয়, সমগ্র জগতে স্থাপিত, দেবপূষা শিথিলা অষ্ট্রাকে ঊর্দ্ধে উত্তোলন করিয়া সকল ভূতজাতকে দেখিতে দেখিতে গমন করিতেছেন।

যাস্তে পূষন্নাবো অন্তঃসমুদ্রে হিরণ্যয়ীরন্তরিক্ষে চরন্তি।
তাভির্যাসি দূত্যাং সূর্য্যস্য কামেন কৃত শ্রব ইচ্ছমানঃ॥ ৬।৫৮।৩

—হে পূষা! তোমার যে সকল সুবর্ণনির্ম্মিত নৌকা অন্তরিক্ষের সমুদ্রের মধ্যে ভ্রমণ করে, তাহাদিগের দ্বারা সূর্য্যের দৌত্যকার্য্যে গমন কর; (যজ্ঞের) হবি ইচ্ছা করিয়া কামনার বশীভূত হও।

পূষাত্বেতশ্চ্যাবয়তু প্রবিদ্বান নষ্টপশুর্ভুবনস্য গোপাঃ।
সত্বৈতেভ্যঃ পরিদদৎ পিতৃভ্যোগ্নির্দেবেভ্যঃ সুবিদত্রিয়েভ্যঃ॥ ১০।১৭।৩

—তোমাকে (অর্থাৎ মৃতকে) পূষা এই লোক হইতে (উত্তম লোকে) লইয়া যান। (তিনি) বিদ্বান, অবিনশ্বর পশুযুক্ত, ভুবনের রক্ষক। তিনি তোমার এই সকল পিতৃদিগের নিকট প্রদান করুন; অগ্নি (তোমার) সুন্দর জ্ঞানবান্ দেবতাদিগের নিকট (প্রদান করুন)।

(২) সম্পূষ্‌ন্ বিদুষা নয় যো অঞ্জসানুশাসতি। য এবেদমিতি ব্রবৎ॥ —

(২) সম্পূষ্ণা গমেমহি যো গৃহান্ অভিশাসতি।
ইম এবেতি চ ব্রবৎ॥ ৬।৫৪।২

—পূষাদ্বারা অনুগৃহীত আমরা (সেইরূপ লোকের) সঙ্গ প্রাপ্ত হইতে ইচ্ছা করি, যিনি (নষ্ট পশু) যে সকল গৃহে (আছে তাহাদিগের) অভিমুখে (যাইতে) উপদেশ করেন। এবং "ইহারাই" এইরূপ বলিতে পারেন।

(১) Hermes:—A Greek god identified by the Romans with Mercury. Both in literature and cult Hermes was constantly associated with the protection of cattle and sheep.......... As a pastoral god he was often closely connected with deities of vegetation, especially Pan and the nymphs...... In the Odyssey, however, he appears mainly as the messenger of the gods and the conductor of the dead to the Hades. Hence in later times he is often represented in art and mythology as a herald...... As a messenger he may also have become the god of roads and door-ways; he was the protector of travellers and his images were used for boundary marks...... Certain forms of popular divination were under his patronage, notably the world-wide process of divination by pebbles.

—Encyclopaedia Britannica.

This Hermes was the first (as they report) that taught how to speak distinctly and articulately, and gave name to many things that had none before. He found out letters and instituted the worship of the gods......... To conclude, he was Osiris's sacred scribe, to whom he communicated all his secrets and was chiefly steered by his advice in everything.

—Historians' History of the World. Vol. I, p. 281.
(A Greek view of the origin of Egyptian History.)

বৃহস্পতি দেব মনুষ্যের মনে বাক্যের বীজ প্রেরণ করেন, ঋগ্বেদের ঋষিগণ এইরূপ কল্পনা করিতেন। তাহাই প্রথম নাম রূপ ধারণ করে। সেই শ্রেষ্ঠ বাক্য অপরাপর শব্দের মধ্যেই নিহিত থাকে; প্রেমের দ্বারা উহা ভক্তের নিকট আবির্ভূত হয়। (১) জ্ঞানীগণ সক্তুর মত মনরূপ চালুনির দ্বারা বাক্যকে (অর্থাৎ শ্রেষ্ঠ বাক্যকে) খোসা হইতে বিভিন্ন করেন। (২) ইহাদ্বারা বুঝা যাইতেছে যে ঋষিগণ শব্দের মূল প্রকৃতি (অর্থাৎ root) নির্ণয় করিতে চেষ্টা করিতেছেন। অপর এক স্থলে ঋষি বাক্যকে সুন্দর বস্ত্র পরিহিতা জায়ার সহিত তুলনা করিয়াছেন। ঋষি বলিতেছেন, অনেকে বাক্য দেখিয়াও দেখে নাই, শ্রবণ করিয়াও শ্রবণ করে না। ইহার অর্থ এইরূপ মনে হয়, শব্দগুলি উপসর্গ, বিভক্তি, প্রত্যয় প্রভৃতি যোগে উৎপন্ন হইয়াছে। উহারা যেন বাক্যের বস্ত্র সকল। অতএব বাক্যের প্রকৃতরূপ জানিতে হইলে বিভক্তি, প্রত্যয় প্রভৃতি সরাইয়া দেখিতে হইবে। ইহা যে সে লোকের কর্ম্ম নয়। বাক্য নিজ পতিকেই কেবল তাহা প্রকাশ করেন। ইহা হইতে বেশ বুঝা যাইতেছে ঋষিগণ প্রত্যেক শব্দের প্রকৃতি (অর্থাৎ root) বাহির করিতে চেষ্টা করিতেন এবং তাহা হইতে কিরূপে নাম সকল উপসর্গ, বিভক্তি, প্রত্যয় প্রভৃতি যোগে উৎপন্ন হইয়াছে, তাহা বুঝিতে পারিয়াছিলেন। আর্য্যদিগের ব্যাকরণ শাস্ত্রের মূল আমরা ঋগ্বেদেই দেখিতেছি।

বৈদিক যুগে ঋষিগণ কবিতায় কতকগুলি পদ রচনা করিয়া যজ্ঞে দেবতাদিগকে তাহা দ্বারা আহ্বান করিতেন। একটি সম্পূর্ণ রচনাকে সূক্ত বলা হইত। ইহার অর্থ সুন্দররূপে উচ্চারিত। প্রত্যেক সূক্তে কতকগুলি পদ বা stanza থাকিত। তাহাদিগকে ঋক্ বলা হইত। ঋক্‌গুলি নানাছন্দে রচিত হইত। গায়ত্রীছন্দে রচিত ঋক্‌কে অর্ক ও ত্রিষ্টুভ ছন্দে রচিত গুলিকে বাক্ বলা হইত। ঋক্ সকলে নানা পদ থাকিতে পারে। যেমন বাক্ নামক ঋক্ দ্বিপদী বা চতুষ্পদী হইতে পারে। (১)

ছন্দদিগেরও বিশ্লেষণ করা হইত। যেমন গায়ত্রী ছন্দের তিনটী সমিধ আছে বলা হইয়াছে। (২) এই-রূপে ৭টী ছন্দের উল্লেখ আছে। (৩) সাতটী ছন্দ

---

(১) বৃহস্পতে প্রথমং বাচো অগ্রং যৎ প্রৈরৎ নামধেয়ং দধানাঃ।
যৎ এষাং শ্রেষ্ঠং যদরিপ্রমাসীৎ প্রেণা তদেষাং নিহিতং গুহাবিঃ॥ ১০ | ৭১ | ১

—হে বৃহস্পতিদেব। বাক্যের প্রথম (অর্থাৎ শ্রেষ্ঠ) যাহাতে সর্ব্বাগ্রে প্রেরণ করিয়াছিলে, তাহা নাম রূপ ধারণ করিয়াছিল। ইহাদের (অর্থাৎ নাম সকলের) মধ্যে যাহা শ্রেষ্ঠ, যাহা নির্দ্দোষ ছিল, ইহাদের মধ্যে নিহিত তাহা প্রেমের দ্বারা আবির্ভূত হয়।

সক্তুমিব তিতউনা পুনন্তো যত্র ধীরা মনসা বাচমক্রত। ঐ | ২

—যেমন চালুনি দ্বারা ছাতু (চালিয়া) পরিষ্কার করে, যেস্থলে (অর্থাৎ যজ্ঞস্থলে) জ্ঞানীগণ মনের দ্বারা বাক্যকে (পরিষ্কার) করিয়াছেন।

(২) উত ত্বঃ পশ্যন্ ন দদর্শ বাচং উত ত্বঃ শৃণ্বন্ ন শৃণোতি এনাম্।
উতো ত্বস্মৈ তন্বং বিসস্রে জায়েব পত্য উশতী সুবাসাঃ॥ ঐ | ৪

—কেহ বাক্যকে দেখিয়াও দেখে নাই, শ্রবণ করিয়াও শ্রবণ করে না। যেরূপ জায়া সুন্দর বসন পরিধান করিয়া প্রণয়ভরে পতিসন্নিধানে (নিজ দেহ প্রকাশ করেন), সেইরূপ কোন সৌভাগ্যবান্‌কে বাক্য নিজ দেহ প্রকাশ করেন।

(১) গায়ত্রেণ প্রতি মিমীতে অর্কমর্কেণ সাম ত্রৈষ্টুভেন বাক্যং।
বাকেন বাকং দ্বিপদা চতুষ্পদা অক্ষরেণ মিমতে সপ্তবাণীঃ॥ ১।১৬৪।২৪

—অর্ক গায়ত্রী (ছন্দে) নির্ম্মিত হয়; অর্কের দ্বারা সাম (বা গান হয়); ত্রিষ্টুভ (ছন্দে) বাক্ নির্ম্মিত হয়। বাক্যের দ্বারা বাক্ দ্বিপদ ও চতুষ্পদ; সপ্তবাণী অক্ষর দ্বারা নির্ম্মিত।

(২) গায়ত্রস্য সমিধস্তিস্র আহুস্ততো মহ্না প্ররিরিচে মহিত্বা। ১ | ১৬৪ | ২৫

—গায়ত্রী (ছন্দের) তিনটী সমিধ বলিয়া থাকে। সেই জন্য বলে ও মহত্বে (অন্য সকল ছন্দকে) অতিক্রম করিয়াছে।

(৩) অগ্নেঃ। গায়ত্রী। অভবৎ। সযুগা। উষ্ণিহয়া। সবিতা। সম্। বভুব।
অনুষ্টুভা। সোমঃ। উক্‌থৈঃ। মহস্বান্। বৃহস্পতেঃ। বৃহতী। বাচং। আবৎ॥ ১০ | ১৩০ | ৪
বিরাট্। মিত্রাবরুণয়োঃ। অভিশ্রীঃ। ইন্দ্রস্য। ত্রিষ্টুপ্। ইহ। ভাগঃ। অহ্নঃ।
বিশ্বান্। দেবান্। জগতী। আ। বিবেশ। তেন। চাক্লৃপ্রে। ঋষয়ঃ। মনুষ্যাঃ॥ ঐ | ৫

ব্যতীত ৭টী বাণীর উল্লেখও দেখা যায়। সায়নাচার্য্য বাণীকে ছন্দ বলিয়াছেন। কিন্তু মনে হয় ছন্দ ও বাণীতে বিভিন্নতা আছে। সেকালে সামগান হইত। গানে ছন্দ (অর্থাৎ তাল) ছাড়া সুর আবশ্যক হয়। আমার মনে হয় সুরকে বাণী বলা হইত। কারণ বাণীসকল অক্ষর দ্বারা নির্ম্মিত বলা হইয়াছে। এক স্থলে দেবীকে সহস্রাক্ষরা বলা হইয়াছে। (১) সরস্বতী যখন দিব্যলোক হইতে আগমন করিয়া জল বর্ষণ করেন তখন তিনি কখন একপদী, কখন বা দ্বিপদী, বা চতুষ্পদী, অষ্টাপদী বা নবপদী হন; কিন্তু পরমব্যোমে তিনি সহস্র অক্ষরযুক্তা হইয়া অবস্থান করেন। পরমব্যোম হইতে দিব্যলোকে আসিয়া সরস্বতী বাণীরূপে সপ্তসিন্ধু প্রবাহিত করিয়াছেন। (২) এই সকল বিবরণ হইতে মনে হয় ঋষিদিগের মতে অক্ষররূপিনী সরস্বতী দিব্যলোকে বাণী এবং মেঘলোকে ছন্দরূপে প্রকাশিতা হইয়াছেন। পরে পশুপক্ষীদিগের মধ্যে বাক্‌রূপে উৎপন্ন হইতেছেন। মনুষ্যের মধ্যে তাঁহার অক্ষর অংশ প্রথম প্রেরিত হয় ও উহাই প্রথম নামরূপ ধারণ করে।

যখন ঋষির অন্তরে ঋক্‌রূপে বাক্‌দেবী আগমন করেন, তাহা ছন্দে গঠিত ও সুরে গীত হইতে পারে। তাহাতে নাম ও পদ থাকে। পদগুলি পরিমিত, কারণ তাহারা ছন্দে আবদ্ধ। অক্ষর অংশে পরমব্যোম্ বাস করেন। প্রত্যেক ছন্দের একটী না একটী দেবতা আছেন বলিয়া ঋক্ সকলে দেবগণ অবস্থান করেন। (১) অতএব

—গায়ত্রী অগ্নির সহায় হইয়াছিলেন; উষ্ণিক্ সহ সবিতা উৎপন্ন হইয়াছিলেন; মহান্ সোম অনুষ্টুপ (ছন্দ) ও উক্থ সকলের সহিত (উৎপন্ন হইয়াছিলেন); বৃহতী (ছন্দ) বৃহস্পতির বাক্‌কে রক্ষা করিয়াছিল।

মিত্রবরুণের আশ্রিত বিরাট (ছন্দ), ইন্দ্রের (আশ্রিত) ত্রিষ্টুপ (ছন্দ) এই (যজ্ঞে) দিবসের বিভিন্ন অংশে (পড়িয়াছিল); অপর দেবতাদিগের মধ্যে জগতী (ছন্দ) প্রবেশ করিয়াছিল। তাহার দ্বারা (অর্থাৎ জগতী ছন্দ দ্বারা) ঋষিগণ ও মনুষ্যগণ সৃষ্ট হইয়াছিলেন।

সহস্তোমাঃ; সহছন্দসঃ। আবৃতঃ। সহপ্রমাঃ। ঋষয়ঃ। সপ্ত।
দৈব্যাঃ। ১০। ১৩০। ৭

সাতজন দিব্যলোকের ঋষি স্তোমসকলের সহিত, ছন্দসকলের সহিত, পরিমাণসকলের সহিত বর্ত্তমান।

(১) গৌরীঃ ; মিমায়। সলিলানি। তক্ষতী। একপদী। দ্বিপদী। সা। চতুষ্পদী।
অষ্টাপদী। নবপদী। বভূবুষী। সহস্র অক্ষরা। পরমে। বি
ওমন্। ১। ১৬৪। ৪১

—শ্বেতবর্ণা (সরস্বতী) সলিল সম্পাদনকালে শব্দ করেন—তিনি তখন (কখন) একপদী, (কখন) দ্বিপদী, চতুষ্পদী, অষ্টাপদী বা নবপদী হন; (তিনি) পরমব্যোমে সহস্র অক্ষরা (হন)।

(২) বব্রাজ। সীং। অনদতীঃ। অদব্ধাঃ। দিবঃ। যহ্বীঃ। অবসানাঃ। অনগ্নাঃ।
সনাঃ। অত্র। যুবতয়ঃ। সযোনীঃ। একং। গর্ভং। দধিরে।
সপ্ত। বাণীঃ॥ ৩। ১। ৬

অভক্ষণকারিণী, অহিংসিতা, দিব্যলোকের মহতীগণ আচ্ছাদন রহিতা, (ও) অনগ্না হইয়া ইহার (অগ্নির) দিকে গমন করিতেছেন; এই স্থানে (অর্থাৎ দিব্যলোকে) সনাতনী, যুবতী, একত্র অবস্থিতা সাতবাণী একই গর্ভ ধারণ করেন।

(১) ঋচঃ। অক্ষরে। পরমে। ব্যোমন্। যস্মিন্। দেবাঃ। অধি।
বিশ্বে। নিসেদুঃ। ১। ১৬৪। ৩৯

—ঋকের অক্ষরে পরমব্যোম (আছেন), যাঁহাতে বিশ্বদেবগণ আশ্রয় পাইয়া অবস্থান করেন।

চত্বারি। বাক্। পরিমিতা। পদানি। তানি। বিদুঃ। ব্রাহ্মণা। যে। মনীষিণঃ।
গুহা। ত্রীণি। নিহিতা। ন। ইঙ্গয়ন্তি। তুরীয়ং। বাচঃ।
মনুষ্যাঃ। বদন্তি॥ ১। ১৬৪। ৪৫

—বাক্ চারি প্রকার; যে সকল মনীষী ব্রাহ্মণ (আছেন, তাঁহারা) পরিমিত পদযুক্ত সকলকে জানেন; তিনটী গুহায় (অর্থাৎ মনে) লুক্কায়িত, (সকল সময়ে বা সকলের নিকট) প্রকাশ করেন না; মনুষ্যগণ চতুর্থ বাক্য সকলকে বলিয়া থাকে।

এই ঋকে ঋষি পরিমিত পদযুক্ত বাক্য (বা পদ্য) এবং গদ্যে প্রভেদ দেখাইতেছেন। পরিমিত বাক্য যে তিন প্রকার—তাহারা নিম্নলিখিত মনে হয়; যথা—নিবিদ্, গাথা ও উক্থ। ঋগ্বেদে যে সকল শব্দ দ্বারা এই তিন প্রকার বাক্যকে বুঝায় তাহা নিম্নে ঋক্ উদ্ধার করিয়া দেখান যাইতেছে। নিবিদ্, মন্ম, গী, গাথা ব্রহ্ম, স্তোম, উক্থ, অর্ক, বাক্।

বি। যৎ। বাচং। কীস্তাসঃ। ভরন্তে। শংসন্তি। কে।
চিৎ। নিবিদঃ। মনাঃ।
আৎ। বাং। ব্রবাম। সত্যানি। উক্‌থা। নকিঃ। দেবেভিঃ।
যতথঃ। মহিত্বা॥ ৬। ৬৭। ১০

ঋকের স্বুরে পরমব্যোম্ এবং ছন্দে দেবতাগণ আছেন, এইরূপ অর্থ মনে হয়।

এক স্থানে চারি প্রকার বাক্যের উল্লেখ দেখিতে পাই, ইহাদের মধ্যে তিন প্রকার পরিমিত পদযুক্ত। এই তিন প্রকার বাক্য মনীষী ব্রাহ্মণগণ জানিতেন। তাহারা মনোমধ্যে নিহিত থাকিত (অর্থাৎ তাহাদিগকে মুখস্ত করিয়া রাখা হইত) এবং সকলের নিকট প্রকাশ করা হইত না। চতুর্থ বাক্যকে মনুষ্যগণ বলিত। ইহা দ্বারা দেখা যাইতেছে যে ঋগ্বেদের যুগে গদ্য রচনা আরম্ভ হয় নাই। উপরিলিখিত বর্ণনা হইতে আমরা সম্যক্ উপলব্ধি করিতেছি যে ঋগ্বেদের যুগে ঋষিগণ গদ্য ও পদ্যের মধ্যে বিশ্লেষণ করিয়াছিলেন; শব্দ ও স্বুর বিশ্লেষণ করিয়াছিলেন। শব্দের বিশ্লেষণে প্রকৃতি (or root) বাহির করিয়াছিলেন এবং স্বুর বিশ্লেষণ দ্বারা অক্ষর বা মূল স্বুর নির্দ্ধারণ করিতে সক্ষম হইয়াছিলেন। ঋষিদিগের মতে স্বুর সকল অসংখ্য। কিন্তু কোন স্বুরকে আদি করিলে, তাহার সহিত আর ছয়টী আসিয়া ৭টী স্বুর উৎপন্ন হয়। অর্থাৎ বর্ত্তমান কালের সা, রে, গা, মা, পা, ধা, নি এই সপ্ত স্বুরের মধ্যে যে মিল আছে তাহা আর্য্য ঋষি আবিষ্কার করিয়াছিলেন বলিয়া মনে হয়।

অক্ষর শব্দের ব্যুৎপত্তি হইতে দেখা যায়, এই শব্দদ্বারা ঋষিগণ এমন একটীকে বুঝিতেন, যাহাকে আর বিশ্লেষণ করিতে পারা যায় না। বর্ত্তমান কালে প্রত্যেক বর্ণকে সেই জন্য অক্ষর বলা হয়। অক্ষর শব্দ এস্থলে বেশ প্রযুজ্য হইতে পারে। কারণ অ, আ, ই, ক্, খ্ প্রভৃতি শব্দ যেন মৌলিক; তাহাদের ক্ষয় হইতে পারে না। ঋগ্বেদের যুগে বর্ণরূপ অক্ষর উৎপন্ন হইয়াছিল কিনা তাহার নিদর্শন প্রাপ্ত হওয়া যায় না। তবে মনে হয় অক্ষর শব্দ দ্বারা মূল স্বুর সকলকে বুঝাইত।

৪।

পূর্ব্বে আমরা দেখাইয়াছি যে চিত্র শব্দ এমন কতকগুলি স্থানে ব্যবহৃত হইয়াছে, যেখানে উহার অর্থ চিত্রলিপি বুঝাইতে পারে। নিম্নে আমরা আরো কতকগুলি উদাহরণ দিতেছি। পর্জ্জন্যদেব দীপ্তিমতী চিত্রা বাক্যকে বলেন। (১) এস্থলে, মেঘে যে বিদ্যুৎ

—যখন মেধাবীগণ বাক্যকে (বিভিন্ন দলে) বিভক্ত হইয়া বলেন, কেহ কেহ মনে মনে শিবিয়্ বলিতেছেন; তৎপরে তোমাদিগের (অর্থাৎ মিত্রবরুণের) সত্য উক্থসকল বলিব। দেবতাসকলের সহিত মহত্ত্বদ্বারা (তোমরা) কোথাও যাইও না।

গন্তে। ইৎ। উপ। গায়ত। গন্তে। উক্থানি। শংসত।
ব্রহ্ম। কৃণোত। গন্তে। ইৎ। ৮। ৩২। ১৭

—(ইন্দ্রের) পূজায় গান কর, (ইন্দ্রের) পূজায় উক্থসকল বল. (ইন্দ্রের) পূজায় ব্রহ্ম কর।

উত। ত্যা। বাং। রুশতঃ। বপ্সসঃ। গীঃ। ত্রিবর্হিষি।
সদসি। পিন্বতে। নৃন্।

—(হে অশ্বিদ্বয়!) তোমাদিগের দীপ্তবপুর গানসকল যাগগৃহে কর্ম্মনেতাদিগকে আহ্লাদিত করে।

তং। বঃ। ধিয়া। পরময়া। পুরাজাং। অজরং। ইন্দ্রং।
অভি। অনুষি। অর্কৈঃ।
ব্রহ্ম। চ। গিরঃ। দধিরে। সং। অস্মিন্। মহান্। চ।
স্তোমঃ। অধি। বর্দ্ধৎ। ইন্দ্রে॥ ৬। ৩৮। ৩

—তোমাদিগের পরমা ধী দ্বারা সেই অগ্রজাত, অজর ইন্দ্রকে অর্কসকলের দ্বারা স্তুতি করি; ইহাঁতে ব্রহ্ম ও গী সকল প্রদান করে; এবং মহান্ স্তোম ইন্দ্রে অত্যন্ত বর্দ্ধিত হয়।

বর্দ্ধাৎ। যং। যজ্ঞঃ। উত। সোমঃ। ইন্দ্রং। বর্ধাৎ। ব্রহ্ম।
গিরঃ। উক্থা। চ। মন্ম। ৫। ৩৮। ৪

যজ্ঞ ও সোম যে ইন্দ্রকে বর্দ্ধিত করেন, ব্রহ্ম, গান, উক্থ, ও মন্ম (অর্থাৎ মনে মনে যাহা বলা যায়) সকল (ইন্দ্রকে) বর্দ্ধিত করে।

মিমীহি শ্লোকমাস্যে পর্জন্য ইব ততনঃ।
গায় গায়ত্রং উক্থ্যং॥ ১। ৩৮। ১৪

—মুখে শ্লোক উচ্চারণ করিয়া (বা রচনা করিয়া) বৃষ্টির মত বিস্তার কর। গায়ত্র-উক্থ গান কর।

ইন্দ্রমিৎ গাথিনো বৃহদিন্দ্রমর্কেভিরর্কিণঃ।
ইন্দ্রংবাণী রনূষত॥ ১। ৭। ১

—গাথা গায়কগণ বৃহৎ (গাথা) দ্বারা ইন্দ্রকে, অর্চনাকারীগণ অর্ক দ্বারা ইন্দ্রকে, বাণী সকল ইন্দ্রকে স্তব করে।

(১) বাচং। সু। মিত্রাবরুণৌ। ইরাবতীং। পর্জন্যঃ। চিত্রাং।
বদতি। ত্বিষিমতীম্। ৫। ৬৩। ৬

—হে মিত্রবরুণ! অন্ন-সাধিকা, দীপ্তিমতী, চিত্রা বাক্যকে পর্জন্য সুন্দর বলিতেছেন।

খেলে ও গর্জ্জন হয় তাহাই চিত্রিতা বাক্য রূপে অভিহিত হইয়াছে, মনে করি। অতএব বাক্য যে চিত্রিতা হইতে পারে তাহার ঋষির উপলব্ধি হইয়াছে। আর এক স্থলে ঋষি বাক্যের তন্তু নির্ম্মাণ করিতেছেন এইরূপ বর্ণনা করিয়াছেন। (১) বাক্যকে দর্শনীয় বলিয়া উল্লেখও দেখা যায়। (২) দক্ষের অদ্ভুত কাব্য সকলকে লোকদিগের পুরীসকল এবং কেতু দ্বারা পূতদক্ষ (মিত্রবরুণ) অবগত হন। (৩) এ ঋকের দুই প্রকার ব্যাখ্যা করিতে পারা যায়। মিত্রবরুণ লোকদিগের পতাকাযুক্ত পুরীসকল অবগত হইয়া তথায় আসিয়া দক্ষের অদ্ভুত বাক্যসকল অবগত হন। কিম্বা দক্ষের অদ্ভুত কাব্যসকল পুরীসকল দ্বারা নির্ম্মিত; লোকদিগের চিহ্ন দ্বারা পূতদক্ষ অবগত হন। দক্ষ কি কাব্যকে পুর বা দেহ প্রদান করিয়াছেন? ইন্দ্রকে চিত্রতম এবং তাঁহার আহ্বানরূপ স্তুতিকে দীপ্তিমতী বিশেষণে বিশেষিত করা হইয়াছে। (১) পূষা বাক্যের তন্তুতে নক্ষত্রের সদৃশ চিহ্নসকল বসাইয়া দেন এইরূপ বর্ণিত হইয়াছেন। (২) একস্থলে স্বর্গের সমুদ্রকে 'চিত্রদৃশীক' বিশেষণ প্রদান করা হইয়াছে। (৩) ইহার অর্থ 'চিত্রের মত দেখিতে' করা যাইতে পারে। 'দেখিতে বিচিত্র' অর্থ করিলে মনে হয় উহা নানা বর্ণে রঞ্জিত। কিন্তু স্বর্গের সমুদ্র বলিতে ঋষিগণ আকাশের ছায়াপথকে বুঝিতেন। 'চিত্রের মত দেখিতে' অর্থই উহাতে বেশ খাটে। তবে এখানে ইহাও বলা আবশ্যক যে 'চিত্রিত' শব্দ বেদে প্রাপ্ত হওয়া যায় না।

শ্রীতারাপদ মুখোপাধ্যায়।

---

(১) বাচং | অষ্টাপদীং | অহং | নবস্রক্তিং | ঋতঃ | স্পৃশম্ |
ইন্দ্রাৎ | পরি | তন্বং | মমে ॥ ৮ | ৬৫ | ১২

—অষ্টপদযুক্ত, নবস্রক্তিবিশিষ্ট, ঋতস্পৃশ. বাক্‌তন্তুকে ইন্দ্র হইতে নির্ম্মাণ করি।

(২) অগোরুধায় গবিষে দ্যুক্ষায় দস্ম্যং বচঃ।
ঘৃতাৎ স্বাদীয়ো মধুনশ্চ বোচত ॥ ৮।২৪।২০

অগোরুধ, গো-ইচ্ছাকারী (ও) দীপ্যমান (ইন্দ্রকে) ঘৃত ও মধু হইতে সুস্বাদু, দর্শনীয় বাক্য বলা হইয়াছে।

(৩) অধ | হি | কাব্যা | যুবং | দক্ষস্য | পূঃভিঃ | অদ্ভুতা |
নি | কেতুনা | জনানাং | চিকেথে | পূতদক্ষসা ॥ ৫ | ৬৬ | ৪

—তোমাদিগের যজ্ঞকারীর অদ্ভুত কাব্যসকলকে, হে শুদ্ধ বলযুক্ত। লোকদিগের পুরীসকলদ্বারা (ও) কেতু (অর্থাৎ চিহ্ন) দ্বারা বিশেষরূপে অবগত হও।

---

(১) অপাৎ | ইতঃ | উৎ | উ | চিত্রতমঃ | মহীং | ভর্ষৎ |
দ্যুমতীং | ইন্দ্র হূতিং | ৬ | ৩৮ | ১

—চিত্রতম (ইন্দ্র) আমাদিগের এই (চমস হইতে) পান করুন। মহতী, দীপ্তিমতী, ইন্দ্রহূতিকে ধারণ করুন।

(২) সঃ | পিস্পৃশতি | তন্বি | শ্রুতস্য | স্তৃভিঃ | ন | নাকং |
বচনস্য | বিপঃ | ৬ | ৪৯ | ১২

—তিনি (পূষা) বিপ্রের বচনের তন্তুতে, স্বর্গে তারকাসকলের মত (চিহ্ন সকল দ্বারা) স্পর্শ করেন।

(৩) অয়ং। বিদৎ | চিত্রদৃশীকং | অর্ণঃ। শুক্রসদ্মনাং | উষসাং—
অনীকে | ৬ | ৪৭ | ৫

—জ্যোতিগৃহবতী উষাদিগের সমীপে চিত্রদৃশীক অর্ণকে (বা সমুদ্রকে) ইনি জানেন।

বসন্ত-লক্ষ্মী।

সেদিনো মাধবী রাতি, নিখিল উঠিল মাতি',
হৃদয় ফুটিল লুটি' হাস্যে,
সব রঙ অরুণিমা, সব হিয়া পূরণিমা,
সব গতি পরিণত লাস্যে।
চকোরী চেতনা পেয়ে মিলিল গো গান গেয়ে
ষোলকলা-ঢলঢল চান্দে,
সব রসধারা মিশি' ছুটিলরে দশদিশি—
টুটিলরে সব বালুবান্ধে।
পিকবধূ শিহরিল কুহুকুহু কুহরিল,
সীধু হরি' বিহরিল ভৃঙ্গ,
চখাচখী মোহে দুহুঁ মূরছিল মুহুমুহু,
রতিপতি ফুকরল শৃঙ্গ।
ফাগরেণু ফুলে ফুলে উড়াইল দুলে দুলে
হোলী-লীলা-লোল রসরঙ্গে,
কিসলয় কমরাগে পুলকাঞ্চন জাগে
রসাবেশে বনরাণী অঙ্গে।
তোমার বরণতরে বাজিল দেউল ঘরে
বেণুবীণা শাঁখ আর ঘণ্টা,
দূরাগত রুণুঝুন শুনি' মোর লাখগুণ
হৃদয়ে বাড়িল উৎকণ্ঠা।
তব আগমন বীথি- ভরা শন শন গীতি
সূচিল যে কোটি মধুমক্ষী,—
মম মনোমন্দিরে এলে তুমি ধীরে ধীরে
মানস বসন্তের লক্ষ্মী।
ছিলে বিধু-মল্লীতে, ছিলে মধু-বল্লীতে,
নখরুচি কিংশুক-কুঞ্জে,
ছিলে তুমি গুঞ্জনে, বনভরা শিঞ্জনে,
নিখিলের সব শোভাপুঞ্জে।
পাটলের ডালে ডালে পিকরুত-তালে তালে
পা-ফেলিয়া এলে হৃদিসদ্মে,
মধুঋতু-বৈভব ফুলরেণু-সৌরভ
হয়ে জাগে তব করপদ্মে।
তব দুকূলাঞ্চল- ভরা মৃদু চঞ্চল
মলয় আসিল ধীর মন্দ্রে,
মরমের বেণুবনে পশি' যে সে খনে খনে
বাজাইল শতকোটি রন্ধ্রে।
তব মধু-দিঠিপাতে সেদিনের মধুরাতে
নয়নের গেল জরালস্য,
তোমার চিকুর চুমে জীবনের মরুভূমে
শিহরিল নীলফুলে শস্য।
বাসনার শিখিনীরে নাচাইল ধীরে ধীরে
কঙ্কণ তব মণিবন্ধে,
বনভরা মরমর বিহগের কলস্বর
জাগিল যে কবিতার ছন্দে।
তোমার হরিণ-আঁখি প্রেমহেম রেণু মাখি'
মুদে এল মোর আঁখি চুম্বে,
সে রজনী কিবা শুভ, ভাষা মোর ডুব' ডুব'
আশাভরা সুধারস-কুম্ভে।
বাহিরের ঋতুরাজে আনিলে এ হৃদিমাঝে,
যথা তার চির সিতছত্র,
সেই হতে রাজ-রমা তুমি আছ প্রাণ-সখা
খুলি' সুষমার দানসত্র।

শ্রীকালিদাস রায়।

জাপানের যৎকিঞ্চিৎ।

গুরুদেবের সঙ্গে টোকিও থেকে ইয়োকোহামায় এসেছি—২।৩ দিন হলো। Pearson সাহেব ও Andrews সাহেবও এখানে এসেছেন। চারজনেই মিষ্টার হাঁরার বাড়ীতে আছি। অতি আদরের অতিথি।

মিষ্টার হাঁরা খুব বড় দরের একজন millionaire—আর্টের জহরি—চিত্রকলার চমৎকার একজন সমজ্‌দার। অতি সদাশয় লোক। ঠোঁটে হাসিটুকু লেগেই আছে—দয়ামায়া যেন তাঁর মুখে,আজীবন আঁকা রয়েছে।

দেশের শিল্পের জন্য ইনি দু'হাতে অকাতরে টাকা-কড়ি ছড়িয়ে যাচ্ছেন। মিঃ টাইকান্, মিঃ সিমামুরা, মিঃ কান্জান্ প্রভৃতি নামজাদা আর্টিষ্টগুলি সকলেই এঁর হাতে। সকলকেই ইনি ছবির বিনিময়ে রাশি রাশি অর্থ ঢেলে দিচ্ছেন। ললিতকলার সখ এর বেজায়।

আমরা হাঁরা সাহেবের যে বাড়ীটীতে আছি সে একটা প্রকাণ্ড রাজপ্রাসাদতুল্য। সাম্‌নেই প্রশান্ত মহাসাগর একেবারে প্রশান্ত—উদার! এই সমুদ্রের পাড় থেকে ঠিক্ খাড়া বড় বড় পাহাড় উঠেছে। পাহাড়ময় পাইন্ গাছ, এই পাইন্ গাছের সারের ভিতর দিয়ে বাড়ীখানি দূর থেকে হুবহু ছবির মত দেখায়। ঠিক যেন জয়দেবের একখানি ছোট্ট গীতিকাব্য।

এই বাড়ীটি জাপানী ধরণের—আগাগোড়া কাঠের তৈরী। পরিষ্কার পরিচ্ছন্ন আশ্চর্য্য রকম সাজান গোছান। এই বাড়ীর এক ধারে ছাদের উপর বেড়াবার সুন্দর খানিকটা খোলা জায়গা আছে। ছাদের পাশ দিয়ে পাইনগুলি উঠেছে—চিরছায়াশীতল। এই ছাদে সকাল সন্ধ্যে বেড়াই।

আমাদের এখান থেকে "ফুজি" পাহাড় জাপানের একটা দেখবার জিনিস। যদি সময় পাই—তবে গিয়ে একবার দেখে আস্‌ব আশা আছে।

আজ কাল রোজ খুব সুন্দর সূর্য্যাস্ত হচ্ছে। এমন সুন্দর দৃশ্য জীবনে কখনো দেখিনি। আকাশ একেবারে সোনায় রাঙা হয়ে যায়। আকাশ থেকে দলে দলে লাল পরীরা উড়ে এসে নীলের উপর ধীরে ধীরে সোনার আস্তরণ বিছিয়ে দিয়ে যায়। আর পূবদিক হতে সন্ধ্যারাণী নেমে এসে আব্‌ছায়ারঙের ঘোম্‌টাখানি টেনে নিয়ে আসর জম্‌কিয়ে বসেন। যেন প্রকৃতই রাজেন্দ্রাণী!

রাজার হালে গুরুদেবের সঙ্গে দিন কাটছে। দাসদাসী অনেক। সকলেই শশব্যস্ত। এই মিঃ হাঁরা তাঁর ছেলেপুলে নিয়ে পাহাড়ের নীচে প্রকাণ্ড পদ্ম-পুকুরের পাড়ে একটা খড়ের ঘরে বাস কর্‌চেন, আর আমাদের আরামের জন্য এই মস্ত বড় বাড়ীটা ছেড়ে দিয়েছেন। আমার ছবি আঁকবার জন্য আলাহিদা একটা ঘর ঠিক্ করে দিয়েছেন। রং, তুলি, ব্রাস প্রভৃতি আবশ্যকীয় সরঞ্জাম সমস্তই মজুদ্। বন্দোবস্ত দেখে অবাক্ হয়ে যেতে হয়।

আমি গুরুদেবের (রবিবাবুর) সঙ্গে আমেরিকা যাব। আমার জন্য বার্থ রিজার্ভ করা হয়ে গেছে। এণ্ড্রুজ সাহেব এখান থেকে দেশে ফিরে যাবেন। যে ক'দিন টোকিও ছিলুম টাইকানের কাছে সে কয়দিন ছবি আঁকা শিখেছিলুম। হাঁরার বাড়ীর কাছেই সিমামুড়া আর্টিষ্টের বাড়ী; এখন তাঁর বাড়ী গিয়ে ছবি-আঁকা শিখ্‌চি। গুরুদেব খুব লিখ্‌চেন। আমেরিকায় বক্তৃতা দিয়ে তিনি অনেক টাকা পাবেন।

জাপানীরা খুব লম্বা লম্বা কাগজে (গাজীর পটের মত) তুলি দিয়ে চিঠী লেখে। তুলিই তাদের কলমের কাজ করে। ছেলেবেলা থেকে এরা এই তুলি হাতে করেচে। কাজেই ভাল ছবি আঁক্‌চে। আর আমাদের এই তুলি-সাধনা কর্‌তেই কত যুগ কেটে যায়!

আমাদের বাড়ীর নীচে পাহাড়ের তলায় একটা বড় রকমের বাগান আছে। এই বাগানটা হাঁরা সাহেব সাধারণের জন্য তৈরী করে রেখেছেন। Public যখন তখন এখানে বেড়াতে আসে, picnic কর্‌তে আসে। তাদের জন্য জ্বালানীকাঠ, ভাল ভাল চুলো, পানীয় জল—সমস্ত ঠিক্‌ঠাক্ করা আছে। বসবার জায়গা, billiard room, মন্দির, Tea Houseকতকি চারদিকে ছড়ান আছে। এই সকল জিনিসের ভিতরে আর্টের নৈপুণ্য দেখ্‌লে চমৎকৃত হতে হয়। এ যেন একটা চিত্রকলার দেশ—খালি রংচং। জাপানটাকে দূরথেকে দেখ্‌লে একটা বড়রকম রংবেরঙের প্রজাপতি বলে ধারণা হয়। মনে হয় যেন সাগরতীরে কোন পরীর দেশে বেড়াতে এসেছি! এ যেন প্রকৃতই একটা সজাগ স্বপ্ন!

ইয়োকোহামা, (জাপান।)

শ্রীমুকুলচন্দ্র দে।

"বৃন্দাবন অন্ধকার"।

"নন্দপুর-চন্দ্র বিনা বৃন্দাবন অন্ধকার"—
গাহিলে কি গান কবি, শুনালে কি হাহাকার!
ছিলে বুঝি তুমি সেই গোকুলে রাখাল-সাথী,
উঠেছে বেদনা তাই তোমার হৃদয় মথি'।
শুনাইলে মর্ম্মবাণী যুগান্তের শোকগাথা,
যমুনার কলনাদে গোপ-গোপিকার ব্যথা;
অন্ধ বৃদ্ধ নন্দরাজ, শূন্য বক্ষ যশোদার,—
গুমরে সে কথা স্মরি' বক্ষে মহা হাহাকার।
বল্লরী-বিতান শূন্য, নীপ-মূল শূন্য বনে,
অবসাদ-অন্ধকার সুখের সে বৃন্দাবনে।
আজি সেই স্মৃতি বুঝি বাজিছে হৃদয়পুরে,
ভুল নাই কোন কথা এই জন্ম জন্মান্তরে।

শ্রীপ্রিয়কান্ত সেনগুপ্ত।

প্রাচীন ভারতের নাট্যশাস্ত্র ও অভিনয়-কৌশল।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

চিন্তা একটী মনোবৃত্তি। অভিনয়কালে কখন কখনো ইহাকে বাক্যময় করিয়া শ্রোতাকে শুনাইতে হয়। যেখানে বাক্য সেইখানেই ধ্বনি, সেইখানেই তাহার বিরাম বিচ্ছেদ, উত্থান পতন, দীপন, অনুবন্ধ। পলাশী-প্রাঙ্গণে ক্লাইব ভাবিতেছেন—"কি হয়, কি হয়! রণে জয় পরাজয়।" শিবাজী ভাবিতেছেন—কিরূপে দিল্লী হইতে পলায়ন করিবেন। গোবিন্দলাল ভাবিতেছে—'স্ত্রীর দানে দিনপাত করিব?' ভ্রমর ভাবিতেছে—'কি অপরাধ আমি করিয়াছি, যে আমাকে ত্যাগ করিবে?' আবার আসন্ন সমরের জন্য প্রস্তুত ধনুর্দ্ধরদিগের মধ্যে দাঁড়াইয়া পার্থ ভাবিতেছেন—এ বিজয় কাহার জন্য?—এ সকলই চিন্তা। কণ্ঠস্বর যতদূর পারে উহাদিগকে ফুটাইয়া দেয়। যেটুকু, অবশিষ্ট থাকে তাহা পরিপূর্ণ করে আমাদের নয়ন, বদন, শির—আমাদের অঙ্গ উপাঙ্গ। ইহাদের অভিনয়-কৌশলই আঙ্গিক অভিনয় নামে ব্যাখ্যাত হইয়াছে। তাই ভরত বলিয়াছেন—

"এবং ভাব রসোপেতা কাকুঃ কার্য্যা প্রযোক্তৃভিঃ"।

নরচিত্তকে খণ্ড খণ্ড করিয়া কাটিয়া ভরতমুনি তাহা দেখাইয়াছেন। চিত্তবৃত্তিগুলির পরিচয় বিবৃত করিয়াছেন—উৎপত্তির কার্য্যকারণ সম্বন্ধ নির্ণয় করিয়াছেন, সেই সঙ্গে সঙ্গে বহিঃপ্রকাশোপযোগী কণ্ঠ ও অঙ্গভঙ্গী পর্য্যন্ত নির্দ্দেশ করিয়া দিয়াছেন। সে বিপুল জ্ঞান-ভাণ্ডার মধ্যে যে অনন্ত রত্নরাজি বর্ত্তমান আছে তাহা ক্ষুদ্র একটী প্রবন্ধে কিরূপে দেখাইব—কিরূপে বুঝাইব যে নাট্যকলার আদর্শের জন্য আমাদের কোথাও যাইবার প্রয়োজন নাই—আপনার গৃহচত্বরেই তাহার সন্ধান লাভ ঘটিতে পারে। চক্ষু একটী উপাঙ্গ। নাট্যশাস্ত্রে সাধারণভাবে রস অনুসারী দৃষ্টি আট প্রকার বলিয়া উক্ত হইয়াছে। স্থায়ীভাবের দৃষ্টিও আট প্রকার বলিয়া নিরূপিত হইয়াছে। সাধারণভাবে মুখ্যতঃ অষ্টাদশ প্রকারের দৃষ্টির উল্লেখ দেখিতে পাওয়া যায়। একটী উদাহরণ দিলেই বুঝিবার পক্ষে সুবিধা হইবে। কখনো ঊর্দ্ধ, কখনো নিম্ন, কখনো স্থির, কখনো বক্র গূঢ় চকিত চক্ষুতারা—ইহারই নাম শঙ্কিতা দৃষ্টি। শঙ্কার অভিনয়কালে এইরূপ দৃষ্টির প্রয়োজন। চক্ষু-তারকার অভিনয় নয় প্রকার, অক্ষিপত্রের অভিনয় নয় প্রকার, ভ্রূ-যুগের অভিনয় সাত প্রকার এইরূপ প্রত্যেক অঙ্গ প্রত্যঙ্গের অভিনয়-কৌশল ও মনোবৃত্তির সহিত সম্বন্ধ অতি সুন্দররূপে ব্যাখ্যাত হইয়া নাট্যশাস্ত্রে স্থান লাভ করিয়াছে।

চতুর্দ্দশ শতাব্দীর পূর্ব্বে য়ুরোপে অঙ্গরঞ্জন বা অঙ্গ-রচনার প্রথা বর্ত্তমান ছিল বলিয়া জানা যায় না। ষষ্ঠ শতাব্দীতে গ্রীককবি থেস্‌পিস্ যখন তাঁহার নটদিগকে লইয়া গ্রামে গ্রামে অভিনয় করিয়া ভ্রমণ করিতেন তখন তিনিই প্রথম আবিষ্কার করিয়াছিলেন যে অভিনয়কালে নটদিগের বদনমণ্ডল উপযুক্তরূপে রঞ্জিত হইলে দর্শকের অধিক প্রীতির কারণ হয়। য়ুরোপীয় নাট্য-জগতে অঙ্গরঞ্জন প্রথার ইহাই প্রথম প্রবর্ত্তন। ইহার

বহু পূর্ব্ব হইতেই ভারতবর্ষের রঙ্গালয়ে অঙ্গরচনার জন্য নিয়মাবলী লিপিবদ্ধ হইয়াছিল। মাগধী, গৌরসেনী দ্রাবীড়ী, গৌড়ীয় প্রভৃতি বিভিন্ন দেশবাসীর অভিনয়-কালে কিরূপ বর্ণ গ্রহণ করা প্রয়োজন—কোন্ কোন্ রং মিলাইলে সেই সেই বর্ণ হয়, এ সকলই নাট্যশাস্ত্রে বর্ণিত রহিয়াছে। ইহাই পূর্ব্বকথিত আহার্য্য অভিনয়ের একাংশ। উহার অপরাংশ দৃশ্যপটাদি।

অধ্যাপক Macdonell তাঁহার সংস্কৃত সাহিত্যের ইতিহাসে লিখিয়াছেন—It is somewhat curious that while there are many minute stage-directions about dress and decorations no less than about the actions of the players, nothing is said in this way as to change of scene.

অন্যস্থানে তিনি বলিয়াছেন—

There were no special theatres in the Indian Middle Ages, and plays seem to have been performed in the concert room (সঙ্গীত-শালা) of royal palaces. A curtain divided in the middle was a necessary part of the stage arrangement; it did not, however, separate the audience from the stage, as in the Roman theatre, but formed the background of the stage. Behind the curtain was the tiring room (নেপথ্য), whence the actors came on the stage. When they were intended to enter hurriedly, they were directed to do so "with a toss of the curtain." The stage scenery and decorations were of a very simple order, much being left to the imagination of the spectator, as in the Shakespearian drama. Weapons, seats, thrones and chariots appeared on the stage; but it is highly improbable that the latter were drawn by the living animals supposed to be attached to them. Owing to the very frequent intercourse between the inhabitants of heaven and earth, there may have been some kind of aerial contrivance to represent celestial chariots; but owing to the repeated occurrence of the stage direction "gesticulating" (নাট্যয়িত্বা) in this connection, it is to be supposed that the impression of motion and speed was produced on the audience simply by the gestures of the actors.

উদ্ধৃত অংশ হইতে বুঝা যাইতেছে যে অধ্যাপকের মতে সেকালে কোনো নাট্যশালা ছিল না। সঙ্গীত-শালাতেই কখন কখন নাটকাভিনয় হইত। এ বিষয়ে বিস্তারিত বিচারের স্থান এ প্রবন্ধ নহে। অধ্যাপকের উক্তির উত্তরে ইতিপূর্ব্বে এই বিষয়ে যাহা বলিয়াছি এখনো তাহাই বলিতে চাই যে ভরতের নাট্যশাস্ত্রে নাট্যমণ্ডপ প্রস্তুত করিবার বিস্তৃত উপদেশ আছে—যথা,—

চতুঃষষ্টি করান্ কুর্য্যাৎ দীর্ঘত্বেন তু মণ্ডপম্।
দ্বাবিংশতং চ বিস্তারান্মর্ত্যানাং যো ভবেদিহ॥
—ইত্যাদি।

অধ্যাপক Macdonellএর দ্বিতীয় উক্তি—প্রাচীন-কালে ভারতের রঙ্গালয়ের দৃশ্যপটাদির সেরূপ ব্যবস্থা ছিল না। সেক্ষপীয়রের যুগে যেমন দর্শককে দৃশ্যাদি কল্পনা করিয়া লইতে হইত এ যুগেও তদ্রূপই ছিল। ভরত এবং অন্যান্য নাট্যশাস্ত্রকার আহার্য্য অভিনয়ের বর্ণনকালে ইহার উত্তর দিয়াছেন। আহার্য্য অভিনয় নেপথ্যবিধি বলিয়া পরিচিত*। নেপথ্যবিধি কেন? না, লোক চক্ষুর অন্তরালেই পরিচ্ছদাদি গ্রহণ করিতে হয়। এই নেপথ্যবিধি চার প্রকারের। তন্মধ্যে পুস্ত ও সংজীব দুই প্রকার। পুস্ত নেপথ্য কাহাকে বলে?

শৈল যান বিমানানি চর্ম্মবর্ম্মায়ুধ ধ্বজাঃ।
যানি ক্রিয়ন্তে তান্যেব স পুস্ত ইতি সংজ্ঞিতঃ॥

পর্ব্বত, যান, বিমান অর্থাৎ ব্যোমচারি যান, চর্ম্ম, বর্ম্ম, অস্ত্র, ধ্বজ, পতাকা প্রভৃতিকে পুস্ত জাতীয় বলা হইয়াছে। রঙ্গপীঠে প্রদর্শিত না হইলে এ সকলের

উল্লেখ দেখিতে পাইতাম না। সংজীব নেপথ্য কাহাকে বলে?

যঃ প্রাণিনাং প্রবেশস্তু স সংজীব ইতি স্মৃতঃ নেপথ্য হইতে রঙ্গপীঠে প্রাণী প্রবেশ করাইবার নাম সংজীব। সুতরাং একথা কিরূপে স্বীকার করিব যে "it is highly improbable that the latter (chariots) were drawn by the living animals supposed to be attached to them."

অধুনা বঙ্গরঙ্গমঞ্চে পরিচ্ছদ গ্রহণে অনেক বিভ্রাট দেখিতে পাওয়া যায়। এমনো দেখা গিয়াছে যে রাজকুমার সেলিম হাইল্যাণ্ডার সৈনিকের পরিচ্ছদে সজ্জিত হইয়া সমরাঙ্গনে উপস্থিত হইয়াছেন! কল্পিত ও বাস্তব উভয় প্রকার চরিত্র লইয়া নাট্যাভিনয়। কল্পিত চরিত্র অভিনয়-কালে দেশ, কাল ও পাত্র বিবেচনা করিয়া পরিচ্ছদ গ্রহণ করিবার উপদেশ আছে এবং কবির উপরও নির্ভর করিবার আবশ্যকতা প্রদর্শিত হইয়াছে। কবি শক্তিশালী হইলে আবশ্যক মত তিনিই পথ নির্দ্দেশ করিয়া থাকেন। যথা—ইন্দ্রজিৎ ধ্যান নিমগ্ন। মাইকেল তাঁহার বর্ণনা করিতেছেন—

কুশাসনে ইন্দ্রজিৎ পূজে ইষ্টদেবে
নিভৃতে। কৌষিক বস্ত্র কৌষিক উত্তরী
চন্দনের ফোঁটা ভালে, ফুলমালা গলে।
পুড়ে ধূপদানে ধূপ; জ্বলিছে চৌদিকে
পূত ঘৃতরসে দীপ। পুষ্প রাশি রাশি,
গণ্ডারের শৃঙ্গে গড়া কোষাকোষী, ভরা
········ পাশে হৈম ঘণ্টা, উপহার নানা
হেমপাত্রে, রুদ্ধদ্বার—বসেছে একাকী
রথীন্দ্র, নিমগ্ন তপে চন্দ্রচূড় যেন—

পুত্রশোকাতুরা চিত্রাঙ্গদা রাজসভায় আসিতেছেন—

হেমাঙ্গী সঙ্গিনীদল সাথে
প্রবেশিলা················
আলু থালু ·····কবরীবন্ধন
আভরণ হীন দেহ·········
অশ্রুময় আঁখি··············
বিবশা রাজমহিষী·········

কপালকুণ্ডলায়, নবকুমার স্তূপ শিখরে আরোহণ করিয়া দেখিলেন—"শিখরাসীন মনুষ্য নয়ন মুদ্রিত করিয়া ধ্যান করিতেছিল·····তাহার বয়ঃক্রম প্রায় পঞ্চাশৎ বৎসর হইবে········কটিদেশ হইতে জানু পর্য্যন্ত শার্দ্দুল-চর্ম্মে আবৃত। গলদেশে রুদ্রাক্ষমালা, আয়ত মুখমণ্ডল শ্মশ্রু জটা পরিবেষ্টিত·········জটাধারী এক ছিন্নশীর্ষ গলিত শবের উপর বসিয়া আছেন········ সম্মুখে নরকপাল রহিয়াছে, তন্মধ্যে রক্তবর্ণ দ্রব পদার্থ রহিয়াছে·········যোগাসীনের কণ্ঠস্থ রুদ্রাক্ষমালামধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র অস্থিখণ্ড গ্রথিত রহিয়াছে।"

আর অধিক উদাহরণের প্রয়োজন দেখি না। সুকবির গ্রন্থে এরূপ নির্দ্দেশ সর্ব্বদাই দেখিতে পাওয়া যায়। সুতরাং কাল্পনিক চরিত্রের পরিচ্ছদ নির্ব্বাচনে নাট্যাচার্য্যের পথ দুরূহ নহে। যেখানে কবির সাহায্য পাইব না, সেখানে কাল, পাত্র ও দেশের ইতিহাস সাহায্য করিবে। বাস্তব চরিত্রের অভিনয়কালে ত কোনরূপ অসুবিধাই ঘটিতে পারে না, কারণ অভিনেয় চরিত্রের বেশভূষা সর্ব্বদাই দেখিতে পাই। নাট্যশাস্ত্র তাই কহিতেছে—"কুর্য্যাদঙ্গস্য রচনাং দেশ জাতি বয়ঃশ্রিতাম্।" য়ুরোপীয় নটকুল এতকাল পর এই তত্ত্ব ঘোষণা করিয়া কহিতেছেন—"I should lay it down, in fact, the chief thing is that an actor should imagine himself to be the character and the audience will imagine that he is the character; that is the real art of make-up, I should say."

নাট্যশাস্ত্রের প্রধান নির্দ্দেশ—

এবং বুধঃ পরং ভাবং সোঽস্মীতি মনসা স্মরন্।
বেশবাগঙ্গলীলাভিশ্চেষ্টাভিশ্চ সমাচরেৎ।
যো যেন ভাবেনোদ্দিষ্টঃ সুখদেনেতরেণ বা।
স তদাহিত সংস্কারঃ সর্ব্বং পশ্যতি তন্ময়ম্॥

—আমিই সেই, এইরূপ ধারণা না জন্মিলে প্রকৃত অভিনয় হয় না। এই তন্ময়ত্ব বেশে, বাকে, অঙ্গলীলায় ও কণ্ঠভঙ্গীতে সাধন করিতে হয়। Richard III নাটক সমালোচন কালে একজন সুবিখ্যাত সমালোচক

কহিয়াছেন—Our highest conception of an actor is, that he shall assume the character once for all, and be it throughout.

H. H. Wilson প্রমুখ বিদেশীয় লেখকগণ এবং শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর প্রভৃতি স্বদেশীয় সমালোচকগণ সন্দেহ করেন যে নাট্যশাস্ত্রের যুগে চিত্রপটের ব্যবস্থা থাকা সম্ভব নহে। শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় লিখিয়াছেন—"সেকালের চিত্রকলার অনেক নিদর্শন পাওয়া যায় বটে, কিন্তু দূর নৈকট্যসূচক পরিপ্রেক্ষিত চিত্রলেখা-পদ্ধতি জানা ছিল কি না, কিম্বা প্রচলিত ছিল কি না সে বিষয়ে বিলক্ষণ সন্দেহ আছে।" কিন্তু H. H Wilson স্পষ্টাক্ষরে লিখিয়াছেন—"The scene may be considered to be marked, as in the French drama, by the entrance of one character and the exit of another, etc—

মৃচ্ছকটিক নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যেই যে স্থানে মৈত্রেয় প্রবেশ করিতেছেন তথায় দৃশ্য বর্ণনা এইরূপ আছে—দৃশ্যপটের একদিকে পথ এবং পথিপার্শ্বে দারুদত্তের গৃহচত্বর। চত্বরের বহিরংশের এক দিক পথ হইতে দেখা যাইতেছে। এইস্থান সমালোচনকালে H. H. Wilson বলিয়াছেন—

We have already observed that it does not seem probable that the Hindus ever knew what scenes were; and that they substituted curtains for them, ইত্যাদি। উক্ত নাটকের অনেক স্থানেই এইরূপ সমালোচনা দৃষ্ট হইয়া থাকে। আবার অনুমান হয়, এই কারণেই আমরাও অনেকে সিদ্ধান্ত করিয়া বসিয়া আছি যে সেকালে দৃশ্যপটের ব্যবস্থাই ছিল না।

"পরিপ্রেক্ষিত চিত্রলেখা পদ্ধতি" বা perspective drawing সেকালে ছিল কি না তাহা সত্যই এখনো প্রমাণিত হয় নাই, হইবার সম্ভাবনাও বোধ হয় নাই। কারণ সেরূপ কোন চিত্র এতকাল পর আবিষ্কৃত হইবার সম্ভাবনা দেখি না। কিন্তু সংস্কৃত সাহিত্যে প্রাচীন চিত্রশিল্পের যথেষ্ট পরিচয় আছে। রামায়ণে ও সংহিতায় চিত্র-ব্যবসায়ী জাতির উল্লেখ আছে। শুক্ল যজুর্বেদের ত্রিংশ অধ্যায়ে বৈশ্যগণ যে চিত্রকর ছিল তাহার প্রমাণ আছে। রামায়ণে চিত্রপটে সুশোভিত গৃহাদির যথেষ্ট বর্ণনা দেখিতে পাওয়া যায়। হরিবংশে পর্য্যন্ত চিত্র-প্রতিকৃতির বর্ণনা আছে। পাণ্ডব-সভায় চিত্রপট বিলম্বিত ছিল এরূপ কথা মহাভারতে লিখিত রহিয়াছে। শ্রীমদ্ভাগবতে ও হরিবংশে চিত্রলেখা কর্ত্তৃক লিখিত চিত্রের বর্ণনা আছে। এরূপ দৃষ্টান্ত আরো অনেক উদ্ধৃত করা যাইতে পারে। এই প্রাচীন চিত্রশিল্পের শেষ নিদর্শন অজন্তার গুহায় আজিও বর্ত্তমান থাকিয়া পৃথিবীর বিস্ময় উৎপাদন করিতেছে।

ইহা নিঃসংশয়ে বলা যাইতে পারে যে ভারতের স্থাপত্য গৌরব বহু প্রাচীন। তাহা হইতেই ইংলণ্ডের শিল্পজগতে নূতন আদর্শের সৃষ্টি হইয়াছে। Imperial Indian gazetteer গ্রন্থে লিখিত আছে—

The English decorative art in our day has borrowed largely from Indian forms and patterns. The exquisite scrolls of the rock-temples of Carli and Ajunta, the delicate marble tracery and flatwood carving of western India, the harmonious blending of forms and colours in the fabrics of Kashmere, have contributed to the restoration of taste in England.

কোলম্যান তাঁহার Hindu Mythology নামক গ্রন্থে লিখিয়াছেন— The remains of their architectural art might furnish the architects of Europe with new ideas of beauty and sublimity.

স্থাপত্য ও ভাস্কর্য্যের কথা এই জন্য বলিতেছি যে হিন্দুগণ ললিতকলায় সুনিপুণ না হইলে জগতের বিস্ময় উৎপাদন করিতে পারিত না। চিত্রশিল্পে অভিজ্ঞতা না থাকিলে প্রস্তরে বা দারুগাত্রে অথবা হস্তিদন্তে তক্ষণ করাও সম্ভব নহে বলিয়া মনে করি। শ্রীযুক্ত কুমারস্বামী তাঁহার Arts and Crafts of India and Ceylon নামক গ্রন্থের একস্থানে অতীত হিন্দু স্থাপ-

ত্যের কালনির্ণয় করিয়া ইহার শ্রেণী বিভাগ করিয়াছেন। সেই তালিকায় দেখিতে পাওয়া যায়—

Gupta (style) 320 to 600 A. D. sculpture and architecture (stupa etc) at Sarnath ; at Anuradhapura (2nd century B. C. to 9th century A. D.) ; sculpture and painting at Ajanta ; painting and secular architecture at Sigiriya (Ceylon, 5th century).

সুতরাং ইহা দেখা যাইতেছে যে খৃঃ পূঃ দ্বিতীয় শতাব্দীতেও যে উন্নত শিল্প বর্ত্তমান ছিল তাহার নিদর্শন আজিও লুপ্ত হয় নাই। যে শিল্প খৃঃ পূঃ দ্বিতীয় শতাব্দীতেই এত প্রতিষ্ঠা পাইয়াছিল তাহা নিশ্চয়ই এক বৎসরের সাধনার ফল ছিল না। সুতরাং ইহা অনুমান করা অন্যায় হইবে না যে তাহার বহুদিন পূর্ব্ব হইতেই ললিতকলার পূজা আরব্ধ হইয়াছিল, এবং যে যুগে ভরতের নাট্যশাস্ত্র রচিত হইয়াছিল (অর্থাৎ মৃচ্ছকটিক নাটক রচনার কিছুকাল পূর্ব্বে) সেই যুগেই স্থাপত্য পূজার আসন লাভ করিয়াছিল। তখন যে চিত্রশিল্পের দিকটা একেবারে অন্ধকারেই ছিল এরূপ অনুমান ঠিক নহে। কারণ চিত্র, স্থাপত্য ও ভাস্কর্য্য এরূপ ভাবে সম্বন্ধ-বদ্ধ যে তিনটীই একসঙ্গে পরিপুষ্ট হইয়া উঠে—বিকশিত হয়। তবে কুসুমস্তবকে কোনটী যেমন পূর্ণসৌন্দর্য্যে প্রস্ফুটিত হইয়া নয়নের শোভা বর্দ্ধন করে আর কোনটী অপেক্ষাকৃত ম্রিয়মাণ হইয়া রহে, জাতীয় জীবনে ললিতকলার বিকাশেও অনেক সময় সেইরূপই দেখা যায়, বলিয়া মনে করি। রামায়ণ, মহাভারত বা হরিবংশে যে সকল চিত্রের কথা দেখিতে পাওয়া যায় তাহাদের উপর আস্থা স্থাপন করিলে ইহাই বলিতে হয় যে হিন্দুনাট্যশাস্ত্ররচনার যুগে ভারতবর্ষে চিত্রকলারও যথেষ্ট প্রতিষ্ঠাই ঘটিয়াছিল। সুতরাং নাট্য অভিনয়কালে দর্শকের সম্মুখে চিত্রিত পটই প্রদর্শিত হইত। সে সকল পটে perspective drawing থাকিত কিনা তাহা অবশ্য জানিবার উপায় নাই—কিন্তু H. H. Wilson সাহেব কথিত curtain ই যে একমাত্র সম্বল ছিল তাহা নহে।

"সমুদ্র মন্থনের" উল্লেখ করিয়া Wilson সাহেব বলিতেছেন—A splendid subject for spectacle if well managed. We may doubt the success of the Hindu mechanicians in representing the mountain and the snake, the churning-staff and rope, or the agitation of the mighty main from which sprang the personifications of health and beauty, and the beverage of immortality; this was in all probability clumsily contrived [কেন যে এরূপ সিদ্ধান্ত হইল তাহার কারণ লিখিত নাই] but the gods and demons were well-dressed and better acted, and with the patronage of a Raja, the conflicts between the hosts of heaven and hell for the Goddess of beauty and the cup of ambrosia were no doubt got up with no want of numbers, or of splendour.

অথচ তিনিই স্বীকার করিয়াছেন যে ভারতের রঙ্গমঞ্চে ঝটিকা, যুদ্ধ, নগরবিজয়, অশ্ব, গজ, রথ প্রভৃতি প্রদর্শিত হইত। [Tempests, combats, and the storming of towns, may be represented, and all the pride and pomp of war, as horses, elephants and cars, may be introduced.]

আমরা ইতঃপূর্ব্বেই দেখিয়াছি যে যন্ত্রচালিত দৃশ্যাদির ব্যবস্থার জন্য নাট্যশাস্ত্রে বিধি গঠন করিবার আবশ্যকতাও অনুভূত হইয়াছিল সুতরাং সমুদ্রমন্থনের দৃশ্য যে প্রদর্শিত হইত না তাহা বলিব কিরূপে ? বর্ত্তমান মহা বিপ্লবের পূর্ব্বে যে মনে করিয়াছিল যে মেঘনাদ সত্যই মেঘান্তরাল হইতে যুদ্ধ করিতে পারিতেন। সহস্র বৎসর পর যদি পৃথিবী হইতে এই সামরিক ব্যোমযানের চিহ্ন পর্য্যন্ত বিলুপ্ত হইয়া যায় আর থাকে কেবল তাহার কাহিনী মাত্র, তখন কি মনে হইবে না যে মেঘান্তরাল হইতে গোলাবর্ষণ করিয়া শত্রু নির্ম্মূল করিবার ইতিহাস অলীক অসার অসম্ভব। যাঁহারা সৌষ্ঠবসম্পন্ন অভিনয় করিবার কৌশল শিক্ষা দিবার

নিমিত্ত বিরাট গ্রন্থ রচনা করিবার আবশ্যকতা অনুভব করিয়াছিলেন, যাঁহারা দৃশ্য প্রদর্শন ও পরিচ্ছদ গ্রহণ ব্যাপারকেও সেই গ্রন্থে যথোপযুক্ত স্থান দিয়া দৃশ্যাদির শ্রেণীবিভাগ ও প্রকরণভেদ করিয়াছিলেন তাঁহারা যে অভিনয় কালে দৃশ্যাদি প্রদর্শন অভিনয়কে সফল করিবার একটী প্রধান উপায় মনে করেন নাই তাহা অনুমান করিতে পারি না। যথোপযুক্ত পরিচ্ছদাদি গ্রহণ, বর্ণানুলেপন এবং দৃশ্যাদি প্রদর্শনই নেপথ্য-বিধির অর্থাৎ আহার্য্যাভিনয়ের আলোচ্য বিষয়। রঙ্গালয়ে দৃশ্যাদি প্রদর্শন বলিলে স্বতঃই মনে হয় আসল এবং নকল উভয়বিধ দৃশ্য প্রদর্শন। সুতরাং অভিনয়ের এই অতি আবশ্যক অংশের অনেকটাই যে দর্শকের কল্পনার উপর ভার দিয়া তাঁহারা নিশ্চিন্ত ছিলেন ইহা য়ুরোপীয় অধ্যাপকের উক্তি হইলেও সহসা বিশ্বাস করিতে পারা যায় না।

শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় লিখিয়াছেন—

"আধুনিক য়ুরোপীয় সাহিত্যে expressions অর্থাৎ অনুভাব সম্বন্ধে অনেক উৎকৃষ্ট গ্রন্থ বাহির হইয়াছে, কিন্তু আমাদের নাট্যশাস্ত্রের ভাবপ্রকাশের ব্যাপার-সমূহ যেরূপ পুঙ্খানুপুঙ্খরূপে বিবৃত হইয়াছে, সেরূপ আর কোথাও দৃষ্ট হয় না। আমাদের নাট্যশাস্ত্রে ভাব-প্রকাশ সম্বন্ধে বৈজ্ঞানিক সূক্ষ্মদর্শনের বিলক্ষণ পরিচয় পাওয়া যায়।"

নাট্যশাস্ত্রে নাট্য-অভিনয় সম্বন্ধে কিরূপ সূক্ষ্মভাবে উপদেশ দেওয়া হইয়াছে তাহার দুই একটী উদাহরণ দিয়া এই প্রবন্ধ শেষ করিব।

'শোক অভিনয়ের এইরূপ উপদেশ আছে—প্রিয়-বিয়োগ, বিভব নাশ, বধ, বন্ধন ইত্যাদি বিভাব হইতে শোক জন্মে। অশ্রুপাত, বিলাপ, পরিবেদন, বিবর্ণতা, স্বরভঙ্গ, দেহশৈথিল্য, ভূমিপাত, ক্রন্দন, দীর্ঘনিঃশ্বাস ইত্যাদি অনুভাব দ্বারা ইহার অভিনয় করিবে।" বিভাব কে cause or exciting circumstances বলা যাইতে পারে। অনুভাব অর্থে—manifestations বলা চলে।

"রোদন তিন প্রকার। আনন্দজ, কাতরতা-জনিত ও ঈর্ষাকৃত তন্মধ্যে যাহা আনন্দজ তাহাতে গণ্ড হর্ষে উৎফুল্ল এবং অনুসরণ হেতু অপাঙ্গ হইতে অশ্রুপাত ও রোমাঞ্চাদি হয়। যাহা কাতরতা-জনিত, তাহাতে পর্য্যায়রূপে অশ্রুপাত, মুক্তকণ্ঠতা, অসুস্থ দেহের নানারূপ চেষ্টা, ভূমিপাত ও বিলাপাদি হয়। যাহা স্ত্রীলোকের ঈর্ষাকৃত তাহাতে গণ্ড ও ওষ্ঠ স্ফুরণ, শিরঃকম্প, ভ্রূকুটি ও কটাক্ষের কুটিলতা ইত্যাদি হইয়া থাকে। স্ত্রী ও নীচ-প্রকৃতি মনুষ্যের দুঃখজ শোক হয়; উত্তম ও মধ্যমের ধৈর্য্যের সহিত এবং নীচের রোদনের সহিত ইহার অভিব্যক্তি হইবে।"

বিষবৃক্ষ হইতে একটী উদাহরণ দিতেছি—

"শিবপ্রসাদ ব্রহ্মচারী সূর্য্যমুখীর পীড়ার সংবাদ জ্ঞাপন করিবার জন্য নগেন্দ্রনাথকে যে পত্র লিখিলেন তাহা অনেক বিলম্বে নগেন্দ্রের হস্তগত হইল। নগেন্দ্র পত্র পাইয়া সর্ব্ব অবগত হইয়া অঙ্গুলিদ্বারা কপাল টিপিয়া ধরিয়া কাতরে কহিলেন "জগদীশ্বর! মুহূর্ত্তের জন্য আমার চেতনা রাখ"।

রাজসিংহে জেবউন্নিসা—আসিরুদ্দীন ফিরিয়া আসিয়া যখন জেবউন্নিসাকে জানাইল যে কিছুতেই মবারককে বাঁচান গেল না, সে সাপের বিষে মরিয়াছে, "জেবউন্নিসা আতর মাখা রুমালখানা চক্ষুতে দিয়াছিল, এখন পাথরে মাথা লুটাইয়া পড়িয়া চাষার মেয়ের মত মাথা কুটিতে লাগিল"।

সাহিত্যের ভাণ্ডারে এরূপ দৃষ্টান্তের অভাব নাই।

ক্রোধ সম্বন্ধে ভরত মুনি বলিয়াছেন—"বিবাদ, কলহ ও প্রতিকূলাচরণ দ্বারা ক্রোধ জন্মে। শত্রু নির্য্যাতন করিবার সময় ক্রোধে মুখ কুটিল ও উৎকট হইবে, করপরামর্ষণ, ঘন ঘন ভুজদণ্ডে দৃষ্টি নিক্ষেপ ও দম্ভ প্রকাশ করিবে। কোন গুরু লোকের উপর ক্রোধ হইলে দৃষ্টিটা কিঞ্চিৎ অধোমুখ হইবে, দেহের অল্প অল্প ঘর্ম্ম মুছিতে থাকিবে, এবং কঠোর চেষ্টা অব্যক্ত রাখিবে। কোন প্রণয়ীর ক্রোধ হইলে বিচরণ স্বল্পতর হইবে, অপাঙ্গ বিক্ষেপের সহিত অশ্রুপাত, ভ্রূকুটি ও ওষ্ঠস্ফুরণ করিবে। পরিজনের উপর ক্রোধ হইলে ক্রূরতা রহিত হইয়া তর্জ্জন, ভর্ৎসনা নেত্রবিস্ফারণ ও বিবিধ প্রকার দৃষ্টিপাত করিবে।"

এই দুইটী উদাহরণ হইতেই প্রতীয়মান হইবে যে নাট্যশাস্ত্র-প্রণেতা ভরত মুনি নরচিত্তকে কিরূপে বিশ্লেষণ করিয়া তাঁহার গ্রন্থ মধ্যে একে একে দেখাইয়াছেন।

নরচিত্ত নাট্যের প্রাণ। নরচিত্তের ভাবরাশি অনন্ত। নাট্যশাস্ত্রও তাই বিপুল। এই বিষয়গুলীর সম্বন্ধে আমি সেই শাস্ত্রের অতি সামান্য একটু অংশই প্রদর্শন করিতে চেষ্টা করিয়াছি মাত্র। আপনারা যে ধৈর্য্য সহকারে এতক্ষণ পর্য্যন্তও এই অক্ষম চেষ্টাকে প্রশ্রয় দিয়াছেন তাহার জন্য আপনাদিগকে অন্তরের সহিত ধন্যবাদ না দিয়া পারি না। পরিশেষে নিবেদন, এই সুধীসমাজ যদি ভরতের নাট্যশাস্ত্রের ব্যাখ্যাসহ বঙ্গানুবাদ প্রকাশ করিবার আয়োজন করেন তাহা হইলে বঙ্গসাহিত্যের পরম উপকার করা হইবে বলিয়া বিবেচনা করি। সেই উদ্দেশ্যেই এই অকিঞ্চিৎকর প্রবন্ধ লইয়া, আমি অযোগ্য হইলেও, আজ এই পণ্ডিত-সমাজে উপস্থিত হইতে সঙ্কোচবোধ করি নাই।

শ্রীরাজেন্দ্রলাল আচার্য্য।

বসন্ত।

(১)

বসন্তে আজ দিক্‌দিগন্তে
উঠ্‌ছে ফুটে তোমার হাসি।
উষা-কালে কিরণ-জালে
হেরি তোমার আঁচল নব,
সন্ধ্যাবেলা মেঘমালা—
এলায়িত অলক তব।
ধীর বাতাসে ভেসে আসে
তোমার কেশের গন্ধরাশি।
আজ তোমারে প্রিয়ে আমার।
মনের মত ভালবাসি।

(২)

সন্ধ্যা কালে যখন আসে
মধুর হাসি' তারারাশি,
আকুল-করা জ্যোৎস্নাধারা
ফুটায় যখন রূপার হাসি।
কোকিল ডাকে বকুল-ডালে
প্রাণমাতানো মধুর তানে,
তোমার কথা সুরে সুরে
বাজে আমার আকুল প্রাণে।

(৩)

বসন্ত আজ কুঞ্জবনে
তোমার রূপে উঠ্‌ল সাজি',
কোকিল-সুরে মর্ম্মপুরে
তোমারি স্বর উঠ্‌ছে বাজি।
বিশ্বজোড়া আনন্দ আজ
তোমায় স্মরি' জাগ্‌ছে প্রাণে,
এ আনন্দ বুঝবে কে আর—
সুধু আমারি মনে জানে।

(৪)

লতায় লতায় পাতায় পাতায়
তোমার ছবি ফুট্‌ছে আজি,
তোমার গন্ধ দেয় আনন্দ,
তোমার ছন্দ উঠ্‌ছে বাজি।
জানিনা কি উর্ম্মিদোলে
কোন্ আনন্দে চল্‌ছি ভাসি,—
আজ তোমারে প্রিয়ে আমার
মনের মত ভালবাসি।

শ্রীজগদীশচন্দ্র রায় গুপ্ত।

চীন ও ভারতসন্তান।

চীন সম্বন্ধে আমরা নিতান্ত অজ্ঞ। ভারত-সমাজে চীনের কোন কথাই প্রচারিত নয় বলিলে অত্যুক্তি হইবে না। বোধ হয় নিম্নলিখিত কয়েকটি তথ্য ছাড়া ভারতবাসী চীনের আর কিছু জানেন না :—

প্রথমতঃ, আমরা জানি যে চীন একটা দেশের নাম। কোন লোকের নাম নয়।

দ্বিতীয়তঃ, এই দেশে ইয়াংশিকিয়াঙ্ নামে একটা নদী আছে। এই দেশের কোন পাহাড়ের নাম আমরা জানি কিনা বলিতে পারি না।

তৃতীয়তঃ, পিকিঙ্ এই দেশের রাজধানী অথবা একটা বড় সহর। কিন্তু মানচিত্রে দেখাইতে হইলে বোধ হয় ক্যাণ্টন বন্দরের নিকট হইতে অঙ্গুলি সরাইতে আরম্ভ করিব।

এখনই একটা কথা উঠিবে যে ছাত্রবৃত্তি অথবা ম্যাট্রিকুলেশন পরীক্ষার জন্য বালকেরা চীনের ভূগোল শিখিয়া থাকে। তাহারা চীন সম্বন্ধে আরও অনেক কথা জানে। অন্ততঃ "টংটিঙ্ পয়্যাঙ্ চীনদেশে" ইহাও সকলেরই জানা। বক্তব্য এই যে, পরীক্ষা দিবার কয়েক সপ্তাহ পর পর্য্যন্ত মানুষের যতখানি বিদ্যা থাকে তাহার দুই বৎসর পরে ততখানি বিদ্যা থাকে না। অর্থাৎ ছাত্রবৃত্তি কিম্বা প্রবেশিকা পরীক্ষার জন্য আমরা যতটা ভূগোলশাস্ত্র মুখস্থ করিয়া থাকি, বি-এ, বি-এস্‌সি ক্লাশে উঠিতে উঠিতে তাহার দশমাংশ ও মনে রাখি না। কাজেই যখন প্রবীণ লেখক, জননায়ক অথবা মোড়ল দাঁড়াইয়া যাই তখন চীনদেশের হ্রদ অথবা পেবিলি উপসাগরের নাম স্মরণে থাকে না।

চতুর্থতঃ, একজন চীনা লোকের নাম জানি। এই নামটা বোধ হয় বহুকাল পর্য্যন্ত মনে থাকে। চৈনিক পরিব্রাজক হুয়েন্থ সাঙের (অথবা চুয়ান্ চাঙ্) গল্প বাল্যকালেই একজন টিকিধারী বৌদ্ধ সন্ন্যাসীর সঙ্গে পরিচিত করাইয়া দেয়, যদিও খৃষ্টীয় সপ্তম শতাব্দীতে চীনারা বোধ হয় টিকি রাখিত না। পঞ্চম শতাব্দীর বিক্রমাদিত্যের আমলে ফাহিয়ান ভারত পর্য্যটনে আসিয়াছিলেন। কিন্তু বোধ হয় যে আমাদের চিন্তায় ফাহিয়ান অপেক্ষা হুয়েন্থ্‌সাঙের কথা বেশী স্থান পাইয়া থাকে।

চীনা ভূগোল ও ইতিহাসের বিদ্যা আমাদের এই পর্য্যন্ত। শেষে একদিন ১৯১১ সালে হঠাৎ এক চীনা নাম দুনিয়ায় ছাইয়া পড়িল। আজকালকার সংবাদপত্রের মুখে সেই নাম ভারতের আবালবৃদ্ধবনিতারও কর্ণ-গোচর হইয়াছে। সান্-ইয়াৎ-সেনের কথা বলিতেছি। বোধ হয় য়ুয়ান্-শী-কাইয়ের নাম আমাদের বেশী লোক জানে না।

যাহা হউক, হুয়েন্থ-সাঙের পর আমরা সান্‌কে পাইয়াছি। মাঝে মাঝে কল্পনার আশ্রয় লইয়া বুঝিতে চেষ্টা করিতেছিলাম "চীনকে কনফিউশিয়াসের দেশ বলিয়া কয়জন ভারতবাসীর জানা আছে? দুনিয়ার লোকেরা চীনকে কন্‌ফিউশিয়াসের দেশ বলিয়াই জানে।" ভাবিতে ভাবিতে স্থির করা গেল যে, কন্‌ফিউশিয়াস নামটা ভারত সমাজে সুবিদিত নয়। অনেকে অবশ্য শুনিয়া থাকিবেন—কিন্তু ইহা কি বস্তু, পাহাড়ের নাম না দেবতার নাম সে সম্বন্ধে ধারণা বোধ হয় অস্পষ্ট। বিশ্ববিদ্যালয়সমূহের গ্র্যাজুয়েট-গণকে লইয়া বর-ঠকান প্রশ্ন সুরু করিলে রহস্যটা উদ্‌ঘাটিত হইতে পারে। এই ধরণের বর-ঠকান প্রশ্ন ইয়োরামেরিকার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণকে করা হয়—বলা বাহুল্য অধিকাংশ স্থলেই তাঁহারা ফেল মারেন।

আমরা মহম্মদ সম্বন্ধে যতই অজ্ঞ থাকি না কেন প্রয়োজন হইলে অন্ততঃ একটা পূর্ণ বাক্য (sentence) রচনা করিতে পারি। যথা "মহম্মদ * * * করিয়াছিলেন"। সেইরূপ, "যীশুখৃষ্ট * * * করিয়াছিলেন"। কিন্তু "করিয়াছিলেন" শব্দ প্রয়োগপূর্ব্বক কন্‌ফিউশিয়াস্ সম্বন্ধে একটা গোটা 'সেণ্টেন্স' রচনা করিতে আমারা কয়জন পারি? কাজেই "কন্‌ফিউশিয়াস কে অথবা কি?' এই প্রশ্নের উত্তর আমরা দিব—"কন্‌ফিউশিয়াস কন্‌ফিউশিয়াস।"

এরূপ অজ্ঞতা লজ্জাজনক আদৌ নয়। সেদিন রীড্ সাহেব আমাকে বলিতেছিলেন—"মহাশয়, আপনার দেশ সম্বন্ধে আমি এতখানি মনে রাখিয়াছি যে আপনি ব্রহ্মদেশের অধিবাসী নন।" বস্তুতঃ তিনি ইন্‌ষ্টিটিউটে বক্তৃতার বিজ্ঞাপন ছাপিবার সময়ে একবার আমি বোম্বাইয়ের লোক, একবার মাদ্রাজের লোক এবং একবার বেঙ্গলের লোক বলিয়া জনসাধারণকে জানাইয়াছেন। আমেরিকার কোন কোন পণ্ডিত জিজ্ঞাসা করিতেন—"মহাশয়, বেঙ্গলের রাজধানী কলিকাতা? না, কলিকাতার রাজধানী বেঙ্গল? আর কয়েকদিন হইল একজন ইংরাজ অধ্যাপক জিজ্ঞাসা করিতেছিলেন—"মহাশয়, ভারতবর্ষের 'ঠাকুর' কি মধ্যযুগের লোক, না প্রাচীনযুগের লোক?" অধ্যাপক মহাশয় দর্শন শাস্ত্রের আলোচনা করিয়া থাকেন। ইনি "মিষ্টিক" নামে পরিচিত এবং চীনা মিষ্টিক সাহিত্যের সেরা গ্রন্থ 'তাও-তে-কিঙ্' ইংরাজিতে অনুবাদ করিয়াছেন!

ধরিয়া লইলাম যে কন্‌ফিউশিয়াস শব্দটা ভারতবর্ষের কোন কোন মহলে কথঞ্চিৎ পরিচিত। অতএব চীনের তিনটা ভৌগোলিক নামে এবং তিনটা ঐতিহাসিক নামে ভারতবাসীর "চীনা বিশ্বকোষ" সম্পূর্ণ। আর একটা কথা ভুলিয়া যাইতেছিলাম। আজকাল আমাদের লোক-সাহিত্যে নিম্নলিখিত পদটা সুপ্রচলিত, "সন্তান যার তিব্বত, চীন, জাপানে গঠিল উপনিবেশ।" অর্থাৎ আমরা ছেঁড়া চটে শুইয়াও মাঝে মাঝে স্বপ্ন দেখিয়া থাকি যে আমরা চীনাদের গুরু—চীনারা আমাদের শিষ্য—ভারতবর্ষ চীনা বৌদ্ধগণের স্বর্গভূমি।

চীন সম্বন্ধে এই সাত দফা জ্ঞান, মাত্র আমাদের উচ্চ-শিক্ষিত মহলে অনেকের সম্বল। বিশেষজ্ঞগণের কথা বলিতেছি না। অথবা যাঁহারা ম্যাক্‌স্‌মুলার সম্পাদিত Sacred Books of the East গ্রন্থমালার হিন্দু ছাড়া অন্যান্য জাতীয় গ্রন্থ ঘাঁটিয়া থাকেন তাঁহাদের কথাও বলিতেছি না। অথবা যাঁহারা তিব্বত, নেপাল এবং কাশ্মীর পর্য্যন্ত ঐতিহাসিক তথ্য অন্বেষণে আসিয়া হিমাচলের অপর পারের অবস্থাও কল্পনায় আনিয়াছেন তাঁহাদের কথাও বলিতেছি না। এই সাত দফা জ্ঞান লইয়াই চীনে পদার্পণ করিয়াছিলাম। চীনতত্ত্বের অ, আ, ক, খ চীনেই সুরু করিয়াছি বলিতে বাধ্য।

আমার বিশ্বাস, ভারতবাসীর পক্ষে চীনা মুসলমানের ধর্ম্ম ও সমাজ সর্ব্বাপেক্ষা অধিক কৌতুহলোদ্দীপক। বস্তুতঃ চীনে মুসলমান আছে এই তথ্যটা ভারতীয় হিন্দু মুসলমানের জানা নাই বলিতে পারি। এই কারণে চীনাদের খাঁটি স্বদেশী কন্‌ফিউশিয়াস অথবা ধারকরা বুদ্ধাবতার বা "ফো" ভারত সন্তানের দৃষ্টি অতি সহজেই আকৃষ্ট করে না। সত্য বলিতে কি, চীনের বৌদ্ধ সমাজ অপেক্ষা মুসলমান সমাজকেই যেন বেশী আত্মীয় মনে হইতেছে। কন্‌ফিউশিয়াস নিতান্ত অজানা বস্তু—বুঝিতে সময় লাগা স্বাভাবিক। কিন্তু বুদ্ধ আমাদেরই আবিষ্কার হওয়া সত্ত্বেও শিষ্যের দেশে আসিয়া পরধর্ম্মী মুসলমানকে অধিকতর আপনার ভাবিতেছি কেন? বোম্বাইয়ে পার্শী এবং মুসলমান সহযাত্রী জাহাজে ছিলেন—পার্শী অপেক্ষা মুসলমানকে অধিকতর নিজের বোধ হইয়াছিল। অথচ পার্শীরা ধর্ম্ম হিসাবে আমাদের পূর্ব্বপুরুষগণেরই জ্ঞাতি ও কুটুম্ব। মুসলমান সহযাত্রীরা যখন মক্কায় যাইবার জন্য অর্দ্ধপথে নামিলেন তখন কয়েকবার ইচ্ছা হইয়াছিল মক্কা দেখিয়া যাইব। তাহার পর মিশরে যখন মুসলমানদিগকে দেখিলাম, তাহারা "হিন্দ"বাসীকে পাইয়া যেন কোলাকুলি করিতে আসিল। আমিও তাহাদিগের সঙ্গে যেন নিজের সহরেই বাস করিতেছিলাম। কাইরো ছাড়িতে সত্যসত্যই কষ্ট হইয়াছিল। মিশরীয় মুসলমানেরা ভারতীয় মুসলমানের কোন সংবাদই রাখে না, কিন্তু "হিন্দী"কে পাইয়া তাহারা ঘরের ছেলেকে পাইয়াছিল। তাহার পর স্থানে স্থানে পারসীক মুসলমানের সঙ্গে দেখা হইয়াছিল। তাহাদের সঙ্গেও ঠিক সেইরূপ আত্মীয়তা ও ঘনিষ্ঠতা। মুসলমানের নাম বিদেশে যেখানেই শুনিয়াছি সেইখানেই ঘরোয়ালোকের কথা মনে পড়িয়াছে। অন্য কোন জাতি বা ধর্ম্মের নরনারীকে এইরূপ ভাবিতে পারা যায় নাই—ইহা সত্য কথা। জাপানে আসিয়া বৌদ্ধ দেখিলাম—বুঝিলাম আমাদেরই কয়েকঘর যজমানের সংস্পর্শে আসিয়াছি। চীনেও সেইরূপ শিষ্যবাড়ীতেই রহিয়াছি। কিন্তু এখানে

মুসলমানের সাক্ষাৎ পাওয়া মাত্র হৃদয়ের যে তন্ত্রী বাজিয়া উঠিল শাক্যসিংহের উপাসক চীনা জাপানী বৌদ্ধগণকে দেখিয়া সে তন্ত্রী বাজিল না কেন?

চীনা মুসলমান আমার ধর্ম্ম কি, জানে না। কথোপকথনের পর বুঝিতে পারে যে আমি মুসলমান নহি—কিন্তু মুসলমানের দেশ হইতে আসিয়াছি। মিশরীয় মুসলমানদিগের অনেক কায়দা ভারতীয় মুসলমানী রীতি-নীতি হইতে যথেষ্ট পৃথক। মিশরের মুসলমান হয়ত ভারতের মুসলমানকে স্বধর্ম্মী বলিয়া না চিনিতেও পারে। কিন্তু তাহারা একজন অ-মুসলমানকে, মুসলমানের দেশের লোক বলিয়া, আত্মীয় বিবেচনা করে। এই ভ্রাতৃত্বের রাখীবন্ধনে মুসলমানেরা এশিয়াকে সত্য সত্যই ঐক্যবদ্ধ করিয়া রাখিয়াছে।

আর আমি পার্শীকেও ইচ্ছানুরূপ আত্মীয় ভাবিতে পারিলাম না এবং বৌদ্ধকেও যথেষ্ট আপনার ভাবিতে পারিতেছি না কেন? দুনিয়ার যে-কোন লোককে আপনার করিয়া লইতে পারি, এবং লইয়াছিও সেকথা স্বতন্ত্র। কিন্তু চীনের, পারস্যের এবং মিশরের মুসলমানকে যেরূপ বিশেষভাবে আপনার ভাবিয়াছি সেই বিশেষত্বের ব্যাখ্যা কি?—বোধ হয় এই যে ভারতবর্ষ, (অতবড় দেশটার চতুঃসীমা মনে থাকে না—কেবল বাঙ্গলা দেশটার কথাই বলি), অথবা বাঙ্গলাদেশ কেবল হিন্দুস্থান নহে, মুসলমান-স্থানও বটে। ইহা পার্শীস্থানও নহে এবং বৌদ্ধস্থানও নহে। ইতিহাসের নজির আনিলে "হিন্দু পার্শী জৈন ইসাহি শিখ মুসলমান" সকলের স্থান এই হিন্দুস্থান। কিন্তু কার্য্যক্ষেত্রে বাঙ্গালীর চিন্তায় ভারতবর্ষ হিন্দুমুসলমানস্থান। জন্মিয়া অবধি বাঙ্গালী হিন্দু, ডাহিনে মুসলমান বন্ধু এবং বাঁয়ে মুসলমান বন্ধুর সঙ্গে খেলা করে। আবার মুসলমান শিশুও, ডাহিনে হিন্দুসখা এবং বামে হিন্দুসখার সঙ্গে বিকাশ প্রাপ্ত হয়। তাহার পর বাজারে, দোকানে, হাটে, গোচারণমাঠে, কৃষিক্ষেত্রে, পরবে, মেলায়, ধর্ম্ম-কর্ম্মে, "উৎসবে ব্যসনে দুর্ভিক্ষে শ্মশানে" হিন্দুর সাহচর্য্য মুসলমান করে, মুসলমানের সাহচর্য্য হিন্দু করে। হিন্দুর রক্তের সঙ্গে মুসলমানের নিশ্বাস মিশিয়া আছে—মুসলমানের রক্তে হিন্দুর নিঃশ্বাস লক্ষিত হয়। এই সাহচর্য্য, সহবাস এবং ভ্রাতৃত্বের বন্ধন দুশ্ছেদ্য। এই মায়া কাটাইয়া উঠা রক্তমাংসের মানুষের পক্ষে অসম্ভব।

বৌদ্ধেরা হিন্দু এবং হিন্দুরা বৌদ্ধ। পার্শীরা বৈদিক এবং বৈদিকেরা পার্শী। মাথা খাটাইয়া, দর্শনালোচনা করিয়া, ঐতিহাসিক পাণ্ডিত্য দেখাইয়া এই তত্ত্ব প্রতিষ্ঠিত করা যাইতে পারে। কিন্তু মস্তিষ্কের আবিষ্কারে কি হৃদয়ের টান, মায়ার শৃঙ্খল সৃষ্টি করিতে পারে? চোখে না দেখিতে না দেখিতে অতিপ্রিয়জনও অন্তরের বাহির হইয়া যায়—তাহার স্থান আর একজন দখল করে। বাঙ্গালী হিন্দুর হৃদয়ে মুসলমান যেভাবে বসিয়াছে বৌদ্ধ সেভাবে বসিবে কোথা হইতে? আবার এই জন্যই বঙ্গীয় মুসলমানও তাইগ্রিস বা নাইল নদের ধারা অপেক্ষা গঙ্গা ব্রহ্মপুত্রের ধারেই মরিতে চাহে।

শ্রীবিনয়কুমার সরকার।

সখা।

যাছিল সকলি সখা দেছি তোমা ঢেলে
কিবা আছে কিবা দিব গৃহলক্ষ্মী এলে?
কাজ নাই প্রজাপতি, ফুটাইয়ে ফুল
যে মধু দিয়েছ বঁধু, কোথা তার তুল?

শ্রীকুলচন্দ্র দে।

কণ্ঠহার।*

(গল্প)

(১)

নিয়তির ভ্রমবশতঃই যেন সুন্দরী প্রস্ফুট গোলাপের ন্যায় মনোহারিণী বালিকা চারুশীলাকে দরিদ্র কেরাণীর গৃহে জন্মগ্রহণ করিতে হইয়াছিল। তাহার পিতার না ছিল সম্পদ, না ছিল ভবিষ্যতে অবস্থার উন্নতির সম্ভাবনা। এমন কোনও সংস্থানই ছিল না যে তিনি তাঁহার একমাত্র কন্যা চারুশীলাকে কোনও অবস্থাপন্ন বিদ্বান সৎপাত্রে দান করিতে পারেন। সওদাগর আফিসের কেরাণী সতীশচন্দ্রের সহিতই তার বিবাহ সম্পন্ন হইল।

চারু গরীবের মেয়ে, গরীবের গৃহিণী। আশৈশব দারিদ্র্যের মধ্যে বাস করিয়া স্বভাবতঃই তাহার অন্তরে একটা অতৃপ্ত আকাঙ্ক্ষা জাগিত।

সতীশের পিতা বর্ত্তমানে তাহাদের অবস্থা বেশ সচ্ছল ছিল। পিতার মৃত্যুকালে সতীশ মাত্র দশবৎসরের বালক। সে আজ প্রায় বার বৎসরের কথা।

তাহার পিতা মৃত্যুকালে সামান্য কিছু নগদ টাকা রাখিয়া গিয়াছিলেন; আর রাখিয়া গিয়াছিলেন, কলিকাতায় একখানি ভাল দোতালা বাড়ী। পিতার সেই নগদ টাকাতেই এতকাল সংসার চলিয়া আসিয়াছে।

এণ্ট্রান্স পাশ করিয়া সতীশ যখন কলেজে পড়িতেছিল তখন তাহার স্নেহময়ী মাতাও ইহলোক হইতে বিদায় লইলেন। এইরূপ আরও নানাবিধ সাংসারিক দুর্ঘটনায় বাধ্য হইয়া তাহাকে কলেজ ছাড়িতে হইল। অবশেষে সে চাকুরীর খোঁজে বাহির হইয়া সওদাগর আফিসে ত্রিশটাকা বেতনে সামান্য একটী কেরাণীর কাজ পাইল। সতীশ তখনও অবিবাহিত। তাহার সংসারে আর কেহই নাই, সে একা। পরে যখন সে নব-বধূ চারুশীলাকে বিবাহ করিয়া ঘরে আনিল তখন তাহার আঁধার ঘরে আবার আলো ফুটিল।

(২)

তখন অপরাহ্ণ। আফিস হইতে ফিরিয়া আসিয়া সতীশ তাহার স্ত্রীকে ডাকিল "চারু।"

চারু রান্নাঘর হইতে উত্তর করিল "কেন?"

"দেখে যাও"।

"বল না কি?"

সতীশ আবার কহিল "দেখে যাওনা; তুমি কচ্ছ কি?"

"র'সো আমি তোমার জলখাবার তৈরী ক'রে নিয়ে আসৃছি।"

চারু যখন জল খাবারের থালা লইয়া সতীশের নিকট আসিল, সতীশ একখানা সুন্দর খাম তাহার হাতে দিয়া কহিল "দেখ তোমার একটা জিনিষ।" চারু ব্যগ্র ভাবে খাম খানি ছিন্ন করিয়া দেখিল, একখানি সোনার জলে মুদ্রিত কার্ড। তাহা সতীশের বাল্যবন্ধু কীর্ত্তিপাশা গ্রামের জমিদার-পুত্র অমিয়কুমারের বিবাহের নিমন্ত্রণ পত্র।

স্বামীর আশানুরূপ আনন্দিত না হইয়া চারু পত্রখানি অবজ্ঞাভরে টেবিলের উপর ফেলিয়া দিয়া কহিল "এতে কি হবে?" সতীশ কিছু আশ্চর্য্যান্বিত হইয়া কহিল "কেন, সেদিনও তো তুমি বলেছিলে 'আমি কোথাও যেতে পারি না। শুধু শুধু ব'সে থাক্‌তে কার ইচ্ছা করে?—কারো বাড়ীতে গিয়ে তাদের মেয়েদের সাথে কথাবার্ত্তা গল্পসল্প কিছুই কর্ত্তে পারি না।' তাই তোমাকে এই চিঠিখানা দিচ্ছিলাম। সেখানে অনেকে যাবে। অনেক বাছা বাছা লোকের নিমন্ত্রণ। তুমি যেতে চাচ্ছনা কেন? বিশেষতঃ অমিয় আমার বাল্যবন্ধু, সমপাঠী; তার ওখানে না গেলে ভারি অন্যায় হবে। আর সে-ই বা কি মনে কর্ব্বে?"

চারু সতীশের মুখপানে চাহিয়া কহিল, "আমি যাব কেমন ক'রে?"

সতীশ ব্যস্ত হইয়া কহিল, "কেন, কি হয়েছে?" চারু তখন অস্ফুট স্বরে কহিল, "আমার যে কিছুই নাই, পরবার একখানা ভাল কাপড় নাই, হাতে একগাছিও চুড়ী নাই। আমি সেখানে কেমন ক'রে যাব?"

---

* ফরাসী কবি Guy de Maupassant অবলম্বনে।

সতীশ একথা ভাবে নাই। সে ক্ষণকাল নীরব রহিয়া কহিল "কেন, যে পোষাক প'রে তুমি ঘোষেদের বাড়ীর নিমন্ত্রণে গিয়েছিলে? সেটী তো আমার মনে হয়, বেশ।"

চারু কি বলিতে যাইতেছিল; হঠাৎ তার চোখদুটী ছল ছল করিয়া উঠিল। দুইটী বড় বড় অশ্রুবিন্দু আঁখি কোণ হইতে ধীরে ধীরে গড়াইয়া তার অধর স্পর্শ করিল।

স্ত্রীকে ক্রন্দন করিতে দেখিয়া সতীশ সবিস্ময়ে জিজ্ঞাসা করিল "কি হয়েছে চারু?"

তরুণী প্রবল চেষ্টায় আপন দুঃখাবেগ দমন করিয়া, সিক্ত কপোল অঞ্চলে মুছিয়া লইয়া শান্তকণ্ঠে কহিল "কিছুই না; আমার ভাল কাপড় চোপড় নেই তাই আমি যেতে পার্ব্ব না।"

স্ত্রীর কথা শুনিয়া সতীশ হতাশ হইয়া পড়িল। সে কিয়ৎক্ষণ চিন্তা করিয়া কহিল, "আচ্ছা বেশ, তোমার মনোমত অথচ সাদাসিদে, অন্য সময়ও ব্যবহার কর্ত্তে পার এমন একখানা ভাল সাড়ী কিন্‌তে কত প'ড়বে?"

চারু কয়েক মুহূর্ত্ত ভাবিল, কত টাকা হইলে একখানা হয়। আবার তাহার স্বামী প্রার্থিত অর্থের কথা শুনিয়া একেবারে অস্বীকার না করে, তাই একটু ইতস্ততঃ করিয়া কহিল, "ঠিক্ জানি না; তবে আমার বিশ্বাস ১৫৲ টাকাতেই বেশ একখানা মানানসই ভাল সাড়ী পাওয়া যাবে।"

সতীশের মুখখানা যেন একটু বিবর্ণ হইয়া গেল। কেন না, আজ কয়েক মাস যাবত তাহার বেতন হইতে দুই একটা টাকা বাঁচাইয়া মাত্র সেই ১৫৲ টাকাই সে একটী ভাল ঘড়ী কিনিবে বলিয়া জমাইয়া রাখিয়াছিল। চারুর কথা শুনিয়া সে বলিল, "বেশ, আমি তোমায় ১৫৲ টাকাই দিব। কি রকম সাড়ী কিন্‌বে বল।"

(৩)

ক্রমে উৎসবের দিন নিকটবর্ত্তী হইল। কিন্তু চারুকে যেন আরও বিষন্ন ও উদ্বিগ্ন দেখাইতে লাগিল। অথচ তাহার পোষাক তো প্রস্তুত।

সেদিন সন্ধ্যার সময় তাহার স্বামী আসিয়া তাহাকে ডাকিয়া কহিল "চারু, তোমাকে আজ এমন দেখাচ্ছে কেন? কোনও অসুখ করে নাই তো?" চারু যেন অন্যমনস্ক ভাবে কহিল, "না, কৈ আমি তো কিছুই বুঝ্‌তে পাচ্ছি না।"

"২০ শে অমিয়ের বিয়ের নিমন্ত্রণ। মনে আছে তো?"

চারু মাথা নাড়িয়া কহিল, "আমি তো যাব না।"

সতীশ একটু বিরক্ত হইয়া কহিল "কেন, আবার কি হ'ল?"

চারু অভিমানভরে মুখ ফুলাইয়া কহিল, "আমার একখানিও গয়না নাই। হাতে একগাছিও চুড়ী নাই। মাত্র দু'গাছি শাঁখা প'রে এত লোকের ভিতর যেতে আমার ভারি লজ্জা হচ্ছে। কত লোকে কত গয়না পরে আস্‌বে, তাদের মধ্যে আমাকে নেহাত ভিখারীর মত দেখাবে। তার চেয়ে বরং সেখানে না যাওয়াই ভাল।"

"আচ্ছা বেশ, আমি তোমার জন্য কয়েক গাছি সুন্দর বেলোয়াড়ী চুড়ী আন্‌ব। তাতে হবে তো?"

চারুর তাহাতে মন উঠিল না। সে কহিল "না, ধনী মেয়েদের কাছে গরীবের মত থাকার চেয়ে অপমান আর নাই।"

সতীশ ক্ষণকাল চিন্তা করিয়া কহিল "একটা কাজ কর্লে হয় না?" চারু কহিল "কি কাজ?"

"অনিল বাবুর স্ত্রীর সঙ্গে তো তোমার বেশ ভালবাসা আছে।"

"হাঁ আমরা এক সঙ্গে পড়তাম। ছোটবেলা-থেকেই তার সঙ্গে আমার বেশ ভাব।"

"তবে তাঁর কাছে থেকে কয়েকখানা গয়না চেয়ে আন না।

চারু মুখ ফিরাইয়া বলিল "ছিঃ, আমি কি লজ্জার মাথা খেয়েছি?"

সতীশ কহিল, "তাতে কি, তাঁর সঙ্গে তোমার যেরূপ বন্ধুতা তাতে তুমি অনায়াসে চাইতে পার।"

স্বামীর কথায় চারুশীলা স্বীকৃত হইল। এবং পরদিন সখীর কাছে যাইয়া আপনার বিপদের কথা বলিল।

বিমলা সিন্দুক হইতে আপনার গহনার বাক্স নামাইয়া আনিল, এবং চারুর সম্মুখে রাখিয়া কহিল, "নাও বোন, তোমার পছন্দমত বেছে নাও।"

চারু তাহা হইতে কয়েকখানি গহনা আপনার মনোমত বাছিয়া লইল। তাহার পর দেখিল বাক্সের এক কোণে একটী সুন্দর কৌটা রহিয়াছে। সে কৌতুহল বশতঃ তাহা হাতে লইয়া খুলিয়া দেখিল তাহাতে একগাছি অতি চমৎকার মুক্তাহার! অদম্য আকাঙ্ক্ষায় তাহার বক্ষ স্পন্দিত হইল। তুলিবার সময় তার হাত কাঁপিয়া উঠিল।

সে একটু ইতস্ততঃ করিয়া সখীকে জিজ্ঞাসা করিল "এইটে—এই হারগাছি—"

"হারগাছি চাচ্ছ? বেশতো, নাও না।" চারু সখীর কণ্ঠ আলিঙ্গন করিয়া প্রীতিউচ্ছ্বসিত হৃদয়ে তাহাকে চুম্বন করিল ও সেই রত্নহার লইয়া ছুটিয়া পলাইল।

(৪)

আজ সতীশের বন্ধু অমিয়কুমারের বিবাহোৎসব। অনেক লোক আসিয়াছে। চারিদিকেই কোলাহল। চন্দ্রমুখী বামার দলে বাড়ী ভরিয়া গিয়াছে। কেউ বা 'পাছা-পেড়ে' পরিয়াছেন, কেউ বা সাড়ী পরিয়াছেন; কেউ বা উলুধ্বনি দিতেছেন, কেউ বা মিলন-গীত গাইতেছেন, কেউ বা বরণডালা সাজাইতেছেন। আবার কেউ বা গাল ভরিয়া পান খাইতেছেন, কেউ বা গল্প নিয়া বসিয়াছেন।

বিবাহোৎসবের এই মহিলা-সভায় চারুও আসিয়া যোগদান করিল। তখন সকলের চক্ষু তাহার সেই হারগাছির উপর পড়িল। কেউ বা তার কারুকার্য্যের প্রশংসা করিতে লাগিলেন, কেউ বা মনে মনে ঠিক করিয়া রাখিলেন বাড়ী ফিরিয়াই প্রিয়জনের কাছে ঠিক এমনি একগাছি হারের দাবী করিবেন।

বিবাহ গোধূলি লগ্নেই হইয়াছিল। কিন্তু চারু ও সতীশের বাড়ী ফিরিতে অনেক রাত হইয়া গেল। চারু আজ অনেক দিন পরে অন্যান্য মেয়েদের সঙ্গে গল্প করিবার সুযোগ পাইয়াছে। এবং সতীশও তার বন্ধুর সঙ্গে গল্প করিতে বসিয়াছিল; সুতরাং যখন তাহারা বাড়ী ফিরিল তখন রাত্রি ১২ টা।

বাড়ী আসিয়া পোষাক খুলিতে খুলিতে চারু অকস্মাৎ চমকিয়া উঠিল—"একি, আমার হারগাছি তো গলায় নাই!"

সতীশ সবিস্ময়ে জিজ্ঞাসা করিল "কি, কি হয়েছে?"

"আমি বিমলার হারগাছি হারিয়ে ফেলেছি!"

"সেকি? কেমন ক'রে?—অসম্ভব।"

"হাঁ, দেখ্‌ছো না আমার গলায় যে হারগাছি নেই!"

"তাইতো, হায় কি হ'ল!" বলিয়া অকস্মাৎ বজ্রাহতের ন্যায় তাহারা পরস্পরের মুখপানে চাহিয়া রহিল। পরে সতীশ উঠিয়া কাপড় ও জামার ভাঁজে ভাঁজে এবং চারু বাড়ী আসিয়া যে যে জায়গায় গিয়াছিল তাহা তন্ন তন্ন করিয়া খুঁজিল; কোথাও পাইল না। সতীশ তখন জিজ্ঞাসা করিল, "তুমি ঠিক জান, গাড়ীতে উঠ্‌বার সময় সেটা তোমার গলায় ছিল?"

চারু কহিল "আমার ঠিক মনে হয় না। তবে মেয়েকে বরণ করে আন্‌বার সময় একবার আমি হাতে স্পর্শ করেছিলাম। বরণ করা হ'য়ে গেলে প্রায় আধঘণ্টা পরে আমি ঘুমিয়ে পড়ি।"

"যদি পথে হারাতো তবে বোধহয় পড়বার শব্দ টের পেতাম। যখন ঘুমিয়েছিলে তখন হয়ত কেউ খুলে নিয়েছে।"

"সম্ভবতঃ তাই। কিম্বা গাড়ীতেও ফেলে আস্‌তে পারি। তুমি কি গাড়োয়ানের নম্বর জান?"

"না।"

এখন তাহারা কি করিবে কিছুই ভাবিয়া পাইল না। উভয়ে হতবুদ্ধি হইয়া কিয়ৎক্ষণ নীরবে দাঁড়াইয়া রহিল। অবশেষে সতীশ কহিল, "আমরা যে পথে এসেছি সেই পথেই আবার আলো নিয়ে যাই; দেখি পাই কিনা।"

স্বামী চলিয়া গেল। চারু সেই অবস্থাতেই অবসন্ন ভাবে চেয়ারে বসিয়া তাহার অপেক্ষা করিতে লাগিল। শুইতে যাইবারও তাহার সামর্থ্য ছিল না।

সতীশ পরদিন ভোরবেলা ৪টার সময় ফিরিয়া আসিল।—হার পায় নাই।

সে পুলিসে গেল। পুরস্কার ঘোষণা করিতে সংবাদ-পত্র কার্য্যালয়ে গেল। গাড়ীওয়ালাদের আড্ডায় ঘুরিল। বস্তুতঃ যেখানে সামান্য মাত্র সন্দেহ হইল সেই খানেই গেল। কোথাও পাইল না।

চারু একাকী ঘরে বসিয়া আশঙ্কায় উন্মত্তের মত সমস্তদিন যাপন করিল। সতীশ আবার রাত্রিতে ফিরিয়া আসিল।—কোনও সন্ধান পায় নাই।

সে তাহার স্ত্রীকে কহিল, "তোমার বন্ধুকে লিখে দেওয়া উচিত যে, তুমি, তার হারগাছির 'আঁকরাটী' ভেঙ্গে ফেলেছ। তাই উহা সারাতে দিয়েছ। ইতিমধ্যে যদি কিছু ক'রে উঠ্‌তে পারা যায়।"

স্বামীর উপদেশ মত সে তাহাই করিল।

(৫)

এক সপ্তাহের শেষে তাহাদের সকল আশাই ফুরাইল। চারু ও সতীশকে দেখিলে মনে হয়, যেন এই কয় দিনেই তাহাদের বয়স আরও দশ বৎসর বাড়িয়া গিয়াছে।

যখন হারগাছি পাইবার আর কোনই সম্ভাবনা রহিল না, তখন সতীশ চারুকে কহিল "এখন আমাদের গহনাগুলি ফিরিয়ে দেওয়ার উপায় দেখ্‌তে হচ্ছে।" বাক্সটীতে দে কোম্পানীর নামাঙ্কিত ছিল, পরদিন সতীশ তাহাদের নিকট গেল। দোকানদার কহিল "মহাশয়, আমি মালা বিক্রয় করিনি; কেবল মাত্র বাক্সটী প্রস্তুত ক'রেছিলাম।

তাহার পর স্মৃতির সাহায্যে তদনুরূপ একগাছি কণ্ঠহার কিনিবার জন্য সে কত দোকান ঘুরিল; কিন্তু কোথাও দেখিতে পাইল না। পরিশেষে বিরক্তি ও মনস্তাপে অবসন্ন হইয়া পড়িল।

অবশেষে একদিন সে একটী দোকানে ঠিক সেই রকম একছড়া মুক্তাহার দেখিতে পাইল। তার দাম দশহাজার টাকা।

সতীশ দোকানদারকে তিন দিনের জন্য মালাগাছি বিক্রয় না করিতে অনুরোধ করিল। স্থির হইল তাহারা যদি ১৫ দিনের মধ্যে হারাণো মালা ছড়া খুঁজিয়া পায়, তাহা হইলে দোকানদার তাহার মালাগাছি আবার তাহাদের নিকট হইতে নয়হাজার টাকায় কিনিয়া লইবে।

পিতা যে টাকা রাখিয়া গিয়াছিলেন তাহার কিছু এখনও সতীশের হাতে অবশিষ্ট আছে। বাকী টাকা ধার করিতে হইবে।

একজনের নিকট হইতে এক হাজার, অপরের নিকট দেড় হাজার, এখানে পাঁচশত, সেখানে তিনশত এমনি করিয়া সে ধার করিতে লাগিল। পরিশোধ করিতে পারিবে কিনা তাহা একবারও ভাবিল না। ভাবিয়াই বা কি হইবে? সুদখোরদের সহিত— সমস্ত কুসীদজীবদের সহিত তাহাকে কারবার খুলিতে হইল। আপনার অবশিষ্ট জীবন সে বন্ধক রাখিল। ভাবী কষ্টরাশি, অন্ধকারময় দৈন্য, অচির-ভোগ্য দুঃসহ ক্লেশ ও আজীবন মানসিক যন্ত্রণার কথা একবারও চিন্তা না করিয়া সে বণিকের টেবিলের উপর দশ হাজার টাকা রাখিয়া নূতন হারগাছি লইয়া আসিল।

যখন চারু গহনার বাক্স বিমলাকে ফিরাইয়া দিতে গেল, তখন সে একটু অসন্তোষ প্রকাশ করিয়া কহিল, "তোমার আরও পূর্ব্বে দেওয়া উচিত ছিল। যদি আমার ইতিমধ্যে প্রয়োজন হ'ত?" সে কিন্তু বাক্সটী আর খুলিল না। চারুরও শুধু তাহাই ভয় হইতেছিল। বিমলা যদি বদল বুঝিতে পারিত তাহা হইলে কিছু মনে করিত না কি?

চারু এখন নিঃস্ব জীবন বুঝিল। কিন্তু নির্ভীক হৃদয়ে সে আপনার কষ্টভার বহন করিতে লাগিল। এ ভয়ঙ্কর দেনা তাহাদের পরিশোধ করিতে হইবেই। তাহারা ভৃত্য ছাড়াইল। বাসা পরিত্যাগ করিয়া একটী গৃহস্থের বাড়ীতে উপরের একটী ছোট ঘর লইয়া বাস করিতে লাগিল। দরিদ্রের সৌখীনতা কি ভীষণ সর্ব্ব-নাশের মূল হতভাগিনী তাহা বুঝিল। তৈলাক্ত বাটী ও থালাগুলি সে আপনার 'অরুণ' নখ দিয়া পরিষ্কার করিত। ময়লা কাপড় জামা প্রভৃতি স্বহস্তে ধৌত করিয়া শুকাইতে দিত। পরিধানে শতগ্রন্থিযুক্ত ছিন্ন-বাস। হাতে শুধু দু'গাছি শাখা ও কপালে সিন্দুর,

এ ছাড়া তাহার আর কোনও বেশভূষা নাই কিন্তু এখন আর তাহার কিছুতেই ভ্রূক্ষেপ নাই।

আর সতীশের এখন কি পরিবর্ত্তন! তাহার দেহের আর সে কান্তি নাই। সে বলিষ্ঠ দেহ এখন কঙ্কাল-সার। চোখে গাঢ় কালিমা। সাধারণ লোকের মত ময়লা ধুতি জামা পড়িয়া ঝুড়ি হাতে করিয়া সে বাজারে যাইত। দোকানদারদের নিকট দর কশাকশি করিয়া অপমানিত হইয়া আপনার অতি কষ্টের ধন বাঁচাইতে চেষ্টা করিত। যেদিন ঘরে চাল থাকিত সেদিন খাইত; আর যেদিন না থাকিত সেদিন উপবাস। ইহার উপর আবার মহাজনের টাকার জন্য পীড়াপীড়ি। সে একান্ত ব্যতিব্যস্ত হইয়া পড়িল; পৃথিবীটা যেন তাহার চক্ষে ঘোর অন্ধকারময় বলিয়া বোধ হইতে লাগিল।

দশ বৎসর! তাহাদের জীবনের দীর্ঘ দশ বৎসর এইরূপেই কাটিল।

দশ বৎসরের অবসানে তাহারা সুদ ও আসল এবং রাশীকৃত সুদের সুদ সমেত সমস্ত ঋণ পরিশোধ করিল।

চারুকে দেখিলে এখন বৃদ্ধা বলিয়া ভ্রম হয়। তাহার সে যৌবনোৎফুল্ল কমনীয় কান্তি কোথায় অন্তর্হিত হইয়াছে! সে এখন দীনের গৃহিণী। এখন আর সে সৌন্দর্য্য, সে লাবণ্য নাই! সে এখন দৃঢ়, বলিষ্ঠ ও কঠোর। চুলগুলি তৈলাভাবে একান্ত রুক্ষ! দর্পণে নিজের প্রতিমূর্ত্তি দেখিয়া সে নিজেই শিহরিয়া উঠে! কিন্তু সময়ে সময়ে যখন তাহার স্বামী আফিসে থাকিত, সে জানালায় বসিয়া সেই বহুপূর্ব্বকার হর্ষোৎফুল্ল যামিনীর কথা ভাবিত,—যেদিন সে নানাবিধ বহুমূল্য বেশভূষা ও অলঙ্কারাদিতে সুশোভিত হইয়া বিবাহোৎসবে গিয়াছিল, সে দিন তাহাকে কত না সুন্দর দেখাইয়াছিল!

সে যদি কণ্ঠহার না হারাইত, তাহা হইলে কি হইত? কে জানে কি হইত? জীবন কি বিস্ময়কর! কি পরিবর্ত্তনশীল! মরিতে বাঁচিতে কতটুকুর প্রয়োজন!

(৬)

ক্রমে আরও দুই বৎসর কাটিয়া গেল। একদিন সতীশ চারুকে লইয়া আলিপুরের পশুশালা দেখিতে গেল। ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে চারু হঠাৎ একজন পরিচিতা মহিলাকে দেখিতে পাইল।—"বিমলা তো? হাঁ, বিমলাই বটে!" সে এখনও যৌবনোৎফুল্ল, এখনও সুন্দরী, এখনও মনোহারিণী।

চারুর হৃদয় বিচলিত হইল। সে তাহার সহিত কথা কহিবে কি? হাঁ নিশ্চয়ই। কেন না কহিবে? এখন তো তাহারা ঋণমুক্ত। এখন তাহাকে সমস্তই বলিবে।

চারু তাহার দিকে অগ্রসর হইয়া কহিল, "ভাল তো বোন্?"

যুবতী প্রৌঢ়াদ্বারা এরূপভাবে সম্বোধিত হইয়া বিস্মিত হইল। সে চারুকে চিনিতে না পারিয়া একটু ইতস্ততঃ করিয়া কহিল, "আমি তো আপনাকে চিনি বলিয়া মনে হয় না। আপনি বোধ হয় ভুল করেছেন।"

"না, আমি ভুল করিনি বিমলা, তুমি আমায় চিন্‌তে পাচ্ছ না? আমি চারু।"

"ও—আমার চারু! তোমার একি পরিবর্ত্তন?"

"হাঁ, তোমার সঙ্গে শেষ সাক্ষাৎ অবধি আমাদের বড়ই কষ্টে দিন গিয়েছে। বড়ই দুর্ভাগ্যের দিন। আর সে তো তোমারই জন্য।"

"আমার জন্য? কেমন ক'রে?"

"তোমার কি মনে আছে, তুমি অমিয় বাবুর বিবাহের নিমন্ত্রণের দিন আমাকে তোমার মুক্তার মালা-গাছি ধার দিয়ে ছিলে!"

"হ্যাঁ, তারপর?"

"তারপর আমি সে গাছি হারিয়ে ফেলে ছিলাম।"

"তুমি কি ব'লছ? আমাকে তো সেটী ফিরিয়ে দিয়েছিলে।"

"আমি তোমাকে ঠিক্ তেমনি আর একগাছি দিয়েছিলাম। তার জন্য দশ বৎসর ধ'রে দেনা শোধ ক'রেছি। তুমি তো বুঝ্‌তেই পার আমাদের পক্ষে উহা কত কষ্টসাধ্য। যা'হোক এখন সমস্তই পরিশোধ ক'রেছি। এখন আমরা নিশ্চিন্ত।

"তুমি কি ব'লছ? আমার হারের বদলে আর একছড়া মুক্তার মালা কিনে দিয়েছিলে?"

"হ্যাঁ, তা' হ'লে তুমি লক্ষ্য করনি? দু'ছড়া এমনি সমান!"

চারুর কথা শুনিয়া বিমলা অত্যন্ত বিচলিত হইল। সে তাহার হাত দুইটী ধরিয়া কহিল "হায় চারু, আমার হার যে নকল! বড় বেশী যদি হয়, তার দাম পঁচিশ টাকা!"

শ্রীসুশীলকুমার দাশ গুপ্ত।

বঙ্কিম-প্রসঙ্গ।

(৩)

অপমানিত হইয়া আদালতের সাহায্য গ্রহণ করায় যে কোন বিশেষ পৌরুষ আছে তাহা তো মনে হয় না। অপমানকারীর ক্ষমাপ্রার্থনায় নষ্ট সম্মান ফিরিয়া আসে না। জষ্টিস্ আমীর আলী যখন ব্যারিষ্টার, তখন হাইকোর্টের সোপান-শ্রেণীর উপর একজন তাঁহাকে অপমানিত করে। পুলিশ কোর্টে মোকর্দ্দমাও হয়, আসামীর দশটাকা অর্থদণ্ডও হইয়াছিল, কিন্তু তাহাতেই কি তাঁহার প্রাণের অলন্ত আগুণে শান্তিবারি বর্ষিত হইয়াছিল? বস্তুতঃ এক পক্ষের দোষে উচ্চপদস্থ ব্যক্তির মানহানি করিতে কেহ সাহস করে না। জ্বালাও চাই, তাহার উপর যন্ত্রণাও চাই; তবে লোকে গর্হিত কার্য্য সম্পন্নে সাহসী হইয়া উঠে। কথায় আছে, এক হাতে তালি বাজে না। শচীশ বাবু (১৬৮ পৃষ্ঠা) কর্ণেল ডফিন্ কর্ত্তৃক বঙ্কিম বাবুর অপমান করা এবং পরে আদালতে ক্ষমা প্রার্থনাকরার কথা উত্থাপন করিয়াছেন, ইহাতে বঙ্কিম বাবুর কি পৌরুষ বাড়িয়াছে তাহা তো বুঝিলাম না। এমন মামলা মোকর্দ্দমা তো রামা শ্যামাও করিয়া থাকে, আর ক্ষমাপ্রার্থনাও বিরল নহে। শচীশ বাবু কর্ণেল সাহেবের দোষ যেরূপ ভাবে উল্লেখ করিয়াছেন প্রকৃত প্রস্তাবে তত দোষ তাঁহার ছিল না বলিয়াই শুনিয়াছি। কেন না এই বিষয় লইয়া সে সময় বিশেষ আন্দোলন উপস্থিত হইয়াছিল এবং আমারও কিছু স্মরণ আছে। যাহা স্মরণ আছে তাহা উল্লেখ না করিয়া এইমাত্র বলিতে পারি যে এই অংশটুকু পরিত্যক্ত হওয়াই বাঞ্ছনীয়।

শুধু এইটী নয়। একবার ট্রেজারি গার্ডের সহিতও বঙ্কিম বাবুর একটু ধস্তাধস্তি হইয়াছিল। এই দুইটী ব্যাপার নিরপেক্ষ ভাবে আলোচনা করিলে তাঁহাকে সম্পূর্ণ নির্দ্দোষ বলিতে পারিব না। আমরা পূর্ব্বেই বলিয়াছি যে তাঁহার স্বভাব উদ্ধত ছিল, রাগের সময় তিনি হিতাহিত বিবেচনাশূন্য হইতেন। অতএব তিনি রাগ করিয়া কখন কি করিয়াছেন তাহা উল্লেখ করাই অকর্ত্তব্য। বঙ্কিম বাবুর কলহপ্রিয়তার কথা লোকে জানিতে চায় না, চায় তাঁহাকে ভক্তি করিতে—পূজা করিতে আর তাঁহার অর্চ্চনা করিতে। আমি এমন, আমি তেমন, আমি ইংরাজের দর্পহারী ভারত-উদ্ধারকারী—এই সব ভাবের পরিপোষণে মনুষ্যের সুখ থাকে না, শান্তি থাকে না, স্বস্তি থাকে না; তাহার পর ঘা খাইয়া ঠেকিয়া শিখিয়া লোকে অভিজ্ঞতা লাভ করে, তখন সুখসচ্ছন্দতা আসে, স্বস্তি আসে। আমরা বঙ্কিম বাবুতে সে সুখশান্তি দেখিয়াছি তাই তাঁর প্রথম জীবনের দুই একটী পদস্খলনের সংবাদ রাখিতে আদৌ ইচ্ছা করি না।

শচীশ বাবু নিম্নোক্ত বিষয়টী লিখিয়া নিতান্ত অন্যায় কার্য্য করিয়াছেন, সুতরাং উল্লেখ না করিয়া পারিলাম না, আশা করি তিনি ক্ষমা করিবেন। তিনি লিখিতেছেন:—

"যাঁহার আত্মসম্মানবোধ আছে, তিনি সচরাচর সকলের নিকট সম্মান পাইয়া থাকেন, যাঁহার সে বোধ নাই, তিনি অনেক স্থলে লাঞ্ছিত হন। বঙ্কিমচন্দ্র একবার মুর্শিদাবাদের নবাব নাজিমের প্রাসাদে নিমন্ত্রিত হইয়াছিলেন। উপলক্ষ—বেরা। বেরা উৎসব খুব ধূমধামের সহিত প্রতিবৎসর সম্পন্ন হইত—এখনও হয়; তবে সে জাঁকজমক আর নাই। ভাগীরথী-বক্ষে প্রকাণ্ডকায় ভেলা ভাসাইয়া, তাহাকে পত্রপুষ্পে সমাচ্ছাদিত করা হইয়া থাকে। মাথার উপর স্বর্ণখচিত চন্দ্রাতপ—স্তম্ভে স্তম্ভে উজ্জ্বল দীপালোক। মখমল-মণ্ডিত ভেলার উপর রূপযৌবনপ্রফুল্লা নর্ত্তকীবৃন্দ। নর্ত্তকীর ভেলার চতুর্দ্দিকে সম্মিলিত অতিথিবৃন্দের ভেলা;

তার চারিদিকে ক্ষুদ্র ক্ষুদ্র আলোকের ভেলা। শেষোক্ত ভেলার উপর মানুষ নাই, শুধু কলাগাছ। কলাগাছের গায়ে মাথায় অসংখ্য আলো। সুন্দর দৃশ্য! মাথার উপর ভাদ্র মাসের নির্ম্মল আকাশ, পদ-নিম্নে ভরা গাঙ্গের প্রেমময় উচ্ছ্বাস। ছোট ছোট ঢেউগুলির চুম্বন-আবেগে ভেলা নাচিয়া নাচিয়া ভাসিয়া চলিয়াছে।

সমারোহ শুধু গঙ্গাবক্ষে নয়—সমারোহ নবাবের প্রাসাদে—ভোজে। ভিন্ন ভিন্ন জেলা হইতে সাহেবেরা নিমন্ত্রিত হইয়া আসিয়া এই উৎসবে ও ভোজে যোগদান করিতেন। বাঙ্গালীরাও নিমন্ত্রিত হইতেন। জেলার বড় বড় জমিদার, রাজকর্ম্মচারী ও উকীল নিমন্ত্রিত হইয়া আসিতেন। তবে তাঁহাদের ভাগ্যে সম্মান আদর বড় একটা জুটিত না। সাহেবেরা প্রত্যেকে এক এক ছড়া জরির মালা পাইতেন—বাঙ্গালী অতিথিরা তাহা পাইতেন না। বাঙ্গালীর মধ্যে সবজজ বাবু দিগম্বর বিশ্বাস ও নবাবের উকীল (স্যার) শ্রীযুক্ত বাবু গুরুদাস বন্দ্যোপাধ্যায় মালা পাইতেন। দিগম্বর বাবু হ্যাটকোট পরিয়া সাহেবদের দলে মিশিতেন বলিয়া পাইতেন, গুরুদাস বাবু, নবাবের উকীল বলিয়া পাইতেন। অন্যান্য উকীল, ডিপুটী ও মুন্সেফদের ভাগ্যে মালা জুটিতনা। মালা যে বহুমূল্য, তা নয়, তবে মালায় একটা সম্মান। তা ছাড়া ভোজে ও অভ্যর্থনায় একটা পার্থক্য রক্ষিত হইত। বঙ্কিমচন্দ্র বহরমপুরে আসিয়া এ সকল ব্যাপার শুনিলেন।

তার কয়েকমাস পরে নবাবের কর্ম্মচারী যখন বঙ্কিমচন্দ্রকে নিমন্ত্রণ করিতে আসিলেন, তখন বঙ্কিমচন্দ্র তাঁহাকে স্পষ্টই বলিলেন, 'আপনি আমায় নিমন্ত্রণ করিতে আসিয়াছেন, ব্রাহ্মণ বলিয়া নয়—আমি রাজ-কর্ম্মচারী বলিয়া। শুনিতে পাই, আপনারা নিমন্ত্রণ করিয়া লইয়া গিয়া রাজকর্ম্মচারীর উপযুক্ত সম্মান প্রদান করেন না। এরূপ অবস্থায় আপনাদের নিমন্ত্রণ গ্রহণ করিতে পারি না।'

কর্ম্মচারী বিস্মিত হইয়া কার্ড ফিরাইয়া লইয়া গেলেন, এবং নবাব ও দেওয়ানের নিকট সকল কথা বলিলেন। তাঁহাদের তখন নয়ন উন্মীলিত হইল। নবাবের আজ্ঞা-ক্রমে দেওয়ান বঙ্কিমচন্দ্রের নিকট আসিলেন; বলিলেন, 'আমাদের ত্রুটী হইয়াছে; ভবিষ্যতে আর হইবে না, সাহেবেরা যেরূপ সম্মান পাইয়া থাকেন, বাঙ্গালীরাও তদ্রূপ পাইবেন।'

কথাটার ভিতর যাহাই থাকুক, সবজজ দিগম্বর বিশ্বাস (আমার পিতৃদেব) মালা পাইতেন, কেন না তিনি হ্যাটকোট পরিয়া সাহেবদের দলে মিশিতেন বলিয়া—একথাটা তিনি কেমন করিয়া লিখিলেন, তাহা বলিতে পারি না। আর গ্রন্থকারের না জানিয়া এরূপ লেখা কতদুর সত্য তাহাও বলিতে পারি না। লেখার ভাব ও ভঙ্গিতে বলা হইয়াছে দিগম্বর যেন হ্যাটকোটধারী সাহেব-সাজা বাঙ্গালী ছিলেন বলিয়াই নবাব-বাটীতে সম্মানিত হইতেন, অন্য কোন কারণে নহে। কিন্তু তাহা নহে। যাঁহারা এখনও তাঁহাকে জানেন, তাঁহারা কি গুণে তিনি সর্ব্বত্র সম্মানিত হইতেন তাহা বলিতে পারেন। গ্রন্থকার আরও গর্হিত কার্য্য করিয়াছেন টিপ্পনি কাটিয়া। সেটা এই (১৮২ পৃষ্ঠা)—"এই শেষোক্ত গল্প তিনটী স্যর শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট সম্প্রতি শুনিয়াছি।"

এই প্রসঙ্গটা নাকি সর্ব্বপ্রথম প্রবাসীতে প্রকাশিত হয়। রেজিষ্ট্রেশন বিভাগের সুযোগ্য পার্শ্বনাল এসিস্টাণ্ট রায় বাহাদুর অবিনাশচন্দ্র বসু মহাশয় উহা উল্লেখ করিয়া একদিন আমায় বলিয়াছিলেন "তোমার বাপ্‌কে তো খুব জানিতাম, কিন্তু তিনি তো জীবনে কখন হ্যাটকোট পরেন নাই। তবে এমন কথা শচীশ বাবু কেন লিখিলেন?" তাহার পর দেখিলাম ইহা বঙ্কিমজীবনী মধ্যে স্থান পাইয়াছে, সুতরাং আমায় অগত্যা পূজ্যপাদ স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়কে পত্র লিখিতে হয়। তিনি যে উত্তর দিয়াছেন তাহা নিম্নে প্রকাশিত হইল।

শ্রীহরিঃ
শরণম্।

নারিকেলডাঙ্গা, কলিকাতা।
২৭এ ভাদ্র, ১৩২৩।
১২ই সেপ্টেম্বর, ১৯১৬।

কল্যাণবরেষু—

আপনার গতকল্যকার পত্র পাইয়াছি। আপনার

কুশল সমাচার জ্ঞাত হইয়া সুখী হইলাম। "দিগম্বর বাবু হ্যাটকোট পড়িয়া সাহেবদের দলে মিশিতেন বলিয়া (মালা) পাইতেন" এই কথা শ্রীযুক্ত শচীশ বাবু "বঙ্কিম-জীবনীতে" লিখিয়াছেন, তাহাতে বড়ই দুঃখিত হইয়াছি, এবং আরও অধিকতর দুঃখিত হইবার কারণ এই যে, তিনি ঐ কথা আমার নিকট শুনিয়াছেন বলিয়া আভাস দিয়াছেন।

মুরশিদাবাদে বেরা উৎসবের গল্প আমি বলিয়াছি বটে, কিন্তু স্বর্গীয় দিগম্বর বিশ্বাস মহাশয় সম্বন্ধে উক্তরূপ কথা আমি কখন বলি নাই, এবং বলা আদৌ সম্ভবপর নহে, কারণ আমি তাঁহাকে কখনও হ্যাটকোট পরিতে দেখি নাই। যতদূর স্মরণ হয় আমি এইরূপ বলিয়া থাকিব, 'দিগম্বর বাবু সুযোগ্য এবং তৎকালে বহরমপুরে সর্ব্বোচ্চপদস্থ রাজকর্ম্মচারী ছিলেন, সাহেবেরা তাঁহাকে বিশেষ খাতির করিত, তিনিও সাহেবদের সহিত মিশিতেন, এইজন্য সাহেবদের সঙ্গে তিনিও বেরাতে মালা পাইতেন।' দিগম্বর বাবু একজন স্বাধীনচেতা ব্যক্তি ছিলেন। তিনি সাহেবদের নিকট যথেষ্ট আদর পাইতেন বলিয়াই তাঁহাদের সহিত মিশিতেন, তাঁহাদের অনুগ্রহপ্রার্থী কখনই ছিলেন না। শচীশ বাবু হ্যাটকোটের কথা কোথা পাইলেন জানি না। আমি ভাল আছি। ইতি।

শুভানুধ্যায়ী—

শ্রীগুরুদাস বন্দ্যোপাধ্যায়।

শচীশ বাবুর কথায় কতদূর সত্য নিহিত আছে তাহা পাঠকের বুঝিতে বাকী থাকিল না, কিন্তু তিনি এমনটা কেন লিখিলেন তাহাই বুঝাইব। বিনা কারণে একজন রাজকর্ম্মচারী সম্মান পাইতেন অথচ তাঁহার খুল্লতাত বঙ্কিম বাবু তাহা হইতে বঞ্চিত ছিলেন একথা লিখিতে বোধ হয় কুণ্ঠা বোধ হইয়াছিল। এটা মহত্বের পরিচায়ক নহে। ডেপুটী তো অনেক ছিলেন, অনেক আছেন। তাঁহাদের মানসম্ভ্রমের সহিত বঙ্কিম বাবুর মান তুলনা হয় না। কেন না বঙ্কিম আমাদের নিজস্ব। কত ডেপুটীর নাম কালস্রোতে ভাসিয়া গিয়া কোথায় বিলীন হইবে; কিন্তু বঙ্কিম আমাদের প্রাণে প্রাণে, মনে মনে, অস্থিমজ্জায়, অনন্ত কালের জন্য স্থান পাইবে। কেন না তিনি আমাদের নিজস্ব। ভাবানুগামী শব্দের ঘটা, সমাসের ছটা ও উপমার আড়ম্বর ভরা বালিকা বঙ্গভাষাকে তিনি পাশ্চাত্য রত্নালঙ্কার-ভূষিতা অমল ধবলকান্তি সুন্দরী যুবতীতে পরিণত করিয়াছেন, সুতরাং যতদিন বাঙ্গালীর দেহে রক্তমাংস থাকিবে ততদিন বাঙ্গালী ভক্তিপুষ্পাঞ্জলি দিয়া মহাপ্রলয়ের দিন পর্য্যন্ত তাঁহাদের নিজস্ব বঙ্কিমচন্দ্রের পূজা করিবেন। বস্তুতঃ তাঁহারই কৃপায় আজকাল শিক্ষিত বাঙ্গালীর মধ্যে বাঙ্গলা ভাষার আদর হইতেছে। সার রাসবিহারী ঘোষ, জাষ্টিশ আশুতোষ চৌধুরী প্রমুখ বাঙ্গালীর মুখে বাঙ্গালা ভাষার চর্চ্চা হইতেছে। এই সকল সুখের নিয়ন্তা বঙ্কিমচন্দ্র, কেননা তাঁহারই কৃপায় বঙ্গবাসীগণ "সখ্‌" করিয়া বাঙ্গলা পড়িতে শিখিয়াছিলেন, আজকাল তাহারই ফলে তাঁহারা লেখক হইয়া নূতন সাজে নূতন ভাবভঙ্গিতে মাতৃভাষাকে সাজাইতেছেন। কিন্তু সাজানর শেষ হয় নাই। মা যে কি সাজে সাজিলে ভাল দেখাইবেন, তাহা এখনও নির্ণিত হয় নাই। "কাদম্বরী"র জনসোনিয়ান ভাষা গিয়াছে বটে, কিন্তু আজকাল আবার নানাভঙ্গিতে ইংরাজি ভাষার ছাঁচুনি দেখা দিতেছে। তাই ভাবিতেছি মাতৃভাষার যে সাজসজ্জা যে ভাবভঙ্গি বঙ্কিম বাবুর নিকট পাইয়াছি তাহাই ভাল, না যে নূতন সাজ, যে সাজের ইংরাজি ছাড়া বাঙ্গলা নাম নাই, যে ভাব ইংরাজি না জানিলে বুঝা যায় না, তাই ভাল? তাই বলি এহেন বঙ্কিম বাবুর মানসম্ভ্রম বাড়াইতে যাইয়া সেকেলে ভাবে ভরা আমার পিতৃদেবকে শচীশ বাবু অযথা হ্যাটকোট পরাইলেন কেন?

কিছু অপ্রাসঙ্গিক হইলেও এইস্থলে আমার পিতৃদেবের সামান্য পরিচয় না দিয়া পারিলাম না—পাঠক ত্রুটী মার্জ্জনা করিবেন। তিনি সেকালের সিনিয়ার স্কলার ছিলেন। যেদিন হুগলী কলেজ প্রথম খোলে সেই দিনই তিনি ভর্ত্তি হইয়াছিলেন। তখন তিনি নবমবর্ষীয় বালক, তায় পিতৃহীন। অসীম অধ্যবসায় ও অসাধারণ প্রতিভাবলে তিনি তৎকালীন শিক্ষকদের

চিত্তাকর্ষণ করেন এবং যথাসময়ে জুনিয়ার পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বৃত্তি পাইয়াছিলেন। তাহার পর ১৮৪৬ সালে সিনিয়ার স্কলারসিপ লাইব্রেরী ও আইন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া সর্ব্বোচ্চ স্থান অধিকার করেন এবং ইংরাজি সাহিত্যে প্রবন্ধ (essay) লেখার জন্য স্বর্ণ-পদক প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার সহাধ্যায়ী ৺গঙ্গাচরণ সরকার সেই বৎসর বাঙ্গালা প্রবন্ধ লিখিয়া মেডেল প্রাপ্ত হয়েন।

পিতৃদেব পাশ হইয়া বিপন্ন হইলেন। তিনি নাবালক, অতএব তাঁহাকে আবার আইনের পরীক্ষা দিতে হইবে বলিয়া কথা উত্থাপিত হইয়াছিল; কিন্তু তৎকালীন দেবহৃদয় শিক্ষকদিগের চেষ্টায় তিনি সে দায় হইতে অব্যাহতি লাভ করেন। এই সময় কৃষ্ণনগর কালেক্টরীর সেরেস্তাদারীর পদ শূন্য থাকায় তৎকালীন কলেক্টর D. Money সাহেব তাঁহাকে সেই পদে বাহাল করেন। ১৮৩৮ খৃষ্টাব্দে তিনি মুন্সেফ হইয়াছিলেন। মনি সাহেব তাঁহাকে যে প্রশংসাপত্র দিয়াছিলেন তাহাতে লেখা ছিল "I can truly predict, if Providence permits he will soon attain the highest grade in the judicial department."

ভবিষ্যৎ-বাণী সফল হইয়াছিল। তিনি ইংরাজি ১৮৫৮ সালে আলিপুরে এক্‌টীনি সবজজ হইয়াছিলেন, তাহার পর কিছুদিন হুগলীতে থাকিয়া পাকা সবজজ হইয়া ক্রমান্বয়ে ১১ বৎসর বহরমপুরে সবজজের কার্য্য করেন। তাহার পর ১৮৬৯ খৃষ্টাব্দে বর্দ্ধমানে বদলী হন। ১৮৭৭ সালে তাঁহার মৃত্যু হয়। ১৮৭১ সালে তিনি প্রথম শ্রেণীতে উন্নীত হইয়াছিলেন। এই সময় বাঙ্গালীকে জেলার জজিয়তি দিবার কল্পনা হওয়ায় তিনিই সর্ব্বপ্রথম জেলার জজ হইয়াছিলেন।

তিনি জীবনে কখন হ্যাটকোট পরেন নাই। নিতান্ত সাদাসিদা লোক ছিলেন। লাটসাহেব বা লর্ড বিসপ্ হইতে সামান্য কেরাণীর সহিতও সদালাপ করিতেন। পরোপকার করা তাঁহার জীবনের লক্ষ্য ছিল। সহিসুপারিশ করিতে তিনি মুক্তহস্ত ছিলেন। কত লোকের কত চাকরী করিয়া দিয়াছিলেন। কত অপরিচিত লোকের জন্য সাহেব সুবার কৃপাপ্রার্থী হইয়াছিলেন, কিন্তু এমনি তাঁহার যশোভাগ্য ছিল যে কখন চেষ্টা বিফল হয় নাই। তাঁহার সুপারিশ বড় সুপারিশ ছিল। যখন রুরাল সবরেজিষ্ট্রারের সৃষ্টি হয় তখন বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ছিলেন হুইনফিল্ড সাহেব। পিতৃদেব ৺ শ্যামাচরণ দেব রায়কে ইন্দাসের এবং একটী মুসলমানকে মন্ত্রেশ্বরে চাকরী করিয়া দেন। সেই সময় আমার জ্যেষ্ঠাগ্রজ ৺ অমৃতলাল বিশ্বাস উক্ত পদ প্রার্থী ছিলেন, কিন্তু তাঁহার জন্য তিনি সাহেবকে বলেন নাই, বলিতে বলেন তাঁহার বন্ধু বর্দ্ধমানের তৎকালীন স্পেশাল সবরেজিষ্ট্রার বঙ্কিম বাবুর মধ্যম সহোদর সঞ্জীব বাবুকে।

কথাবার্ত্তায় রসবিস্তারে তিনি বিশেষ পটু ছিলেন। সকল বিষয়ে তাঁহার দখল ছিল এবং সকল বিষয় এমন গুছাইয়া বলিতে পারিতেন যে শ্রোতা বিমুগ্ধ হইয়া যাইতেন। তাহার উপর সময়ে সময়ে গল্পের ছটায় হাসির ফোয়ারা ছুটিত। তিনি পদগৌরবে যত না হউক গুণগৌরবে সকল সম্প্রদায়ের শীর্ষস্থান অধিকার করিয়াছিলেন। কি ইংরাজ, কি বাঙ্গালী, কি মুসলমান, সকলেই তাঁহাকে সমাদর করিতেন। সকলেরই নির্ভীক পরামর্শদাতা ও মধ্যস্থ বন্ধু ছিলেন। তাই তিনি চরিত্রে নিষ্কলঙ্ক থাকিয়া সকলের ভালবাসা ও সম্মান আকর্ষণ করিতে পারিতেন। তিনি নিরভিমান হইয়া সহাস্য বদনে ইতর ভদ্র সকল শ্রেণীর লোকের বন্ধু ভাবে বিরাজ করিতেন। সকলেই ভাবিতেন তিনি আমায় বড় ভালবাসেন। বস্তুতঃ তেমন লোক আজকাল বিরল। এক জনকে দেখি, কিন্তু তাঁহার নাম করিলে হয়ত কেহ মনে করিবেন আমি তোষামদ করিতেছি, তাই নাম করিব না, তবে চুপি চুপি বলি যে তিনি আমাদের রেজিষ্ট্রেশন বিভাগের সর্ব্বোচ্চ কর্ম্মচারী। তবে মুখোপাধ্যায় মহাশয়ের হাসি তাঁহার অধরোষ্ঠে যেন বিদ্যুৎস্ফুরণের ন্যায় শোভা পাইয়া ভাসিয়া যায়, আর আমার পিতৃদেবের হাসি তরঙ্গে তরঙ্গে ভাসিয়া উঠিত। শুনিতে পাই যাঁহারা মন

খুলিয়া হাসিতে পারেন তাঁহারা দীর্ঘজীবী হন কিন্তু তাঁহার ভাগ্যে এ প্রবাদ-বাক্য সফল হয় নাই।

সাহেবেরা সাগ্রহে তাঁহার কথাবার্ত্তা শুনিয়া আনন্দ উপভোগ করিতেন। তিনিও সাহেবদের সঙ্গে তাঁহাদেরই মত অঙ্গভঙ্গি সহকারে কথা কহিতেন। ইংরাজি কথাবার্ত্তায় ভাষা, ভাব ও মাধুর্য্য যেন সহচরীর মত তাঁহার সাহায্যকারিণী ছিল। সাহেবরা তাঁহাকে ভালবাসিতেন, বন্ধু বলিয়া গণ্য করিতেন, আদর আপ্যায়নে প্রীত করিতেন, সমকক্ষের ন্যায় ভাবিতেন ও ভাবাইবার সুযোগ দিতেন। এখন আর এমনটী নিতান্ত বিরল কেন?

পিতার মৃত্যুর পর আমি একবার বহরমপুরে বেড়াইতে গিয়াছিলাম তখন লেনব্রিজ সাহেব তথাকার জজ। আমি তাঁহার সহিত সাক্ষাৎ করি। আমি গিয়াছি শুনিয়া তাঁহার পত্নী আমাকে দেখিতে আসেন এবং বলেন "তোমার পিতা আসিতেছেন দেখিলে আমি বড়ই প্রসন্ন হইতাম, কারণ তোমার পিতার কথার মাধুর্য্যে ও রঙ্গরসে আমরা প্রাণ খুলিয়া হাসিতাম এবং কিছুক্ষণের জন্য প্রভূত আনন্দ ও সুখানুভব করিতাম।"

ইহার একটা দৃষ্টান্ত দিব। ইংরাজি ১৮৭৪ সালে বর্দ্ধমানের মহারাজার উইল বাড়ীতে কলিকাতার ন্যাশনাল থিয়েটার কর্ত্তৃক "নবীন তপস্বিনী"র অভিনয় হয়। প্রসিদ্ধ অভিনেতা ও সাহিত্যিক শ্রীযুক্ত অমৃতলাল বসু মহাশয় তখন নবীন যুবক। রঙ্গস্থল অতি সমারোহে সজ্জিত হইয়াছিল। রঙ্গমঞ্চের পরই ৫।৬ খানি চেয়ার ছিল, তাহার এক খানি কুশন দেওয়া, সম্ভবতঃ মহারাজা আসিবেন বলিয়াই সেটী রাখা হইয়াছিল। কিন্তু তিনি আসেন নাই। সেই চেয়ারখানি অধিকার করেন তদানিন্তন স্বনামখ্যাত কমিশনার বাকল্যাণ্ড (C. T. Buckland) সাহেব। বাকল্যাণ্ড সাহেবের পার্শ্বস্থ চেয়ারগুলিতে তাঁহার ও জজ ম্যাজিষ্ট্রেট প্রভৃতি সাহেবদিগের মহিলারা বসিয়াছিলেন। তাঁহাদের পশ্চাদ্বর্ত্তী চেয়ারগুলি আমার পিতৃদেব এবং জজ, ম্যাজিষ্ট্রেট প্রভৃতি কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। জলধরের অভিনয়ে হাসির তরঙ্গ ছুটিতেছিল বটে কিন্তু মেম সাহেবেরা তাহা ভাল বুঝিতে পারিতেছিলেন না, তাই পটক্ষেপের পর ব্যাপারখানা কি জানিতে চাহিলে পিতৃদেব ইংরাজিতে তাহা বুঝাইয়া দিতেছিলেন। তখন মেমদের আর হাসি ধরে না; কিছুক্ষণ পরে শ্রীমতি বাকল্যাণ্ড তাঁহার স্বামীকে উঠাইয়া দিয়া সেই আসনে পিতৃদেবকে বসাইলেন এবং সকলে তাঁহাকে ঘিরিয়া বসিয়া হাসির তরঙ্গে ভাসিয়া অভিনয়ের প্রকৃত রসাস্বাদন উপভোগ করিতে লাগিলেন। এরূপ ক্ষমতাবান পুরুষ আজকাল কয়জন মিলে?

আর একদিনের কথা। এ কথাটা আমি পূর্ব্বে শুনিয়াছিলাম, অধুনা বাঁকুড়ার প্রবীণ ও প্রসিদ্ধ উকীল বাবু বিনোদবিহারী মণ্ডল মহাশয়ের নিকট শুনিয়াছি। সার এ্যাসলি ইডেন যখন বঙ্গেশ্বর হইয়া আসেন তখন তাঁহাকে অভ্যর্থনা করিতে রাজকর্ম্মচারীরা এবং অন্যান্য সম্ভ্রান্ত ব্যক্তিরা বর্দ্ধমান ষ্টেশন প্লাটফরমে উপস্থিত ছিলেন। বিনোদবাবু বলেন "লাট সাহেব গাড়ী হইতে নামিবামাত্র কমিশনার সাহেব তাঁহাকে অভ্যর্থনা করিলেন। তিনি তাঁহার করমর্দ্দনকালীন হাতটা ধরিয়া ইতস্ততঃ দৃষ্টি সঞ্চালন করিতে লাগিলেন। দেখিলেই মনে হয় যেন কাহার অনুসন্ধান করিতেছেন। তাহার পর দিগম্বর বাবুকে দেখিতে পাইয়া যাইয়া তাঁহার করমর্দ্দন করিলেন। দিগম্বর বাবু অবশ্য জজ সাহেবের পিছনেই ছিলেন, সামনে আসেন নাই। তাঁহার সহিত অনেক কথাবার্ত্তার পর অন্যান্য সমাগত ব্যক্তিদিগের সহিত আলাপ পরিচয় হয়।" এ সম্মান একজন সবজজের পক্ষে নিতান্ত কম নহে। এরূপ বলিবার অনেক কথা ছিল তবে তাহা নিতান্ত অপ্রাসঙ্গিক হইবে বলিয়া উল্লিখিত হইল না।

তবে একটা কথা বলিয়া রাখি। তখনকার সবজজ এবং আধুনিক সবজজে অনেক পার্থক্য আছে। তাঁহারা ছিলেন সমাজের নেতা, জেলার মধ্যে প্রধান গণ্যমান্য ব্যক্তি, আর এখনকার অনেক সবজজই পাঁচজনের একজন হইয়া পড়িয়াছেন। সম্মানে, সমাদরে, সারল্যে, পরস্পরের প্রতি সহানুভূতিতে এখন তাহার অভাবই বেশী। তাহার উপর সে উদার ভাব, সে দয়া, যত্ন,

শিষ্টাচার বড়ই কমিয়া গিয়াছে। আর কমিয়া গিয়াছে কর্ম্মে নিষ্ঠা। কাজ করিতে হয় করি, সম্বন্ধ যেন বেতনের সহিত; কিন্তু তখন কাজ করিতে স্ফূর্ত্তি ছিল, সুবিচার করিবার স্পৃহা ছিল, নিষ্ঠার সহিত কর্ম্মের উপর অনুরাগ ছিল, তাই তাহাতে সাধারণের ও সমাজের উপকার দর্শিত। কিন্তু সেটী আর নাই, তাই তাঁহারা আর জেলার অগ্রণী না হইয়া পাঁচজনের একজন হইয়া পড়িয়াছেন। একথা সাহেবরাও বুঝে—তাই আদর, যত্ন ও সম্মানেরও ব্যতিক্রম ঘটিয়াছে। আর এককথা যে তাহাদের মধ্যে অনেকে সাহেবি মজলিস গরম করিয়া রাখিবার ক্ষমতাহীন। তাই সাহেবদের প্রীতি সম্মান আকর্ষণে অসমর্থ।

সাহেবরা এখন আর বাঙ্গালীর কাছে প্রাণের হাসি হাসেন না। আমরা দায়ে পড়িয়া যেন তাঁহাদের দ্বারস্থ হই। এখন বাধ্য হইয়া সম্মান (respect) দিতে হয়, তখন অনুরাগে লইয়া যাইত। বাহিরে আমাদের খুব ধাঁকা আওয়াজ আছে, সাহেবের কাছে খাতির আছে বলিয়া নিজের ঢকা নিজে বাজাই, কিন্তু ভিতরে সব ফাঁক। মনে হয়, না যাইতে হইলেই বাঁচি। হ্যাটকোট পরিলে কি হইবে, 'গাঁয়ে মানেনা আপনি মোড়ল' হইয়া পড়িতেছি। সরলতা সেইজন্য উভয় পক্ষেই নিতান্ত কম হইয়া দাঁড়াইতেছে। আর সেইজন্যই দু' পাঁচ মিনিটের জন্যে দেখাসাক্ষাৎ আর দুটা কাজের কথা কহিয়া বিদায় গ্রহণ। অধস্তন কর্ম্মচারীকে বন্ধুভাবে দেখা, পূর্ব্বের মত অতি কমই দেখিতে পাওয়া যায়। এটা ভাল কি মন্দ হইয়াছে, তাহার উত্তর কে দিবে?

আর বেশী কিছু বলিব না; তখনকার সাহেবরা বাঙ্গালীকে কিরূপ ভাল বাসিতেন, ভক্তিশ্রদ্ধা করিতেন, তাহার নিদর্শন St. George Fenimore B. A. (Oxon.) প্রণীত Essay on Justice নামক কাব্যগ্রন্থ।

এক প্রকার বাজে কথা লইয়াই এ প্রসঙ্গটী শেষ হইল। বারান্তরে বঙ্কিম বাবু ও তাঁহার জীবনী সম্বন্ধে অন্যান্য বিষয়ের আলোচনা করিব।

(ক্রমশঃ।)

শ্রীতারকনাথ বিশ্বাস।

বর্ষ-বিদায়।

(১৩২৩ সালের পূর্ব্ববঙ্গের সাহিত্য বিবরণ।)

১৩২৩ সালের বৈশাখের 'ঢাকারিভিউ ও সম্মিলনে' আমি বর্ষবোধন লিখিয়া নববর্ষের শুভ বন্দনা করিয়াছিলাম; আজ চৈত্রের শেষদিনে তাহাকে বিদায় দিতে বর্ষ-বিদায় লিখিতে বসিয়াছি। এ বর্ষ বিদায়ের সঙ্গে সঙ্গে আমি বিগত বর্ষের সাহিত্য সৃষ্টির একটা হিসাব নিকাশ দেওয়ার ও চেষ্টা করিলাম। তৎপ্রসঙ্গে আমি একটু ব্যক্তিগত কথার আলোচনা করিব। এ ব্যাপারটী অতীব গুরুতর, বিশেষ অধ্যয়ন ও শ্রমশীলতার প্রয়োজন, দুঃখের বিষয় ইহার একটীও আমার নাই। পূর্ব্ববঙ্গের সাহিত্য বিবরণী স্বতন্ত্রভাবে ইতঃপূর্ব্বে কোনদিন প্রকাশিত হইয়াছে কিনা তাহা আমার জানা নাই, আর যদি ইহাই স্বতন্ত্রভাবে প্রকাশের প্রথম চেষ্টা হইয়া থাকে, তাহা হইলে আমার ত্রুটি-বিচ্যুতি নিশ্চয়ই পাঠক সাধারণ ক্ষমার চক্ষে দেখিবেন। কারণ যে কাজ দশজনের সহানুভূতি ও শ্রমের অপেক্ষা রাখে, তাহা কখনও একা একজনের চেষ্টা, যত্ন ও পরিশ্রম দ্বারা সুসম্পন্ন হয় না। এমতাবস্থায় আমার এই বিবরণী যে সম্পূর্ণ হয় নাই—সর্ব্বাঙ্গসুন্দর হয় নাই তাহা অবধারিত। এবিষয়ে আমার প্রথম বক্তব্য এই যে—এবিবরণীতে যে সকল বহির উল্লেখ করা হইল তাহার সবগুলিই আমি দেখিতে পাইয়াছি তাহা নহে; এমন পুস্তকালয় ও এখানে নাই, যে স্থানে লেখকগণ সকলেই স্বেচ্ছায় নিজ নিজ গ্রন্থরাজি উপহার দিয়া থাকেন, কাজেই যে-সকল বহি আমার পড়িবার সুযোগ হয় নাই তাহাদের সম্বন্ধে কোনরূপ মন্তব্য প্রকাশ করা আমার পক্ষে অসম্ভব, সে সব বহির শুধু নামোল্লেখ এবং শ্রেণী বিভাগ করিয়াই ক্ষান্ত রহিলাম। এ বৎসর আমি এই কঠিন কণ্টকাকীর্ণ পথে অগ্রসর হইলাম, আশা করি ভবিষ্যতে কোনও সুযোগ্য ব্যক্তি স্বকীয় অসীম প্রতিভা বলে ইহাকে প্রশস্ত, সুন্দর ও সুশোভন রাজপথে পরিণত করিয়া পূর্ব্ববঙ্গের সাহিত্যের গৌরবশ্রীমণ্ডিত চিত্র সর্ব্বজন সমক্ষে উপস্থাপিত করিতে পারিবেন। আলোচ্য বর্ষে নানা শ্রেণীর মোট ৬৩ খানা বহি প্রকাশিত হইয়াছে। এখানে উহার শ্রেণী বিভাগ করিলাম।

জীবন চরিত	৫	পরমহংস শ্রীরামকৃষ্ণ ও ব্রহ্মানন্দ কেশব সেন, শ্রীশ্রীলোকনাথ মাহাত্ম্য চরিত-কথা, নবি-কাহিনী ইত্যাদি।
নাটক	৩	অবিমারক, প্রতিজ্ঞাযৌগন্ধরায়ণ, সতী সুকন্যা।
গল্প ও উপন্যাস	৭	সরমার অদৃষ্ট, ধূপদান, পুষ্পমঞ্জরী, রিপভানউইন্‌কোল; স্বর্ণকুটীর গায়ে-হলুদ ও রবিদাদা।
ইতিহাস	৪	"প্রাচীন হিন্দু রাজ্যের ছায়া দর্শন", সত্যমিথ্যা, বিংশশতাব্দীর মহাসমর, খ্রীষ্টধর্ম্মের ইতিহাস।
ভূগোল	০	
সাহিত্য	৩	রামায়ণী সুধা, সংযম ও প্রতিষ্ঠা, (২য় সংস্করণ) শৈব্যা।
আইন	১	আইন ও দলিল শিক্ষা-আব্দুলআসক প্রণীত।
চিকিৎসা	২	গৃহ চিকিৎসা (মথুরচক্রবর্ত্তী), গৃহচিকিৎসা (পার্ব্বতী কবিশেখর) সর্প চিকিৎসা।
দর্শন	৫	সৌন্দর্য্যতত্ত্ব।
কাব্য	৩	ইন্দুমতী, হিন্দুর জীবনসন্ধ্যা।
খণ্ড কবিতা	২	শতদল, আলোকণা।
ধর্ম্ম বিষয়ক	১৮	
ভ্রমণ	২	হরিদ্বারে কুম্ভমেলা, বঙ্গদেশের তীর্থ বিবরণ।
শিল্প ও বাণিজ্য	০	
বিজ্ঞান	০	
বিবিধ	৭	
সমালোচনা	২	বঙ্গবাণী, সমাজ-চিত্র।
স্বাস্থ্য	০	
শিশু সাহিত্য	৯	নানা গল্প, মহরম, মহাভারতের কথা

ঘুমের গল্প, চামুণ্ডার শিক্ষা, সুদখোর সওদাগর, রবিন হুড, অডিসির গল্প, শৈব্যা।

এই বিবরণী হইতে দেখা যাইতেছে যে আলোচ্য বর্ষে ধর্ম্মবিষয়ক গ্রন্থই মোট সংখ্যার এক তৃতীয়াংশ সর্ব্বাপেক্ষা অধিক প্রকাশিত হইয়াছে। সমগ্র বঙ্গের গ্রন্থের তালিকায়ও ধর্ম্মবিষয়ক গ্রন্থের সংখ্যাই অধিক। আবার ধর্ম্মবিষয়ক গ্রন্থের মধ্যে বৈষ্ণব ধর্ম্মবিষয়ক গ্রন্থই সর্ব্বাপেক্ষা বেশী। বৈষ্ণবধর্ম্ম ছাড়া ব্রাহ্মধর্ম্মের এক খানা, খ্রীষ্টধর্ম্মের দুইখানা এবং শৈব গ্রন্থ একখানা। এতদ্ব্যতীত বাকী সমগ্র গ্রন্থই বৈষ্ণব ধর্ম্মবিষয়ক। এসকল গ্রন্থমধ্যে শ্রীযুক্ত নগেন্দ্রকুমার রায় সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত "গ্রন্থখানা বিশেষরূপে উল্লেখ-যোগ্য। শ্রীকৃষ্ণদাস কবিরাজ এই গ্রন্থের রচয়িতা। চৈতন্যচরিতামৃতে বৈষ্ণব ধর্ম্মের গূঢ়তত্ত্ব দার্শ-নিকতার সহিত আলোচিত হইয়াছে, তদ্রূপ এই গ্রন্থে বহু বৈষ্ণব ভক্তগণের কথা সবিশেষ নিপুণতা ও নিরপেক্ষতার সহিত বিবৃত হইয়াছে। "শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত" গ্রন্থ পাঠে জানাযায় যে বৈষ্ণব গোস্বামীদিগের অনুমতি ক্রমে কৃষ্ণদাস কবিরাজ মহাশয় এই গ্রন্থ প্রণয়ন করেন। এখানে একটু অপ্রাসঙ্গিক হইলেও বলিতে হইবে যে চৈতন্যচরিতামৃতের মত গ্রন্থ এপর্য্যন্ত কোন দেশের কোন সাহিত্যে রচিত হইয়াছে কি না সন্দেহ। "চৈতন্যচরিতামৃতের শ্রেষ্ঠত্ব সম্বন্ধে "বিবর্ত্তবিলাস" গ্রন্থে একটী সুন্দর প্রবাদ আছে। প্রবাদটী এই,—যখন শ্রীনিবাস আচার্য্যের সহিত ভক্তি গ্রন্থনিচয় প্রেরণ করিবার জন্য শ্রীজীব গোস্বামি গ্রন্থের ভাণ্ডার উন্মুক্ত করিলেন, তখন দেখিতে পাইলেন "চৈতন্য-চরিতামৃত" গ্রন্থখানি সকল গ্রন্থের উপরে রহিয়াছে, যদিও শ্রীজীব উহা অনেক গ্রন্থের নিম্নে রাখিয়া দিয়াছিলেন। শ্রীজীব সেন ইহাতে বড় বিরক্ত হইয়াছেন; ইহা দেখাইবার জন্য গ্রন্থখানি বৃন্দাবনের অনেক ভাটীতে যমুনায় নিক্ষেপ করিলেন। কিন্তু গ্রন্থ ডুবিল না। ভাসিতে ভাসিতে উজান বাহিয়া মদনগোপালের ঘাটে আসিয়া লাগিল। ইহাতে শ্রীজীব বৈষ্ণব জগতে দেখাইলেন উক্ত গ্রন্থ মদনগোপালের প্রিয় সামগ্রী ও অমর।" কৃষ্ণদাস কবিরাজ মহাশয় এই গ্রন্থ প্রণয়নে যে কতদুর পাণ্ডিত্য প্রকাশ করিয়া গিয়াছেন তাহার আলোচনা সামান্য দু এক কথায় হয় না এবং সে যোগ্যতার অতবড় স্পর্দ্ধাও আমাদের নাই। নগেন্দ্র বাবু এইরূপ গ্রন্থের সম্পাদনে যেরূপ ধর্ম্মানুরাগ, পাণ্ডিত্য গবেষণাও শাস্ত্রজ্ঞানের পরিচয় দিয়াছেন তাহা বিশেষজ্ঞ মাত্রেই স্বীকার করিবেন। এইরূপ বিরাট গ্রন্থের টীকাটিপ্পনি ও ছাপা যেরূপ নিপুণতার সহিত সুসম্পাদিত হইয়াছে তাহাতে বলিতে পারি ইহা যে শুধু পূর্ব্ববাঙ্গালার প্রাচীন ধর্ম্মগ্রন্থ প্রকাশের ক্ষেত্রে গৌরব প্রকাশ করি-য়াছে তাহা নহে ইহা দ্বারা বঙ্গসাহিত্যের একটী বিশেষ বিভাগের অভাব চিরদিনের জন্য দূরীভূত হইল। এতদ্ব্যতীত ধর্ম্মগ্রন্থের মধ্যে শশীভূষণ মল্লিক বিরচিত "যুগধর্ম্ম ও যুগাবতার" এবং সুরেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়ের "ঈশ্বরতত্ত্ব সম্বন্ধে দার্শনিক আলোচনা"—উল্লেখ যোগ্য।

জীবনচরিত্রের মধ্যে শ্রীযুক্ত শশিভূষণ মল্লিক বিরচিত "শ্রীশ্রীরামকৃষ্ণপরমহংস ও ব্রহ্মানন্দ কেশব সেন," শ্রীযুক্ত কেদারেশ্বর সেন গুপ্ত রচিত "শ্রীশ্রী লোকনাথ মাহাত্ম্য" উল্লেখ যোগ্য। শ্রীশ্রীলোকনাথ ব্রহ্মচারীর জীবন কথা যত বেশী আলোচিত হয় ততই মঙ্গল। এগ্রন্থ খানা অতিশয় নিষ্ঠা ও ভক্তির সহিত বিরচিত হইয়াছে। ভাষা অতি সুন্দর চিত্তাকর্ষক। আমরা এইরূপ গ্রন্থের বহুল প্রচারের পক্ষপাতী। এতদ্ব্যতীত শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল প্রণীত-চরিত 'কথা' ও কাজি ইমদাদুল হক্ প্রণীত-নবি 'কাহিনী' বিশেষরূপে উল্লেখযোগ্য। চরিত কথায় দেশের কয়েকজন মনস্বী ব্যক্তির জীবন-কথা আলোচিত হইয়াছে। নবি-কাহিনীতে হজরত মহম্মদের জন্মের পূর্ব্ব সময়ের দ্বাদশ জন নবি বা শ্রেষ্ঠ মহাজনের জীবন কথা বিবৃত হইয়াছে। শেষোক্ত গ্রন্থ প্রণেতা কাজি ইমদাদুল হক বঙ্গীয় সাহিত্য সমাজে বিশেষ রূপ সুপরিচিত, এগ্রন্থ খানা তাঁহার নামের গৌরব রক্ষা করিতে সমর্থ হইয়াছে।

ইতিহাস শাখার একখানা গ্রন্থও উল্লেখযোগ্য নহে। কলাবিদ্যা, ভূগোল, দর্শন, শিল্প-বাণিজ্য, বিজ্ঞান

প্রভৃতি শ্রেণীতে প্রকাশিত শ্রীযুক্ত অভয় কুমার গুহ প্রণীত "সৌন্দর্য্যতত্ত্ব" নামক গ্রন্থখানা ভাষা-জননীর কণ্ঠে মধ্যমণি সদৃশ, এবৎসর বঙ্গসাহিত্যে দর্শনবিভাগের শ্রেষ্ঠ গ্রন্থ।

সাহিত্যবিভাগে শ্রীযুক্ত কুমুদিনীকান্ত গঙ্গোপাধ্যায়ের "রামায়ণীসুধা" ও "সংযম ও প্রতিষ্ঠার" দ্বিতীয় সংস্করণ উল্লেখযোগ্য। "রামায়ণীসুধায়" রামচরিত্র বিশেষরূপে আলোচিত হইয়াছে। "সংযম ও প্রতিষ্ঠা" একখানা নিবন্ধ-পুস্তক। এইরূপ পুস্তকের সংখ্যা বঙ্গসাহিত্যে অতি অল্প। ইংরেজীতে যেমন Smile's Self-Help, Duty, Character, Lord Aveburyর Pleasures of Life, Use of Life প্রভৃতি গ্রন্থসমূহ জীবনের গতি লক্ষ্য ও কর্ম্মপ্রবণতার দিকে যুবকগণকে উদ্বোধিত করিয়া তোলে, একটা নবীন প্রেরণা প্রাণের মধ্যে জাগাইয়া দেয়, সেই শ্রেণীর বহি বাঙ্গালা-সাহিত্যে মুষ্টিমেয় বলা যাইতে পারে। শ্রীযুক্ত প্রসন্নকুমার দাসের "সৌভাগ্য সোপান", শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রমোহন দাসের "চরিত্র গঠন" ও "ঋদ্ধি"র ন্যায় "সংযম ও প্রতিষ্ঠা" বঙ্গীয় যুবকগণের কর্ম্মজীবনের পথপ্রদর্শক রূপে উল্লেখ করা যাইতে পারে। এই শ্রেণীর গ্রন্থের বহুল প্রচার আমাদের ন্যায় অলস ও নির্জ্জীব জাতির পক্ষে কল্যাণপ্রদ।

এখন কাব্যের কথা বলিব। কাব্য শাখায় "হিন্দুর জীবন-সন্ধ্যা" ও "ইন্দুমতী"র নামোল্লেখ করা যাইতে পারে। "ইন্দুমতী" রামায়ণের ঘটনাবলম্বনে রচিত; নামটী বিভীষণের পুত্রবধূর নামে কল্পিত। কবি তরণী-সংহারের বিষয় অবলম্বন করিয়া এই গ্রন্থখানি রচনা করিয়াছেন। "হিন্দুর জীবন-সন্ধ্যা" পৃথ্বিরাজের পরাজয় লইয়া বিরচিত। এই উভয় গ্রন্থেই লেখকদ্বয়ের কবিত্বশক্তির যথেষ্ট পরিচয় পাওয়া যায়। চরিত্র চিত্রণে কেহই তেমন নৈপুণ্য প্রদর্শন করিতে পারেন নাই। তথাপি প্রথমোক্ত গ্রন্থ অপেক্ষা শেষোক্ত গ্রন্থে চরিত্র-সৃষ্টির উৎকর্ষতা অধিকতর রূপরিলক্ষিত হয়।

খণ্ড কবিতার মধ্যে কোন গ্রন্থই উল্লেখযোগ্য নহে। ভ্রমণ শ্রেণীতে দুইখানা গ্রন্থ-"হরিদ্বারে কুম্ভমেলা" ও "বঙ্গ-দেশের-তীর্থ" বিবরণ উল্লেখযোগ্য। শিশু-সাহিত্যে শ্রীযুক্ত অনুকূলচন্দ্র শাস্ত্রী প্রণীত "নানা গল্প" শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মজুমদার প্রণীত "মহরম" ও "মহাভারতের কথা" শ্রীযুক্ত হেমদাকান্ত চৌধুরী প্রণীত "ঘুমের গল্প", "চামুণ্ডার শিক্ষা", "সুদখোর সওদাগর", "রবিনহুড্", "অডিসির গল্প" প্রভৃতি কয়খানি গ্রন্থই শিশুসাহিত্যের উৎকর্ষতার পরিচায়ক। একদিকে যেমন ছবি, ছাপা ও বাঁধাই এই তিনটীতে গ্রন্থকার ও প্রকাশকগণ পরিশ্রম ও অর্থব্যয় করিতে কুণ্ঠিত হন নাই তেমনই লিপি-কুশলতায়ও এই বহিগুলির নাম উল্লেখ করা যাইতে পারে।

স্বাস্থ্য শ্রেণীতে "স্বাস্থ্যশিক্ষা" নামক বিদ্যালয়-পাঠ্য একখানা গ্রন্থ ব্যতীত সারগর্ভ অন্য কোন গ্রন্থ প্রকাশিত হয় নাই। এখন গল্প, উপন্যাস ও নাটকাদির বিষয় আলোচনা করিয়া আমাদের বক্তব্য বিষয়ের উপসংহার করিব। ছোটগল্পের মধ্যে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ সেন প্রণীত "পুষ্পমঞ্জরী" ও "ধূপদান" শ্রীযুক্ত প্রিয়গোবিন্দ দত্তের "গায়ে হলুদ" শ্রীযুক্ত বিপিনচন্দ্র পালের "সত্য ও মিথ্যা" এবং তরুণ লেখক প্রফুল্লচন্দ্রের "রবিদাদা" বিশেষভাবে উল্লেখযোগ্য। "সরমার অদৃষ্ট" ও "স্বর্ণ-কুটীর' আমাদের দেখিবার সুযোগ হয় নাই, কাজেই মন্তব্য প্রকাশ করিতে পারিলাম না। গল্প শাখায় একখানা অনুবাদ গ্রন্থ আছে। সেখানা Washington Irving এর Rip Van Winkle নামক ইংরেজী গল্পের অনুবাদ। এখানা অনুবাদ হইলেও বিশেষ সুখপাঠ্য হইয়াছে এবং অনুবাদেও মূলের সৌন্দর্য্য নষ্ট হয় নাই—বলা যাইতে পারে। নাটক শ্রেণীতে মাত্র তিনখানা বহি প্রকাশিত হইয়াছে। তন্মধ্যে দুইখানি সংস্কৃতের অনুবাদ আর অপরখানি পৌরাণিক ঘটনা অবলম্বনে রচিত। এই পৌরাণিক নাটক খানা কবি কালীভূষণ মুখোপাধ্যায় বিরচিত। অনুবাদের সম্বন্ধে বিশেষ কোনকথা বলার আবশ্যক মনে করি না। কারণ উহাতে লেখক নিজের কোনও প্রতিভা দেখাইবার সুযোগ পান নাই। কেবল যথাযথ মূলের সৌন্দর্য্য রক্ষা করিয়া অনুবাদ করিয়া গিয়াছেন মাত্র। মহাকবি ভাসের নাটকাবলীর বঙ্গানুবাদ যে পূর্ববঙ্গের একজন

লেখক কর্ত্তৃক প্রথমে সুসম্পাদিত হইয়াছে, তন্নিমিত্ত আমরা গৌরব বোধ করিতে পারি।

এখন পূর্ব্ববঙ্গের নাট্য-সাহিত্য সম্বন্ধে একটু আলোচনা অপ্রাসঙ্গিক হইলেও করিতে চাহি। রঙ্গালয় সভ্যতার একটী প্রধানতম নিদর্শন। নাটক রচনাও সহজসাধ্য ব্যাপার নহে। আমাদের দেশে রঙ্গালয়গুলির বয়স অর্দ্ধ শতাব্দী অতিক্রম না করিলেও এ সময়ের মধ্যেই দেশের উপর উহা একটা স্থান করিয়া লইয়াছে। যিনি যাহাই বলুন না কেন আর কোনরূপেই আমাদের দেশ হইতে রঙ্গালয় জিনিষটা উঠিয়া যাইতে পারিবে না। পশ্চিমবঙ্গে দীনবন্ধু মিত্র, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্রনাথ ঠাকুর, মনোমোহন বসু, মতিরায়, গিরিশচন্দ্র ঘোষ, ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, অমৃতলাল বসু, দ্বিজেন্দ্রলাল রায় প্রভৃতি মহামনীষীগণ অনেকেই বিবিধ নাটক রচনা দ্বারা বঙ্গসাহিত্যের একটী বিভাগকে বৈভবশালী করিয়া গিয়াছেন। এবিষয়ে পূর্ব্ববঙ্গ অতি পশ্চাতে পড়িয়া আছে। কলিকাতার রঙ্গালয় সমূহের প্রতি সাধারণের এমন কি উচ্চশিক্ষিত ব্যক্তিগণের যেরূপ প্রীতি ও অনুরাগ দেখিতে পাওয়া যায় আমাদের এ অঞ্চলে তদ্রূপ রঙ্গাভিনয়ের প্রতি কোনরূপ সহানুভূতি দেখিতে পাওয়া যায় না। অথচ ঢাকা নগরীতে দুইটী রঙ্গালয় বিদ্যমান। সাহিত্য জিনিষটাকে রঙ্গালয়ের হাত হইতে দূরে রাখিলে কোনরূপেই উহার একদিকের পুষ্টিসাধন হইতে পারে না। রঙ্গালয় দ্বারা আমরা দেশের বহু শ্রেষ্ঠ সাহিত্যিককে পাইয়াছি। আমাদের বিশ্বাস পূর্ব্ববঙ্গের নাট্যসাহিত্যকে পরিপুষ্ট করিতে হইলে এই দিকেও আমাদের দৃষ্টিটা একটু ফিরান আবশ্যক। তাহা হইলে রঙ্গালয়ের উন্নতি ও নাট্যসাহিত্যের ক্রমবিকাশ এক যোগেই সাধিত হইবে। একসময়ে ঢাকার কৃতবিদ্য ব্যক্তিগণ রঙ্গালয়ের উন্নতিকল্পে বিশেষরূপ উৎসাহশীল ছিলেন, তাহার ফলে সেই সময় কয়েকখানা উচ্চাঙ্গের নাটকও বিরচিত এবং অভিনীত হইয়াছিল। দীনবন্ধুর নীলদর্পণও ঢাকা নগরীতেই প্রথম রচিত ও অভিনীত হয়। কুঞ্জলাল নাগ মহাশয়ের "বিল্বমঙ্গল ঠাকুর", প্রসন্ন বিদ্যারত্নের "মালতী মাধব" ও ৺রামচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের "শকুন্তলা" প্রভৃতি বহু গ্রন্থের নাম করা যাইতে পারে। কিন্তু এই উন্নতি অতি অল্পকাল স্থায়ী ছিল। অতীতের গৌরব সকল সময়ে কল্যাণপ্রদ হয় না। যদি শিক্ষিত সম্প্রদায়ের সহানুভূতিশীল দৃষ্টি রঙ্গালয়ের প্রতি প্রধাবিত হয় তাহা হইলে আমরা ক্রমশঃ বহু প্রতিভাশালী নাট্যকারের উদ্ভবও হয়ত দেখিতে পাইব। নতুবা এই একটী বিশেষ বিষয়ে চিরদিনই পশ্চাতে পড়িয়া থাকিতে হইবে। সম্প্রতি শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী এম্-এ প্রণীত ইবসেনের বঙ্গানুবাদ "বীরবিক্রম" নামক নাটকখানি স্থানীয় রঙ্গালয়ে প্রশংসার সহিত অভিনীত হইয়াছে। ইব্‌সেনের নাটকের ইহাই প্রথম বঙ্গানুবাদ। নলিনী বাবুর পূর্ব্বে শ্রীযুক্ত অনাথবন্ধু বন্দ্যোপাধ্যায় লিখিত "কেদার রায়", "ফুলবাই", শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত রচিত "আনারকলি" শ্রীযুক্ত অক্ষয়কুমার রায় রচিত "নাদির সাহ" প্রভৃতি কয়েকখানা নাটক ও গীতিনাট্য অভিনীত হইয়াছে।

দর্শন শাখায় শ্রীযুক্ত অভয়কুমার গুহ প্রণীত "সৌন্দর্য্য-তত্ত্ব" গভীর গবেষণামূলক পুস্তক। এই গ্রন্থের বিস্তৃত সমালোচনা আবশ্যক। আমরা এখানে মাত্র এইটুকু বলিতে পারি যে লেখক নানা দেশের মনীষীগণের সৌন্দর্য্যজ্ঞানানুশীলনের মন্তব্যের সহিত আমাদের দেশের মনীষীগণের সৌন্দর্য্য-জ্ঞানের পরিচয় দিতে যাইয়া যে সূক্ষ্মমনোবৃত্তির পরিচালনা সহকারে অপূর্ব্ব বৈজ্ঞানিক ব্যাখ্যার সামঞ্জস্য ও দার্শনিক জ্ঞানবত্তার পরিচয় দিয়াছেন, তাহা এইরূপ বিবরণীতে শুধু দুই একটা কথায় বুঝান সম্ভবপর নয়। এ গ্রন্থখানা ১৩২৩ সনের বঙ্গসাহিত্যের গৌরবমণি।

অবশেষে সমালোচনার গ্রন্থ সম্বন্ধে আলোচনা করিব। সমালোচনা শ্রেণীর গ্রন্থ-বিভাগে মাত্র দুই খানা বহি কয়েক বৎসরের মধ্যে প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থের এক খানার নাম "বঙ্গবাণী।" অপর খানার নাম "সমাজ-চিত্র"—প্রণেতা শ্রীযুক্ত নরেন্দ্রনারায়ণ রায় চৌধুরী। শশাঙ্ক বাবু একাধারে কবি, দার্শনিক ও সমালোচক। "বঙ্গবাণীর" ন্যায় সাহিত্য বিষয়ক আলোচনা গ্রন্থ বিগত দশ পনর বৎসরের মধ্যে বাঙ্গলা সাহিত্যে প্রকাশিত হইয়াছে কিনা—তাহা আমাদের

জানা নাই। আর যদিই বা হইয়া থাকে তবে তাহার একখানাও যে "বঙ্গবাণীর" সমকক্ষ নহে তাহা আমরা সাহস করিয়া বলিতে পারি। এই গ্রন্থখানি দুই খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডে বঙ্গসাহিত্যের জাগরণ, বঙ্গ-সাহিত্যের বিকাশ, ও বাঙ্গলার ছন্দ সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। এই অধ্যায়ে বঙ্গভাষার প্রাচীনত্ব, এই ভাষার উপর বিবিধ ধর্ম্মের প্রভাব, শ্রীচৈতন্যদেবের সমসাময়িক বঙ্গসাহিত্যের বিশ্বমুখ আদর্শ, আর্য্য আদর্শের প্রভাব, মুসলমান আদর্শের প্রভাব, বঙ্গসাহিত্যে ইংরেজীর ভাব ইত্যাদি নানা বিষয় বিশেষরূপ পাণ্ডিত্য, গবেষণা, নিরপেক্ষতা এবং সূক্ষ্ম ভবিষ্যৎদ্রষ্টা মহাজনের ন্যায় আলোচনা করা হইয়াছে। দ্বিতীয় খণ্ডে হেমচন্দ্র, নবীনচন্দ্র, বঙ্কিমচন্দ্র, কালীপ্রসন্ন, দ্বিজেন্দ্রলাল, ও রবীন্দ্রনাথ নবযুগের এই ছয়জন সাহিত্য মহারথীর কাব্য, উপন্যাস, নাটক, প্রবন্ধ, ধর্ম্মতত্ত্ব, পারিপার্শ্বিক সাহিত্য-জীবন, সমাজে তাঁহাদিগের স্থান ও প্রভাব, আলোচনা করিয়াছেন। এই আলোচনায় সমসাময়িক অন্যান্য সাহিত্যিকের বিষয়ও উল্লিখিত হইয়াছে। প্রাচ্য ও প্রতীচ্যের মহামনীষীগণের বিবিধ গ্রন্থরাজির উল্লেখ ও আলোচনা দ্বারা তিনি প্রত্যেক বক্তব্য বিষয়ের মীমাংসা করিতে প্রয়াসী হইয়াছেন। আমাদের বিশ্বাস শশাঙ্কবাবুর পূর্ব্বে বঙ্গসাহিত্যে সমালোচনার এইরূপ অভিনব বৈজ্ঞানিকপন্থার অনুসরণ কেহ করেন নাই। তাঁহার লেখনী ধারণ সার্থক হইয়াছে। এস্থানে সমালোচনা করিবার অবকাশ নাই, নচেৎ এই গ্রন্থের একটী বিস্তৃত সমালোচনা করিবার চেষ্টা করিতাম।

বর্ত্তমান সমাজের বিবিধ ত্রুটী বিচ্যুতির প্রতি কটাক্ষ করিয়া "সমাজ-চিত্র" বিরচিত হইয়াছে; ইহাতে লেখকের মানবচরিত্রানুশীলনের পরিচয় পাওয়া যায়। আমাদের বর্ত্তমান সমাজ যে কতরূপে কত ভাবে প্রতারণার জালে জড়িত হইয়া অধঃপতিত হইতেছে, ধর্ম্ম, সাহিত্য ও সমাজ-হিতৈষণার নামে যে কত প্রকার ব্যাধি দ্বারা আমাদের সর্ব্বনাশ হইতেছে, এ গ্রন্থে সে সকলের পরিচয় পাওয়া যায়। ভাষা সুন্দর, সরস ও বিশুদ্ধ। লেখকের ভাষার উপর অসাধারণ দখল—এইরূপ ক্ষমতাশালী লেখক পূর্ব্ববঙ্গে অতি অল্পসংখ্যক আছেন। ভরসা করি লেখক ভবিষ্যতে নব নব গ্রন্থ রচনা দ্বারা পূর্ব্ববঙ্গের সাহিত্যের মুখোজ্জ্বল করিবেন।

কোনও কার্য্যের প্রথম আরম্ভ সকলের তৃপ্তিপ্রদ হইতে পারে না। বিশেষ এইরূপ একটী গুরুতর বিষয়ের। আলোচ্য বর্ষে আমার উপর এই গুরুতর বিষয় সঙ্কলনের ভার এরূপ সঙ্কীর্ণ সময়ে প্রদত্ত হইয়াছে যে আমি কোনরূপেই পূর্ব্ববঙ্গের সাহিত্য-বিবরণীটি ভালরূপে সঙ্কলন করিয়া উঠিতে পারিলাম না। সেজন্য আমার নিজেরও অত্যন্ত অতৃপ্তি ও ক্ষোভের কারণ হইয়াছে। এ বিষয়ে আমি পূর্ব্ববঙ্গের প্রতিষ্ঠান সমূহের পরিচালকগণকে অনুরোধ করি যে তাঁহারা যদি নিজ নিজ পরিষদ বা সমাজের পুস্তকালয়ে নিজ নিজ জেলা হইতে প্রকাশিত গ্রন্থনিচয়ের এক একটী তালিকা প্রস্তুত করেন তাহা হইলে ভবিষ্যতে যিনি এইরূপ সাহিত্য-বিবরণী সঙ্কলন করিবেন তাহার পক্ষে কেবল মাত্র গভর্মেণ্টের প্রকাশিত বিবরণীর উপর নির্ভর না করিয়া সাধারণের সহযোগীতায় কার্য্যটী অধিকতর সহজসাধ্য হইতে পারে। আশা করি এইরূপ বিবরণী সংগ্রহে পূর্ব্ববঙ্গের সাহিত্যসেবী মাত্রেই আমাদিগকে সাহায্য করিবেন। তাহাদের সকলের সাহায্য পাইলে আমরা আগামী বারে নিশ্চয়ই একটা পূর্ণাঙ্গ বিবরণী প্রকাশে সমর্থ হইব। বলিতে ভুলিয়াছি ঢাকা সাহিত্য-পরিষদ হইতে এবৎসর শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী এম্-এর সম্পাদকতায় শ্যামদাস সেনের "মীনচেতন" প্রকাশিত হইয়াছে।

আমার শেষ কথা এই যে আমার এইরূপ বিবরণী প্রকাশে কেহ যেন একথা মনে না করেন আমি পূর্ব্ব ও পশ্চিম বঙ্গের সাহিত্যসমাজের মধ্যে একটা ভেদ-বুদ্ধি গড়িয়া তুলিবার চেষ্টা করিয়াছি। যিনি এইরূপ মনে করিবেন তিনি আমাকে অত্যন্ত ভুল বুঝিবেন। আমি এইটুকু শুধু আমাদের পূর্ব্ববঙ্গের সাহিত্যিকগণকে দেখাইতে চাহি যে, এখনও তাঁহারা কত পশ্চাতে পড়িয়া রহিয়াছেন। তাঁহাদের যদি উঠিতে হয়, তাহা হইলে সংকীর্ণতার দ্বারা তাহা হইবে না, আত্মম্ভরিতার দ্বারা তাহা

হইবে না এবং কলহের দ্বারা তাহা হইবে না, তাহা শুধু হইবে—পরস্পরের সহানুভূতি, সহযোগিতা, প্রীতি ও মিলন দ্বারা। নতুবা তোমরা তর্কই কর, ঝগড়াই কর, সাহিত্য-সভায় স্থান পাইবার জন্য বালকের ন্যায় ক্রন্দনই কর—তাহাতে কিছুই আসিবে যাইবে না। যদি বঙ্গীয় সাহিত্যসমাজে তোমাদের আসন সুপ্রতিষ্ঠিত করিতে চাও তাহা হইলে ঝড়ের মত, বন্যার মত, ভাগীরথীর উৎসের ন্যায় বাধার ঐরাবতকে আশা-বাহিনীর প্রবল স্রোতে ভাসাইয়া দিয়া বিজ্ঞানে, দর্শনে, কলাবিদ্যায়, ইতিহাসে, প্রত্নতত্ত্বে, উপন্যাসে, গল্পে, নাটকে, কাব্যে, নীতিকবিতায় বিবিধ গ্রন্থ রচনাদ্বারা মাতৃচরণে অঞ্জলি প্রদান কর। নতুবা "তুমি যে তিমিরে, তুমি সে তিমিরে।"

শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত।

মাসিক সাহিত্য সমালোচনা।

ভারতবর্ষ, ফাল্গুন।—মুখপত্র শ্রীযুক্ত ভবানীচরণ লাহার অঙ্কিত "শিবপূজা" নামক চিত্র—সুন্দর হইয়াছে। এই চিত্রখানি প্রাচ্যকলানুযায়ী কি না তাহা বিশেষজ্ঞগণ বলিতে পারেন, কিন্তু প্রাচ্য-কলার দোহাই দিয়া যাঁহারা কলালক্ষ্মীকে কদলীপ্রদর্শন করেন তাঁহারা আমাদের প্রশংসাবাদে সায় দিবেন কিনা সন্দেহ। "শ্রীরাধা"—শ্রীযুক্ত সৌরীন্দ্রমনাথ ভট্টাচার্য্যের কবিতা, প্রথম পৃষ্ঠায় মুদ্রিত হইয়াছে। যে শ্রীরাধার সম্বন্ধে বৈষ্ণব কবি গাহিয়াছেন,--

"তোমার মহিমা জানে কে।
অবিরাম যুগ শত, গুণ গাই অবিরত,
গাহিয়া করিতে নারি শেষ ;"—

আধুনিক কবির সেই "বৃন্দাবনানন্দবালা"র বর্ণনা তাঁহার ছন্দের কারসাজী ও ভাবের ভেল্কীতে যেন্নার আড়ষ্ট হইয়া গিয়াছে। "বেদে কালের বিভাগ"—অধ্যাপক শ্রীযুক্ত তারাপদ মুখোপাধ্যায়ের গবেষণাপূর্ণ প্রবন্ধের পূর্ব্বানুবৃত্তি, বিশেষজ্ঞগণ বিচার করিবেন। শ্রীযুক্তা অনুরূপা দেবীর ধারাবাহিক উপন্যাস "মহা-নিশা"র এই সংখ্যায় অবসান হইল। "শিলং-ভ্রমণ"—শ্রীযুক্তা হেমনলিনী দেবীর সুলিখিত ভ্রমণ-বৃত্তান্ত, পাঠ করিয়া আমরা প্রীত হইয়াছি। ছবিগুলি প্রবন্ধের উপাদেয়তা বৃদ্ধি করিয়াছে। "বায়ু ও তাহার সহিত স্বাস্থ্যের সম্বন্ধ"—ডাক্তার শ্রীযুক্ত হরিধন দত্ত রায়-বাহাদুরের কলিকাতা রামমোহন লাইব্রেরীতে পঠিত প্রবন্ধ, শেষভাগে অনেক জ্ঞাতব্য বিষয় আলোচিত হই-য়াছে। আমাদের দেশের মিউনিসিপালিটিগুলির কর্তৃ-পক্ষগণের—বিশেষ করিয়া ঢাকার মিউনিসিপালিটির কর্ত্তাদের—এই প্রবন্ধটি মনোযোগ সহকারে পাঠ করা উচিত। "গুম্ফবধ"—শ্রীযুক্তা কাঞ্চনমালা দেবীর গল্প, মন্দ হয় নাই ; কিন্তু লেখিকার বিশেষত্ব তো এই ধরণের গল্প লেখায় নয়। "কল্পতরু" অংশে প্রাচীন মোগলদের নির্ম্মিত বহু বিখ্যাত উদ্যানের সংক্ষিপ্ত বিব-রণ ও ছবি প্রকাশিত হইয়াছে। "পাটনার কথা"—অধ্যাপক শ্রীযুক্ত যদুনাথ সরকারের সাহিত্য-সম্মিলনে পঠিত প্রবন্ধ,—পাটনার ঐতিহাসিক বিবরণ ও দ্রষ্টব্য স্থানের তালিকা। "বিবিধ প্রসঙ্গে" অধ্যাপক শ্রীযুক্ত বৈকুণ্ঠচন্দ্র রায়ের "অয়ন বিচার" বিশেষভাবে উল্লেখ-যোগ্য। "পারের যাত্রী"—শ্রীযুক্ত রমণীমোহন ঘোষের বিশেষত্বহীন কবিতা। "শ্রীপঞ্চমীর পল্লী"—শ্রীযুক্ত দীনেন্দ্রকুমার রায়ের রমণীয় পল্লীচিত্র। তাঁহার "পল্লীচিত্র" ও "পল্লীবৈচিত্র্য" নামক গ্রন্থ দুইখানা আজকাল আর বাজারে দেখিতে পাইনা। পল্লীচিত্র অঙ্কণে বঙ্গসাহিত্যে তাঁহার সমকক্ষ কেহই নাই। নগেন্দ্র বাবুর পরম চিত্তাকর্ষক "মধু-স্মৃতি" চলিতেছে। "ফলিত-জ্যোতিষ"—অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্রের 'পূর্ণিমা সম্মিলনে' পঠিত রস-রচনা, ভাল লাগিলনা। "ডাক্তার"—শ্রীযুক্ত বনবিহারী মুখোপাধ্যায়ের রঙ্গ-চিত্র, ভাল হয় নাই।—"আমি call call বলে ফুকারি বেড়াই, মেলেনা Nature's Call ছাড়া"—নিতান্তই বিভৎস।

জলধর সেনের "বীরভূমের কথা" তাঁহার লেখার মাধুর্য্যে ও ছবিগুলির সংযোগে চিত্তাকর্ষক হইয়াছে। "কুমার গুপ্তের রাজ্যকালের তাম্রশাসন"—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের প্রবন্ধ। গত পৌষ মাসের "সাহিত্যে" অধ্যাপক শ্রীযুক্ত রাধাগোবিন্দ বসাক বরেন্দ্র অনুসন্ধান সমিতির সম্পত্তি এই তাম্রশাসনখানির যে পাঠোদ্ধার প্রকাশ করিয়াছেন, তাহার প্রতিবাদ স্বরূপ একটি পরিবর্ত্তিত পাঠ প্রকাশ করিতে যাইয়া রাখাল বাবু রাধাগোবিন্দ বাবুর গবেষণা কার্য্য সম্বন্ধে অনেক অনাবশ্যক অবান্তর কথা বলিয়াছেন। "দিশাহারা" —শ্রীযুক্ত মনোরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প; 'প্লট' পুরাতন হইলেও লেখকের লেখার সলীল ভঙ্গীর গুণে গল্পটি মন্দ হয় নাই। "সাহিত্য-প্রসঙ্গে" ঝগড়াঝাঁটি ও গালাগালি পূর্ব্বের মতই চলিতেছে। শ্রীযুক্ত বিমলাচরণ লাহার "সুবর্ণবণিক জাতির বর্ণনির্ণয়" শীর্ষক প্রবন্ধ লইয়া যে কথা কাটাকাটি চলিতেছে তাহার মধ্যে সমালোচক বিমলা বাবুকে পরোক্ষভাবে "সামান্য অপরিচিত লেখক", "সরস্বতীর কৃত্রিম পোষ্যপুত্র" ইত্যাদি আখ্যা প্রদান করিবার প্রলোভন সংবরণ করিতে পারেন নাই। পরের ভ্রমপ্রমাদ প্রদর্শন করিতে যাইয়া প্রতিবাদ সহ্য করিবার মত স্থৈর্য্য যাহার নাই সমালোচনায় হস্তক্ষেপ করা তাহার পক্ষে বিড়ম্বনা নহে কি? সাহিত্যিক সমালোচনার একটা বিশিষ্টতা আছে—সংযম তাহার প্রাণ। এই সংযম সাধনসাপেক্ষ। 'কাব্যে নীতি' সম্বন্ধে আলোচনায় বঙ্কিমচন্দ্রের কথাটির যে বিশদ অর্থ করা হইয়াছে তাহা নিতান্তই নিজমত সমর্থনের নিমিত্ত। "ভারতী"র মতও যে নির্ভুল তাহা বলিতেছি না। বঙ্কিম বলিয়াছেন,—"কবিরা জগতের শিক্ষাদাতা।—কিন্তু নীতি দ্বারা তাঁহারা শিক্ষা দেন না। কথাচ্ছলেও শিক্ষা দেন না। তাঁহারা সৌন্দর্য্যের চরমোৎকর্ষ সৃজনের দ্বারা জগতের চিত্তশুদ্ধি বিধান করেন।"—কবি 'জগতের চিত্তশুদ্ধি বিধান করেন'—একথায় কি ইহাই বুঝায় যে জগতের চিত্তশুদ্ধি বিধানের নিমিত্তই কবি কবিতা লেখেন? কবির রচনায় কোন প্রকার সংকল্পিত স্থির উদ্দেশ্যের আরোপ করা ভুল, ইহা রসজ্ঞ সমালোচকগণ বলিয়া থাকেন। সৌন্দর্য্য-সৃষ্টিই যে কবিতার উৎকর্ষাপকর্ষের প্রধান পরিমাপ, তাহাতে সন্দেহ নাই; কিন্তু তাহা সৃষ্টি—"creation, not manufacture." কবি ডিজাইন্ করিয়া, প্ল্যান্ আঁকিয়া পরে ছবি আঁকিতে বসেন না; তাঁহার সৌন্দর্য্য-সৃষ্টি পুষ্পবিকাশের মত আপনা হইতেই ফুটিয়া উঠে এবং বিশ্বের অন্তরে আনন্দের পীযুষধারা সঞ্চারিত করিয়া দেয়। যাহা সুন্দর তাহা শাশ্বত—আনন্দময়, জগতের চিত্তশুদ্ধিবিধানের তাহাই প্রধান উপায়। বঙ্কিমচন্দ্র ইহাই বুঝাইয়াছেন, সুতরাং তাঁহার কথাটি লইয়া যেভাবে তর্ক চলিতেছে তাহার কোন সার্থকতা আছে বলিয়া মনে হয় না। "ultimate end," "means to an end" প্রভৃতি বুলি কাব্য সমালোচনায় খাটে না।

প্রবাসী, ফাল্গুন।—মুখপত্র রবীন্দ্রনাথের "ভ্রষ্টলগ্নের" নিশাবসানে নিদ্রোত্থিতা তরুণীর সুন্দর চিত্র, শ্রীযুক্ত চারুচন্দ্র রায়ের অঙ্কিত। আজকাল বাংলা মাসিকপত্রগুলির চিত্রসম্পদ দেখিলে বাস্তবিকই বুঝা যায় যে বঙ্গদেশে চিত্রবিদ্যার অনুশীলন অতি দ্রুত উন্নতি লাভ করিতেছে। "বিবিধ প্রসঙ্গ"ই "প্রবাসীর" বিশেষত্ব বজায় রাখিয়াছে, নতুবা প্রবন্ধসম্পদে "প্রবাসীর" পূর্ব্বগৌরব অক্ষুণ্ণ রহিয়াছে একথা জোর করিয়া বলা যায় না। কবিতাকে "প্রবাসী"তো একরূপ নির্ব্বাসিত করিয়াই বসিয়াছেন; মাঝে মাঝে শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা ছাড়া যাহা বাহির হয়, তাহা হয় ভাঁড়ামী নতুবা রাবিশ। সত্যেন্দ্র বাবুর কবিতাও আজকাল খুব ভাল হইতেছে একথা বলা যায় না। সংকলন, সমালোচন ও অনুবাদের আবশ্যকতা আছে স্বীকার করি, কিন্তু তাহাদেরও একটা সীমা আছে। মৌলিক রচনা কি বঙ্গদেশে এতই দুর্লভ হইয়া উঠিয়াছে? "বিবিধ প্রসঙ্গে" সম্পাদক মহাশয় "বিলাতে প্রাচ্য ভাষা ও বিদ্যার শিক্ষালয়" সম্বন্ধে দু'এক কথা বলিয়াছেন। তাঁহার মতে "বিলাতে প্রাচ্য শিক্ষালয়টিতে বাংলা শিখাইবার জন্য একজন বাঙ্গালীকেই নিযুক্ত করা উচিত",—একথা সম্পূর্ণরূপে শোভন ও সঙ্গত এবং

আমরা আশা করি বঙ্গীয় সাহিত্য-পরিষৎ হইতে এবিষয়ের চেষ্টা হইবে। রায় সাহেব শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের বিরুদ্ধে কিছুকাল যাবত "প্রবাসী" কলম চালাইতেছেন; তাঁহার তো কোন দোষ দেখিতেছিনা। তাঁহার যোগ্যতা সম্বন্ধে কোন কথাই উঠিতে পারে না। "প্রবাসী"-সম্পাদক মহাশয়ও বোধহয় সেবিষয়ে সন্দিহান নহেন। সুতরাং বিশ্ববিদ্যালয় তাঁহাকে অধ্যাপক নিযুক্ত করায় অন্যায় নির্ব্বাচন হইয়াছে একথায় কেহই সায় দিবে না। পণ্ডিত নবকুমার কয়টী ভাষায় অভিজ্ঞ জানিনা, কিন্তু "বঙ্গসাহিত্য সম্বন্ধে শ্রোতব্য কথা বলিতে সমর্থ" এমন লোকের নাম করিতে যাইয়া অন্য বহু পরিমাণে যোগ্যতর ব্যক্তিদিগকে বিস্মৃত হইয়া সম্পাদক মহাশয় এই তরুণ কবির নাম উল্লেখ করিলেন কেন? "শিল্প ও ধর্ম্ম" শীর্ষক সুলিখিত প্রবন্ধে শ্রীযুক্ত অজিতকুমার চক্রবর্ত্তী ধর্ম্মের সহিত শিল্পের সম্বন্ধ ও বঙ্গদেশে শিল্পের নব অভ্যুদয় সম্বন্ধে আলোচনা করিয়াছেন। "ব্রাহ্মণ ক্ষত্রিয়ে বিরোধ" —শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক Emile Senart হইতে সঙ্কলিত তথ্যপূর্ণ কৌতুহলোদ্দীপক প্রবন্ধ। জাতিভেদ প্রথার উৎপত্তি সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। "চায়ের হায়"—শ্রীযুক্ত কালিদাস রায়ের সুন্দর কবিতা-গুচ্ছ। বহুকাল "প্রবাসী"তে এরূপ কবিতার সন্ধান পাই নাই; "প্রবাসী"র পৃষ্ঠায় ইহা দেখিয়া অনেকেরই 'ওয়েসিসের' কথা মনে হইবে। কয়েক লাইন উদ্ধৃত হইল:—

"তুমি কিগো মধুগন্ধা এলে এ ধরায়
বিষ্ণুপাদপদ্মযুগে জনম লভিয়া;
সুধাসিন্ধু বিমথিত মন্দার-শাখায়
তোমার অঙ্গুলীগুলি ফুটিল কি প্রিয়া?
কটুতিক্ত কষায়ের সপ্তবর্ণ রসে
সঞ্জাত তোমার দুগ্ধহৃদয় অমল,
রক্তিম আনন্দে হাস্য অধর বরষে,
দুগ্ধ-সরোবরে যেন কোকনদ-দল!
ইহেরে করেছ প্রিয়ে স্পৃহনীয়তম,
জীবনে করেছ ঘন চুম্বনের সম।"

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের দীর্ঘ নাম যুক্ত প্রবন্ধ তাঁহার অপরূপ মৌলিকতা ও বিশেষত্বে সমুজ্জ্বল। "চীনের তৃতীয় রাষ্ট্র-বিপ্লব"—শ্রীযুক্ত বিনয়কুমার সরকারের চিত্তাকর্ষক প্রবন্ধ। শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেনের ও শ্রীযুক্ত অসিতকুমার হালদারের প্রবন্ধদ্বয় বিশেষভাবে উল্লেখযোগ্য। "আলোচনা" অংশে অনেক জ্ঞাতব্য বিষয় আলোচিত হইয়াছে। এই সংখ্যার "প্রবাসী"তে আর কোনও উল্লেখযোগ্য কবিতা বা প্রবন্ধ নাই।

শ্রীসমালোচক।